Vol. 122, No.—III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Twenty-Second Session

(March to July Session, 2003)

(From 26th June to 11th July, 2003)

(The 26th June, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th, 10th and 11th July, 2003)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : Rs. 286/-

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 21069
Dated 20/02/2015
Call No. 328.541402 / WES/LAS/P/2003 / V.12.2
Price/Pages Rs. 286/-

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI VIREN J. SHAH

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Buddhadeb Bhattacharjee,** Chief Minister and Minister-in-charge of Home Department, Information & Cultural Affairs Department, Science & Technology Department, Personnel & Administrative Reforms Department, Hill Affairs Department.

2. **Shri Nirupam Sen,** Minister-in-charge, Department of Commerce & Industries, Public Undertakings, Industrial Reconstruction and Development & Planning including Uttaranchal Unnayan Affairs & Paschimanchal Unnayan Affairs.

3. **Dr. Surjya Kanta Mishra,** Minister-in-charge, Health & Family Welfare and Panchayat & Rural Development Department.

4. **Shri Mahammad Amin,** Minister-in-charge of Labour Department.

5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department.

6. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Transport Department, Sports Deptt. and Hooghly River Bridge Commission.

7. **Shri Md. Salim,** Minister-in-charge of Department of Minorities Development & Welfare, Self Employment Scheme for the Urban Unemployed, Department of Youth Services and Technical Education Department.

8. **Shri Kamal Guha,** Minister-in-charge of Agriculture Department.

9. **Shri Biswanath Chowdhury,** Minister-in-charge of Women & Child Development & Social Welfare Department and Jails Department.

10. **Shri Nanda Gopal Bhattacharjee,** Minister-in-charge of Minor Irrigation and Water Investigation & Development Deptt.

11. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Fisheries, Aqua Culture & Aquatic Resource and Fishing Harbours Department.

12. **Shri Prabodh Chandra Sinha,** Minister-in-charge of Parliamentary Affairs and Excise Department.

13. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Food & Supplies Department.

14. **Shri Amar Chaudhuri,** Minister-in-charge of Public Works Department.

15. **Shri Goutam Deb,** Minister-in-charge of Housing and Public Health Engineering Department.

16. **Shri Kanti Biswas,** Minister-in-charge of School Education and Madrasah Department.

17. **Shri Naren Dey,** Minister-in-charge of Co-operation and Consumer Affairs Department.

18. **Shri Manabendra Mukherjee,** Minister-in-charge of Information, Technology and Environment Department.

19. **Shri Asok Bhattacharya,** Minister-in-charge of Municipal Affairs, Urban Development and Town & Country Planning Department.

20. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Tourism Department.

21. **Shri Sailen Sarkar,** Minister-in-charge of Food Processing & Horticulture Department.

22. **Shri Satyasadhan Chakraborty,** Minister-in-charge of Higher Education Department.

23. **Shri Amalendralal Roy,** Minister-in-charge of Irrigation & Waterways Department.

24. **Shri Abdur Razzak Mollah,** Minister-in-charge of Land & Land Reforms Department.

25. **Shri Mrinal Banerjee,** Minister-in-charge of Power Department.

26. **Shri Bansagopal Choudhury,** Minister-in-charge of Cottage and Small Scale Industries Department.

27. **Shri Nisith Adhikary,** Minister-in-charge of Law and Judicial Department.

28. **Shri Upen Kisku,** Minister-in-charge of Backward Classes Welfare Department.

29. **Shri Anisur Rahaman,** Minister-in-charge of Animal Resources Development Department.

30. **Shri Jogesh Chandra Barman,** Minister-in-charge of Forest Department.

31. **Shri Nimai Mal,** Minister-in-charge of Library Services Department.

32. **Shrimati Nandarani Dal,** Minister-in-charge of Mass Education Extension Department.

33. **Shrimati Chhaya Ghosh,** Minister-in-charge of Agriculture Marketing Department.

34. **Shri Hafiz Alam Sairani,** Minister-in-charge of Relief Department.

35. **Shri Pratim Chatterjee,** Minister-of-State, Department of Fire Services.

36. **Shri Dhiren Sen,** Minister-of-State, Department of Panchayats & Rural Development.

37. **Shri Susanta Ghosh,** Minister-of-State, Department of Labour, Employment Exchange and Employees State Insurance.

38. **Shri Dasrath Tirkey,** Minister-of-State, Department of Public Works.

39. **Shri Maheswar Murmu,** Minister-of-State, Department of Forests and Paschimanchal Unnayan Affairs.

40. **Shrimati Anju Kar,** Minister-of-State, Department of Municipal Affairs.

41. **Shrimati Bilasi Bala Sahis,** Minister-of-State, Department of Backward Classes Welfare.

42. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State, Department of Irrigation & Waterways.

43. **Dr. Srikumar Mukherjee,** Minister-of-State, Department of Home (Civil Defence).

44. **Shri Kanti Ganguly,** Minister-of-State, Department of Sundarban Development Affairs.

45. **Shri Pratyush Mukherjee,** Minister-of-State, Department of Health & Family Welfare.

46. **Shri Narayan Biswas,** Minister-of-State, Department of Transport.

47. **Shri Nayan Sarkar,** Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation.

48. **Smt. Ibha Dey,** Minister-of-State, Department of School Education.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Hashim Abdul Halim**

Deputy Speaker : **Shri Kripa Sindhu Saha**

Secretary : **Shri Monoranjan Sarker**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Karim Choudhary, Shri (28-Islampur, North Dinajpur)
2. Abdul Mannan, Shri (181-Champdani, Hooghly)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East, South 24-Parganas)
4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar, Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak, Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola, Murshidabad)
7. Abu Taher Khan, Shri (61-Naoda, Murshidabad)
8. Abul Hasnat, Shri (54-Jangipur, Murshidabad)
9. Acharya, Shri Manik Lal (257-Kulti, Burdwan)
10. Adhikari, Shri Sisir (211-Contai South, Midnapore)
11. Adhikary, Shri Nisith (270-Burdwan North, Burdwan)
12. Adhikary, Shri Paresh Chandra [1-Mekliganj (SC), Cooch Behar]
13. Anisur Rahaman, Shri (60-Domkal, Murshidabad)
14. Ankure, Shri Saresh [266-Kanksa (SC), Burdwan]

B

15. Badal Zamadar, Shri (107-Bhangar, South 24-Parganas)
16. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC), Burdwan]
17. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC), Birbhum]
18. Bagdi, Shri Kirity [247-Indpur (SC), Bankura]
19. Bajaj, Shri Satyanarayan (143-Jorasanko, Kolkata)
20. Bakshi, Shri Subrata (111-Bishnupur West, South 24-Parganas)
21. Bala, Dr. Asim [80-Ranaghat East (SC), Nadia]
22. Bandyopadhyay, Smt. Nayna (145-Bowbazar, Kolkata)
23. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipur, Kolkata)
24. Banerjee, Shri Ambica (163-Howrah Central, Howrah)
25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
26. Banerjee, Shri Kalyan (260-Asansol, Burdwan)
27. Banerjee, Shri Mrinal (264-Durgapur-1, Burdwan)
28. Banerjee, Shri Pankaj (150-Tollygunge, Kolkata)
29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC), Jalpaiguri]
30. Basu, Shri Badal (164-Howrah South, Howrah)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

31. Basu, Smt. Manju (132-Noapara—North 24-Parganas)
32. Bauri, Shri Madan [263-Ukhra (SC), Burdwan]
33. Bauri, Shri Ramcharan [249-Gangajalghati (SC), Bankura]
34. Bera, Shri Dipak (203-Moyna, Midnapore)
35. Bera, Shri Nityananda [205-Sutahata (SC), Midnapore]
36. Bhadra, Shri Arup (104-Baruipur, South 24-Parganas)
37. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur, South 24-Parganas)
38. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan, Midnapore)
39. Bhattacharya, Shri Asok (25-Siliguri, Darjeeling)
40. Bhattacharya, Shri Rabindranath (183-Singur, Hooghly)
41. Bhowal, Shri Subrata (279-Purbasthali, Burdwan)
42. Bhowmick, Shri Prafulla Kumar (69-Karimpur, Nadia)
43. Bhunia, Shri Ajit (198-Daspur, Midnapore)
44. Biswas, Shri Haripada (131-Jagatdal, North 24-Parganas)
45. Biswas, Shri Kaliprasad (184-Haripal, Hooghly)
46. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC), North 24-Parganas]
47. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC), North 24-Parganas]
48. Biswas, Shri Narayan (35-Gangarampur, South Dinajpur)
49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC), Nadia]
50. Biswas, Smt. Susmita (250-Barjora, Bankura)
51. Bose, Shri Subrata (141-Shyampukur, Kolkata)
52. Bouri, Smt. Uma Rani [241-Raghunathpur (SC), Purulia]

C

53. Chakraborti, Shri Tarapada (252-Onda, Bankura)
54. Chakraborty, Shri Biman (167-Jagatballavpur, Howrah)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East, Kolkata)
56. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha, Nadia)
57. Chatterjee, Smt. Nirupama (173-Bagnan, Howrah)
58. Chatterjee, Shri Partha (113-Behala West, South 24-Parganas)
59. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar, Hooghly)
60. Chatterjee, Shri Rabindranath (280-Katwa, Burdwan)
61. Chattopadhyay, Shri Sobhandeb (149-Rash Behari, Kolkata)
62. Chattopadhyay, Shri Tapas (275-Memari, Burdwan)
63. Chhetri, Smt. Shanta (24-Kurseong, Darjeeling)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

64. Chaudhuri, Shri Amar (137-Baranagar, North 24-Parganas)
65. Chaudhuri, Shri Nripen (57-Nabagram, Murshidabad)
66. Choudhuri, Smt. Asima (47-Manickchak, Malda)
67. Choudhury, Shri Bansagopal (261-Ranigunj, Burdwan)
68. Chowdhury, Shri Biswanath (38-Balurghat, South Dinajpur)
69. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur, Bankura)
70. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur, Howrah)
71. Chowdhury, Shri Subhendu [45-Malda (SC), Malda]

D

72. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC), Cooch Behar]
73. Dal, Smt. Nanda Rani [219-Keshpur (SC), Midnapore]
74. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC), Birbhum]
75. Das, Dr. Debesh [154-Taltala (SC), Kolkata]
76. Das, Shri Jagadish Chandra (128-Bijpur, North 24-Parganas)
77. Das, Shri Jajneswar (125-Patharpratima, South 24-Parganas)
78. Das, Shri Nirmal (12-Alipurduar, Jalpaiguri)
79. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC), Murshidabad]
80. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC), Cooch Behar]
81. Das, Shri Ratan (277-Nadanghat, Burdwan)
82. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah, North 24-Parganas)
83. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur, Midnapore)
84. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West, Midnapore)
85. D'Costa Hart, Smt. Gillian Rosemary (295-Nominated)
86. Datta, Shri Binoy (194-Arambagh, Hooghly)
87. Datta, Smt. Tapati (87-Habra, North 24-Parganas)
88. De (Nag), Dr. Ratna (180-Serampore, Hooghly)
89. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge, South 24-Parganas)
90. Deb, Shri Goutam (96-Hasnabad, North 24-Parganas)
91. Deb, Shri Rabin (152-Ballygunge, Kolkata)
92. Dey, Shri Ajoy (78-Santipur, Nadia)
93. Dey, Smt. Ibha (177-Jangipara, Hooghly)
94. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar, Kolkata)
95. Dey, Shri Naren (186-Chinsurah, Hooghly)
96. Dhar, Shri Padmanidhi (166-Domjur, Howrah)
97. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC), Midnapore]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

98. Dutta, Shri Gurupada (196-Chandrakona, Midnapore)
99. Dutta, Shri Parash (112-Behala East, South 24-Parganas)
100. Dutta, Smt. Sarmistha (88-Ashoknagar, North 24-Parganas)

G

101. Ganguly, Smt. Kanika (161-Bally, Howrah)
102. Ganguly, Shri Kanti (123-Mathurapur, South 24-Parganas)
103. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC), North 24-Parganas]
104. Ghatak, Shri Moloy (259-Hirapur, Burdwan)
105. Ghose, Smt Manasi (254-Kotulpur, Bankura)
106. Ghosh, Shri Arunava (138-Dum Dum, North 24-Parganas)
107. Ghosh, Shri Bankim (83-Haringhata, Nadia)
108. Ghosh, Shri Bhakti Pada (286-Dubrajpur, Birbhum)
109. Ghosh, Smt. Chhaya (58-Murshidabad, Murshidabad)
110. Ghosh, Shri Dipak Kumar (204-Mahisadal, Midnapore)
111. Ghosh, Shri Nirmal (135-Panihati, North 24-Parganas)
112. Ghosh, Shri Pankaj (85-Bongaon, North 24-Parganas)
113. Ghosh, Shri Rabindra (171-Uluberia, Howrah)
114. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnanagar West, Nadia)
115. Ghosh, Shri Susanta (220-Garhbeta East, Midnapore)
116. Ghosh, Shri Tamonash (118-Falta—South 24-Parganas)
117. Giri, Shri Akhil (212-Ramnagar, Midnapore)
118. Goala, Shri Rajdeo (160-Belgachia West, Kolkata)
119. Golam Kibria Mia, Shri (64-Beldanga, Murshidabad)
120. Goswami, Shri Subhas (248-Chhatna, Bankura)
121. Guha, Shri Kamal (7-Dinhata, Cooch Behar)
122. Guha, Smt. Sonali (117-Satgachia, South 24-Parganas)

H

123. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar, North Dinajpur)
124. Haldar, Shri Jagaranjan [124-Kulpi (SC), South 24-Parganas]
125. Haldar, Shri Rishi (119-Diamond Harbour, South 24-Parganas)
126. Hamidul Rahaman, Shri (27-Chopra, North Dinajpur)
127. Hansda, Shri Upendra Nath [233-Banduan (ST), Purulia]
128. Hashim Abdul Halim, Shri (89-Amdanga, North 24-Parganas)
129. Hatial, Shri Bhabani Sankar (230-Gopiballavpur, Paschim Midnapore)
130. Hazra, Shri Bankim Chandra (127-Sagar, South 24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

131. Hazra, Shri Samar [274-Jamalpur (SC), Burdwan]
132. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST), Purulia]
133. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST), Malda]
134. Hore, Shri Tapan (284-Bolpur, Birbhum)
135. Humayun Reza, Shri (51-Aurangabad, Murshidabad)

I

136. Id. Mohammad, Shri (68-Bharatpur, Murshidabad)

J

137. Jane Alam Mian, Shri (52-Suti, Murshidabad)
138. Jatua, Shri Choudhury Mohan [122-Mandirbazar (SC), South 24-Parganas]

K

139. Kabi, Shri Pelab (262-Jamuria, Burdwan)
140. Kalimuddin Shams, Shri (293-Nalhati, Birbhum)
141. Kanji, Shri Bansari Mohan [121-Magrahat East (SC), South 24-Parganas]
142. Kar, Smt. Anju (276-Kalna, Burdwan)
143. Kar, Shri Jyotirmoy (210-Contai North, Midnapore)
144. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (SC), Bankura]
145. Khan, Shri Kollol (71-Nakashipara, Nadia)
146. Khanra, Shri Saktipada (190-Polba, Hooghly)
147. Kisku, Shri Upen [245-Raipur (ST), Bankura]
148. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
149. Kundu, Shri Ranjit (129-Naihati, North 24-Parganas)

L

150. Lahiri, Shri Jatu (165-Shibpur, Howrah)
151. Lakra, Shri Paban Kumar [11-Kalchini (ST), Jalpaiguri]
152. Lakra, Shri Somra [18-Mal (ST), Jalpaiguri]
153. Laya, Dr. Tushar Kanti (216-Sabang—Midnapore)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong, Darjeeling)
155. Let, Shri Bishnu [290-Mayureswar (SC), Birbhum]

M

156. Mafuja Khatun, Smt. (37-Kumarganj, South Dinajpur)
157. Mahapatra, Dr. Saumen Kumar (199-Nandanpur, Midnapore)
158. Mahata, Shri Abinas (243-Hura, Purulia)
159. Mahata, Shri Khagendranath (222-Salboni, Midnapore)
160. Mahata, Smt. Shamya Pyari (234-Manbazar, Purulia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

161. Mahato, Shri Nepal (237-Jhalda, Purulia)
162. Mahato, Shri Shantiram (238--Joypur, Purulia)
163. Mahbubul Haque (Badal), Shri (41--Kharba, Malda)
164. Mainul Haque, Shri (50-Farakka, Murshidabad)
165. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC), Hooghly]
166. Maity, Shri Ardhendu (208-Bhagabanpur, Midnapore)
167. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST), Purulia]
168. Majhi, Shri Nandadulal [255-Indas (SC), Bankura]
169. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC), Burdwan]
170. Mal, Shri Asit Kumar [292-Hasan (SC), Birbhum]
171. Mal, Shri Nimai (192-Pursurah, Hooghly)
172. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC), Hooghly]
173. Mallick, Shri Jyoti Priya (86-Gaighata, North 24-Parganas)
174. Mallik, Smt. Sadhana (281-Mangalkot, Burdwan)
175. Mandal, Shri Kalipada (172-Shyampur, Howrah)
176. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)
177. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (ST), Midnapore]
178. Md. Salim, Shri (153-Entally, Kolkata)
179. Md. Yakub, Shri (92-Deganga, North 24-Parganas)
180. Mehbub Mondal, Shri (269-Galsi, Burdwan)
181. Mehta, Shri Nishi Kanta (236-Arsha, Purulia)
182. Minj, Shri Prokash [26-Phansidewa (ST), Darjeeling]
183. Mishra, Shri Kashinath (251-Bankura, Bankura)
184. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh, Midnapore)
185. Mitra, Shri Asit (174-Kalyanpur, Howrah)
186. Mitra, Smt. Sabitri (44-Araidanga, Malda)
187. Mitra, Shri Somendra Nath (156-Sealdah, Kolkata)
188. Modak, Shri Dhananjoy (72-Kaliganj, Nadia)
189. Mohammed Amin, Shri (114-Garden Reach, South 24-Parganas)
190. Mojibor Rahaman, Shri (56-Bhagabangola, Murshidabad)
191. Mondal, Shri Biswanath [66-Khargram (SC), Murshidabad]
192. Mondal, Shri Dilip [110, Bishnupur East (SC), South 24-Parganas]
193. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC), South 24-Parganas]
194. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
195. Mondal, Shri Mohan [170-Uluberia North (SC)—Howrah]
196. Mondal, Shri Nirmal Chandra [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
198. Mondal, Shri Tanmoy [91-Rajarhat (SC)—North 24-Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

199. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
200. Mostaque Alam, Shri (42-Harishchandrapur—Malda)
201. Mukherjee, Shri Apurba (265-Durgapur-II—Burdwan)
202. Mukherjee, Shri Ashoke (Gopal) (90-Barasat—North 24-Parganas)
203. Mukherjee, Shri Braja (288-Suri—Birbhum)
204. Mukherjee, Shri Kamal (182-Chandernagore—Hooghly)
205. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Kolkata)
206. Mukherjee, Shri Manas (136-Kamarhati—North 24-Parganas)
207. Mukherjee, Smt. Nabanita (285-Labhpur—Birbhum)
208. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Nikhil (239-Purulia—Purulia)
210. Mukherjee, Shri Pratyush (175--Amta—Howrah)
211. Mukherjee, Shri Sibdas (75-Krishnanagar East—Nadia)
212. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
213. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Kolkata)
214. Mukherjee, Shri Swaraj (179-Uttarpara—Hooghly)
215. Mukhopadhyay, Shri Ashutosh (187-Bansberia—Hooghly)
216. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
217. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
218. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)

N

219. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
220. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
221. Naskar, Shri Gobinda Chandra [105-Canning West (SC)—South 24-Parganas]
222. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
223. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
224. Niamot Sk., Shri (62-Hariharpara—Murshidabad)
225. Noorar Rahman, Shri (120-Magrahat West—South 24-Parganas)

P

226. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
227. Pakhira, Shri Manturam (126-Kakdwip—South 24-Parganas)
228. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]
229. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
230. Pan, Shri Bhakta Ram (178-Chanditala—Hooghly)

231. Pande, Shri Sadhan (158-Burtola—Kolkata)
232. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
233. Paul, Smt. Maya Rani (63--Berhampore—Murshidabad)
234. Paul, Shri Paresh (159-Manicktola—Kolkata)
235. Paul, Shri Tapas (148-Alipore—Kolkata)
236. Pradhan, Shri D. K. (23-Darjeeling—Darjeeling)
237. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
238. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South 24-Parganas]

Q

239. Qamre Elahi, Dr. (294-Murarai—Birbhum)
240. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)

R

241. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
242. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Kolkata)
243. Ray, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
244. Ray, Shri Nirbed (202-Tamluk—Midnapore)
245. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
246. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
247. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
248. Roy, Shri Amalendralal (67-Barwan—Murshidabad)
249. Roy, Shri Chitta Ranjan [31-Raiganj (SC)—North Dinajpur]
250. Roy, Shri Gobinda (20-Jalpaiguri—Jalpaiguri)
251. Roy, Shri Gokul (30-Karandighi—North Dinajpur)
252. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Lakshmi Kanta [15-Dhupguri (SC)—Jalpaiguri]
254. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
255. Roy, Shri Nripendra Nath (6-Sitai—Cooch Behar)
256. Roy, Shri Samar (46-English Bazar—Malda)
257. Roy, Shri Saugata (151-Dhakuria—Kolkata)
258. Roy, Shri Tapas (144-Bara Bazar—Kolkata)
259. Rubi Noor, Smt. (48-Sujapur—Malda)

S

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]
261. Saha, Shri Pundarikakshya (77-Nabadwip—Nadia)
262. Sahis, Smt. Bilasi Bala [240-Para (SC)—Purulia]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

263. Samanta, Shri Rampada [217-Pingla—Midnapore]
264. Sanatani, Smt. Mina (231-Jhargram—Midnapore)
265. Sanyal, Shri, Kamalendu (70-Palashipara—Nadia)
266. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
267. Saren, Shri Bhutnath [229-Nayagram (ST)—Midnapore]
268. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
269. Sarkar, Shri Dipak Chandra (4-Cooch Behar North—Cooch Behar)
270. Sarkar, Shri Nayan [79-Hanskhali (SC)—Nadia]
271. Sarkar, Shri Sailen (43-Ratua—Malda)
272. Seal, Shri Sudhangshu (142-Jorabagan—Kolkata)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)
275. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
276. Shamsul Islam Mollah, Shri (73-Chapra—Nadia)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Singh, Shri Arjun (130-Bhatpara—North 24-Parganas)
279. Singh, Smt. Jyotsna [272-Khandaghosh (SC)—Burdwan]
280. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
281. Singha, Shri Sankar (81-Ranaghat—West, Nadia)
282. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
283. Sinha, Shri Probodh Chandra (213-Egra—Midnapore)
284. Sk. Illias Mohammad, Shri (206-Nandigram—Midnapore)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
287. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Town—Midnapore)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]

T

289. Tamser Ali, Shri (8-Natabari—Cooch Behar)
290. Thakur, Shri Akshoy (5-Cooch Behar West—Cooch Behar)
291. Tirkey, Shri Dasrath [10-Kumargram (ST)—Jalpaiguri]
292. Tudu, Shri Makar [246-Ranibandh (ST)—Bankura]
293. Tudu, Shri Sadhu [40-Gazole (ST)—Malda]

U

294. Unus Ali Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 26th June, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 25 Ministers, 08 Ministers of State and 111 Members.

[11.00—11.10 a.m.]

OBITUARY

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of a sitting Member of West Bengal Legislative Assembly, former Member of West Bengal Legislative Assembly and other renowned personalities who breathed their last after the last sitting of this Assembly.

Shri Swaraj Mukherjee, sitting Member of West Bengal Legislative Assembly breathed his last on the 6th May, 2003 at a nursing home in Kolkata after suffering from a renal problem. He was 59.

Shri Mukherjee was born on the 9th Jaunary, 1945 at Konnagar in the District of Hooghly. He was educated at Konnagar High School, Sreerampore College and Calcutta University. After completion of his studies he took up the profession as a lecturer at Rishra Bidhan College and succeeded to earn enviable reputation. After some years he relinquished that profession and devoted himself in doing Yeoman's Service for the cause of the people. He set up a School at Sreerampore in his native district and afterwards opened its branches at Garia in Kolkata and Rampurhat in Birbhum. Later he established Manikamal Hospital & Medical Research Centre and "Gurujan Kunja", a home for the aged persons at Sreerampore. During his life-time he was associated with many social and cultural organisations.

Shri Mukherjee was elected to the West Bengal Legislative Assembly in 2001 from 179-Uttarpara Assembly Constituency as a Candidate of All India Trinamool Congress.

At the Death of Shri Mukherjee the State has lost an ardent social worker and an astute politician.

Smt. Labanya Prava Ghosh, former member of West Bengal Legislative Assembly and veteran freedom fighter breathed her last on the 11th April, 2003 at Silpasram. Purulia after a prolonged illness. She was 106.

Smt. Ghosh was born on the 14th August, 1897 in an illustrious family of Purulia. After completion of her studies at home she plunged into rebellions activities for freedom of the Country. In 1921 she joined the Non-Co-operation Movement called by Mahatma Gandhi and along with her other family members left the homested and took shelter at Purulia Ashram. There, She came in close contact with Mahatma Gandhi, Rajendra Prasad and the then other eminent freedom fighters. As a dedicated freedom fighter she played a key-role in organising freedom movement amongst the people of Purulia District. During British regime she suffered imprisonment on several occasions for her active participation in Civil Disobedience Movement. After independence of the Country she joined Loksevak Sangha and absorbed herself in benevolent works for development of the Country. She took a leading part in organising the 'Satyagraha' against merger of Banga with Bihar. She worked incessantly for upliftment of social life of the inhabitants of Purulia till her last days. For her devotion, sincere affection and amicable behaviour she was popularly known as 'MAA' to the rank and file in Purulia. Her fighting spirit, organising capability and feeling for the people made her more eminent as a true friend of the downtrodden mass.

Smt. Ghosh was elected to West Bengal Legislative Assembly in the year 1957 as an independent candidate. Prior to that she was also a member of the Legislative Assembly of undivided Bihar.

At the demise of Smt. Ghosh the State has lost a veteran freedom fighter and an ardent social worker.

Shri Sudhangshu Dasgupta, veteran freedom fighter and dedicated communist leader breathed his last on the 10th May, 2003 at a nursing home in Kolkata after a prolonged illness. He was 92.

A true believer of Marxism-Leninism Shri Dasgupta was born on the 30th January, 1912 at Barishal now in Bangladesh. After completion of his studies at Banipith School and B. M. College at Barishal he came to Kolkata and was admitted to Medical course at Carmichael College now renamed as R. G. Kar Medical College

and Hospital, Kolkata. He involved himself in rebellious activities for country's freedom when he was mere a school boy. While studying at Kolkata he came in close contact with Niranjan Sen, an eminent communist leader. Inspired by him he organised many revolutionary movement successfully.

In 1930 he alongwith Niranjan Sen, Satish Pakrasi and others was arrested in connection with the Mechhuyabazar Bomb case and sent to Alipore Central Jail. In Jail he got in touch with distinguished communist leaders like Abdul Halim and others and was deeply influenced by them and the communist ideology. In the very next year he was shifted from Alipore Central Jail to Jessore Jail first and then Dhaka Jail. While in Dhaka Jail he went on hunger strike for pressing his demand for dignity of the political prisoners. In 1932 he was sent to Andaman Cellular Jail where he alongwith other prisoners continued relay hunger-strike for 46 days demanding their dignity and dues as a political prisoner. In 1934 he was repatristed to the mainland and detained in various Jails. After his release from Jail he returned to his native land and completed graduation from B. M. College in 1936. Thereafter he again came in Kolkata and did Master degree from the Calcutta University in 1938. As a dedicated political worker he got membership of Communist Party in 1936 and involved himself in organising various movements including workers movement at Khidirpur Dock Yard, Kolkata. During 1937-60 he was closely associated with party's dailies and periodicals namely 'Agey Cholo', 'Swadhinata', 'Sambad' and Howrah Hetoyshee now changed as 'Desh-Hetoyshee' apart from 'Crosse Road' published at Delhi. He served sincerely and successfully as News Editor of 'Swadhinata' and 'Sambad' and Editor of 'Deshhitaishee' at different times. During Indo-China Conflict in 1962 he was again arrested and detained in Jail without trial. After split of the Party in 1964 he aided with the Communist Party of India (Marxist). In 1981 he was elected a member of its State Secretariat and workded tirelessly for mobilising party's activities in the State. He played a key role in conducting various training programmes to educate the party-worker on Marxism.

Shri Dasgupta was a regular contributor to various periodicals published by the party. He also authored a number of books out of which 'Swadhinata Sangramey Sashatra Biplabider Bhumika', 'Andaman Jail Thekey Communist Partytey' and 'Itihaser Alokey Swadhinatar Panchas Bachhar' are remarkable.

At the demise of Shri Dusgupta the State has lost an eminent freedom fighter, an outstanding Communist leader and a sincere social worker.

[11.10—11.19 a.m.]

Shri Kalpataru Sengupta, veteran freedom fighter, journalist and litterateur breathed his last on the 20th June, 2003 at Anandalok, Nursing Home, Bidhannagar after a prolonged illness. He was 87.

Shri Sengupta was born on the 16th April, 1916 at Burma Village, Chittagong now in Bangladesh. He had his education at Hailakandi School, Assam, Pahartali High School, Chittagong, Basurhat High School, Noakhali, Following his family tradition he was associated with the freedom movement of the country. When he was mere a school boy he came in close contact with the them eminent freedom fighter like Surya Sen, Ganesh Ghosh, Anantalal Singha. Subsequently he joined the Revolutionary organisation "Jugantar" and took part in various rebellious activities. He was attracted to the marxism under the inspiration of Dr. Narayan Roy and came in close contact with the Communist Party. He started his career as a journalist at the instance of Muzaffar Ahmed. Besides, he involved himself actively in politics. He suffered imprisonment several times for political cause. He was arrested first in 1934 and after release within a few days, he was arrested again under B.C.L. Act. while in Berhampore Jail he spent his time mostly in studying marxism. After release from Berhampore Jail he got the membership of Communist Party in 1938. By virtue of his sincerity and dedication he established himself as one of the key members of the party involving himself in organising the Railway workers and the party in the Badarpur area of Assam. He was entrusted with the task of organising the party in Chittagong and he carried on that mission till 1951. Later he came to Kolkata and joined the 'Swadhinata', an organ of the Communist Party as a journalist. After the split in the Party in 1964 he left that assignment and joined C.P.I.(M). He joined the Basumati Patrika but was sacked for organising the workers there. Later he became the editor of the Satyayug. He had a keen afinity in literature too. He wrote many valuable articles in various periodicals, magazines, dailies etc. He wrote and edited many books in connection with Nazrul Islam's biography and others out of which 'Chander Deshe Manush', 'Fascism Kibhabe Ase', 'Deshpremik Rojnamcha', 'Bharate Samrajyabadi Goyenda Chakra', 'Jara Path Dekhiehhen', 'Muzaffar

Ahmed', 'Janaganer Kabi Kazi Nazrul Islam', 'Jatiya Kabi Nazrul' and 'Smritir Samay, Samayar Smriti' are remarkable. Besides, he was associated with various social and cultural organisations. He was honoured with the D-lit by Kalyani University.

At the sad demise of Shri Sengupta the state has lost an eminent journalist and a veteran freedom fighter.

Dr. Asit Bandyopadhyay, eminent litterateur breathed his last on the 15th May, 2003 at his residence at Ramrajatala Howrah after a cardiac arrest. he was 83.

Dr. Bandyopadhyay was born on the 4th June, 1920 at his maternal uncle's house at Bangaon now in North 24 Parganas. In 1925 he alongwith his parents and other members settled at Howrah permanently. A brilliat student, Shri Bandyopadhyay after his school education got higher studies at Surendra Nath College, Kolkata and Calcutta University. He stood first in the matriculation examination and also in the I. A. examination among the candidates appeared from Bengal and Assam. He had the rare distinction of being first class first in both the final examinations at graduate and post-graduate level. He obtained Ph.D. for his outstanding research works on the history of Bengali literature. As the recorgnition of his literary talent he was awarded the Bhuban Mohini Gold Medal by the Calcutta University. From his very childhood he used to contribute articles, stories, etc. in the magazines 'Desh' and 'Naba Shakti', which were highly acclaimed by its readers and crities. He took up his profession as a lecturer at Nabadwip Vidyasagar College initially and thereafter at Rippon College now renamed as Surendra Nath College. In 1957 he joined Calcutta University as a Professor in the faculty of modern Indian language. Thousands of students and scholars successfully completed their research works in History of Bengal Literature under the guidance of Dr. Bandyopadhyay.

He was closely associated with Paschimbanga Bangla Academy, Bangiya Sahitya Parishad and Asiatic society and adorned the chair of President of the Academy and the Parishad. He attended innumerable literary and cultural conferences in India and abroad. In 1981 he participated in the International Buddhism Congress held at Oxford University. In 1996, as a visiting professsor, he delivered his speech at Arizona University. He authored many books out of which 'Unabingsha satabdir Prathamerdha O Bangla

Sahitya', 'Sahitya Jigyasay Rabindranath', 'Bangla Sahityey Adhunikata' and 'Smriti Bismritir Darpane' are remarkable. His creation 'Bangla Sahityer Itibritta' published in eight volumes is a valuable guide especially to the research scholars.

Dr. Bandyopadhyay was honoured with Vidyasagar Smriti Puraskar by the Govt. of West Bengal for his outstanding contribution to research works on Bengali literature. He also received the William Jones Gold Medal from the Asiatic Society and Sisir Kumar Ghosh Award apart from other prizes.

At the demise of Dr. Bandyopadhyay the state as well as the country has lost one of its most revered academicians and versatile scholars that is hard to fill.

Smt. Sumitra Mukherjee, renowned Bengali film actress breathed her last on the 21st May, 2003 at her Kolkata residence following a massive cardiac arrest. She was 56.

Born on the 20th March, 1947 Smt. Mukherjee took higher education at Jogomaya Devi College in Kolkata. From her very childhood She had a keen interest in acting. As a tallented actress she started her career in 1971 when she had her maiden appearance in the film 'Aajker Nayak' directed by Dinen Gupta. Her next film released in 1972 was 'Basanta Bilap' in which she acted with full command and left a deep inpression upon the audience. She soon shot into limelight by virtue of her super performances in the films 'Mem Saheb'. 'Ek Je Chhilo Desh', Ganadebata', 'Debdas', Bikele Bhorer Phool', Chhenra Tamsuk', 'Malancha' and 'Ogo Badhu Sundari'. The most challenging roles she had to play were those in 'Debi Chowdhurirani', 'Agniswar', 'Sedin Dujane', 'Sudur Niharika', 'Nayan', 'Seshraksha', 'Rajani', 'Noulkadubi', 'Indira', etc. From the eighties onwards she played the role of a mother to perfection in several T.V. serials including 'Ek Aakasher Niche' which made her more popular to the movie-viewers of Bengal. Besides films she also worked at Star Opera for the consecutive three years and earned reputation as one of the best actreses Bengal has ever produced.

Smt. Mukherjee was awarded the 'Best Actress' and 'Best co-actress' prize by the B.F.J.A. for her excellent performance in the film 'Annesan' directed by Sankar Bhattacharya and 'Baishakhi Jarh' directed by Utpal Dutta respectively.

At the demise of Smt. Mukherjee the State has lost a luminary in the arena of Bengali Film World which is hard to fill.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

The House stands adjourned till 11.00 a.m. on Wednesday the 2nd July, 2003.

Adjournment

The House was then adjourned at 11.19 a.m. till 11 a.m. on Wednesday, the 2nd July, 2003 at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 2nd July, 2003 at 11 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 09 Ministers of State and 126 Members.

[11.00—11.10 a.m.]

PRESENTATION OF COMMITTEE REPORT

37th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I now present the 37th Report of the Business Advisory Committee, as follows :

02.07.2003 Wednesday : (i) Business remaining from 26.06.2003

(ii) The West Bengal Primary Education (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) 1 hr.

(iii) The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) 1 hr.

(iv) The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) 1 hr.

03.07.2003 Thursday : Demand No. 42 Personnel and Administrative Reforms Department 4 hrs.

04.07.2003 Friday : Demand No. 36 Land & Land Reforms Department 4 hrs.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the 37th Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

QUESTIONS AND ANSWERS

Starred Questions

(to which oral answers were given)

সরকারি হাসপাতালে স্ক্যান কেন্দ্র

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) শ্রী দেবপ্রসাদ সরকার : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে (ফেব্রুয়ারি, ২০০৩ পর্যন্ত) এই রাজ্যে কতগুলি সরকারি হাসপাতালে স্ক্যান কেন্দ্র খোলা হয়েছে ;

(খ) এই কেন্দ্রগুলিতে স্ক্যান করার জন্য মাথাপিছু চার্জ কত এবং

(গ) উক্ত স্ক্যান কেন্দ্রগুলির কাজের গুণমান নির্ধারণের জন্য সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ করা হয় কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :

(ক) ৯ (নয়টি) স্ক্যান কেন্দ্র খোলা হয়েছে

(খ) স্ক্যান করার মাথাপিছু চার্জ নিম্নরূপ :

স্ক্যানের বর্ণনা	সরকারি চার্জ	ইকোর চার্জ	কনট্র্যাক্ট সমতে ইকোর চার্জ
(১) হেড, ব্রেন ও নেক	৮০০ টাকা	২৮০০ টাকা	৩৫০০ টাকা
(২) আবডোমেন (হোল)	১৫০০ টাকা	৬৫০০ টাকা	৮৫০০ টাকা
(৩) লাম্বো-স্যাকরাল স্পাইন	১৫০০ টাকা	৪৫০০ টাকা	৫৫০০ টাকা
(৪) পেলভিস	১০০০ টাকা	৩৫০০ টাকা	৫৭০০ টাকা
(৫) থোরাক্স	১৫০০ টাকা	৪০০০ টাকা	৬০০০ টাকা
(৬) সিটি গাইডেড এক, এন সিসি	৮০০ টাকা	—	—
(৭) কনট্র্যাক্ট সমেত স্ক্যান। কনট্র্যাক্ট দ্রব্য সংশ্লিষ্ট পার্টিকে সরবরাহ করতে হবে।			

(গ) প্রতিটি স্ক্যান কেন্দ্রর কাজ দেখার জন্য রেডিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত মেডিক্যাল অফিসার আছেন।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন সরকারি হাসপাতালে নয়টি স্ক্যান সেন্টার খোলা হয়েছে। কোন কোন সরকারি হাসপাতালে এটা খোলা হয়েছে বলবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি যখন প্রশ্ন করেছিলেন তখন নয়টি ছিল, এখন সংখ্যাটা আরও বেড়েছে। কলকাতা মেডিকেল কলেজ, এন.আর.এস. মেডিকেল কলেজ, আর.জি.কর. মেডিকেল কলেজ, কলকাতা ন্যাশনাল মেডিকেল কলেজ, বর্ধমান মেডিকেল কলেজ, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ, নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ, এস.এস.কে.এম. হাসপাতাল, মালদহ ডিস্ট্রিক্ট হাসপাতাল। এম.আর.বাঙ্গুরে তৈরি হয়েছে, রেডি আছে, ইন্সটল হয়ে গেছে, শুধু আনুষ্ঠানিক উদ্বোধনের অপেক্ষায়।

শ্রী দেবপ্রসাদ সরকার : এই যে স্ক্যান করার চার্জ, এটা বিরাট চার্জ, সাড়ে ৮ হাজার টাকা পর্যন্ত রয়েছে, বড় বড় নার্সিং হোমগুলো যা নিচ্ছে প্রায় তার সমতুল্য। দরিদ্র, নিম্ন মধ্যবিত্ত, যারা সরকারি হাসপাতালের পরিষেবা পেত, তারা এর থেকে কি সুযোগ-সুবিধা পাবে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : প্রথমত, যে চার্জ নির্ধারণ করা হয়েছে, তা বেসরকারি ক্ষেত্রের থেকে অনেক কম। যদি চান, প্রত্যেকটার চার্জ বলে দিতে পারি। (ভয়েস 'বলুন')। আমাদের চার্জ বেসরকারি ক্ষেত্রের চার্জের প্রায় এক তৃতীয়াংশ। (১) হেড, ব্রেন ও নেক—আমাদের চার্জ ৮০০ টাকা, সরকারি রেট, আর প্রাইভেট ক্লিনিকে, ইকোতে নিচ্ছে ২,৮০০ টাকা। (২) অ্যাবডোমেন (হোল), বেসরকারি রেট সাড়ে ৬ হাজার, সরকারি রেট, ১ হাজার ৫০০ টাকা। (৩) ল্যাম্বো-স্যাকরাল স্পাইন—বেসরকারি রেট ৪,৫০০ টাকা, সরকারি রেট ১,৫০০ টাকা। (৪) পেলভিস—বেসরকারি রেট ৩,৫০০ টাকা, সরকারি রেট ১ হাজার টাকা। (৫) থোরাক্স—বেসরকারি রেট ৪০০০ টাকা, সরকারি রেট ১,৫০০ টাকা। সুতরাং বুঝতে পারছেন অনেক কম আছে। তাছাড়া যারা পারবেন না, তাদের ৩৫টি ফ্রি বা ৭০টি হাফ ফ্রি হতে পারে, তা অর্ডারের মধ্যে আছে। এর মধ্যে সবই বেসরকারি নয়, সরকারি আছে চারটে।

শ্রী দেবপ্রসাদ সরকার : আপনারা বলেন রাজ্য সরকার বেসরকারিকরণের বিরোধী। এই স্বাস্থ্য পরিষেবার মতো অত্যাবশ্যকীয় পরিষেবার ক্ষেত্রে, এই সিটি স্ক্যান ইত্যাদি ক্ষেত্রে সব সরকারি হাসপাতালে করতে হচ্ছে, যেসব বেসরকারি মালিক এই পরিষেবা পাচ্ছে, তারা প্রচুর রোগী পাচ্ছে—জনগণের টাকায় যেসব হাসপাতাল হয়েছে সেখান থেকে এক্ষেত্রে সরকারি কি পাচ্ছে, বেসরকারি ক্ষেত্রে যেসব সুযোগ দিচ্ছে তা থেকে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : প্রথমত বলতে চাই—এটা বেসরকারিকরণ নয়। সরকারি এবং বেসরকারি যৌথ উদ্যোগে হচ্ছে। যে চুক্তি হয়েছে সেটা বললাম। মাসে ৩৫টি কেস ফ্রি বা ৭০টি হাফ ফ্রি করবে। দ্বিতীয় হচ্ছে—আমরা শুধু জায়গা দিয়েছি, বাকি সব খরচ—ইলেকট্রিক, জল, রক্ষণা-বেক্ষণ, লোকজন, সব খরচ ওদের। তৃতীয় হচ্ছে—৩৫টি ফ্রি হবার পর বাকি যে কেসগুলো ওরা করবেন, তাদেরও একটা ঊর্ধ্বসীমা করে দিয়েছি যে, মাসে ৬১৫ জন রোগীকে সরকারি রেটে করতে হবে।

[11.10—11.20 a.m.]

আমরা যে রেট বললাম, সরকার যে রেট নির্ধারণ করে দিয়েছে, তার উপরে যেটা হবে, বেসরকারি মতে তারা নিজেরা রেট দিতে পারে, তার ভিত্তিতে যা তাদের আয় হবে, তার ২৫ শতাংশ সরকারি তহবিলে তারা জমা দেবে। এটাই হচ্ছে চুক্তি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন—সরকারি হাসপাতালের পরিষেবা বেসরকারি হাতে কিছু দিয়েছেন কি ? যেমন আমি জানি যে, পশ্চিমবঙ্গের গ্রামীণ হাসপাতালে প্যাথলজি বিভাগটি বেসরকারি প্রতিষ্ঠানের হাতে পরিচালনার দায়িত্ব তুলে দেওয়া হচ্ছে। এই রকম সিটি স্ক্যান ছাড়া আর কোনো কিছু কি বেসরকারির হাতে তুলে দেওয়া হচ্ছে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি আবারও বলছি যে, সরকারি কিছুই বেসরকারির হাতে দেওয়া হচ্ছে না। সরকারি কোনো সম্পত্তি বেসরকারির হাতে তুলে দেওয়া মানেই হচ্ছে বেসরকারিকরণ। এটা সরকারি এবং বেসরকারি যৌথ উদ্যোগ হচ্ছে। মালিকানা সরকারেরই আছে। সব কিছুই চুক্তি অনুযায়ী হচ্ছে। হ্যাঁ, আমাদের কিছু পরিকল্পনা আছে। মেডিক্যাল কলেজে ডায়ালিসিস করতে চাচ্ছি। আমরা সমস্ত মেডিক্যাল কলেজেই কার্ডিওলজি করতে চাচ্ছি। ক্যাথ ল্যাব করতে চাচ্ছি বা পেস মেকার বসানোর ব্যবস্থা করতে চাচ্ছি। কয়েকটা ইনভেস্টিগেশান, যেসব ইনভেস্টিগেশানের জন্য আমাদের রাজ্যের বাইরে যেতে হয়, সেই ক্ষেত্রে আমরা উন্নত মানের ল্যাবরেটারি করতে চাচ্ছি। গ্রামীণ হাসপাতাল স্তর পর্যন্ত কিছু কিছু ইনভেস্টিগেশানের ব্যবস্থা, রোগ নির্ধারণের জন্য যে রকম ব্যবস্থা লাগে, সেগুলি চেষ্টা করছি। সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে কি করা যায়, সেটাই চেষ্টা করছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : দু হাজার এক দুই সালে বাজেট ভাষণে উল্লেখ করেছিলেন যে, আমাদের রাজ্যের জেলা সরকারি হাসপাতালগুলিতে আধুনিক সরঞ্জাম বিশেষ করে স্ক্যান বসাবেন। এটা ঠিকমতই কার্যকরী হয়েছে। আমার প্রশ্ন—আমাদের রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা বিশ্ব ব্যাংকের সহায়তা চলছে। এটা '৯৬ সাল থেকে শুরু হয়েছে। সেই পরিকল্পনার অধীনে এই স্ক্যান বা আধুনিক সরঞ্জাম বসাবার কোনো পরিকল্পনা আছে কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ১০টা হয়েছে। ১১ খানা হতে যাচ্ছে। যখন বাজেট ভাষণে বলেছিলাম, তখন একটা ছিল, এখন সেটা ১১ হয়েছে। রাজ্য স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন প্রকল্প দুই যেটা মধ্যবর্তীস্তর হাসপাতালগুলির জন্য নির্দিষ্ট, সেখানে সিটি স্ক্যান বসানোর পরিকল্পনা নেই। আমার মনে হয় না যে, সেই স্তরে এখনই কোনো সিটি স্ক্যান বসানোর দরকার আছে।

শ্রী আবদুল মান্নান : এটা ঠিক যে, অনেক রোগিকে বাইরে থেকে বেশি পয়সা দিয়ে এগুলি করাতে হত। আবার হাসপাতালের এক শ্রেণির ডাক্তার রোগীদের বেসরকারি সংস্থার হাতে পাঠিয়ে দিত। রোগীকে মোটা টাকা দিতে হত। এস.এস.কে.এম. হসপিটাল পি.জি.-র বাঙ্গুর ইনস্টিটিউট অফ নিউরোলজি যেটা হয়েছে, সেখানে ফ্রি অফ কস্টে করাতে গেলে আগে মাননীয় মন্ত্রীর কাছে অ্যাপ্লাই করতে হত, তারপর সেখান থেকে ফ্রি অফ কস্ট করার পারমিশান দেওয় হত, তারপর করা হত।

আমরা হাউজে বারেবারেই মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করেছি যে এই পাওয়ারকে ডি-সেন্ট্রালাইজ করে দিন এবং ডিস্ট্রিক্ট লেভেলে জিলা পরিষদের সভাধিপতির হাতে এই ক্ষমতা দিয়ে দিন। তাহলে নর্থ বেঙ্গল এবং বাঁকুড়া, পুরুলিয়া থেকে মানুষকে রাইটার্স বিল্ডিংয়ে আসতে হবে না। মাননীয় মন্ত্রী এস.এস.কে.এম.-র সুপারের হাতে দায়িত্ব দিয়েছেন। মাসে ৪০টা করে হবে তাহলে প্রতিদিন দেড়জন করে চান্স পাবে ফ্রি অফ্ কস্টে এবং এর জন্য একটা বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি হচ্ছে। এই ফ্রি অফ্ কস্ট ফেসিলিটিজ নেওয়া জন্য রোগীকে ভোরবেলায় লাইনে দাঁড়াতে হচ্ছে। সেখানে ফার্স্ট কাম ফার্স্ট প্রেফারেন্স পাওয়ার জন্য বিশৃঙ্খলা হচ্ছে। তবে সেখানে ম্যাল-প্র্যাকটিস হচ্ছে সে কথা বলছি না, কিন্তু

বিশৃঙ্খলা দেখা দিচ্ছে। আমরা দেখছি আগের সিস্টেমই ভালো ছিল, এখন যে সিস্টেম চালু হয়েছে সেটা ভালো নয়। এই ফ্রি অফ্ কস্ট ফেসিলিটিজ যারা নিতে চান তাদের কাছে যাতে এটা সহজ হয় তার জন্য আপনি কোনো ভাবনা-চিন্তা করছেন কিনা ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমাদের মাসে ৪০টা সিটি স্ক্যান হচ্ছে তার মধ্যে ৫টা একাডেমিক আছে এবং এটা খুবই গুরুত্বপূর্ণ কাজ। এটা পঠন-পাঠনের উদ্দেশ্যে করা হয়েছে। এম.ডি.-র রেডিওলজির কাজে ৫টা সিটি স্ক্যান রেখেছি একাডেমিক পারপাসে। ১১টা যদি হয় তাহলে ১১ গুণ ৪০ কটা হয় আপনি দেখুন। এখন আমরা ১১টা হাসপাতালে যদি প্রত্যেকটিতে ৩৫টা করে ফ্রি দিই তাহলে প্রতিদিন কতগুলি হয় সেটা বুঝতে পারছেন ? চুক্তির বাইরে আমরা যেতে পারছি না যেখানে বেসরকারি ক্ষেত্রে আমাদের চুক্তি আছে। এখন সিটি স্ক্যানের জন্য কাউকে ২ মাস অপেক্ষা করতে হবে না, এখন তাড়াতাড়ি ডেট পাওয়া যায়, এখন দু-এক দিনের মধ্যেই এমনকি দু-ঘণ্টার মধ্যেও রিপোর্ট পাওয়া সম্ভব। এখন আমাদের বাড়ানোর কোনো পরিকল্পনা নেই। আর আপনি সেটা বলেছেন যে রাইটার্সে আসতে হতো—এটা আমাদের নীতির বিরোধী। আমরা এখান থেকে কি করে জানবো যে কার কি ব্যাপার, কে গরিব, কে বড়লোক। আমরা হাসপাতাল পরিচালন কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছি তাদের কাগজপত্র দেখে যদি আপনাদের মনে হয় আপনারা করবেন। তারা নর্থবেঙ্গল, বাঁকুড়া, বর্ধমান থেকে আমাদের এখানে আসবেন কেন। ওদের ওখানে মেসিন হয়েছে, আমরা বিকেন্দ্রীকরণ করে দিয়েছি। এটাকে কেন্দ্রীকরণের কোনো ইচ্ছা আমাদের নেই।

শ্রী তপন হোড় : স্যার, খুব সম্ভবত মাননীয় মন্ত্রীর গোচরে আছে যে আমাদের রাজ্য থেকে বিভিন্ন রোগী তামিলনাড়ুর অ্যাপেলো এবং ভেলোরে যায়। আমি সম্প্রতি কতগুলি তিক্ত অভিজ্ঞতার সম্মুখীন হয়েছি। বোলপুর থেকে যারা গেছেন এবং সেখানে তাদের এমন তিক্ত অভিজ্ঞতা হয়েছে যে তাদের ধনে-প্রাণে শেষ হয়ে যাবার কথা। এই যে একটা প্রচার আমাদের রাজ্যে চিকিৎসা পরিকাঠামো পুওর এবং ওখানে নাকি অনেক ভালো। কিন্তু মানুষের অভিজ্ঞতা খারাপ, তারা ধনে-প্রাণে শেষ হয়ে যাচ্ছে। আপনি যে পরিকাঠামো এখানে করেছেন অনেক ঘাটতি থাকলেও ঘাটতি পূরণের ক্ষেত্রে যে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছেন কিন্তু তার প্রচার কম। আমরা কি কি পরিষেবা এখানে দিতে পারি—ছোটো ছোটো পরিষেবার জন্য মানুষ সেখানে ছুটছে এবং দৈনিক ৭৫০ টাকা বেডভাড়া দিয়ে তারা রিক্ত হাতে ফিরে আসছেন। এই অবস্থায় আপনি যেটুকু পরিকাঠামো তৈরি করেছেন তার প্রচার দরকার। আমার মনে হয় রাজ্যের ৭৫ পারসেন্ট পিপল তারা আমাদের রাজ্যেই পরিষেবা পান।

[11.20—11.30 a.m.]

কাজেই সে ক্ষেত্রে প্রচার-যন্ত্র যদি ঠিক না থাকে তাহলে মানুষের বুঝতে অসুবিধা হচ্ছে। আপনি মাননীয় সদস্য দেবপ্রসাদবাবুর প্রশ্নের উত্তরে বলেছেন, যৌথ উদ্যোগে রাজ্য সরকার ব্যবস্থা নিতে যাচ্ছে। সেই যৌথ উদ্যোগে কি কি উদ্যোগ নিতে যাচ্ছেন যাতে করে পরিকাঠামোর উন্নতি করা যায় সেটা যদি একটু বলেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : প্রচার নিয়ে কিছু বলছি না। প্রচার মাধ্যম আমাদের হাতে নেই, দেশপ্রেমিকদের হাতে আছে, আমরা কি করতে পারি। প্রত্যেক মাননীয় বিধায়ককে বলছি, আমাদের যে রিপোর্ট বেরিয়েছে মোটা গোছের তাতে হেল্‌থ স্ট্যাটিস্টিক্স থাকে। কি হচ্ছে না হচ্ছে তা বাজেট বইতেও রাখতে চেষ্টা করি, যা যা করতে চেষ্টা করি, একটু বড় করে, বিশেষ নজর দিয়ে যা সরকারের চিন্তাভাবনা আছে। কাজেই যারা পড়েন ভালোভাবে ইতিবাচকভাবে নেন, দু-একটা সংবাদপত্র আছে, তারা এটা করছেন। কিন্তু অনেকে খুশী নয়। এখানে এইসব হচ্ছে বাইরে লোককে যেতে হবে না। কিছু লোক হয়তো খুশী হন যে এখান থেকে লোককে বাইরে যেতে হোক। এই রকম আছেন কি করতে পারি। সরকারি এবং বেসরকারি মিলে কিভাবে যৌথ উদ্যোগ নিচ্ছি তার ব্যাপারে আগেও বলেছি। ডায়ালিসিস মেশিন বসানো হচ্ছে বিভিন্ন হাসপাতালে। যেহেতু বিভিন্ন মেডিকেল কলেজ, বাঁকুড়া নর্থ-বেঙ্গল, বর্ধমান সহ মফস্বলে কার্ডিওলজি, নেফ্রোলজি, নিউরোলজি—এই তিনটে বিভাগ খোলা হয়েছে। প্রত্যেকটা মেডিকেল কলেজে, সেই জন্য প্রত্যেক জায়গায় সিটি স্ক্যান এবং নেফ্রোলজির জন্য ডায়ালিসিস মেশিন বসাতে হবে, এইসব জায়গায়। এবং কার্ডিওলজির জন্য সি.আর বলে একটা জিনিস আছে, সেই সি.আর অর্থপেডিকের কাজে লাগে এবং বিশেষ করে পেসমেকারের জন্য সেটা করতে হবে। ক্যাথল্যাব করতে হবে। এনজিওগ্রাফি, হৃৎপিণ্ডের কিছু রোগ নির্ণয়ের জন্য লাগে। সেখানে এনজিওগ্রাফি করতে হবে। এই রকম কয়েকটা ক্ষেত্র আছে। এগুলো আমাদের রাজ্যে নেই। আবার, গামা নাইট সার্জারি ভারতবর্ষের মধ্যে মাত্র তিনটে জায়গায় আছে। মুম্বাইতে একটা এবং দিল্লিতে দুটো জায়গায় এটা আছে। ভারতবর্ষে আর চতুর্থ কোথাও এটা নেই। চতুর্থটা আমাদের কলকাতাতে করতে যাচ্ছি। বিরাট খরচের ব্যাপার সেই জন্য যৌথ উদ্যোগে করতে যাচ্ছি। এই রকম আছে।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় মন্ত্রিমহাশয় গরিবদের সুবিধার কথা বললেন। কলকাতার বড় বড় যেসব হাসপাতাল, এস.এস.কে.এম. মেডিকেল কলেজ, সেখানে গরিবরা মাসে ৪০টা করে সিটি স্ক্যান করাতে পারবেন। কিন্তু অনেক গরিব আছেন যারা ৩০-৪০ কি.মি. দূর থেকে মহাকুমা হাসপাতালে আসেন। এখন তো মাথায় লাগলেই ডাক্তারবাবুরা সিটি স্ক্যান করতে বলেন। রেলে, বাসে প্রায়ই এক্সিডেন্ট হচ্ছে। সুতরাং, মহাকুমা বা জেলা হাসপাতালে সরকারি বা বেসরকারি যে ভাবেই হোক স্ক্যান করার ব্যবস্থা আপনি করবেন কি ? গরিবদের সুবিধার্থে ? সিটি স্ক্যান করে আসতে আসতে অনেক সময় রোগী মারা যায় এবং আবার এসে চান্স পাওয়া যায় না। সেই জন্য মহাকুমা বা জেলা হাসপাতালে এই স্ক্যান চালু করার কোনো ব্যবস্থা আপনি করছেন কিনা দয়া করে জানাবেন ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : দুটো জেলা হাসপাতালে করেছি—মালদা এবং এম.আর.বাঙ্গুর। কিন্তু এখন আর বেশি করতে চাচ্ছি না। গরিবের এতে সুবিধা হবে কি অসুবিধা হবে সেটা নিজস্ব বোঝাপড়া আছে। মহাকুমা হাসপাতালে সিটি স্ক্যান করে কি করবেন ? তাদের চিকিৎসার ব্যবস্থা ওখানে করতে পারবে না। আর, যাদের সিটি স্ক্যান করার প্রয়োজন নেই তাদেরও যদি সিটি স্ক্যান করার সুবিধা করে দিই তাতে সিটি স্ক্যান ব্যবস্থা যারা করেন তাদের সুবিধা হতে পারে গরিবদের কোনো সুবিধা হবে না।

W. B Legislature Library

328.541402/WES/LAS/P/2003/V.122(No 3

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি যে, সি টি স্ক্যান ছাড়াও অনেক সময় এম.আর.আই. দরকার হয়। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, সরকারি কোনো কোনো হাসপাতালে এম.আর.আই.-এর ব্যবস্থা আছে ? এবং থাকলে এম.আর.আই.-এর জন্য খরচা কত পড়ে এবং সেই খরচা কমানোর কোনো ব্যবস্থা সরকারের তরফ থেকে করেছেন কিনা ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এম.আর.আই. আমাদের এস.এস.কে.এম. হাসপাতালে চালু হয়েছে। আগামী ৮ তারিখে কলকাতা মেডিকেল কলেজে একটা এম.আর.আই. মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করবেন। এই দুটো আছে। এই একই রকম ব্যবস্থা সেখানেও প্রযোজ্য হবে।

নাবার্ডের ঋণ

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী তপন হোড়** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে আগামী আর্থিক বছরে কৃষিসহ গ্রামীণ ক্ষেত্রে বেশ কিছু অর্থ ঋণ দেওয়ার জন্য নাবার্ড কেন্দ্রীয় সরকারের নিকট সুপারিশ করেছেন ;

(খ) সত্যি হলে, উক্ত সুপারিশের মূল বিষয়বস্তুগুলি কী ;

(গ) উক্ত সুপারিশে মোট কী পরিমাণ অর্থ ঋণের জন্য বরাদ্দকৃত হয়েছে ; এবং

(ঘ) উক্ত ঋণের শর্তাদি কী ?

21,069

ডঃ অসীম কুমার দাশগুপ্ত :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রী তপন হোড় ; স্যার, অতিরিক্ত প্রশ্ন। আমি যে প্রশ্নগুলো করেছিলাম সেটা থেকে আমি আপনার কাছ থেকে আরও কিছু জানতে চাই, সেটা হল যে, নাবার্ড থেকে কি কি ভিত্তিতে স্টেট গভর্নমেন্ট লোন নিচ্ছেন ? পদ্ধতিটা কি—যদি এটা একটু বলেন।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা যেভাবে এসেছিল, আর আপনি এখন যেভাবে রেখেছেন, তাতে উত্তর দেওয়া যায়। আপনি প্রশ্নটা রেখেছিলেন যে; নাবার্ড কেন্দ্রীয় সরকারকে পশ্চিমবঙ্গকে ঋণ দেওয়ার জন্য কোনো সুপারিশ করেছেন কিনা ? নাবার্ড করেন না। রাজ্য সরকার নাবার্ডকে সুপারিশ করেন, নাবার্ড থেকে ঋণ পেতে পারি কিনা। সেই ভিত্তিতে আপনি এখানে যেটা রাখলেন তা হচ্ছে এই যে, আমরা

যখন প্রস্তাব পাঠাই তখন নাবার্ড সেটা বিবেচনা করে ঋণ যেটা দেন, জানবেন প্রকল্প খরচের ৭০ শতাংশ থেকে ৯০ শতাংশ—এটা বেশ কম হয়। সেইটা ঋণ হিসেবে পাওয়া যায়। বাকিটা রাজ্য সরকারকে নিজে অর্থ দিতে হয়। ঋণ হিসেবে যেটা পাওয়া যায় সেটা মূলত রিইমবার্সমেন্টের ক্ষেত্রে, অর্থাৎ খরচের ২০ শতাংশ যেটাকে ইংরেজিতে স্টার্ট আপ এক্সপেন্ডিচার বলে সেটা প্রথমে ওঁরা দেন, প্রকল্পগুলি শুরু হলে এটা কমেন্সমেন্ট এক্সপেন্ডিচার বলে—তার ১০ শতাংশ দেন। এই ২০ আর ১০-এ ৩০ শতাংশ, তারপরে যখন প্রকল্পটা চালু হল তখন রাজ্য সরকারকে সমস্ত অর্থটা বহন করতে হয়। তারপরে খরচের হিসাব দিলে তারা তখন বাকি ৭০ শতাংশ ঋণ হিসেবে দেন। এই ঋণের সুদের হার, এটাতো এখন আর.আই.ডি.এফ. (১) থেকে শুরু হয়েছিল ১৯৯৫-৯৬ সালে, ২০০২-২০০৩-এ আর.আই.ডি.এফ. (৮) হয়। যখন শুরু হয়েছিল তখন সুদের হার ছিল ১৩ শতাংশ। আমরা অনেকবারই প্রতিবাদ করি এটা। তার কারণ এই যে নাবার্ড টাকাটা পান কোথা থেকে ? নাবার্ড টাকাটা নেন রাজ্যে অবস্থিত ব্যাঙ্কগুলিতে সাধারণ মানুষের যে আমানত আছে যেটা ব্যাঙ্কগুলির সরাসরি মানুষকে দেওয়ার কথা ছিল, দেননি। সেই টাকা সহজ সুদে নাবার্ড নিয়ে নেন। এখন বস্তুত সেটা ৬ শতাংশ—একটা বেশি হারে নেন। সেইটাই হাত ঘুরিয়ে সরকারকে ঋণ হিসেবে দেওয়া হয়, ১৩ শতাংশ হারে দেওয়া হত, সেটা প্রতিবাদ ইত্যাদি করায় এটা কমে আমার যতদূর মনে পড়ছে ২০০১-২০০২-তে এটা ১০.৫ শতাংশে কমে। তার আগে কিন্তু ওই ১৩ শতাংশের মতোই ছিল। খুব উঁচু হার ছিল। ২০০২-২০০৩-এ সেটা ৮.৫ শতাংশে কমেছে। কিন্তু ঋণ তুলতে পারছেন ওঁরা ৬ শতাংশের একটু বেশি হারে।

[11.30—11.40 a.m.]

ঋণ যখন দিচ্ছেন ঋণটা ৭ বছরে ফেরত দিতে হয়। ২ বছরের ঋণ ফেরত দিতে হয় না, বাকি ৫ বছরে দিতে হয়, এটা হচ্ছে আসলটা। সুদটা কিন্তু ত্রৈমাসিক হিসাবে ফেরত দিতে হয়। এই হিসাবে ঋণ আমরা নিই এবং ফেরত দিই। আমরা ঠিক যেদিনে যে সুদ এবং আসল ফেরত দেওয়ার কথা সেই দিনেই, একেবারে সেই আসল ফেরত দিয়ে চলেছি।

শ্রী তপন হোড় : আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই পর্যন্ত আপনি ১৯৯৫-৯৬ থেকে নাবার্ডের যে লোন পাওয়া যাচ্ছে সেটা কি কি ক্ষেত্রে লোন স্টেট গভর্নমেন্ট নিয়েছে ? এবং কত টাকা লোন নিয়ে কি কি কাজ এই পর্যন্ত করা হয়েছে এটা একটু বলবেন।

ডঃ অসীম দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল প্রশ্নের উদ্দেশ্য অন্য থাকলেও আপনি যেটা জিজ্ঞাসা করছেন সেটা হাতের কাছে যা আছে তা থেকেই বলছি—১৯৯৫-৯৬ থেকে ২০০২-০৩ আর্থিক বছর পর্যন্ত আমরা বছরওয়ারি আছে, সেটা দেখছি এইভাবেই ঋণের আমরা প্রস্তাব রেখেছি এবং অনুমোদিত হয়েছে ২২৬৫.২৭ কোটি টাকা এবং তারা জানেন ঋণ তো অনুমোদন করলেন তারপর গ্রহণ করলে রিইমবার্সমেন্ট সব সময়ই তফাত থাকে ৬ মাসের মধ্যে ফেরত দিতে। তাই অনুমোদিত ঋণ বললাম, ঋণ গ্রহণ করা গেছে ১১৯৪.৯৮ কোটি টাকা, প্রায় ৫৩ শতাংশ। এটাই হচ্ছে সর্বভারতীয় গড় হার, ভারতের অন্য রাজ্যগুলিতেও তাই। রাজ্যগুলি প্রথমে নিতে খুব ইচ্ছুক ছিলেন না, এত বেশি সুদের হার ছিল কিন্তু এখন সেটা কমাতে বেড়েছে। ক্ষেত্রেওয়ারি বিন্যাস হচ্ছে এই রকম—আমি

অনুমোদিতই বলেছি। ওটাও ঠিক ওই হারে হবে। বাকিটা যে গ্রামাঞ্চলের রাস্তা—গ্রাম, শহর মিলিয়ে করতে পারেন, যদি রাস্তার দৈর্ঘ্যের অন্তত ৫০ কিলোমিটার গ্রামের মধ্যে পড়ে সেই রকম রাস্তা এবং সেতুর ক্ষেত্রে অনুমোদিত ঋণ হচ্ছে ১ হাজার ২ শত ৫৭ কোটি টাকা প্রায় এবং ব্যায়িত ঠিক ওইরকমভাবে আসবে। সেচ প্রকল্পে সেচ জলদপ্তরের অধীনে জলনিকাশি সমেত ১৩২ কোটি টাকা, জলসম্পদ অনুসন্ধান এবং উন্নয়ন দপ্তর মানে ক্ষুদ্র সেচে ২৯১ কোটি টাকা। গ্রামীণ বিদ্যুৎ, এটা প্রথমে নাবার্ড রাজি হয়নি। বস্তুত বিশেষভাবে তাকে আমরা বলি এবং গ্রামীণ বিদ্যুৎ বণ্টনের ক্ষেত্রে এবং উন্নতি সাধনের ক্ষেত্রে সাব সেন্টার ইত্যাদি করার ক্ষেত্রে এটা বছর ২ হল ওরা অনুমোদন করেছে। এটাতে ৭০ ভাগ ওরা দেবে বাকিটা আমাদের সরকারকে দিতে হয়। ৪৪৪ কোটি টাকা সামাজিক ক্ষেত্রে, তার মধ্যে প্রাথমিক বিদ্যালয় আছে, শিশু শিক্ষা কেন্দ্র আছে, অঙ্গণওয়াড়ি কেন্দ্র আছে, ত্রাণ কেন্দ্র আছে, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ইত্যাদি আছে সেটা ১৩৭ কোটি টাকা। লক্ষ্য করবেন এখানে রাস্তার উপরে গুরুত্ব খুব বেশি আছে, সেতুর উপর গুরুত্ব খুব বেশি আছে। এটা আমি এখানে বলছি যদিও প্রশ্ন নেই তবুও বলছি—বর্তমান বছরে আমরা রাস্তা, সেতুর মধ্যে সেতুর উপরে গুরুত্ব একটু বেশি দিতে হচ্ছে। এখন ৬ শত কোটি টাকার প্রস্তাব পাঠাচ্ছি, আশা করছি কয়েকদিনের মধ্যে অনুমোদন হবে। ক্ষুদ্র সেচের উপর গুরুত্ব ওই রকমই থাকবে। গ্রামীণ বিদ্যুতের উপরে গুরুত্ব বাড়াতে চাইছি এবং গ্রামীণ কৃষিভিত্তিক শিল্প, তার পরিকাঠামোর জন্য কোথাও ক্লাস্টার, কোথাও ফুড পার্ক-এর উপরও গুরুত্ব দিতে চাইছি। গ্রামে গোডাউনের উপর বিপণনের জন্য দিতে চাইছি, প্রাণীসম্পদ বিকাশ এবং সামাজিক ক্ষেত্রে, প্রাথমিকের সঙ্গে সঙ্গে আমরা মাধ্যমিক স্তরের জন্য বিদ্যালয়ের বাড়ি নির্মাণ, সম্প্রসারণ স্বাস্থ্যকেন্দ্র এগুলি আসবে। এই হচ্ছে বণ্টনের হিসাব, ক্ষেত্রওয়ারি অর্থের বণ্টনের হিসাব।

ওঁর আরও একটা প্রশ্ন ছিল : কি কি কাজ হয়েছে ? সেটার উত্তরও আমার কাছে আছে। জেলাওয়ারি পরিসংখ্যান আছে, কমপিউটার প্রিন্ট আউট আছে, প্রয়োজনে লে করে দেবো। রাস্তার কাজ শেষ হয়েছে ২৬৫৮.৭৪ কিলোমিটার এবং রাস্তার কাজ চলছে ১৯০২.৮৪ কিলোমিটার। সেতু শেষ হয়েছে ৩৮টি। সেতুর কাজ চলছে ৩৪টি। ক্ষুদ্র সেচ প্রকল্প শেষ হয়েছে ৩৩৮১টি। এর মধ্যে তথাকথিত অগভীর নলকূপ আছে, মাঝারি, নলকূপ আছে, গভীর নলকূপ আছে, নদী জল উত্তোলন প্রকল্প আছে। এর থেকে উপকৃত হয়েছে প্রায় ৪১,৯০০ হেক্টর মতো জমি। আর কাজ চলছে ২,০৫৫টির মতো প্রকল্পের। এরও জেলাওয়ারি তথ্য আছে, আমি ডিটেলস বলছি না। গ্রামীণ বিদ্যুতের ক্ষেত্রে ২৫টি সাব স্টেশনের কাজ শেষ হওয়ার মুখে, এখনো শেষ হয়নি। ৪২৫টি প্রাথমিক বিদ্যালয় ভবনের নির্মাণ এবং উন্নয়ন সাধন হয়েছে। এ ছাড়া ত্রাণ কার্যের সঙ্গে যুক্ত বিদ্যালয় ক্ষেত্র রয়েছে ১৭৯টি। শিশু শিক্ষা কেন্দ্রের ক্ষেত্রে ৬৫৮টির উন্নয়ন সাধিত হয়েছে। আর অঙ্গনওয়াড়ির ১০৩৪টি ক্ষেত্রে কাজ হয়েছে। এ সবেরই জেলাওয়ারি হিসাব আছে।

শ্রী তপন হোড় : স্যার, অতিরিক্ত প্রশ্ন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, সম্প্রতি আপনি রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ডেপুটি গভর্নরের সঙ্গে নাবার্ডকে এবং অন্যান্য সবাইকে নিয়ে

বৈঠক করেছেন। আমরা শুনেছি এ বৈঠকে কর্মসংস্থান প্রকল্প, ক্ষুদ্র সেচ প্রকল্প, বিভিন্ন কৃষি প্রকল্প সংক্রান্ত ঋণের বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। সেই আলোচনার পরিপ্রেক্ষিতে রাজ্যবাসীরা এবং বিশেষ করে কৃষকরা কতটা উপকৃত হতে পারবে সে সম্বন্ধে এবং এ মিটিং-এ কি কি বিষয়ে আলোচনা হয়েছে তা কি আমাদের একটু বলবেন ?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : গত ২৭শে জুন আমরা আমাদের রাজ্য স্তরের ব্যাঙ্কারস কমিটির বিশেষ সভা ডেকেছিলাম। সেই সভায় রিজার্ভ ব্যাঙ্কের সংশ্লিষ্ট ডেপুটি গভর্নর শ্রী ভি, কামেশ্বরণ আসেন, বিভিন্ন ব্যাঙ্কের একজিকিউটিভ ডাইরেক্টররা আসেন, রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক অধিকর্তা আসেন। আমাদের রাজ্যে যে ব্যাঙ্কগুলির হেড কোয়ার্টার অবস্থিত সেগুলির সভাপতিরা আসেন, নাবার্ডের একজিকিউটিভ ডাইরেক্টর আসেন এবং রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ছাড়াও সমবায় ব্যাঙ্কের, আর. আর. বি. বা যে গ্রামীণ ব্যাঙ্কগুলি আছে তাদের গরিষ্ঠ আধিকারিকরা আসেন সেই সভায়। আমি জানি না এই প্রশ্নে এসব কতটা বলা যায়। আমরা পাঁচটি মূল বিষয়ের উপরে নির্দিষ্ট প্রস্তাব রেখেছিলাম। রাজ্য সরকারের তরফ থেকে পাঁচটি বিষয়ের ওপর প্রস্তাব রাখা হয়েছিল। এক হচ্ছে : কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন ব্যাঙ্কগুলির আমাদের রাজ্যের ৪ হাজারেরও বেশি শাখার রাজ্যবাসীর ৮২ হাজার কোটি টাকারও কিছু বেশি টাকা জমা রেখেছেন। তার মধ্যে ৭২ শতাংশই মধ্যবিত্ত সাধারণ মানুষ। সেই টাকা থেকে ব্যাঙ্ক ঋণ দিয়েছে মাত্র ৪৫.৪ শতাংশ, যেখানে দেশের সমস্ত রাজ্যগুলির গড় হচ্ছে ৫৭.৭ শতাংশ। এটা আমরা প্রথমেই বলি। এই প্রসঙ্গে বলে রাখি, এর আগেও আমরা এই রকম সভা করেছিলাম, তখন রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর যিনি ছিলেন, তিনি এসেছিলেন। সুতরাং এটাই প্রথম সভা নয়। তারপর এখানে আমরা প্রস্তাব রাখি যে প্রতি বছর অন্তত ৩ শতাংশ হারে ঋণ আমানতের অনুপাত বাড়াতে হবে এবং বাড়িয়ে ৫৭.৭ শতাংশে দশম যোজনার শেষে জানতে হবে। এটা শ্রী কামেশ্বরণ এবং ব্যাঙ্কগুলি মেনে নেয়। এখন এখানে কৃষিতে সবচেয়ে কম দেওয়া হচ্ছে। ক্ষুদ্র সেচে এবং স্বনিযুক্তি প্রকল্পেও কম দেওয়া হচ্ছে। স্বনির্ভর গোষ্ঠী—এতো ভালো কাজ, সেখানেও ব্যাঙ্ক লিংকেজ হচ্ছে না।

[11.40—11.50 a.m.]

আমি সবগুলির মধ্যে না গিয়ে যেহেতু নাবার্ডের সঙ্গে যুক্ত কৃষি, তাই কৃষিতে বলছি, এই আলোচনা সভায় যদি আপনার প্রশ্নের অভিমুখ থেকে থাকে, সেই আলোচনা সভায় নাবার্ড তারা হিসাব করে দিলেন—একটা দাঁতে কমিটি কেন্দ্রীয় সরকার করেছিলেন বছর ৪ আগে, তাঁরা বলেছিলেন কিভাবে কৃষিতে ঋণের প্রয়োজন নির্ধারণ করতে হয়—কৃষি থেকে যে আয় হয়, স্টেট ডোমেস্টিক প্রডাক্টের যে অংশ কৃষি সংক্রান্ত ক্ষেত্রে থেকে যাচ্ছে তার অন্তত ৬০ শতাংশ ঋণ দিতে হবে। সেই হিসাবে আমাদের রাজ্যে আমাদের ঋণ দেওয়া উচিত এক একটি বছরে ২৫ হাজার কোটি টাকা চলতি ঋণ ও মেয়াদী ঋণ, ক্রপ লোন আর টার্ম লোন মিলে ২৫ হাজার কোটি টাকা আমাদের দেওয়ার কথা। কিন্তু ব্যাঙ্ক ঋণ দিয়েছেন গত আর্থিক বছরে ১ হাজার কোটি টাকাও নয়। ২৫ হাজার কোটি টাকার জায়গায় ১ হাজার কোটি টাকাও নয়। আমরা বলেছিলাম, ১০ হাজার কোটি টাকা যদি পারেন দিন, সেই জায়গায় ১ হাজার কোটি টাকাও নয়। সেখানে ন্যূনতম ১০ হাজার কোটি

টাকা পাওয়া দরকার সেখানে ১ হাজার কোটি টাকাও পাইনি। তার মধ্যে শতকরা ৬৫ ভাগ হচ্ছে সমবায় ব্যাঙ্কের। নাবার্ড লিখিত একটা রিপোর্ট দিয়েছে, তাতে তারা বলেছে, ২৫ হাজার কোটি টাকা দেওয়া দরকার। সব কেটে-কুটে বলেছিলাম, অন্তত ২ হাজার কোটি টাকা দিন এ বছরে। আগেকার বছরের ১ হাজার কোটি টাকা মেনে নেয়নি। একটা যৌথ কমিটি হয়েছে সংশ্লিষ্ট সচিব এবং ব্যাঙ্কের চেয়ারম্যানদের নিয়ে, প্রতি মাসে মিটিং হবে, মনিটরিং হবে, একটা হিসাব রিজার্ভ ব্যাঙ্কে যাবে আর একটা হিসাব অর্থ দপ্তরে আসবে। জেলায় জেলায় যখন হবে তখন আমরাও চলে যাব। এই হচ্ছে নির্যাস।

শ্রী সুখেন্দু খান : মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নাবার্ড থেকে ঋণ নিয়ে বাঁকুড়া জেলায় বহু রাস্তা করার পরিকল্পনা ছিল, কিন্তু অর্ধেক কাজ হওয়ার পর নাবার্ড থেকে আর কোনো ঋণ আসেনি। বিষ্ণুপুর-টু-দুর্গাপুর রাস্তাটি দীর্ঘদিনের বঞ্চিত রাস্তা, সিঙ্গল রোড। এই রাস্তাটি আর.আই.ডি.এফের স্যাংসন্ড ছিল এবং ১ নম্বর লিস্টে আছে। তাই বলছি, এ বছর নাবার্ড থেকে কি রকমভাবে এই রাস্তার জন্য টাকা পাওয়া যাবে ?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আপনি বাঁকুড়া জেলার যে রাস্তাটির কথা বলছেন— যদিও আমার জিজ্ঞাসা করার কথা নয়, তবুও আমি বলছি, এটা আর.আই.ডি.এফের ৮ নম্বরে আছে, নাকি আগেকার প্রকল্পে ৬ কিম্বা ৭ নম্বরে আছে ?

শ্রী সুখেন্দু খান : আগে ৬ ছিল, তারপর ৫ এসেছে, এখন ১ নম্বরে আছে।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আপনি কিছু মনে করবেন না, আপনি গুলিয়ে ফেলেছেন, ১ নম্বরে কোনো প্রকল্প বাকি নেই, খুব সম্ভবত ৬ বা ৭ নম্বরে আছে। বাঁকুড়া জেলায় ২ রকমের সমস্যা আছে। কিছু প্রকল্পে অর্থ যথেষ্ট আসেনি, নাবার্ড থেকে যত দ্রুত আসে সেটা আমরা দেখছি আর আপনি যে এলাকার কথা বললেন সেখানকার সমস্যা অন্য রকমের হয়ে আছে। নির্দিষ্ট যে টাকা ধরা ছিল তার চেয়ে কম খরচে করে ফেলেছেন, ভালোই করেছেন, কিন্তু আপনি জিজ্ঞাসা করছেন, ওই টাকা দিয়ে ওই রাস্তার মান উন্নয়ন করতে পারেন কিনা ? সেখানে আমরা বলেছি, মান উন্নয়ন কিভাবে করা যায়। এখন মান উন্নয়ন করতে গেলে কালভার্ট যোগ করতে পারেন, টাকাটা খরচ যাতে করতে পারেন সেই খবর আমরা জেলা প্রশাসনকে পাঠিয়ে দিয়েছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, আমাদের রাজ্যে আর.আই.ডি.এফ থেকে বিভিন্ন প্রকল্পে টাকা ঋণ দেওয়া হয়েছে এবং তার বিবরণও তিনি জানিয়েছেন। মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে আমাদের উত্তরবঙ্গ বন্যাপ্রবণ এলাকা এবং নদী ভাঙ্গনে জর্জরিত। বন্যা প্রতিরোধ এবং নদী ভাঙ্গন প্রতিরোধের জন্য আমি জানতে চাই যে আর.আই.ডি.এফ স্কিমে টাকা বরাদ্দ করা হয়েছে কিনা ? যতদূর জানি আর.আই.ডি.এফ সেভেনে হয়নি, এইটে ধরা হয়েছে কিনা, হলে তার পরিমাণ কত উত্তরবঙ্গের এটা একটা জ্বলন্ত সমস্যা মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিদিনই তা শুনছেন এবং দেখছেন।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : জেলাওয়ারি প্রকল্পগুলি যদি দিতে হয় তাহলে অনেক সময় লেগে যাবে, আপনি এর জন্য নোটিশ দেবেন।

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষ

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০) **শ্রী আবদুল মান্নান** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বর্তমানে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী সমস্ত মানুষকে চিহ্নিত করা হয়েছে ; এবং

(খ) এই শ্রেণিভুক্ত মানুষরা কি কি সুবিধাপ্রাপ্ত ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :

(ক) হ্যাঁ।

(খ) দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী পরিবারগুলিকে খাদ্য দপ্তরের মাধ্যমে পৃথক/বিশেষ রেশন কার্ড প্রদান করা হবে। উক্ত রেশন কার্ডধারী পরিবারগুলি সরকারি কলেজে এবং সরকারি হাসপাতালে বিশেষ সুবিধা পাবেন। এছাড়া এঁরা কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন দারিদ্র্যদূরীকরণ কর্মসূচির সুবিধা পাওয়ার উপযুক্ত বলে বিবেচিত হবেন।

[11.50—12.00 noon]

শ্রী আবদুল মান্নান ; মাননীয় মন্ত্রিমহাশয়, আমার প্রথম প্রশ্ন ছিল, '(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বর্তমানে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী সমস্ত মানুষকে চিহ্নিত করা হয়েছে ?' আপনি তার উত্তরে বললেন, 'হ্যাঁ।' এখন আমার প্রশ্ন, এই সমস্ত মানুষদের সংখ্যাটা কত ? আপনি যদি জেলাওয়ারি সংখ্যাটা বলতে পারেন তাহলে খুবই ভালো হয়। আমার প্রশ্ন, সংখ্যাটা কত বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হ্যাঁ, এদের চিহ্নিত করা হয়েছে। সংখ্যা আমি বলব, আপনাদের জেলাওয়ারিও বলতে পারি কিন্তু সেটা অনেক সময় সাপেক্ষ ব্যাপার হবে। যাই হোক, আমি বলছি, ৪২ লক্ষ ৫১ হাজার ৮২৩টি পরিবার। আসলে বি.পি.এল.টা চিহ্নিত হয় পরিবারে। এই সব পরিবারের সব সদস্যদেরই বি.পি.এল. বলেই ধরা হয়। ৪২ লক্ষ ৫১ হাজার ৮২৩টি পরিবার। জেলাওয়ারিও আছে।

শ্রী আবদুল মান্নান : আপনি বললেন ৪২ লক্ষ ৫১ হাজার ৮২৩টি পরিবার। এতোগুলি পরিবারের কথা আপনি বললেন। বললেন জেলাওয়ারি লিস্টও আপনার কাছে আছে। আপনি যদি সেটা হাউসে প্লেস করে দেন আমরা নিয়ে নিতে পারি, পড়তে সময় লাগবে। এই যে ৪২ লক্ষ ৫১ হাজার ৮২৩টি পরিবারের কথা বললেন এদের মোট লোকসংখ্যাটা কত ? পরিবারের সংখ্যাটা বললেন কিন্তু তাদের টোটাল লোক সংখ্যাটা কত এবং কতগুলি লোককে আইডেনটিটি কার্ড দেওয়া হয়েছে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এখানে যে গাইড লাইনটা আছে তাতে বি.পি.এল.এ. ফ্যামিলিটা আইডেনটিফাই করতে হয়। সংখ্যাটা ধরুন কোথাও ২ কোথাও ৩, কোথাও ৫, সেটা আলাদা ব্যাপার।

শ্রী আবদুল মান্নান : তাদের আইডেনটিটি কার্ড তো ইস্যু করা হচ্ছে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হ্যাঁ, ফ্যামিলিতে যত লোক আছেন মেম্বার সবাই-এর।

শ্রী আবদুল মান্নান : তাহলে কত লোককে আইডেনটিটি কার্ড ইস্যু করেছেন সেটা বলতে পারবেন না ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না, আইডেনটিটি কার্ড তো ইস্যু হয়নি এখনও, আটকে আছে মাঝখানে নির্বাচনের জন্য। পঞ্চায়েত নির্বাচনের জন্য আটকে গেছে।

শ্রী আবদুল মান্নান : তাহলে আমাদের রাজ্যে বর্তমানে পরিবারের সংখ্যাটা কত ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সেটা তো বললাম ৪২ লক্ষ ৫১ হাজার ৮২৩।

শ্রী আবদুল মান্নান : না, না, শুধু বি.পি.এল. নয়, আমি টোটাল বলছি—বি.পি.এল, এ.পি.এল. নিয়ে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : টোটাল নাম্বারস অব ফ্যামিলি হচ্ছে ১ কোটি ১৫ লক্ষ ৮৯ হাজার (১,১৫,৮৯,৯৪২)।

শ্রী আবদুল মান্নান : ফ্যামিলির পারসেনটেজটা যদি আমরা দেখি তাহলে আমরা দেখবো প্রায় ৩৩ পারসেন্ট, ওয়ান থার্ডের মতন বা বার তার থেকে একটু বেশি হচ্ছে—বি.পি.এল.। কিন্তু আপনার পাশে যিনি বসে আছেন উন্নয়ন ও পরিকল্পনা মন্ত্রী, তার হিসাবে দেখা যাচ্ছে আমাদের রাজ্যে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারীর সংখ্যাটা হচ্ছে নিয়ার অ্যাবাউট ৩৫ পারসেন্ট। তাহলে পারসেন্টজটা মিলছে না। আমি বলছি যে, আমাদের টোটাল যে সংখ্যা সেটা আপনি কি যাচাই করে দেখেছেন যে টোটাল সংখ্যার সঙ্গে ফ্যামিলির সংখ্যাটা কতটা ভ্যারি করছে ? সেটা যাচাই করে দেখেছেন কি? আপনি ফ্যামিলির সংখ্যা এক রকম বলছেন আর টোটাল পারসেন্ট আপনার পরিকল্পনা মন্ত্রী আর এক রকম বলছেন, এটা কনট্রাডিকশান হচ্ছে। আবার খাদ্যমন্ত্রী আর এক রকম বলছেন। বিভিন্ন রকম সোর্স থেকে বিভিন্ন রকম কথা বলছেন। অ্যাকচুয়াল ফিগারটা কি সেটা বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : পারসেন্টেজ হচ্ছে ৩৬.৬৮। এটা হচ্ছে আমি যা আপনাদের মোট পরিবার সংখ্যা বললাম এবং দারিদ্র্য সীমারেখার নিচে যে পরিবার সর্বশেষ চিহ্নিত হয়েছে, তালিকা হয়েছে, সেটা যদি শতাংশ হারে ধরেন তাহলে ৩৬.৬৮ শতাংশ হয়। এটা ছিল ১৯৯৭ সালে। এর আগের তালিকায় ছিল ৪৪.৩৫ শতাংশ। আমি আপনাদের এটা বলতে পারি যে এই ব্যাপারে আমাদের স্ববিরোধিতা নেই। কিন্তু এখানে কেন্দ্রীয় সরকার সর্বশেষ যে নির্দেশ দিয়েছেন, এই যে জাতীয় নমুনা সমীক্ষায় একটা রাজ্যে যত পরিবার দরিদ্র সীমারেখার নিচে আছে শতাংশ হারে, এই তালিকায় অন্তর্ভুক্ত নাম তার ১০ শতাংশের বেশি যেন না হয়। তার মানে আমাদের এইসব সমীক্ষা ইত্যাদি করে। আমরা কতর উপর যেতে পারবো বা কতর উপর যেতে পারবো না তার একটা ঊর্ধ্বসীমা কেন্দ্রীয়

সরকার তার নির্দেশিকায় বেঁধে দিয়েছেন। কাজেই আমাদের তার মধ্যে এই পরিবারের সংখ্যা সীমিত রাখতে হচ্ছে কাজের জন্য। নীতিগতভাবে আমরা এই সিদ্ধান্তের সঙ্গে একমত নয়। কিন্তু কাজের জন্যই তো এইভাবে কাজ করতে হচ্ছে।

শ্রী আবদুল মান্নান : সেন্ট্রাল গভর্নমেন্ট কি নির্দিষ্ট করে কোনো সংখ্যা বলে দিয়েছেন ? কারণ আপনি তো সংখ্যার ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টকে রেফার করলেন। আমি সেই জন্য বললাম পারসেন্টেজের ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্ট নির্দিষ্ট করে কোনো পারসেন্টেজ বলে দিয়েছেন কিনা ? আইডেনটিটি কার্ড দিতে গিয়ে দেখা গিয়েছে আপনাদের দলের এম.এল.এ. নাকি পেয়েছেন। এই রকম মাস্থলি কত টাকা রোজগার থাকলে তাকে বি.পি.এল. কার্ড দেবেন ? কারণ একজন এম.এল.এ. পেয়েছেন, আমরা খবরের কাগজে দেখলাম। এম.এল.এ. তো সাড়ে পাঁচ হাজার টাকা মাইনে পান মাস্থলী। মাস্থলি কত টাকা পেলে তাকে চিহ্নিত করা যায়, দারিদ্র্যসীমা রেখার নিচে বলে ঘোষণা করা যায় ? মিনিমাম কত টাকা তার মাস্থলি আয় থাকবে? আর সেন্ট্রাল গভর্নমেন্ট আপনাকে কত পারসেন্টেজ বেঁধে দিয়েছেন সেটা বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সেন্ট্রাল গভর্নমেন্ট বলছেন জাতীয় নমুনা সমীক্ষা, ন্যাশনাল স্যাম্পেল সার্ভের লাস্ট রাউন্ডে পশ্চিমবাংলায় দারিদ্র্য সীমারেখার নিচে যে পরিবার শতাংশ হারে আছে বলে বেরিয়েছে তথ্য তার উপর ১০ শতাংশ পর্যন্ত এই তালিকায় অন্তর্ভুক্ত হতে পারে। অর্থাৎ এটাকে যদি আমি অঙ্ক কষে বলি, প্রায় ৩৪ শতাংশ। আমাদের পশ্চিমবাংলায় ৩৪ শতাংশের বেশি দারিদ্র্য সীমারেখার তালিকায়, বি.পি.এল.-এর তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। এটা আমরা ৩৬ করেছি, আমি যেটা বললাম ৩৬.৬৮, একটু বেশিই করেছি ওনারা যা বলেছেন। আর আপনি যেটা বললেন যে সীমারেখা কি ? এটা বলা খুব মুশকিল। কারণ কেন্দ্রীয় সরকার প্রতি ৫ বছর অন্তর সীমারেখা বদলান। প্রথমে ১০ বছর আগে ওনারা ঠিক করেছিলেন যে আয়ের ভিত্তিতে হবে। আপনাদের খেয়াল আছে বোধহয় ১১ হাজার টাকা প্রতি বছরে তার নিচে পরিবারের আয় হলে তারা দরিদ্র বলে বিবেচিত হবে। তারপর গতবার অর্থাৎ ৫ বছর আগে ওনারা যে নির্দেশিকা দিলেন তাতে বললেন আয়ের ভিত্তিতে নয় ব্যয়ের ভিত্তিতে হবে, নট অন ইনকাম বাট অন কনজামশান এবং কনজামশান হচ্ছে ২৭৪ টাকা ৩৫ পয়সা যদি মাসে আপনি খরচ করতে পারেন তাহলে আপনি বড়লোক। কিন্তু আপনার খরচ যদি ২৭৪ টাকা ৩৫ পয়সার কম হয় তাহলেই কেবলমাত্র আপনি গরিব। এবারে আবার সর্বশেষ নির্দেশিকা দিয়েছেন সেটা আমরা বলেছি কার্যকর করতে পারবো না। যাই হোক সেই নিয়ে আলোচনা চলছে। সেটা ওনারা বলেছেন আয় নয়, ব্যয় নয়, মানে না ইনকাম না কনজামশান, এবারে হচ্ছে অন স্কোর বেসড র‍্যাংকিং। ১৩ রকম সূচক ধরে, তারপর নম্বর-টম্বর বসিয়ে আমাদের পশ্চিমবাংলার বা ভারতবর্ষের সব পরিবারকে ৪ রকম ভাবে ভাগ করতে হবে। সেটা হলো ভেরি পুয়োর মানে ভীষণ গরিব, পুয়োর মানে গরিব, নট সো পুয়োর—মানে ততো গরিব নয়, এবং নন পুয়োর মানে গরিব নয়। এই ৪ রকম ভাগে ভাগ করতে হবে নাম্বার দিয়ে। গোটা ব্যাপারটা আমাদের কাছে অবাস্তব বলে মনে হয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : সাপ্লিমেন্টারি প্রশ্ন—মাননীয় মন্ত্রিমহাশয়, সেন্ট্রাল গভর্নমেন্ট পার্সেন্টেজ বেঁধে দিয়ে অসুবিধা করেছেন। আমি আপনার একটা লেখা পড়েছিলাম, বিরোধিতা করেছেন। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট যে পার্সেন্টেজটা বেঁধেছেন, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত উনি গতবারের আগের বারের ওঁর বাজেট স্পিচে বলেছিলেন, 'আমাদের পশ্চিমবাংলায় দারিদ্র্যসীমার নিচে ২৬ পার্সেন্ট আছেন।' এটা বলার ফলে সেন্ট্রাল গভর্নমেন্টের সেই সুযোগটা এসে গেছে। ফলে, একদিকে আপনি বিরোধিতা করছেন, আর অসীমবাবু, মাননীয় অর্থমন্ত্রী তিনি পশ্চিমবাংলায় কত উন্নয়ন হয়েছে দেখাবার জন্য দারিদ্র্যসীমার নিচে দেখাচ্ছেন ২৬ পার্সেন্ট। ফলে সেন্ট্রাল গভর্নমেন্ট তার সুযোগটা পেয়েছে। এই ব্যাপারটার সমাধান কি—আপনি বিরোধিতা করছেন, আর অসীমবাবু বলছেন ২৬ পার্সেন্ট, এর সমাধানটা কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অর্থমন্ত্রী কেন আমিও তো বলেছি এবং একশোবার বলবো যে ২৬ শতাংশ। ১৯৯৩-৯৪ সালে আমাদের ন্যাশনাল স্যাম্পেল সার্ভে রাউন্ড হয়েছিল। আপনি যদি ১৯৯৩-এর সঙ্গে ১৯৭৩-৭৪-এর ন্যাশনাল স্যাম্পেল সার্ভের কমপ্যারিজন করেন, তুলনামূলক চিত্রটা দেখেন তাহলে দেখবেন ভারতবর্ষের সব রাজ্যের মধ্যে পশ্চিমবাংলা দারিদ্র্য কমাবার মাপকাঠিতে সর্বোচ্চ স্থানে আছে। এ তো ন্যাশনাল স্যাম্পেল সার্ভের তথ্য। কিন্তু আমি খালি এটাই বলছি যে, ন্যাশনাল স্যাম্পেল সার্ভে বিভিন্ন সময়ে যে মাপকাঠি তাঁরা বেঁধে দেন, সেই মাপকাঠির সঙ্গে দ্বিমত পোষণ করেও বলছি, অন্য রাজ্যের সঙ্গে, কি সারা দেশের সঙ্গে যদি আমাদের তুলনা করতে হয়, ওই মাপকাঠি দিয়েই তো হবে। না কি আমাদের বেলায় ন্যাশনাল স্যাম্পেল সার্ভে হবে এক রকম ভাবে আর অন্যদের বেলায় অন্যটা হবে ? ওই মাপকাঠির বিচারে আমাদের দারিদ্র্য কমার যে রেকর্ড, তাতে আমরা সর্বোচ্চ স্থানে রয়েছি। সেটা আমরা তখনও বলেছি, এখনও বলি। কিন্তু এই মাপকাঠিটায় গোলমাল আছে, যেটা সারা দেশের জন্যও গোলমাল আছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : তাহলে ৯.৩৫ টাকা মাপকাঠিটা আপনারা মাপছেন কি করে ? ৯.৩৫ টাকা দৈনিক আয় হলে তার পার্সেন্ট হিসাবে যেটা বলছেন, ২৬ পার্সেন্ট-এর হিসাবটা কিভাবে আসছে ? দুটো তো কন্ট্রাডিকটরি হয়ে যাচ্ছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি তো বললাম কন্ট্রাডিকটরিটা কি। আপনি তো সব রাজ্যকে একটা মাপকাঠিতে মাপবেন। আপনি যদি ফুট দিয়ে মাপেন তাহলে ফুট দিয়েই মাপবেন। আর যদি মিটারে মাপেন তাহলে মিটারেই মাপবেন। তা না করে একজনকে ফুট দিয়ে আর একজনকে মিটার দিয়ে মাপবেন নাকি ?

শ্রী দীপক সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আমরা আমাদের কোচবিহার জেলায় লক্ষ করেছি যে, বি.পি.এল.-এর যে তালিকা তৈরি হয়েছে তাতে প্রচুর অসঙ্গতি রয়েছে। পঞ্চায়েত নির্বাচনের আগে বিডিও-রা তালিকা প্রকাশও করেননি। পঞ্চায়েত নির্বাচনের আগে আমরা দেখেছি, এই অসঙ্গতি দূর করার জন্য সরকারের পক্ষ থেকে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। সরকারের পক্ষ থেকে নতুন করে উদ্যোগ নেওয়া হবে কি এই অসঙ্গতি দূর করার জন্য ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমরা একটা উদ্যোগ নিয়েছিলাম। তারপর আমরা আবারও বলেছি যে, পঞ্চায়েতে গ্রাম সংসদের যখন মিটিং হবে তখন আবার সেখানে আপনারা সবার সামনে তালিকা দেখে খুব স্বচ্ছভাবে কাকে বাদ দেওয়া হবে, কাকে কেন ঢোকানো হবে এটা দেখবেন। আবার এটা দেখবেন, এই সীমারেখাটা যেন ঠিক থাকে, ঊর্ধ্বসীমা যতে অতিক্রম না করে যেটা ওরা বলে দিয়েছেন। এইসব করা একটা কঠিন কাজ। আমি এই হাউসকে বলতে চাই যে, কয়েকদিন আগে, এক সপ্তাহও হয়নি এখনও, আমি সুপ্রিম কোর্টের একটি চিঠি পেয়েছি। অ্যাডভোকেট চিঠি দিয়েছেন। একটা মামলা চলছিল, যার মূল কথা হচ্ছে যে, এই তালিকা যা ছিল, ছিল, এখন আর পরিবর্তনের অন্তর্ভুক্তির, বাদ দেওয়ার কোনো প্রয়োজন নেই। কেন্দ্রীয় সরকার যেন রাজ্য সরকারগুলিকে এই মর্মে নির্দেশ দেয় যে, কোনো রাজ্য সরকারই এই তালিকায় নতুন করে অন্তর্ভুক্তি বা বাদে দেওয়ার কাজ না করে। এই রায়ের ভিত্তিতে যাঁরা মামলা করছিলেন তাঁরা এই রায়টিকে এইভাবে ইন্টারপ্রেট করতে চাইছেন যে, যে তালিকা আছে সেই তালিকায় আমরা যেন নতুন করে আর হাত না দিই। আমরা তার ব্যাখ্যা চেয়েছি আমাদের আইনজ্ঞের কাছে। সুপ্রিম কোর্টে আমাদের সরকার পক্ষের আইনজ্ঞ যাঁরা আছেন তাঁদের কাছে আমরা ব্যাখ্যা চেয়েছি। এর ব্যাখ্যা কি হয়, ব্যাখ্যা পাওয়ার পর, ব্যাখ্যা অনুযায়ী আর একটু পরীক্ষা করে এটাতে কি করণীয় তা স্থির করবো।

Starred Questions

(to which answers were laid on the Table)

বড় ও মাঝারি শিল্প প্রকল্প রূপায়ণ

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিগত ২০০২-২০০৩ আর্থিক বছরে কয়েকটি বড় ও মাঝারি শিল্প প্রকল্প রূপায়িত হয়েছে ;

(খ) সত্যি হলে, রূপায়িত বড় ও মাঝারি শিল্প প্রকল্পগুলির সংখ্যা কত ; এবং

(গ) সেগুলি কি কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ৭৬ (ছিয়াত্তর)টি।

(গ)

ক্রমিক সংখ্যা	রূপায়ণের সাল	প্রকল্পের নাম
১।	২০০৩	হাওড়া গ্যাসেস লিঃ
২।	২০০৩	ইন্ডিয়া ডেয়ারি প্রোডাক্টস্ লিঃ
৩।	২০০৩	নীলকণ্ঠ জুট প্রোসেসিং প্রাঃ লিঃ

ক্রমিক সংখ্যা	রূপায়ণের সাল	প্রকল্পের নাম
৪।	২০০৩	আর.এস. ইস্পাত প্রাঃ লিঃ
৫।	২০০৩	ডিক্রান্ত এলোয়স্ এবং ফর্জিংস্ প্রাঃ লিঃ
৬।	২০০২	অভিজিৎ টি কোং প্রাঃ লিঃ
৭।	২০০২	অভিজিৎ টি কোং প্রাঃ লিঃ
৮।	২০০২	আনমোল বিস্কিটস্ প্রাঃ লিঃ
৯।	২০০২	আরামবাগ হ্যাচারিজ লিঃ
১০।	২০০২	এসিয়াম হোটেল লিঃ
১১।	২০০২	বালাসন টি কোং লিঃ
১২।	২০০২	বার্নপুর সিমেন্ট লিঃ (একক-২)
১৩।	২০০২	কনভারজেন্স কন্ট্যাক্ট সেন্টার প্রাঃ লিঃ
১৪।	২০০২	ধানবাদ ফুয়েলস্ প্রাঃ লিঃ
১৫।	২০০২	ডি.পি.এস. টেক্নোলজিস ইন্ডিয়া প্রাঃ লিঃ
১৬।	২০০২	ডি.পি.এস. টেক্নোলজিস ইন্ডিয়া প্রাঃ লিঃ
১৭।	২০০২	দুর্গাপুর স্টিল প্ল্যান্ট
১৮।	২০০২	দুর্গাপুর স্টিল প্ল্যান্ট
১৯।	২০০২	দুর্গাপুর স্টিল প্ল্যান্ট
২০।	২০০২	দুর্গাপুর স্টিল প্ল্যান্ট
২১।	২০০২	ইষ্ট ইন্ডিয়া ফ্লার মিলস্ প্রাঃ লিঃ
২২।	২০০২	ইষ্টার্ন প্লোয়ক্রাফ্ট ইণ্ডাস্ট্রিজ লিঃ
২৩।	২০০২	এঁসেলস্ ফাণ্ড ম্যানেজমেন্ট প্রাঃ লিঃ
২৪।	২০০২	এসেম জুট অ্যান্ড টুইন্স লিঃ
২৫।	২০০২	এভারম্যাক্স টেকনোলজিস প্রাঃ লিঃ
২৬।	২০০২	এক্সইম্পো টি লিঃ
২৭।	২০০২	এক্সোডাস নিটওয়ের প্রাঃ লিঃ
২৮।	২০০২	হলদিয়া স্টিলস্ লিঃ
২৯।	২০০২	হলদিয়া স্টিলস্ লিঃ
৩০।	২০০২	মেহরাজ ওয়েলস্ প্রাঃ লিঃ
৩১।	২০০২	হিন্দ লিভার কেমিক্যালস্ লিঃ
৩২।	২০০২	হিন্দ লিভার কেমিক্যালস্ লিঃ
৩৩।	২০০২	হিন্দুস্থান স্টিলস্ লিঃ
৩৪।	২০০২	হিন্দুস্থান স্টিলস্ লিঃ
৩৫।	২০০২	ইরিগেশন টেকনোলজি সোলুসন্স্
৩৬।	২০০২	ইন্ডিয়া ডেয়ারি প্রোডাক্টস্ লিঃ
৩৭।	২০০২	ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিঃ

ক্রমিক সংখ্যা	রূপায়ণের সাল	প্রকল্পের নাম
৩৮।	২০০২	ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিঃ
৩৯।	২০০২	ইন্ডিয়ান রেয়ন অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ
৪০।	২০০২	ইন্ডিয়ান রেয়ন অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ
৪১।	২০০২	ইন্টিগ্রেটেড কোল মাইনিং প্রাঃ লিঃ
৪২।	২০০২	জলঢাকা টি প্ল্যান্টটেশন প্রাঃ লিঃ
৪৩।	২০০২	জলঢাকা টি প্ল্যান্টটেশন প্রাঃ লিঃ
৪৪।	২০০২	কবিতা রিফ্র্যাক্টরিজ প্রাঃ লিঃ
৪৫।	২০০২	কোলম্যাক কেমিক্যালস্ লিঃ
৪৬।	২০০২	মা ছিন্নমস্তিকা স্টিল অ্যান্ড পাওয়ার প্রাঃ লিঃ
৪৭।	২০০২	মধ্যপ্রদেশ গ্লাইকেম ইন্ডিয়া লিঃ
৪৮।	২০০২	মইথন স্টিল অ্যান্ড পাওয়ার লিঃ
৪৯।	২০০২	মনকামনা টি ইন্ডাস্ট্রিজ প্রাঃ লিঃ
৫০।	২০০২	নবীন টুলস ম্যানুফ্যাকচারিং প্রাঃ লিঃ
৫১।	২০০২	নবযুগ প্যাকেজিংস প্রাঃ লিঃ
৫২।	২০০২	নিজোন স্ট্রাইপাস লিঃ
৫৩।	২০০২	নিজোন টিউবস্ লিঃ
৫৪।	২০০২	প্রতিমা কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ
৫৫।	২০০২	আর ডি টি লিঃ
৫৬।	২০০২	রোউনাক প্ল্যাস্টিকস্ লিঃ
৫৭।	২০০২	রোজানা পেট্রো কেমিক্যালস লিঃ
৫৮।	২০০২	রুপচেরা টি কোং লিঃ (নিউ চাম্)
৫৯।	২০০২	রুপচেরা টি কোং লিঃ (এ.এন.এন.ডি.পি.)
৬০।	২০০২	সজিতারয়েনস্ ইন্টারন্যাশনাল লিঃ
৬১।	২০০২	সত্যম আয়রন অ্যান্ড স্টিল কোং প্রাঃ লিঃ
৬২।	২০০২	শিবশক্তি এগ্রো (আই) লিঃ
৬৩।	২০০২	শ্রী শুভম এক্সপোর্টস্
৬৪।	২০০২	শ্রী বদ্রীনারায়ণ এলোয়স্ অ্যান্ড স্টিল
৬৫।	২০০২	সৃষ্টি সিমেন্ট প্রাঃ লিঃ
৬৬।	২০০২	শ্যাম ফেরো এলিয়াস লিঃ (একক টন-৩)
৬৭।	২০০২	স্টাইলো গ্র্যাফিকস্
৬৮।	২০০২	তরাই টি কোং লিঃ
৬৯।	২০০২	তরাই টি কোং লিঃ
৭০।	২০০২	ওদলাবাড়ি টি কোং লিঃ
৭১।	২০০২	টপলাইন টি কোং প্রাঃ লিঃ

ক্রমিক সংখ্যা	রূপায়ণের সাল	প্রকল্পের নাম
৭২।	২০০২	ইউনির্ভাসাল ম্যাশিনস্ লিঃ
৭৩।	২০০২	ওয়েব ডেভ কোং লিঃ
৭৪।	২০০২	ওয়েবকম গ্রুপ
৭৫।	২০০২	জগদীশ্বর কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ
৭৬।	২০০২	ভিসাকা ইন্ডাস্ট্রিজ লিঃ

Divestment of State Public Sector Undertakings

*139. (Admitted question No. *450) **Shri Saugata Roy** : Will the Minister-in-Charge of the Public Undertakings Department be pleased to State–

(a) Whether it is a fact that the State Government has decided to disinvest in some State Public Sector Undertakings ; and

(b) if so, details thereof ?

Minister-in-Charge of the Public Undertakings Department :

(a) State Government wants its loss-making manufacturing enterprises to operate as financially viable entities to meet its revenue, value-addition and employment priorities. Towards this objective, it has been decided that such of these enterprises that can attain long-term viability with investments, will be opened to private investment in equity upto a maximum of 74%. Government proposes to retain a minimum of 26% equity in these enterprises to ensure the continued industrial use of their assets.

(b) State Government has constituted a high-level committee on public sector restructuring to formulate appropriate recommendations in respect of its loss-making PSEs after considering the potential for viability of each such enterprise on the basis of studies carried out by the Strategic Business Group of its Public Enterprises Department. Following the recommendations of this Committee. State Government has approved the implementation of a pilot project that includes the opening of 10 loss-making manufacturing enterprises assigned to the control of PE Department, to private investments in equity to facilitate their transformation to Joint Venture entities.

This search for potential investoers is to be conducted with transparency and will target the continued industrial use of their assets to act as catalysts for economic growth.

These enterprises are :–

(a) Shalimar Works Ltd.
(b) Lily Biscuit Co.
(c) Carter Pooler Engg. Co. Ltd.
(d) West Bengal Chemical Industries Ltd.
(e) Neo Pipes & Tubes Co. Ltd.
(f) W.B. Plywood & Allied Products Ltd.
(g) Angel India Machine & Tools Ltd.
(h) Krishna Silicate & Glass (1987) Ltd.
(i) Apollo Zipper
(j) National Iron & Steel Company.

Supplementaries

To ensure transparency a publicly notified search resulted in a joint DFID/State Government selection of M/s. Price Waterworse coopers for carrying out business optimisation studies of the enterprises under the Pilot Project, PWC has started business optimisation studies to identify earning potentials of 10 enterprises primarily decided for joint venture transformation entities. This will also market to help the State Government find suitable potential investors through publicly notified steps.

হাসপাতালগুলিকে গ্রেডে বিভক্তিকরণ

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৬) **শ্রী ব্রহ্মময় নন্দ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, রাজ্যের ৬৫টি হাসপাতালকে বর্তমানে বিভিন্ন গ্রেডে বিভক্ত করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ

গ্রেড বিভাজন সত্যি। তবে শুধুমাত্র ৬৫টি হাসপাতাল নয়, রাজ্যের জেলা, মহকুমা এবং স্টেট জেনারেল হাসপাতালগুলির তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে মূল্যায়নের ভিত্তিতে ৩টি পৃথক গ্রেড-এ বিভক্ত করা হয়েছে, যথা : গ্রেড—'এ', গ্রেড—'বি', গ্রেড—'সি'।

রুগ্ন শিল্পে ঋণ

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৫) শ্রী চিত্তরঞ্জন রায় : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার ২০০২ সালে ডব্লু.বি.আই.ডি.সি.-র মাধ্যমে কতগুলি রুগ্ন শিল্পকে ঋণ দিয়েছেন ; এবং

(খ) এদের নাম কী ?

শিল্প ও পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দুইটি।

(খ) (১) মীরা নিটিং ওয়ার্কস্ লিমিটেড।
(২) স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যালস্ প্রাইভেট লিমিটেড।

পশ্চিম মেদিনীপুর জেলায় শিল্প স্থাপন

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৭) শ্রী রামপদ সামন্ত : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সালে পশ্চিম মেদিনীপুর জেলায় কোথায় কোথায় কী কী ধরনের শিল্প স্থাপন করা হয়েছে ; এবং

(খ) উক্ত শিল্পগুলিতে অর্থলগ্নির পরিমাণ কত ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০২ সালে পশ্চিম মেদিনপুর জেলায় তিনটি প্রকল্প রূপায়িত হয়েছে। প্রকল্পগুলি হল বল এবং রোলার বিয়ারিং তৈরি, সূতা ও টারবেন্ট। খড়গপুর ও মেদিনীপুর সদরে এই কারখানাগুলি অবস্থিত। এই এলাকায় উক্ত শিল্পগুলি স্থাপিত হয়েছে।

(খ) উক্ত শিল্পগুলিতে অর্থলগ্নির পরিমাণ ৪০০৯.৯২ লক্ষ টাকা।

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬০) শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-২০০২ এবং ২০০২-২০০৩ আর্থিক বছর দুটিতে রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্ট শিল্প স্থাপনে কটি আবেদনপত্র জমা পড়েছে ;

(খ) উক্ত আবেদন পত্রের কটি সরকারের অনুমতি পেয়েছে, এবং

(গ) অনুমতি প্রাপ্ত শিল্প সংস্থার কটি উক্ত শিল্প স্থাপন করেছে ও কটিতে উৎপাদন শুরু হয়েছে ?

খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক), (খ) ও (গ) প্রশ্নের উত্তর টেবিল আকারে দেওয়া হল—

সন	আবেদনপত্র জমার সংখ্যা	আবেদনপত্র অনুমতি পাওয়ার সংখ্যা	অনুমোদিত শিল্পের শিল্প স্থাপন ও উৎপাদন শুরু করার সংখ্যা
২০০১-০২	৬৭	৬১	২৯
২০০২-০৩	১২১	১১৮	৩৪

গঙ্গার ভাঙ্গন প্রতিরোধে ব্যবস্থা

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৯) শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার বলাগড় থেকে উত্তরপাড়া পর্যন্ত গঙ্গার ভাঙ্গন প্রতিরোধে রাজ্য এবং কেন্দ্রীয় সরকার কোনও ব্যবস্থা নিয়েছে কিনা ; এবং

(খ) সত্যি হলে, তা কিরূপ ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

STARRED QUESTIONS NO. 145 : HELD OVER

প্রাথমিক বিদ্যালয়ে হেলথ্ কার্ড প্রবর্তন

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫১) শ্রী ইউনুস সরকার : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য হেলথ্ কার্ড প্রবর্তনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

আছে।

রুগ্ন জাহাজ শিল্পের উন্নয়ন

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২) শ্রী আবদুল মান্নান : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের জাহাজ শিল্পের রুগ্ন অবস্থার উন্নতিকল্পে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের নিকট কোনও প্রস্তাব পেশ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, প্রস্তাবগুলি কী কী ; এবং

(গ) উক্ত প্রস্তাবগুলি সম্পর্কে কেন্দ্রীয় সরকারের বক্তব্য কী ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬) **শ্রী তপন হোড়** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০০০ পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পটির মাধ্যমে কত কিমি সড়ক নির্মাণ করা সম্ভব হয়েছে ; (জেলাওয়ারি হিসাব সহ)

(খ) প্রকল্পটি সম্পূর্ণ করতে আরও কত সময় লাগবে ; এবং

(গ) প্রকল্পটি সম্পূর্ণ করতে মোট কত ব্যয় হতে পারে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ওই সময় পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা প্রকল্পে মোট ৫৯৫.৭৫ কিমি সড়ক নির্মাণ করা সম্ভব হয়েছে। জেলাওয়ারি বিবরণ নিম্নে প্রদত্ত হল :

	জেলা	সড়কের দৈর্ঘ্য (কিমি)
১।	শিলিগুড়ি মহকুমা	৫.০০
২।	কোচবিহার	১৩.০০
৩।	জলপাইগুড়ি	৩৯.৭০
৪।	উত্তর দিনাজপুর	১৬.৫০
৫।	দক্ষিণ দিনাজপুর	১৬.১৬
৬।	মালদা	৩৩.৮০
৭।	মুর্শিদাবাদ	৫২.৫০
৮।	নদিয়া	৫২.৭৫
৯।	হাওড়া	১.২০
১০।	২৪ পরগনা (উত্তর)	১১.০০
১১।	২৪ পরগনা (দক্ষিণ)	৩.৯৪
১২।	বর্ধমান	৫০.১০
১৩।	হুগলি	৩০.০০
১৪।	মেদিনীপুর (পূর্ব)	৪.০০
১৫।	মেদিনীপুর (পশ্চিম)	৯১.০২
১৬।	বাঁকুড়া	৯৩.০০
১৭।	বীরভূম	২৮.০০
১৮।	পুরুলিয়া	৫৪.০৮
		৫৯৫.৭৫ কিমি

(খ) কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী আগামী ২০০৭ সালের মধ্যে এই প্রকল্পের কাজ সম্পূর্ণ করতে হবে ;

(গ) এখনই অনুমান করা সম্ভব নয়।

প্যাথলজি বিভাগের বেসরকারিকরণ

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২) **শ্রী দেবপ্রসাদ সরকার** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের গ্রামীণ হাসপাতালগুলির প্যাথলজি বিভাগের পরিচালনভার সরকার বেসরকারি হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্যি হলে, উক্ত সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে সরকারের সর্বশেষ রিপোর্ট কী ; এবং

(গ) কী কী কারণে সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

চর্মনগরীতে উৎপাদন

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে মোট কতগুলি ট্যানারি চর্মনগরীতে তাদের নির্মাণ কাজ শুরু করে দিয়েছেন ? এবং

(খ) তন্মধ্যে মোট কতগুলি ট্যানারিতে ২০০৩ সালের মধ্যে উৎপাদন শুরু হয়ে যাবে বলে আশা করা যায় ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩২১টি।

(খ) বেশ কয়েকটি ট্যানারিতে (আনুমানিক ১০০) ২০০৩ সালের মধ্যে উৎপাদন শুরু হয়ে যাবে বলে আশা করা যায়।

কুটির শিল্প সামগ্রী রপ্তানী

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-২০০২ ও ২০০২-২০০৩ আর্থিক বছরে (জানুয়ারি, ২০০৩ পর্যন্ত) রাজ্য থেকে কী পরিমাণ আর্থিক মূল্যের কুটির শিল্প সামগ্রী রপ্তানি করা হয়েছে ; এবং

(খ) রাজ্য সরকার রপ্তানিকারক ক্ষুদ্র কুটির শিল্পগুলিকে কীভাবে সাহায্য করছেন ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) Director General of Commercial Intelligence & Statistics (D.G.C.I. & S.) থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ২০০১-২০০২ আর্থিক বছরে ৩১১.২০ কোটি টাকা মূল্যের কুটির শিল্প সামগ্রী (সোনার গহনা সমেত) এই রাজ্য থেকে রপ্তানি করা হয়েছে। ২০০২-২০০৩ আর্থিক বছরে (এপ্রিল, ২০০২ থেকে ডিসেম্বর, ২০০২ পর্যন্ত) ৩১৪.৩৮ কোটি টাকা মূল্যের কুটির শিল্প সামগ্রী রপ্তানি করা হয়েছে।

(খ) রাজ্য সরকারের উদ্যোগে স্থাপিত 'পশ্চিমবঙ্গ রাজ্য রপ্তানি উন্নয়ন সমিতি' রপ্তানি সংক্রান্ত বিষয়ে রপ্তানিকারক কুটির ও ক্ষুদ্র শিল্পগুলিকে তথ্য সরবরাহ, আইনি পরামর্শ, প্রশিক্ষণ ও উৎসাহদান করছেন।

এতদ্ব্যতিত হস্তশিল্প কর্মশালার আয়োজন, হস্তশিল্প প্রদর্শনী ও মেলা এবং বাণিজ্য মেলায় অংশগ্রহণের সুযোগ প্রদান ইত্যাদির মাধ্যমে রাজ্য সরকার রপ্তানিকারক কুটির ও ক্ষুদ্রশিল্পগুলিকে সাহায্য করে আসছেন।

বোতলবন্দী জলে কীটনাশক

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৯) **শ্রী রামপদ সামন্ত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিভিন্ন কোম্পানির বোতলবন্দী জলে মানব শরীরের পক্ষে অত্যন্ত ক্ষতিকারক কিছু কীটনাশক পাওয়া গেছে ;

(খ) সত্যি হলে, রাজ্যে স্বাস্থ্য বিভাগ বোতলবন্দী জল পরীক্ষার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি ; এবং

(গ) করে থাকলে, তা কীরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) তৎসত্ত্বেও এ রাজ্যে বোতলবন্দী জল পরীক্ষার নিয়মিত ব্যবস্থা আছে।

(গ) পশ্চিমবঙ্গ জনস্বাস্থ্য সম্পর্কিত রসায়নাগারে সংগৃহীত জলের নমুনা সরকারি বিশ্লেষক (খাদ্য ও জল) পরীক্ষা করেন। ভেজাল প্রমাণিত হলে অভিযুক্তদের বিরুদ্ধে খাদ্যে ভেজাল প্রতিরোধ আইন অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

MESSAGE FROM THE GOVERNOR

Mr. Speaker : Now, the Question hour is over. Hon'ble Members, I have received a message from the Hon'ble Governor of West Bengal which reads—

"Raj Bhavan

Kolkata-700 062

April 2, 2003

Dear Hon'ble Speaker,

I thank you for your letter of 26th March, 2003 Kindly convey to the Honourable Members of the Legislative Assembly that I have received with satisfaction their message of thanks for speech with which I opened the session of the West Bengal Legislative Assembly on 5th March, 2003.

With warmest personal regards,

Yours sincerely

Sd/-

(VIREN J SHAH.)"

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received two notices of Adjournment Motions. The first one is from Shri Debaprosad Sarkar on the subject of reported death of some children from unknown fever in Murshidabad. And the second one is from Shri Atish Chandra Sinha, Shri Asit Mitra and Shri Somendra Nath Mitra on the subject of reported violence in connection with Panchayat Election in the State.

The subject matters of both the motions are not such that may call for adjournment of the business of the House. The Members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grants of the concerned departments which is now going on. Members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Question, Mention, etc. I therefore, withhold may consent to both of the motions.

One Member of the party may, however, read the text of the motion as amended.

[12.00—12.10 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

স্বাস্থ্য দপ্তর তথা রাজ্য সরকারের চূড়ান্ত অবহেলায় মুর্শিদাবাদ জেলায় প্রায় একশত শিশু মৃত্যুর ঘটনায় রাজ্যবাসীব্যাপী মর্মাহত। জনগণের বিক্ষোভকে চাপা দিতে মুখ্যমন্ত্রী এক মাস পরে বহরমপুরে গিয়ে আশ্বাস দিয়ে এসেছেন। অথচ বেঁচে থাকতে কেউ খোঁজ নেননি এই শিশুরা কি খায়, কেন অপুষ্টিতে ভুগে অজানা জ্বরের সহজ শিকারে পরিণত হয়।

তাই আমরা দাবি করছি—

(১) সমস্ত ব্লকস্তর পর্যন্ত জরুরি চিকিৎসাদানের ব্যবস্থা করতে হবে। অবিলম্বে ডাক্তার, স্বাস্থ্যকর্মী ও শিশু বিশেষজ্ঞ নিয়োগ করতে হবে। মহকুমা হাসপাতালে বেবি কেয়ার ইউনিট চালু করতে হবে এবং উন্নতমানের পর্যাপ্ত ওষুধ সরবরাহ করতে হবে।

(২) টিকাকরণের ব্যর্থতা কেন হল তার তদন্ত করে প্রকৃত দোষীদের শাস্তি দিতে হবে।

(৩) মৃত শিশুদের পরিবারবর্গকে এক লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দিতে হবে।

(এরপরেই শ্রী দেবপ্রসাদ সরকার এবং শ্রী প্রবোধ পুরকায়েত স্বাস্থ্য ব্যবস্থায় চূড়ান্ত অবহেলার জন্য সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী অসিত মিত্র : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

সম্প্রতি পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে সরকারের বৃহত্তম শরিক দলের চাপ সৃষ্টির ফলে বিরোধী দলের প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিতে পারেনি ফলে সন্ত্রাস কবলিত প্রধানত চার জেলা হুগলি, পশ্চিম মেদিনীপুর, বর্ধমান ও বাঁকুড়ায় ২৫ থেকে ৪১ শতাংশ আসনে কোনো লড়াই হয়নি। সব মিলিয়ে গোটা রাজ্যে ৫৮,৩৫৭টি আসনের মধ্যে দশ শতাংশ বা ৬০২৭টি আসনই লড়াইবিহীন হয়েছে। পরবর্তীকালে বহু কংগ্রেস কর্মীকে বামফ্রন্ট বাহিনীর ক্যাডাররা অত্যাচার করে গ্রামছাড়া করেছেন, প্রয়োজনে তারা হত্যাও করেছেন। নির্বাচনের দিন হিংসায় ২০ জনের মৃত্যু হয়েছে যা রাজ্য রাজনীতির ইতিহাসে সবচেয়ে রক্তক্ষয়ী ভোট। পুলিশ ২৭ রাউন্ড গুলি চালিয়েছে এবং গরিষ্ঠ শাসক দল বহু বুথ দখল করে নিয়ে ব্যাপকভাবে ছাপ্পা ভোট করেছেন। সরকারের শরিক দলের অনেক নেতা ও কর্মীরাও বৃহত্তম শরিকদের অগণতান্ত্রিক কাজের বিরুদ্ধে জোরালো অভিযোগ এনেছেন। যেখানে বিরোধী দলের প্রার্থী জিতেছেন, সেখানে শাসক দলের তথা গরিষ্ঠ শাসক দল ও পুলিশ যৌথভাবে জয়ী প্রার্থীদের উপর নির্মম অত্যাচার চালিয়েছে। ব্যাপক সন্ত্রাসের ফলে বহু মানুষ ঘরছাড়া হয়ে পড়েছেন। অবিলম্বে এই সন্ত্রাস বন্ধ করে এবং দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করে শাস্তি দেবার দাবি জানাই।

(গোলমাল)

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received three notices of calling Attention on the following subjects, namely :

	Subject	*Name*
(i)	Steps taken by the State Government regarding recent death of children and men in several districts including Murshidabad and Birbhum from Unknown disease and Kala-ajar	: Shri Tapan Hore
(ii)	Alleged withdrawal of Higher Secondary course from A. M. College	: Shri Nepal Mahato
(iii)	Reported death of children in Murshidabad from unknown disease	: Shri Asit Mitra and Shri Abdul Mannan

I have selected the notice of as the subject matters are same, I have selected the notice of Shri Tapan Hore, Shri Asit Mitra and Shri Abdul Mannan on the subject of steps taken by the state Government regarding recent death of children and men in several districts including Murshidabad and Birbhum from unknown disease and Kala-ajar.

The Minister in charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 9th July.

MESSAGE UNDER RULE 181

Principal Secretary : I beg to report that a message under rule 181 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly has been received from the Rajya Sabha Secretariat for ratification of the amendments to the Constitution of India falling within the purview of Clause (c) of the proviso to

Clause (2) of article 368 proposed to be made by the Constitutions (Ninety-fifth Amendment) Bill, 2003 as passed by both the Houses of Parliament.

শ্রী আবদুল মান্নান : স্যার, আমাদেরকে এই ব্যাপারে বলার সুযোগ দিন। মাননীয় মুখ্যমন্ত্রীকেও থাকার জন্য বলেছিলাম, কিন্তু দুঃখের বিষয় মাননীয় মুখ্যমন্ত্রী আজকে এখানে নেই। আমাদের মুলতবি প্রস্তাব তোলার জন্য অনুমতি দিয়েছেন, আপনি আমাদেরকে এই ব্যাপারে বলার সুযোগ দিন।

(গোলমাল)

আবদুল মান্নান : স্যার, আমাদেরকে এই ব্যাপারে বলার সুযোগ দিন। আপনি মুলতবি প্রস্তাব তোলার অনুমতি দিয়েছেন, আলোচনা করতে দিন।

(গোলমাল)

আলোচনা করতে দিচ্ছেন না, তাই আমরা এর প্রতিবাদে ওয়াক আউট করছি।

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ ওয়াক আউট করেন)

MENTION CASES

[12.10—12.20 p.m.]

শ্রী রামপদ সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম মেদিনীপুর জেলার ময়না থেকে মেদিনীপুর বাস রুটটি মুন্নাবাড়ি থেকে ময়না, এই রাস্তাটি অত্যন্ত বিপজ্জনক হয়ে পড়েছে। রাস্তার বহু জায়গায় অসংখ্য গর্ত হয়েছে, বহু জায়গায় নানানভাবে ক্ষয়ক্ষতি হয়েছে। ফলে ওই রাস্তা দিয়ে বাস চলাচলের মতো পরিস্থিতি আর নেই। যে কোনো মুহূর্তে সেখানে দুর্ঘটনা ঘটতে পারে। বাস যাত্রীরা বাসে দুলতে দুলতে আতঙ্কিত অবস্থায় যাতায়াত করছে। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি অবিলম্বে অবস্থার উন্নতি হওয়া দরকার, তা না হলে আগামী দিনে আরও বিপজ্জনক পরিস্থিতি তৈরি হবে এবং বহু মানুষের প্রাণহানি ঘটবে।

শ্রী নেপাল মাহাতো : (নট কলড্)

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র হচ্ছে জামালপুর। সেখানে দুটি গুরুত্বপূর্ণ রাস্তা আছে, একটি হচ্ছে—মেমারী-তারকেশ্বর-চকদীঘি রোড ভায়া জামালপুর এবং আর একটি হচ্ছে জৌগ্রাম-জামালপুর, সেটা সাহাপুর-পর্বতপুরের মধ্যে দিয়ে গেছে। এই দুটি রাস্তায় ভয়ঙ্করভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। দামোদর থেকে প্রতিদিন হাজার হাজার ট্রাক বালি তোলা হচ্ছে এবং সেগুলো হরেকৃষ্ণ সেতুর উপর দিয়ে যাচ্ছে। এই সেতু হওয়ার ফলে ওখানে গাড়ির সংখ্যা বেড়েছে, কিন্তু রাস্তার অবস্থা দিন দিন

খারাপ হয়ে যাচ্ছে। আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, এই দুটি রাস্তা যাতে অবিলম্বে মেরামতি করা হয় সেটা আপনি দেখবেন। কারণ ওখান দিয়ে হাজার হাজার ট্রাক এবং বাস ঝুঁকি নিয়ে চলাচল করছে।

শ্রী আব্দুল মান্নান : (নট কলড্)

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং ওয়াটার ইনভেস্টিগেশান ডেভলপমেন্ট মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি। একটা সময় বীরভূম জেলার নলহাটির একটা গ্রামে ফ্লোরাইডে আক্রান্ত হওয়ার ঘটনা ঘটেছিল এবং সেখানকার বৃদ্ধ, শিশু এবং সাধারণ মানুষ সেই রোগে আক্রান্ত হয়েছিল এবং সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছিল। সম্প্রতি আবার রামপুরহাট এবং সাঁইথিয়া অঞ্চলে ফ্লোরাইডে আক্রান্ত হওয়ার ঘটনা ঘটেছে এবং বহু সাধারণ মানুষ, গরিব মানুষ, সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব মানুষ এই রোগে ভয়ঙ্করভাবে আক্রান্ত হচ্ছে। এই রোগগ্রস্ত হওয়ার ফলে কেউ কুঁজো হয়ে যাচ্ছে, কেউ হাঁটতে পারছে না, কেউ হাত তুলতে পারছে না। আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যে সমস্ত টিউবওয়েলগুলো থেকে এই ফ্লোরাইড যুক্ত পানীয় জল বেরোচ্ছে সেগুলো অবিলম্বে সীল করে দেওয়ার ব্যবস্থা করা হোক এবং সেখানকার মানুষ যাতে পরিশ্রুত পানীয় জল পেতে পারে তার ব্যবস্থা করা হোক। তাছাড়া রোগাক্রান্ত মানুষদের পূর্ণ চিকিৎসার জন্য রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Shanta Chhetri : Hon'ble Speaker, Sir I would like to draw the kind attention of the Hon'ble Chief Minister and Hon'ble Relief Minister. Sir, every monsoon brings suffering in the hills due to widespread landslides. This year too there have been major landslides and mudslides in different parts of Darjeeling hills causing untold damage, loss of property and lives. But since the last three years, we have received no allocation from the Natural Calamity Fund. I, therefore request the Hon'ble Minister concerned to kindly release the fund from the Natural Calamity Fund and cash G.R. for the Darjeeling Hill people.

Thank you, Sir.

Shri Asit Mitra : (Not Called)

শ্রী ভক্তরাম পান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের ডানকুনি-পালসিট ৬৩ কিলোমিটার রাস্তায় গত ৫ বছর ধরে এন.এইচ.এ.আই. টোল ট্যাক্স বসিয়েছিল। গত পয়লা জুলাই মধ্যরাত থেকে কোনো আলোচনা ছাড়াই সেই টোল আদায় তুলে নিয়েছে। এর ফলে সেখানকার ১৭৮ জন কর্মচারী ভয়ানক বিপদের মধ্যে পড়েছে। কর্মচারীদের ১১ লক্ষ টাকা প্রভিডেন্ড ফান্ডও মালিকদের হাতে। এর ফলে কর্মচারীদের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ দেখা দিয়েছে। রাজ্য সরকার, এন.এইচ.এ.আই. কর্তৃপক্ষ এবং ইউনিয়ন এক সঙ্গে বসে এই সমস্যার সমাধান যাতে হয় সেই জন্য রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় স্পিকার স্যার, আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম প্রধানত কৃষি প্রধান এবং প্রধানত একমাত্র আমন ধানের চাষের উপর নির্ভর করে সেখানকার কৃষককূল। সেখানে প্রচুর জল থাকা সত্ত্বেও মাটির নিচের জল লবণাক্ত হওয়ায় বিকল্প চাষের সুযোগও তাদের নেই। আবার যখন ঝড়, ঝাঞ্ঝা জলোচ্ছ্বাস ওঠে, তখন হলদি নদীর জল প্রবল বেগে তালপট্টি খালের মধ্যে দিয়ে প্রবাহিত হয়। সেই বিপুল জলরাশিতে কৃষক এবং কৃষির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। তাই আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, তালপটি খালের উপর অবিলম্বে স্লুইস গেট নির্মাণ করে সেখানকার কৃষক এবং কৃষির ক্ষয়ক্ষতি রোধ করুন।

LAYING OF RULES

Amendments to the West Bengal Wakf Rules, 2001

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission I beg to lay the Amendments to the West Bengal Wakf Rules, 2001, published in the Kolkata Gazette Extraordinary of the 1st January, 2003 under Notification No. 8-MW, dated 1st January, 2003

The West Bengal Motor Vehicles (Amendment) Rules. 2002

Shri Subhas Chakraborty : Sir, I beg to lay the West Bengal Motor Vehicles (Amendment) Rules, 2002 published in the Kolkata Gazette Extraordinary of the 20th February, 2003 under Notification No. 598-WT/6M-21/2002, dated the 20th February, 2003.

Amendments to the West Bengal Premises Tenancy Rules. 1999

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission I beg to lay the Amendments to the West Bengal Premises Tenancy Rules, 1999 published in the Kolkata Gazette Extraordinary of the 13th June, 2003 under Notification No. 1585-L.R./I.C.-01/2003, dated the 13th June, 2003

LAYING OF REPORT

Annual Report of the West Bengal Infrastructure Development Finance Corporation Limited for the year 1998-99

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to lay the Annual Report of the West Bengal Infrastructure Development Finance Corporation Limited for the year 1998-99.

[12.20—12.30 p.m.]

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the Third Report of the Standing Committee on Labour (2002-2003)

Shri Jagadish Chandra Das : Sir, I bet to present the Third Report of the Standing Committee on Labour (2002-2003) on Pre-voting Budget Scrutiny for the year 2003-2004.

First Report of the Standing Committee on Panchayat and Rural Development & Land and Land Reforms (2002-2003)

The Chairman (**Shri Sk. Jahangir Karim**) : Sir, I beg to present the First Report of the Standing Committee on Panchayat and Rural Development & Land and Land Reforms (2002-2003) on Pre-voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Panchayats and Rural Development & Land and Land Reforms Departments.

Sixth Report of the Standing Committee on Agriculture, Agriculture Marketing & Horticulture (2002-2003)

The Chairman (**Shri Md. Yakub**) : Sir, I beg to present the Sixth Report of the Standing Committee on Agriculture, Agriculture Marketing & Horticulture (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Agriculture, Agriculture Marketing & Horticulture Departments.

Third Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology (2002-2003)

The Chairman (**Shri Abu Ayes Mondal**) : Sir, I beg to present the Third Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology Departments.

Fifth Report of the Standing Committee on Irrigation and Waterways and Water Investigation and Development (2002-2003)

The Chairman (**Shri Tapan Hore**) : Sir, I beg to present the Fifth Report of the Standing Committee on Irrigation and Waterways and Water Investigation and Development (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Irrigation and Waterways and Water Investigation and Development Departments.

Third Report of the Standing Committee on Environment, Forests & Tourism (2002-2003)

The Chairman (**Shri MURSALIN MOLLA**) : Sir, I beg to present the Third Report of the Standing Committee on Environment, Forests & Tourism (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Environment, Forests & Tourism Departments.

Third Report of the Standing Committee on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes (2002-2003)

Shri Khara Soren : Sir, with your permission. I beg to present the Third Report of the Standing Committee on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes Departments.

Third and Fourth Reports of the Standing Committee on Commerce & Industries and Industrial Reconstruction (2002-2003)

Shri Ashutosh Mukhopadhyay : Sir, with your permission, I beg to present the Third and Fourth Reports of the Standing Committee on Commerce & Industries and Industrial Reconstruction (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Industrial Reconstruction and Commerce & Industries Departments.

Third Report of the Standing Committee on Health & Family Welfare (2002-2003)

The Chairman (**Shri Monoranjan Patra**) : Sir, I beg to present the Third Report of the Standing Committee on Health & Family Welfare (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Health & Family Welfare Department.

Fourth Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation (2002-2003)

The Chairman (**Shri Subhas Goswami**) : Sir, I beg to present the Fourth Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation Departments.

Third Report of the Standing Committee on Urban Development and Municipal Affairs (2002-2003)

Shri Sudhanshu Seal : Sir, with your permission, I beg to present the Third Report of the Standing Committee on Urban Development and Municipal Affairs (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Urban Development and Municipal Affairs Departments.

Third Report of the Standing Committee on Cottage & Small Scale Industries, Co-operation and Animal Resources Development (2002-2003)

Shri Shyama Prasad Pal : Sir, with your permission, I beg to present the Third Report of the Standing Committee on Cottage & Small Scale Industries, Co-operation and Animal Resources Development (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Cottage & Small Scale Industries, Co-operation and Animal Resources Development Departments.

Third Report of the Standing Committee on Transport and Public Health Engineering (2002-2003)

Shri Ranjit Kundu : Sir, with your permission, I beg to present the Third Report of the Standing Committee on Transport and Public Health Engineering (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Transport and Public Health Engineering Departments.

Fifth Report of the Standing Committee on Housing and Public Works (2002-2003)

Dr. Asim Bala : Sir, with your permission, I beg to present the Fifth Report of the Standing Committee on Housing and Public Works (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Public Works Department.

Sixth Report of the Standing Committee on Housing and Public Works (2002-2003)

Dr. Asim Bala : Sir, with your permission, I beg to present the Sixth Report of the Standing Committee on Housing and Public Works (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Housing Department.

Third Report of the Standing Committee on Food and Supplies, Food Processing and Fisheries (2002-2003)

The Chairman (**Shri Subrata Bose**) Sir, I beg to present the Third Report of the Standing Committee on Food and Supplies, Food Processing and Fisheries (2002-2003) on Pre-Voting Budget Scrutiny for the year 2003-2004 relating to the Food and Supplies, Food Processing and Fisheries Departments.

Third Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services, (2002-2003)

The Chairman (**Shri Padmanidhi Dhar**) : Sir, I beg to present the Third Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services, 2002-2003 on Pre-Voting Budget Scrutiny, 2003-2004.

ZERO HOUR

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে আমার বক্তব্য তুলে ধরতে অনুরোধ করছি। স্যার, আমেরিকার সাম্রাজ্যবাদী শক্তির ইরাক আগ্রাসনের ঘটনা সর্বজনবিদিত। এটা ঠিক যে আমেরিকার সাম্রাজ্যবাদী শক্তি তাদের সমূহ মারণাস্ত্র প্রয়োগ করে ইরাক দখল করলেও ইরাকের মানুষের মন জয় করতে তারা পারেনি। তাই প্রত্যুত্তরে ইরাকের মানুষ তাদের স্বাধীনতা রক্ষার জন্য চোরাগোপ্তাভাবে তাদের আক্রমণ শাণিত করে চলেছে।

[12.30—12.40 p.m.]

আমাদের ভারত সরকার দেরিতে হলেও এই যুদ্ধের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব গ্রহণ করেছে। ইত্যবসরে পেন্টাগন প্রশাসন ভারত সরকারের সঙ্গে কু-প্রক্রিয়ায় সামিল হয়েছে যাতে ভারতবর্ষ থেকে শান্তি সেনা পাঠানো যায়। আমি ওই কু-প্রক্রিয়ার বিরুদ্ধাচারণ করছি এবং ভারতবর্ষ থেকে যাতে শান্তি সেনা না যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি।

Srimati Shanta Chhetri : Hon'ble Speaker, Sir, through you I would like to draw kind attention to the Hon'ble Health Minister.

Sir, the Public Service Commission held a written examination for 200 vacant posts for Compounder and Dressers in Homoeopathy throughout West Bengal. Around 900 cancidates had applied through employment exchanges. Three hundred fifty candidates passed in the written examination. In the VIVA 62 candidates were screened.

But only 57 posts were approved by the Finance Department Vide File No. HF/0/AVH/3S 24/2001.

In Darjeeling 20 such posts have been lying vacant for the last 10 years. These posts must be filled up immediately for the convenience of the general public for which I request the Hon'ble Finance Minister. Thank you, Sir.

শ্রী মোরসালিন মোল্লা : গার্ডেনরিচ এবং পাহাড়পুর এলাকার ১৫ নম্বর মিউনিসিপ্যাল কর্পোরেশন বরোর ৬টা ওয়ার্ডের সমস্ত নিকাশি জল এবং ওখানে একটা স্লটার হাউস আছে, তারও সমস্ত দূষিত পদার্থ আমাদের মহেশতলা পুরসভার ১০টা ওয়ার্ডের উপর এসে পড়ছে। তার ফলে এই বর্ষায় ৬টা মিউনিসিপ্যাল কর্পোরেশনের নিকাশি জল মহেশতলার ১০টা ওয়ার্ডের মানুষদের জলমগ্ন করে রেখেছে। আমি সি.এম.ডি.এ. এবং অর্থমন্ত্রী মহাশয় উভয়ের দৃষ্টি আকর্ষণ করছি দুটো কারণে। কলকাতা কর্পোরেশন তার ড্রেনেজ ব্যবস্থা ঠিক না করায় পার্শ্ববর্তী এলাকার জল মহেশতলা পুর অঞ্চলের মধ্যে এসে পড়ছে এবং এর ফলে আড়াই লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি কলকাতা কর্পোরেশন এবং কে.এম.ডি.এ. মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমাদের দুটো জল প্রকল্প তৈরি হয়েছে এবং তার জন্য দুটো পুর অঞ্চল, বজবজ ও বেহালায় জল সরবরাহ হচ্ছে। তার জন্য সরকারকে অভিনন্দন। সাড়ে ৩ কোটি টাকায় দুটো গ্রীড না হওয়ার জন্য মহেশতলা এলাকার মানুষ পানীয় জল পাচ্ছে না। একদিকে আমরা পরিশ্রুত পানীয় জল পাচ্ছি না আবার দূষিত জল ঢুকিয়ে দেওয়া হচ্ছে। অর্থাৎ অমৃত থেকে বঞ্চিত হচ্ছি আবার গরল পান করতে হচ্ছে। এই অবস্থা থেকে যাতে আমাদের রেহাই দেওয়া যায় তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। একটা নির্লজ্জ তাবেদারী আমরা লক্ষ করছি। ভারত সরকার মার্কিন সাম্রাজ্যবাদের প্রতি নির্লজ্জ তাঁবেদারি দেখিয়ে চলেছে। সম্প্রতি আমাদের প্রধানমন্ত্রী মহাশয় মার্কিন যুক্তরাষ্ট্রে গিয়েছিলেন এবং সেখানে ঠিক হয়েছে যে, ইরাকে সেনা পাঠানোর ক্ষেত্রে ভারতকে ভূমিকা নিতে হবে এবং তার বিনিময়ে তারা কিছু সাহায্য করবে। এদিকে আবার দেখা যাচ্ছে, বি.জে.পি. সভাপতি যখন মন্ত্রী ছিলেন তখন অন্ধ্রপ্রদেশে গ্রামীণ সড়ক যোজনায় যেখানে ৯০ কোটি টাকা দেওয়ার কথা সেখানে ৩০০ কোটি টাকা মঞ্জুর করেছেন। এবং বড় বড় কন্ট্রাক্টরদের বহু টাকা পাইয়ে দেওয়ার ব্যবস্থা করেছেন। এই রকম একটা দুর্নীতিগ্রস্ত সরকার, যারা হিন্দুত্বের নামে জনপ্রিয়তার জায়গায় পৌঁছেছিলেন কিন্তু এখন তাদের সেই জনপ্রিয়তা তলানিতে এসে পৌঁছেছে। তারা যে ইরাকে ভারতীয় শান্তি সেনা পাঠানোর চেষ্টা করছেন তা যে কোনো মূল্যে বন্ধ করতে হবে। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, একটা ভয়ানক প্রতিবাদ এক্ষেত্রে আমাদের পক্ষ থেকে আসা দরকার। ধন্যবাদ।

শ্রী পদ্মনিধি ধর : স্যার, আজকের খবরের কাগজে দেখলাম, কলকাতার মেয়র সংস্কৃতি সম্পর্কে একটা অনধিকার চর্চা করলেন। বিশ্বরূপা থিয়েটার পুড়ে গিয়েছিল, তার ভিত্তিপ্রস্তর স্থাপন করতে গিয়ে—চল্লিশের দশক থেকে যে গ্রুপ থিয়েটারগুলো বিশেষ করে গণনাট্য সংঘের পরে লিট্‌ল থিয়েটার গ্রুপ বা অন্যান্য গ্রুপগুলো পশ্চিমবঙ্গের নাট্য সংস্কৃতির ক্ষেত্রে যে হিমালয়ের মতো সুউচ্চ একটা সংস্কৃতি প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে—তাকে অত্যন্ত নিম্নমানের নিম্নরুচির কথাবার্তা বলেছেন—এগুলো নাকি বিদেশের অনুকরণে করা এবং এই সমস্ত গ্রুপ থিয়েটারের নাটকগুলো নাকি বিদেশের অনুকরণে, এগুলো নাকি আধুনিক কবিতার মতো দুর্বোধ্য। সেখানে আমরা দেখলাম, বিভাস চক্রবর্তী, রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, কৌশিক সেনের মতো বিদগ্ধ নাট্যব্যক্তিত্বরা এর তীব্র সমালোচনা করেছেন। আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভার একজন সদস্য যিনি কলকাতার মেয়র, যেখানে চিত্তরঞ্জন দাশের মতো মানুষ মেয়র ছিলেন, সেই জায়গায়, সেই শহরে এই কন্ডিশন।

মিঃ স্পিকার : আমাদের প্রথা আছে কোনো সদস্যের বিরুদ্ধে বলতে গেলে তাকে আগে নোটিশ দিতে হবে। আপনি মেয়রের কথা বলছেন। আপনি কি তাঁকে নোটিশ দিয়েছেন ?

শ্রী পদ্মনিধি ধর : উনি অনুপস্থিত।

মিঃ স্পিকার : আপনাকে নোটিশ দিতে হবে।

শ্রী পদ্মনিধি ধর : আমি ওঁনার নাম বলিনি। আমি মেয়র বলছি।

মিঃ স্পিকার : ওভাবে হয় না, ওভাবে বলা যাবে না, নিয়ম নেই। বলতে পারবেন না, হবে না, বলতে দেব না। নট অ্যালাউড।

শ্রী পংকজ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বনগাঁ মহকুমায় প্রধানত দুটো নদী আছে—ইছামতী নদী এবং যমুনা নদী। এই নদী দুটোর অবস্থা খুবই সঙ্গিণ। কারণ এই দুটো নদী কচুরিপানায় ভর্তি রয়েছে। বর্ষা শুরু হয়েছে, বিভিন্ন জায়গায়, বিভিন্নভাবে অবস্ট্রাকশন তৈরি করা হচ্ছে। বর্ষা এলে মানুষের মধ্যে একটা আতঙ্ক আসে। সেই আতঙ্কগুলো মানুষের মধ্যে ছড়িয়ে পড়ছে। সেই কারণে আমি মনে করি এই নদী দুটোর প্রাথমিক সংস্কারের কাজ এখনই করা দরকার। মানুষের মন থেকে সমস্ত ভয়ভীতি এখনই অপসারণ হওয়া দরকার। এই দাবি আপনার কাছে রাখছি।

শ্রী ইউনুস সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পঞ্চায়েত নির্বাচনের পর কংগ্রেস (আই) সংখ্যাগরিষ্ঠতার জন্য মুর্শিদাবাদ জেলার জেলা পরিষদ দখলের পর তারা বেশ কিছু গ্রাম বেছে নিয়েছে এবং এই সমস্ত এলাকায় তারা সন্ত্রাসের পরিবেশ তৈরি করেছে। খুব সামান্য কারণে মুর্শিদাবাদ জেলায় রাণীনগর ব্লকের রামনগর, আমিরাবাদ, মৃদাদপুর, মদনপুর, ভগবানগোলা এবং ডোমকলের কিছু অংশে যেখানে পানীয় জলের ব্যবস্থা আছে সেখানে সামান্য কারণে তারা ঝগড়া-ঝাঁটি শুরু করে এবং কংগ্রেসের

দুষ্কৃতীরা দলবল নিয়ে সেই গ্রামের উপর আক্রমণ করার চেষ্টা করছে। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে বলছি যে, মানুষ এর প্রতিবাদ করছে এবং প্রতিবাদ করতে গেলে আইনশৃঙ্খলায় বিঘ্ন ঘটবে। এই সমস্ত গ্রামগুলোতে কংগ্রেস (আই) একের পর এক কারণে, ছোট ছোট বিষয়ে তাদের সমাজবিরোধী শক্তি সেখানে পাঠিয়ে একটা সন্ত্রাস তৈরি করার চেষ্টা করছে এবং আক্রমণ করার চেষ্টা করছে।

[12.40—1.45 p.m. (including adjournment)]

পঞ্চায়েতের টিউবওয়েল সেখান থেকে সবাই জল পেতে পারে পঞ্চায়েতের নির্দেশে। সেই রকম জায়গায় তারা জেতার পর তাদের মেম্বার তৈরি হবার পর এই সমস্ত ছোট কারণে ঝগড়া বাঁধাবার চেষ্টা করছে। এগুলি অবিলম্বে দেখা দরকার। অবিলম্বে স্বরাষ্ট্রমন্ত্রীর এই বিষয়ে আরও নজর দেওয়া দরকার। এই দাবি আমি আপনার মাধ্যমে করছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের সেচ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয় উল্লেখ করতে চাই। জলপাইগুড়ি শহর কয়েকদিন ধরে জলমগ্ন হয়ে আছে। আমাদের জলপাইগুড়ি শহরের ২৫টি ওয়ার্ডের মধ্যে ১০টি ওয়ার্ড জলের নিচে। এখানে জলবদ্ধতা দীর্ঘদিনের একটি সমস্যা। গত ৩ বছর আগে এই সমস্যা চিহ্নিত করে তার সমাধানের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ থেকে ১ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। তার ড্রেনেজের কাজ করবার জন্য কিন্তু আমলাতান্ত্রিক জটিলতায় সেই কাজ এগোচ্ছে না। এখন যে ঠিকাদার কাজ পেয়েছে সে অনারারি টার্মিশান চাচ্ছে, কাজ না করে পালিয়ে যেতে চাইছে। বর্ষায় তাই এলাকার মানুষ আজ আতঙ্কিত। এখনই এই অবস্থা হলে এই বর্ষার শেষে জলপাইগুড়ি শহরের এই ১০টি ওয়ার্ড জলের নিচে চলে যাবে এবং এই নিয়ে সমস্ত জলপাইগুড়ি শহরের মানুষ আতঙ্কিত। করলা সংস্কার, গোদাধর সংস্কার প্রকল্প রূপায়িত না হলে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হবে এবং এই ক্ষেত্রে অর্থ বরাদ্দ বাড়ালেও এই কাজ কেন হচ্ছে না সেখানে সেচ দপ্তরের মাননীয় মন্ত্রী উদ্যোগ নিয়ে বিষয়টি দেখবেন এই আবেদন আমি জানাচ্ছি।

শ্রী তাপস চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মার্কিন সাম্রাজ্যবাদী চাপের কাছে নতিস্বীকার করে আমাদের দেশের সরকার ইরাকে সেনাবাহিনী পাঠানোর উদ্যোগ নিচ্ছেন—যা আমাদের দেশের জোট নিরপেক্ষ নীতির বিরোধী। কেন্দ্রের জোট সরকার সাম্রাজ্যবাদী চাপের কাছে নতিস্বীকার করে সাম্রাজ্যবাদী ঘেঁষা নীতি গ্রহণ করেছে। আমরা সকলেই জানি, মার্কিন সাম্রাজ্যবাদ যখন ইরাকে আক্রমণ করে তখন তাদের লক্ষ্য ছিল সাদ্দাম হোসেনকে সরানো এবং তেলের উপর দখলদারী নেওয়া এবং তার অনুসন্ধান। ইরাকের মানুষ মুক্তি পেতে তাদের ব্যাপকভাবে সমর্থন দেবে। ইরাকের মানুষ ইঙ্গ-মার্কিন সাম্রাজ্যবাদী সেনাদের মুক্তিদাতা হিসাবে ভাবছে না, দখলদার হিসাবে ভাবছেন। তাই তার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য ইতিমধ্যে ৬১ জন সেনা—সাম্রাজ্যবাদী সেনা মারা গেছে তারই সংঘাতে। তাই উন্নয়নশীল দেশগুলির সেনাবাহিনী মোতায়েন করে নিজেদের

সেনাবাহিনী রক্ষা করার পন্থা তারা খুঁজছেন আর সেই জন্য প্রলোভন দেখিয়ে চাপ দিয়ে উন্নয়নশীল দেশগুলি থেকে সেনাবাহিনী পাঠানোর জন্য চেষ্টা করছেন। ইরাকের সঙ্গে ভারতবর্ষের দীর্ঘদিনের সুসম্পর্ক। বহু ঘটনায় আমাদের সেই সুসম্পর্ক নষ্ট হয়নি। তাই স্বাভাবিকভাবে আমরা দাবি করছি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দৃষ্টি আকর্ষণ করছি সেনাবাহিনী না, ইরাকের ক্ষতস্থানে প্রলেপের জন্য সাহায্যের জন্য, ত্রাণ সাহায্যের ক্ষেত্রে উদ্যোগ নেওয়া হোক। এই দাবি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানোর জন্য আবেদন করছি।

(At this stage the House was adjourned till 1.45 p.m.)

[1.45—1.55 p.m. (after recess)]

LEGISLATION

The West Bengal Primary Education (Amendment) Bill, 2003

Shri Kanti Biswas : Sir, I beg to introduce the West Bengal Primary Education (Amendment) Bill, 2003.

(Secretary then read the Title of the Bill)

Shri Kanti Biswas : Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 2003 be taken into consideration.

Shri Asit Mitra : Absent.

(এই সময়ের প্রতিবেদন ইংরেজিতে দেখানো হল)

শ্রী গোবিন্দ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি "দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩"-কে সমর্থন করছি এবং সমর্থন করে দু-একটা কথা বলতে চাইছি। ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিলের উদ্দেশ্যে এবং লক্ষ্যে নির্দিষ্টভাবে বলা হয়েছে যে, জেলা প্রাথমিক বিদ্যালয় কাউন্সিলগুলিকে তাঁদের আয়-ব্যয়ের জন্য বাজেট বরাদ্দ রিপোর্ট জমা দিতে হবে। এটা আইনের অপরিহার্য অঙ্গ বলেই আমরা মনে করি।

আমাদের রাজ্যে প্রাথমিক শিক্ষা বিস্তারের যে উদ্যোগ রাজ্য সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে সে উদ্যোগকে সর্বাত্মকভাবে সফল করবার জন্য এই আইনের প্রয়োজনীয়তা আছে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অতীতে যে ব্যবস্থাগুলি ছিল সেগুলি সংশোধন করে ধাপে ধাপে রাজ্য সরকার প্রাথমিক শিক্ষার বিকাশ এবং প্রসারের যে সার্বিক উদ্যোগ গ্রহণ করেছে তাতে জেলা প্রাথমিক বিদ্যালয় কাউন্সিলগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। গণতান্ত্রিক পদ্ধতিতে গণতান্ত্রিক কাঠামোর মধ্যেই সেই প্রাথমিক বিদ্যালয় কাউন্সিলগুলিকে গঠন করা হয়েছে। এবারে তার পরিচালনার জন্য সুনির্দিষ্টভাবে অ্যামেন্ডমেন্ট বিলে যে প্রস্তাব রাখা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং আশা করি,

এই বিলের লক্ষ্য এবং উদ্দেশ্য বিবেচনা করে সকলে সর্বসম্মতভাবে তা সমর্থন করবেন। প্রাসঙ্গিকভাবে একটি কথা উল্লেখ করতে চাই যে, আমাদের এই অ্যামেন্ডমেন্ট বিল আনবার যে কারণ দেখানো হয়েছে, প্রথম যখন আমাদের এই বিল তৈরি করা হয়েছিল যেটা আইনে রূপান্তরিত হয়েছে তখন একটু সজাগ থাকলে, একটু দূরদর্শিতা নিয়ে চিন্তা-ভাবনা করলে এই অ্যামেন্ডমেন্ট আনতে হতো না। তাই বলছি, ভবিষ্যতে এই আইন প্রণয়নের ক্ষেত্রে নিশ্চয়ই সুদূরপ্রসারী চিন্তা-ভাবনা বিলের খসড়া প্রস্তুত করতে কর্তৃপক্ষ উদ্যোগী হবেন এবং আমাদের আশা, এই বিল অনুমোদনের মধ্য দিয়ে আগামীদিনে প্রাথমিক শিক্ষা আমাদের রাজ্যে যে গতিতে বিস্তার লাভ করছে তার ফলশ্রুতি হবে, ফলবতী হবে এবং সারা রাজ্যে শিক্ষার বিস্তারে এই আইন কার্যকরী করার মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় পর্ষদ-এর কার্যকরী ভূমিকা দেখতে পাবো। প্রাথমিক শিক্ষা হচ্ছে শিক্ষা বিস্তারের প্রাথমিক ভিত, তাকে সুচারুরূপে পরিচালনা করতে এই আইন সহায়ক ভূমিকা নেবে। তাই এই বিলটিকে আবার আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন ১৯৭৩-এর ৬৯ ধারার ১ উপধারায় বলা ছিল যে, ১ নভেম্বর মাসের মধ্যে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ তার পরের আর্থিক বছরের ব্যয়ের পরিমাণ কী হবে সেই সম্পর্কে বিদ্যালয় শিক্ষা বিভাগের কাছে জানাবে যাতে বিদ্যালয় শিক্ষা বিভাগ সেই অর্থ পরবর্তী আর্থিক বছরের ব্যয়-বরাদ্দের মধ্যে রাখতে পারে। কিন্তু অভিজ্ঞতায় দেখা যাচ্ছে, নভেম্বর মাসে যদি রাজ্যের প্রাথমিক শিক্ষা পর্ষদের কাছ থেকে সম্ভাব্য ব্যয়ের হিসাব পাওয়া যায় তাহলে বিদ্যালয় শিক্ষা বিভাগকে তার হিসাব-নিকাশ করে অর্থ দপ্তরের কাছে পাঠাতে বিলম্ব হয়। সামগ্রিক রাজ্য বাজেট তৈরি করতে রাজ্য শিক্ষা দপ্তরের এই উপলব্ধি হয়েছে। প্রথম যখন আইন পাশ হয় তখন এটা আমাদের হিসাবের মধ্যে ছিল না যে ১লা আগস্টের মধ্যে না দিলে অসুবিধা হতে পারে, অর্থ দপ্তরের কাছে পাঠাতে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অসুবিধা হবে—এই অভিজ্ঞতা ছিল না। পরবর্তী বছরের আয়-ব্যয়ের হিসাব নিরূপণ করা বিদ্যালয় শিক্ষা দপ্তরের যথেষ্ট সময় থাকে না এবং অর্থ দপ্তরের হাতেও যথেষ্ট সময় থাকে না। সেজন্য ছোট একটা সংশোধনী এনেছি যাতে ১লা নভেম্বর নয়, ১লা আগস্ট রাজ্যের প্রাথমিক শিক্ষা পর্ষদ পরবর্তী বছরের সম্ভাব্য ব্যয়ের হিসাবের একটা খতিয়ান বিদ্যালয় শিক্ষা বিভাগের কাছে দিতে পারে যাতে বিদ্যালয় শিক্ষা বিভাগ অন্যান্য খরচের সঙ্গে সঙ্গতি রেখে অর্থ বিভাগের কাছে পরবর্তী আর্থিক বছরের ব্যয়-বরাদ্দ রাখার জন্য প্রস্তাব আকারে পাঠাতে পারে। মাননীয় সদস্য ঠিকই বলেছেন, শিক্ষা ক্ষেত্রে রাজ্য সরকারের যে সিদ্ধান্ত এবং ভূমিকা তা পশ্চিমবঙ্গে শিক্ষার উন্নতি লাভ করেছে, যথেষ্টভাবে প্রসারিত হয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছেও আমাদের এই অবদানের কথা স্বীকৃত, বিশ্বব্যাঙ্ক যে সমীক্ষা চালিয়েছেন তাতেও একথা স্বীকৃত। একাধিক সমস্যার মধ্যেও একথা প্রমাণিত যে আমরা এই ২৫ বছরের মধ্যে প্রাথমিক শিক্ষার অনেক উন্নতি করেছি। যতটা আমরা সম্প্রসারণ করতে পেরেছি প্রাথমিক শিক্ষাকে এবং প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ছাত্র-ছাত্রী যেভাবে বৃদ্ধি পেয়েছে তা ভারতবর্ষের আর অন্য কোনো রাজ্যে এমন কি কেরালাতেও এই পরিমাণ বৃদ্ধি পায়নি। অবশ্য শিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গে

সকল শিক্ষক পদ সেইভাবে সৃষ্টি করা সম্ভব হয়নি। পরিকাঠামো তৈরি করতে পারিনি। এই বিভাগের ব্যয়-বরাদ্দ সভায় যখন আলোচিত হবে তখন তার কারণ এবং কতখানি করতে পেরেছি সেগুলি মন্তব্য করবো। আজকে শুধু ছোট সংশোধনী বিধেয়ক আকারে উত্থাপন করছি। মাননীয় সদস্যরা সমর্থন করে আমাদের কাজকে সাবলীল করার চেষ্টা করবেন এই ছোট্ট কথা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.55—2.05 p.m.]

The motion of Shri Kanti Biswas that the West Bengal Primary Education (Amendment) Bill, 2003 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 & 2

The question that Clauses 1 & 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Kanti Biswas : Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 2003 as settled in the Assembly, be passed

The motion of Shri Kanti Biswas that the West Bengal Primary Education (Amendment) Bill, 2003 as settled in the Assembly, be passed,

was then put and agreed to.

The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2003

Shri Subhas Chakraborti : Sir, I beg to introduce the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2003.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : There are motions for circulation of the Bill by Shri Abdul Mannan, Shri Atish Chandra Sinha and Shri Asit Mitra. I now call upon Shri Abdul Mannan to move his motion.

(Pause)

I find that Shri Mannan is not present in the House. So, the motion is not moved.

I now call upon Shri Atish Chandra Sinha to move his motion.

(Pause)

I find that Shri Sinha is not present in the House. So, the motion is not moved.

I now call upon Shri Asit Mitra to move his motion.

(Pause)

I find that Shri Mitra is not present in the House. So, the motion is not moved.

Shri Subhas Chakraborti : Sir, I beg to move that the West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2003 be taken into consideration.

श्री लगन देव सिंह : माननीय स्पीकर सर, The West Bengal Additional Tax and One-time Tax and Motor Vehicles (Amendment) Bill, 2003 जो सदन के सामने पेश किया गया है इसमे कुछ भी नई बात नही है। इसके पहले इस बिल को 2000 साल में पेश किया गया था, इसी एक्ट मे कुछ सुधार के लिए पेश किया गया है। इसमे भी यही सारी बाते कही गई है। 1989 साल मे जो बिल इस सदन मे पेश किया गया था, इस एमेण्डमेन्ट में कुछ क्लोज को चेन्ज करने की आवश्यकता महसुस की गई जिससे टेक्स क्लेकसन मे सुधार हो। हमारे माननीय फिनान्स मिनिस्टर के पहल पर, जिससे कि लोगों को बार-बार भाग दौड करने की आवश्यकता नही पड़े और सरकार को अधिक एडिसनल टेक्स की आदायगी हो। असी के मद्दे नजर कुछ-कुछ विभागों में सुधार हो रहा है। और यही कारण है कि इस एमेन्डमेन्ट में वन टाइम टेक्स का प्राव्धानबाला बिल इस हाउस के अन्दर पेश किया गया है। आज जब हमारे माननीय वित्त मंत्री के पहल पर एडिसनल टेक्स और फ्लेट रेट लगया गया है। वन टाइम टेक्स का प्राव्धान होने से लोगो को सुविधा होगी। बार-बार डिपार्टमेन्ट का चक्कर लगाने की आवश्यकता नही होगी। जो नन-ट्रान्सपोर्ट व्हेक्लस है उनपर कारगर करने की बात नही की गई थी, जो इस बार एमेन्डमेन्ट के जरिये लाया गया है। ओमिनी बस बगैरह के बारे मे पहले विस्तार से नही बताया गया था, जिससे टेक्स क्लेकसन में असुविधा होती थी। एक बात और जो छूट गई थी, क्रेन के बारे मे, जो लोडिंग-अनलोडिंग के काम मे लगता है, उसका भी कोई जिक्र नही था उसको भी इसके दायरे में लाया गया है। बहुत सारे बाहन जो अछूते रह जाते थे उसे भी इसके दायरे मे लाया गया है।

अंत में मै कहना चाहता हूँ इसके अलावा भी बहुत सारी जगह है, जहां से टेक्स क्लेकसन किया जा सकता है आवश्यकता है टेक्स व्यवस्था ऐसी हो जिससे टेक्स पेयी जो है, ट्रान्सपोरटर को हैरानी का शिकार नही होना पड़े। सरकार द्वारा यह अच्छी पहल की गई है और टेक्स पेयी रोज-रोज के भाग दौड़ से बच सकेगें। वन-टाइम टेक्स का जो प्राव्धान है वह स्वागत योग्य है। विरोधी सदस्य सदन मे रहते तो अच्छा होता, अन्त मे इस बिल का समर्थन करते अपनी बात खतम करता हूँ।

শ্রী আবদুল মান্নান : অনুপস্থিত।

শ্রী খাড়া সোরেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ মোটরযানের উপর অতিরিক্ত কর এবং এককালীন কর (সংশোধন) বিধেয়ক, ২০০৩ বিধানসভায় উত্থাপিত হয়েছে আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলে বক্তব্য শেষ করছি। এই যে সংশোধনী আনা হয়েছে তাতে গোটা পশ্চিমবাংলার পরিবহন ব্যবস্থার মোটরযানের উপর। যখন এই এককালীন কর এবং অতিরিক্ত কর বসানো হবে তখন সাধারণ মানুষের উপর কিছু বাড়তি চাপ আসবে। আজকে যেভাবে সরকারের পক্ষ থেকে স্ল্যাব দেওয়া হয়েছে তাতে আগামী দিনে কিছু কমানো যায় কিনা তা ভাবার জন্য অনুরোধ জানাচ্ছি। কারণ কিছু কিছু ক্ষেত্রে দেখা যায় যানের উপর কর ধার্য করা হয়েছে সেটা জনগণের উপর বর্তেছে। বিভিন্ন সময় সাধারণ মানুষ যান ব্যবহার করে। সেইজন্য বাড়তি চাপ জনগণের উপর এসে পড়বে। সঙ্গে সঙ্গে এর থেকে বাড়তি যে আয় সরকারের হবে তার মাধ্যমে কিছু কাজ সরকারের পক্ষ থেকে করা সম্ভব হবে। আগামী দিনে সেটা সঠিক ব্যবহারের মধ্যে দিয়ে তার উন্নয়ন সাধন করা যেতে পারে। সে স্ল্যাবগুলি ধার্য করা হয়েছে সেটা সঠিকভাবে করার চেষ্টা করা হয়েছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিলটি যেভাবে আমি এখানে উপস্থিত করেছি, এর কোনো বিরোধিতা হয়নি। সদর্থকভাবে দু-জন বিধায়ক একে সমর্থন করে বক্তব্য রেখেছেন। সুতরাং এরপর আমার বক্তব্য দীর্ঘায়িত করা একটা ভারাক্রান্ত সৃষ্টি করার প্রয়াস হবে। আমি শুধু উল্লেখ করছি, এর প্রয়োজনীয়তা বা তাগিদ পরিবহনের ক্ষেত্রে দীর্ঘদিন ধরে অনুভূত হচ্ছিল। দপ্তরের ভেতরে এবং সরকারের ভেতরে বিভিন্ন পর্যায়ে আলাপ-আলোচনা শুরু হয়েছে যে এককালীন কর বসানোর দিকে সর্বক্ষেত্রে যাওয়া যায় কিনা। পরিবহন বিভাগ সুবিন্যস্তভাবে আলোচনা করে গাড়ির সঙ্গে যারা যুক্ত তাদের সুবিধার কথা প্রধানত মাথায় রেখে এই বিল হাউসে এনেছি। এটি অনুমোদিত হবে এই প্রত্যাশা নিয়ে গাড়ি সংশ্লিষ্ট আরও কতকগুলো বিষয় আমরা আলোচনা করছি। সেগুলো ধীরে ধীরে হবে। মূলত যাত্রী এবং যাঁরা ব্যবহার করেন, গাড়ির চালক, মালিক সব দিকের সমন্বয় রক্ষা করে ওয়ান টাইম ট্যাক্স বা এককালীন কর রাখার চেষ্টা করছি। সোরেন সাহেব যা বলেছেন, বেশি হবে, প্রধানত যাঁরা গাড়ি কেনেন তাঁদের আর্থিক ক্ষমতা বা যোগ্যতা বেশি আছে। দ্বিতীয়ত, যেভাবে আমরা রেখেছি, অ্যাডিশানাল ট্যাক্স, তার সঙ্গে এক হাজার টাকা করে ধরেছিলাম। তার পাঁচ গুণ পাঁচ বছরে। পাঁচ গুণ পাঁচ বছরে, তুলনামূলকভাবে দেখতে গেলে খুব বিচারসম্মতভাবে করা হয়েছে কম রাখার জন্য। কারণ যেভাবে প্রতিটি জিনিসের দাম বাড়ছে, সেই হিসাবে প্রতি বছর ট্যাক্স যা নিচ্ছি, পাঁচ বছর পরে আমরা সেই ট্যাক্সই নেব। এই রকম ধরে নিয়ে, তারপর একটা ছাড়ের ব্যবস্থাও থাকছে। স্বাভাবিকভাবে এটি যুক্তিসঙ্গত। এইদিক থেকে পুনর্মূল্যায়ন করে কমানো সম্ভব নয়। এটি কমের দিকেই রাখা হয়েছে। আমার

বক্তব্য দীর্ঘায়িত না করে আমার বক্তব্য শেষ করার আগে একটা কথা বলি, এখানে ছাঁটাই প্রস্তাব যেগুলো এসেছিল সেগুলো বিধিবদ্ধভাবে আসেনি। সেজন্য তা নিয়ে উল্লেখ করার প্রশ্ন নেই।

[2.05—2.15 p.m.]

The motion of Shri Subhas Chakraborty that the West Bengal Additional Tax and One Time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2003 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 & 4

The question that Clauses 1 & 4 do stand part of the Bill was then put and agreed to.

The Question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ মোটরযান অতিরিক্ত কর, এককালীন কর সংশোধন বিধেয়ক যেভাবে সভায় স্থিরীকৃত হয়েছিল সেইভাবে উত্তরণ বা পেশ করার জন্য সভায় পেশ করছি।

The motion was then put and agreed to.

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2003

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ (সংশোধন) বিধেয়ক, ২০০৩ এই সভায় আলোচনার জন্য আমি পেশ করছি।

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ (সংশোধন) বিধেয়ক, ২০০৩ এই সভায় আলোচনার জন্য গ্রহণ করা হোক।

শ্রী অসিত মিত্র : অনুপস্থিত।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী যে বিল এখানে এনেছেন—একটি সংখ্যার হেরফের নিয়ে এই বিলটি উপস্থাপন করা হয়েছে। আমি দেখতে পাচ্ছি ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের যে আইনটি বলবৎ আছে তার ৪ ধারায় ১৪ নং উপধারায় এবং (খ) অনুচ্ছেদে বলা ছিল যে, সর্বক্ষণ এবং স্থায়ী মাধ্যমিক শিক্ষকের ক্ষেত্রে প্রতিটি জেলার থেকে নিয়ে মোট ৩৪ জন শিক্ষককে মধ্যশিক্ষা পর্ষদের প্রতিনিধি করার জন্য রাখা হয়েছিল। কিন্তু বর্তমানে আমাদের মেদিনীপুর জেলাকে দুটি ভাগে ভাগ করার জন্য পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুর হয় এবং যার ফলে একটা জেলার সংখ্যা বৃদ্ধি হবার ফলে আমাদের মধ্যশিক্ষা পর্ষদে

একজন সদস্যকে বৃদ্ধি করার প্রয়োজন জেলার থেকে। তাই ৩৪-এর বদলে এই সংখ্যাটা ৩৫ করার জন্য মাননীয় মন্ত্রী এই সংশোধনী বিল এখানে উত্থাপন করেছেন। মাননীয় মন্ত্রী যে প্রস্তাবটি রেখেছেন তাতে পুরনো আইনে ৩৪ জন ছিল, তার জায়গায় ৩৫ জনের সংখ্যা যুক্ত হবে। এই সংশোধনী প্রস্তাবটিকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের আইন ১৯৬৩ সালের ৪ নং ধারার ১৪ নং উপধারার (৯) অনুচ্ছেদে বলা ছিল পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সদস্য সংখ্যা ৩৩ জন হবে। কিন্তু পরে উত্তর এবং দক্ষিণ দিনাজপুর এই দুটি জেলা পশ্চিম দিনাজপুরকে ভাগ করে করা হয়েছিল। তখন ১৯৯৮ সালে একটি সংশোধনী এই সভার অনুমতিক্রমে পেশ করেছিলাম যে, ৩৩ জনের জায়গায় ৩৪ জন করা হোক যাতে করে উভয় দিনাজপুর জেলার থেকে একজন সদস্য এখানে আসতে পারে।

[2.15—2.17 p.m.]

আবার এখানে যখন মেদিনীপুর জেলা বিভক্ত হয়ে পূর্ব এবং পশ্চিম মেদিনীপুর হয়েছে, উভয় মেদিনীপুর থেকে যাতে একজন সদস্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে আসতে পারেন তার জন্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ আইন অনুযায়ী ১৯৬৩ তার ৪ ধারা, ১৪ উপধারা (খ) অনুচ্ছেদে এই সংশোধনী এনেছি। যাতে আমাদের ৩৪-এর জায়গায় ৩৫ জন সদস্য হতে পারেন, যাতে উভয় মেদিনীপুর থেকে একজন করে সদস্য এই পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে আসতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গোটা দেশের মধ্যে একমাত্র রাজ্য পশ্চিমবাংলা, যেখানে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের উপর মাধ্যমিক শিক্ষার যাবতীয় দায়িত্ব এই স্বশাসিত সংস্থার উপরে অর্পিত করা আছে। এবং গণতান্ত্রিক পদ্ধতিতে এই সংস্থায় নির্বাচন হয়। ভারতবর্ষে দ্বিতীয় কোনো রাজ্য নেই যেখানে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের মতো কোনো মধ্যশিক্ষা পর্ষদের উপর শিক্ষার ব্যাপারে দায়িত্ব সেখানে অর্পিত করা আছে—এতখানিই দায়িত্ব যে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হয় ; সেখানে শিক্ষায় গণতন্ত্রীকরণ এবং শিক্ষায়—শিক্ষা সংস্কৃতির উপর স্বাধিকার আরোপিত হয়। যেটা অন্য কোনো রাজ্যে হয় না। এর ফলে একটা অনন্যসাধারণ দৃষ্টান্ত স্থাপন হয়েছে। এইভাবে উভয় মেদিনীপুরের তাদের প্রতিনিধিত্বকে রাখার জন্য এই সংশোধনী এনেছি। আমি সভায় বিনীতভাবে নিবেদন করতে চাই, সর্বসম্মতিক্রমে যেন এটা গৃহীত হয়, ধন্যবাদ।

The motion of Shri Kanti Biswas that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2003 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 & 2 (No Amendments)

The question that Clauses 1 & 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Kanti Biswas : Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2003, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 2-17 p.m. till 11.00 a.m. on Thursday, the 3rd July, 2003 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 3rd July, 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 07 Ministers of State and 133 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(To which oral answers were given)

পথ দুর্ঘটনায় মৃত ও আহতের সংখ্যা

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯) **শ্রী দেবপ্রসাদ সরকার** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১লা অক্টোবর, ২০০২ থেকে ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত সময়ে রাজ্যে পথদুর্ঘটনায় মৃত ও আহতের সংখ্যা কত ; এবং

(খ) পূর্ববর্তী বছরের উল্লিখিত চার মাসে এই সংখ্যা কত ছিল ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) ১,৬৫৫ জন মৃত, ৫,১০২ জন আহত।

(খ) মৃত ১,৭৩৬ জন, আহত ৪,৯৪৩ জন।

শ্রী দেবপ্রসাদ সরকার : সাপ্লিমেন্টারি, মাননীয় মন্ত্রী মহাশয়, গত চার মাসে পথদুর্ঘটনায় হতাহতের সংখ্যা যা বললেন সেটা বিরাট। তবে এর সঙ্গে গত চার মাসে কতগুলো পথদুর্ঘটনা হয়েছে সেটা বলে দিলে ভালো হত। আমার প্রশ্ন হচ্ছে, এই পথদুর্ঘটনার কারণগুলো রাজ্য সরকারের পক্ষ থেকে চিহ্নিত করা হয়েছে কিনা ? যদি চিহ্নিত করা হয়ে থাকে তাহলে সেগুলো কি কি এবং তার প্রতিকার এবং প্রতিবিধানের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই পথদুর্ঘটনার বিষয়টি খুবই উদ্বেগজনক সে বিষয়ে কোনো সন্দেহ নেই। আপনার যে কারণে প্রশ্ন করা, আমিও একমত সেই কারণে। সমস্যাটার যদি সামগ্রিক দিক থেকে বিচার করা হয়—আমি কলকাতা শহরের কথা বলতে পারি, তথ্যগুলো বলতে পারি, শহরে মানুষের বসতি, কোর সিটিতে ষাট লক্ষের উপর। এখানে গাড়ি চলাচল

করে নয় লক্ষের উপর, তার মধ্যে পঞ্চান্ন হাজার ট্রাক আসে কলকাতার বাইরে থেকে। এখানে রাস্তা এবং গাড়ির রেশিও তুলনা করে দেখা যাবে পথ খুব কম আমাদের। এইগুলোই হচ্ছে মূল কারণ। সেই কারণগুলো থেকে মুক্ত হওয়ার জন্য যে চেষ্টাগুলো হচ্ছে, কলকাতার চারপাশে ট্রাক টার্মিনাল তৈরি করা, যাতে ট্রাকগুলো কলকাতা শহরে না ঢোকে। দুটো ট্রাক টার্মিনাল হবে হাওড়ায়, তার মধ্যে একটার উদ্বোধন করে এসেছি আমি। ডানকুনিতে একটা করার পরিকল্পনা আছে, আর বিষ্ণুপুরের আমতলায় আর একটি হবে। অর্থাৎ ছয়-সাতটি ট্রাক টার্মিনাল আমাদের করতে হবে। আর কলকাতায় ট্রাফিক মুভমেন্টের যে দুর্বলতাগুলো আছে সেগুলো আমরা চিহ্নিত করেছি, দেখবেন তার কাজ শুরুও হয়েছে। কলকাতায় গাড়ি চলাচল আমাদের নিয়ন্ত্রিত করতে হবে। এর মানে হচ্ছে, একটা গাড়ি আর একটা গাড়িকে ওভারটেক করছে। বাস, মিনিবাস, এমনকি সরকারি বাসও ওভারটেক করছে। সরকারি বাস ওভারটেক করে না—এটা আমি বলতে পারব না। এটা একদম বন্ধ করতে হবে। দেখবেন, একটা বাস দাঁড়িয়ে আছে, তাকে ডিঙিয়ে আর একটা বাস রাস্তার মাঝামাঝি দাঁড়িয়ে গেল। এটা বন্ধ করতে হবে। রাস্তার ধারে যেখানে গাড়ি দাঁড়াবে, সেখানে একটা লাইন টেনে দিতে হবে—এখানে দাঁড়াবে, তার বাইরে নয়। প্রথমত, ড্রাইভারদের নিয়ন্ত্রণ করতে হবে এবং স্পটে শাস্তি দেওয়ার ব্যবস্থা করতে হবে। দ্বিতীয় হচ্ছে—পথচারীদেরও খানিকটা নিয়ন্ত্রণ করার প্রয়োজন আছে। আমরা রেলিং দিতে শুরু করেছি। রেলিংয়ের ভেতর দিয়ে, ফুটপাথ দিয়ে হাঁটতে হবে। আর হচ্ছে জেব্রা ক্রসিং এবং ট্রাফিক সিগন্যাল। যখন গাড়ি চলবে, তখন পথচারীরা রাস্তা ক্রস করবেন না, গাড়ি থামলেই ক্রস করবেন এবং জেব্রা ক্রসিং দিয়েই রাস্তা পার হতে হবে। এরপর ক্যাম্পেনও করা হচ্ছে—এইগুলো করবেন, এইগুলো করবেন না। এর জন্য একটা পরিকাঠামো দরকার। এটা সময়সাপেক্ষ এবং এর জন্য খরচও আছে। এই কারণে কিছু চেম্বারের সঙ্গেও কথা বলেছি—ট্রাফিক সিগন্যাল, ট্রাফিক কন্ট্রোলের জন্য কিছু খরচ দিতে তারা রাজি আছে। কয়েকটি মিটিং হয়েছে। শেষ মিটিং-এ ঠিক হয়েছে, ড্রাইভারদের ডুজ অ্যান্ড ডু নটস কি হবে, কি করতে পারবে বা পারবে না। এটা শুরু করতে হবে বি-বা-দী বাগের দুটো ওয়ার্ড থেকে, যেটাকে বিজনেস ডিস্ট্রিক্ট বলা হয়। এরপর কলকাতার অন্যান্য জায়গায় ছড়াবে। প্রাথমিক ব্যবস্থা নেওয়া হচ্ছে। সর্বস্তরের সাহায্য নিয়ে এটা করতে হবে। পথদুর্ঘটনার ঘটনা সত্যিই খুব দুঃখদায়ক।

শ্রী দেবপ্রসাদ সরকার : কলকাতার বাইরেও মফস্বলে ট্রাফিকের যথেষ্ট সমস্যা আছে। অটো, ভ্যান, ট্রেকার—এইগুলোর এমন অবস্থা যে, পথচারীদের হাঁটা-চলাই মুশকিল। মোড়গুলোতে ট্রাফিক পুলিশের সংখ্যাও কম। আমাদের জয়নগর স্টেশনের দুদিকে এমনভাবে এনক্রোচমেন্ট হয়েছে যে, স্টেশনে যেতে গেলে যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। দুজন হোমগার্ড সেখানে আছে, কিন্তু কিছু করতে পারছে না। ট্রাফিক পুলিশের ব্যবস্থা করতে হবে। জনসাধারণের সাহায্য ছাড়াই এই ব্যাপারে কিছু করা যায় কিনা, এই সম্বন্ধে কিছু ভাবছেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : অবশ্যই, কলকাতার বাইরেও ভাবতে হচ্ছে। এখন আসানসোল এবং শিলিগুড়ি শহরে কিছু ট্রাফিক পুলিশ পোস্ট তৈরি করেছি। সারা রাজ্যে, জেলা শহরের বাজার, স্টেশন—এসব জায়গায় চরম নৈরাজ্য এ ক্ষেত্রে। আমাদের লোক নেই। একটা হোমগার্ড কি করবে ? এখানে লোক বাড়ানো দরকার, তাদের ট্রেনিং দেওয়া দরকার। আর স্টেশন বা বাজারে, যেখানে অটো বা রিকশা দাঁড়াবে, সেটাকে খানিকটা নিয়ন্ত্রিত অবস্থার মধ্যে আনা চাই।

[11.10—11.20 a.m.]

তার জন্য আমাদের আই জি ট্রাফিক আছেন, তিনি মাঝে মাঝে পরিকল্পনা করেন। কিন্তু অনেকটাই আটকে যায় ওই নতুন রিক্রুটমেন্ট করার ক্ষেত্রে। সেই জন্য হোমগার্ডদের দিয়ে চালাতে হয়। তবে এটার সম্পর্কে ভাবনা-চিন্তা নেই যে তা নয়। কলকাতার আশেপাশে জেলাগুলির সমস্যা সমাধানের জন্য চিন্তা-ভাবনা করা হচ্ছে। তবে সবচেয়ে বড়ো বাধা হচ্ছে আর্থিক সমস্যা।

শ্রী দেবপ্রসাদ সরকার : পথদুর্ঘটনায় যারা হতাহত হয়, তাদের সরকার পক্ষ থেকে আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার কি ব্যবস্থা আছে ? যদি থাকে তাহলে তার পরিমাণ কি এবং পদ্ধতি কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : সাধারণভাবে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট রিপোর্ট দেন। পুলিশ রিপোর্ট দেন। ২৫ হাজার টাকা করে দিই। তার বেশি দিতে পারি না। এটাই হয়ে আছে।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন যে, কলকাতায় কর্তব্যরত যে ট্রাফিক পুলিশ থাকে, এই পথদুর্ঘটনায় তারাও পড়ছে। বিগত দু-এক বছরের কোনো পরিসংখ্যান কি আপনার কাছে আছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : না, আমার কাছে নির্দিষ্ট কোনো তথ্য নেই। আপনাকে আমি পরে জানিয়ে দেব। তবে আমার মনে আছে যে, গত এক বছরে লরি এসে ট্রাফিক কনস্টেবলকে চাপা দিয়েছে। দুর্ঘটনাতে পুলিশ কর্মী মারা গেছে। তবে ঠিক কোনদিন কবে মারা গেছেন, এটা এই মুহূর্তে আপনাকে জানাতে পারছি না।

শ্রী অজয় দে : স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে প্রশ্ন করছি—কলকাতা শহরে এর সংখ্যা বাড়ছে। মফস্বলেও এর সংখ্যা নিতান্তই কম নয়। আমার মনে হয় দুটো কারণে বাড়ছে। একটা হচ্ছে রাস্তার অবস্থা খুবই খারাপ। খানাখন্দ বাড়ছে। আর ট্রাফিক পুলিশের কিছু কিছু জায়গায় কোনো পোস্ট নেই। আমার প্রশ্ন হচ্ছে জয়েন্ট ভেনচারে আপনারা অনেক কিছু কাজ করছেন। হেল্‌থ-এর ক্ষেত্রে করছেন। আপনারা এন জি ও-দের দিয়ে ট্রাফিক কন্ট্রোল করছেন না কেন। আর একটা ব্যাপার হচ্ছে, কোনো

একটা দুর্ঘটনা ঘটলে শুধু পলিটিক্যাল পার্টির লোকরাই থাকেন না, স্থানীয় লোকজনরাও এলাকা অবরোধ করেন। এতে পথচারী দুর্ভোগে পড়েন। আমার প্রশ্ন এটা কি যুক্তিযুক্ত ? অবরোধ আইন করে বন্ধ করার কথা সরকার কোনো চিন্তা-ভাবনা করছেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনার দুটো প্রশ্ন। এন জি ও-দের একটা সংগঠন আছে। তাঁরা নিজেরাই স্বতঃস্ফূর্তভাবে ভলেনটারিলি ট্রাফিক কন্ট্রোল করেন। ডালহৌসি স্কোয়ারে দেখতে পাবেন খাঁকি পোশাকের পুলিশকে। অন্যান্য জায়গায় ট্রাফিক নিয়ন্ত্রণ কঠিন কাজ। এটা এন জি ও-দের দিয়ে করানো সুবিধা হবে না। কিছু কিছু জায়গায় তাঁরা স্বতঃস্ফূর্তভাবে পুলিশকে সাহায্য করেন। যেটা আপনি বললেন প্রাইভেট কোম্পানি—আমি নিশ্চয় ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে অর্থাৎ রাস্তায় রেলিং বসানো, রং করা, সিগন্যাল—এইসব ক্ষেত্রে তারা বলেছে তারা কিছু কাজ করতে পারে। এটা নিয়ে সি আই আই-এর সঙ্গেও কথা বলেছি। অন্যান্যদের সঙ্গেও কথা বলেছি। তাদের সঙ্গে যোগাযোগ আছে। তারা ফান্ডিং করবে। কিন্তু কর্মচারী নিয়োগ প্রাইভেট সেক্টর করতে পারবে না। ইনফ্রাস্ট্রাকচারের জন্য ফান্ডিং নিতে পারি। তারা নিজেদের নাম টাঙিয়ে দেবে অসুবিধা নেই। কিন্তু এন জি ও-দের ক্ষেত্রে চেষ্টা চলছে। কিছু কিছু শহরে কিছু ক্লাব তাঁরা করেন। কিন্তু সেটা তো কোনো স্থায়ী ব্যবস্থা হতে পারে না। কারণ এটা খুবই কঠিন কাজ। আর একটা যে প্রশ্ন আপনি করেছেন, দেখুন এর পিছনে একটা স্বতঃস্ফূর্ত আবেগ কাজ করে। চোখের সামনে একটা মৃতদেহ পড়ে আছে সেখানে এটা অস্বীকার করা যায় না। তবে রাস্তা অবরোধ করাটা নিশ্চয়ই যুক্তিযুক্ত নয়। এই তো কয়েক দিন আগে বাস ব্রেক ফেল করে ফুটপাথে উঠে গেল। কয়েক ঘন্টা রাস্তা অবরোধ করে রাখা হল। এর তো কোনো মানে হয় না। সেখানে যদি কোনো পার্টির নেতা বা চিন্তাশীল মানুষ থাকেন তাঁদের বোঝাতে হবে যে, আপনারা কেন রাস্তা অবরোধ করবেন, একজন তো গেছেন কিন্তু তার জন্য বাকি হাজার হাজার মানুষের দুর্ভোগ। রাস্তা অবরোধ করা উচিত নয়, এর জন্য তো আইন আছে, রাস্তায় বসে থাকলে আইন আছে, তাদের তুলে দেওয়া, তার জন্য লাঠি চার্জ করতে হয়, টিয়ার গ্যাস প্রয়োগ করতে হয়। সেটা তো শোভন নয়। রাজনৈতিক উদ্যোগ, সামাজিক উদ্যোগ নিতে হবে, যাতে এই ধরনের কাজ না হয়।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে, আজকে যে হাজার হাজার বেআইনি ট্রেকার, অটো চলছে তাদের কোনো রুট পারমিট নেই, অ্যাক্সিডেন্ট হলে কোনো বেনিফিট পায় না, এই বেআইনি অটো চলা বন্ধ করা যায় কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি সমস্ত জেলার খবরটা বলতে পারব না, তবে কলকাতা, নর্থ এবং সাউথ ২৪-পরগনার এই সমস্ত সমস্যার খবর আমার কাছে আসে যে, এরা রুট পারমিট ছাড়াই অটো চালাচ্ছে, কিন্তু লাইসেন্স নেই অটো চলছে এটা মনে হয় না। রুট পারমিট নেই, যেদিকে যাওয়ার কথা নয় সেদিকে যাচ্ছে এরকম আছে, এর জন্য মাঝে মাঝে পুলিশকে হস্তক্ষেপ করতে হয়, গ্রেপ্তার করতে হয়, অটো সিজ করতে হয়, কিন্তু এই ধরনের

কার্যকলাপ সম্পর্কে আমরা সচেতন, এটা আমরা করতে দেব না। যে রুটের পারমিট সেই রুটেই চলতে হবে। এইগুলো আমরা বন্ধ করব। আপনি উলুবেড়িয়ার কথা বললেন, সেই বিষয়ে আমি তাহলে খবর নেব।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মুখ্যমন্ত্রী কলকাতার পথদুর্ঘটনা সম্পর্কে অনেক তথ্য জানালেন এবং রাজ্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন সে কথাও বলছেন। সেগুলো বাদ দিয়েও আমাদের অভিজ্ঞতায় যেটা দেখা যাচ্ছে যে, হাইওয়েগুলো আছে বিশেষ করে পানাগড়, মোরগ্রাম, দুর্গাপুর এক্সপ্রেসওয়ে, আসানসোল, বোম্বে রোড এই রাস্তাগুলো ভালো হয়েছে, কিন্তু এখানে অ্যাক্সিডেন্ট বাড়ছে। বেশিরভাগ ক্ষেত্রে ওভারটেক করতে গিয়ে কলিশন হচ্ছে লরির ড্রাইভাররা রাফলি গাড়ি চালায়। আবার পিকনিক পিরিয়ডে দেখুন বহু অ্যাক্সিডেন্ট হচ্ছে। প্রায় প্রতিদিন আমাদের আতঙ্কের মধ্যে থাকতে হয়। গাড়িগুলো এত রাফ চালানো হয় এই সব জায়গাতে ট্রফিক পুলিশ দেওয়া সম্ভব না, গ্রামে এত মোড় আছে ট্রাফিক পুলিশ দেওয়া সম্ভব না, কিন্তু রাস্তার উপর দিয়ে এত রাফলি গাড়ি চালানো হচ্ছে, ওভারটেক হচ্ছে, মদ্যপ অবস্থায় ড্রাইভাররা গাড়ি চালাচ্ছে, যেটা গ্রেপ্তার হওয়ার পর ধরা পড়ে—এগুলো বন্ধ করার জন্য কি কোনো ব্যবস্থা নেওয়া যায় ?

[11.20—11.30 a.m.]

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনি যা বললেন তার সমস্তটাই ঠিক। আমাদের বড়ো বড়ো রাস্তাগুলিতে সংখ্যা হিসাব করলে যে দূরত্ব সেই তুলনায় কিছু জিপ দাঁড়িয়ে থাকে, যেটাকে টাইগার জিপ বলে। এটার সংখ্যা এত কম যে এত বড়ো রাস্তা নিয়ন্ত্রণ করা খুব কঠিন। যেমন দুর্গাপুর এক্সপ্রেসওয়ে, এত সুন্দর রাস্তা হল দুর্গাপুর, বর্ধমান তাড়াতাড়ি পৌঁছতে পারি, কিন্তু সেটাকে কন্ট্রোল করা যাচ্ছে না—দুটি পয়েন্টে, ডানকুনি এবং জিরাট এই জায়গাতে অ্যাক্সিডেন্ট হচ্ছে। সেখানে কি করে নিয়ন্ত্রণ করা যায়, স্টাফ দেওয়া যায় সেটা দেখছি। মূল ব্যাপার হচ্ছে, সারা রাজ্যে ন্যাশনাল হাইওয়ে এত যে সেটা কন্ট্রোল করার মতো, ম্যানিং করার মতো পুলিশের গাড়ি নেই, লোক নেই। যেটুকু আছে সেটা করা হয়। অ্যাক্সিডেন্টের পরে ছুটতে হয়। আর পিকনিকের ব্যাপারে যেটা বললেন—কয়েকটা বিশেষ বিশেষ দিনে যেমন পয়লা জানুয়ারি, খ্রিসমাস এই সব দিনগুলিতে বাড়তি পুলিশ থাকে আমাদের পরিচিত এলাকাগুলি যেমন দীঘা এবং অন্যান্য জায়গায়। কিন্তু সব সময় বাড়তি পুলিশ প্রতিদিন রাখা যায় না এটাই হচ্ছে সমস্যা।

শ্রী তপন হোড় : এই পথদুর্ঘটনা, মৃত্যু, এটা সারা ভারতবর্ষেই চলছে। আমাদের এখানেও দুর্ঘটনা হচ্ছে। এ ব্যাপারে জনসচেতনতা দরকার, তা না হলে এটা বন্ধ করা সম্ভব নয়। সে কলকাতাই বলুন আর মফস্বল শহরই বলুন এটা এত ইনডিসিপ্লিন দেখবেন যে মানুষ একটা রাস্তা থেকে আর একটা রাস্তা দৌড়ে চলে যাচ্ছে এবং তার জন্যও দুর্ঘটনা ঘটছে। এ ব্যাপারে সচেতনতার অভাব রয়েছে। এটা স্কুল লেভেলের পাঠ্যসূচিতে যদি ঢোকানো যায় এবং এই সচেতনতাকে আরও গভীরে নিয়ে যাবার ব্যাপারে কোনো পরিকল্পনা

আপনার আছে কিনা ? যেমন সিধু-কানু ডহরে আগে মিটিং-মিছিল হত, এখন সেটা তুলে রানী রাসমণি রোডে করে দিয়েছেন। এখন আবার শোনা যাচ্ছে এটা রানী রাসমণি রোড থেকে তুলে যানবাহন চলাচল আরও স্মুথ করার জন্য এটা ব্রিগেড এবং শহিদ মিনারকে ব্যবহার করার কথা বলছেন। এ ব্যাপারে রাজ্য সরকারের পরিষ্কার দৃষ্টিভঙ্গি কি যদি বলেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনি যেটা বলেছেন যে সচেতনতা তৈরি করার ব্যাপারে, আপনি দেখবেন একটা উইক পালন করা হয়—কিছু স্কুলের ছাত্র-ছাত্রীদের জোগাড় করা হয়, তারা মাইকে ঘোষণা করে। কিন্তু আমার অভিজ্ঞতা দিয়ে দেখেছি, এটা তেমন কার্যকরী হচ্ছে বলে আমার মনে হয় না। যেমন ধরুন গাড়ি চলছে কিন্তু একজন হঠাৎ করে লাফিয়ে রাস্তার এপার থেকে ওপারে চলে গেলেন। গাড়ি চলছে দেখেই তিনি লাফিয়ে পার হয়ে গিয়ে ওপারে গিয়ে আস্তে আস্তে হাঁটতে লাগলেন। এই লাফিয়ে পালিয়ে গিয়েই তার আনন্দ। সেই জন্য সচেতনতা বৃদ্ধির জন্যই উইক পালন করা হয়, ক্যাম্পেন করা হয়, লিফলেট-বুকলেট বিলি করা হয়। আপনি যেটা বলেছেন যে, স্কুল থেকে শেখানোর জন্য, মাননীয় পরিবহনমন্ত্রী আমার কাছে এ ব্যাপারে পাঠিয়েছেন, সেটা আমি দেখছি। তবে সচেতনতা তৈরি করা এটা একটা বড়ো ব্যাপার। কিন্তু তার আগে যদি পরিকাঠামো তৈরি না হয়, যদি জেব্রা ক্রসিং চিহ্নিত না হয়, সিগন্যালিং তৈরি না হয় তাহলে আমি কি বলব ? সেখানে তো বেপরোয়া হবেই। সেই জন্য সচেতনতার উপরে জোর দিয়েছি, ক্যাম্পেন করে মানুষকে বোঝানো হচ্ছে। আর দ্বিতীয় প্রশ্ন যেটা আপনি অন্যদিকে নিয়ে গেলেন—আমি বলতে চাইছি, কলকাতা বিজনেস ডিস্ট্রিক্টে যখন-তখন যেখানে পুলিশের পার্মিশান নেই সেখানে নিয়মিত অঘোষিত মিটিং ডেকে মিছিল করে অবরোধ করা এগুলিতে মানুষের ভীষণ ক্ষতি হয়। সবাই আমরা একমত ক্ষতি হয়। কিন্তু এই অপরাধ করি। আমরা সবাই করে চলেছি। আমি তো বলেছি, প্রতিবাদ, প্রতিরোধ গণতন্ত্রে থাকবে ; মিটিং-মিছিল ছাড়া গণতন্ত্র চলতে পারে না। কিন্তু কয়েকটা জায়গা নির্দিষ্ট করা দরকার যেখানে প্রতিবাদ হতে পারে। প্রতিবাদের জন্য সাধারণ মানুষ সাফার করবে—স্টেটসম্যান হাউসের সামনে বসে পড়ব, চৌরঙ্গীতে বসে পড়ব, মেট্রো সিনেমার সামনে ক্যাম্প খুলে দিলাম—এটা ঠিক নয়। সেটাই বলার চেষ্টা করেছি। তবে আমি সরকারি সিদ্ধান্তে আসিনি। আমি মতামতগুলো নেবার চেষ্টা করছি। এ ব্যাপারে রাজনৈতিক দল, সাধারণ মানুষ, সবাই মিলে একটা ঐকমত্যে আসতে চাইছি যাতে সরকার সিদ্ধান্ত নিতে পারে। সরকার তো একা সিদ্ধান্তে আসতে পারে না।

গঙ্গা অ্যাকশান প্ল্যান

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭) **শ্রী তপন হোড়** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০০-২০০১ আর্থিক বছর থেকে ৩১ জানুয়ারি, ২০০৩ পর্যন্ত গঙ্গা অ্যাকশান প্ল্যানে তেমন কোনো কাজ হয়নি বলে অভিযোগ রাজ্য সরকারের গোচরে এসেছে ;

(খ) সত্যি হলে, উক্ত অভিযোগগুলি কী কী ;

(গ) উক্ত আর্থিক বছরে গঙ্গা অ্যাকশান প্ল্যানে যথাক্রমে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(ঘ) উক্ত সময়ে কাজের মাধ্যমে কত টাকা ব্যয় করা হয়েছে ?

শ্রী অশোক ভট্টাচার্য :

(ক) সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ)

আর্থিক বছর	বরাদ্দকৃত অর্থ
২০০০-২০০১	১১.৫০ কোটি
২০০১-২০০২	১১.০০ কোটি
২০০২-২০০৩	১৬.৭০ কোটি
মোট	৩৯.২০ কোটি

(ঘ) ২২ কোটি ১৪ লক্ষ ৩৫ হাজার ৬৫৮ টাকা।

শ্রী তপন হোড় : আপনি এখানে জানুয়ারি পর্যন্ত অর্থের কথা বলেছেন। জানুয়ারির পর থেকে আজ পর্যন্ত কাজের আর কোনো অগ্রগতি হয়েছে কিনা বা আর কোনো কার্যসূচি আছে কিনা দয়া করে বলবেন ?

শ্রী অশোক ভট্টাচার্য : জানুয়ারির পরে আমাদের খরচটা আর একটু বেড়েছে। আগে এটা ২২ কোটি টাকা ছিল। এ ক্ষেত্রে ভারত সরকার ৩২ কোটি টাকা দিয়েছিল। আর, আমাদের রাজ্য সরকারের টাকা আছে ৭ কোটির কম-বেশি। ভারত সরকারের ৩২ কোটি টাকার মধ্যে ২৪ কোটি টাকা খরচ করি। জানুয়ারির আগে পর্যন্ত একটা প্রকল্প আমরা সমাপ্ত করেছি, একটা কম্পোন্যান্ট। এখন ৯টা কম্পোন্যান্টের কাজ শেষ হয়ে গেছে, বাকি কাজগুলো চলছে। আশা করছি আগামী ৬ মাসের মধ্যে আরো অনেকগুলো কাজ শেষ হয়ে যাবে।

শ্রী তপন হোড় : গঙ্গা অ্যাকশান প্ল্যানের বিষয়ে নানা কথা শোনা যাচ্ছে এবং এ ক্ষেত্রে অনেক বিরোধী কথাবার্তাও শোনা যাচ্ছে। অথচ, কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে, এই গঙ্গা অ্যাকশান প্ল্যান বাস্তবায়িত করার ক্ষেত্রে কিছু কিছু কথাবার্তা বা আলোচনা হয়েছে। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের কি কি আলোচনা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে কি কি অভিমত রেখেছেন ?

শ্রী অশোক ভট্টাচার্য : গঙ্গা অ্যাকশান প্ল্যানের প্রথম পর্যায়ের কাজ আমাদের খুব ভালো হয়েছিল। ১৮০ কোটি টাকা পেয়েছিলাম কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এবং সবটাই খরচ করেছি। ১৮০ কোটি টাকার কাজ আমাদের সবটাই শেষ হয়ে গেছে এবং যে সম্পদ

সৃষ্টি হয়েছে সেগুলো ভালোভাবে চলছে। আমাদের রাজ্য সারা ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য যেখানে গঙ্গা অ্যাকশান প্ল্যানের মধ্যে ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম সবচাইতে ভালোভাবে ব্যবহৃত হচ্ছে। দ্বিতীয় পর্যায়ে গঙ্গার পাড়ের ২২টা পুরসভাকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং একই সঙ্গে দামোদরের ৪টি পাড়কেও অন্তর্ভুক্ত করা হয়েছে। এই কাজের মাধ্যমে আমাদের আপাতদৃষ্টিতে মনে হতে পারে যে টাকা ভারত সরকার অনুমোদন দিয়েছেন খরচ করার ক্ষেত্রে তাতে আমরা পিছিয়ে ছিলাম। কিন্তু ভারত সরকারের কাছ থেকে যা পেয়েছিলাম এখনও পর্যন্ত তার অনেকটাই খরচ করতে পেরেছি।

[11.30—11.40 a.m.]

ভারত সরকারের বিভিন্ন সময় এবং কিছুদিন আগে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে দিল্লিতে যে মিটিং হয়েছিল, তার আগে একটা স্টিয়ারিং কমিটির মিটিং হয়েছে—এই সমস্ত মিটিং-এ পশ্চিমবঙ্গের কাজ সম্পর্কে তাঁরা খুবই সন্তোষ প্রকাশ করেছেন, তাঁরা খুবই স্যাটিসফায়েড। এই বিষয়ে বিভিন্ন সময়ে মিটিং-এর মিনিটস-এ উল্লেখ করা হয়েছে, সেগুলো আমার কাছে আছে। সেগুলো আপনি দেখতে চাইলে আমি আপনাকে দেখাতে পারি।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—গঙ্গা অ্যাকশান প্ল্যানের এই পুরো ব্যাপারটায় যত টাকা খরচা হয়েছে তাতে রাজ্য সরকারের কত টাকা আছে, কেন্দ্রীয় সরকারের কত টাকা আছে এবং বিদেশি কোনো অর্থ আপনারা পেয়েছেন কিনা ?

শ্রী অশোক ভট্টাচার্য : গঙ্গা অ্যাকশান প্ল্যানের প্রথম পর্যায়ের যে কাজ সেই কাজের সমস্তটা কেন্দ্রীয় সরকারের অনুদান। সেখানে একমাত্র অপারেশন মেইনটেনান্স প্রথম পর্যায়ে যেটা ছিল তার ৫০ পার্সেন্ট কেন্দ্রীয় সরকার দিত, আর বাকি ৫০ পার্সেন্ট রাজ্য সরকার দিয়ে আসছিল। সম্প্রতি কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, এখন থেকে অপারেশন মেইনটেনান্সের কোনো টাকা কেন্দ্রীয় সরকার দেবে না। দ্বিতীয় পর্যায়ে ক্যাপিটাল এক্সপেন্ডিচার—মূল যে কাজ তার ১০০ পার্সেন্ট কেন্দ্রীয় সরকারের অনুদান এবং অপারেশন মেইনটেনান্সের সমস্ত দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হচ্ছে। এছাড়া জমি অধিগ্রহণ করতে হবে—গঙ্গা-অ্যাকশান প্ল্যানে অনেকগুলো কম্পোনেন্ট আছে—সেগুলোর জন্য জমির প্রয়োজন। জমি অধিগ্রহণের যে খরচা সেটা রাজ্য সরকারকে বহন করতে হচ্ছে। এছাড়া টালিনালার ক্ষেত্রে ডিসিলট্রেশন-এর কাজের জন্য প্রাথমিকভাবে ৬ কোটি টাকা ধরা ছিল, কিন্তু এখন দেখা যাচ্ছে ১০ থেকে ১১ কোটি টাকা খরচ করতে হবে। এই সমস্ত টাকাটা রাজ্য সরকারকে বহন করতে হবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে শুধু মূলধনি টাকা ১০০ পার্সেন্ট অনুদান পাচ্ছি, কিন্তু অপারেশন মেইনটেনান্স, জমি অধিগ্রহণ এবং ডিসিলট্রেশন-এর কাজের জন্য যে খরচা হবে সেটা রাজ্য সরকারকে বহন করতে হবে। কোনো বিদেশি অনুদান পাচ্ছি না। কিন্তু কেন্দ্রীয় সরকার বিদেশি অনুদান পাচ্ছে কিনা সেটা জানি না।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন—আপনি বলেছেন যে, আমাদের রাজ্যে গঙ্গা অ্যাকশান প্ল্যানের দ্বিতীয় পর্যায়ে দামোদর নদের উভয় পাড়ে ৪টি শহর এবং ২৩টি পৌরসভা নিয়ে সুপারিশ করে আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন। আমি জানতে চাই, কতগুলো সুপারিশ পাঠানো হয়েছিল এবং তার মধ্যে কতগুলো সুপারিশের ক্ষেত্রে আর্থিক এবং প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে ? দামোদর নদের উভয় পাড়ের ৪টি শহরের কাজকর্মে কতটা অগ্রগতি হয়েছে ?

শ্রী অশোক ভট্টাচার্য : দামোদর নদের পাশে রানীগঞ্জ, আসানসোল, অন্ডাল এবং দুর্গাপুর—এই ৪টি পৌরসভাকে এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মধ্যে অনেকগুলো প্রকল্পে অনুমোদন দিয়েছে, বিশেষ করে লো কস্ট স্যানিটেশন—লো কস্ট ল্যাট্রিন যেটা, সেগুলোতে ওরা অনুমোদন দিয়েছে, এই কাজটা অনেকখানি আমরা করতে পেরেছি। এছাড়া কয়েকটা রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট, ক্রিমেটোরিয়াম এগুলোর প্রস্তাব আছে, কিন্তু অনুমোদন পাইনি। দামোদরের পাশে ওই কাজগুলো মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডায়রেক্টরেট করছে।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : অনেকদিন ধরে গঙ্গা অ্যাকশান প্ল্যান পশ্চিমবঙ্গে চালু আছে। এর প্রধান উদ্দেশ্য হল গঙ্গার পিউরিফিকেশন, গঙ্গার দূষিত জলে দূষণের পরিমাণ কমানো। আমি জানতে চাই গঙ্গা অ্যাকশান প্ল্যান চালু করবার আগে গঙ্গায় দূষণ কত ছিল এবং এত টাকা খরচ করার পরে গঙ্গার দূষণ কতটা কমেছে ?

শ্রী অশোক ভট্টাচার্য : প্রথম পর্যায়ে গঙ্গা অ্যাকশান প্ল্যানে কাজের মাত্রা ধরা হয়েছে ৫২৭ মিলিয়ন প্রতিদিন ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট করে গঙ্গা নদীতে ফেলবার কথা। এর মধ্যে আমাদের হিসাব হচ্ছে ৩৪১ মিলিয়ন লিটার প্রত্যেক দিন এই জলই আমরা ইন্টারসেপ্ট করার জন্য ডাইভার্ট করছি এবং ট্রিট করছি এবং তারপর এটা গঙ্গা নদীতে যাচ্ছে। এছাড়াও বি ও ডি এবং যে সাসপেন্ডেড সলিড যেটাকে বলা হয় সেটার যে টার্গেটের মাত্রা ছিল আমাদের, তার থেকে এটা অনেকটা কমানো সম্ভব হয়েছে। এটা আমাদের রাজ্য সরকারও আমাদের বিভিন্ন সময় পরিমাপ করে দেখেছে এবং একই সঙ্গে কেন্দ্রীয় সরকারের যে টিম এসেছিল তারও এটা বিভিন্ন সময় পরিমাপ করেছে। রাজ্য সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারের পর্যবেক্ষকদলও তারাও কিন্তু সহমত পোষণ করেছে।

শ্রী সুধাংশু শীল : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—কলকাতার বুকে বিশেষ করে উত্তর কলকাতার গঙ্গার পাড়ে পলি জমে ব্যবহারের অযোগ্য হয়ে গেছে। আপনাদের এগুলো ড্রেজিং করার কোনো পরিকল্পনা আছে কিনা এবং অনেকগুলি ঘাট আছে যেগুলি অনেক ঐতিহ্য বহন করে, সেই ঘাটগুলি সংস্কার করা এবং সৌন্দর্যকরণের কোনো প্রস্তাব আপনাদের আছে কিনা জানাবেন।

শ্রী অশোক ভট্টাচার্য : ড্রেজিং-এর ব্যাপারটা গঙ্গা অ্যাকশান প্ল্যানের মধ্যে পড়ে না, ড্রেজিং-এর বিষয়টি কলকাতা পোর্ট ট্রাস্ট দেখে। কিন্তু গঙ্গা পাড়ের সৌন্দর্যকরণ এবং একই সঙ্গে গঙ্গাপাড়ে যে সমস্ত ঐতিহ্যসম্পন্ন ঘাটগুলি আছে সেগুলির সংস্কার এবং উন্নতি করার পরিকল্পনা আমাদের আছে। ইতিমধ্যেই কলকাতায় গঙ্গার পাড়কে আমরা সৌন্দর্যকরণ করেছি এবং আরও ৩০০ মিটার সৌন্দর্যকরণ করব। এছাড়া হাওড়ার দিকে আমরা সৌন্দর্যকরণ প্রকল্পের কাজ হাতে নিয়েছি। উত্তর কলকাতার নিমতলা ঘাটের উন্নতি এবং সৌন্দর্যকরণের কাজ একটি বেসরকারি সংস্থার সহযোগিতা নিয়ে করবার পরিকল্পনা আমরা নিয়েছি। এটাতে কলকাতা পোর্ট ট্রাস্টের অনুমতির প্রয়োজন এবং এই অনুমোদন পেতে অনেকটা দেরি হয়েছে। তবে সম্প্রতি এই অনুমোদন পেয়েছি এবং আমরা আশা করছি সেই কাজটা কিছুদিনের মধ্যে শুরু করব। আর ঘাট সংস্কারের জন্য ইতিমধ্যে অনেকগুলি ঘাট আমরা চিহ্নিত করেছি এবং কিছু ঘাট সংস্কার করার পরিকল্পনা এই গঙ্গা অ্যাকশান প্ল্যানের দ্বিতীয় পর্যায়ের প্রকল্পের মধ্যে আছে এবং কিছু পরিকল্পনা বিভিন্ন পৌরসভা বা পৌর কর্পোরেশন তারা নিজেরা সেগুলি হাতে নিয়েছে।

শ্রী ইলিয়াস মহম্মদ : মাননীয় স্পীকার স্যার, আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন—গঙ্গা অ্যাকশান প্ল্যানকে বাস্তবায়িত করতে গেলে রাজ্য সরকার যে জমি অধিগ্রহণ করেছে, সেই জমি বাবদ কত টাকা রাজ্য সরকারের ব্যয় হয়েছে দয়া করে জানাবেন কি ?

শ্রী অশোক ভট্টাচার্য : গঙ্গা অ্যাকশান প্ল্যানের দ্বিতীয় পর্যায়ে আমরা প্রস্তাব পাঠিয়েছিলাম ৩২৯ কোটি টাকার। এই ৩২৯ কোটি টাকার মধ্যে আমরা ধরেছিলাম ২০ কোটি টাকা শুধুমাত্র জমি অধিগ্রহণ করার জন্য লাগবে। এই জমি অধিগ্রহণ করার জন্য এখনো পর্যন্ত ৬-৭ কোটি টাকা পেয়েছি, কিন্তু খরচ করতে পারিনি। কারণটা হচ্ছে অনেকগুলি জমি অধিগ্রহণ করার যে সমস্ত প্রসেস আছে যে পর্যায়গুলি আছে সেই সমস্ত পর্যায় আমরা শেষ করতে পারিনি। এই জমি অধিগ্রহণ কাজ করার ক্ষেত্রে বেশকিছু জমি যেগুলি হয়তো আমরা কিছুদিনের মধ্যে হাতে পাব। চূড়ান্ত পর্যায়ে যখন নোটিফিকেশান হবে তখন হয়তো আমরা পেমেন্টের ব্যাপারে বলতে পারব এবং আমরা বুঝতে পারব কত টাকা আমরা জমি অধিগ্রহণ করার জন্য খরচ করতে পারব এবং কত পারব না। কিন্তু পরবর্তীকালে আমরা যেটা দেখলাম যে, যত টাকা জমি অধিগ্রহণের জন্য ধরেছিলাম এবং যত টাকা আমরা গঙ্গা অ্যাকশান প্ল্যানের দ্বিতীয় পর্যায়ে যে সমস্ত প্রকল্পের জন্য ধরেছিলাম—পরবর্তীকালে দেখা গেছে এত টাকা প্রয়োজন হবে না, আরও অনেক কম টাকাতে সমস্ত প্রকল্পগুলি আমরা করতে পারব। তখন আমরা কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল রিভার কনজারভেশন ডাইরেক্টরের কাছে ১০০ কোটি টাকার বিকল্প কতকগুলি প্রস্তাব আমরা পাঠিয়েছি।

[11.40—11.50 a.m.]

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয়, রাজীব গান্ধীর সময় গঙ্গা অ্যাকশান প্ল্যানের কাজ চালু হয়েছিল। তখন এর লক্ষ্য ছিল গঙ্গার দু-ধারের কলকাতা-সহ নবদ্বীপ বহরমপুর পর্যন্ত মিউনিসিপ্যাল এলাকাগুলির নিকাশি জল ট্রিটমেন্ট প্ল্যান্টের সাহায্যে শোধন করে গঙ্গায় ফেলা এবং সে উদ্দেশ্যেই টাকা দেওয়া হয়েছিল। কিন্তু আমরা দেখছি গঙ্গা তথা হুগলি বা ভাগীরথী নদীর দু-ধারের পৌরসভাগুলির নোংরা জল এখনও নদীতেই পড়ছে। এ বিষয়ে রাজ্য সরকার আলাদাভাবে কোনো চিন্তা-ভাবনা করছে কি ?

শ্রী অশোক ভট্টাচার্য : হ্যাঁ, প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধীর সময়েই গঙ্গা অ্যাকশান প্ল্যানের কাজ শুরু হয়েছিল। গঙ্গা অ্যাকশান প্ল্যানের মূল উদ্দেশ্য ছিল—সাধারণত নদীর জল দু'ভাবে দূষিত হয়, একটা হচ্ছে গার্হস্থ্য বর্জ্য পদার্থের দ্বারা ; আর একটা হচ্ছে শিল্প বা কল-কারখানার বর্জ্য পদার্থের দ্বারা—শুধুমাত্র গার্হস্থ্য বর্জ্য পদার্থ বা ডোমেস্টিক ওয়েস্ট ওয়াটার ট্রিট করে গঙ্গায় ফেলার ব্যবস্থা করা। শিল্প বা কল-কারখানার বর্জ্য পদার্থের বিষয়টি গঙ্গা অ্যাকশান প্ল্যানের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি। শিল্পের বর্জ্য পদার্থ বা ওয়েস্ট ওয়াটার ট্রিট করে গঙ্গায় ফেলার দায়িত্ব শিল্প মালিকদের। সেটা দেখার দায়িত্ব পরিবেশ দপ্তরের, তাঁরা দেখছেন এবং অনেকটাই উন্নতি হয়েছে। তবে পুরোটা এখনো হয়নি। গার্হস্থ্য বর্জ্য জল গঙ্গায় ফেলার ক্ষেত্রে নিয়ম হচ্ছে—যে নোংরা জলে বি ও ডি-র পরিমাণ ৫০ এন জি-র বেশি হবে তা গঙ্গায় সরাসরি ফেলা যাবে না। বি ও ডি যেখানে ৫০ এন জি-র ওপরে হবে সেখানে তাকে ট্রিট করে ৩০ এন জি বা অনুরূপ স্তরে নামিয়ে এনে তারপর গঙ্গায় ফেলতে হবে। সাসপেন্ডেড সলিডের ক্ষেত্রেও তা ৫০-এর নীচে নামিয়ে আনতে হবে। এর মানে এই নয় যে, কোনোরকম নোংরা জলই গঙ্গায় ফেলা চলবে না, সবটাই পুরোপুরি নিয়ন্ত্রণ করতে হবে, ট্রিট করতে হবে। যে নিয়ম নির্দিষ্ট আছে তাতে কিছু নোংরা থেকে যাবেই। নোংরার মাত্রাটাকে নামিয়ে আনতে হবে। এই নির্দিষ্ট নিয়মকে সামনে রেখে গঙ্গা অ্যাকশান প্ল্যানের প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের কাজের মধ্যে দিয়ে এটা অনেকটাই নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। তবে হ্যাঁ, এখনো অনেক জায়গায় এই নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকরী করা সম্ভব হয়নি। দেখা গেছে, গঙ্গা অ্যাকশান প্ল্যানের প্রথম পর্যায়ের কাজ শেষ হয়ে গেছে, দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু হয়ে গেছে। এই পরিপ্রেক্ষিতে যেভাবে এই প্ল্যানকে ব্যবহার করা উচিত ছিল সেভাবে এখনো পর্যন্ত ব্যবহৃত হচ্ছে না। এখনো এর মধ্যে অ্যাওয়ারনেসের অভাব আছে।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় মন্ত্রিমহোদয়, আপনি বললেন গঙ্গা অ্যাকশান প্ল্যানের যে কাজ রূপায়িত হয়েছে তা খুব একটা কম নয়। অনেকগুলো কম্পোনেন্ট নিয়ে এই প্ল্যান। বিভিন্ন জায়গায় এই প্ল্যানের যে কাজ শুরু হয়েছে তাতে অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে এতে যে কম্পোনেন্টটা সবচেয়ে গুরুত্বপূর্ণ সেটাকেই বাদ দিয়ে অন্যান্য কম্পোনেন্ট বেছে নেওয়া হচ্ছে। এই বাছার সিদ্ধান্ত কারা নিয়েছে ? এবং পরবর্তী সময়ে বাকি কম্পোনেন্টগুলি রূপায়িত হবে কিনা তা যদি আপনি আমাদের জানান তাহলে বাধিত হব।

শ্রী অশোক ভট্টাচার্য : গঙ্গা অ্যাকশান প্ল্যান কম্পোনেন্টের মধ্যে যেগুলি আছে সেগুলি হচ্ছে ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, লিফ্‌টিং স্টেশন, রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট, ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম, আই.এল.সি.এস. প্রভৃতি প্রথম পর্যায়ের কাজগুলি হয়েছে। দ্বিতীয় পর্যায়ের কাজগুলির মধ্যে এখনো পর্যন্ত প্রথমেই বলেছি, আই.এল.সি.এস., ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম বজবজ এবং মহেশতলায় ইতিমধ্যেই চালু হয়েছে। রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট কিছু কিছু জায়গায় শুরু হয়েছে। দামোদরে আই.এল.সি.এস.-এর কাজ অনেকটাই ভালোভাবে অগ্রগতি হয়েছে। লিফ্‌টিং স্টেশন, ট্রিটমেন্ট প্ল্যান্ট জমি অধিগ্রহণের জন্য কাজ শুরু করতে দেরি হয়েছে। তবে আমরা ভীষণ গুরুত্ব দিয়েছি, নিয়মিতভাবে মনিটরিং করছি যাতে জমি দ্রুত পেতে পারি এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বেশ কিছুটা অগ্রগতি ঘটাতে পারি সেই জন্য বিভিন্ন পর্যায়ে আলোচনা করছি এবং পৌরসভাগুলিকে আরো বেশি করে যুক্ত করেছি। আমাদের মাঝে মাঝে অগ্রগতির রিপোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে হয়। সেই রিপোর্ট পাঠাচ্ছি এবং আমি আশাবাদী, আগামী ৬ মাসের মধ্যে আরো অনেকটা কাজের অগ্রগতি ঘটাতে পারব।

শ্রী সমর হাজরা : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্নের বাইরে একটি অতিরিক্ত প্রশ্ন করছি, আপনি গঙ্গা অ্যাকশান প্ল্যানের মাধ্যমে কলকাতা এবং হাওড়াকে সুন্দর করে তুলছেন। আপনার একটা বক্তব্যে শুনেছিলাম, গঙ্গার তীরবর্তী যে বাড়িগুলি আছে সেগুলিকে একই কালারে আনবেন বলে চিন্তা-ভাবনা করেছিলেন। সেটা কী কালার এবং সেই কাজটা কোন পর্যায়ে আছে ?

শ্রী অশোক ভট্টাচার্য : সেইরকমভাবে বলা হয়নি। মিলেনিয়াম পার্কের ধারে যে বাড়িগুলি আছে কলকাতায়, সেখানে বাড়িগুলি এমনভাবেই আগে তৈরি হয়ে গেছে যেগুলি সামঞ্জস্যপূর্ণ নয়। ওখানে কতকগুলি সুন্দর সুন্দর গোডাউন আছে, তার আর্কিটেকচারাল ডিজাইন যেগুলি আছে সেগুলির সত্যি সত্যিই ঐতিহ্যপূর্ণ মর্যাদা পাওয়া উচিত। পৃথিবীর বিভিন্ন শহরে নদীতীরবর্তী বাড়িগুলিকে এইভাবে মর্যাদাপূর্ণ বিভিন্ন মহল থেকে করে তুলেছে। আমরা এইরকম ভাবনা-চিন্তা করেছিলাম। কিন্তু আমরা দেখেছি এগুলি বেশিরভাগই বেসরকারি বাড়ি এবং গঙ্গার পাড়ে যে গোডাউনগুলি আছে সেগুলি বেশিরভাগই লিটিগেটেড, আইনগত জটিলতা আছে। সেইজন্য আমরা হাতে নিতে পারছি না। যদি হাতে নিতে পারতাম, যদি আমরা ব্যবহার করতে পারতাম বা ব্যবহারের মধ্য দিয়ে সংস্কার করতে পারতাম তাহলে গঙ্গার পাড়ের বাড়িগুলিকে মনে হচ্ছে আরো সুন্দর করতে পারতাম। এটা আমি বলেছিলাম, কিন্তু করা কঠিন।

বৈদ্যুতিক চুল্লি

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৪) **শ্রী আবদুল মান্নান** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ও রাজ্যের অন্যান্য পুর এলাকায় কতগুলি শ্মশানে বৈদ্যুতিক চুল্লি আছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি চালু আছে ?

শ্রী অশোক ভট্টাচার্য :

(ক) ৪১টি (একচল্লিশটি)।

(খ) ৩৬টি (ছত্রিশটি)।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, ৪১টি বৈদ্যুতিক চুল্লি আছে বিভিন্ন শ্মশানে, তার মধ্যে ৩৬টি চালু আছে এবং ৫টি বন্ধ আছে। আমার প্রশ্ন, কোন কোন এলাকায় বন্ধ আছে এবং তার কারণ কী ?

শ্রী অশোক ভট্টাচার্য : কলকাতায় ১৯টি বৈদ্যুতিক চুল্লি আছে, তার মধ্যে ১৯টিই চালু আছে। হাওড়াতে ৩টির মধ্যে ২টি চালু আছে, ১টি চালু হয়নি। কলকাতা এবং হাওড়া শহর বাদে আরো অন্যান্য জায়গায় ১৪টি আছে, তার মধ্যে ১০টি চালু আছে।

শ্রী আবদুল মান্নান : আমি জানতে চাইছি, এই যে ৫টা বন্ধ আছে বললেন, সেগুলি কোথায় কোথায় এবং তার কারণ কী ?

শ্রী অশোক ভট্টাচার্য : মেইনলি হাওড়াতে ১টি মেরামতির কাজ হচ্ছে আর কলকাতা এবং হাওড়া শহর বাদে ৪টি বন্ধ আছে। এই ৪টির মধ্যে খুব সম্ভবত বহরমপুরে চালু নেই। আর একটা বোধহয়—আমার কাছে সঠিক তথ্যটা নেই—কলকাতার বাইরে ২টি মেরামতির কাজ হচ্ছে। বাঁশবেড়িয়াতে একটা সমস্যা হয়েছিল, সেখানে মেরামতির কাজ চলছে। আশা করছি, কিছুদিনের মধ্যে মেরামতি করে কাজ শুরু হয়ে যাবে।

[11.50—12.00 Noon.]

শ্রী আবদুল মান্নান : একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় গঙ্গা অ্যাকশন প্ল্যানের বিভিন্ন স্কিম সম্বন্ধে বলছিলেন। এই গঙ্গা অ্যাকশান প্ল্যানের টাকায় অনেক জায়গায় ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম তৈরি হয়েছিল, কিন্তু দেখা যাচ্ছে সেগুলির মধ্যে প্রায় সবগুলিই লসে রান করছে। এর মেন্টেনেন্সের জন্য মিউনিসিপ্যালিটিগুলির কোনো ফান্ড নেই, পৌর দপ্তরও সেইভাবে এর জন্য টাকা স্যাংশান করে না। এগুলি চালানোর জন্য কর্মচারী যা দরকার হয় বেশিরভাগ ক্ষেত্রেই তারা মিউনিসিপ্যালিটির স্টাফ নয়, সেখানে কনট্রাক্ট বেসিসে কাজ হচ্ছে। আমার প্রশ্ন, গঙ্গা অ্যাকশান প্ল্যানের টাকায় যে সমস্ত বৈদ্যুতিক চুল্লি তৈরি হয়েছে সেগুলি মেনটেন করার জন্য এবং এর জন্য যেসব কর্মচারী প্রয়োজন সেই সব কর্মচারীদের পৌরসভার কর্মচারী হিসাবে গ্রহণ করার জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী অশোক ভট্টাচার্য : বৈদ্যুতিক চুল্লি ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় পশ্চিমবঙ্গে। উত্তরপ্রদেশের বেনারসে বৈদ্যুতিক চুল্লি মাসের পর মাস, বছরের পর বছর পড়ে থাকে, সেখানে কাঠেই মরদেহ দাহ করা হচ্ছে বা সৎকার করা হচ্ছে। এখন যেটা দেখা যাচ্ছে সেটা হল পশ্চিমবঙ্গে বৈদ্যুতিক চুল্লি পরিচালনা করার জন্য খরচ অনেক বেশি। প্রথম

খরচ বিদ্যুতের বিল। এই বিদ্যুতের বিল বৃদ্ধি পাচ্ছে। দ্বিতীয়ত, ন্যূনতম ৮টি দেহ না এলে বৈদ্যুতিক চুল্লি লাভজনক হয় না। কলকাতার ক্ষেত্রে ২৭১ টাকা নেওয়া হয়, কলকাতার বাইরে ৩০০ টাকার মতো চার্জ নেওয়া হয়। তারপর দেখা যাচ্ছে কলকাতার কে.এম.সি. এলাকাতে এক একটা বৈদ্যুতিক চুল্লিতে মাসে ৯০ হাজার থেকে ১ লক্ষ টাকা পর্যন্ত অপারেশন্যাল খরচ হয়। কলকাতার বাইরে কে.এম.ডি.এ. এলাকাতে এক একটাতে ৬০ হাজার টাকার মতো খরচ হয়। নন-কে.এম.ডি.এ. এলাকাতে ৩০ থেকে ৪০ হাজার পর্যন্ত ব্যয় হয়। অনেক পৌরসভা ভালো কাজ করছে, তারা ঠিকা পদ্ধতিতে চালাচ্ছে। আবার কিছু পৌরসভা একেবারে নিজেরা লোক রিক্রুট করে তাদের দিয়ে এই বৈদ্যুতিক চুল্লি পরিচালনা করছে। যেখানে কন্ট্রাক্টের মধ্যে দিয়ে হচ্ছে সেখানে তারা খরচটা অনেকটা কমাতে পেরেছে আর যেখানে নিজস্ব কর্মচারী দিয়ে করছে সেখানে খরচটা কিন্তু অপেক্ষাকৃত বেশি।

শ্রী আবদুল মান্নান : মেন্টেনেন্স কস্ট এবং অন্যান্য যে সমস্ত ব্যাপার আছে স্বাভাবিকভাবে সেগুলি অনেক বেশি। দেখা যাচ্ছে যে এক একটা বৈদ্যুতিক চুল্লিতে মিনিমাম ১-৮টা করে ডেডবডি যদি না আসে তাহলে সেগুলি লসে রান করছে। নবদ্বীপ এবং ত্রিবেণীতে বেশি আসে কারণ লোকের একটা বিশ্বাস আছে যে, এই সব ঘাটে পোড়ালে ভালো হয়। ফলে নবদ্বীপ এবং ত্রিবেণীতে লাভ হচ্ছে কিন্তু কলকাতার বাইরে লাভজনক হচ্ছে না কারণ কোথাও ডেডবডি ৬টা আসছে, কোথাও ৭টা আসছে অথচ ২৪ ঘণ্টাই সেগুলিকে চালু রাখতে হচ্ছে এবং তাতে বিদ্যুতের কনজাম্পসান বেশি হচ্ছে। আপনাকে আমি ব্যক্তিগতভাবে রিকোয়েস্ট করেছিলাম বৈদ্যবাটির বৈদ্যুতিক চুল্লির ব্যাপারে, আপনি টাকা দিয়ে সাময়িকভাবে সেটা মেরামত করিয়ে দিয়েছেন। এগুলির মেন্টেনেন্সের দায়িত্ব রাজ্য সরকার যদি না নেয় বা গ্রান্ট দিয়ে ব্যবস্থা না করে তাহলে এগুলি বন্ধ হয়ে যাবে। আমার প্রশ্ন, এগুলিকে সঠিকভাবে চালু রাখার জন্য মিউনিসিপ্যাল ডিপার্টমেন্ট দায়িত্ব নিয়ে কোনো পরিকল্পনা করবেন কি ?

শ্রী অশোক ভট্টাচার্য : সেটা সম্ভব নয়। বিদ্যুতের বিল সম্পর্কে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছি। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে যে মিটিং হয় সেখানেও এই প্রশ্ন আমি তুলেছিলাম। প্রতিটি ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম পরিচালনার ক্ষেত্রে মেজর এক্সপেন্ডিচার হচ্ছে ইলেকট্রিসিটি বিল। ডেডবডি আসুক বা না আসুক এটা চালু রাখতেই হয় একটা সার্টেন ডিগ্রিতে হিটটা রাখবার জন্য। সেই জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব ছিল একটা স্পেশাল ব্যবস্থা ইলেকট্রিক ক্রিমেটোরিয়ামগুলির ক্ষেত্রে রাখা উচিত। এটা স্পেশাল ক্যাটাগরি ডিক্লেয়ার করা উচিত এবং আমাদের রাজ্যের বিদ্যুৎমন্ত্রীর কাছেও এই প্রস্তাব পাঠিয়েছি। এটা যদি করা যায় তাহলে বিদ্যুৎ খরচ কিছু কমানো যাবে। এখন কিছু নতুন মেকানিজ্‌মের কথা চিন্তা-ভাবনা করা হচ্ছে। তাতে বলা হচ্ছে যদি গ্যাস ব্যবহার করা যায় তাহলে পাওয়ার এক্সপেন্ডিচার বা শক্তির ব্যবহার কমানো সম্ভব এবং তাতে খরচ কিছু

কমানো সম্ভব হবে। এইরকম কিছু প্রস্তাব আমাদের কাছে এসেছে। এইগুলো আমরা একটু পরীক্ষা করে দেখছি। কিন্তু এটা সম্ভব নয় যে, পৌরসভাগুলি যে ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম পরিচালনা করে তার অপারেশন্যাল মেন্টেনেন্স ডে টু ডে যেটা রান করে তার দায়িত্ব নেওয়া। কিছু আর্থিক সাহায্য আমরা করতে পারি, কিন্তু সমস্ত দায়িত্ব নেওয়া আমাদের পক্ষে সম্ভব নয়। যেমন আমরা বাঁশবেড়িয়ার ক্ষেত্রে বৈদ্যবাটির ক্ষেত্রে করেছি। যদি কোনো পৌরসভা থেকে প্রস্তাব আসে সেখানে আমরা কিছু কিছু আর্থিক সাহায্য করে থাকি, আমাদের ইঞ্জিনিয়াররা গিয়ে মেরামত করে দিয়ে আসে। কিন্তু দৈনন্দিন মেরামত করা সম্ভব নয়, সেইগুলি পৌরসভাগুলিকে নিজেদের করতে হবে।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : স্যার, আমার একটা অতিরিক্ত প্রশ্ন। শ্মশানে প্রয়োজনের তুলনায় বৈদ্যুতিক চুল্লি কম আছে। আপনি বলেছেন বাড়াবেন। যদি কোনো পৌরসভা চায় বৈদ্যুতিক চুল্লি, সেখানে বাড়ানোর কোনো পরিকল্পনা আছে ?

শ্রী অশোক ভট্টাচার্য : সেটা আমাদের আছে। গঙ্গা অ্যাকশান প্ল্যানের দ্বিতীয় পর্যায়ের কাজ আমরা হাতে নিয়েছি, এই দ্বিতীয় পর্যায়ের কাজের মধ্যে ১৪টি ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম করার কথা। তার মধ্যে ২টি হয়ে গেছে, বাকিগুলোর কাজ চলছে। তা ছাড়া গঙ্গা অ্যাকশান প্ল্যানের বাইরে জলপাইগুড়ি এবং দার্জিলিং-এ দুটো জায়গায় ওরা নিজেরা ইলেকট্রিক ক্রিমেটোরিয়ামের কাজ করেছে। বসিরহাট, দুর্গাপুরেও কাজ শুরু হয়েছে। কিন্তু পাশাপাশি দেখতে পাচ্ছি সব জায়গায় ইলেকট্রিক চুল্লি করা সম্ভব নয়। ডেডবডির সংখ্যা কমে যাচ্ছে, মানুষের মৃত্যুর হার কম, সেই জন্য ডেডবডি কমে যাচ্ছে। যদি ডেডবডি ৮টার বেশি না পায় তাহলে কোনো পৌরসভা এই প্রোজেক্টকে ভায়েবেল করতে পারবে না। মানুষের মৃত্যুর হার কমে গেছে, মৃতদেহ যদি বেশি না পায় তাহলে এটা চলতে পারে না। ছোট শহরে এটা চলতে পারে না, ছোট শহরে ইলেকট্রিক ক্রিমেটোরিয়াম চলবে না। মাসের পর মাস ভরতুকি দিতে হচ্ছে, ভরতুকি দিয়ে চালানো সম্ভব নয়। বড়ো শহরে লক্ষ্যমাত্রা ধার্য করেছি, ছোট শহরে নয়।

শ্রী দীপকচন্দ্র সরকার : মাননীয় পৌরমন্ত্রী অনুগ্রহ করে বলবেন কি, কোচবিহার পৌরসভা বেশ কিছুদিন আগে একটি বৈদ্যুতিক চুল্লি উদ্বোধন করল। সেখানে অনেক বিতর্ক তৈরি হয়েছে। পৌরমন্ত্রী সাহসের সঙ্গে এগিয়ে এসে সেটা উদ্বোধন করলেন। কিন্তু এটা বন্ধ হয়ে গিয়েছে। এই চুল্লি চালু করার জন্য সরকারের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হবে কি ?

শ্রী অশোক ভট্টাচার্য : কোচবিহার পৌরসভা নিজেদের উদ্যোগে এটা করেছে। কোনো পৌরসভার নিজেদের উদ্যোগে বৈদ্যুতিক চুল্লি স্থাপন করা কঠিন কাজ। এই কাজ তারা করেছে। আমরা কিছু আর্থিক সাহায্য করেছি। এটা যে বন্ধ হয়ে আছে এটা জানতাম না। আমি জানলাম, ইঞ্জিনিয়ার পাঠাব।

শ্রী সুধাংশু শীল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। আমাদের নিমতলায় ৪টি বৈদ্যুতিক চুল্লি আছে, সেখানে প্রচুর ডেডবডি আসে। কিন্তু পার্শ্ববর্তী কাশী মিত্র ঘাটে ১টি চুল্লি আছে। সেখানে কি আর একটা বৈদ্যুতিক চুল্লি করা সম্ভবপর হবে আপনার দপ্তর থেকে ?

শ্রী অশোক ভট্টাচার্য : কলকাতা পৌরসভা বললে গঙ্গা অ্যাকশান প্ল্যানের দ্বিতীয় পর্যায়ের কাজে করতে পারি। প্রয়োজন আছে কিনা দেখি। যদি প্রয়োজন থাকে তাহলে নিশ্চয়ই আর একটা ইলেকট্রিক চুল্লি করার ব্যবস্থা করব।

[12.00—12.10 p.m.]

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—আপনি বলেছেন, দ্বিতীয় পর্যায়ের গঙ্গা অ্যাকশান প্ল্যানে কিছু কিছু প্রোপোজাল পাঠিয়েছেন। এ নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোনো বৈঠক হয়েছে ? আমাদের কাছে যতদূর খবর আছে, গঙ্গা অ্যাকশান প্ল্যানে কিছু টাকা আন-স্পেন্ড আছে। সেই ক্ষেত্রে আপনি কি ইলেকট্রিক ক্রিমেটোরিয়ামের জন্য কোনো প্রোপোজাল পাঠিয়েছেন ? যদি পাঠিয়ে থাকেন তাহলে কটি পাঠিয়েছেন, জায়গাগুলির নাম কি ?

শ্রী অশোক ভট্টাচার্য : আমাদের যে টাকা সেভিংস আছে, তার মধ্যে থেকে আমরা কিছু প্রস্তাব পাঠিয়েছি—একটা হচ্ছে কালনা, আর একটা শান্তিপুর। মহানন্দার ৩৭ কোটি টাকা, আর সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট ব্যবস্থাপনার জন্য আমরা ৫০ কোটি টাকার প্রকল্প তৈরি করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি।

শ্রী অজয় দে : আপনি কি অ্যাপ্রুভাল পেয়েছেন ?

শ্রী অশোক ভট্টাচার্য : না, আমরা সেই অনুমোদনটা এখনো পাইনি।

Reply to Starred Question No. 156 will be given later.

Starred Questions
(to which answers were laid on the table)

আবাসন দপ্তর পরিচালিত ইটভাঁটা

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮) **শ্রী কমল মুখার্জী** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আবাসন দপ্তর পরিচালিত ইটভাঁটাগুলি কি লাভজনক সংস্থা ;

(খ) উক্ত দপ্তরের ফ্ল্যাটগুলি নির্মাণ করার সময়ে কি দপ্তর চালিত ইটভাঁটাগুলি থেকে ইট ক্রয় করা হয় ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হলে, তার কারণ কী ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন ওঠে না।

সাঁওতাল বিদ্রোহের প্রকৃত ইতিহাস

*১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৮) শ্রী তাপস চট্টোপাধ্যায় : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাঁওতাল বিদ্রোহের প্রকৃত ইতিহাস রচনা করার পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা কবে বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Rise of incidence of lynching

*159. (Admitted question No. *294) **Shri Gyan Singh Sohanpal and Shri Abdul Mannan :** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) Whether the Government is aware that incidence of lynching has been on the rise in the rural areas of Bengal ;

(b) If so—the reason behind it ; and

(c) The steps taken by the Government to check the rising trend and the result thereof ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গণপ্রহারের ঘটনা কমেছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

থানায় সহায়তা কেন্দ্র

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬২) শ্রী সামসুল ইসলাম মোল্লা : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি থানায় 'সহায়তা কেন্দ্র' চালু আছে ;

(খ) উক্ত সহায়তা কেন্দ্রে জেলাওয়ারি কোনো তথ্য আছে কি ;

(গ) 'সহায়তা কেন্দ্র'গুলিতে বিগত ২০০১-২০০২ সালে কতগুলি পারিবারিক বিরোধের নিষ্পত্তি হয়েছে ; এবং

(ঘ) 'সহায়তা কেন্দ্র' কার্যকরীভাবে চালু রাখতে সরকার কী ধরনের পদক্ষেপ নিচ্ছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে থানাভিত্তিক কোনো 'সহায়তা কেন্দ্র' নেই।

(খ) হ্যাঁ। এই রাজ্যে মোট ৮টি 'সহায়তা কেন্দ্র' চালু আছে।

(১) সেবা ফ্যামিলি কাউন্সেলিং সেন্টার, দুষ্কৃতী তদন্ত বিভাগ (সদর), ভবানী ভবন, আলিপুর, কলকাতা-৭০০ ০২৭।

(২) কলকাতার লালবাজার পুলিশ সদরে অবস্থিত একটি 'সহায়তা কেন্দ্র'।

(৩) কলকাতার ৩৪ নং পার্ক স্ট্রিটে সাউথ ডিভিশন অফিসে অবস্থিত একটি 'সহায়তা কেন্দ্র'।

(৪) স্নেহ কাউন্সেলিং সেন্টার, হাওড়া।

(৫) মৈত্রী উইমেন সেল, হুগলি।

(৬) দার্জিলিং গ্রিভেন্স সেল, দার্জিলিং।

(৭) স্পেশাল কমিটি, উত্তর ২৪-পরগনা।

(৮) সহযাত্রা অ্যাসিস্ট্যান্স সেন্টার, নদীয়া।

(গ) ৮০টি।

(ঘ) এই ধরনের সহায়তা কেন্দ্র বাড়ানোর পরিকল্পনা নেওয়া হচ্ছে।

Howrah Belilious Park

*161. (Admitted question No. *466) **Shri Sougata Roy** : Will the Minister-in-Charge of the Urban Development Department be pleased to state—

(a) whether Shanties were demolished at Belilious Park, Howrah on 02.02.2003 ;

(b) no. of people affected in the eviction ;

(c) the reasons for this eviction ; and

(d) whether Government is offering alternative accommodation to the oustees ?

Minister-in-Charge of Urban Development Department :

(a) Yes. At Belilious Park, Howrah, Shanties were demolished on 02.02.2003 and 03.02.2003.

(b) No. of people affected in the eviction were 2797 out of which there are 182 conservancy workers of Howrah Municipal Corporation.

(c) The eviction programme was made to comply with the orders of the Hon'ble High Court at Kolkata dated 6.9.02.

(d) Howrah Municipal Corporation is exploring the possibilities for providing alternative accomodation to 182 conservancy workers of Howrah Municipal Corporation at Belgachhia Trenching Ground, Howrah.

নলবাহী পানীয় জল সরবরাহের পরিকল্পনা

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৫) **শ্রী তমোনাশ ঘোষ** : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, সরকার দক্ষিণ ২৪-পরগনা জেলার অন্তর্গত ফলতা ব্লকে পানীয় জলের জন্য নলবাহী জল সরবরাহের পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, বাসুলাট প্রকল্প।

(খ) প্রকল্পটির কাজ সম্পূর্ণ হওয়ার মুখে।

জন অভিযোগ কেন্দ্র

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯) শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান : তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১ জানুয়ারি, ২০০৩ থেকে ৩১ জানুয়ারি, ২০০৩ পর্যন্ত জন অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগের সংখ্যা কত ;

(খ) ১৯৯৯ থেকে ২০০২ পর্যন্ত উক্ত কেন্দ্রে প্রাপ্ত অভিযোগের সংখ্যা কত ; এবং

(গ) প্রাপ্ত অভিযোগের কতগুলি ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হয়েছে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৫টি।

(খ) ৫,৭৯৬টি।

(গ) ৭১৭টি ক্ষেত্রে।

রাজ্যে রিকভারি, কাউন্সেলিং ও ডি-অ্যাডিকশান সেন্টারের সংখ্যা

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকারের সাহায্যে এবং রাজ্য সরকার অনুমোদিত অধিকাংশ এন.জি.ও. পরিচালিত—বিভিন্ন ধরনের ড্রাগ/মদে আসক্ত লোকদের চিকিৎসার জন্য কতগুলো রিকভারি সেন্টার, কাউন্সেলিং সেন্টার ও ডি-অ্যাডিকসান সেন্টার আছে;

(খ) এই ধরনের সেন্টার ভবিষ্যতে কলকাতা এবং জেলায় জেলায় আরো স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রিকভারি সেন্টার — নেই
কাউন্সেলিং সেন্টার — ১২টি এবং
ডি-অ্যাডিকশান সেন্টার — ২০টি।

(খ) বিবেচনাধীন রয়েছে।

(গ) এখনই বলা যাচ্ছে না।

অনুপ্রবেশ রুখতে মুখ্যমন্ত্রীদের সম্মেলন

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৯) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সীমান্তবর্তী এলাকাগুলিতে অনুপ্রবেশ রুখতে ৮ ফেব্রুয়ারি, ২০০৩ দিল্লিতে মুখ্যমন্ত্রীদের সম্মেলনে রাজ্য সরকার কী কী প্রস্তাব পেশ করেছেন ; এবং

(খ) পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আই এস আই বাংলাদেশ ও নেপালকে ভারত-বিরোধী কার্যকলাপের জন্য ব্যবহার করার উদ্যোগকে বন্ধ করার স্বার্থে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোনো প্রস্তাব পেশ করেছেন কী ?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য সরকার নিম্নলিখিত প্রস্তাবগুলি পেশ করেছে :

১। দক্ষিণবঙ্গে ব-দ্বীপ নদী অঞ্চল এবং সমুদ্র উপকূলবর্তী অঞ্চলগুলোতে নিযুক্ত সীমান্তরক্ষী বাহিনী ও উপকূলরক্ষী বাহিনীর পরিকাঠামো জোরদার করা ;

২। ভারত-ভুটান সীমান্তে কোনো প্রহরার ব্যবস্থা না থাকার অসুবিধাগুলি দ্রুত প্রতিকার করার ;

৩। ভারত-বাংলাদেশ সীমান্তে অনুমোদিত বি এস এফ ব্যাটেলিয়ানের সংখ্যা ৩৪ হওয়া সত্ত্বেও, বর্তমান ২৩টি ব্যাটেলিয়ান মোতায়েন করা হয়েছে। এই ঘাটতি পূরণ করবার জন্য ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে ;

৪। ভারত-ভুটান সীমান্তবর্তী রাজ্যের উত্তরবঙ্গের অঞ্চলগুলোতে আলফা, কে এল ও-র সহযোগী জঙ্গীদের অনুপ্রবেশ রোধের জন্য অবিলম্বে ভুটান সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারের আলোচনা করার ;

৫। রাজ্য সরকারের অনুরোধে ভারত-নেপাল সীমান্তে এস এস বি মোতায়েন করা হয়েছে। নেপালে মাওবাদীদের হিংসাত্মক আন্দোলনের পরিপ্রেক্ষিতে সীমান্ত রক্ষার কাজকে অধিকতর গুরুত্ব দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

(খ) হ্যাঁ। রাজ্যের গোয়েন্দা সংস্থা এবং কেন্দ্রীয় সরকারের অধীনস্থ গোয়েন্দা সংস্থাগুলোর মধ্যে খবরের আদান-প্রদান বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সুন্দরবনে মধু সংগ্রহকারীর সংখ্যা

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৭) শ্রী কল্লোল খান : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সালের ১ জানুয়ারি থেকে ২০০২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সুন্দরবনে কতজন ব্যক্তি মধু সংগ্রহ করতে গিয়েছিলেন ;

(খ) কত পরিমাণ মধু সংগ্রহ হয়েছে ; এবং

(গ) উক্ত মধু কারা ক্রয় করেছেন ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৬৬২ জন।

(খ) ৩২, ২৯৮ কেজি অপরিশোধিত মধু।

(গ) পশ্চিমবঙ্গ বনোন্নয়ন নিগম লিমিটেড।

জাল বই বিক্রির অভিযোগ

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৯) শ্রীমতী সোনালী গুহ : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মধ্য কলকাতার বইপাড়াতে জাল বই বিক্রির কোনো অভিযোগ সরকারের নিকট করা হয়েছে কী না ; এবং

(খ) হয়ে থাকলে, এ ব্যাপারে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) স্থানীয় পুলিশ, কলকাতা পুলিশের গোয়েন্দা দপ্তর এবং এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এ বিষয়ে মোট ১৫টি মামলা রুজু করেছে।

দুষ্প্রাপ্য 'আউট-অফ-প্রিন্ট' পুস্তকের তালিকা

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০১) শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার পরিচালিত গ্রন্থাগারগুলিতে দুষ্প্রাপ্য ''আউট-অফ-প্রিন্ট'' পুস্তকের কোনো তালিকা আছে কিনা ?

গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ, রাজ্য সরকার পরিচালিত গ্রন্থাগারগুলির মধ্যে কয়েকটি গ্রন্থাগারে তাদের সংগ্রহে রক্ষিত দুষ্প্রাপ্য ''আউট-অফ-প্রিন্ট'' পুস্তকের তালিকা অথবা ক্যাটালগ আছে।

রাজ্যে বাস ডাকাতির সংখ্যা

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৮) শ্রী অজয় দে : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বিগত ডিসেম্বর, ২০০২ থেকে ৩১ জানুয়ারি, ২০০৩ পর্যন্ত রাজ্যে কটি বাস ডাকাতির ঘটনা ঘটেছে; এবং

(খ) তন্মধ্যে, কটি ঘটনার কিনারা করা সম্ভব হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দুটি।

(খ) দুটি।

কলকাতায় স্থায়ী প্রদর্শনী ক্ষেত্র নির্মাণ

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৪) **শ্রী দীপককুমার ঘোষ** : তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় স্থায়ী প্রদর্শনী ক্ষেত্র নির্মাণের কাজ এখন কী অবস্থায় আছে ;

(খ) কবে নাগাদ এটি চালু হবে ; এবং

(গ) উক্ত প্রকল্পে বেসরকারি উদ্যোগের কোনো ভূমিকা আছে কি ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রারম্ভিক কাজ চলছে। প্রয়োজনীয় জমি নির্বাচিত হয়েছে এবং West Bengal Trade Promotion Organisation নামে যৌথ উদ্যোগে একটি কোম্পানি তৈরি করার কাজ চলছে। এই কোম্পানিই প্রকল্পটি রূপায়িত করবে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

(গ) না।

রাজ্যে ডাকাতির সংখ্যা

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৮২২) **শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ২০০২ এবং ২০০৩ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত রাজ্যে কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে ; এবং

(খ) ডাকাতি দমনের জন্য সরকার বিশেষ কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২২৬টি।

(খ) ডাকাতি দমনের জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করেছে :—

১। ডাকাতি হতে পারে এমন অঞ্চলগুলি যেমন ব্যাংক, সোনার গহনার দোকান, বাজার প্রভৃতি জায়গায় পুলিশ পিকেট বসানো হয়েছে।

২। ডাকাতিপ্রবণ এলাকাগুলিতে সাদা পোশাকের পুলিশ মোতায়েন করা হয়েছে।

৩। নতুন কিছু আর জি পার্টি তৈরি করা হয়েছে ও পুরনো আর জি পার্টিগুলিকে সক্রিয় করা হয়েছে।

৫। উৎসবের দিনগুলিতে বিশেষ টহলদারি ও অতর্কিত অভিযানের বন্দোবস্ত করা হয়েছে।

কাকদ্বীপ পৌরসভা গঠনে সরকারি পদক্ষেপ

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৭) **শ্রী মন্টুরাম পাখিরা** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, কাকদ্বীপ পৌরসভা গঠনের জন্য রাজ্য সরকার কোনো পদক্ষেপ নিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পৌরসভা চালু হবে বলে আশা করা যায় ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই বিষয়ে একটি প্রস্তাব সংশ্লিষ্ট জেলাশাসকের মাধ্যমে পৌর বিষয়ক দপ্তরে এসেছে।

(খ) প্রস্তাবটি এখনও বিবেচনা করা হয়নি।

Attack on Mobile Police Van

*173. (Admitted question No. *888) **Shri Pankaj Banerjee** : Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that a Mobile Police Van was attacked on 23.01.2003 at around 3 a.m. in the Maidan Area ;

(b) if so, how many Police Personnel were in the said Police Van ; and

(c) how many rounds of firing were opened by the Police Personnel ?

Minister-in-Charge of the Home (Police) Department :

(এ) হ্যাঁ, সত্যি।

(বি) ৫ (পাঁচ) জন।

(সি) পুলিশ গুলি চালায়নি।

রাজ্যে মহিলা পুলিশের সংখ্যা

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭১) **শ্রী মহববুল হক :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ২০০১-২০০২ আর্থিক বছরের ডিসেম্বর পর্যন্ত রাজ্যের স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগে কর্মরত মহিলা পুলিশের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, সংখ্যালঘু সম্প্রদায়ের পুলিশের সংখ্যা কত ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১,০৪৮ জন।

(খ) ৪৫ জন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Mahbubul Haque on the subject of problem of admission to the Higher Secondary Course in the Government and Government aided schools in the State and consequential situation arisen.

I now call upon Shri Mahbubul Haque to take leave of the House to move his motion.

শ্রী মহববুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় যে স্কুলগুলোকে ইলেভেন ক্লাস করা হয়েছে, আজকে সেই তুলনায় পাশের হার আমরা যা পেয়েছি, তাতে আজকে হাজার হাজার ছাত্র-ছাত্রী যারা পাশ করেছে, তাদের অভিভাবকরা তাদেরকে ভর্তির ব্যবস্থা করতে পারছেন না। আমি এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য মুভ করছি।

মিঃ স্পীকার : আমি আপনাকে লিভ নিতে বলেছি, মোশান পড়তে বলিনি। ডু ইউ নো দ্যা রুল ? কোন রুলে মুভ করছেন জানেন না, শুনেছেন অ্যাডজয়েনমেন্ট মোশান মুভ করা যায় নিয়ে এসেছেন। কিন্তু কোন রুলে, কী প্রসিডিওর তার কিছুই জানেন না।

কি ব্যাপার আপনি জানেন ? আপনি রুল ৫৯ দেখুন। রুল বুকটা পড়ে নেবেন। মিঃ হক, আগে আপনাকে লিভ সিক চাইতে হবে, আগে আপনাকে হাউসের অনুমতি চাইতে হবে, I beg leave of the House to grant with leave to move this motion. এই মোশানে যদি কোনো আপত্তি থাকে তাহলে আপনাকে সরে যেতে হবে। আর যদি কোনো আপত্তি না থাকে তাহলে হবে। একটা রুল জানেন না, কোন সেকশানে জানেন না, লোক নেই, সংখ্যা নেই অ্যাডজরনমেন্ট মোশান ফাইল করে দিলাম—হোয়াই ? এসব বলবেন না ডোন্ট ডু ইট। 'স্পীকার স্যার, আমাকে বলতে দিন' বললেই হয় না। এইবার রবীন দেব আপনি বলুন।

রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধীদলের সদস্য যে মুলতবি প্রস্তাব এনেছেন এটা অযৌক্তিক, এই প্রস্তাবের আমরা বিরোধিতা করছি। এই হাউসে এর আলোচনার কোনো গুরুত্ব নেই, সুতরাং এর আমরা বিরোধিতা করছি।

মিঃ স্পীকার : এটা হবে না, আপনার সাপোর্টে কারা কারা আছেন ? How many members to support the motion will stand up ? এটা কি করে ফরোয়ার্ড হবে ? এটা হবে না। I find that there is no required number of members to support the motion.

Leave is not granted. The matter ends.

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received three notices of Calling Attention on the following subjects, namely :

	Subject		Name
(i)	Drainage system in the areas of Kolkata Corporation.	:	Shri Tapan Hore
(ii)	Reported introduction of Set Top Box for different pay channels of Cable T.V.	:	Shri Abdul Mannan
(iii)	Proposed construction of bridge on the river Bhairab between Karimpur, Nadia and Domkal, Murshidabad.	:	Shri Prafulla Kumar Bhowmick

I have selected the notice of Shri Prafulla Kumar Bhowmick on the subject of proposed construction of bridge on the river Bhairab between Karimpur, Nadia and Domkal, Murshidabad.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 9th July, 2003.

LAYING OF THE COMMITTEE REPORT

Laying of the First Report of the Committee on Rules (2002-2003)

Mr. Speaker : I beg to lay the 1st Report of the Committee on Rules (2002-2003)

MENTION CASES

শ্রী মহববুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মালদা জেলার চাঁচল মহকুমা যে শহর, সেই শহরের জল নিকাশি ব্যবস্থার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার চাঁচলকে নামেমাত্র একটা মহকুমা করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী ওই মহকুমাটি উদ্বোধনও করে এসেছিলেন। কিন্তু একটু বৃষ্টি হলেই সেখানে সব জলের তলায় চলে যায়। বিভিন্ন নালাগুলো দিয়ে যে জল বেরুবার কথা সেগুলো সংস্কারের অভাবে সেখান থেকে জল বার হয়ে যাচ্ছে না। তার ফলে নগরজীবন দুর্বিষহ হয়ে উঠেছে।

[12.10–12.20 p.m.]

আমরা বারবার পঞ্চায়েত সমিতির মাধ্যমে জেলা প্রশাসনের প্ল্যানিং কমিটির মাধ্যমে মাস্টার প্ল্যান দিয়েছি জল নিকাশি করার জন্য। কিন্তু আজ পর্যন্ত সেই জল নিকাশির কোনো সুরাহা হয়নি। এমনকি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদেও প্ল্যান পাঠিয়েছি। কিন্তু জানি না কোন কারণে সেখানে জল নিকাশি ব্যবস্থাটা করা হচ্ছে না। তাই আমরা আতঙ্কিত, আগামী দিনে সামনে যে বর্ষা আসছে তাতে নগরজীবন দুর্বিষহ হয়ে উঠবে। তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আমার বিধানসভা কেন্দ্রের বিধায়ক হিসাবে উন্নয়ন তহবিল থেকে যে টাকা আমি দিয়েছিলাম কর্তৃপক্ষকে, অন্যায়ভাবে সেই কাজ বন্ধ হয়ে আছে, অর্ধ সমাপ্ত হয়ে আছে। এই কাজটা হলে কিছুটা অন্তত সুরাহা হত। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যে সমস্ত প্ল্যান ও স্কিমগুলি পাঠিয়েছি সেইগুলি যেন অবিলম্বে মঞ্জুর করা হয় এবং চাঁচোলের জল সরবরাহ ব্যবস্থাটা যেন সরকার পক্ষ করেন, তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় শিক্ষামন্ত্রীর উদ্দেশে বলতে চাই, এই যে

মাধ্যমিকের ফল বেরিয়েছে এবং যারা উত্তীর্ণ হয়েছে ছাত্র-ছাত্রীরা, তাদের কাছে সবচেয়ে যেটা সমস্যা হচ্ছে, সেটা হচ্ছে একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে। এই ভর্তির ব্যাপারে তারা ভীষণ সঙ্কটের মধ্যে পড়েছে। তার কারণ, কলেজগুলি থেকে একাদশ শ্রেণি উঠে গিয়েছে ; স্কুলে এসেছে। অধিকাংশ স্কুলে যা ইনফ্রাসট্রাকচার তাতে তাদের কাছে এটা ওভারবার্ডেন হচ্ছে। এতে অনেক ছাত্র-ছাত্রী তারা স্কুলে ভর্তি হতে পারছে না, ফর্ম পাচ্ছে না। কিছু কিছু স্কুলে এইরকম একটা সঙ্কটময় অবস্থা দাঁড়িয়েছে। আমরা দেখছি সায়েন্স-এর স্টুডেন্টদের ভর্তি হওয়ার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে, অনেক স্কুল সায়েন্স স্ট্রিমের স্যাংশান পাচ্ছে না। এর ফলে অভিভাবকরা একটা গভীর আশঙ্কার মধ্যে দিন কাটাচ্ছে। আমি এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি, বিষয়টা সহানুভূতির সঙ্গে বিবেচনা করা দরকার, যাতে ছাত্র-ছাত্রী যারা কৃতকার্য হয়েছে তারা যাতে ভর্তি হতে পারে, তা না হলে তাদের এক বছর নষ্ট হয়ে যাবে, এইরকম একটা অবস্থা দাঁড়িয়েছে।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের ব্যাপারে। ইতিপূর্বে নদিয়া ও মুর্শিদাবাদের বিধায়করা সীমান্তবর্তী বি.এস.এফ.-এর তাণ্ডবের নানান বিষয়ে বলেছেন। ইদানীংকালে আমরা দেখছি, পঞ্চায়েত নির্বাচনের পরে আমাদের চাপড়া থানা এলাকায়, সীমান্তবর্তী থানা এলাকায় বি.এস.এফ. বেছে বেছে বামপন্থী কর্মীদের উপর হয়রানি করছে। গত ২৪ তারিখে চাপড়া থানার মহাখালা গ্রামে পারিবারিক বিবাদকে কেন্দ্র করে মারধোর করে। আমাদের পঞ্চায়েত সমিতির প্রাক্তন সদস্যা শ্রীমতী হালদারকে তারা মারধোর করে। তিনি যখন তাঁর মা এবং বোনকে নিয়ে থানায় আসছিলেন, তখন তাঁদেরকে রাস্তা থেকে ধরে নিয়ে গিয়ে মহাখালা বি.এস.এফ. ক্যাম্পে মারধোর করে। শ্রীমতী হালদার সেখানে আক্রান্ত হন এবং ২৪ তারিখ থেকে শ্রীমতী হালদার হাসপাতালে ভর্তি আছেন। এই ব্যাপারে সুনির্দিষ্ট অভিযোগ থানায় জানানো হয়েছে, তা সত্ত্বেও ওই বি.এস.এফ. জওয়ান-কে এখনও গ্রেপ্তার করা হয়নি। তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, দোষী বি.এস.এফ. জওয়ান-কে গ্রেপ্তার করা হোক।

শ্রী তপন হোড় : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে, সারা ভারতবর্ষের মতন পশ্চিমবঙ্গেও একটা বিষয় নিয়ে উদ্বেগের পরিস্থিতি সৃষ্টি হয়েছে। সেটা হচ্ছে কন্ডিশন্যাল অ্যাকসেস সিস্টেম। এটা কেব্‌ল নেটওয়ার্ক সিস্টেমে নতুনভাবে যে সেট টপ বক্স আসছে, তাতে কন্ডিশন্যাল অ্যাকসেস সিস্টেমের মাধ্যমে অর্থাৎ এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার একটা নীতি গ্রহণ করেছেন বলে আমরা শুনতে পাচ্ছি। কিন্তু আমরা যেটা শুনতে পাচ্ছি সেটা হচ্ছে, সেট টপ বক্স-এর ব্যাপারে এখন পর্যন্ত কোনো সিদ্ধান্ত হয়নি এবং কাগজের মাধ্যমে আমরা যেটা জেনেছি, বিভিন্ন কেব্‌ল নেটওয়ার্ক তারা যেভাবে দাম ঠিক করেছে তাতে ৫০০-৬০০ টাকা কেব্‌ল গ্রাহকদের দিতে হবে। জি টিভি, স্টার স্পোর্টস, ই.এস.পি.এন., টেন স্পোর্টস সবাই দাম

বাড়িয়েছে। আজকে সমস্ত গ্রাহকরা চিন্তিত। সেট টপ বক্সের ব্যাপারে কেন্দ্রীয় সরকার কি ভাবছেন সেটাও পরিষ্কার নয়। সেখানে দাঁড়িয়ে আজকে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে একটা নোট পাঠিয়েছেন। আমরাও বুঝতে পারছি না এই বিষয়টা কোন জায়গায় পৌঁছেছে। কাগজে দেখলাম প্রাইম মিনিস্টারস অফিসও এই ব্যাপারে ইন্টারফেয়ার করেছে, কেন্দ্রীয় মন্ত্রী রবিশঙ্করের উপর আর ভরসা রাখতে পারছেন না। এই কন্ডিশন্যাল অ্যাকসেস সিস্টেম দু-ভাবে আছে, একটা হচ্ছে অ্যানালগ এবং আর একটি হচ্ছে ডিজিটাল। বাইরের দেশের অত্যন্ত কম দামের এবং রিজেকটেড সেট টপ বক্সগুলো এখানে আনবার চেষ্টা করা হচ্ছে। আজকে কেব্‌ল গ্রাহকরা একটা ধোঁয়াশার মধ্যে আছে, অনিশ্চয়তার মধ্যে আছে। আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, ইমিডিয়েটলি রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করুক। আজকে কেব্‌ল নেট ওয়ার্কের যারা মালিক এবং যারা কেব্‌ল অপারেটর তাদের স্বার্থই কেন্দ্রীয় সরকার দেখবার চেষ্টা করছে, সাধারণ গ্রাহকদের ইন্টারেস্ট দেখা হচ্ছে না। আজকে সমস্ত দায়-দায়িত্ব কেব্‌ল গ্রাহকদের উপরে চাপিয়ে দেওয়া হচ্ছে। আমরা আপনার মাধ্যমে দাবি করছি, মাননীয় মুখ্যমন্ত্রী তথা মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী অবিলম্বে কেন্দ্রীয় সরকারের সাথে কথা বলুন, আর যে অনিশ্চয়তা চলছে তার থেকে রাজ্যবাসীকে মুক্ত করার চেষ্টা করুন।

শ্রী ইলিয়াস মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, নন্দীগ্রাম এলাকার মানুষের দীর্ঘ দিনের আশা নন্দীগ্রাম-মালদহ রাস্তাটি যদি নির্মিত হয় তাহলে সেখানকার জনসাধারণ কাঁথি হয়ে দীঘা যেতে পারবে। প্রায় দু কোটি টাকা ব্যয়ে তালপাটি ব্রীজ করা হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, নন্দীগ্রাম-মালদহ রোডটি যাতে দ্রুত রূপায়ণ করা হয়।

শ্রী মজিবর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ৫৬ নম্বর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভগবানগোলার প্রায় সমস্ত জায়গায় পঞ্চম শ্রেণিতে এবং একাদশ শ্রেণিতে ভর্তি হওয়ার ব্যাপারে বিপুল সমস্যা দেখা দিয়েছে। চতুর্থ শ্রেণি পাশ করার পর অনেক ছাত্র-ছাত্রীরই পঞ্চম শ্রেণিতে জায়গা হচ্ছে না এবং মাধ্যমিক পাশ করার পরে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারছে না। আমাদের ওই এলাকায় দশটি মাধ্যমিক, চারটি উচ্চ হাই মাদ্রাসা এবং তিনটি উচ্চ মাধ্যমিক স্কুল আছে। মাধ্যমিক পাশ করার পরে ছাত্র-ছাত্রীরা একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারছে না। এইভাবে চলতে থাকলে সমস্যাটা আরো বিপুল আকার ধারণ করবে। তাই আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি এবং অনুরোধ করছি, ছাত্র-ছাত্রীরা যাতে পঞ্চম শ্রেণিতে ভর্তি হতে পারে তার জন্য কিছু নতুন স্কুলের অনুমোদন দেওয়া হোক এবং সরলপুর ও সুন্দরপুরে দুটি উচ্চ মাধ্যমিক স্কুলের অনুমোদন দেওয়া হোক। তাহলে এলাকার ছাত্র-ছাত্রীদের সমস্যার সুরাহা হবে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে এই অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

[12.20–12.30 p.m.]

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোনো বিকল্প ব্যবস্থা গ্রহণ না করেই হঠাৎ করে সরকার সিদ্ধান্ত নিয়েছে যে, কলেজ থেকে ১১/১২ ক্লাস তুলে দেওয়া হবে। এর ফলে ঝালদাতে উচ্চমাধ্যমিকে ভর্তির পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। ঝালদা এ এম কলেজ থেকে ১১/১২ ক্লাস তুলে দেওয়ার ফলে, সেখানকার প্রায় সাড়ে ৪০০ ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারছে না। ভবিষ্যতের কথা চিন্তা করে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি, ঝালদার ছাত্র-ছাত্রীরা যাতে ১১/১২ ক্লাসে ভর্তি হতে পারে, সেই জন্য অন্তত এই বছর উক্ত ঝালদা এ এম কলেজে ১১/১২ ক্লাসে পড়াবার ব্যবস্থা করুন, না হলে ঝালদা হাই স্কুল এবং যেখানে উপযুক্ত ব্যবস্থা আছে সেই স্কুলে ১১/১২ ক্লাস পড়াবার ব্যবস্থা করুন। এই ব্যবস্থা না করলে ঝালদা পুরসভাতে একটিও উচ্চমাধ্যমিক পড়াবার ক্ষেত্র রইল না।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ সাহেব, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সুতি বিধানসভা এলাকায় ১৯৬২ সালে কানুপুর-বহুতলি রাস্তা অনুমোদন পায়। বিংশ শতাব্দী শেষ হয়ে একবিংশ শতাব্দীরও প্রায় তিনটি বছর অতিক্রান্ত হতে চলেছে, অথচ সেই রাস্তাটি এখনও চলাচলের উপযুক্ত হল না। ৫/৬ কোটি টাকা হলেই রাস্তাটির উপর দুটি ব্রীজ এবং বাকি রাস্তাটি পাকা হতে পারে। এমতাবস্থায় একমাত্র ভরসা রাজ্যের অর্থ দপ্তর। ওই এলাকার লক্ষাধিক মানুষের স্বার্থে দু-এক বছরের মধ্যে রাস্তাটি সম্পূর্ণ করার জন্য মাননীয় অর্থমন্ত্রীর কাছে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবুল হাসনাৎ খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার অন্তর্গত রামনগর-ভালুকা রাস্তাটির অংশ রঘুনাথগঞ্জ থেকে আজিমগঞ্জ পর্যন্ত রাস্তাটি পাকা করার জন্য অনুরোধ করছি। এই রাস্তাটি নির্মিত হলে রঘুনাথগঞ্জ, দখরপুর, রানীনগর, লক্ষ্মীজলা, বালিয়া, কাবিলপুর, গোবর্ধনডাঙা, পাটকেলডাঙা, আজিমগঞ্জ, মণিগ্রাম দশ-বারোটি অঞ্চলের লক্ষাধিক মানুষ উপকৃত হবে। জনসাধারণের সুবিধার্থে এই রাস্তাটি দ্রুততার সঙ্গে পাকা করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী বংশীবদন মৈত্র : স্যার, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত মার্চে বিপুল বর্ষণ এবং ঝড়ে হুগলি জেলার আরামবাগ মহকুমা, শ্রীরামপুর মহকুমা এবং চন্দননগর মহকুমার কিছু কিছু এলাকায় অর্থকরী ফসল আলু নষ্ট হয়ে গিয়েছিল। চাষীদের শস্য বীমা করা আছে। সেই শস্য বীমা অনুযায়ী চাষীরা কোনো অনুদান বা ক্ষতিপূরণ পাবে কিনা, এই বিষয়ে দীর্ঘদিন ধরে আমরা কিছুই বুঝতে পারছি না।

চাষীরা খুবই ক্ষতিগ্রস্ত হয়ে রয়েছে। কারণ আলু অর্থকরী ফসল। এতে বিঘা প্রতি ৫ থেকে ৬ হাজার টাকা খরচ হয়। প্রায় সব টাকা নষ্ট হয়ে গেছে। সে জন্য চাষীরা যাতে শস্য বীমা পায় সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র কালীগঞ্জ। কালীগঞ্জ জি পি খাঁসুরিয়াডাঙ্গা গ্রামে, সেখানে একশো ভাগ তফসিলি জাতির বাস। সেই গ্রামের পাশ দিয়ে গঙ্গা বয়ে চলেছে। এবারে প্রচণ্ড বর্ষণে এবং সেই জলের তোড়ে সেই গ্রাম বিলুপ্ত হয়ে যাচ্ছে। এর আগে গ্রামটাকে শিফ্‌ট করানো হয়েছে। এবারে পুনরায় প্রচণ্ড ভাঙনে সেই গ্রাম বিলুপ্ত হওয়ার মুখে। ইতিমধ্যে জেলা প্রশাসনকে জানানো হয়েছে, মাননীয় সেচমন্ত্রীকে এবং পঞ্চায়েতমন্ত্রীকে জানানো হয়েছে। জরুরি ভিত্তিতে শতকরা একশো ভাগ তফসিলি মানুষের বাস, একশো থেকে একশো কুড়িটা পরিবারকে বাঁচানোর জন্য, গঙ্গার ভাঙনকে প্রতিরোধ করার জন্য, মানুষের পুনর্বাসনের জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তমাল মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কেতুগ্রাম, সেখানে দুটো প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। ১৬৫টা গ্রামের চিকিৎসার আশ্রয়স্থল এই দুটো স্বাস্থ্যকেন্দ্র। এই স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার এবং নার্সের ঘাটতি আছে। কেতুগ্রাম স্বাস্থ্যকেন্দ্রে কোনো ব্লক মেডিকেল অফিসার নেই। সম্প্রতি নার্সদের ট্রান্সফার করে দেওয়া হয়েছে। চিকিৎসার সুবিধার জন্য অবিলম্বে স্টাফদের নিয়োগ করা হোক। এই দাবি জানাচ্ছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে মাননীয় সদস্য শ্রী অজয় দে এই প্রসঙ্গ উত্থাপন করেছেন। স্যার, এটা আমরা প্রতি বছর দেখছি। মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর মধ্যশিক্ষা পর্ষদের মাননীয় সভাপতি ঢাক-ঢোল পিটিয়ে সাংবাদিক সম্মেলন ডেকে বলেন, এত পার্সেন্ট পাশ করেছে, তার মধ্যে এত জন স্টার পেয়েছে, এত জন ফার্স্ট ডিভিশনে পাশ করেছে। কিন্তু দেখা যাচ্ছে যে, এবারে যে ছাত্ররা পাশ করেছে তার মধ্যে প্রায় ৬০ পার্সেন্ট, অর্ধেকেরও বেশি ছাত্র তারা বিদ্যালয়ে ভর্তি হতে পারছে না। অথচ পর্ষদের সভাপতি একটা শো করে দেখালেন যে, যেন শিক্ষার মান কত উন্নত হয়েছে। এমনকি যারা স্টার পেয়েছে সেই ছাত্ররাও ভর্তি হতে পারছে না, তাদের পছন্দমতো বিষয় নিয়ে ভর্তি হতে পারছে না। স্বাভাবিকভাবেই তারা তাদের পছন্দমতো বিষয়ের বাইরে গিয়ে পড়ছে। যারা ফার্স্ট ডিভিশন, সেকেন্ড ডিভিশনে পাশ করেছে তাদের অবস্থা তো আরো ভয়াবহ। আপনাদের কাছে বারবার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আপনারা এই ব্যাপারে উদাসীনতা দেখিয়ে যাচ্ছেন। আপনারা যখন ক্ষমতায় আসেন তখন জনসংখ্যা ছিল ৫ কোটি, আজকে সেটা অনেক বেড়ে গেছে। সেই জনসংখ্যার নিরিখে স্কুলের আসন সংখ্যা বাড়ছে না, স্কুল বাড়ছে না। ছাত্র-ছাত্রীরা স্কুলে ভর্তি হতে না পেরে হতাশাগ্রস্ত হয়ে পড়ছে।

এর জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, আপনি আবার কলেজে একাদশ, দ্বাদশ শ্রেণি ফিরিয়ে আনুন, সেই ইনফ্রাসট্রাকচারকে কাজে লাগান। ছাত্ররা যাতে সুযোগ পায় সেই দাবি জানাচ্ছি।

[12.30–12.40 p.m.]

শ্রী ইউনুস সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীতে জল বাড়ার সঙ্গে সঙ্গে আমাদের বিপদ বাড়ছে। ইতিমধ্যে মুর্শিদাবাদের জলঙ্গী ব্লক এবং রানীনগর ব্লকের বেশ কয়েকটা গ্রাম মারাত্মক ভাঙনের সম্মুখীন হয়েছে। জলঙ্গী ব্লকের পরাশপুর, দয়ারামপুর, গোদাপাড়া এবং রানীনগর ব্লকের উত্তরচর, মাঝরদেওড়া, বর্ডারপাড়া ইত্যাদি বেশ কিছু গ্রাম আছে, যেগুলি ভাঙনের মুখে এবং এই ভাঙন রোধের জন্য ব্যবস্থা নেওয়া উচিত। যতক্ষণ পর্যন্ত না ব্যবস্থা নেওয়া হচ্ছে, অন্তত ত্রাণ দপ্তরের পক্ষ থেকে বিপদগ্রস্ত মানুষকে স্থানান্তরিত করা দরকার। গতবার ভাঙনের সময় বেশ কিছু ব্যক্তি ও পরিবারকে পুনর্বাসন করতে সময় লেগেছিল। আমরা জানি ভাঙন হয়েই থাকে। বাঁধনের কাজ অনেক দেরিতে শুরু হয়। অন্তত্তপক্ষে যাদের বাড়ি নদীর উপর ঝুলন্ত, তাদের অন্যত্র সরিয়ে নিরাপদ জায়গাতে নিয়ে যাওয়ার জন্য আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গুরুপদ দত্ত : স্যার, আপনার মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, স্যার, আমার চন্দ্রকোণা বিধানসভায় দুটো পুরসভা আছে। সেখানে আই সি ডি এস কেন্দ্র এখনও মঞ্জুরলাভ করেনি। গরীব, তফসিলি আদিবাসী ছেলে-মেয়েদের নিউট্রিশান প্রোগ্রাম ব্যাহত হচ্ছে। সেই কারণে আপনার মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই পৌরসভাগুলিতে যাতে আই.সি.ডি.এস. কেন্দ্র খোলা যায়, তার দিকে দেখতে হবে। পাশপাশি জনসংখ্যার আনুপাতিক হারে পঞ্চায়েত এলাকায় আই.সি.ডি.এস. কেন্দ্র বর্ধিত হচ্ছে না। এর ফলে গরীব ছেলে-মেয়েরা নিউট্রিশান প্রোগ্রাম থেকে বঞ্চিত হচ্ছে। চন্দ্রকোণা, ক্ষীরপাই, রামজীবনপুর এই জায়গাগুলিতে আই.সি.ডি.এস. কেন্দ্র স্থাপনের জন্য অনুরোধ করছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেমারী গ্রামীণ হাসপাতাল গত এক বছর আগে প্রজেক্ট হাসপাতাল হিসাবে উন্নীত হয়েছে। তার ফলে পরিকাঠামোর উন্নতি হয়েছে। প্রতিদিন আউটডোরে দেড় হাজার রোগী বিভিন্ন প্রান্ত থেকে আসে। মেমারী গুরুত্বপূর্ণ শহর। যোগাযোগ ব্যবস্থা উন্নত। স্বাভাবিকভাবেই পার্শ্ববর্তী এলাকা থেকে বিভিন্ন মানুষ হাসপাতালে আসেন। তাই পরিস্থিতির চাহিদা অনুযায়ী এটাকে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করার প্রয়োজন আছে। এই ব্যাপারে জেলা পরিকল্পনা কমিটি থেকে সুপারিশ করা হয়েছে। তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে এটাকে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করার দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। স্যার, আপনি জানেন যে, ডি.ভি.সি.-র ছাড়া জলে দামোদর নদ যখন স্ফীত হয় তখন বর্ধমান, হাওড়া এবং হুগলি এই তিনটি জেলা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। লক্ষ লক্ষ চাষের জমির ধান যায়, পাট যায়, ফসল যায়, অনেক ঘরবাড়ি পড়ে। অত্যন্ত দুর্ভাগ্যের কথা, পাঞ্চেত এবং মাইথন ব্যারেজের জল দুর্গাপুর ব্যারেজের মধ্যে দিয়ে এসে যায়। কয়েকদিন আগে সংবাদপত্রে প্রকাশিত এবং সংবাদসূত্র অনুযায়ী আমি সভাকে জানাতে চাই যে, দুর্গাপুর ব্যারেজের অনেকগুলি কপাট বা গেট সংস্কারের অভাবে অচল হয়ে পড়েছে এবং সামনেই বর্ষা মরসুম, যখন অনেক জল এই ব্যারেজে এসে জমা হবে তখন এই গেটগুলি সেই জল ধরে রাখতে পারবে কিনা বলে সন্দেহ প্রকাশ করা হচ্ছে। এমনিতেই এই তিনটি জেলা ক্ষতিগ্রস্ত হয় এবং তার উপরে এই গেটগুলি ভাঙা অবস্থায় আছে। এই গেটগুলি যদি যুদ্ধকালীন ভিত্তিতে সংস্কার না করা হয় তাহলে বন্যা ভীষণ আকার নেবে এবং যার মূল্য দিতে হবে ওই এলাকার মানুষগুলিকে। আমি তাই অবিলম্বে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য সেচমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, যাতে করে ডি.ভি.সি.-র জলে ওই এলাকার মানুষদের ডি.ভি.সি-র গেট বা কপাট ভাঙার ফলে ভেসে যেতে না হয়।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা কংসাবতীর তীরবর্তী এলাকায়। বর্ষা আগত, স্বাভাবিকভাবেই প্রবল বর্ষণে নদী প্লাবিত হওয়ার সম্ভাবনা আছে। কংসাবতী প্রোজেক্টের জল ছাড়ার ফলে প্রতি বছরই আমার এলাকার কয়েক হাজার মানুষ বন্যার কবলে পড়ে। আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, দীর্ঘদিন ধরে কংসাবতী নদীর বাঁধগুলি মেরামতির অভাবে খারাপ অবস্থায় আছে, যে কোনো মুহূর্তে ভয়ংকর ঘটনা ঘটতে পারে। আমি আবেদন করব যাতে অবিলম্বে বাঁধগুলি মেরামতি করা হয় এবং বন্যার হাত থেকে মানুষকে রক্ষা করা যায়।

শ্রী রামপদ সামন্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র পিঙ্গলায় চিকিৎসা ব্যবস্থার সংজ্ঞা অনুসারে কোনো হাসপাতাল নেই। সাধারণ বিচারে যে স্বাস্থ্যকেন্দ্র আছে সেটা হল পিঙ্গলা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। এটাকে গ্রামীণ হাসপাতাল বা রুরাল হসপিটালে রূপায়িত করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি রেখেছি, কিন্তু বিভিন্ন কারণে তিনি এই পরিকল্পনা গ্রহণ করতে পারেননি। বর্তমানে জার্মানি কে এফ ডব্লু ফান্ড থেকে ২৭০ কোটি টাকা রাজ্য সরকার পেয়েছেন স্বাস্থ্য পরিষেবার উন্নতির জন্য। সেই ফান্ড থেকে কিছু অংশ নিয়ে পিঙ্গলা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে যাতে গ্রামীণ হসপিটাল-এ রূপায়িত করা যায় তার জন্য আমি দাবি রাখছি। বিশেষভাবে এই হাসপাতালটির চারিদিকে কোনো বাউন্ডারী ওয়াল নেই। ফলে হাসপাতালের যে সুস্থ পরিবেশ সেটা রক্ষা করা যাচ্ছে না। সেখানে যাতে বাউন্ডারী ওয়াল দেওয়া যায়, সেখানে বিল্ডিং যাতে বাড়ানো যায়, সেখানে মহিলাদের শৌচাগার নেই, সেই শৌচাগারের ব্যবস্থা যাতে করা যায়,

সেখানে কোনো এক্স-রে মেসিন নেই, বিভিন্ন ধরনের প্যাথোলজিক্যাল পরীক্ষার কোনো ব্যবস্থা নেই, জেনারেটরের ব্যবস্থা নেই এই সব ব্যবস্থাগুলি যাতে করা যায় এবং বেডের সংখ্যা যাতে বাড়ানো যায় এবং ওষুধের জোগান যাতে যথাযথভাবে রাখা যায় এবং বিশেষভাবে এটা যাতে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা যায় সেই দিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

[12.40–12.50 p.m.]

শ্রী দীপকচন্দ্র সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের কোচবিহার জেলায় অনেকগুলো মন্দির আছে। গত কয়েক বছর আগে ওখানে মদনমোহনের মন্দির থেকে মূর্তি চুরি হয়েছিল এবং একে কেন্দ্র করে কোচবিহারের মানুষ প্রচণ্ড আঘাত পেয়েছিলেন ও আইন-শৃঙ্খলার সমস্যা দেখা দিয়েছিল। আবার দেখা যাচ্ছে, ১৫ জুন তারিখে নাটাবাড়ি মন্দির থেকে বলরাম মূর্তি চুরি হয়েছে এবং একে কেন্দ্র করে আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে। পুরনো মূর্তি এবং তার গয়নাগাটি চুরির ব্যাপারে একটা আন্তর্জাতিক চক্র এই অঞ্চলে সক্রিয় রয়েছে দেখা যাচ্ছে। কিন্তু এই অঞ্চলে আরো অনেক মন্দির এবং মূর্তি রয়েছে। যেমন— বানেশ্বরের শিব মন্দির, গোসানীর কামেশ্বরী মন্দির, তুফানগঞ্জের চণ্ডী মন্দির, সিদ্ধেশ্বরী মন্দির, মধুপুর ধাম। এগুলো সব অরক্ষিত অবস্থায় রয়েছে। এগুলো রক্ষা করার জন্য যাতে প্রশাসনের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হয় এবং চুরি যাওয়া মূর্তি ও গয়না উদ্ধার করা হয় এবং শান্তি-শৃঙ্খলা বজায় থাকে তার জন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী সাধনা মল্লিক : কাটোয়া মহকুমা জুড়ে রাস্তার অবস্থা খুব খারাপ। বিশেষ করে কাটোয়া-বর্ধমান রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তার উপর দিয়ে মুর্শিদাবাদ, বীরভূম এবং নদিয়ার বাস চলাচল করে। এই গুরুত্বপূর্ণ রাস্তাটির অবস্থা খুব খারাপ এবং কাটোয়া থেকে বর্ধমান রোডের উপর খুরমুট-এর কাছে যে ব্রাহ্মণী ক্যানেল আছে সেই ক্যানেলের উপরের সেতুটি বিপজ্জনক অবস্থায় রয়েছে এবং এ ব্যাপারে পূর্ত দপ্তর থেকে একটা সাইন বোডও লাগানো হয়েছে। আমরা আশঙ্কা করছি, ওই সেতু ভেঙে একটা বড় ধরনের দুর্ঘটনা হতে পারে এবং তার ফলে বাস চলাচল বন্ধ হয়ে যেতে পারে। ওই সেতু এবং রাস্তা যাতে দ্রুত মেরামত করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী চিত্তরঞ্জন রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র রায়গঞ্জ উত্তর দিনাজপুর জেলার সদর শহর। সেখানে জেলা হাসপাতাল আছে। পার্শ্ববর্তী কালীয়গঞ্জ, ইটাহার ও কুশমন্ডি বিধানসভা কেন্দ্রের মানুষজন রায়গঞ্জ জেলা হাসপাতালের উপর নির্ভরশীল। এখানে এখনও পুরোপুরি আধুনিক চিকিৎসার ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না। মানুষ এখনও সুচিকিৎসা পাচ্ছে না এবং

বাইরের অনেক জায়গায় যেতে বাধ্য হচ্ছে। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি, রায়গঞ্জ জেলা সদর হাসপাতালে যদি সিটি স্ক্যানের ব্যবস্থা করা যায় তাহলে দরিদ্র মানুষ, যাদের আর্থিক সঙ্গতি নেই তারা সুচিকিৎসা পেতে পারে। ধন্যবাদ।

শ্রী সুখেন্দু খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। গত ১২ জুন রাত্রি সাড়ে ৯টার সময় বাঁকুড়ার সোনামুখী থানার ধুলাই-এর পোড়সা গ্রামের কমরেড নিষ্কর ঘোষ যিনি ডি ওয়াই এফ আই-এর আঞ্চলিক সদস্য ছিলেন এবং অশোক শীট, এঁরা সোনামুখী থেকে মিটিং সেরে সাইকেলে বাড়ি ফিরছিলেন। সেই সময় ওই মাঝ-রাস্তায় তৃণমূল কংগ্রেসের আশ্রিত দুষ্কৃতিরা তাঁদের উপর আক্রমণ চালায় টাঙ্গি এবং ধারালো অস্ত্র নিয়ে। সেই টাঙ্গি এবং ধারালো অস্ত্র দিয়ে কমরেড নিষ্কর ঘোষের গলা কেটে দেওয়া হয় এবং তাঁর মুণ্ডটা ধড় থেকে পড়ে যায়। অশোক শীট, তাঁর উপরও দুষ্কৃতিরা আক্রমণ করে, কিন্তু সেই সময় চিৎকার-চেঁচামেচিতে পাশের গ্রামের লোকেরা জেগে ওঠে। অশোক শীট নিজের সাইকেল সামনে রেখে আক্রমণ কিছুটা প্রতিহত করেন, কিন্তু তাঁর গায়ে যে আঘাত লাগে তার ফলে তাঁকে সোনামুখী হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং সেখানে তাঁকে ৫২টি স্টিচ করে বাঁকুড়া হাসপাতালে পাঠানো হয়, এখন বাঁকুড়া হাসপাতালে তিনি মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। এই আক্রমণের ঘটনার সময় ধুলাই অঞ্চলের প্রধান তৃণমূল কংগ্রেসের কাশীনাথ মণ্ডল সেখানে উপস্থিত ছিলেন। অশোক শীট জীবিত, তিনি থানায় এফ আই আর করেছেন, কিন্তু সবাইকে ধরা যায়নি। ১২ জন এখনও আত্মগোপন করে আছে। ওই অঞ্চলের গ্রাম পঞ্চায়েতের প্রধান কাশীনাথ মণ্ডলকে গ্রেপ্তার করা হয়েছে। তৃণমূল কংগ্রেসের আশ্রিত দীপক মণ্ডলকে এখনও গ্রেপ্তার করা যায়নি। এখনও অনেক দুষ্কৃতি বাইরে ঘুরে বেড়াচ্ছে। যে সমস্ত দুষ্কৃতিরা এই আক্রমণের ঘটনার সগে জড়িত তাদের অবিলম্বে দৃষ্টান্তমূলক সাজা হোক এই আবেদন করছি। অবিলম্বে যাতে এদের সাজা দেওয়া হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এর ৭ দিন পর ১৯ তারিখে ফুলকুস্মা অঞ্চলে আমাদের লোকাল কমিটির সম্পাদক কমরেড বলাই সেনকে ঝাড়খণ্ডে দুষ্কৃতিরা গুলি করে হত্যা করে। অবিলম্বে এই দুষ্কৃতিদের গ্রেপ্তার করে তাদের দৃষ্টান্তমূলক সাজার ব্যবস্থা হোক—এই আবেদন আমি রাখছি। ধন্যবাদ।

Smt. Shanta Chhetri : Hon'ble Speaker, Sir, I would like to draw the spacial attention of the Hon'ble Minister of School Education. The Bharat Scouts and Guides is 96th year globally a voluntary organisation. The aim of this organisation is to make discipline, fellow-feeling, brotherhood, leadership and the spirit of service among the youth in order to make them useful citizen of our country. Considering the gravity of Bharat Scouts and Guides. I would request the Hon'ble Minister to kindly include Scouts & Guides programme in the Secondary and Higher Secondary

Syllabus as part of Physical Education Curriculum compulsorily and also kindly implement the recommendations of the Kunzru Committee report set up in the year 1966 by the Government of India.

In this matter, Bharat Scouts and Guides, West Bengal State Headquarter, has already submitted this submission to the Hon'ble Ministers of School Education & Higher Education as well as President of West Bengal Board of Secondary Education and the President of West Bengal Council of Higher Secondary Education for the inclusion of the Bharat Scouts & Guides as the part of physical education. Thank you.

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দামোদর নদের উপর করালাঘাট সেতু নির্মাণ করে সগ্‌রাই থেকে করালাঘাট রাস্তা আছে। তার উপর দিয়ে যানবাহন চলাচল অনেকখানি বেশি বৃদ্ধি পেয়েছে।

[12.50–1.00 p.m.]

এমতাবস্থায় যে রাস্তাটি ছিল সে রাস্তাটি নষ্ট হয়ে গেছে। এখন যানবাহন চলাচল করতে পারছে না। বিশেষ করে যাত্রীবাহী বাসগুলির যাতায়াতের ক্ষেত্রে খুব অসুবিধা সৃষ্টি হচ্ছে। এই রাস্তাটি যাতে সত্বর মেরামতি এবং সংস্কার করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী প্রফুল্লকুমার ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধমে আমাদের যে ফায়ার ব্রিগেডের মন্ত্রী আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলার করিমপুর একেবারে সীমান্ত এলাকা। একদিকে বাংলাদেশ আর একদিকে আছে মুর্শিদাবাদ। আমাদের কাছাকাছি এই কৃষ্ণনগর এবং বহরমপুরে কোনো ফায়ার ব্রিগেড নেই। এর আগে আমরা মন্ত্রীকে বলেছিলাম এবং মন্ত্রী আশ্বাসও দিয়েছিলেন। তাই আমি আবার আপনার মাধ্যমে বলছি যে—এই সীমান্ত এলাকায় বহরমপুর এবং কৃষ্ণনগরের কাছে অবিলম্বে যাতে ফায়ার ব্রিগেড চালু হয় সেই আবেদন আমি রাখছি। ধন্যবাদ।

শ্রী গোলাম কিব্রিয়া মিঞা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে ইরিগেশান মিনিস্টার এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বেলডাঙা বিধানসভা এলাকার পাশ দিয়ে গঙ্গা বয়ে গেছে। প্রায় ১০ কিলোমিটার দীর্ঘ নদীর দুই পাশের যে গ্রামগুলি ছিল, সেই গ্রামগুলির ভয়ঙ্কর অবস্থা এবং এই গ্রামগুলি নিশ্চিহ্ন হওয়ার মুখে। বিগত ১০ বছর ধরে আমরা বিভাগীয়ভাবে এস.ডি.ও.-কে নিয়ে চেষ্টা করেছি, যাতে ওই সমস্ত গ্রামের ভাঙন রোধ করা যায়। কিন্তু টাকা এত সীমিত যে সেই কারণে কোনোরকম

রোধ করা সম্ভব হয়নি। বর্তমান বছরে যে বৃষ্টি হচ্ছে এবং এই ভাঙন যে রূপ ধারণ করবে তাতে প্রায় কয়েকটি গ্রাম নিশ্চিহ্ন হওয়ার মুখে। গ্রামগুলি হচ্ছে বনমালীপুর, শ্রীকৃষ্ণপুর, মির্জাপুর, মেলিনাপাড়া, কামনগর, কাজীপাড়া। সবচেয়ে ভয়াবহ ব্যাপার যে, সেখানে যে বাঁধ আছে সেই বাঁধ ভগ্ন অবস্থায় আছে। সেই বাঁধ গত বছরে আমরা কিছু টাকা দিয়ে মেরামতি করার চেষ্টা করেছি বিভাগীয়ভাবে, কিন্তু বর্তমানে সেই বাঁধের অবস্থা খুব সঙ্গীন। এই বাঁধ যদি না সারানো যায় তাহলে আজকে কয়েকটা অঞ্চলের মানচিত্র পাল্টে যাবে। তাই ত্রাণমন্ত্রীকে সেই সব জায়গায় গিয়ে সেই সব বিভাগীয় কাজ করার জন্য এবং ত্রাণের ব্যবস্থা করার জন্য এবং ইরিগেশান মিনিস্টারকে অনুরোধ করছি—আপনি মুর্শিদাবাদের মানুষ, আপনি সরেজমিনে তদন্ত করে দেখে আসুন কীভাবে এই উদ্যোগ নেওয়া যায়। তাই অতি সত্বর উদ্যোগ নেওয়ার জন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী মোরসালিন মোল্লা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পি.ডব্লু.ডি. মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। একটি খুব ব্যস্তসম্মত রাস্তা—বজবজ ট্রাংক রোড, তার সঙ্গে যুক্ত আছে কলকাতা পোর্ট ট্রাস্টের। এই রাস্তা দিয়ে আমাদের কলকাতা বন্দরের সমগ্র প্রাণশক্তি নির্ভরশীল। তার সঙ্গে বজবজের বিস্তীর্ণ ৫-৬টি বিধানসভা কেন্দ্র যুক্ত হয়ে আছে। অথচ কলকাতা পোর্ট ট্রাস্ট দীর্ঘদিন ধরে তাদের রাস্তা এমন অবস্থায় ফেলে রেখেছে যে সেখান দিয়ে যানবাহন চলাচল যোগ্য অবস্থায় আর দাঁড়িয়ে নেই এবং মানুষ হাঁটার অবস্থায়ও দাঁড়িয়ে নেই। আমি মাননীয় পি.ডব্লু.ডি. মিনিস্টারের মাধ্যমে কলকাতা পোর্ট ট্রাস্টের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, এই রাস্তা অবিলম্বে যদি ব্যবহারযোগ্য না করে তোলা যায়, তাহলে সামগ্রিকভাবে আমাদের বিস্তীর্ণ কলকাতা শিল্পাঞ্চলের যে পূর্ব এলাকাটা সম্পূর্ণভাবে বিপর্যস্ত হয়ে পড়বে এবং অত্যন্ত সঙ্গীন অবস্থায় দাঁড়িয়ে আছে। অবিলম্বে এটার জন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত। এই দাবি আমি জানাচ্ছি এবং তার সঙ্গে পি.ডব্লু.ডি.-র যেটার অংশ যুক্ত আছে সন্তোষপুর বাইপাস, সেটাকেও তারা বিভাগীয় দৃষ্টিকোণ থেকে সহযোগিতা করে যাতে সংস্কার করা যায় সেই দাবি জানাচ্ছি।

ZERO HOUR

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, 'ন্যাশনাল হাইওয়ে-৫৫'-র পাগলাঝরা থেকে দার্জিলিং শহর পর্যন্ত বিস্তীর্ণ রাস্তাটির মেরামতির কাজের জন্য আজ থেকে ২ মাস আগেই টেণ্ডার হয়ে গেছে এবং ওয়ার্ক অর্ডার পর্যন্ত বেরিয়ে গেছে, কিন্তু আজ পর্যন্ত কাজ শুরু হয়নি। এই ন্যাশনাল হাইওয়ের ওপর দিয়ে পৃথিবীর হাজার হাজার মানুষ, ট্যুরিস্ট প্রতিদিন যাতায়াত করেন। তাই আমি আপনার মাধ্যমে অবিলম্বে ওই রাস্তাটির কাজ শুরু করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী গুরুপদ দত্ত : স্যার, আমি আপনার মাধ্যমে নদীপথ এবং জলসম্পদ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার সম্প্রতি আমরা বিধায়করা জানতে

পেরেছি কেন্দ্রীয় সরকার গোটা দেশের নদীগুলিকে সংযুক্তিকরণের ব্যবস্থা করবেন। এই ধরনের একটা চিঠিও আমরা পেয়েছি। এখন যদি সত্যিই এই নদী পরিকল্পনা গ্রহণ করা হয়, নদীগুলির সংযুক্তিকরণের ব্যবস্থা হয়, তাহলে আমার দাবি, আমাদের রাজ্যের ক্ষেত্রে রাজ্যের জনপ্রতিনিধিদের, ইঞ্জিনিয়ারদের, প্রযুক্তিবিদদের তথা সংশ্লিষ্ট সমস্ত ব্যক্তিদের নিয়ে একটা উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হোক। ধন্যবাদ, স্যার।

শ্রী ইউনুস সরকার : মাননীয় স্পীকার স্যার, আমি গভীর উদ্বেগের সঙ্গে একটি বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গত পরশু দিন, ১ জুলাই কেরালায় আন্দোলনরত ছাত্রদের ওপর সেখানকার ইউ ডি এফ সরকার বিনা প্ররোচনায় যথেচ্ছভাবে লাঠিচার্জ করেছে। ন্যায্য দাবি-দাওয়া নিয়ে ছাত্র-স্বার্থে ছাত্ররা সরকারের বিরুদ্ধে আন্দোলন করছিলেন। সরকারের ছাত্র-স্বার্থ বিরোধী সিদ্ধান্তের প্রতিবাদে আন্দোলন করছিলেন। সেই আন্দোলনকে দমন করার জন্য সেখানকার সরকার ছাত্রদের লাঠি-পেটা করে। ফলে ছাত্র আন্দোলনের কয়েকজন সর্বভারতীয় নেতা ভীষণভাবে আহত হয়েছেন। তাঁরা এখন চিকিৎসাধীন আছেন। এই ঘটনার প্রতিবাদে আজকে পশ্চিমবাংলার ছাত্রসমাজ খুবই বিক্ষুব্ধ। তারা ওই ঘটনার প্রতিবাদ করছে। আগামী কাল এ রাজ্যের ছাত্ররা ধিক্কার দিবস পালন করবে, প্রতিবাদ আন্দোলনে রাস্তায় নামবে। আমি মনে করি গণতান্ত্রিক দেশে ন্যায্য দাবি-দাওয়ার পরিপ্রেক্ষিতে ছাত্ররা আন্দোলন করবেই। সেই মতোই কেরালার ছাত্রসমাজও আন্দোলনে শামিল হয়েছিলেন। অথচ কেরালার বর্তমান ইউ ডি এফ সরকার নিজেদের ব্যর্থতা ঢাকার জন্য জঘন্য বর্বর আক্রমণ চালিয়েছে। আমি এর তীব্র নিন্দা করছি। ধন্যবাদ।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় স্পীকার স্যার, গতকাল আমাদের দেশে এক ভয়ঙ্কর রেল দুর্ঘটনা ঘটেছে। স্যার ঘটনাটি আমরা সবাই জানি। অন্ধ্রপ্রদেশের ওয়ারঙ্গল স্টেশনের কাছে হায়দ্রাবাদ-গুন্টুর গোলকোণ্ডা এক্সপ্রেসে মারাত্মক দুর্ঘটনা ঘটে, সেতুর নীচে চারটে বগি পড়ে যায় রেল ইঞ্জিন-সহ। ওই ঘটনায় ২০ জন মারা গিয়েছেন এবং ২৭ জন আহত হয়েছেন। আমরা এই বিধানসভার পক্ষ থেকে নিহতদের পরিবারবর্গকে সমবেদনা জানাচ্ছি। সঙ্গে সঙ্গে যাঁরা আহত হয়েছেন তাঁদের দ্রুত আরোগ্য কামনা করছি। স্যার, এই প্রসঙ্গে আমি এখানে উল্লেখ করছি যে, বিগত এক বছরে গোটা দেশে ৮টি ট্রেন দুর্ঘটনা সংঘটিত হয়েছে। এ জিনিস কেন হচ্ছে ? কি জন্য হচ্ছে ? এই বিষয়টা কেন্দ্রীয় সরকারের দেখা উচিত। তাই আমি আমার এই বক্তব্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে তুলে ধরতে চাইছি। ধন্যবাদ।

শ্রী দীপক সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিদ্যালয় শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কোচবিহার শহরে মেয়েদের পড়ার জন্য উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা খুবই কম। স্কুল প্রায় নেই বললেই চলে। ফলে বহু মেয়ে এ বছর মাধ্যমিক পাশ করার পরে উচ্চমাধ্যমিকে ভর্তি হতে পারছে না। এ বছর কলেজ থেকে এগারো-বারো ক্লাস তুলে দেওয়া হয়েছে। ফলে কোচবিহার শহরে মেয়েদের উচ্চমাধ্যমিক স্তরে ভর্তি হওয়ার ক্ষেত্রে তীব্র

সংকট দেখা দিয়েছে। কোচবিহার শহরের মধ্যে অবস্থিত 'কোচবিহার উচ্চ বালিকা বিদ্যালয়ে' শিক্ষক-শিক্ষিকা, বাড়িঘর ইত্যাদি-সহ সমস্ত রকম পরিকাঠামো রয়েছে। ডি.আই. পরিদর্শন করে রিপোর্টও পাঠিয়ে দিয়েছেন। এই অবস্থায় আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, অবিলম্বে 'কোচবিহার উচ্চ বালিকা বিদ্যালয়'-টিকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হোক। ধন্যবাদ।

[1.00–2.30 p.m. (including adjournment)]

শ্রী সামসুল ইসলাম মোল্লা : স্যার, গতকাল এন.ডি.এ.-র অন্তর্ভুক্ত কয়েকটি দলের প্রতিনিধিদল নদিয়া জেলার চাকদা পঞ্চায়েত সমিতির দুবড়া গ্রাম পঞ্চায়েতে যায়। সেখানে আগে থেকে তৃণমূল কংগ্রেসের কর্মীরা কতকগুলি সাজানো ঘটনা নিয়ে উপস্থিত থাকে। তার থেকে প্রতিনিধিদলের নেতা সোমাইয়া জিজ্ঞাসা করেন, আপনাদের হোম-ওয়ার্ক ভালোই আছে এবং সেখান থেকে ফিরে এসে তাঁরা মতামত দেন যে, পশ্চিমবঙ্গ সরকার প্রশাসনকে ব্যবহার করে এখানকার গণতান্ত্রিক প্রক্রিয়া ধ্বংস করে দিয়েছে। আমি মনে করি, এর দ্বারা নদিয়া জেলার মানুষকে অপমান করা হয়েছে এবং নদিয়া জেলার চিত্র এটা নয়। ওই দুবড়া গ্রাম পঞ্চায়েত সমিতিতে যেখানে প্রতিনিধিদল গিয়েছিলেন, সেখানে বিগত ১০ বছর ধরে তৃণমূলই শাসন চালাচ্ছে এবং এ বছরও তারাই দুবড়া গ্রাম পঞ্চায়েত জিতেছে। অথচ পাশের পঞ্চায়েত সমিতি সিমুরালিতে গত ১১ তারিখে আমাদের একজন কর্মী আর্সাদ মণ্ডল তৃণমূলের দ্বারা খুন হয়েছে, কিন্তু ওই প্রতিনিধিদল সেখানে যাননি। তৃণমূল নিজেরাই সন্ত্রাস করছে আবার তারাই সন্ত্রাসের চিত্র দেখাচ্ছে। আমার মনে হয়, হাউসের সকল সদস্যদের এই ব্যাপারে তীব্র প্রতিবাদ করা দরকার।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায়মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর এন.পি.এ. বা নন-প্রোডাক্টিভ অ্যাসেটস সমবায় ঋণের ক্ষেত্রে যেগুলি ছিল তার ও.টি.এস. এককালীন যুক্ত করে সুদ মকুব করার জন্য নাবার্ড নির্দেশ দিয়েছিলেন। কিন্তু আমাদের রাজ্যে বেশির ভাগ ক্ষেত্রে এই নির্দেশ যথাযথ না পাবার জন্য ব্যবস্থাগুলি গ্রহণ করা যায়নি। এ বছর সেপ্টেম্বর মাস পর্যন্ত সময়সীমা নাবার্ড বৃদ্ধি করেছে। সরকারের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে, যাতে ঋণগ্রহীতারা এন.পি.এ.-র ও.টি.এস.-এর সুযোগ পান তার ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয় উল্লেখ করতে চাই। বৃষ্টি চলছে, আমাদের উত্তরবঙ্গে প্রতিদিন ভয়ঙ্কর বৃষ্টি হওয়ার জন্য নদীগুলি ফুলে-ফেঁপে এলাকার মানুষকে ভাসিয়ে দিচ্ছে। আমাদের শিলিগুড়ির কাছে মহানন্দার আগে পর্যন্ত গোটা এলাকার নদীগুলি ব্রহ্মপুত্র বেসিনের অন্তর্গত। ব্রহ্মপুত্র বেসিনের অন্তর্গত নদীগুলির ভাঙন বাঁচাতে একটা সেন্ট্রাল কমিশন আছে, কিন্তু তাতে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে টাকা দিচ্ছে না। ওদিকে ভুটান থেকে উৎপন্ন হওয়া নদীগুলি বিপর্যয় সৃষ্টি করেছে। এই ব্যাপারে যৌথ নদী কমিশনের

দাবি করেছিলাম, কিন্তু কেন্দ্রীয় সরকার কোনো উদ্যোগ নিচ্ছে না। অথচ পশ্চিমবাংলায় সন্ত্রাস দেখতে এন.ডি.এ.-র প্রতিনিধিদল পরিদর্শন করতে আসছেন, কিন্তু উত্তরবঙ্গের নদীগুলিতে বন্যা হওয়ায় লক্ষ লক্ষ মানুষ যে নিরাশ্রয় হয়ে যাচ্ছে সে ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোনো দৃষ্টি নেই। তাই আমি মাননীয় সেচমন্ত্রী এবং এই হাউসের কাছে আবেদন করছি, বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানানো হোক এবং তারা শুধু রাজনৈতিক স্বার্থে পশ্চিমবাংলায় আসবে আর পশ্চিমবাংলার মানুষের দুর্যোগ নিয়ে ভাববে না তার জন্য এই হাউস থেকে তীব্র প্রতিবাদ জানানো হোক।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকার তথা রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেমারী থেকে সকাল ৬-১০ মিনিটে একটা লোকাল ট্রেন চালু ছিল, সেটা ওই সময়ে বন্ধ করে দেওয়া হয়েছে। ইতিমধ্যে আর একটি গুরুত্বপূর্ণ ট্রেন সন্ধ্যা ৭-১০ মিনিটে বর্ধমান মেইন লাইন সুপার ট্রেন বলে চালু করা হয়েছে, যে ট্রেনের স্টপেজ দিয়েছে শ্রীরামপুর, শেওড়াফুলি, ব্যান্ডেল, পান্ডুয়া প্রভৃতি স্টেশনে। বর্ধমানের মানুষের স্বার্থে এই যে ট্রেনটি চালু করা হয়েছে এটা বর্ধমানের বিস্তীর্ণ এলাকার মানুষের স্বার্থে বিস্তীর্ণ এলাকায় স্টপেজ দেওয়া হয়নি। তাই অবিলম্বে ব্যান্ডেলের পর থেকে অল স্টপেজ করা হোক। এদিকে শ্রীরামপুর ও শেওড়াফুলিতে স্টপেজ না রাখার দাবি জানাচ্ছি এবং অবিলম্বে মেমারী লোকাল চালু করার দাবি জানাচ্ছি।

শ্রী পঙ্কজ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, ভারত সরকারের সঙ্গে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের যে বাণিজ্য চুক্তি আছে তাতে কয়েক হাজার কোটি টাকার পণ্য নিয়ে প্রতিদিন হাজার হাজার ট্রাক বনগাঁ শহরের উপর দিয়ে যাতায়াত করে। আজকে আসার সময় আমি জানতে পারলাম, মিউনিসিপ্যাল পার্কিং-এ ১ হাজার গাড়ি দাঁড়িয়ে আছে, সেন্ট্রাল ওয়ার হাউসিং কর্পোরেশনের ওখানে ৮ শো গাড়ি দাঁড়িয়ে আছে, রাস্তার উপর ১ হাজার গাড়ি দাঁড়িয়ে আছে। এর ফলে বনগাঁবাসীর জীবন যানজটে বিপর্যস্ত হয়ে পড়ছে। যানজটের ফলে এর আগে সেখানে ১২ জন মানুষের জীবন চলে গিয়েছিল অথচ কেন্দ্রীয় সরকার সেখানে কোনো ব্যবস্থা করছেন না। হাজার হাজার কোটি টাকার বাণিজ্য যেখান দিয়ে হচ্ছে সেখানে পরিকাঠামো তৈরি করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের অথচ কেন্দ্রীয় সরকার সেই কাজটি করছেন না। আমার দাবি, কেন্দ্রীয় সরকার অবিলম্বে সেখানে পরিকাঠামো তৈরি করে যানজটের হাত থেকে বনগাঁবাসীদের মুক্ত করুন।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কেন্দ্রীয় রেল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, গতকাল অন্ধ্রপ্রদেশের ওয়ারঙ্গল স্টেশনের কাছে গুন্টুর-গোলকুণ্ডা এক্সপ্রেস ভয়াবহ দুর্ঘটনায় পড়ে।

মিঃ স্পীকার : গুন্টুরে হয়েছে তো এখানে বলে কি হবে ? আমরা মৃতের পরিবারবর্গের প্রতি এবং যাঁরা আহত হয়েছেন তাঁদের প্রতি এই হাউস থেকে সমবেদনা জানাতে পারি।

শ্রী তপন হোড় : স্যার, আপনি একটু শুনুন। গাইসালে দুর্ঘটনা ঘটেছে, রফিকগঞ্জে রাজধানী এক্সপ্রেস দুর্ঘটনা ঘটেছে এবং আমরা দেখছি ট্রেন লাইনগুলি বিপজ্জনক অবস্থায় রয়েছে। এই রেলমন্ত্রীর আমলে দেখা যাচ্ছে ৮টি বড়ো বড়ো রেল দুর্ঘটনা ঘটেছে এবং অসংখ্য ছোটোখাটো রেল দুর্ঘটনা ঘটেছে। প্রতি পদেই দেখছি রেল দুর্ঘটনা ঘটছে অথচ কেন্দ্রীয় মন্ত্রী বহাল তবিয়তে বসে আছেন। আমরা দেখছি, পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতবর্ষে ট্রেন চলাচল ব্যবস্থা যা একটি অত্যাবশ্যকীয় ব্যবস্থা তা ভেঙে পড়েছে অথচ কেন্দ্রীয় সরকার সব জেনেও চুপ করে বসে আছেন। তাঁরা খালি বলছেন তদন্ত হবে। সেখানে এর ফলে কত লোক মারা যাচ্ছেন তার হিসাব নেই। সেখানে আনআইডেন্টিফায়েড যাত্রীদের আইডেন্টিফাই করার ব্যবস্থা হচ্ছে না। ট্রেন লাইনগুলি আনসেফ অবস্থায় রয়েছে। আমি রেলমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

মিঃ স্পীকার : এখন বিরতি, আবার আমরা মিলিত হব আড়াইটার সময়।

(At this stage the House was adjourned till 2.30 p.m.)

(After Adjournment)

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

Mr. Speaker : Now, discussion on Demand No. 42. The Demand No '42' moved on 26th March, 2003. There are 65 cut motions to Demand No. 42. All are in order, and only cut motion nos. 1, 2, 4-11, 27-30, 31, 60-62 are taken as moved. The remaining motions are not moved as the Honourable Members are not present in the House.

(1-2) **Shri Kamal Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

(4-11) **Shri Kamal Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

(27-30) **Shri Abdul Mannan :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

(31) **Shri Gyan Singh Sohan Pal :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

(60-62) **Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

[2.30–2.40 p.m.]

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এই বছর ৪২ নম্বর—আগে ১৮-১৯ নম্বর ছিল—দাবির অধীনে যে ব্যয় বরাদ্দের দাবি নিয়ে এসেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যেসব কাট মোশান এসেছে সেই কাট মোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। স্যার, দীর্ঘ ২৭ বছর ধরে এই রাজ্যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে। কীভাবে আছে সেটা নিয়ে প্রশ্ন উঠেছিল, আমি সেই বিতর্কের মধ্যে যাচ্ছি না। যে সরকার রয়েছে সেই সরকারকে আমরা মেনে নিয়েছি। এই সরকারের আজকের যিনি মুখ্যমন্ত্রী তিনি আগে থেকেই মন্ত্রিসভার সদস্য ছিলেন, গুরুত্বপূর্ণ দপ্তরে ছিলেন এবং গুরুত্বপূর্ণ ব্যক্তি ছিলেন। স্বাভাবিক কারণে এই ২৭ বছরে এই সরকারের যে ব্যর্থতা, এই সরকারের যে জনবিরোধী কার্যকলাপ তার দায়ভার তাঁকেই নিতে হবে। এই মাননীয় মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর থেকে বাংলার মানুষ ভাববার চেষ্টা করেছে তিনি নতুনত্ব কিছু নিয়ে আসবেন। তিনি কিছু পরিবর্তন আনবেন। ব্যক্তি হিসাবে নতুন মুখ্যমন্ত্রীকে দেখার পর আমরা ভেবেছিলাম হয়তো কিছুটা আশ্বস্ত হতে পারব, বিশ্বাস রাখতে পারব। কিন্তু যদি একটু সমালোচনা করা যায়, যদি একটু খতিয়ে দেখা যায় তাহলে আমরা দেখব, এই সরকারের জনগণের জন্য কাজ করার ইচ্ছা কতখানি। প্রবল ইচ্ছা থাকলে সরকার অনেক কিছু করতে পারে। আমাদের রাজ্যে বর্তমানে জনসংখ্যা হচ্ছে ৮ কোটি ২ লক্ষ ২০০১ সালের সেনসাস অনুযায়ী। এই সরকার যখন ক্ষমতায় এসেছিল, তখন এই রাজ্যে জনসংখ্যা ছিল ৫ কোটি। জনসংখ্যা ৫ কোটি থেকে ৮ কোটি হল, তার জন্য প্রশাসনিক পরিকাঠামো আরো বিস্তারিত করার দরকার ছিল। সেটা আমাদের সরকার কোনোদিন উপলব্ধি করতে পারেননি। আমরা প্রায়ই অন্য রাজ্যের সঙ্গে তুলনা করে দেখাই। মাননীয় মুখ্যমন্ত্রী বিশেষ করে যেখানে নিজের একটু সাফল্য থাকে, তিনি সঙ্গে সঙ্গে অন্য রাজ্যের সঙ্গে তুলনা করেন—বিহার, ইউ.পি, ওড়িশার সঙ্গে তুলনা করেন। রুরাল ডেভেলপমেন্টের জন্য পঞ্চায়েত রাজ কায়েম হওয়ার পর গ্রামে তৃতীয় স্তরে, চতুর্থ স্তরে কাজ করার জন্য আপনারা পাওয়ার ডিসেন্ট্রালাইজ করতে চাইছেন। রুরাল ডেভেলপমেন্টের জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মসের জন্য যেখানে ছোট ছোট জেলায় ভাগ করার দরকার ছিল, পপুলেশন অনুযায়ী যেভাবে জেলাগুলিকে ভাগ করার দরকার ছিল, আপনারা সেই অনুযায়ী বাড়াতে পারেননি। আপনার এক সময়ের কলিগ অশোক মিত্র মহাশয়, যিনি অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটির চেয়ারম্যান ছিলেন, তিনি বলেছিলেন, কুড়ি লক্ষের বেশি পপুলেশন যেন কোনো জেলায় না হয়। আমরা ২৭ বছরে পা দিয়ে কি দেখছি—এক একটা জেলার পপুলেশন ৪০ লক্ষ। ভারতবর্ষের ৫৯৩টি জেলার মধ্যে টপ টেন ডিস্ট্রিক্টকে যদি ধরা হয়, তার মধ্যে পশ্চিমবঙ্গের ৪টি ডিস্ট্রিক্ট আছে। উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, বর্ধমান এবং মুর্শিদাবাদ হচ্ছে এই চারটি ডিস্ট্রিক্ট। আপনারা মেদিনীপুরকে ভাগ করেছেন। ভাগ করা না হলে মেদিনীপুরও এর মধ্যে এসে যেত। আমাদের পার্শ্ববর্তী রাজ্য ওড়িশা, সেখানে ১৯৯১ সালে যেখানে জেলার সংখ্যা ছিল ১৩টি, সেখানে আজকে

তারা ৩০টিতে নিয়ে এসেছে। তাদের অ্যাভারেজ পপুলেশন ২৪.৩৫ লক্ষ। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের ডিস্ট্রিক্ট ওয়াইজ পপুলেশন আমরা যদি দেখি, তাহলে দেখব কোথাও ২৪ লক্ষের বেশি পপুলেশন নেই। ২৪ লক্ষ হচ্ছে ম্যাক্সিমাম, যেটা ইউ.পি.-তে আছে। সেই তুলনায় আমাদের জেলাগুলিতে পপুলেশন সংখ্যা ৪০ লক্ষ। এই যদি অবস্থা হয় তাহলে আপনি পরিষেবা কি করে দেবেন ? মুখার্জী-ব্যানার্জী কমিশন বসেছিল। তাঁরা কি বলেছেন—না, ডি.এম.-রা ওভারবার্ডেন। তাঁরা এত বেশি ওভারবার্ডেন যে, এক একজন ডি এম ৮০টির বেশি কমিটির দায়িত্বে রয়েছেন। একজন সাধারণ মানুষ তাঁর সঙ্গে দেখা করতে গেলে তাঁর পক্ষে দেখা করা সম্ভব হয় না। কোনো এম এল এ দেখা করতে গেলে তিনি খুব বিব্রত বোধ করেন। বলেন, স্যার, আপনি দয়া করে ফোনে কনট্যাক্ট করে নেবেন। তারপর ডি.এম.-দের ওপরে আরও চাপ এসে পড়ে, কারণ বিভিন্ন মন্ত্রী নানা কাজে জেলায় যান। তাঁদের নিজস্ব আরো অনেক কাজও থাকে—অনেক সময় তাঁদের রাইটার্সে আসতে হয়। এই সব কাজের ফলে ডি.এম.-রা ওভারবার্ডেন। মানুষকে পরিষেবা ঠিকমতো দেবার জন্য ছোট ছোট আকারে যেখানে জেলাগুলিকে ভাগ করার দরকার ছিল, আজও রাজ্য সরকার তা করে উঠতে পারলেন না। আমরা এখানে রাজ্য সরকারের ব্যর্থতা দেখতে পাচ্ছি। একটু খতিয়ে দেখলে আমরা দেখব যে, প্রতিটি জেলায় আগে যে অবস্থা ছিল, কোথাও ডি.এম.-এর সঙ্গে জেলা পরিষদের বিরোধ, কোথাও ডি.এম.-এর সঙ্গে এস.পি.-র বিরোধ রয়েছে। এই প্রসঙ্গে আমি পরে আসব। জেলা প্রশাসনের মধ্যে যেটা খুবই দরকার ছিল, অশোক মিত্র কমিশন যেটা বলেছিলেন, ২০ লক্ষ পপুলেশন পিছু জেলা ভাগ করা, আপনি আজও তা করে উঠতে পারলেন না। পশ্চিমবাংলার মানচিত্র আপনার জানা আছে। জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমাতে কোনো মিটিং করতে গেলে সেদিন সেখান থেকে ফিরে আসা সম্ভব হয় না। জেলা পরিষদে রাত কাটাতে হয়। আপনি হুগলিতে দেখুন, চুঁচুড়ার কি অবস্থা ! চুঁচুড়া থেকে আরামবাগ বা বলপাইতে মিটিং করতে গেলে সেখান থেকে সেদিন আপনি ফিরতে পারবেন না। আপনি বলপাই-এর কথা জানেন। আপনি ওখানে মিটিং করতে গিয়েছিলেন। এই যে অবস্থা, এগুলোকে দূর করতে গেলে যেটা খুবই দরকার ছিল, জেলাগুলিকে ছোট ছোট করে ভাগ করা, ২৭ বছরে তা কি কোথাও হয়েছে ? ২৭ বছরে আপনি সেটা করতে পারলেন না। আমরা ওয়ার্ক কালচারের কথা বারবার শুনি। ক্ষমতায় এসে আপনারা কি করলেন—প্রথম শ্রেণি, দ্বিতীয় শ্রেণি, তৃতীয় শ্রেণি এবং চতুর্থ শ্রেণির যে কর্মচারীরা ছিল, তাদের নাম পাল্টে করলেন যথাক্রমে গ্রুপ 'এ', গ্রুপ 'বি', গ্রুপ 'সি' এবং গ্রুপ 'ডি'। তারপর আপনারা এ.সি.আর. যেটা ছিল সেটাকে তুলে দিলেন। বললেন, ও.পি.আর. করবেন। সেটা করতে গিয়ে কি হল—কো-অর্ডিনেশন কমিটির প্রেসারে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ সাবোর্ডিনেট কর্মচারীর বিরুদ্ধে অ্যাডভার্স কমেন্ট করতে পারলেন না। তারপর আমরা দেখলাম, ২৬ বছরে এসে বললেন, এ.সি.আর. তুলে দেওয়াটা অন্যায় হয়েছে।

[2.40–2.50 p.m.]

আপনি গতবারে বাজেট বক্তৃতা দিতে গিয়ে বলেছিলেন আমি আবার এস ই আর চালু করব। কর্মচারীদের কাজের গতি ফিরিয়ে আনব। তাদের দক্ষতা অনুযায়ী, সততা অনুযায়ী আবার এস.ই.আর. চালু করব। সেখানে আপনি কি করলেন—গত ১০ সেপ্টেম্বর একটা সার্কুলার ইস্যু করলেন। সেই সার্কুলারে কি বললেন—ও.পি.আর.-এর কথা বললেন। গ্রুপ 'এ' অফিসারদের ক্ষেত্রে রেখে দিলেন এস ই আর। আর গ্রুপ 'সি' এবং গ্রুপ 'ডি' এদের ক্ষেত্রে কি করলেন—ওপেন পারফরমেন্স রিপোর্টের কথা বললেন। ওপেন পারফরমেন্স রিপোর্ট করতে গিয়ে গ্রুপ 'সি' এবং গ্রুপ 'ডি'-দের ক্ষেত্রে ১০০ নম্বরের মধ্যে নম্বর ভাগ করা হয়েছে। গ্রুপ 'সি'-দের ক্ষেত্রে ২৫ নং কর্মচারীদের হাজিরা এবং কাজের মান এবং দক্ষতার জন্য ৬০ নং, আর সততা এবং দায়বদ্ধতার ক্ষেত্রে ১৫ নং। আর গ্রুপ 'ডি'-দের ক্ষেত্রে ৩৫ নং হচ্ছে কর্মচারীদের হাজিরা বাবদ, কাজের মান এবং দক্ষতা বাবদ ৫০ এবং সততা এবং দায়বদ্ধতা বাবদ ১৫ নং। সেখানে গ্রুপ 'সি'-দের ক্ষেত্রে হাজিরা এবং কাজের মান এবং দক্ষতা এর জন্য ২৫ আর ৬০ এই নিয়ে ৮৫ হচ্ছে। আর গ্রুপ 'ডি'-দের ক্ষেত্রে ৩৫ আর ৫০ এই নিয়ে ৮৫ হচ্ছে। সুতরাং ৮৫ নং হচ্ছে ওপেন পারফরমেন্স রিপোর্ট আর ১৫ নং হচ্ছে কনফিডেন্সিয়াল, গোপন রিপোর্ট। সুতরাং ১০০ নম্বরের মধ্যে ৮৫ নং হচ্ছে ও পি আর এবং ১৫ নং হচ্ছে কনফিডেন্সিয়াল রিপোর্ট। এইবার একজন কর্মচারীকে কাজের মান এবং দক্ষতা ও হাজিরা দেখিয়ে প্রোমোশন পেতে ন্যূনতম কম পেতে হবে—৬০ পার্সেন্ট। সেখানে একজন কর্মচারীর সততা এবং দায়বদ্ধতা না থাকলেও আপনার নিয়ম অনুযায়ী, আপনার সার্কুলার অনুযায়ী ৬০ পার্সেন্ট থাকলেই তার প্রোমোশন পেতে কোনো অসুবিধা হবে না। সেখানে সরকারি নির্দেশেই রয়েছে যে, কর্মচারীদের সততা এবং দায়বদ্ধতা জিরোর ব্যাপার। বাকিতে ৮৫ পেলেই প্রোমোশন পেতে কোনো অসুবিধা হবে না। সেখানে সরকারি কর্মচারীর সততা এবং দায়বদ্ধতার জন্য কনফিডেন্সিয়াল বা গোপন রিপোর্টের দরকার কি ? বিরোধী দলের লোক আপনারা তাই এই সব কথা বলেন। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনারই পাশের জায়গা সল্টলেক—সেখানে ওপেন পারফরমেন্স রিপোর্টের ব্যাপারে কি হয়েছিল আপনি নিশ্চয় জানেন। সল্টলেকে তখন বি.ডি.ও. ছিলেন দেবাশিস বোস। তিনি বলেছিলেন, মাননীয় মুখ্যমন্ত্রী যখন ওয়ার্ক কালচার ফিরিয়ে আনতে চাইছেন তখন নিশ্চয় সেটা দেখা দরকার এবং সেই কারণে তিনি কার্ড পাঞ্চিং সিস্টেম বি.ডি.ও. অফিসে চালু করেছিলেন। তখন ওখানকার কো-অডিনেশনের কর্মচারীরা দেখলেন যে, হাজিরার টাইম বসাতে হবে এবং বেরবার সময়ে টাইম বসিয়ে যেতে হবে। তাহলে তো এ পি আর-এর দরকার হবে না, সুতরাং ওই সব না মেনে রাতারাতি ওই বি.ডি.ও.-কে বদলি করা হল এবং তাঁর জায়গায় বর্ধমানের নতুন এস.ডি.ও. বৈদ্যনাথ মণ্ডলকে ওখানে নিয়ে আসা হল। তিনি কো-অর্ডিনেশন কমিটি যা বলছে তাই করে যাচ্ছেন। সুতরাং সল্টলেকে বি.ডি.ও. অফিসে যে কার্ড পাঞ্চিং সিস্টেম চালু করতে চেয়েছিলেন সেটা কো-অর্ডিনেশন কমিটি মানতে রাজি না হওয়ায় বন্ধ হয়ে গেল। তাহলে আপনি কি করে ওয়ার্ক কালচার ভালো করে আনবেন ?

মাননীয় মুখ্যমন্ত্রী আপনি তো জোর গলায় বলেন যে, বিরোধীরা সব সময়ে আমাদের বিরোধিতা করেন, কিন্তু আপনারই কলিগ, আপনাদের দলের লোক, বিদ্যুৎমন্ত্রী মৃণাল বন্দ্যোপাধ্যায়, তিনি কি রিপোর্ট দিলেন এই বিদ্যুৎ কর্মচারীদের সম্পর্কে ? তিনি বর্ধমানে টাউন হলে একটি সভায় কর্ম-সংস্কৃতি নিয়ে সমালোচনা করে বলেছেন যে, কর্মীদের একাংশ কেন দায়িত্ব নিয়ে কাজ করে না তা আমি বুঝতে পারি না। আপনাদের দলের মন্ত্রী, আপনারই সহকর্মী বিদ্যুৎমন্ত্রী কর্মচারীদের ওয়ার্ক কালচার সম্পর্কে এই ধরনের বিরূপ মন্তব্য করেছেন। এ তো আর বিরোধী দলের থেকে কেউ বলেননি। আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই, কেন এই ওয়ার্ক কালচার নেই তার জবাব আপনি দেবেন। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি একটা স্লোগান চালু করেছেন—ডু ইট নাউ। ডু ইট নাউ এই স্লোগানটি চালু করে যদি কিছুটা একে এফেকটিভ করতে পারতেন তাহলে বাংলার মানুষ আপনাকে আশীর্বাদ করতেন। আপনার এই ডু ইট নাউ স্লোগান শুধুমাত্র স্লোগানেই দাঁড়িয়েছে, কাজের কিছুই হচ্ছে না। এই স্লোগানে যে কাজ কিছু হচ্ছে না তার একটা উদাহরণ আমি দিচ্ছি—বাঁকুড়া জেলার ভূত শহর হাইস্কুলের একজন শিক্ষক অনাদিনাথ সিংহ মহাপাত্র ১ নভেম্বর, ২০০১ সালে রিটায়ার করেছিলেন। অবসর নিলে তাঁকে পেনশন দিতে হয়। পেনশনের কথা বাদই দিলাম, আপনার কলিগ মাননীয় অর্থমন্ত্রী তিনি কবে পেনশন দেবেন আমি জানি না। তবে গ্রাচুইটির টাকা, প্রভিডেন্ট ফান্ডের টাকা দিয়ে দেওয়া হয়। এই ভদ্রলোক ৬ মাস পরে, অনেক ঘুরে ঘুরে গত ২৩-৪-০২-তে তাঁর অ্যালটমেন্টটা পেলেন। কিন্তু তিনি তাঁর পেনশনের টাকা আজও পেলেন না। অ্যালটমেন্ট হয়েছে, কিন্তু টাকা পেলেন না, তাহলে চিন্তা করে দেখুন, আপনার ডু ইট নাউ স্লোগান কেমন কার্যকরী করা হচ্ছে ! আমি অন্যান্য দপ্তরের ব্যাপারে যেতে চাই না, আপনার দপ্তর, পুলিশ দপ্তরে ডায়েড-ইন-হার্নেস কেস কটা হয়েছে। অনেক নাম আছে ডায়েড-ইন-হার্নেস কেসে, কয়টাকে চাকরি দিতে পেরেছেন ? ৭/৮ মাস হয়ে গেছে, আজ পর্যন্ত কিছু করতে পারেননি। চাইলে রেফারেন্স দিয়ে দেব। আমার কাছে সংখ্যাটা নেই, তাই প্রকৃত সংখ্যাটা বলতে পারছি না। তবে ৬/৭ শতর মতন কেস হবে ; ডায়েড-ইন-হার্নেস কেসে অ্যাপ্লিকেশন পেন্ডিং আছে। এটা হচ্ছে আপনার পুলিশ দপ্তরের কথা, অন্য দপ্তরের কথা আমি বলছি না। আপনার যে স্লোগান ডু ইট নাউ, সেটা কেমন কার্যকরী করা হচ্ছে সেটা দেখুন। পশ্চিমবাংলার মানুষকে ডু ইট নাউ স্লোগান শুনিয়ে তাদের মন জয় করার চেষ্টা করছেন, কিন্তু আমরা কি দেখছি, ডায়েড-ইন-হার্নেস কেসে আপনার দপ্তরের যারা কর্মচারী ছিল, তাদের জন্য আপনি এখনও কিছু করতে পারেননি। আপনি ডু ইট নাউ বলেই এখানে থেমে গেলেন। আপনার শিক্ষামন্ত্রী বলছেন, কয়েক হাজার প্রাথমিক শিক্ষককে পেনশন দেওয়া যায়নি। এই হাউসেও অনেক সদস্য বলেছেন, তাঁরা দাবিও করেছেন পেনশন কেন দিতে পারছেন না। কয়েক বছর আগে আপনার শিক্ষামন্ত্রী একটা গিমিক করেছিলেন, একটা ক্যাম্প করে পেনশন শিবির চালু করেছিলেন, সেটা আবার উঠেও গিয়েছে। এই হচ্ছে অবস্থা। ময়ূরাক্ষীর যে কাজটা হওয়ার কথা ছিল, সেটা সাত বছর হল, এখনও কাজটা হয়নি। এখানে ময়ূরাক্ষী এলাকার এম.এল.এ. আছে, আপনি তাঁকে জিজ্ঞাসা করুন কাজটা কি অবস্থায় আছে। আপনি ডু ইট নাউ স্লোগানের কথা বলছেন, আপনি একটা পাবলিক গ্রিভান্স

সেলও করেছেন, ১৯৯৯ সালের পরে। এখান থেকে আপনারা ৮৮০৬টি অভিযোগ পেয়েছেন বলে দাবি করেছেন, তার মধ্যে ৭৫৭৮টির নিষ্পত্তি হয়েছে। এখানে আপনারা যে সংখ্যাটা দিয়েছেন, যেহেতু ডকুমেন্টস আপনাদের কাছে আছে, তাই আপনারা একটা হিসাবের কথা বলছেন, কিন্তু আমাদের কাছে হিসাবটা অন্যরকম। আমরা যখন মন্ত্রীর কাছে চিঠি পাঠাই, বেশির ভাগ মন্ত্রী চিঠির উত্তর দেন না, কয়েকজন মন্ত্রী চিঠির উত্তর দেন। আপনার কয়েকজন সহকর্মী তাঁরা চিঠির উত্তর দেন। আপনাদের অফিসারদের চিঠি লিখলে তাঁরাও উত্তর দেন না। যদি জনপ্রতিনিধিদের চিঠির উত্তরা তাঁরা না দেন তাহলে সাধারণ মানুষেরা উত্তরটা পাবেন কি করে ! এখানে আপনি দাবি করেছেন পাবলিক গ্রিভান্স সেল চালু করেছেন, আপনি পাবলিক গ্রিভান্স সেলের ব্যাপারে একটা কিছু ব্যবস্থা করুন, তবে আমরা প্রকৃত অবস্থাটা উপলব্ধি করতে পারব। আপনি যদি জেলাওয়ারি এই হিসাবটা দেন তাহলে বিচার করে দেখব কতটা কি উপকার হয়েছে। আপনি স্লোগান দিয়েছেন ডু ইট নাউ, কিন্তু কি করে এটা ইমপ্লিমেন্ট করবেন ! বেশির ভাগ মন্ত্রী তো রাইটার্সে থাকেন না, কোনো মন্ত্রীর সঙ্গে দেখা করতে চাইলে তাঁরা দেখা করেন না, আপনাকে ডেট বলে দেরে। আপনার ৪ ডজন মন্ত্রী, বেশির ভাগ মন্ত্রী রাইটার্সে থাকেন না। তাঁরা এলাকায় চলে যান। মন্ত্রীর ব্যাপারে জানতে চাইলে দপ্তর থেকে জানায়, তিনি কনস্টিটিউয়েন্সিতে গিয়েছেন। মন্ত্রী আসার পরে তাঁকে জিজ্ঞাসা করলে তিনি বলেন, কনস্টিটিউয়েন্সি থাকলে রাজ্য থাকবে। মন্ত্রীর দপ্তরে ফোন করলে তখন তাঁর অফিসাররা বলেন, উনি তো নেই, কনস্টিটিউয়েন্সিতে গিয়েছেন। কবে আসবেন বলতে পারছি না, মাঝে একবার ফোন করবেন তখন বলতে পারব। এই যদি অবস্থা হয় তাহলে সাধারণ মানুষের কাজটা কীভাবে হবে ? ডিপার্টমেন্টের কাজটা কীভাবে হবে ! আপনার আর একটা বিভাগ, মৎস্য দপ্তরের ব্যাপারে আসছি। জনৈক ডেপুটি ডাইরেক্টর তাঁর নাম বলতে চাই না, তিনি পার্মিশন না নিয়ে বিদেশে চলে গেলেন। চীফ সেক্রেটারির আপত্তিকে অগ্রাহ্য করে, ক্লারিফিকেশন না দিয়ে তিনি ব্রাজিলে চলে গেলেন, কি একটা এন.জি.ও.-র সংস্থার আমন্ত্রণে।

[2.50–3.00 p.m.]

আমি তাঁর নাম বলতে চাইছি না। মৎস্য দপ্তরের একজন মহিলা অফিসার ব্রাজিলে যাবেন এন.জি.ও.-র আমন্ত্রণে। আপনার চীফ সেক্রেটারি তাঁকে প্রশ্ন করলেন, জানতে চাইলেন সেই এন.জি.ও.-র নাম, কি কারণে তিনি যাবেন সেটা জানতে চাইলেন, তাঁর কাছে ক্লারিফিকেশন চাইলেন। কিন্তু সেই অফিসারের ডোন্ট কেয়ার ভাব। সেই ডেপুটি ডিরেক্টর কোনো কিছু না জানিয়ে বিদেশে চলে গেলেন। আপনি তাঁকে সাসপেন্ড করলেন। জানি না, সেই সাসপেনশন উইথড্র হয়েছে কিনা এবং যদি হয় সেটা কি কারণে হল ? যেখানে আপনার অফিসার আপনার নির্দেশ মানছে না, একজন ডেপুটি ডিরেক্টর আপনাকে ডিসঅনার করছে, আপনার নির্দেশ মানছে না, সেখানে আপনি কি ওয়ার্ক কালচার করবেন ? আপনার অ্যাডমিনিস্ট্রেটিভ কোনো ক্ষমতা নেই সেখানে কিছু করার। আজকে এই অবস্থাটা আপনারা

তৈরি করেছেন সর্বত্র। ওয়ার্ক কালচার যাতে ফিরে আসে সেই জন্য আপনি ডু ইট নাউ বলছেন। দেরিতে হলেও আপনারা ই-গভর্নেন্স চালু করেছেন। প্রশাসনকে গণমুখী করতে গেলে কম্পিউটারাইজড্ যুগের ফ্যাসিলিটি নিতে গেলে, ইনফর্মেশনের ফ্যাসিলিটি নিতে গেলে আপনাকে এই সব করতে হবে, কিন্তু এখানেও আপনি অনেক পিছিয়ে আছেন। আমি আপনাকে ধন্যবাদ জানাব, দেরিতে হলেও আপনি এটা উপলব্ধি করতে পেরেছেন। অনেকদিন আগে যখন একটা বেসরকারি সংস্থা তাদের সংস্থায় কম্পিউটার বসাতে চেয়েছিল, তখন আপনারা চলবে না, চলবে না বলে বাধা দিয়েছিলেন, তখন তারা বোম্বে চলে গিয়েছিল, তারা কোর্টেও গিয়েছিল। এই একই কারণে অনেক বিদেশি ব্যাঙ্কের অফিস মুম্বাইতে, চেন্নাইতে চলে গিয়েছে। আজকে আপনারা আবার কম্পিউটারাইজেশনের স্লোগান দিচ্ছেন। যখন অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী অনেক এগিয়ে গিয়েছেন, তখন আপনারা অনেক পিছিয়ে আছেন। দু হাজার সালের জানুয়ারি মাসে আপনারা আই.টি. পলিসি ডিক্লেয়ার করলেন। তৎকালীন মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে ২৭ জুন, এই ব্যাপারে দুটো অ্যাডভাইসারি কমিটি তৈরি করেছিল। সেখানে তিনি বললেন—Two advisory committees have been set-up one for e-governance and other for IT-steps have already been initiated. ওই দুটো অ্যাডভাইসারি কমিটির কোনো অস্তিত্ব আছে কি ? আজকে আপনারা রাইটার্সে বসে ডি.এম.-দের সঙ্গে ভি.ডি.ও. কনফারেন্স করছেন। আজকে অন্ধ্রপ্রদেশে যেটা হয়েছে, মানুষকে ই-মেল ঠিকানা দেওয়া হয়েছে। সেই ঠিকানা নিয়ে লোকটা সরকারের কাছে ডাটা জানতে চাইল, সেটা একদিন পরে তাকে ডেসপ্যাচ করে দেওয়া হল। সেই লোকটাকে এবাড়ি-ওবাড়ি করতে হচ্ছে না, তাকে কোথাও আবেদন-নিবেদন করতে হচ্ছে না। কিন্তু আজকে এই রাজ্যে আপনি সেই পরিকাঠামো গড়ে তুলতে পারেননি। আজকে আপনি শিল্পপতিদের আহ্বান জানাচ্ছেন এই রাজ্যে বিনিয়োগ করার জন্য। রাজ্যবাসী হিসাবে আমিও চাইব শিল্পপতিরা এই রাজ্যে বিনিয়োগ করুক। কিন্তু অনাবাসী শিল্পপতিরা এখানে আসবে কেন ? ডায়মন্ডহারবারে একজন অনাবাসী শিল্পপতি শ্রীমন্ত চক্রবর্তী, তিনি একটি রুগ্ন আইস ফ্যাক্টরী কিনলেন। আগের লোকের নাম থেকে তাঁর নামে ট্রান্সফার করার জন্য সে যখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে আবেদন করল, তখন তাঁকে বলা হল নাম ট্রান্সফারের জন্য কিছু খরচাপাতি করতে হবে, কিছু টাকা-পয়সা দিতে হবে। তিনি তখন বললেন, আমি এর জন্য টাকা দেব কেন ? মাননীয় মুখ্যমন্ত্রী আপনি তো বিদেশে যান, সেখানে কি এইরকম খরচাপাতি দিতে হয়। তারপরে পুলিশের সঙ্গে যোগসাজশে সেই লোকটিকে মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হল। তিনি ভয়ে পালিয়ে বেড়াতে লাগলেন। অনাবাসী শিল্পপতি বলে তিনি আপনার সঙ্গে, নিরুপমবাবুর সঙ্গে এবং অর্থমন্ত্রীর সঙ্গে দেখা করলেন। আজকে একজন অনাবাসী শিল্পপতিকে এইভাবে হেনস্থা হতে হচ্ছে। তারপর কদিন আগে তাঁর কোর্ট কেস আপনি তুলে নিয়েছেন। সেই কারখানাটি চালু করেছে। সম্ভবত পরশুদিন কলকাতা হাইকোর্ট রায় দিয়েছে। বারাসাত কোর্ট কি রায় দিয়েছে ? গণেশ সিং বলে এক ভদ্রলোক সেখানে একটা বরফকল করেছিল, সেখানে বিদ্যুতের কানেকশন

নিয়েছিল এবং বিলও দিচ্ছিল। এস.ই.বি. দপ্তর থেকে তাকে বলা হল—কি মশাই, এসব করলে হবে ? খরচাপাতি দিন। সে বলল—আমি অনেস্টলি ব্যবসা করছি, কোথা থেকে দেব। তারা বলল—না দিলে হবে না। তিনি দিলেন না বলে তাঁকে ২ লক্ষ ৮৪ হাজার টাকার বিল ধরিয়ে দিল। তিনি আপনাদের সব দপ্তর ঘুরেও কোনো প্রতিকার পেলেন না এবং শেষ পর্যন্ত কোর্টে গেলেন। কোর্ট রায় দিল আড়াই লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে, এক সপ্তাহের মধ্যে, না দিতে পারলে ১৮ শতাংশ হারে ইন্টারেস্ট দিতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞেস করি—আপনি যদি একজন ব্যবসায়ী হতেন এবং এরকম পরিস্থিতি হত তাহলে কি আপনি আসতেন ? এরকম অবস্থাই তৈরি হয়েছে এই রাজ্যে।

পানাগড় থেকে ডানকুনি পর্যন্ত দুর্গাপুর এক্সপ্রেসওয়েতে ৪ লেন জোনের পরিকল্পনা নেওয়া হয়েছে, কাজ হচ্ছে। মালয়েশিয়ার একটা কোম্পানি কাজটা করছে। বর্ধমান জেলার গলসি, কাঁকশা, মশাগ্রাম, শক্তিগড় এবং হুগলি জেলার ধনেখালি, দাঁদপুর, ছটি জায়গায় কাজ হচ্ছে। তাদের জেনারেল ম্যানেজার পি এল ইয়াপ আপনাকে দুটো চিঠি দিয়েছে—২৪ এপ্রিল এবং ২৮ মে-তে, এক জায়গায় ডিস্টার্ব হচ্ছে, কাজ করতে পারছে না। আপনাদের দলের নেতারা তাঁদের অফিসারদের মারধোর করছে, বলছে—আমাদের দলের লোকেদের কাজ দিতে হবে। আপনি যেদিন ইতালি যাচ্ছেন, সেদিনও পি এল ইয়াপ আপনার সঙ্গে যোগাযোগ করে বলেছিলেন—আপনি ইমিডিয়েট হস্তক্ষেপ করুন, না হলে ধনেখালিতে দু কিলোমিটারের কাজ বন্ধ হয়ে গেছে। আপনি নির্দেশ দিয়েছেন। ডি.এম. গিয়ে দেখেন, সি পি এম-এর নেতারা বসে আছে ঝান্ডা নিয়ে। তিনি বুঝলেন, ওখানে আর কিছু করা সম্ভব নয়, এগিয়ে কোনো লাভ নেই। এর ফলে ওরা নিরুৎসাহিত হয়ে পড়ছেন।

আপনি মুখ্যমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর আমরা ভেবেছিলাম একটা অন্য স্বাদ পাব। কেননা, আমরা এটা দেখতে অভ্যস্ত ছিলাম যে, প্রতি বছর গরমকাল এলে বা পুজোর সময় অনাবাসী আনার নাম করে বিদেশে চললেন মুখ্যমন্ত্রী। কিন্তু ২৬ বছর অপেক্ষা করেও আমরা কোনো বিদেশি শিল্পপতিকে দেখতে পেলাম না। গত বছর আপনি গিয়েছিলেন জাপানে, আমরা এখনও জানি না সেখান থেকে কেউ আসবে কিনা, পরের বছর হয়তো এর এফেক্টটা দেখতে পাব। এবারে আপনি ইতালি গেলেন, সেখানে গুচি কোম্পানির সঙ্গে আলাপ-আলোচনা করলেন। ফিরে এসে বললেন—ওদের সঙ্গে কথা হয়েছে, ওরা এখানে চর্মনগরীতে ইনভেস্ট করবে। এটা শুনে আমরা আশান্বিত হলাম, আনন্দিত হলাম বাংলার মানুষ হিসাবে। কিন্তু ওখানকার ওয়ার্ল্ড ওয়াইড ডিরেক্টর অফ হিউম্যান রিসোর্সেস মিঃ রেনাটো রিচি আপনাকে চিঠি দিলেন। সেই চিঠির ভাষাটা দেখুন। আপনাকে লিখছেন—While it was a pleasure to have you visit our facilities, it was never our intention to discuss Bengal as a political destination. Our company has no intention to send any GUCCI representative to India. কতটা সত্য আমি জানি না। আপনি এখানে যখন বললেন গুচি আসবে, তার রি-অ্যাকশনটা কি হচ্ছে ? তারা চিঠি দিচ্ছে—"Their have been a

misunderstanding about the Bhattacharjee's visit মানে your visit. The company wanted to put the record strait by clarifying the exact purpose of the visit কি বলছে purpose টা। We were contacted by a business group and told that an Indian delegation led by the Bengal Chief Minister wanted to visit us. So out of courtesy, we arrange for the tour and let me assure you none of our business opportunity or technical official was around during his visit. He was shown around by our Director of Human Resource."

[3.00–3.10 p.m.]

আপনাকে তারা যে চিঠি দিয়েছে, এটা তাদের রি-অ্যাকশন। তারা চিঠিতে বলছে—"First of all we are not interested in tannering, designing and packging in India."

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনার সঙ্গে গণশক্তির একজন রিপোর্টার কভার করতে গিয়েছিলেন। আমি গণশক্তি কাগজে অভীক দত্তের রিপোর্টে দেখলাম, গুচি প্রোডাক্টের দাম ১০ হাজার থেকে ২ লাখ টাকা। এটা গণশক্তিতে বেরিয়েছে, কোনো বুর্জোয়া কাগজ নয়। ১০ হাজার থেকে দু লাখ টাকা প্রোডাক্টের দাম, পশ্চিমবঙ্গের মানুষের পক্ষে সেটা কতটা কার্যকরী হবে। রেনাটো রিচি বলেছিলেন যে, তাদের সমস্ত প্রোডাক্ট করে ইতালিতে। ঘড়িটা শুধু সুইজারল্যান্ডে করে। মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা তো ঘর পোড়া গরু, সিঁদুরে মেঘ দেখলে ভয় পাই। ২৫ বছর ধরে এন আর আই আনবার নাম করে অনেক কিছুই দেখছি। ওইটা যদি না হয়, তাহলে খুবই ভালো হয়। শিল্পপতিরা কেন আসবে ? গোটা ভারতবর্ষে শিল্প ধর্মঘট নিয়ে বন্ধ হল না। পশ্চিমবঙ্গে শিল্প ধর্মঘট নিয়ে বন্ধ হয়ে গেল। আপনি বলতে চাচ্ছেন যে, সমস্ত দেশে বন্ধ হয়। এই যদি রি-অ্যাকশন হয়, তাহলে কি হবে ? মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে অনুরোধ করব এবার প্রশাসনের ব্যাপারটা দেখুন। আমি দুটো লোকের নাম বলছি। বিরোধী দলের লোক। ৩০ এপ্রিল প্রিয়রঞ্জন দাশমুন্সী তিনি অপজিশনের চিফ হুইপ লোকসভায়, ডালখোলাতে আক্রান্ত হলেন। ফিফ্‌থ মে-তে বারাসাতের খামারপাড়াতে তপন সিকদার আক্রান্ত হলেন। আজকে দুজন মন্ত্রী নেই। অমর চৌধুরী এবং বিশ্বনাথ চৌধুরী। আমি দেখলাম যে, সন্দেশখালিতে সেভেনথ্ মে-তে দুপুর বারোটার সময় অমরবাবু কর্মীদের হাতে আক্রান্ত হলেন। ছুটতে ছুটতে প্রাণ বাঁচিয়ে আর এস পি-র লোকাল কমিটির সেক্রেটারির বাড়িতে গিয়ে রাত কাটাতে বাধ্য হলেন। বিশ্বনাথ চৌধুরী হিলির বারোয়ারিতলায় আক্রান্ত হয়েছিলেন। মন্ত্রীর নিজের জায়গায় নির্বাচনী প্রচারে গিয়ে আক্রান্ত হলেন। আপনি কি করে বলছেন যে, সমস্ত ঠিক আছে ! আপনি মন্ত্রীদেরই নিরাপত্তা দিতে পারছেন না। আমরা বিরোধী দল আপনার বিরুদ্ধে স্লোগান দিই, আপনাদের বিরুদ্ধে সভা করি। সেখানে আমাদের কি করে প্রোটেকশন দেবেন ? যেমন আপনারা একটা থিওরিতে বিশ্বাস করেন যে, অন্যের কাছে হারার চেয়ে কংগ্রেসের কাছে হারাটা আনন্দের।

তাহলে কি বিশ্বনাথবাবু বা অমরবাবু বলবেন যে অন্যের কাছে মার খাওয়ার চেয়ে সি পি এম-এর কাছে মার খাওয়াটা আনন্দের ? এবার ভিজিলেন্স-এর ব্যাপারে আসছি। আপনি গতবার বাজেট ভাষণে বলেছিলেন যে, দু হাজার সালের রিপোর্ট ভিজিলেন্স কমিশন দিয়েছেন। আমি অন্য ডিপার্টমেন্টে যাচ্ছি না। পুলিশ ডিপার্টমেন্টেরই কথা বলছি। সেখানে আপনার কেস নাম্বার—হোম ৭৮ বাই ৯৯ বাই এফ, তাতে সিভিল ডিফেন্সের একজন অফিসারের বিরুদ্ধে মেমোরেন্ডাম অফ অ্যাকশানে দিয়েছেন কমিশন বলছে অ্যাভয়েড করতে। ওরা বলছে The Department concerned is advised to avoid such lapse in future. ভিজিলেন্স কমিশনের অনেকগুলো আছে, বেশি সময় নেই বলে আমি অতগুলো রেফার করতে পারছি না। আপনার হোম ডিপার্টমেন্টের অনেকগুলো আছে, আপনি দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেননি। আপনার যে স্লোগানগুলো কোনো কার্যকরী স্লোগান নয়। পরিশেষে আপনাকে দুটো কথা বলব। আপনার সঙ্গে আদবানীর সম্পর্ক এখন খুব ভালো। আপনার যিনি পূর্বসূরি ছিলেন তিনি তাঁকে সভ্য বলেও মনে করতেন না, তাঁর মুখদর্শন করতে চাইতেন না। ইদানীংকালে দেখছি যে আপনি তাঁর খুব প্রশংসা করছেন। যিনি ভারতবর্ষের সংস্কৃতিকে ধ্বংস করতে চাইছেন, ভারতবর্ষের সাম্প্রদায়িক সম্প্রীতিকে নষ্ট করতে চান, যিনি ভারতবর্ষের সাম্প্রদায়িক সম্প্রীতিকে টুকরো টুকরো করে দিতে চান সেই লোকটা আপনার কাছে সার্টিফিকেট পায়, আপনি একজন বামপন্থী আন্দোলনের প্রোডাক্ট, আপনার কাছে প্রশংসা পায় একজন দেশদ্রোহী, হতে পারে হোম মিনিস্টারের কাছে আপনাকে যেতে হয় ফরম্যালিটি অনুযায়ী, কিন্তু সেই লোকটাকে আপনি প্রশংসা করেন সাংবাদিক সম্মেলন ডেকে, এতে বাংলার সংস্কৃতিসম্পন্ন মানুষ হিসেবে আমাদের মাথা লজ্জায় হেঁট হয়ে যায়। পরিশেষে আপনাকে একটা কথা বলি। আমাদের কতগুলো জিনিস দৃষ্টিকটু লাগে। আপনি সি পি এম-এর নেতা, আপনার বিরুদ্ধে আমাদের যেতে হয়, আপনার বিরুদ্ধে যদি আমাদের অভিযোগ থাকে নিশ্চয়ই আমাদের করতে হবে, কিন্তু যখন আপনি মুখ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী হিসেবে আপনার সম্মানও দেখতে হবে। যেমন টিচারদের ক্ষেত্রে সেই বুনো রামনাথের যুগ আর নেই। শিক্ষকরাও এখন ভোগবিলাসের মধ্যে কাটান। সেই প্রফুল্ল সেন, প্রফুল্ল ঘোষ, অজয় মুখার্জীর যুগ নেই। এখন নতুন যুগ এসেছে। আপনি আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী, আপনার সম্মান আছে, আপনি পাম অ্যাভিনিউয়ের আট বাই আট ঘরে থাকতে ভালোবাসেন। অথচ রাজ্যের ডি জি তিনি পুলিশের বাংলোতে থাকবেন, পুলিশ কমিশনার রডন স্কোয়ারে বাংলোয় থাকবেন, সাউথ ২৪ পরগনার ডি এম-এর বাংলো থাকবে আর রাজ্যের মুখ্যমন্ত্রী, পুলিশমন্ত্রী কোয়ার্টারে থাকবেন, এটার পরিবর্তন হওয়া দরকার। বাইরের রাজ্যের প্রতিনিধিরা আসেন, তাঁরা কোথায় যাবেন আলোচনা করতে। তাঁরা নিশ্চয়ই পাম অ্যাভিনিউয়ের বাড়িতে আলোচনার জন্য যাবেন না, পার্টি অফিসে আলোচনার জন্য যাবেন না। এটা সম্ভব নয়। তাহলে বাইরে থেকে যাঁরা আসবেন তাঁরা কোথায় আলোচনা করবেন। বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে এটাকে দেখতে হবে। প্রথম যুক্তফ্রন্ট সরকারে যখন আপনারা আসেন তখন আপনারা 'আরাম হারাম হ্যায়' বলে এ সি মেসিন

তুলে ফেলে দিয়েছিলেন, পরে আবার নিয়ে আসলেন। বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে দেখতে হবে। স্পীকার সাহেবের তো এ সি নেই। আজকে মাননীয় ডেপুটি স্পীকারকে কত দূর থেকে ছুটে আসতে হয়। এগুলো বুঝতে হবে প্রশাসন চালাতে গেলে, এইগুলো দরকার। অষ্টারিটি মেন্টেন করতে চান সেটা আলাদা কথা, কিন্তু রাজ্যের স্বার্থও তো দেখতে হবে। রাজ্যের মুখ্যমন্ত্রীর বাংলো নেই, কোন মন্ত্রীর বাংলো নেই সেদিকে নজর দিতে হবে। আর একটা জিনিস আমি আপনাকে অনুরোধ করব। এডুকেশন বাজেটের দিন নিশ্চয়ই বলব। শিক্ষকদের পেনশন—এই ব্যাপারটা বলি যে, হাজার হাজার শিক্ষক আজকে পেনশন পাচ্ছেন না। তাঁরা অসহায় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে, আপনার ডু ইট নাউ শুধুমাত্র স্লোগান না করে এটাকে অবিলম্বে কার্যকরী করার চেষ্টা করুন। আর বেশি বলছি না শুধু অনুরোধ করব, কনস্ট্রাকটিভ সাজেশন দিই সেগুলো গ্রহণ করুন। ২৭ বছর ধরে এই রাজ্যের যে অবস্থা তৈরি হয়েছে তার থেকে বেরিয়ে আসুন। কার্যকরী ভূমিকা নিয়ে রাজ্যকে এগিয়ে নিয়ে যান। এই কথা বলে আমাদের কাট মোশনের সমর্থন করে আর যেহেতু আপনার এই বাজেট জনমুখী নয়, তাই এই বাজেটকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.10–3.20 p.m.]

শ্রী মোরসালিন মোল্লা : মিঃ স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় আজকে "কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার" বিভাগের ব্যয় বরাদ্দ ৪২ নম্বর যে দাবি পেশ করেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধীবন্ধুরা যে কাট মোশান এনেছেন তার বিরোধিতা করছি। আমাদের প্রশাসন যাদের উত্তরাধিকার হিসাবে উপনিবেশিক অবস্থান থেকে আমরা গ্রহণ করেছি, সেই প্রশাসনকে ত্রুটিমুক্ত করে বর্তমান প্রেক্ষাপটে নিশ্চিতভাবে একটা প্রতিযোগিতার সম্মুখীন হতে হচ্ছে। ওয়ার্ল্ড ম্যানেজমেন্ট টেকনিক বদলাচ্ছে, ইনফ্রাস্ট্রাকচার টেকনিক পরিবর্তন হচ্ছে দ্রুত হারে। সেই রকম একটা প্রেক্ষাপটে একটা পুরনো খাঁচাকে ধরে রেখে তার সংস্কার করে একটা দক্ষ গতিশীল দায়বদ্ধ প্রশাসন গড়ে তোলার কাজ দীর্ঘ ২৭ বছর ধরে বামফ্রন্ট সরকার চালিয়ে যাচ্ছেন। আমরা জানি আমাদের ভারতবর্ষে গণতান্ত্রিক স্বাধীনোত্তরকালে প্রশাসনিক সংস্কার করে জনমুখী করবার কাজ খুব বেশি ঘটেনি। এখানে বিরোধীবন্ধুরা অনেক কথা বলেন, মান্নান সাহেবও অনেক কথা বললেন। স্বাধীনতার পরে ঔপনিবেশিক প্রশাসনকে জনমুখী করবার জন্য যে কয়টি কমিটি গঠিত হয়েছিল তারা কি বলেছিল ? আমরা জানি পঞ্চাশের দশকে ১৯৫৭ সালে বলবন্ত রায় কমিটি গঠিত হয়েছিল প্রশাসনকে জনমুখী করার জন্য। সেই কমিটির যে বক্তব্য যে সুপারিশ করেছিলেন সেটাতে প্রশাসনের সমস্ত আধিকারিকদের ধরে নিয়ে একটা আমলাতান্ত্রিক চাপ তৈরি করার সুপারিশ ছিল। সমস্ত প্রশাসনের পরিকাঠামোকে ডেভেলপমেন্টাল এজেন্সি হিসাবে গড়ে তুলতে চেয়েছিলেন। সেখানে জনপ্রতিনিধিদের নেতৃত্ব এবং জনগণকে নিয়ে জনগণের কাজ করার সুপারিশ ছিল না। সেখানে জনপ্রতিনিধিরা চালিকাশক্তিতে থাকবেন এই রকমও ছিল না। সে জন্য পশ্চিমবাংলায় ১৯৪৭ সালের পর থেকে ৭০-এর দশক পর্যন্ত পশ্চিমবাংলার প্রশাসন জনগণের প্রশাসন ছিল না। কংগ্রেস দল

যখন এই প্রশাসন পরিচালনা করেছিলেন তখনও জনগণকে সঙ্গে নিয়ে চলার ভূমিকা প্রশাসনের ছিল না। আমরা ৬০-এর দশকে আর একটা কমিশন দেখলাম, অশোক মেহেতা কমিশন সেই কমিটিও যে সুপারিশ করেছিলেন সেখানে তাঁরা জনগণের হাতে ক্ষমতা দেওয়ার কথা বললেন না। প্রশাসনকে বিকেন্দ্রীকরণ করার কথা বললেন না। তখন কেন্দ্রে কংগ্রেসীরা ছিলেন সেই সময় সারকারিয়া কমিশন বলেছিলেন প্রশাসনকে বিকেন্দ্রীকরণ করতে হবে, আরও জনমুখী করতে হবে, রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে। তখন আজকে যাঁরা এখানে বক্তৃতা করছেন তাঁরা তখন সেটা সমর্থন করেননি। এইরকম একটা পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার তখন কমিটি গঠন করলেন অশোক মিত্রের নেতৃত্বে। তাঁরা বললেন এবং সেইভাবেই আমাদের এখানে কাজ হল। ৯১টা সুপারিশ করেছিলেন, তার মধ্যে ৭৮টা সুপারিশ গ্রহণ করলেন, ৩টে সরকার গ্রহণ করেননি, ১০টা এখনও কার্যকরী হয়নি।

কিন্তু এই সুপারিশের মধ্যে দিয়ে আমরা কি জিনিস দেখতে পেলাম ? আজকে বলছেন, আই.এ.এস., ডব্লু.বি.সি.এস., সচিব কিংবা আধিকারিকরা কীভাবে কাজ করেন ? যাঁরা জেলা সমার্হতা ডি.এম. আছেন, জেলা পরিষদের সঙ্গে যুক্ত ডি.এম. আছেন বলছেন ঝগড়া করছেন। ঘটনা কি তাই ? আমাদের ১৮টা জেলার সঙ্গে কলকাতাকে যুক্ত করলে ১৯টা জেলা হয়। প্রশাসনের যে বিকেন্দ্রীকরণের ব্যবস্থা আছে সেখানে কি সব ডি.এম.-এর সঙ্গে সভাধিপতির ঝগড়া হচ্ছে ? বি.ডি.ও.-র সঙ্গে সভাপতির ঝগড়া হচ্ছে ? কোথা থেকে এই ছবিগুলো আনছেন ? জনগণ কিন্তু এটা মানছে না। আমরা যখন পঞ্চায়েত ব্যবস্থার বিকেন্দ্রীকরণের হাত ধরে এগিয়ে গেলাম তখন আপনারা এই সব জিনিসে হাওয়া দিয়েছিলেন যে, বি.ডি.ও.-র কাছে সভাপতি যাবে না, সভাধিপতির কাছে বি.ডি.ও. যাবে না, প্রশাসনিক দ্বন্দ্ব হবে। কিন্তু সঠিক রাজনৈতিক নেতৃত্ব এবং দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে বামফ্রন্ট সরকার সঠিক কর্মসূচিকে, মানসিকতাকে এগিয়ে নিয়ে গিয়ে প্রশাসনের এই বেড়া, ঔপনিবেশিক মানসকিতার এই বেড়া জনগণের হাত ধরে, তাদের সহযোগিতায় এগোবে— এই বক্তব্য বাস্তবায়িত হল। তার ফলশ্রুতি এবং ফসল আমরা সামগ্রিকভাবে গ্রাম-বাংলার জীবনে দেখতে পাচ্ছি। প্রশাসন মহাকরণে দাঁড়িয়ে নেই, প্রত্যন্ত গ্রাম আজকে স্বায়ত্তশাসনের মন্দিরে পরিণত হয়েছে। এই পরিবর্তন কিছুতেই সম্ভব হত না যদি না আমাদের এখানে বামফ্রন্ট সরকার তার কর্মসূচি নিয়ে এগিয়ে যেতেন। আর এগিয়ে ছিলেন বলেই শুধু এখানেই নয়, প্রকল্প এবং পরিকল্পনা এবং সেই পরিকল্পনার মধ্যে ইতিবাচকভাবে সম্পৃক্ত হওয়া সম্ভবপর হয়েছে। এই অবস্থা গত ২৬ বছর ধরে পশ্চিমবাংলায় গড়ে উঠেছে কর্মসংস্কৃতির একটা উজ্জ্বল নমুনা হিসাবে যা সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে তুলনাহীন। এখানে মান্নান সাহেব অন্ধ্রপ্রদেশের কথা বলছিলেন। উনি এখন নেই। রাজস্থানে তো আপনাদের দল সরকারে রয়েছে সেখানে কি অবস্থা ? শুষ্ক, জল নেই, খাবার নেই, ত্রাণ নেই। প্রশাসন চলছে ? রাজস্থান খরা অঞ্চলে পর্যবসিত হয়েছে। আবার কংগ্রেস দল অসমে রাজ্য সরকার পরিচালনা করছে। কিন্তু দেখা যাচ্ছে মানুষ সেখানে বন্যায় ভেসে যাচ্ছে। প্রশাসন

চলছে ? কাজ করতে পারছেন সেখানে ? বলবন্ত সাহেবের সেই কমিটির সুপারিশের মধ্যে দিয়ে ? আপনি অন্ধ্রপ্রদেশের কথা বললেন। জানি বিশ্বায়নের যুগে সারা ভারতবর্ষ জুড়ে ১০-১২ ভাগ মানুষের জন্য উত্তরণের ফসল ভাগ করে নেওয়া হচ্ছে আর ৮০-৯০ ভাগ মানুষ নিরন্ন, নিরক্ষর অবস্থায় দাঁড়িয়ে আছে। অন্ধ্রপ্রদেশে তাদের কম্পিউটার টেকনোলজির ছবি দেখিয়ে ছবি বদলাতে পারবেন না, ইতিবাচক কর্মসূচি নিয়ে দাঁড়াতে হবে, এগোতে হবে। সেই দৃষ্টিভঙ্গি আমাদের এখানে—এই ৪২ নম্বর দাবির যা কাজ—এখানে গড়ে উঠেছে। আগে আমরা বুঝতে পারতাম না আমাদের 'কর্মীবর্গ এবং প্রশাসন' খাতে কত টাকা নির্দিষ্টভাবে ধরা হত। এটা এস্টিমেটস কমিটি তার প্রতিবেদনে বলেছে, আলাদা করা হয়েছে, আমরা দেখতে পাচ্ছি। আমাদের এখানে যে ৩.৭৫ লক্ষ এবং ৭.৪৫ লক্ষ টাকা এবং আবাসনের উন্নয়নের জন্য ৫ কোটি ৪০ লক্ষ টাকা ধরা হয়েছে তাতে আমাদের রাজ্যে কর্মী প্রশিক্ষণের ক্ষেত্রে আরো দায়বদ্ধ করার ক্ষেত্রে এবং বিকেন্দ্রীকৃত প্রশাসন গড়ার ক্ষেত্রে একটা সঠিক ভূমিকা পালন করা যাবে।

[3.20–3.30 p.m.]

আমি অভিনন্দন জানাবো আমার সরকারকে যে, একে আরো বেশিভাবে কর্মদ্যোগী করে গড়ে তোলার জন্য তারা প্রশাসনের প্রশিক্ষণের জন্য যে ব্যবস্থা নিয়েছেন, টাটা কনসালট্যান্সিকে ধরে যে কাজ করতে চাইছেন তাতে আমাদের পিছিয়ে পড়া অংশ, আমাদের কর্মীবাহিনীর মধ্যে যাঁরা রয়েছেন, তাঁরা আরো বেশি সমৃদ্ধ হবেন এবং এগিয়ে যেতে পারবেন। আমাদের জন-অভিযোগ দুর্বল ছিল—সেখানে ৪টে জন-অভিযোগ কেন্দ্র যেটা করা হয়েছে জেলাশাসকের দপ্তরকে ঘিরে, তার সঙ্গে এখানেও প্রশাসনিক ভবনের ক্ষেত্রেও যেটা রাখা হয়েছে তা আরো বেশি জনমুখী হচ্ছে এবং মানুষ তাঁদের অভিযোগ জানানোর জন্য এগিয়ে আসছেন। আমাদের একটা বিষয়ে এখানে আমি দৃষ্টি আকর্ষণ করব—পশ্চিমবাংলায় জনগণের ভাষার সঙ্গে মিলিয়ে প্রশাসনের ভাষা যুক্ত হোক, সমান হোক, সমৃদ্ধ হোক—এই দাবি বামফ্রন্টের ছিল, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নিজস্ব চেষ্টায় সামগ্রিকভাবে মন্ত্রী পরিষদ সেই কাজ করছেন এবং আমাদের এখানে বাংলা মুদ্র লেখক এবং লিপিকার আরো বাড়িয়ে পশ্চিমবাংলার মানুষ তাঁরা মাতৃভাষায়, বাংলা ভাষার মধ্যে দিয়ে প্রশাসনের সব খবরাখবর এবং নিজের অভাব-অভিযোগকে জানাতে পারেন এবং সেই কাজে তাঁরা এগিয়ে চলেছেন, আগের থেকে অনেক উন্নত হয়েছে, চিঠিপত্রের যোগাযোগ বাংলা ভাষার মাধ্যমে ঘটছে—একে আরো তরান্বিত করা যাতে হয় তার জন্য চেষ্টা করতে হবে। কারণ পশ্চিমবাংলার মানুষ তার নিজের ভাষার মধ্যে দিয়ে প্রশাসনের সঙ্গে সংযোগ আরো দৃঢ় করে তুলতে চায় এবং এই কাজে প্রশাসনে বাংলা ভাষার ব্যবহারের যে ধারা চলছে তা আরো জোরালো হোক এবং যেটুকু হচ্ছে তা আরো সমৃদ্ধ হোক—এই বক্তব্য বা সুপারিশ আমি রাখছি। আমাদের এখানে মাননীয় বিরোধীবন্ধু বললেন যে, প্রশাসন কাজ করছে না। সারা ভারতবর্ষের কথা ভাবুন তো। প্রশাসন যদি কাজ না করত তাহলে এতগুলো বর্গাদার নথিভুক্ত হত ? আইন তো ছিল। আপনারা করেননি আপনাদের পরিচালিত রাজ্যগুলোয় রাজনৈতিক স্বার্থে। কারা

করলেন এই কাজ ? ভূমিহীন মানুষদের ধরে ভূমি বিতরণের কাজ এই প্রশাসন যদি না করত—যার উজ্জ্বল দৃষ্টান্ত ভারতবর্ষের গণ্ডিতে নয়, গণ্ডি অতিক্রম করেও সেই ঘটনা কি ঘটত ? সে জন্য প্রশাসনের বন্ধুরা যাঁরা কাজ করছেন, যাঁরা সচিব, আধিকারিকরা কাজ করছেন, যাঁরা সাধারণ কর্মচারী কাজ করছেন—আপনারা তো তাঁদের অভিনন্দন জানাননি, তাঁদের অভিনন্দন জানানো উচিত। আমরা তো তাঁদের অভিনন্দন করি। কারণ তাঁরা জনগণের সঙ্গে আছেন, জনগণের স্বার্থে আছেন। একটা উদাহরণ দেখান না যে, খুব ভালো করে প্রশাসনের লোকেরা রাজনৈতিক সদিচ্ছাকে বাস্তবে রূপায়িত করেছে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে—পশ্চিমবাংলার তুলনায়। না, পাবেন না। পাবেন না, এই জন্য যে, কারণ এখানে রাজনৈতিক সদিচ্ছা আছে। আপনারা বারবার বলেন, কর্মচারীদের রাজনীতিকরণ করেদিচ্ছেন। রাজনীতি করবেন, রাজ্য চালাবেন, রাষ্ট্র চালাবেন—নীতির উপর দাঁড়িয়ে চলবে, কর্মসূচির উপর দাঁড়িয়ে চলবে, আর তা যদি চালাতে হয়, তাহলে কর্মীবাহিনীকে, সচিবালয়কে, আধিকারিকদের সেই কর্মসূচি বুঝতে হবে। আর আমরা যারা জনগণের প্রতিনিধি হিসেবে, আমার মন্ত্রী পরিষদ জনগণের প্রতিনিধি হিসেবে প্রশাসনের উপর দাঁড়িয়ে কাজটা করছেন, তখন তাঁদের কথা মেনেই তাঁদের শুনতে হবে, তাঁদের কর্মসূচিকে রূপায়িত করার কাজেই চলতে হবে। সেটা যদি রাজনীতিকরণ হয়, সেটা যদি রাজনীতির কাজ হয়, তবে আপনাদের কাছে পরিষ্কারভাবে, বলিষ্ঠভাবে বলতে চাই যে, আমরা রাজনীতি করব, আমাদের যে কর্মচারী বাহিনী যারা এই আদর্শে বিশ্বাস করে বামফ্রন্টের কর্মসূচিকে বাস্তবে রূপায়িত করতে চায়—আমরা সেই কর্মচারীবন্ধুদের অভিনন্দন জানাই। সেখানে রাজনীতি রাজনীতি বলে এত উষ্মা কেন ? রাজনীতি রাজনীতি বলে এত ভয় কেন ? স্পষ্ট, বলিষ্ঠভাবে রাজনৈতিক বক্তব্য এবং কর্মসূচিকে সেই কর্মীবাহিনীকেই তাকে প্রয়োগ করতে হবে। যদি প্রয়োগ না করা যায় তাহলে আপনাদের মতো রাজস্থান হবে, যেখানে ভূমিসংস্কার হবে না। আপনাদের মতো অন্ধ্রপ্রদেশ হবে, যেখানে কম্পিউটারে ছবি দেখাবেন কিন্তু জনগণের স্বার্থকে মর্যাদাপূর্ণ করা যাবে না। আমি আর একটি বিষয়ে আপনার কাছে দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় বন্ধু অভিযোগ করলেন যে, শিক্ষক মহাশয়দের পেনশন দেওয়া যাচ্ছে না। লক্ষ লক্ষ কর্মচারী সারা পশ্চিমবঙ্গ জুড়ে কাজ করছেন। এই কর্মচারীবন্ধুদের কত শতাংশ পেনশন বাকি আছে বলবেন ? দেখেছেন কোথাও ? আপনি কয়েকজন মাননীয় শিক্ষক মহাশয়দের উদাহরণ দিলেন পেনশন পাওয়ার। আমরা যারা শিক্ষা অঙ্গনে কাজ করি, আমরা জানি যারা এখন অবসর নিচ্ছেন সেই অবসরকালীন অবস্থার পূর্বে শিক্ষকতায় যখন তাঁরা এসেছিলেন তখন তাঁদের কাগজপত্র কি অবস্থায় ছিল। তাঁরা কখনও ভাবেননি যে, সরকার তাঁদের পেনশন দেবেন ? তাঁরা কখনও ভাবেননি যে তাঁদের আর্থিক সচ্ছলতার গ্যারান্টি হিসাবে বামফ্রন্ট সরকার দাঁড়াবে। স্বাভাবিকভাবে বামফ্রন্ট সরকারে আগে নিয়োজিত শিক্ষকবাহিনী, হাজার হাজার শিক্ষকদের সত্যি কাজ আটকে যাচ্ছে। কারোর সার্ভিস রেকর্ড ঠিক নেই আবার কারোর জন্ম তারিখের সার্টিফিকেটের ঠিক নেই, কারোর ম্যানেজিং কমিটির রেজলিউশন ঠিক নেই। ফলে এগুলি ঘুরে ঘুরে আসতে হচ্ছে। এটা যন্ত্রণা। নিশ্চিতভাবে যন্ত্রণা। প্রশাসনের দায়ে অবহেলার জন্য এই যন্ত্রণার ঘর তৈরি হয়নি। কারণ

আমরা এটাকে সত্য ভাষণ কেন বলব ? সেই জন্য আমরা বলতে চাই, আমি বলতে চাই যে, সত্যি সত্যি ভাবে যাঁরা আমাদের শিক্ষক সমাজের জন্য ভাবছেন, তাঁরা এগিয়ে আসুন, তাঁরা সহযোগিতা করুন, নিশ্চিতভাবে বামফ্রন্ট সরকারে এবং তার কর্মীবাহিনী শিক্ষক সমাজের এই করুণ অবস্থা দেখে সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন। আমি একটি কথা বুঝতে পারলাম না যে মান্নান সাহেব বললেন, ডি.এম. সাহেবের যে বাংলো আছে যা ব্রিটিশের তৈরি বাংলো। আমি অবশ্য সব জেলার বাংলো দেখিনি। সেই বাংলো খুব খোলামেলা। মান্নান সাহেব কি বলতে চান সেই বাংলো ভেঙে দেব ? আমরা সুপারিশ করব বাংলো সব ভেঙে যাক ? না স্বাধীনতা উত্তরকালে ব্রিটিশদের তৈরি বাংলোকে প্রশাসনিক কাজে আরো দক্ষ ভূমিকায় দাঁড়িয়ে থাক সেটা চাইব ? আমি পরিশেষে অশোক মিত্র কমিশনের যে সুপারিশ সেই সুপারিশের সঙ্গে আমার জেলা দক্ষিণ ২৪-পরগনার ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব যে, আলিপুরে আমাদের জেলার যে সমার্হতার অফিস আছে সেই অফিসকে কলকাতা থেকে সরিয়ে এই যে বিকেন্দ্রীকরণের প্রক্রিয়া চলছে তা যেন আমাদের জেলার মধ্যভাগে চলে আসে। কারণ সেই প্রত্যন্ত সন্দেশখালি, প্রত্যন্ত সেই গোসাবা থেকে মানুষের আসতে সত্যিই এখনও কষ্ট হচ্ছে। তাই আমি এই দাবিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ ইয়াকুব : স্পীকার স্যার, ৪২ নম্বর দাবির অধীনে ব্যয়-বরাদ্দ মঞ্জুরি সম্পর্কে কর্মীবর্গ প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে মঞ্জুরির জন্য এখানে দাবি পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা উল্লেখ করতে চাই। আমাদের বিধানসভার মূল বিরোধী দল, তারা বয়কট করেছেন। গণতন্ত্রে নির্বাচিত প্রতিনিধিদের একটা বিরাট দায়িত্ব—বিধানসভার মধ্যে দাঁড়িয়ে সরকারের সমালোচনা করা, সরকারের কাজকর্মের ত্রুটি-বিচ্যুতি দেখা। এটাই কিন্তু সংসদীয় রাজনীতিতে পার্লামেন্টারী ডেমোক্রেসির মধ্যে। বিধানসভায় সেটা উল্লেখ করা।

[3.30–3.40 p.m.]

কিন্তু দুঃখের কথা, তাঁরা এই সভার বাইরে নানা অজুহাতে নানা অভিযোগ তুলে আমাদের বর্তমান বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে ব্যাপক হারে প্রচার করছেন। এমনকি কেন্দ্র থেকে এন ডি এ সরকারের প্রতিনিধিদের নিয়ে এসে রাজ্যের বর্তমান বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে নানান কথা বলাবার চেষ্টা করছেন। যাঁরা পশ্চিমবাংলার পরিবেশ পরিমণ্ডল চেনেন না, জানেন না তাঁদের এখানে নিয়ে এসে তাঁদের দিয়ে নানান কথা বলানো হচ্ছে সাংবাদিকদের কাছে। আমাদের সরকারের দীর্ঘ ২৭ বছরের গড়ে ওঠা ভাবমূর্তিকে নষ্ট করার জন্য নানা কায়দা করে নিজেদের ফায়দা তোলার নানারকম কৌশল অবলম্বন করে চলেছেন। কি বলা হচ্ছে ? এখানে নাকি গণতন্ত্র নেই ! এখানে—পশ্চিমবাংলায় নাকি নির্বাচন সুষ্ঠুভাবে করা যায় না ! সন্ত্রাসের রাজত্ব চলছে ! আমি তাঁদের এই সব অভিযোগের তীব্র বিরোধিতা করছি। এ রাজ্যে আমরা সম্পূর্ণ গণতান্ত্রিক রীতি-নীতি মেনে ছয়-ছয়টা পঞ্চায়েত নির্বাচন

অনুষ্ঠিত করেছি। বারবার পৌরসভাগুলির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। পরের পর বিধানসভার নির্বাচন হয়েছে। যাঁরা বাইরে থেকে এসেছেন তাঁরা এখানকার কোনো কিছু না বুঝে আমাদের প্রধান বিরোধী দলের কথা শুনে তাঁদের কথা নিজেদের মুখে বসাবার চেষ্টা করছেন, বলবার চেষ্টা করছেন। এর মধ্যে দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমাদের বামফ্রন্ট সরকারের রাজ্যের জনগণের কাছে যে দায়বদ্ধতা আছে তা বিগত ২৬ বছর ধরে পালন করার চেষ্টা করা হচ্ছে। নানারকম প্রতিকূলতার মধ্যে থেকেও বামফ্রন্ট সরকার প্রশাসনিক দিক দিয়ে কর্মীবর্গের কর্ম উদ্যোগ বৃদ্ধির উদ্দেশ্যে তাঁদের উৎসাহিত করার জন্য সমস্ত রকম উপকরণ যোগান দেওয়ার চেষ্টা করে চলেছে। সরকারের এই প্রচেষ্টা এবং বিভিন্ন কর্ম উদ্যোগকে কীভাবে তছনছ করা যায়, কীভাবে রাজ্যে একটা অরাজক অবস্থা সৃষ্টি করা যায়, তার জন্য আমাদের প্রধান বিরোধী পক্ষ সব সময় চেষ্টা চালিয়ে যাচ্ছেন। স্বাভাবিকভাবেই এই ৪২ নং দাবির অধীন ব্যয়-বরাদ্দ মঞ্জুরিকে সমর্থন জানিয়ে এই কথাই বলতে চাই যে, ইতিমধ্যে নিশ্চয়ই আমাদের পশ্চিমবাংলায় জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে, এই জনসংখ্যাকে সঠিকভাবে পরিচালিত করার জন্য আমাদের আজকে সঠিকভাবে বিজ্ঞান এবং প্রযুক্তির সাহায্য গ্রহণ করতে হবে। প্রশাসনকে সচল রাখার জন্য কর্মীবর্গকে আরো বেশি বেশি করে সঠিক কাজে নিয়োজিত করতে হবে। সে জন্য নিশ্চয়ই তাঁদের উৎসাহও দিতে হবে। আমরা জানি সেদিকে আমাদের সরকারের নজর আছে। আমাদের ৮ কোটি জনগণের কথা সব সময় আমাদের মনে রাখতে হবে। একটু আগে মাননীয় বিরোধীবন্ধু অনেক কথাই বললেন। সে প্রসঙ্গে আমি যেতে চাই না। সব কিছুর সাথে সাথে আমাদের আর্থিক দিকটার কথাও মনে রাখতে হবে। আমাদের দেখতে হবে যে, আমাদের নিজস্ব রাজস্ব আয় কতটা বেড়েছে এবং তার পাশাপাশি আমাদের কেন্দ্রের কাছ থেকে বাৎসরিক যে পাওনা, তাঁদের বরাদ্দকৃত অর্থের কতটা আমরা পাচ্ছি। এইরকম একটা আর্থিক অবস্থার মধ্যে দাঁড়িয়ে এবং আমাদের যে পরিকাঠামো আছে তার মধ্যে ব্যাপক হারে কিছু করা সম্ভব নয়। আমরা এটাকে বাস্তব বলে মনে করি বর্তমান অবস্থার মধ্যে। স্বাভাবিকভাবেই আমাদের সরকার কর্মীবর্গ এবং পদাধিকারী যাঁরা আছেন তাঁদের যাতে কাজটা আরো দ্রুত গতিতে হতে পারে, সুষ্ঠুভাবে হতে পারে সেই উদ্দেশ্য নিয়ে তাঁদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তাঁদেরকে নানাভাবে বোঝানো হচ্ছে, শেখানো হচ্ছে যে, জনগণের সাথে নিবিড় সম্পর্ক থাকবে এবং সেই সম্পর্ক গড়ে তুলতে হবে। পাশাপাশি যে যে দপ্তরের যাঁদের যা দায়িত্ব আছে সেই আধিকারিক এবং তাঁদের অধীনস্ত যেসব কর্মীবর্গ আছেন তাঁদের মধ্যে একটা যোগাযোগ এবং তাঁরা দায়িত্ব নিয়ে প্রশাসনের যে কাজ আছে সেই কাজগুলি তাঁরা যাতে পালন করতে পারে এই বিজ্ঞান এবং প্রযুক্তির যুগে সেইভাবে সরকারকে এগিয়ে নিয়ে যাওয়া দরকার এবং সেই কাজই করার চেষ্টা করছেন। বিশেষ করে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী তাঁর অভিজ্ঞতার মধ্য দিয়ে তিনি চেষ্টা করে যাচ্ছেন। এই কম্পিউটারের যুগে স্বাভাবিকভাবেই কম্পিউটার সিস্টেম বিভিন্ন দপ্তরে চালু করা হচ্ছে যাতে বিভিন্ন তথ্য সেখানে সংগৃহীত থাকে, বিভিন্ন রেকর্ড থাকে, বিভিন্ন বিষয়ের উপর কাজগুলি যাতে দ্রুতগতিতে হতে পারে সেই ব্যবস্থা অনেকটা এগিয়ে গেছে। এছাড়া একটা জেলার সাথে মহাকরণের সঙ্গে যাতে যোগাযোগ হয় অথবা একটা

জেলার সাথে আর একটা জেলার সমস্ত ইনফরমেশন যাতে দ্রুতগতিতে কালেক্ট করা যায় সেইরকম আধুনিক সমস্ত রকমের ব্যবস্থা করার চেষ্টা চলছে। সে ক্ষেত্রে কর্মীবর্গ এবং আধিকারিকদের প্রশিক্ষণের মাধ্যমে কাজে নিয়ে যাবার যে চেষ্টা চলছে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। হ্যাঁ, এর পাশাপাশি দু-একটি বিষয় উল্লেখ করতে চাই, মহাকরণে এমন বহু দপ্তর আছে—যেমন উদাহরণ দিয়ে বলা যায়, স্বাস্থ্য দপ্তর এখনও মহাকরণে আছে, কিন্তু কনজেস্টেড, খুবই ঘিঞ্জি। বহু কর্মীবর্গ আছে যারা সুষ্ঠুভাবে, খোলামেলা পরিবেশের মধ্যে কাজকর্ম করবে সেইরকম অবস্থায় নেই। এছাড়া ওখানে টেবিল-চেয়ার বেড়েছে, কর্মচারীদের উপর নানা রকমের কাজের দায়িত্বও বেড়েছে এবং তাদের সংখ্যাও বেড়ে গেছে। একটা সুস্থ পরিবেশের মধ্যে যাতে কর্মীবর্গরা কাজকর্ম করতে পারে সেই ব্যাপারে নিশ্চয়ই আমাদের মাননীয় মন্ত্রী চিন্তা-ভাবনা করবেন। সল্টলেকে অনেক দপ্তর ট্রান্সফার হয়েছে। সেখানকার পরিবেশ খুবই ভালো, তবে যাতায়াতের অসুবিধা আছে—এতে কোনো সন্দেহ নেই। এই যে দূরত্ব, এই দূরত্বের উপর নজর দেওয়া দরকার। এমন অভিযোগ আমাদের সরকারের পক্ষ থেকে করা হয়েছে যা কোনোদিন বিরোধীরা ভাবতে পারেনি, তাদের যখন জমানা ছিল তারা এইরকম ব্যবস্থা করেনি। আমাদের কলকাতা ছাড়া বিভিন্ন জেলায় যেসব সরকারি অফিস আছে সেখানে অভিযোগ কিছু থাকলে সেই অভিযোগগুলি দায়ের করার জন্য সব রকমের ব্যবস্থা করা হয়েছে। ২০০২-২০০৩ সালে ৮,৮০৬টি অভিযোগ আসে। তার মধ্যে ৭,৫৭৮টি অভিযোগের প্রতিকার করা হয়েছে, তার ব্যবস্থা করা হয়েছে।

[3.40–3.50 p.m.]

তা সত্ত্বেও বিরোধীরা কি বলবেন, প্রশাসনের বিষয় তাঁরা কি উল্লেখ করবেন জানি না। কেন্দ্রে যাঁরা সরকার চালাচ্ছেন সেই এন.ডি.এ.-র প্রতিনিধিদের বিরোধীদল এখানে নিয়ে এসেছেন এবং তাঁরা ঘুরে-ফিরে দেখছেন। তাঁদের বলব, এখানে বামফ্রন্ট সরকার প্রশাসনকে কীভাবে চালাচ্ছেন সেটা একটু দেখে যান। আমাদের প্রশাসন সুষ্ঠুভাবে এখানে নির্বাচনগুলি করেছেন। যেখানে যেখানে যে ব্যবস্থা নেওয়া দরকার সেগুলি তাঁরা নিয়েছেন। আমাদের আধিকারিকগণ যেখানে যে দায়িত্ব পেয়েছেন সেই দায়িত্ব সম্পূর্ণভাবে রূপায়িত করার জন্য আপ্রাণ চেষ্টা করে গিয়েছেন। শুধু নির্বাচন নয়, এখানে বিরাট বিরাট সব পরিকল্পনা রূপায়িত করার জন্য আমাদের প্রশাসন ও কর্মীবর্গ যেভাবে দায়িত্ব পালন করা দরকার সেইভাবে তা করার চেষ্টা করে গিয়েছেন। বিভিন্ন দপ্তরে হাজিরার ব্যাপারটাও অনেক উন্নত হয়েছে। তবে খেলার মরশুমে একটু অসুবিধা হয়। বাঙালি খেলা-পাগল তাই খেলার দিনে একটু অসুবিধা হয়। ক্রিকেট খেলা বলুন বা ইস্টবেঙ্গল-মোহনবাগানের খেলা বলুন, সেসব দিনগুলিতে একটু অসুবিধা হয়। এদিকে নজর দিতে হবে। এই বলে বাজেটকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী মহবুবুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪২ নং দাবির অধীনে ২০০৩-২০০৪ সালের যে ব্যয়-বরাদ্দের দাবি মাননীয় মুখ্যমন্ত্রী পেশ করেছেন সেই সাধারণ প্রশাসন ও কর্মীবর্গ বিভাগের দাবি আমি সমর্থন করতে পারছি না, আমি এর উপর আমাদের দলের

তরফ থেকে যেসব ছাঁটাই প্রস্তাব এসেছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, ওর সাধ আছে কিন্তু সাধ্য নেই সেটা আর একবার প্রমাণিত হয়ে গেল এই বাজেটের ভেতর দিয়ে। সব দপ্তরের মধ্যে ভাগ করে দেওয়ার পর যেটুকু বেঁচেছে সেইটুকু অর্থ নিয়ে গৃহকর্তা হিসাবে ওঁকে সন্তুষ্ট থাকতে হয়েছে, কাজেই যেসব কাজের কথা তিনি বলেছিলেন সেই সব কাজ এই টাকায় হবে না, ওর আরো বেশি টাকার দরকার ছিল, সেটা না পাওয়ায় এই বাজেটকে সমর্থন করতে পারছি না। একটা জায়গায় উনি ৫ লক্ষ ৪০ হাজার টাকা সম্প্রসারণ ও কর্মী আবাস ইত্যাদির জন্য বলেছেন, আর এক জায়গায় ১ লক্ষ ৮০ হাজার টাকার কথা বলেছেন, কিন্তু উনি যেসব কাজের কথা বলেছেন ওর যা বরাদ্দ তা দিয়ে সেই সব কাজ উনি করতে পারবেন না। স্যার, এই প্রসঙ্গে একটি প্রশ্নের উত্তর যা এখানে দেওয়া হয়েছে সেটার একটু উল্লেখ করতে চাই। ১১-১২-৯৮ তারিখে অনুমোদিত প্রশ্ন নয় ১০৯-এর উত্তরে উনি বলেছিলেন যে, টাস্ক ফোর্সের সুপারিশ অনুযায়ী নিয়মানুবর্তিতা বজায় রাখার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করবেন। দ্রুত কার্য সম্পাদনের জন্য নিয়মিত কেস ডায়েরি রাখার ব্যবস্থা করবেন, সরকারি কাজে বাংলা ভাষার ব্যবহার চালু করবেন, সচিবালয়ের কর্মীদের প্রশিক্ষণ দেবেন, উচ্চস্তরের আধিকারিকদের দ্বারা সর্বস্তরে কাজের তদারকির ব্যবস্থা করবেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই যেসব প্রতিশ্রুতি দিয়েছিলেন আমি জানতে চাই তার কতটা তিনি পূরণ করতে পেরেছেন। ৫নং প্যারাতে বলা হয়েছে যে, তিনটি প্রশিক্ষণ কেন্দ্র করেছেন—জলপাইগুড়ি, বর্ধমান, মেদিনীপুরে। ভালো কথা। সেখানে প্রশিক্ষণ যেটা দেওয়া হচ্ছে সেটা কি ধরনের ? কারণ প্রোমোটি আই এ এস অফিসার, আই পি এস অফিসার এবং ডব্লু বি সি এস অফিসারদের মধ্যে কোনো সমন্বয় নেই। একজন একদিকে চলছে আর একজন আর একদিকে চলছে। বি.ডি.ও., ডি.এম., এস.ডি.ও. এবং এস.পি.-দের মধ্যে কোনো সমন্বয় নেই। সমন্বয়ের অভাবে কোনো কাজকে এগিয়ে নিয়ে যাওয়া যাচ্ছে না। আপনার প্রশাসনকে দুর্নীতিমুক্ত করা এবং স্বচ্ছ প্রশাসন করার কথা। আপনি দায়িত্বশীল একনিষ্ঠ গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে যাচ্ছেন বলেছেন। কথা হচ্ছে আমরা দেখতে পাচ্ছি সরকারি প্রশাসনে সেই পরিবেশ নেই। এক নম্বর হচ্ছে, আপনার রাজনৈতিক দল প্রশাসনের মধ্যে প্রবেশ করছে। প্রশাসনের মধ্যে প্রবেশ করার ফলে প্রশাসন তার কাজকর্ম স্বাধীনভাবে করতে পারছে না। তারা হস্তক্ষেপ করছে। এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ট্রেনিং দেওয়া হল, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রামপঞ্চায়েত, এদের কাজগুলো করার কথা। কিন্তু দেখতে পাচ্ছি এত বেশি হস্তক্ষেপ যে অন্যায় করলেও সরকার পক্ষের সদস্য-সদস্যারা পার পেয়ে যাচ্ছে। এইভাবে সুষ্ঠুভাবে প্রশাসন চলতে পারে না। আমরা যখন বিভিন্ন রকম কাজে যাই তখন দেখি কর্মচারীরা নেই। কি ব্যাপার ? তারা রাজনীতি করছে। সই ঠিক করছে কিন্তু দেখতে পাচ্ছি চেয়ারে নেই, কেউ হয়তো পার্টির কাজে চলে গেছে। ৫০ হাজার কর্মী পশ্চিমবাংলার বিভিন্ন দপ্তরে রিটেয়ার করেছে, পদগুলো পূরণ করতে পারেননি। এখন যদি ৫০ হাজার কর্মী ঘাটতি থাকে তাহলে কেমন করে কর্মীর অভাবে প্রশাসন সুষ্ঠুভাবে চালাবেন এই বিষয়ে আমার সন্দেহ আছে। ওয়ার্ক কালচারের কথা বলেছেন। আমি একটা উদাহরণ দিচ্ছি ওয়ার্ক কালচার সম্বন্ধে। চাঁচল সাব-ডিভিশন করা

হয়েছে। সেখানে হাসপাতাল করার জন্য সূর্যবাবুকে চিঠি দিয়েছিলাম, ওনার সঙ্গে আলোচনা করেছিলাম। ডাইরেক্টর অফ ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং থেকে ডাক্তার কর জেলা প্রশাসনকে চিঠি দিয়ে জানিয়েছিলেন, চাঁচলে যে মহকুমা হয়েছে তার গেজেট এবং ডি.সি.সি.-র সুপারিশ এবং ৩ বছর হাসপাতালে যে অ্যাক্টিভিটিজ হয়েছে সেই ব্যাপারে জানতে চেয়েছিলেন। ৬ জুন ২০০২ সালে চাওয়া হল। প্রশাসন এবং জেলা পরিষদ কিরকম কাজ করছে দেখুন, সেই মিটিং হল ১৬ জুন ২০০৩ তারিখে। আমি চেষ্টা করে বলে বলে সেই মিটিং করাতে পারলাম। কি উন্নয়ন হবে তার যে সুপারিশ করা হবে তার মিটিং হল ১৬ জুন ২০০৩ তারিখে। এক বছর ১০ দিন বাদে ডাইরেক্টরে চিঠি যাবে তার সুপারিশের জন্য মিটিং হল। কি পাঠিয়েছে জানি না। এটা কি ধরনের কর্মসংস্কৃতি, এটা আপনি আমাদের বুঝিয়ে দেবেন। এই জিনিসগুলো আপনার দেখা উচিত। ব্লক থেকে মহকুমা হল, কার্যালয় নির্মাণের জন্য ব্যয়-বরাদ্দের দাবি করেছেন। এত অল্প টাকায় কি হবে ? চাঁচল মহকুমা ২০০১ সালে ঘোষণা করা হয়েছিল। মহকুমাবিহীন মালদা, সেখানে মহকুমার ডিক্লারেশান দেওয়া হয়েছিল আড়াই বছর আগে, আড়াই বছর পার হয়ে গেল সেখানে একটা এস.টি. মহিলাদের হস্টেলে এস ডি ও বসছেন। সেখানে প্রশাসনের অন্য বিভাগগুলোর বুনিয়াদ সৃষ্টি হল না, আজ পর্যন্ত ট্রেজারি চালু হল না, আদালত চালু হল না, আনুষঙ্গিক এস.ডি.পি.ও. অফিস, পুলিশ প্রশাসন অফিস এখনও পর্যন্ত মঞ্জুর হল না। আরো আনুষঙ্গিক অফিস দরকার সেইগুলোও আড়াই বছরেও শুরু হল না।

[3.50–4.00 p.m.]

তাহলে আমরা কেমন করে বলতে পারব যে মাননীয় মুখ্যমন্ত্রী একটা গতিশীল প্রশাসন উপহার দেবেন ? মাননীয় মুখ্যমন্ত্রীর সদিচ্ছা আছে। উনি রিক্‌শা চেপে ডাকাতির ঘটনার পর দেখতে গেলেন। কিন্তু দেখা গেল তারপর ডাকাতির সংখ্যা বেড়ে গেল। মাদ্রাসার ব্যাপারে দশ পা এগিয়ে আবার তাঁকে পিছিয়ে আসতে হল। শিক্ষকদের ব্যাপারে তিনি একটা সিদ্ধান্ত নিলেন, আমরা দেখলাম, সেখান থেকে তাঁকে ফিরে আসতে হল। বহরমপুরে শিশু-মৃত্যুর ক্ষেত্রে আমরা স্বাস্থ্য বিভাগের কর্মসংস্কৃতি কেমন তা দেখলাম। আমরা দেখলাম, স্বয়ং মুখ্যমন্ত্রীকে সেখানে যেতে হল। যেখানে স্বয়ং মুখ্যমন্ত্রী যাচ্ছেন, সেখানে দেখলাম 'ডোন্ট কেয়ার' ভাব। আইনকে ফাঁকি দিয়েও ডোন্ট কেয়ার ভাব। এর কারণ কি, তাদের ইউনিয়ন আছে। তারা হুমকি দিচ্ছে। যারা দোষী ডাক্তার তাঁদের শাস্তি দিলে তারা সমস্ত পশ্চিমবাংলাকে অচল করে দেবে, স্বাস্থ্য পরিষেবাকে অচল করে দেবে। আমি জানি না, মাননীয় মুখ্যমন্ত্রী প্রশাসনকে সুষ্ঠু ও গতিশীল করার জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, এই টাকা ব্যয় করে কীভাবে গতিশীল করবেন, এই বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। আমরা ট্রেনিং-এর কথা শুনলাম। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় এখানে বলেছেন—'....১১২টি প্রশিক্ষণ কর্মসূচিতে ২,৩০০ জনের বেশি প্রশিক্ষণপ্রার্থী অংশগ্রহণ করেছেন। সরকারের নীতিসমূহ, অগ্রাধিকার ক্ষেত্রসমূহ এবং আইনবিধিগুলির পরিবর্তন সম্বন্ধে সমস্ত বিভাগের আধিকারিক ও কর্মীবর্গকে ওয়াকিবহাল করার উদ্দেশ্যে নবায়নী

শিক্ষাক্রম নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়।....' এখন কথা হচ্ছে, এখানে অফিসারদের এই যে কথাগুলো শোনালেন, তাঁদের ট্রেনিং দিলেন, এরপর তাঁদের দিয়ে কাজ করাতে গেলে, সরকারের উদ্দেশ্যকে কাজে পরিণত করতে দিলে তো সফলতা আসবে। কারণ কর্মচারীদের ইউনিয়ন আছে। এস.ডি.ও., বি.ডি.ও. এই সমস্ত অফিসারদের সঠিকভাবে ট্রেনিং দিয়ে কাজ করার ক্ষমতা আপনার নেই। কর্মচারী সংগঠন-এর যাঁরা আছেন, তাঁদের কথায় সরকারকে উঠতে বসতে হবে। আজকে প্রশাসন এইভাবে চলছে। ট্রেনিং দেবার পর আমরা দেখলাম, দক্ষিণবঙ্গে যারা সরকারের পক্ষে আছে, কো-অর্ডিনেশনকে দিয়ে, পুলিশ থেকে আরম্ভ করে সরকারি আধিকারিকদের এমনভাবে রাখলেন—পার্টির মদতে সব কিছু হল—যাতে নির্বাচনে নমিনেশন ফাইল করতে না পারে। অত্যন্ত সুকৌশলে সব কিছু করা হল। এমনকি নির্বাচনে কারচুপিতেও পিছপা হলেন না। দেখা গেল, কারচুপি করে ভোটের ফলকে উল্টে দিলেন। গণতন্ত্রকে রক্ষা করার জন্য নয়, সরকারকে মদত দেবার জন্য তারা সরকারকে সেবা করে যাচ্ছে। তাই মাননীয় মুখ্যমন্ত্রী যে পদক্ষেপ নিয়েছেন তা কতটা সফল হবেন তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে। ওয়ার্ক কালচারের কথা আপনি বলছেন। এর জন্য রাজ্য সরকারকে অন্যভাবে চিন্তা-ভাবনা করতে হবে। প্রথমত, শূন্য পদগুলিকে পূরণ করতে হবে। আজকে মালদহতে কি হয়ে গেল। সেখানে বহু শিক্ষক পেনশন পাচ্ছেন না। আমি জানি না, যাঁরা পেনশন পাননি তাঁদের কি হবে ? যে শিক্ষকরা পেনশন না পেয়ে মারা গেছেন, তাঁদের পরিবারের কি হবে জানি না, তাঁদের পেনশন ট্রেজারিতে আছে। ট্রেজারিতে গেলে ওখানে যাঁরা আছেন তাঁরা বলেন, তাঁদের কাজের চাপ এত বেশি যে তাঁরা কাজ করে উঠতে পারছেন না। তাই আমি বলব, মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, আমার মনে হয় আরো বেশি টাকার দাবি তাঁর পেশ করা উচিত ছিল। আমি তাই এই ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করতে পারছি না।

শ্রী তপন হোড় : মাননীয় চেয়ারম্যান স্যার, কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কার বিভাগের যে ব্যয়-বরাদ্দের দাবি মাননীয় মুখ্যমন্ত্রী এনেছেন তাঁকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। সেটা হচ্ছে যে, আমাদের বিরোধী দলের মাননীয় মান্নান সাহেব এবং মহবুবুল হক মহাশয় ওয়ার্ক কালচার নিয়ে কথা বলেছেন। আমি এই প্রসঙ্গে গোড়ার থেকে একটু বলি—একটা সময় ছিল যে রাষ্ট্র কর্মসংস্থানের উদ্যোগ নেবেন এবং সেখানে কর্মসংস্থানের উদ্যোগের মধ্যে দিয়ে তারা এখানে যে কর্মচারী, তাদের সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবেন। এটাই ছিল কনসেপশন। কিন্তু আশির দশকে যে ওয়াশিংটন কনসেনশাস হল তাতে পরিষ্কার বলা হল যে, এই কনসেপশনটা উল্টো হয়ে যাবে। সেখানে বলা হয়েছে যে, রাষ্ট্র কোনো কর্মসংস্থানের উদ্যোগ গ্রহণ করবে না। রাষ্ট্র কর্মসংস্থানের উদ্যোগ গ্রহণ না করে বিশ্বায়ন, প্রাইভেটাইজেশনের মধ্যে দিয়ে আমাদের সমাজের অর্থনৈতিক প্রগতি অনেকটা বাড়িয়ে তুলবেন। এই কনসেপ্ট ওয়াশিংটন কনসেনশাসে হয়েছিল এবং সেটাকেই ডব্লু টি ও-র মধ্যে দিয়ে এস্টাব্লিস করার চেষ্টা করা হচ্ছে। প্রাইভেটাইজেশন যাতে আরো বেশি বেশি করে জনমানসের মধ্যে গ্রহণীয় করে তোলা যায় এবং তার এক্সেপ্টেবিলিটি বেশি বেশি করে করা

যায় তার জন্য কিছু পরিকল্পনাও গ্রহণ করা হয়েছিল এবং ডব্লু.টি.ও. তার একটা প্রকৃষ্ট উদাহরণ। আর আমাদের কেন্দ্রীয় সরকারও নির্লজ্জভাবে তাদের তাবেদারি করে যাচ্ছে। এই কারণেই এই কথাগুলো আমি বলছি। এই যে চক্রান্ত, গ্লোবালাইজেশন এবং প্রাইভেটাইজেশন করার চেষ্টা তার ফলে যাঁরা রাষ্ট্রীয় উদ্যোগে যেসব কর্মী আছেন তাঁদের আর প্রয়োজন হচ্ছে না। তাঁদের আর প্রয়োজন কি এই বিষয়টাকে প্রতিষ্ঠা করার চেষ্টা করা হচ্ছে এবং সেখানে আমরা দেখছি কি—এই কথা বলা হচ্ছে যে, স্থায়ী কর্মচারীদের কাছ থেকে ভালো কাজ পাওয়া যাচ্ছে না, কিন্তু চুক্তির ভিত্তিতে বা বেসরকারি যে সমস্ত কর্মচারী তাদের কাছ থেকে অনেক বেশি রিটার্ন আসছে, এইরকম একটা প্রচার চলছে। একটা গ্রুপ ডি কর্মচারীর যে বেতন এবং একজন ক্ষেতমজুরের যে অ্যাভারেজ রোজগার, তার মধ্যে যে পার্থক্য তাতে ওই কর্মচারীদের কাছ থেকে আউট কাম ঠিকমতো আসছে না এইরকম একটা প্রচার চলছে। আর যেসব কর্মচারীদের ওয়ার্ক কালচার নেই, তারাই আজকে ওয়াশিংটনের কনসেনশাসকে সামনে রেখে বলতে চাইছেন যে, প্রাইভেটাইজেশনই আমাদের সমাজের অগ্রগতির মূল কারণ হয়ে দাঁড়িয়েছে। সুতরাং সরকারি স্থায়ী কর্মচারী, রাষ্ট্রীয় উদ্যোগে যেসব কর্মচারী আছেন তাঁদের আর খুব একটা প্রয়োজন হচ্ছে না। এই যে চক্রান্ত চলছে এটা আমরা আপনারা সকলেই জানি এবং পশ্চিমবঙ্গে, সারা ভারতবর্ষে এবং বিশেষ করে পশ্চিমবঙ্গে এই যে সরকারি কর্মচারী, তারা শ্রমিক শ্রেণি, এরা এবং শিক্ষক শ্রেণি আন্দোলন করে নিজেদের অধিকার, সুযোগ-সুবিধা অর্জন করেছে। এই যে আন্দোলন এগুলো করার কারণ কি ছিল—কংগ্রেস আমলে এদের কোনো নিরাপত্তা ছিল না। কিন্তু আজকে যে সুযোগ-সুবিধা এবং অধিকার অর্জন করেছে সেটা কিন্তু তাদের এমনি এমনি হয়নি। লাগাতার সংগ্রামের মধ্যে দিয়ে, রক্তক্ষয়ী সংগ্রামের মধ্যে দিয়ে এই রূপ গ্রহণ করেছে। কাজেই যে জায়গায় আমরা দাঁড় করিয়েছি সেখানে বারেবারে একটা কথা বলা হচ্ছে যে, রাজ্য সরকারি কর্মচারীরা ফাঁকি দিচ্ছে, ওদের অ্যাসুয়র্ড লাইফ, কোনো দায়িত্ব নেই, ওদের কাছ থেকে কোনো রিটার্ন পাওয়া যায় না। এমনকি অধ্যাপক, শিক্ষক তাঁরাও নাকি ফাঁকি দিচ্ছেন, তাঁরা অ্যাসুয়র্ড লাইফ লিড করছেন এবং তাঁদের কাছ থেকে কোনো আউট কাম পাওয়া যাচ্ছে না। এই ধরনের প্রচার চালানো হচ্ছে। সবচেয়ে মজার ব্যাপার যে, সরকারি কর্মচারীদেরই একটা অংশ এই ওয়ার্ক কালচার নিয়ে সমালোচনা করেছেন। এই ক্ষেত্রে আমি বলতে চাই যে, সরকারি কর্মচারীদের একটা অংশ যাঁরা এই ওয়ার্ক কালচার নিয়ে সমালোচনা করছেন তাঁরাই ওয়ার্ক কালচারটাকে নিম্নগামী করতে চাইছেন এবং এক্ষেত্রে তাঁদের একটা ভূমিকা আছে। সরকারি কর্মচারীরা এই ওয়ার্ক কালচারের সাযুজ্য বজায় রেখে জনমুখী কার্যক্রম করে চলেছেন। সরকারি সাযুজ্য রেখেই তাঁরা কাজ করছেন। আজকে সরকারি কর্মচারীদের একটা অংশ ভুলে গেছেন তাঁদের পূর্বসূরিরা কত সংগ্রাম করেছিলেন।

[4.00–4.10 p.m.]

কি যন্ত্রণা ভোগ করেছে নানান জায়গা থেকে, এক জায়গা থেকে আর এক জায়গায় নিয়ে গিয়েছে, তাঁদের ইনক্রিমেন্ট বন্ধ হয়ে গেছে। চাকরি থেকে বরখাস্ত হয়েছে, নানান জিনিস হয়েছে। তাঁরা এই সব জিনিস ভুলে গিয়েছেন, ফলে তাঁরা অ্যাসিওর লাইফ লিড

রাখতে পারছেন না। তাঁদের যে রেসপন্সিবিলিটি থাকা দরকার ছিল, সেটা তাঁরা ধরে রাখতে পারছেন না। পাশাপাশি মনে রাখবেন ওয়াশিংটন কনসেনশাস সম্বন্ধে। তাঁরা বলছেন, তোমরা প্রাইভেটাইজেশন করো, গ্লোবালাইজেশন করো। আজকে তাঁরা প্রমাণ করতে চাইছেন, গোটা বিশ্বের যদি উন্নয়ন করতে হয়, গোটা বিশ্বকে যদি একটা জায়গায় রাখতে হয়, ভারতবর্ষ তো কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, ভারতবর্ষকেও সেই জায়গায়, সেই পথে চলতে হবে, আজকে এইরকম একটা ষড়যন্ত্র তৈরি হয়েছে। সেই জায়গায় কর্মীরা নিশ্চয় সজাগ হবেন। আজকে ওয়ার্ক কালচার নিম্নমুখী, পরিচালনার ক্ষেত্রে, কাজের ক্ষেত্রে, মান-এর ক্ষেত্রে যে নিম্নমুখীতা আছে, আজকে সেই জায়গায় উত্তরণের ক্ষেত্রে তাঁরা পূর্বসূরিদের স্মরণ করুন। আজকে তাঁরা ভাবুন, আমাদের যে অর্জিত অধিকার কীভাবে আমরা সেই অধিকার অর্জন করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী যে ডু ইট নাউ বলেছেন—আজকে অবস্থাটা এই জায়গায় চলে গিয়েছে যে, কিছু কিছু কর্মচারী এই ব্যাপারে বিস্মৃত হয়েছেন। আজকে যাঁরা ওয়ার্ক কালচারের বিরুদ্ধাচারণ করছেন, সেখানে দাঁড়িয়ে এটা ভাবতে হবে, আমরা যেন সেই স্রোতে না গা ভাসাই। এটা ভাবতে হবে। স্যার, এঁদের কি ওয়ার্ক কালচার আছে ? এঁরা যাঁরা মানুষের ভোটে নির্বাচিত হয়েছেন, তাঁরা আজকে কোন ওয়ার্ক কালচার দেখাচ্ছেন ! এঁদের সেই নেত্রী কোথায় ? আজকে কংগ্রেস যা করছেন, তাঁদের কি কোনো রেসপন্সিবিলিটি আছে ! আজকে এঁরা ভাবছেন, বিরোধীদের মধ্যে কে ফার্স্ট পার্টি, কে সেকেন্ড পার্টি। এই হচ্ছে এঁদের সিনসিয়ারিটি। এই হচ্ছে এঁদের ডেডিকেশান। এই হচ্ছে এঁদের ওয়ার্ক কালচার। এঁরা আবার অ্যাডজোর্নমেন্ট মোশান আনছেন, এঁরা কোনো পড়াশোনা করবেন না, নিয়ম মানবেন না ; এই হচ্ছে এঁদের ওয়ার্ক কালচার। আজ যে ওয়ার্ক কালচার আমাদের সামনে উপস্থিত হয়েছে এটা হচ্ছে একটা কন্সপিরেসি। এই কন্সপিরেসির বিরুদ্ধে বামপন্থী দল আগামী দিনে লড়বে, বিগত দিনেও লড়েছে, ভবিষ্যতেও লড়বে। এখানে মান্নান সাহেব বলছিলেন, অন্ধ্রপ্রদেশে নাকি বিরাট উন্নয়ন হয়েছে, কিসের উন্নতি ? মাননীয় মুখ্যমন্ত্রী সেটা নিয়ে বিস্তারিতভাবে বলবেন। আজকে অন্ধ্রপ্রদেশ তারা কোথায় চলে গিয়েছে। কাগজে দেখছিলাম, ওদের একজন কেন্দ্রীয় মন্ত্রী গ্রামীণ উন্নয়ন দপ্তরের মন্ত্রী ছিলেন, ওখানে গ্রামীণ সড়ক যোজনায় যেখানে বরাদ্দ ছিল ৯০ কোটি টাকা, সেখানে সেটা বেড়ে ৩০০ কোটি টাকা বরাদ্দ হয়েছে, অর্থাৎ সেখানে ২১০ কোটি টাকা বেশি বরাদ্দ হয়েছে। সেখানে এমনভাবে সেট আপ করা হয়েছে দুর্নীতি সেখানে আসতে বাধ্য। ওদের ওই বঙ্গারু লক্ষ্মণ, জনা কৃষ্ণমূর্তি যাঁরা আছেন, ওই বঙ্গারু লক্ষ্মণ যিনি প্রাক্তন সভাপতি ছিলেন তাঁর ট্রাডিশনই পরবর্তীকালে, আজকের বেঙ্কাইয়া নাইডুও সেই ট্রাডিশন ধরে যাচ্ছেন, সেটা বলবেন না। আজকে সেখানে তাঁরা অবাধ সুযোগ গ্রহণ করছেন এন ডি এ-তে থেকে সেটা তো বলবেন। এই ব্যাপারে পশ্চিমবাংলার ক্ষেত্রে যে অবিচার হচ্ছে, সেটা গ্রামীণ উন্নয়নের ব্যাপারেই বলুন, কৃষির উন্নয়নের ব্যাপারে বলুন, কিংবা কৃষি ঋণের কথাই বলুন, এখানে যে পরিমাণ টাকা দেওয়া দরকার অন্তত ৫০ শতাংশ টাকা দেওয়া দরকার, সেখানে আমরা ৩০-৪০ শতাংশ টাকাও ঠিকমতো পাচ্ছি না। আমরা বলেছিলাম, ২ হাজার কোটি টাকা দিন, কেন্দ্রীয় সরকার

সেখানে মাত্র ১ হাজার কোটি টাকা দেবেন বলেছেন। এখানে আর.বি.আই.-এর ডেপুটি গভর্নর এসে বলে গেলেন, প্রতি বছরে ৩ শতাংশ করে ইনক্রিজ করবেন। আজকে মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু তারা যে সুযোগ-সুবিধা পায়, পশ্চিমবাংলা কি সুযোগ-সুবিধা পায় ? এই জায়গায় আপনাদের সমালোচনাটা করা উচিত ছিল। আজকে সেখানে দাঁড়িয়ে এই বিভাগের মন্ত্রী মহাশয় শ্রী মানব মুখার্জী বলেছেন, গ্রামস্তর থেকে বি.ডি.ও., সেখান থেকে এস.ডি.ও., সেখান থেকে জেলা, এই যে নেটওয়ার্ক, আধুনিক প্রযুক্তিগত ডেভেলপমেন্টের দিকে নিয়ে যাবেন। আজকে রাজ্য সরকারের সীমিত অর্থনৈতিক অবস্থার মধ্যেও আমরা সেদিকে এগিয়ে চলেছি। আজকে বুর্জোয়া গণতন্ত্রের মধ্যেও সিন্সিয়ারিটি, ডেডিকেশান এবং অনেস্টির একটা দায়িত্ব আছে। সেই দায়িত্ব আপনারা পালন করেন না। কটা কথা আপনারা ছুঁড়ে ছুঁড়ে দিয়ে চলে যাবেন। আজকে ওয়ার্ক কালচারের ব্যাপারে যে দর্শনের কথা আপনি বলেছেন সেটা আমাদের বুঝতে হবে, সেটাকে গ্রহণ করতে হবে। আপনি কিছু কর্মচারীর ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন এবং কিছু কিছু ক্ষেত্রে ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন। কিন্তু অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে নীচু স্তরের কর্মচারীরা কিন্তু কাজ করে, তার উপরের স্তরে, তার উপরের স্তরের কর্মচারীদের মধ্যে একটা গ্যাপ আছে। আজকে বলা হচ্ছে বীরভূম জেলায় পালস্ পোলিও এবং এইডস্ এই ব্যাপারে খুব একটা সাফল্য আসেনি। বেস লেভেলের যাঁরা কর্মচারী তাঁরা কিন্তু খাটেন, কিন্তু সেখানে যে কর্মচারী থাকা দরকার, সেই পরিমাণ কর্মচারী কিন্তু নেই। সেখানে থ্রি ফোর্থ ভ্যাকান্সি আছে। আজকে উপরতলার কর্মচারীরা শুধু নীচুতলার কর্মচারীদের হুকুম করেই খালাস। নীচুতলার কর্মচারীদের উপরেই সব চাপিয়ে দেওয়ার চেষ্টা করছেন। কিন্তু তাদের কোনো ত্রুটি নেই। আজকে মেদিনীপুর জেলা ভাগ হয়েছে এবং সেই ব্যাপারে তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। আমাদের অনেক অর্থনৈতিক সমস্যা আছে, অনেক কিছুই হয়তো করা যাবে না, কিন্তু আমরা যে প্রোপোজালটা দিচ্ছি সেই ব্যাপারে আপনাকে একটু চিন্তা করতে হবে। আজকে চিত্তরঞ্জন থেকে শুরু করে ব্যান্ডেল পর্যন্ত হচ্ছে বর্ধমান জেলা। এই বর্ধমান জেলা ভাগের ব্যাপারে আপনাকে ভাবতে হবে। যেমন জলপাইগুড়ি জেলা, জলপাইগুড়ি থেকে আলিপুরদুয়ার পর্যন্ত বিস্তৃত এবং এটা একটা বন্যাপ্রবণ এলাকা। যেমন মুর্শিদাবাদ জেলা, এটা একটা সীমান্ত এলাকা, সেটা একটা চোরাকারবারি এলাকা, সেখানে বিভিন্ন রকম আইন-শৃঙ্খলাজনিত সমস্যা তৈরি হচ্ছে। এই জেলাগুলি ভাগ করার ব্যাপারে আপনি নিশ্চয় আগামী দিনে ভাবনা-চিন্তা করবেন। আর একটা ব্যাপার হচ্ছে, আমাদের ভিজিলেন্স ডিপার্টমেন্টকে আরো কঠোর হতে হবে। আজকে দুর্নীতি এমন একটা স্তরে আছে, আপনি অনেক চেষ্টা করছেন এবং এর সংখ্যাও কমিয়ে আনা হয়েছে। কিন্তু এই বুর্জোয়া সংসদীয় গণতন্ত্রে সমাজকে সম্পূর্ণরূপে দুর্নীতি থেকে মুক্ত করা সম্ভব নয়। যদিও আমাদের বামফ্রন্ট সরকারের আমলে এই দুর্নীতির সংখ্যা কমিয়ে আনা হয়েছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.10–4.20 p.m.]

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মিঃ চেয়ারম্যান স্যার, কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় ৪২ নং দাবির ভিত্তিতে যে মঞ্জুরি ব্যয়ের দাবি পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশানগুলো এসেছে তার বিরোধিতা করছি।

আমরা জানি সংসদীয় গণতন্ত্রে বিরোধী পক্ষ যদি সজাগ, সচল থাকে, তাহলেই কাজ ঠিক ঠিকভাবে হয়। কিন্তু আমাদের দুর্ভাগ্য যে, আমাদের রাজ্যের প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেস বিধানসভা বয়কটের সিদ্ধান্ত নিয়েছে। এটা একটা অগণতান্ত্রিক সিদ্ধান্ত। তারা একটা পরিকল্পনা গ্রহণ করেছে যে, কি করে বামফ্রন্টকে ক্ষমতাচ্যুত করা যায়। সেই জন্য দেখলাম তারা কয়েকদিন পূর্বে এন.ডি.এ.-র একটি প্রতিনিধিদলকে—কিরিটি সোমাইয়ার নেতৃত্বে—নিয়ে এসে গ্রামে-গঞ্জে ঘুরেছে এবং এখানকার পরিস্থিতি এন.ডি.এ.-র আহ্বায়ক জর্জ ফার্নান্ডেজের কাছে তুলে ধরতে চাইছে। বামফ্রন্ট সরকার এখানে ২৭ বছর ধরে আছে, এর প্রধান স্থপতি হচ্ছে জনগণ, তারাই এর মূল প্রাণশক্তি। সেই জনগণের রক্ষাকবচ হিসাবে আমাদের এই প্রশাসনিক দপ্তর কাজ করে চলেছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন—আমরা একটি সংবেদনশীল, দক্ষ ও স্বচ্ছ প্রশাসন উপহার দিতে চাই। বিগত কয়েক বছর ধরে আমরা লক্ষ্য করছিলাম যে, প্রশাসনে কিছু গাফিলতি আছে। কিছু কর্মচারী ঠিক সময়ে অফিসে আসছে না, আগেই চলে যাচ্ছে, ঠিকমতো কাজ করছে না, অর্থাৎ জনগণের প্রতি তাদের দায়বদ্ধতা ছিল না। মুখ্যমন্ত্রী দায়িত্ব নেওয়ার পর অবস্থার পরিবর্তন ঘটেছে। এখন প্রতিটি অফিসে নির্দিষ্ট সময়ে কর্মচারীরা উপস্থিত হন এবং নিজেদের কাজকর্ম করে থাকেন। সরকারের নীতি ও কর্মসূচিকে বাস্তবায়িত করার ক্ষেত্রে তাদের ভূমিকা অপরিসীম, সরকারের সাফল্যের চাবিকাঠি তার প্রশাসনিক দপ্তর। ভূমি সংস্কারের ক্ষেত্রে তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলেই এখানে এত সাফল্য অর্জন করা গেছে। ভূমিহীনদের চিহ্নিত করা, তাদের কাছে পাট্টা তুলে দেওয়া—বিধবা মা, বোনেদের কাছে পাট্টা পৌঁছে দেওয়া গেছে। ২৯ লক্ষ পাট্টাদার, ১৫ লক্ষ বর্গাদারদের স্বীকৃতি দেওয়া হয়েছে। মৎস্য উৎপাদনে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ যে প্রথম, তার নেপথ্যেও রয়েছে আমাদের প্রশাসনের কর্তাব্যক্তিরা। তাঁরা ঠিকমতো দায়িত্ব যদি পালন না করতেন তাহলে এই সাফল্য আসত না। দুর্নীতিগ্রস্তদের জব্দ করার জন্য এখানে রয়েছে ভিজিলেন্স কমিটি। ভিজিলেন্স কমিটির সুপারিশ সরকার কার্যে রূপায়ণ করে দেখিয়েছে যে, দুর্নীতির সঙ্গে আমাদের কোনো আপস নেই। আমাদের সমাজের সবচেয়ে দরিদ্র মানুষরা যাতে বঞ্চিত, শোষিত, অত্যাচারিত না হন, সেই জন্য গ্রামে গ্রামে লোক আদালত রয়েছে। অত্যাচারিত হলে তারা সেখানে আবেদন করতে পারেন তাৎক্ষণিকভাবে এবং তার মধ্যে দিয়েই সেইগুলো নিষ্পত্তি করতে পারেন। আমাদের ব্লক প্রশাসন, মহকুমা প্রশাসন, জেলা প্রশাসন, এমনকি মহাকরণের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিরাও এই কাজে সাহায্য করছেন। এই পর্যন্ত ৮,৮০৬টি দরখাস্তর মধ্যে ৭,৪৭৮টির নিষ্পত্তি করা সম্ভব হয়েছে।

সর্বশেষে একটি কথা বলি, আমাদের প্রশাসনিক বিভাগের যে কর্মীবর্গ বন্ধুরা রয়েছেন—সেখানেও একটি বিশেষ ধরনের মানুষ আছে, যারা আমাদের বামপন্থার বিরুদ্ধে প্রধানত দক্ষিণপন্থী রাজনীতিতে বিশ্বাসী। অফিসে যারা বিশৃঙ্খলা সৃষ্টি করতে চায় প্রতিটি জনমুখী কাজের ক্ষেত্রে বাধার সৃষ্টি করতে চায় অথচ জনসাধারণের সঙ্গে বামপন্থার একটা যোগাযোগ রয়েছে, একটা সংযোগ রয়েছে সেতু রচনা করার, যে পথ রয়েছে সেই পথকে কণ্টকাকীর্ণ করার জন্য সব সময়ে চেষ্টা করে থাকে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর রণধ্বনি, বানচাল করার জন্য নীচু স্তর থেকে গ্রাম থেকে শহরে এই চেষ্টা শুরু হয়েছে। আমাদের এর বিরুদ্ধে সজাগ হতে হবে। এর বিরুদ্ধে আমাদের সতর্ক হতে হবে। এদের নিয়েই আমাদের কাজ করতে হবে। আমরা এমন একটা প্রশাসন পেয়েছি, এই প্রশাসনের প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে আমাদের সঞ্চারিত করতে হবে। আমরা সচেতনভাবে সেই কাজকে এগিয়ে নিয়ে যেতে চাইছি। আগামী দিনে আমাদের জনমুখী কাজকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, আমাদের কর্মসূচিকে বাস্তবায়িত করার জন্য বামফ্রন্ট সরকার এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। আমাদের রাজ্যের নীতি, পদ্ধতি সারা ভারতবর্ষের মধ্যে শ্রমজীবী মানুষের কাছে এক আলোকবর্তিকা হিসাবে পথ দেখাবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় চেয়ারম্যান স্যার, ৪২ নম্বর দাবিতে কর্ম প্রশাসনিক সংস্কারের উপর যে ব্যয়-বরাদ্দের দাবি মাননীয় মুখ্যমন্ত্রী পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, একটা দক্ষিণপন্থী সরকারের সঙ্গে একটা বামপন্থী সরকারের প্রশাসন পরিচালনার ক্ষেত্রে একটা মৌলিক পার্থক্য থাকে। একটা বামপন্থী সরকার হবে জনমুখী আপেক্ষিক অর্থে গণতান্ত্রিক এবং সংবেদনশীল। পক্ষপাতদুষ্ট না হয়ে নিরপেক্ষ। কিন্তু স্যার, এখানে দীর্ঘদিন ধরে কোনো নিরপেক্ষতা নেই। আমি প্রথমেই বলতে চাই যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের নেতৃত্বে পরিচালিত ২৬ বছরের রাজত্বে সেই কথা প্রমাণ হয় না। বিশেষ করে পশ্চিমবাংলায় যে নির্বাচন ব্যবস্থা চলেছে দীর্ঘদিন ধরে তা নজিরবিহীন। আজকে পশ্চিমবাংলায় হাজার হাজার প্রার্থী তারা প্রতিদ্বন্দ্বিতা করতে পারেননি, মনোনয়নপত্র পেশ করতে পারেননি। শুধু তাই নয়, নির্বাচন পরবর্তী অধ্যায়ে আজও চূড়ান্ত সন্ত্রাস চলছে। এইরকম একটা পরিস্থিতি।

[4.20–4.30 p.m.]

এইরকম একটা পরিস্থিতি এবং এক্ষেত্রে আমি দক্ষিণ ২৪-পরগনার কথা বলছি—ওখানে নির্বাচনের দিন জয়নগর এক নম্বর ব্লকে ২২৪ নম্বর বুথে আমাদের দুজন মহিলা কর্মী সি পি এম-এর দুষ্কৃতীদের দ্বারা গুলিবিদ্ধ হয়ে প্রাণ হারালেন। তাঁদের নাম মর্জিনা বেওয়া এবং মর্জিনা বিবি। নির্বাচনের দুদিন আগে কুলতলি ব্লকে আমাদের নির্বাচনী সভায় দুষ্কৃতীরা গুলি চালালো। একজন নিহত হল। কুলতলির ২৭টি বুথ এবং জয়নগরের ১৩টি বুথ দখল হল। মাননীয় মুখ্যমন্ত্রী নিজে জানেন যে, কুলতলির মৌপিট অঞ্চলে ১৪ বছর ধরে সেখানে নির্বাচন হয় না। বারবার নির্বাচনের আগে মুখ্যমন্ত্রী-সহ প্রশাসনের সমস্ত

কর্মকর্তাদের জানাই যে, স্পর্শকাতর এই সমস্ত বুথে যাতে অবাধে ভোট দিতে পারেন, সেখানে আমাদের এজেন্টরা বসতে পারেন তার ব্যবস্থা করুন। কারণ ওখানে জোর করে ছাপ্পা ভোট দিয়ে দুষ্কৃতীরা সি পি এম-কে ভোট দেয়। এবারও মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম। আমার কাছে এই নথি আছে, আপনার কাছে দেব, এই ১৭টি বুথ স্পর্শকাতর বুথ, প্রত্যেকটাকে সি ক্যাটাগরি করে দেওয়া হয়েছে। অর্থাৎ লাঠিধারী যারা থাকে, তাদের ওখানে রাখা হয়। ফলে অবাধে সেখানে ছাপ্পা ভোট দেওয়া হল। এটা শুধু আমাদের ক্ষেত্রেই নয়, পশ্চিমবঙ্গে বহু জায়গায় এই রকমভাবে নির্বাচন হয়েছে। এইরকম কারচুপি করে মনোনয়নপত্র জমা না দিয়ে এইভাবে যেতে হল। তার কারণ উন্নততর বামফ্রন্টের কথা বললেও সেই উন্নততর বামফ্রন্ট জনগণের স্বার্থরক্ষার পক্ষে নয়। সেই উন্নততর বামফ্রন্ট আজকে উদারীকরণে বিশ্বাসী। আজকে তারা বিদেশি শিল্পপতিদের সেবায় নিয়োজিত। এরা আজকে ওই নীতির দ্বারা পরিচালিত হওয়ার ফলে শ্রমিক-কর্মচারী, ক্ষেতমজুরের উপর ভয়াবহ আক্রমণ নেমে এসেছে। অর্থনৈতিক দিক থেকে, সমস্ত দিক থেকে নেমে এসেছে। এর ফলে আজকে সি পি এম সরকার জনসমর্থন যেভাবে হারাচ্ছে, তাতে সুস্থ স্বাভাবিক, অবাধ, শান্তিপূর্ণ নির্বাচন হলে এই পঞ্চায়েত নির্বাচনে আর ক্ষমতায় ফিরে আসা সম্ভব ছিল না। সেই জন্য আপনারা এই পথ বেছে নিয়েছেন। যদিও মুখ্যমন্ত্রী বলেছেন যে, আমাদের ২৬ বছরের রাজত্বে অনেক সমাজবিরোধী ঢুকে গেছে। কাগজে এই সব বেরিয়েছে। কিন্তু জানি না, মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কার্যকরী পদক্ষেপ নিতে চাইছেন, নাকি সরকারের ভাবমূর্তিকে রক্ষা করার জন্য মুখ্যমন্ত্রীকে সামনে রেখে এইভাবে ভাবমূর্তি রক্ষা করার চেষ্টা হচ্ছে। প্রতিটি ক্ষেত্রে আপনি দেখুন কি অবস্থা হচ্ছে। হাসপাতালে বেড নেই, নার্স নেই, ওষুধ নেই, সব জায়গাতেই এইরকম একটা অবস্থা চলছে।

এই মুর্শিদাবাদে ১০০টির বেশি শিশু-মৃত্যু ঘটে গেল। সেখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী গেলেন না, মুখ্যমন্ত্রী বিদেশ থেকে এসে বহরমপুরে চলে গেলেন এবং আশ্বাস দিয়ে এসেছিলেন প্রতিকার প্রতিবিধান করার। ইতিপূর্বে বিধানচন্দ্র রায় শিশু হাসপাতালে সেখানে মর্মান্তিক শিশু-মৃত্যু হল, সেখানে মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি পেয়েছিলাম, কিন্তু কার্যকর কোনো পদক্ষেপ আমরা দেখতে পাইনি। আমরা দেখছি প্রবাল অগ্রবাল নামে একটি দুঃস্থ ছেলে, তার মা ঘুঁটে কুড়িয়ে সংসার চালায়, তাকে মুখ্যমন্ত্রী মহাকরণে ডেকে এনে তার ভর্তি ও থাকার ব্যবস্থা করে দিয়েছেন। এটা খুব ভালো কথা, কিন্তু মুখ্যমন্ত্রী যদি আজকে পশ্চিমবাংলায় এইরকম লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী যারা দরিদ্র, যারা অর্থাভাবে পড়াশোনার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে সেই পথ প্রশস্ত করার কতগুলি যে কনসার্ন বিষয় সেগুলি আমরা আশা করব, যেমন শিক্ষা ক্ষেত্রে স্কুল থেকে শুরু করে বিভিন্ন স্তরে যে টিউশন ফী বেড়েছে, মেডিকেলে, ইঞ্জিনিয়ারিং-এ যে ফী বেড়েছে সেটার ব্যাপারে যদি পদক্ষেপ নেন তাহলে সংবেদনশীল প্রশাসন বলে বোঝা যায়। মুখ্যমন্ত্রীর পদক্ষেপ কনসার্নড বিষয়গুলির সাথে সঙ্গতিপূর্ণ হয়। আজকে সংবেদনশীলতার কথা বলা হচ্ছে, কিন্তু এটা কার প্রতি সংবেদনশীলতা ? উদারীকরণ বলে একটা কথা এখন চালু হয়েছে, এটা শুনতে ভালো লাগে। কিন্তু এটা কাদের

প্রতি ? দেশি-বিদেশি শিল্পপতি তাদের অবাধ মুনাফা করে দেওয়ার সুযোগ হচ্ছে। এদের প্রতি সংবেদনশীল মানে দেশের শ্রমিক-কর্মচারী, খেটে-খাওয়া মানুষ তাদের চরম, নির্মম সন্ত্রাস, নিষ্পেশন এবং শোষণের দিকে ঠেলে দেওয়া। এখন উন্নত বামফ্রন্ট কাদের স্বার্থে পরিচালিত হচ্ছে ? তারা কাদের প্রতি সংবেদনশীল ? আমরা দেখতে পাচ্ছি ডিজেলের দাম বাড়লে সরকার বিন্দুমাত্র দেরী করেন না, বাস মালিকদের স্বার্থে দ্রুত বাস ভাড়া বাড়িয়ে দেওয়া হয়। অথচ ডিজেলের দাম লিটার প্রতি ৩ টাকা কমে গেলেও সরকার সঙ্গে সঙ্গে বাস ভাড়া কমানোর উদ্যোগ নেন না। তাহলে এই সরকার কি যাত্রীসাধারণের প্রতি সংবেদনশীল, নাকি বাস মালিকদের প্রতি সংবেদনশীল ? আজকে এই সব প্রশ্নগুলি মানুষের সামনে দেখা দিচ্ছে। এই পুঁজিবাদী শোষণমূলক সমাজ ব্যবস্থার মধ্যে একটা বামপন্থী সরকারের উচিত—শ্রমিক-কর্মচারীদের স্বার্থে প্রশাসন পরিচালনার একটা দৃষ্টিভঙ্গি নিয়ে শ্রমিক-কর্মচারী, চাষী, ক্ষেতমজুরদের দৈনিক জীবনযাপনের প্রতিবন্ধকতার প্রতিকার প্রতিবিধান করার জন্য—তারা যে আন্দোলন, যে সংগ্রাম করছে তাদের সেই আন্দোলনগুলির পৃষ্ঠপোষকতা করা। যদি খেটে-খাওয়া মানুষদের দরদী সরকার হয় তাহলে তা করবেন। এক সময় যুক্তফ্রন্ট যখন ছিল এস ইউ সি আই তখন যুক্তফ্রন্টে ছিল। তখন একটা নীতি যুক্তফ্রন্ট থেকে ঘোষণা করা হয়েছিল যে, ন্যায়সঙ্গত কোনো আন্দোলনে পুলিশী হস্তক্ষেপ হবে না। সেদিন সরকার সংগ্রামের হাতিয়ার ছিল। আজকে পশ্চিমবাংলায় ২৬ বছর বামফ্রন্ট রাজত্ব করছে, সি পি এম রাজত্ব করছে আর আজকে শ্রমিক-কর্মচারীদের উপরে খেটে-খাওয়া মানুষের উপরে বিশ্বায়নের যে ভয়ঙ্কর আক্রমণ, বামফ্রন্টের যে আক্রমণ নিশ্চয়ই সেটা মারাত্মক রূপ নিয়েছে। আজকে যেভাবে শ্রমিকরা ছাঁটাই হচ্ছে, কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, তাদের পি এফ, বোনাস, ই এস আই এই সব টাকা আত্মসাৎ করা হচ্ছে।

[4.30–4.40 p.m.]

স্বাভাবিকভাবেই শ্রমিক-কর্মচারী ছাঁটাই হচ্ছে এবং তার বিরুদ্ধে তারা আন্দোলন করবে। এটা ন্যায়সঙ্গত। কিন্তু এ ক্ষেত্রে মাননীয় বুদ্ধদেববাবু মালিক শ্রেণির সুরে সুর মিলিয়ে বলছেন, সরকার জঙ্গি আন্দোলন বরদাস্ত করবে না এবং সেখানে নানারকম বিধিনিষেধ করা হচ্ছে। আমরা দেখছি কিছু কিছু অঞ্চলকে বিশেষ ইকোনমিক জোন হিসাবে ঘোষণা করার কথা উনি বলছেন এবং সেখানে নাকি ট্রেড ইউনিয়ন আন্দোলন করার রাইট থাকবে না। এই সব মারাত্মক বিষয়গুলো আজকে আমরা দেখতে পাচ্ছি। ম্যাকিনসে বিশ্বব্যাংকের পরামর্শদাতা, মার্কিন শিল্পপতিদের পরামর্শদাতা। আজকে কীভাবে কৃষিক্ষেত্রকে বেশি-বিদেশি শিল্পপতিদের স্বার্থে উন্মুক্ত করা যায় সেই প্রস্তাব আনছে আর সরকার সে সব বিচার-বিবেচনার কথা বলছে। তাই আজকে এই যে ব্যয়-বরাদ্দ এখানে আনা হয়েছে, যা কিনা সরকারি প্রশাসন পরিচালনার পরিপন্থী তার আমি বিরোধিতা করছি এবং আমার আনা কাট মোশানের সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় ৪২ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ মঞ্জুরির প্রস্তাব এখানে রেখেছেন তার পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করছি। আমার আগে বিরুদ্ধে বলতে গিয়ে উনি নিরপেক্ষতার কথা বললেন। উনি যে দর্শনের কথা প্রচার করেন বলে দাবি করেন সেই দর্শনে নিরপেক্ষতার কোনো স্থান নেই, কারণ সেই দর্শন একটা নির্দিষ্ট শ্রেণির পক্ষে কাজ করে। যেহেতু উনি সেই দর্শনের মেকি বিশ্বাসী তাই আজকে শ্রেণি দৃষ্টিভঙ্গি ত্যাগ করে উনি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গির দিকে দৌড়তে চাইছেন। মাননীয় সদস্য মান্নান সাহেব নেই। উনি অন্ধ্রপ্রদেশের সঙ্গে তুলনা করলেন। একটা রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গকে তুলনা করা—এটা স্বাভাবিক। কিন্তু অন্ধ্রপ্রদেশের একটা কথা উনি বললেন না। অন্ধ্রপ্রদেশের কৃষকরা আত্মহত্যা করছে, কিডনি বিক্রি করছে, মা শিশু সন্তানকে বেচে দিচ্ছে এমনকি সেখানকার মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে ভয়ঙ্কর অভিযোগ তুলছে ডি এফ আই ডি, দুর্নীতির অভিযোগ এবং যারা ওই রাজ্যে প্রচুর অর্থ বিনিয়োগ করছেন তাঁরা সর্বভারতীয় লোকেদের দিয়ে একটা সার্ভে করিয়েছিলেন। তার রিপোর্ট বলছে, মুখ্যমন্ত্রীর পছন্দের না হলে সে রাজ্যের কোনো ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে কাজ করতে দেওয়া হচ্ছে না। দুর্নীতি একেবারে ব্লক স্তর পর্যন্ত। লেনদেন ছাড়া, উপঢৌকন ছাড়া কোনো কাজ বার করে আনা যায় না। আর এখানেই আমাদের সাথে দৃষ্টিভঙ্গির ফারাক, যেটা দেবপ্রসাদবাবু বলবার চেষ্টা করেছেন। সেই দৃষ্টিভঙ্গি হচ্ছে ক্ষমতা রাইটার্স থেকে জেলা, জেলা থেকে ব্লক, ব্লক থেকে গ্রামে বিস্তৃত থাকবে। আর কংগ্রেসীরা বিশ্বাস করতেন ক্ষমতা কুক্ষিগত, কেন্দ্রীভূত করতে। ভারতবর্ষের আর কোনো রাজ্য এই ওরিয়েন্টেশন, এই নতুন কনসেপ্ট, জেলা পরিষদকে দিয়ে কাজ করানো, জেলা পরিষদকে এই কাজের উপযোগী করে তৈরি করা এবং সেই পরিকাঠামোর যে সমস্যা, সেই সমস্যার সমাধানের ক্ষেত্রে ইতিমধ্যে আমাদের সরকার অগ্রসর হচ্ছে। কিন্তু সমস্যা হল অর্থের এবং এই দৃষ্টিভঙ্গির নিরিখে এখন গোটা বিষয়টা আমাদের দেখা দরকার। ওয়ার্ক কালচারের প্রশ্ন উঠেছে, মাননীয় অর্থমন্ত্রী কিছুদিন আগে সরকারি কর্মচারীদের ডি.এ. ঘোষণা করলেন। কেন করলেন ? আমাদের সরকারের যে আয় গত আর্থিক বছরে বাড়ল সেটা কারা করলেন ? কর্মচারীরা করলেন—এটা আমরা অস্বীকার করতে পারি না। আমাদের কর্মচারীরা, অফিসাররা তাঁরাও এই সমাজের ধ্যান-ধারণা, কু-অভ্যাস, কালিমা তাও তাদেরকে স্পর্শ করে। কিন্তু এর বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে, ভিজিলেন্স রিপোর্ট এবং সেই সম্পর্কে সরকার ব্যবস্থা করেছেন এবং সেটা বাজেট বক্তৃতায় বলা আছে। কংগ্রেস আমলে কি ছিল ? কংগ্রেস আমলে সাধারণ মানুষ এস.ডি.ও., বি.ডি.ও-দের সঙ্গে কথা বলতে পারতেন না। কিন্তু আজকে মানুষ সরাসরি এস.ডি.ও., বি.ডি.ও., জেলাশাসকদের সঙ্গে কথা বলতে পারছেন। মানুষ আজকে উন্নয়নের কাজের অংশীদার, মানুষ আজকে প্রশাসনিক কাজের অংশীদার। গত ২৭ বছর এই যে নতুন ওরিয়েন্টেশনের ক্ষেত্রে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার সাজেশন যে, আমাদের কর্মচারীদের কাজের বিষয়ে মূল্যায়নের কথা, ডায়েরি মেইনটেইনের কথা গত বাজেট বক্তৃতায় উনি বলেছেন, কিন্তু এর পাশাপাশি পুরস্কার এবং শাস্তি—এই দুটোর যদি ব্যবস্থা রাখা যায় তাহলে ভালো হয়। আমাদের পুলিশ ডিপার্টমেন্টে আছে, সেখানে কর্মচারীবর্গ যাঁরা

ভালো কাজ করেন তাঁদের সার্ভিস বুকে সেটা লেখা থাকে এবং ভালো কাজ করলে তাঁকে অ্যাপ্রিসিয়েশন করে একটা চিঠি দিয়ে ধন্যবাদ বা অভিনন্দন জানানো হয়। সেরকমভাবে অন্যান্য সরকারি কর্মচারীদের ক্ষেত্রে পুরস্কার প্রদানের যদি ব্যবস্থা থাকে তাহলে ভালো হয়। যেটা মাননীয় শ্রী মুরসোলিন সাহেব বলার চেষ্টা করেছেন, ঔপনিবেশিকতার যে প্রভাব সেই প্রভাব থেকে যদি বেরিয়ে আসতে হয় তাহলে একটা অভিমুখে চালিত করতে হবে। আমাদের কর্মচারী বন্ধুরা, অফিসারবর্গ যা করছেন সেটা তাঁরা করছেন আমাদের রাজ্যের স্বার্থে, এই রাজ্যের স্বার্থে তাঁদের একটা দায়বদ্ধতা আছে। এটাকে যদি ভালো অভিমুখে নিয়ে যেতে পারি এবং ভালো অভিমুখে নিয়ে যাওয়ার ক্ষেত্রে আমরা নির্দিষ্ট পরিমাণ এই ব্যবস্থা চালু করা যায় কিনা যে, সরকারি কাজের ক্ষেত্রে পুরস্কার এবং শাস্তি প্রদান এই দুটোর ব্যবস্থা রাখা হোক—কাজ নির্দিষ্ট করে দেওয়া হোক, এক সপ্তাহের মধ্যে একজন কি কি কাজ করবেন, কটা ফাইল কমপ্লিট করবেন—এগুলো যদি নির্দিষ্ট করে দেওয়া হয় তাহলে ভালো হয়। এটা কোনো স্বৈরতান্ত্রিক মনোভাব থেকে করা হবে না, কংগ্রেসীদের মতো কোনো স্বৈরতান্ত্রিক মনোভাব থেকে এটা করা হবে না। রাজ্যের স্বার্থে, মানুষের স্বার্থে এই কাজ করলে ভালো হবে। আমাদের সমস্ত দপ্তরে ওয়েবসাইটের কথা গত বাজেট বক্তৃতায় মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন, সারা রাজ্য জুড়ে কিয়স্কোর কথা বলেছিলেন। মানুষ এখন তাঁর ব্লকে বসে, নিজের শহরে বসে বাংলার মুখ দেখতে পাবেন। আজকে সেই বাংলার মুখ বিভিন্ন কেন্দ্রে, প্রতিটি এলাকায়, প্রতিটি ব্লক এলাকায়, বিভিন্ন জেলা সদরে, পাড়ায় পাড়ায় গড়ে উঠেছে। মানুষ তাঁর এলাকায় বসে বিভিন্ন তথ্য পাচ্ছেন, তাঁর প্রয়োজনীয় যোগাযোগ করতে পারছেন। এ ক্ষেত্রে আমাদের সমস্যা হচ্ছে এগুলোকে আপডেট করা। আমাদের বিভিন্ন দপ্তরে যে ওয়েবসাইটগুলো চালু হয়েছে সেগুলোকে আপডেট করার ক্ষেত্রে কিছু দুর্বলতা আছে। আজকে পশ্চিমবঙ্গের বাইরের মানুষ, আমাদের রাজ্যের ব্যবসায়ীরা, আমাদের রাজ্যের মধ্যবিত্ত, ধনী মানুষ—তাঁরা এর স্পর্শ পাচ্ছেন, কিন্তু সাধারণ মানুষ প্রচারের অভাবে অনেকে ভালো করে জানেন না যে, একটা কাজের জন্য তাকে বারাসাতে জেলাশাসকের অফিসে দৌড়ানোর দরকার নেই, একটা কাজের জন্য তাকে মহাকরণে দৌড়ানোর দরকার নেই।

[4.40–4.50 p.m.]

অনেক তথ্য তাঁরা মহকুমায় বসে, তাঁরা ব্লকে বসে কিয়স্কো থেকে 'বাংলার মুখ' থেকে সংগ্রহ করতে পারেন। এই প্রচার অত্যন্ত জরুরি। মাননীয় মুখ্যমন্ত্রীর ইতালি সফর নিয়ে প্রশ্ন উঠেছিল। এখানে দেখুন কিরকম দৃষ্টিভঙ্গির ফারাক। আমরা আমাদের দেশের মন্ত্রীদের দেখেছি তাঁরা যাচ্ছেন বিদেশে ৪৫টি গাড়ির কনভয় নিয়ে, একটি হোটেলে ৩৯টি ঘর বুক করে তাঁরা দেশের জন্য দৌড়চ্ছেন। সঙ্গে তাঁদের বিশাল বাহিনী। আর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী তিনি ৫-৬ দিনের জন্য যাচ্ছেন—সঙ্গে কে ? তাঁর দপ্তরের যে প্রধান সচিব তিনি। আর অন্য রাজ্যের মন্ত্রীরা, দেশের মন্ত্রীরা তাঁরা তাঁদের আত্মীয়-পরিজন, বন্ধু-বান্ধবদের নিয়ে যাচ্ছেন। এখানেই অন্য সরকারের সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গের সরকারের দৃষ্টিভঙ্গির ফারাক,

এখানেই হচ্ছে আমাদের মানুষের প্রতি দায়বদ্ধতা। এই দায়বদ্ধতার প্রশংসা করবেন না ? নিশ্চিতভাবে এই দায়বদ্ধতার সঙ্গে আমাদের কিছু সমস্যা আছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাতে চাই যে, এটি একটি সাহসী পদক্ষেপ তিনি গত আগস্ট মাসে গ্রহণ করেছেন। আমাদের যে ডব্লু.বি.সি.এস. অফিসাররা আছেন, এই মুহূর্তে দিনাজপুরের যিনি জেলাশাসক তিনি ডব্লু.বি.সি.এস. থেকে গিয়েছেন। অসম, ওড়িশা, পাঞ্জাবে সেখানে সংখ্যা অনেক বেশি। আমাদের রাজ্যের ১৯টি জেলার মধ্যে একটি আছে। এই সংখ্যাটা বাড়ানো দরকার। আমি কখনও আই.এ.এস. অফিসারদের ক্ষমতা, যোগ্যতা নিয়ে সন্দেহ প্রকাশ করিনি। তবে কাজ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তা হল এস.ডি.ও. এবং বি.ডি.ও.-রা জনগণের মন যত তাড়াতাড়ি বোঝেন তাঁদের ক্ষেত্রে যত তাড়াতাড়ি বোঝা সম্ভব হয়, সমস্ত ক্ষেত্রে কিন্তু আই.এ.এস. অফিসাররা তা করে উঠতে পারেন না। ওয়ার্ক কালচার আমরা প্রতিষ্ঠিত করতে পারব কিনা এবং সে ক্ষেত্রে আমাদের যাঁরা প্রশাসনিক অধিকর্তা, প্রশাসনিক প্রধান, তাঁদের উপর অনেক কিছু নির্ভর করে, তাঁদের কনসেপ্ট পরিবর্তন, তাঁদের অ্যাকাউন্টেবিলিটি অনেক কিছু নির্ভর করে। শুধু কর্মচারীদের দোষারোপ করছি, তাঁরা ভুল করছেন, দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে পড়ছেন। সারা দেশের দিকে তাকিয়ে দেখুন, আপনারা আজকে নাম উচ্চারণ করেননি, দেশের প্রধানমন্ত্রী ছিলেন, সভাপতিও ছিলেন, নাম উচ্চারণ করেননি। তাঁর বিরুদ্ধেও দুর্নীতির অভিযোগ ছিল। দেশের ৩ জন মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কোর্টে মামলা চলছে, আর আমাদের রাজ্যের এই ২৭ বছরে যাঁরা ১০৮ জন মন্ত্রী হয়েছেন তাঁদের কজনের বিরুদ্ধে নির্দিষ্ট কোনো অভিযোগ, নির্দিষ্ট কোনো মামলা কোনো আদালতে দায়ের হয়নি। নিশ্চিতভাবে যে কর্মীবর্গকে নিয়ে এই সরকারকে কাজ করতে হচ্ছে, কোথাও কোথাও সরকারের এই ভাবনার সঙ্গে কর্মীবর্গকে যেভাবে মোটিভেট করা দরকার, সেই মোটিভেট করার ক্ষেত্রে সমস্যা হচ্ছে, অসুবিধা হচ্ছে। কিন্তু সেই অসুবিধা দূরীকরণের ক্ষেত্রে দৃষ্টিভঙ্গি নিশ্চিতভাবে কংগ্রেসের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির ফারাক আছে। গোটা দেশ যাঁরা চালাচ্ছেন তাঁরা যে রেজিমেন্টাল অ্যাটিটিউড নিয়ে এই কর্মীবর্গকে, প্রশাসনিক অধিকর্তা, তাদের উপর যে রেজিমেন্টাল অ্যাটিটিউড নিয়ে পরিবর্তন করতে চান আমাদের এইখানেই দৃষ্টিভঙ্গির ফারাক। আলাপ-আলোচনার মধ্য দিয়ে আমরা যারা ব্লক স্তরে, আমরা যারা এস ডি ও স্তরে কাজ করি, আমরা বুঝতে পারছি—ব্লক স্তরে, মহকুমা স্তরে, এমনকি জেলা স্তরে কাজের অগ্রগতি ঘটেছে। কর্মসংস্কৃতির একটা ভাবনা অন্তত সঞ্চারিত হচ্ছে, সময়মতো অফিসে আসা, অফিসে এসে কিছু কাজ করা, এই মানসিকতা তৈরি হয়েছে, কিন্তু সেটা আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি, সেই কাজ যখন মহাকরণে, নব মহাকরণে আসছে বা সচিবালয়ে আসছে তখন ব্লক স্তরে যে ভাবনা, মহকুমা স্তরে যে ভাবনা কাজ করছে কর্মচারী থেকে শুরু করে যিনি কর্মচারীদের প্রধান আছেন সেই ভাবনা কিন্তু সব ক্ষেত্রে কাজ করছে না। বিরোধী বন্ধু জেলা ভাগের প্রশ্ন তুললেন। আমার মনে পড়ছে, গত বছরও আমি এই প্রসঙ্গটা উল্লেখ করেছিলাম। ১৯৯৫ সালের ৭ এপ্রিল এই সভার ততকালীন মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন তখনকার মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসুকে বলেছিলেন, 'আপনারা মেদিনীপুর ভাগ

করতে পারবেন না।' আজকে মেদিনীপুর ভাগ হয়েছে। দিনাজপুর ভাগ হয়েছে। ২৪-পরগনা ভাগ হয়েছে। আরো ভাগ হলে আরো ভালো হবে। কিন্তু ওঁদের নীতিটা কী ? ওঁদের নীতি— ক্ষমতা কুক্ষিগত করে রাখা, ক্ষমতার কেন্দ্রীভবন। আমাদের নীতির সঙ্গে ওঁদের নীতির এখানেই তফাত। প্রশাসন পরিচালনার ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। ক্ষমতাকে ছড়িয়ে দেওয়া, গণতন্ত্রের প্রসার ঘটানো। এই দৃষ্টিভঙ্গির নিরিখে আমাদের সরকার চলছে। ২৭ বছর ধরে আমরা ইতিহাস সৃষ্টি করে চলেছি। এখানে আপনারা কেন্দ্রীয় সরকারের কথা তুললেন, কমিটির কথা তুললেন। তার সঙ্গে তালে তাল মিলিয়ে চলার অর্থ এবং পরিকাঠামো কোথা থেকে আসবে ? নিশ্চিতভাবে এই সব দিকগুলি বিবেচনা করা দরকার। আমরা মনে করি, আমাদের রাজ্যে যে প্রশাসন চলছে তা জনমুখী প্রশাসন, সংবেদনশীল প্রশাসন, মানুষের স্বার্থ রক্ষার প্রশাসন। তাই মাননীয় মুখ্যমন্ত্রী ৪২ নং দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দের মঞ্জুরি চেয়েছেন তাকে সমর্থন করে, বিরোধীদের আনা সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আমি আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় চেয়ারপার্সন স্যার, ২০০৩-২০০৪ সালের ৪২ নং দাবির অধীনে ব্যয়-বরাদ্দ মঞ্জুর সম্পর্কে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য যে বাজেট পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। স্যার, এই প্রসঙ্গে আমার একটা শ্লোক মনে পড়ে যাচ্ছে :

"স্বকার্য্য মদ্য কর্তব্যম্
পরাহ্নে চা পরাহ্নিকম্
ন হি মৃত্যু প্রতীক্ষেত
কৃতং বা ন বা কৃতম্॥"

স্বকার্য্য মদ্য কর্তব্যম্, অর্থাৎ যে কার্য এখনই করা কর্তব্য সে কাজটা আগামীকাল করব, এ কথা না ভেবে সে কাজটা আজকেই শেষ করা উচিত। যে কাজটা অপরাহ্নে করার কথা ভাবা হয়েছে, সেটা পূর্বাহ্নেই করা উচিত। মৃত্যু অপেক্ষা করে না কোন কাজটা করা হয়েছে, কি হয়নি এই ভেবে। এটাই হচ্ছে কর্মসংস্কৃতি। সুতরাং যাঁরা কাজ করেন তাঁরা এটা মাথায় রেখেই কাজ করেন। মানুষের কল্যাণে তাঁরা নিয়োজিত, মানুষের সেবায় তাঁরা নিয়োজিত। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় যেমন আপাদ-মস্তক স্বচ্ছ, তেমন তিনি চান তাঁর প্রশাসনও স্বচ্ছ হোক। সুতরাং এটা আমাদের গর্ব। এটা আমাদের সংস্কৃতির একটা বিরাট অঙ্গন, কর্মসংস্কৃতির অঙ্গন। একে যাঁরা কলুষিত করতে চান তাঁরা নিশ্চয়ই শাস্তি পান। আর যাঁরা সুষ্ঠুভাবে রক্ষা করতে চান তাঁরা নিশ্চয়ই পুরস্কৃত হন। এইটুকুই আমার বিশ্বাস। তাই মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় যে 'ডু ইট নাউ' স্লোগান তুলেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি কর্মসংস্কৃতির উন্নতির জন্য যে প্রচেষ্টা গ্রহণ করেছেন তাকে আপামর জনসাধারণ স্বাগত জানিয়েছেন। দেশের অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের এই রাজ্যের আইন-শৃঙ্খলা এবং প্রশাসনিক কর্মতৎপরতা অনেক সন্তোষজনক, এ বিষয়ে কোনো সন্দেহ

নেই। একটা দক্ষ গতিশীল প্রশাসন পশ্চিমবাংলায় আছে বলেই এখানকার বামফ্রন্ট সরকার সারা ভারতে বন্দিত হয়েছে, বিশ্বে বন্দিত হয়েছে। ২৭ বছরের রাজত্বকাল স্বচ্ছ, দক্ষ এবং গতিশীল প্রশাসন ছাড়া কখনো কল্পনা করা যায় না।

[4.50–5.00 p.m.]

যখন বন্যা আসে, যখন খরা হয় এবং গুরুত্বপূর্ণ কাজগুলিতে অসংখ্য সরকারি কর্মচারী তাঁরা তাঁদের জীবনপাত করে এই সমস্ত সেবামূলক কাজে থাকেন। তাই এই যে নিদর্শন এই নিদর্শন কর্মসংস্কৃতির নিদর্শন বলে আমি মনে করি। স্যার, রাজ্য সরকারের প্রশাসনে যে দুর্নীতি সেই দুর্নীতি রদ করার জন্য একটা সেল আছে। যাদের ক্ষেত্রে দুর্নীতি প্রমাণিত হয় তাদের ক্ষেত্রে শাস্তিযোগ্য ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং আরো অনুসন্ধান চালানো হচ্ছে। জেলায় জেলায়, পঞ্চায়েতে, জেলা পরিষদে এবং মহকুমা স্তর পর্যন্ত এই কর্মসংস্কৃতির সুলক্ষণ দেখতে পাচ্ছি। পূর্ব মেদিনীপুর জেলা ২০০১ সালের ১ জানুয়ারি জেলা হিসাবে স্বীকৃতি লাভ করেছে। সেই তমলুক জেলাশাসকের অফিসে গ্রুপ সি ক্ল্যারিকাল পদে প্রায় ৯৯টি পদ এখনো পূর্ণ করা হয়নি। এটা পূর্ণ করা দরকার এবং এর ইনফ্রাসট্রাকচার বাড়ানোর জন্য জমি অধিগ্রহণ এবং প্রশাসনিক ভবনের সম্প্রসারণ একান্ত প্রয়োজন। এছাড়া নতুন করে হাউসিং গড়ে তোলা দরকার। গ্রুপ ডি পশ্চিম মেদিনীপুর ও পূর্ব মেদিনীপুরে এখনো যে ভ্যাকেন্সি আছে সেটা ডিক্লারেশন হয়নি। এটা আপনি দেখবেন। আপনি জেলা শুরু করলেন ২টি স্বরবর্ণকে নিয়ে, একজন অনিল ভার্মা যিনি জেলাশাসক আর একজন অনুজ শর্মা যিনি পুলিশ সুপার। অবশ্য সম্প্রতি পুলিশ সুপার বদলি হয়েছে, কিন্তু সুদক্ষ অনিল ভার্মা যিনি জেওাশাসক তিনি মন-প্রাণ দিয়ে জেলার কাজে নিয়োজিত আছেন। এটা একটা দৃষ্টান্তস্বরূপ। আমি মনে করি, যে কাজগুলি এখনো বাকি আছে, এই আর্থিক অনটনের মধ্যেও যতটা করতে পারা যায় সেটা দেখবেন এবং আপনার জবাবী ভাষণে তা উল্লেখ করবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় সভাপতি মহোদয়, ৪২ নম্বর দাবির অধীনে ব্যয়-বরাদ্দ মঞ্জুরী সম্পর্কে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের এবং বিরোধী দলের আনা কাট মোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। মাননীয় সভাপতি মহোদয়, প্রথমেই আমার একটু খটকা লাগছে মাননীয় মুখ্যমন্ত্রী অথবা এই দপ্তরের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে এবারে ৩টি বিভাগে ৩ কোটি ৭৫ লক্ষ ১৫ হাজার টাকা, ৭ কোটি ৪৫ লক্ষ ৫ হাজার টাকা আর ৫ লক্ষ ৪০ হাজার টাকা মঞ্জুর করেছেন এবং এর আগে ভোট অন অ্যাকাউন্টের সময়ে ১ কোটি ২৫ লক্ষ ৫ হাজার টাকা, ২ কোটি ৪ লক্ষ ৩৫ হাজার টাকা আর ১ লক্ষ ৮০ হাজার টাকা বরাদ্দ করেন অর্থাৎ সব মিলিয়ে দেখা যায় ১৬ কোটি টাকার মতন বরাদ্দ

করলেন। কিন্তু গতবারে বরাদ্দ ছিল ৮০ কোটি ১১ লক্ষ ৩৫ হাজার টাকা। মাননীয় মুখ্যমন্ত্রী অথবা এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে সবার আগে জানতে চাই, এই যে ৮০ কোটি ১১ লক্ষ ৩৫ হাজার টাকা থেকে কমে গিয়ে এবারে ১৬ কোটি টাকার কাছাকাছি এসে দাঁড়ালো তার কারণ কি ? অবশ্য এর একটা ব্যাখ্যা আপনি দিয়েছেন। সেই ব্যাখ্যাটা হচ্ছে, ২০০২-২০০৩ সালে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের এবং আরো কয়েকটি সচিবালয়ের বিভাগের জন্য বাজেট বরাদ্দ ছিল—গতবার এটা বলেছিলেন—তার থেকে কয়েকটা সচিবালয়কে বাদ দিয়েছেন এই বাজেট থেকে। আমি প্রথমেই আপনার কাছে জানতে চাই, এই যে ৮০ কোটি ১১ লক্ষ ৩৫ হাজার টাকা থেকে ১৬ কোটি টাকাতে নেমে এল তাহলে সচিবালয়ের জন্য প্রকৃত বরাদ্দ কত আছে ? আর এই যে টাকাটার কথা বলেছেন, কমে যেটা হল সেটা কি ব্যয় সংকোচের জন্য, নাকি অর্থাভাবের জন্য নাকি আপনি মনে করছেন এই দপ্তরের জন্য এর চেয়ে বেশি দেওয়ার দরকার নেই ? এই যে প্রায় ৮০ শতাংশ টাকা কমিয়ে দিলেন এর কারণ কি আশা করি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তার জবাব পাব। এর পর যে প্রসঙ্গে আসছি তা নিয়ে আমাদের দলের সদস্য শ্রী আব্দুল মান্নান তাঁর দীর্ঘ বক্তব্যে বিভিন্ন বিষয়ের অবতারণার মধ্যে এই প্রসঙ্গেও উল্লেখ করেছেন সেটা হল সরকারি কাজে বাংলা ভাষার ব্যবহার। আপনারা দীর্ঘদিন ধরেই সরকারি কাজে বাংলা ভাষার ব্যবহারের কথা বলে আসছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয় বাংলা ভাষাকে ভালোবাসেন—আমাদের আশা, আমাদের ভালোবাসা বাংলা ভাষা—এই বাংলা ভাষায় উত্তরণ আপনার আমলে হোক এটা আমরাও চাই, কিন্তু দীর্ঘ এক দশক ধরে আপনাদের সরকারের কাছ থেকে এ ব্যাপারে প্রতিশ্রুতি পাওয়া সত্ত্বেও এবং বিশেষ করে গত কয়েক বছর ধরে আপনি মুখ্যমন্ত্রী হওয়ার পর থেকে এই সভায় এবং বিভিন্ন সাংবাদিক সম্মেলনে আপনার কাছ থেকে শুনে আসা সত্ত্বেও এর যথাযথ প্রয়োগ কিন্তু আমরা এখনও দেখতে পাচ্ছি না। মহাকরণ থেকে শুরু করে গ্রাম পঞ্চায়েতের দপ্তর পর্যন্ত অথবা ব্লক উন্নয়ন আধিকারিকের অফিস পর্যন্ত বাংলা ভাষার ব্যবহার এক-দশমাংশ হয়েছে বলেও আমার মনে হয় না। এটা কিন্তু আমি কোনো নেতিবাচক মনোভাব নিয়ে বলছি না, বরং বলতে পারেন ইতিবাচক মনোভাব নিয়েই বলছি। সরকারি কাজে বাংলা ভাষার ব্যবহার অত্যন্ত জরুরি এই বোধ থাকা সত্ত্বেও আপনার মতন একজন সংস্কৃতিবান মানুষ—আপনার দল তাই দাবি করে, আমরাও কোনো কোনো সময় বলি—যা অনায়াসে করতে পারতেন সেটা কিন্তু হল না আপনাদের সরকারের সদিচ্ছার অভাবে। সরকারি কাজে বাংলা ভাষার ব্যবহার সঠিকভাবে এখনও আপনারা করতে পারছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনাকে আমি বলি, বাংলা ভাষার ব্যবহারের প্রসঙ্গে কীভাবে এগুতে হবে এই বিষয়টা শুধুমাত্র আপনার নিজের মধ্যে এবং আপনার মন্ত্রিসভার সদস্যদের মধ্যে সীমাবদ্ধ না রেখে যাঁরা বাঙলা ভাষার দিকপাল তাঁদের নিয়ে যদি একটা এক্সপার্ট কমিটি তৈরি করতেন তাহলে এ ব্যাপারে তাঁরা আপনাকে সঠিক পরামর্শ দিতে পারতেন, অনেক বেশি সহযোগিতা করতে পারতেন এবং তাতে ভাংলা ভাষার ব্যবহারটা সঠিকভাবে আপনি করতে পারতেন। ব্যালট বক্স পুকুরে ফেলে দিয়ে পরের দিন নতুন করে রিপোল করিয়ে, পুলিশ ও সাধারণ গুণ্ডাদের

দিয়ে মানুষকে ভোট দিতে না দিয়ে জোর করে পঞ্চায়েতগুলি যেভাবে আপনারা দখল করেছেন আমি এখন সে প্রসঙ্গে আসছি না, তবে আপনাদের বলছি এই নির্বাচন প্রমাণ করে দিয়েছে যে, পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক প্রথাতে নির্বাচনের দিন শেষ হয়ে এসেছে, আপনাদের মতো মাফিয়াদের দিন নতুন করে শুরু হয়েছে বুদ্ধদেববাবুর এই রাজত্বে। এর পর যাঁরা সিংহাসনে গিয়ে বসছেন বিশেষ করে গ্রাম পঞ্চায়েতের প্রধান বা উপ-প্রধান—

[5.00–5.10 p.m.]

পঞ্চায়েতের যাঁরা সদস্য, তাঁদের কাছে বি.ডি. অফিস থেকে নানা সার্কুলার যাচ্ছে, তার অধিকাংশগুলো কোন ভাষায় যাচ্ছে ? অধিকাংশ যে ভাষায় যাচ্ছে তার নাম ইংরাজি ভাষা। আপনি জানেন, সেই সদস্য মার্কসবাদী কমিউনিস্ট হতে পারেন, কংগ্রেস, আর.এস.পি. বা ফরওয়ার্ড ব্লকের হতে পারেন। তিনি কাগজটা দেখে তাঁর সেক্রেটারি বা জব অ্যাসিস্ট্যান্টকে বলতে পারেন, 'এর মানেটা কি একটু বলে দিন।' তাঁরা যদি ভুল বোঝান, তাহলে পঞ্চায়েতের কাজকর্ম সঠিকভাবে চলবে তো ? তাই মনে হয়, আপনি অনেক দেরি করে ফেলেছেন। বাংলা ভাষার যাতে ভালো হয় তার জন্য ব্যবস্থা নেওয়া উচিত। এগুলো কিন্তু কথার কথা রয়ে যাচ্ছে। যদি ব্যবস্থা না নেওয়া হয় তাহলে আরো এক দশক অপেক্ষা করলেও বাংলা ভাষার ব্যবহার পশ্চিমবাংলায় হবে না। আমি ২৬ বছরে আপনারা যেটা করেছেন তা তো বললাম—গায়ের জোরে ক্ষমতায় আসা আর কিছু প্রতিশ্রুতি দিয়ে মানুষের কাছ থেকে ভোট নেওয়া ছাড়া আর কিছু করেননি।

যাই হোক, এবারে আমি ট্রেনিংয়ের কথায় আসছি। আপনি আই.এ.এস.-দের, ডব্লু.বি. সি.এস.-দের ট্রেনিংয়ের কথা বলেছেন। আপনি সরকারি কর্মচারীদের ট্রেনিংয়ের কথা বলেছেন। লক্ষ লক্ষ কোটি কোটি টাকা খরচ করছেন। সল্টলেক, কল্যাণী, বর্ধমান, জলপাইগুড়ি যে কোনো জায়গায় এই যে টাকাগুলো খরচ করছেন, ঠিক আছে, করুন। কিন্তু ট্রেনিং নিয়ে তাঁরা কি করছেন ? আপনি গতবারও বলেছিলেন, আমরা ট্রেনিং দিচ্ছি। এবারেও আপনি বলেছেন। কিন্তু তাঁরা এই যে ট্রেনিংটা নিচ্ছেন, সেই ট্রেনিংটা বাস্তবে রূপায়িত হচ্ছে কিনা তার জন্য আপনি কোনো মনিটারিং কমিটি করেছেন কি ? তাঁদের কাছ থেকে কোনো পরামর্শ আপনি নেন. কি ? যেসব অফিসাররা বা অধস্তনরা ট্রেনিংটা নিলেন, তার কতটুকু ইমপ্লিমেন্ট হচ্ছে ? আমি জানি আপনি ব্যস্ত মানুষ। স্বাস্থ্যমন্ত্রীর অপদার্থতার জন্য আপনাকে ইতালি থেকে ফিরে এসে মুর্শিদাবাদে ছুটে যেতে হয়। তাই আমি বলব, এগুলো কিন্তু বাস্তবায়িত হচ্ছে না। এঁদের একটা ধারণা হয়ে গেছে—আপনি মেনে নিতে পারুন বা না পারুন, এঁদের একটা ধারণা হয়ে গেছে যে, শাসক গোষ্ঠীর যাঁরা আছেন, তাঁদের মদত করতে পারলে তাঁদের চাকরিটা থাকবে, উন্নতি হবে। এই জায়গা থেকে এঁদের কি আপনি বার করে আনতে পারবেন ? তা যদি না পারেন তাহলে আজকে যেভাবে বাংলা চলছে, বিগত দিনে জ্যোতিবাবুর আমলে যেভাবে চলছিল সেইভাবেই চলবে। তার কোনো পরিবর্তন হবে না। আমি একটা ছোট্ট উদাহরণ দিই আপনাকে। নির্বাচনের সময়ে ওরা

নিশ্চয়ই খবর পায় মুখ্যমন্ত্রী কোন কোন জায়গায় যাবেন, কোন কোন জায়গায় যাবেন না। আপনি নদিয়া জেলায় নির্বাচন সফরে যখন গেলেন তখন ওখানকার জেলাশাসক আপনার পিছনে পিছনে গেলেন। এটা তাঁর চাকরি নয়। এটা না করলে তাঁর চাকরিও যাবার নয়। তবুও তিনি গেলেন, কেন না আপনার শুভেচ্ছা পাবার জন্য গেলেন। তারপর যখন ইলেকশান কমিশন বলে দিলেন এটা নিয়ম না, তুমি পত্রপাঠ চলে যাও, তখন তিনি চলে যেতে বাধ্য হলেন। আপনার ক্ষমতা নেই যে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন। তাই আমি বলছি, এই মানসিকতা প্রতিটি আই এ এস অফিসারেরই আছে। তাই এই অবস্থা চলছে। এর থেকে যদি মুক্ত করতে না পারেন, তাহলে যে কথা বলছেন, প্রশাসনিক সংস্কারের কথা বলছেন, তা বাস্তবায়িত হবে না। বুদ্ধদেববাবু, আপনি 'ডু ইট নাউ' এই স্লোগান দিয়েছেন। আপনি কর্মসংস্কৃতির কথা বলেছেন। রেগুলার টাইমলি অফিসে আসতে হবে বলেছেন। সব ঠিক আছে। আপনার কথায় কাজ হয়নি, এই কথা আমি বলব না। কিন্তু আমি এই কথা বলব যে, আপনি প্রথম যখন শুরু করেছিলেন তখন কিছুটা কাজ হয়েছিল। আমরা গ্রামের মানুষ। আমরা বি.ডি. অফিসে যাই, এস.ডি. অফিসে যাই, রাইটার্সেও যাই। আমরা জানি সেখানে কি হয়। তার কারটা কি—তার কারণ একটাই, আমি যে কথা আগেও বলেছি এবং আবার বলছি যে, আপনার জেলার দায়িত্বে আছেন জেলাশাসক বা তাঁর সংযুক্ত উচ্চপদস্থ কর্মচারীরা, তাঁরা কিন্তু একবারও প্রয়োজন মনে করেন না যে আমরা লক্ষ্য করি বি.ডি.ও. অফিসে কর্মচারীরা কোন সময়ে আসছেন। এই ব্যাপারে তাঁরা যদি একটু সময় দিতে পারতেন তাহলে আপনার যে স্বপ্ন, আপনার যে ভাবনা এবং চিন্তা কর্মসংস্কৃতি ফিরিয়ে আনার জন্য সেটা সফল হতে পারত। যেটা জ্যোতিবাবুর আমলে সম্পূর্ণ হারিয়ে গেছিল, আপনি তাকে মুক্তি দিতে পেরেছেন কিছুটা। কিন্তু আপনি যদি পরিপূর্ণভাবে এই কর্মসংস্কৃতি ফিরিয়ে আনতে পারেন তাহলে বাংলার উন্নতি অবশ্যম্ভাবী হয়ে পড়বে। আপনার যে স্লোগান ডু ইট নাউ—এটা নিয়ে নতুন করে ভাবনা-চিন্তা করুন, যাতে করে এর মধ্যে দিয়ে কর্মসংস্কৃতি ফিরিয়ে আনতে পারেন। শুধুমাত্র কর্মসংস্কৃতির স্লোগান দিলেই তা বাস্তবে রূপায়িত হবে না। এই ব্যাপারে আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি এই জিনিসগুলো একটু দেখুন, যাতে করে ফলো আপ করা যায় তার জন্য চেষ্টা করুন। আপনি কর্মচারীদের আই.টি. এবং ভি.ডি.ও. কনফারেন্স করার ব্যাপারে প্রশিক্ষণ দেওয়ার কথা বলেছেন। কিন্তু বালুরঘাটের কোনো একজন অফিসার বা নর্থ বেঙ্গলের কোনো অফিসার যদি সোমবার কলকাতায় আসেন তাহলে তাঁর ফিরে যেতে বৃহস্পতিবার লাগছে। তাহলে মাঝের দিনগুলো তাঁকে আর ওখানে পাওয়া যাবে না। আবার এখান থেকে কোনো সরকারি কর্মচারী সরকারি কাজে উত্তরবঙ্গে যাচ্ছেন, তাঁরও একই সময় লাগছে। কি প্রতিবিধান এর করতে পেরেছেন ? এর কি কোনো পুনর্ব্যবস্থা হবে না ? এর যদি কোনো প্রতিবিধানের বন্দোবস্ত না হয় তাহলে আপনারা যে জায়গায় ছিলেন সেই জায়গাতেই ফিরে যেতে হবে। কোনো কর্মসংস্কৃতির উন্নতি হবে না। আমি অন্য একজনের কথা বলছি—হাওড়ার ডি এম, আমি তাঁকে ব্যক্তিগত আক্রমণ করছি না, কিন্তু যেটা বাস্তব সেটাই বলছি। হাওড়ার ডিস্ট্রিক ম্যাজিস্ট্রেট তাঁর কাছে গেলেই শুনতে পাই তিনি রাইটার্সে গেছেন। এই যদি চলতে থাকে তাহলে আই.টি. বা

ভি.ডি.ও. কনফারেন্স করে কি লাভ হল ? এ ক্ষেত্রে আই.টি. এবং ভি.ডি.ও. কনফারেন্স খুবই সম্পর্কযুক্ত, এর যদি উন্নতি না করতে পারেন তাহলে কাজ পিছিয়েই পড়বে। আমরাই সেখানে যদি কাজ না পাই তাহলে সাধারণ মানুষ তো তাদের কাছে যেতেই পারবে না। এরপরে আমি জেলা পরিষদের সভাধিপতির কথা বলি—তিনি যে দলেরই হোন না কেন. তিনি প্রত্যেকটি কমিটির চেয়ারম্যান, সেখানে জনশিক্ষা থেকে শুরু করে সর্বত্র তিনি রয়েছেন এবং যখনই তাঁর কাছে যাবেন তিনি ব্যস্ত, তাহলে কাজটা করবেন কি করে ? একজন অনেস্ট, সিন্সিয়ার লোক, তাঁকে যদি এইভাবে কাজ করতে হয়, তাহলে তাঁর পক্ষে জেলার উন্নয়নের জন্য সময় দেওয়া তো সম্ভব নয়। এর থেকে মুক্ত করার চেষ্টা করুন। আপনার ইচ্ছা আছে, আপনার ভাবনা আছে, কিন্তু এই যদি অবস্থা চলতে থাকে তাহলে আগে যা ছিল এখন তাই চলবে, এর থেকে কোনো পরিবর্তন হবে না। আপনাকে এই সব বিষয়গুলো দেখতে হবে। আপনি আপনার বাজেট ভাষণে বলেছেন যে, দক্ষ কর্মচারী আর একনিষ্ঠ কর্মচারীর কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বইতে দুটি কথার ব্যবহার করেননি—তার একটা হচ্ছে নিরপেক্ষ কর্মচারীর কথা বলেননি। আর একটা সৎ কর্মচারীর কথা বলেননি এবং তিনি এইরকম একটা প্রিন্সিপালের মধ্যে দিয়ে চলেছেন এবং সেইভাবেই চলার চেষ্টা করছেন। কিন্তু আমি তাঁকে এই ব্যাপারে চোখ খুলে দিতে চাইছি। আজকেই সকালবেলায় প্রশ্নোত্তর পর্বে আপনি যখন উত্তর দিচ্ছিলেন তখন দুর্ঘটনার ব্যাপারে অনেক সদস্য প্রশ্ন তুলেছিলেন। আমিও প্রশ্ন করতে চেয়েছিলাম, কিন্তু সময়ের অভাবে মাননীয় অধ্যক্ষ মহাশয় বলতে দিতে পারেননি। তা না হলে তিনি প্রশ্ন করতে দিতেন। আপনি নিশ্চয় দুর্নীতি শব্দটা জানেন এবং এটা অনেক দূর অবধি ছড়িয়ে আছে, আমি এই ব্যাপারে বিস্তৃত ব্যাখ্যায় যাচ্ছি না। দুর্ঘটনা কীভাবে এড়ানো যায় এই ব্যাপারে মাননীয় সদস্য বললেন, রাস্তা ভালো করতে হবে। আর একজন সদস্য বললেন যে, ট্রফিক পুলিশের সংখ্যা বাড়াতে হবে ইত্যাদি ইত্যাদি। আমি আপনাকে যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে যে, আপনি কি জানেন মোটর ভেহিকেলস্ ডিপার্টমেন্ট আছে এবং প্রত্যেকটি জেলাতেই এর একটা করে বিভাগ আছে। সেই ডিপার্টমেন্টের টেকনিক্যাল অফিসাররা ড্রাইভারদের লাইসেন্স দিয়ে থাকেন। এ ক্ষেত্রে কোন ড্রাইভার অপটু, কোন ড্রাইভার পটু তার উপরে লাইসেন্স দিয়ে থাকেন। মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, আপনি কি একটু খবর নিয়ে দেখবেন যে, এদের কতজন এক্সপার্ট ড্রাইভার, উপযুক্ত ড্রাইভার তাদেরকে লাইসেন্স দেওয়া হয় ? অধিকাংশ ক্ষেত্রে অর্থের জোগান থাকায় বাঁ হাতে অর্থ নিয়ে অপটু ড্রাইভারদের লাইসেন্স দেওয়া হয় এবং এর জন্যই দুর্ঘটনা ঘটছে এবং তার একটা মূল কারণ হচ্ছে এটা।

[5.10–5.20 p.m.]

প্রতিটি দুর্ঘটনাই অনেকগুলি কারণের জন্য হয়। মূল কারণ ড্রাইভারদের ট্রেনিং-এর অভাব। ড্রাইভারদের অপটুতা আছে বলেই অধিকাংশ ক্ষেত্রে অ্যাক্সিডেন্ট হয়। একজন ড্রাইভার যিনি ট্রাক চালান, কিংবা যিনি শুধু বাস চালান, সরকারি বাসের কথা ছেড়ে দিলাম, এই সব ড্রাইভারদের একটা মিনিমাম কোয়ালিফিকেশান থাকার দরকার আছে। আমি একটা

বইতে পড়েছিলাম, জার্মানিতেই মনে হয়, সেখানে গ্র্যাজুয়েট না হলে ড্রাইভার হওয়া যায় না। এই যে কোথাও কোথাও স্পিড লিমিট কথাটা লেখা আছে ৫ কিঃমিঃ, এটা একটা ট্রাক ড্রাইভার সেটা পড়তে জানে না, একজন বেসরকারি বাসের ড্রাইভার সেটা পড়তে জানে না। এটা দেখার কোনো ব্যবস্থা নেই। এর কারণ, তাদের কাছ থেকে টাকা নিয়ে ড্রাইভিং লাইসেন্স দেওয়া হচ্ছে। এই যে দুর্নীতি চলছে, এটা বন্ধ করার চেষ্টা আপনাদের নেই এবং এইভাবেই ড্রাইভার বেরিয়ে আসছে এবং তারা গাড়ি চালাচ্ছে, অনেক সময় অ্যাক্সিডেন্টও হচ্ছে। আমি এর আগে একজন শিল্পপতির কথা বলেছিলাম, বারাসাতের এক ক্ষুদ্র শিল্পপতি, তাঁর কাছ থেকে টাকা নেওয়া হয়েছিল। মান্নান সাহেবও বলেছেন, এই ব্যাপারে ভিজিলেন্স কমিশন কতটা কি করেছে, সেটা বলবেন। আপনাদের ভিজিলেন্স কমিশনের লাস্ট রিপোর্ট বেরিয়েছে ২০০০ সালের, তারপর থেকে কোনো রিপোর্ট নেই। এই ব্যাপারে আমি এর আগেও বলেছি, যার জন্য বলছি আপনারা ভিজিলেন্স কমিশনের রিপোর্ট আপ টু ডেট করবেন কিনা সেটা বলবেন। অ্যাট লিস্ট ভিজিলেন্স কমিশনের কাছে ২০০২ সালের রিপোর্টও যদি না পাই—আমি লাইব্রেরিতেও খোঁজ করেছি, ২০০২ সালের ভিজিলেন্স কমিশনের রিপোর্ট—তাহলে আমাদের পক্ষে তো সম্ভব নয়, এই ২০০৩ সালের জুলাই মাসে দাঁড়িয়ে আপনাদের ভিজিলেন্স কমিশনের সম্বন্ধে আলোচনা করা। ১৯৮৮ সালে দুর্নীতিগ্রস্ত এক কমার্শিয়াল ট্যাক্স অফিসারের বিরুদ্ধে অভিযোগ ওঠায়, সেই তদন্তে সর্বসম্মত হয়ে ভিজিলেন্স কমিশন ডিপার্টমেন্টকে বলে দরখাস্ত করতে, কিন্তু দপ্তর থেকে ৪ বছর পরে ১৯৯২ সালের ফেব্রুয়ারি মাসে মিনিমাম শো-কজ করে, তিনি শো-কজের উত্তর দেওয়ার আগেই চলে গেলেন ১৯৯৪ সালের এপ্রিল মাসে। এই হচ্ছে অবস্থা। আপনি বলেছেন, কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ করেছেন, আমি জানতে চাইছি, এ পর্যন্ত কতজনের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন, জানাবেন। অভিযোগ জানাবার জন্য আপনি একটা ব্যবস্থা করেছেন, জন-অভিযোগ কেন্দ্র অর্থাৎ পাবলিক গ্রিভান্স সেল। আপনি বলেছেন, এখানে ১১ নম্বর মির্জা গ্যালিব স্ট্রিটে ব্যবস্থা আছে, মহাকরণে ব্যবস্থা আছে, জেলাশাসকের কার্য্যালয়ে ব্যবস্থা আছে, মহকুমা শাসকের কার্যালয়ে ব্যবস্থা আছে। আমার মনে হয়, সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে, পঞ্চায়েত সমিতি স্তরে, ব্লক স্তরে, সেখানে জন-অভিযোগ সেল থাকলে এটা কার্যকরী হতে পারত। আমি একটা জায়গায় খবর নিয়েছিলাম, শুনেছি ওখানে একটা সেল আছে, কিন্তু এর বাস্তবতা আছে কিনা জানি না, বি.ডি.ও. হচ্ছেন তার সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। জেলা স্তরে কোথাও একটা দেওয়ালে লেখা দেখাতে পারবেন সেখানে এটা লেখা আছে। সেখানে গেলে আপনার কো-অর্ডিনেশন পার্টির কথাই নজরে পড়বে, ফেডারেশন পার্টির কথাই নজরে পড়বে। কিন্তু কোথাও কি জেলা স্তরে, কি মহকুমা স্তরে, কি ব্লক লেভেলে কোথাও দেখতে পাবেন না, জন-অভিযোগ সেল এখানে আছে, এখানে অভিযোগ জমা দিন। যদি মানুষ না জানতে পারে তাহলে কীভাবে অভিযোগ জমা দেবে। আপনারা মিডিয়ার মাধ্যমে পালস্ পোলিওর কথা প্রচার করছেন, রেডিও, টিভি-র মাধ্যমে সর্বত্র তার প্রচার হচ্ছে, মানুষ সেটা জানতে পারছেন। কিন্তু এই যে জন-অভিযোগ সেল হয়েছে এই ব্যাপারে সাধারণ মানুষের কাছে এই বার্তাটা পৌঁছে দেওয়া দরকার। আপনার কোনো দপ্তর সম্বন্ধে অভিযোগ থাকলে

সেটার অভিযোগটা জানান। এটা জানানোর এখন পর্যন্ত কোথাও কোনো বন্দোবস্ত নেই, সুতরাং আমি কি বলতে পারি না এই প্রশাসন পরিচ্ছন্ন প্রশাসন নয়, এরা এখানে সঠিকভাবে কাজ করতে পারছে না। আমার বন্ধু মান্নান সাহেবও বলছিলেন, জেলাগুলিকে ভাগ করার ব্যাপারে। আমিও বলছি, মহকুমাগুলিকে ছোট করা উচিত। এখানে একমাত্র প্রকৃষ্ট উদাহরণ হওয়া উচিত বাংলাদেশ। বাংলাদেশ তারা যে বন্দোবস্তের মধ্যে দিয়েই চলুক না কেন, যেভাবে তারা ডি-সেন্ট্রালাইজেশন অফ অ্যাডমিনিস্ট্রেটিভ এরিয়া চালু করেছে সেটা দেখা দরকার। থানাগুলির সংখ্যা যা আছে ৪,৫০০-র মতন, এখানে থানা শুধু বাড়ালেই হবে না, থানা বাড়ার সঙ্গে সঙ্গে পুলিশের সংখ্যাও বাড়াতে হবে। এটা শুধু কলকাতার আশপাশে করলেই হবে না, সর্বত্র করতে হবে। শুধুমাত্র কলকাতা এবং তার আশপাশের থানাগুলোকে ছোট করলেই হবে না, যে সমস্ত থানার এরিয়া বড়ো আছে, কাজের সুবিধার্থে তাদের এরিয়াও ছোট করতে হবে। এত আইন-শৃঙ্খলার সমস্যা হচ্ছে, সবটাই তো বিরোধীদলকে নিয়ে নয়, আপনার সমস্যা তো অন্য জায়গায়। শুধু তো ধানতলা নিয়ে আপনার সমস্যা নয়। অনেক জায়গা আছে যেখানে পুলিশের পক্ষে যাতায়াত করা অসম্ভব হয়ে পড়েছে। আজকে কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকায় পুলিশের মর্ডানাইজেশনের কাজ হচ্ছে না। যার ফলে আমেরিকান সেন্টারের সামনে পুলিশ অসহায়, সেখানে সশস্ত্র প্রহরীদের মরতে হচ্ছে। এই সব ব্যাপারে আপনার সরকারের কোনো চিন্তা-ভাবনা আছে কি ? আমি আমার বক্তব্যকে আর দীর্ঘায়িত করতে চাই না, শুধু এ কথা বলতে চাই, এতদিন ধরে যে কথা বলা হচ্ছে সেটা অনেকটা কথার কথা। আজকে আপনার দপ্তরের যে ব্যয়-বরাদ্দ প্লেস করা হয়েছে তার পরিমাণ এত কমলো কেন ? যখন অন্য বিভাগের বাজেট বাড়ছে, তখন গুরুত্বপূর্ণ এই দপ্তরের বাজেট কমছে কেন ? আশা করি নিশ্চয় আপনি এর জবাব দেবেন, এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষে যে কাট মোশান দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪২ নম্বর দাবির অধীন কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কার বিভাগের উপরে যে আলোচনা এতক্ষণ ধরে হল, আমি সে সম্পর্কে আমার বক্তব্য সংক্ষিপ্তভাবে বলব। বিরোধীরা আলোচনা করতে গিয়ে অনেকগুলো প্রসঙ্গ তুলেছেন। তার মধ্যে একটা বড়ো প্রসঙ্গ হচ্ছে, আমাদের রাজ্যে কলকাতা নিয়ে উনিশটি জেলা। আরো জেলা ভাগ করার পরিকল্পনা এবং চিন্তা সরকারের আছে কিনা ? আমরা এখনো মনে করি প্রয়োজনটা আছে। ডঃ মিত্রের যে সংস্কার কমিটি ছিল, তাঁরা যে প্রস্তাব এবং ক্রাইটেরিয়া বলেছিলেন সেটা একেবারে বাতিল করার মনোভাব আমাদের নেই। কিন্তু আমাদের সমস্ত বাস্তবতা বিচার করে এগোতে হচ্ছে। বাস্তবতা হচ্ছে এই যে, ভাগ করলেই তো হয় না, আর্থিক প্রসঙ্গ কী আছে সেটা দেখতে হবে। জেলা ভাগ করা মানে সেখানে ইনফ্রাস্ট্রাকচার দিতে হবে। আপনারা জানেন, আমাদের এই সময়ের মধ্যে আমরা তিনটি জেলা ভাগ করেছি এই বামফ্রন্ট সরকার। আমাদের এই সময়ের মধ্যে আমরা ২৪-পরগনাকে ভাগ করেছি, দিনাজপুরকে ভাগ করেছি, মেদিনীপুরকে ভাগ করেছি এবং অনেকগুলো সাব-ডিভিশন করেছি। এইগুলো করতে গিয়ে আমাদের যা করতে হচ্ছে, তার পরিকাঠামো

তৈরি করতে হচ্ছে, দপ্তর তৈরি করতে হচ্ছে, অফিস তৈরি করতে হচ্ছে এবং কর্মচারীর প্রয়োজন হচ্ছে। এই বাস্তবতাকে সামনে রেখেই আমরা এগোতে চাইছি। এমন নয় যে চাইলেই আমরা পারি। আমাদের আর্থিক অবস্থা, সব কিছু বিচার-বিবেচনা করে আমাদের এগোতে হচ্ছে। আর তপন হোড় মহাশয়ও ঠিক বলেছেন, আর জলপাইগুড়ি জেলাও বিরাট—কোথায় আলিপুরদুয়ার—আর বর্ধমান জেলাও বিরাট জেলা। কিন্তু এই মুহূর্তে তিনটি জেলা ভাগ করার পরে নতুন করে আর জেলা বিভাজনের কথা আমরা ভাবছি না। সমস্ত কিছু আমাদের বিবেচনা করতে হবে। কিন্তু মান্নান সাহেবকে একটা কথা বলতে চাই, আপনি তো আইন-শৃঙ্খলার ক্ষেত্রে অন্য রাজ্য দেখান, সেই জন্য আমাদের দেখালেন অন্য রাজ্যে কতগুলো জেলা হয়েছে। আমি কোনো রাজ্যকেই ছোট করতে চাই না। শুধু এটুকু বলতে চাই যে, উদাহরণ দিলেন, ছোট করলেই কি সেখানে প্রশাসন ভালোভাবে চলবে। আমি বিনীতভাবে বলছি, সেই দাবি কিন্তু আপনিও করতে পারেন না। ছোট করলেই যে ভালো হবে, এটা কিন্তু কোনো কথা নয়। কথাটা হচ্ছে, কর্মক্ষমতা, কার্যকারিতা এবং আর্থিক বাস্তবতা, এইসব মাথায় রেখে করতে হবে। আমি এখানে বসে পঞ্চাশটা জেলা করে দিলাম, পরের দিনই প্রশাসন তরতর করে চলল, ঠিক দৃষ্টিভঙ্গিটা তা নয়।

মাননীয় সদস্য অসিত মিত্র আলোচনার সময় একটা বিষয় বলেছেন। আমরাও এটা ভীষণভাবে অনুভব করছি, আরো পুলিশ স্টেশন চাই। থানাগুলোকে ছোট করতে হবে। এই ব্যাপারে আমি একাধিক চিঠি এ পক্ষের, ও পক্ষের বিধায়কদের থেকে পেয়ে থাকি। এটা যুক্তিসঙ্গত। কাঁথির মতো একটা থানা, তার বিশাল এরিয়া, বিশাল একটা অঞ্চল। আমাদের রাজ্যে কলকাতা পুলিশের সংখ্যা ২৬ হাজার, রাজ্য পুলিশের ৬০ হাজার।

[5.20–5.30 p.m.]

কলকাতায় আছে ৪৫টি পুলিশ স্টেশন এবং রাজ্যে আছে ৪৫৮টি। এখন বাড়ানো মানেই—বাড়ি লাগবে, কর্মী লাগবে। সামগ্রিক বিচার করেই এটা করতে হবে। আমাদের একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গি আছে যে, কোন খাতে কত বাজেট বরাদ্দ করব এবং কোন খাতে কত বরাদ্দ করলে রাজ্যের উন্নতি ত্বরান্বিত হবে। আমি যদি বলি কৃষি থাক, শিক্ষা থাক, বিদ্যুৎ থাক, আমার ৫০টা জেলা হলেই তরতর করে এগিয়ে যেতে পারব, তা নয়। সামগ্রিক দৃষ্টি নিয়েই আমাদের এগোতে হবে, কোনটাকে প্রায়োরিটি দিতে হবে, সেটা দেখতে হবে। থানার ক্ষেত্রেও তাই। এটা খুব বাস্তব প্রয়োজন। আমাদের মতো চেহারার রাজ্য মহারাষ্ট্র, গুজরাট, অন্ধ্র—তাদের তুলনায় আমাদের পুলিশ কর্মী অর্ধেকও নয়। কলকাতা শহরে বম্বে, দিল্লি শহরের তুলনায় পুলিশ খুবই কম—যদিও অপরাধ সবচেয়ে কম। থানা বাড়ানোর প্রয়োজন স্বীকার করি, কিন্তু আমাদের ধীরে ধীরে এগোতে হচ্ছে, আর্থিক অবস্থা বিবেচনা করে এগোতে হচ্ছে, না হলে এগোতে পারব না। মান্নান সাহেব কর্মীদের কর্মসংস্কৃতির কথা বলতে গিয়ে বললেন—সার্কুলারে আছে। কিন্তু আপনি সার্কুলারটা পুরোটা পড়েননি, পুরোটা পড়লে বুঝতে পারতেন। প্রথমে বলি, ও.পি.আর. থেকে এ.সি.আর.-তে যাওয়া—কো-অর্ডিনেশন কমিটি এবং অন্যান্য সংগঠন, সকলের সঙ্গে আলোচনা করেই,

কর্মচারীদের কনফিডেন্স নিয়েই এটা করেছি। আর বললেন অ্যাটেনডেন্স তারপর পারফরমেন্স। শেষে আছে অ্যাকাউন্টেবিলিটি অ্যান্ড ইন্টিগ্রিটি। ওই দুটোতে পেরিয়ে গেলেই কি পেরিয়ে যাবেন ? না। পুরো সার্কুলারটা পড়লেই বুঝতে পারতেন। অ্যাকাউন্টেবিলিটি এবং ইন্টিগ্রিটিতে ১৫-র মধ্যে অন্তত ৩ যদি না পায় তাহলে আটকে যাবেন। সার্কুলারের ৪ নং পাতায় আছে, পড়ে নেবেন। অ্যাটেনডেন্স এবং পারফরমেন্স দেখিয়েও পার হতে পারবেন না। অ্যাকাউন্টেবিলিটি এবং ইন্টিগ্রিটিতে ন্যূনতম পক্ষে ৫ হলে খুব ভালো, ৩ না হলে যেতে পারবেন না, ৬০ শতাংশ হলেও পারবেন না, আটকে যাবেন। ভালো করে পড়েননি, ভালো করে পড়লেই বুঝতে পারতেন। ৬০ শতাংশ টোটাল, কিন্তু ওইটাতে মিনিমাম ৩ শতাংশ করে আসতে হবে। সল্টলেকে একটা কার্ড সিস্টেম চালু হয়েছিল, তাদের নিজেদের উদ্যোগে হয়েছিল। রাজ্য সরকার যদি উদ্যোগ নিত, তাহলে কেউ সেটা আটকাতে পারত না। আপনারা খালি বলেন কো-অর্ডিনেশন কমিটি। যা হচ্ছে কো-অর্ডিনেশন কমিটির সহযোগিতায়, তাদের পরামর্শে, তাদের সাহায্যেই হচ্ছে। কর্মচারীদের সঙ্গে আমাদের কোনো বিরোধ নেই। এটা প্রভু-ক্রীতদাসের সম্পর্ক নয়। তারা আমাদের সঙ্গে একমত হয়েছে এবং একমত হয়ে এগিয়েছি বলেই এগোতে পারছি। পারফরমেন্স, অ্যাটেনডেন্স, অ্যাকাউন্টেবিলিটি, যাই করেছি সব তাদের সঙ্গে আলোচনা করেই এগিয়েছি, ভবিষ্যতেও যা করব, আলোচনা করেই করব। একটা কথা বলি—যেটা বলেই যাব—'ডু ইট নাউ'। এই প্রসঙ্গে বললেন ডাই-ইন-হারনেস কেসে আপনি পড়ে আছেন। এটা কি ? ভাবখানা এরকম যেন, পুলিশের সব ডাই-ইন-হারনেসের ফাইলগুলো আমার কাছে পড়ে আছে, আমি সময় পাচ্ছি না বা আমার ইচ্ছে করছে না সই করতে। সব বিভাগ ছেড়ে দিচ্ছি, আমার বিভাগ হচ্ছে পুলিশ। এখানে ৬০০ প্রার্থী ডাই-ইন-হারনেস বসে আছে। এর মধ্যে বেশিরভাগ কনস্টেবল, কাজ করতে গিয়ে মারা গেছে, নির্মম অবস্থায় মারা গেছে। তাদের কাজ দেওয়া সরকারের নৈতিক দায়িত্ব। কিন্তু তাদের কাজ দেব কী করে ? প্রথমত, তাদের বাড়ির ছেলেরা থাকলে প্রথম সুযোগ পাবে। কিন্তু পুলিশের চাকরি করার ন্যূনতম কিছু আইন-কানুন আছে—যেমন বুকের ছাতি, ছুটতে পারবে কিনা, অমুক-তমুক। সেটাও রিল্যাক্স করলাম—৫৬ কী একটা ছিল, সেটা ৪৯ করলাম। তাতেও হচ্ছে না। বেশির ভাগ মাইনর, না হলে যে কর্মী মারা গেছে তার স্ত্রী। তবে, চাকরি খুঁজে বার করা খুব কঠিন। এই অবস্থা দীর্ঘদিন ধরে চলছে। আমরা খানিকটা এক্সারসাইজ করেও তাদের চাকরি দেওয়ার মতো কোনো জায়গা পাচ্ছি না। একটা চেষ্টা করে, এক সপ্তাহের মধ্যে হয়তো ম্যাচিওর করবে, ৪৫ জনের মতো একটা তালিকা আমরা তৈরি করেছি। কিন্তু ৬০০টা পড়ে আছে। দেবটা কোথায় বলুন না। তাদের দেবটা কোথায়। শরীরে মিলছে না। পুলিশে কী করে দেব। তার স্ত্রী যদি থাকে তাকে কী করে কনস্টেবলে দেব। তারা চান অন্য কাজ। সব মিলিয়ে ৪৪-এর বেশি তালিকা হয়েছে। কিন্তু এটা খুবই দুর্ভাগ্যজনক যে ৬০০ জন কর্মী মারা গেছে। কিন্তু সমস্যা এটা নয় যে, সেটা দেওয়া যায়, আমরা সেখানে ঘুমাচ্ছি। ডু ইট নাউ আমরা চেষ্টা করছি, পারছি না। এই অবস্থাটা আপনাকে একটু বুঝতে হবে। গ্রিভ্যান্স সেল সম্পর্কে আপনারা দুজন বলেছেন। আমাদের রাইটার্সে আছে। ইনফর্মেশন সেন্টারে আছে। আমাদের জেলাগুলিতে আছে।

সাব-ডিভিশনাল লেভেলে আছে। যেটা অসিতবাবু বললেন ঠিকই হয়তো, আমাদের একটা জায়গায় লিখে রাখা দরকার, আপনার অভিযোগ এখানে জমা দিন। এটা বি.ডি.ও., এস.ডি.ও. লেভেলে নেই, কিন্তু এটা ঠিক যে, কলকাতা এবং জেলা মিলিয়ে ৮ হাজার ৮০৬টা অভিযোগ এসেছে এবং ৭ হাজার ৫৭৮টার আমরা নিষ্পত্তি করতে পেরেছি। আপনি আমার ঘরে এসে কিছু নমুনা পরীক্ষা করে যাবেন। বেশিরভাগ আসে পেনশন সংক্রান্ত। আরো আসে রাস্তা মেরামত এগুলো, রাস্তাঘাট খারাপ, পেনশন। পুলিশে সবচেয়ে কম উত্তর পাওয়া যায়। পুলিশের ব্যাপারে আপনাকে পরিষ্কার বলছি, সেই কোথায় এনকোয়ারি করতে যাচ্ছে, কিন্তু যখন জবাব পাচ্ছে অনেক সময় লেগে যাচ্ছে। আমরা আপ্রাণ চেষ্টা করছি ছোটখাটো সমস্যাগুলিকে নিষ্পত্তি করতে। আমরা ফেলে রাখি না। তারপর মান্নান সাহেব আমাকে অন্ধ্রের সম্পর্কে বলেছেন, আমরা একটু দেরিতে শুরু করেছি। আমি আপনাকে এটুকু বলতে পারি আমাদের সঙ্গে কেউ পারবে না। আর তিন বছর অপেক্ষা করুন কেউ পারবে না। আমাদের রাজ্যে যে হিউম্যান রিসোর্স আছে। ই-গভর্নেন্স নিয়ে আপনি অনেক কথা বললেন। সব ছেড়ে দিয়ে বললেন ই-মেলে এন্ট্রি নেই। এখনো পর্যন্ত আমাদের দেশে ই-মেলে এন্ট্রি কত পার্সেন্ট পপুলেশনে আছে। অন্ধ্রপ্রদেশেই বা কত আছে। তার থেকে কলকাতা শহরে বা আমাদের রাজ্যে বেশি আছে। ই-মেলের এন্ট্রি আমরা চেষ্টা করছি। ই-গভর্নেন্স মানে কী। আমাদের প্রথম রাজ্য সারা দেশের মধ্যে যারা বাজেট তৈরি করেছে কম্পিউটারে। প্রথম রাজ্য সারা দেশের মধ্যে যেখানে ট্রেজারিগুলি কম্পিউটারাইজ্‌ড। প্রথম রাজ্য যেখানে রাইটার্স বিল্ডিং থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের সঙ্গে ভিডিও কনফারেন্স হয়। প্রতি সপ্তাহে ডি এম-দের ডাকা যায় না। ধান প্রকিওরমেন্ট হচ্ছে কিনা, পোলিও প্রিপারেশন কী হয়েছে, এই যে বর্ষাটা হয়ে গেল তিনটি জেলায় ক্ষতি হল, কী ক্ষতি হচ্ছে, নিয়মিত আমরা ভিডিও কনফারেন্স করেছি। যেটা আমরা তাড়াতাড়ি চলে যাব এস.ডি.ও., বি.ডি.ও. পর্যন্ত। এটা তো বললেন না ? ডিপার্টমেন্ট লাইক ল্যান্ড রিফর্মস সূর্যকান্ত মিশ্রের ডিপার্টমেন্ট, আমাদের জমির সমস্ত রেকর্ড কম্পিউটারে হয়।

(এ ভয়েস : বণ্টন তো হয় না॥)

বণ্টন যেটা হয় না সেটা মামলা আছে, লিটিগেশন আছে। হাইকোর্ট থেকে বেরিয়ে আসতে না পারলে বণ্টন করা যায় না। আপনারা জানেন জমি আকাশে নয়, মাটিতে আছে, চাষীর হাতে আছে। ও ভয় পাবেন না। এটা হয়ে যাবে, হাইকোর্ট থেকে বেরিয়ে আসলেই। ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্ট, আমাদের জেলা সম্পদ বিভাগ, আমাদের পুলিশের ক্রাইম অ্যান্ড ক্রিমিন্যাল্‌স রেকর্ড, মোটর ভেহিকেল্‌স সমস্ত জায়গা আমাদের কম্পিউটারাইজ্‌ড যেখানে আমাদের মানুষকে পরিষেবা দিতে হবে। ই-মেল দিয়ে খেলা করা আমাদের লক্ষ্য নয়। আমাদের লক্ষ্যটা হচ্ছে মানুষকে পরিষেবা দিতে হবে। একজন যদি কখনো জমির হিসাব জানতে চায়, একটা সুইচ টিপে যেন বলে দেওয়া যায়। এই আপনার জমি, এই আপনার মাপ। আমরা ১০ ডিপার্টমেন্টে ওয়েবসাইট চালু করেছি। মানস ঠিকই বলেছেন এটা আপ-টু-ডেট করা দরকার। ঠিক, আমাদের ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট করেছে, অ্যাগ্রি ডিপার্টমেন্ট

করেছে। বিদ্যুৎ, শিক্ষা দপ্তর ইত্যাদি আমাদের ১০টা বিভাগ ওয়েবসাইট এবং আমাদের সরকারের একটা ওয়েবসাইট আছে আপনারা জানেন যেটা বাংলার মুখ, যেটা আপগ্রেড করা দরকার, তাতে সমস্ত রাজ্যের একটা তথ্য পাওয়া যাবে। এইগুলো হচ্ছে ই-গভর্নেন্সের লক্ষ্য। লক্ষ্যটা হচ্ছে এই, কী করে মানুষের সঙ্গে আমাদের যোগাযোগ আরো নিবিড় হবে, আরো মানুষকে কী করে পরিষেবা দেওয়া যাবে, আরো বেশি উন্নতভাবে কী করে আই.টি. প্রয়োগ করা হবে, কিন্তু রাজ্যের বাস্তবতার বাইরে গিয়ে কম্পিউটার চালু আমাদের লক্ষ্য না। আমাদের কাজের যেখানে উন্নতি হবে সেখানে আমরা এই জিনিস ব্যবহার করব। সেটা আমরা আস্তে আস্তে করছি, পরামর্শ নিচ্ছি। টাটা কনসালটেন্সি আমাদের বেশি সাহায্য করছে, আই বি এম করতে চাইছে, আমরা এগোচ্ছি। তারপর আপনি একটা বিশাল গুরুত্বপূর্ণ বিষয় বলে গেলেন এই রাজ্যের শিল্প ইত্যাদি নিয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করব, আমার একটা আশঙ্কা হচ্ছে মান্নান সাহেবের ডাক্তার দেখানো দরকার তাড়াতাড়ি, কেন না আমার মনে হচ্ছে উনি বোধহয় জন্ডিসে আক্রান্ত হতে পারেন। গোটা রাজ্যের যে চেহারা দেখালেন আমার মনে হচ্ছে যে, ডাক্তার দেখিয়ে নিন জন্ডিস হবে কিনা। আপনি শুধু জেনে নিন শিল্প আসবে। আপনি বলেছেন শিল্প আসবে কেন ? আমি বলেছি শিল্প আসছে। আপনি না চাইলেও আসছে। আমাদের রাজ্যে ২০০১ সাল পর্যন্ত ২ হাজার কোটি টাকার বিনিয়োগ হয়েছে। গত বছর ছিল দু হাজার তিনশো কোটি টাকা, এই বছর আপনাকে আমি নিশ্চিতভাবে বলছি দু হাজার পাঁচশো কোটি টাকা বিনিয়োগ এই রাজ্যে হবে। কেউ ঠেকাতে পারবে না। এই বাস্তবতাটাকে দেখার জন্য আপনি তাড়াতাড়ি ডাক্তার দেখান। আপনি দেখতে পাচ্ছেন না, এই রাজ্যে জাপানিজ ডাইরেক্ট ইনভেস্টমেন্ট ইন ইন্ডিয়া পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি। জাপানিদের হায়েস্ট ইনভেস্টমেন্ট। দুই, এই রাজ্যে আসছে আই বি এম। আরো বেশি করে আসবে। এই রাজ্যে আসছে উইপ্রো, আরো বেশি করে আসবে। এই রাজ্যে আসছে ভিডিওকন, আরো বেশি করে আসবে। এই রাজ্যে আসছে স্যামসুঙ, আরো বেশি করে আসবে। এখানে একটা দার্শনিক বিতর্ক তুলেছিলেন এস ইউ সি আই। ওঁদের সঙ্গে আমাদের মেলা খুব মুশকিল। উনি ঠিক কি চাইছেন আমি জানি না। ওঁকে বলব মিৎসুবিশি এখানে এসেছেন কেমিক্যালসে। আমি কি বলব, চলে যান এখান থেকে। যদি ওরা সেকেন্ড ইউনিট করতে চায়, কী বলব ? পুঁজিপতিরা এখানে আসবেন না। চলে যান এখান থেকে ? তাহলে এস ইউ সি আই কি পুঁজি নিয়োগ করবেন ?

[5.30–5.40 p.m.]

আপনি কি বলতে চাইলেন, আমি বুঝতে পারলাম না। আমাদের শিল্পনীতি খুব পরিষ্কার। এখানে তাঁরা আসেন, তাঁরা সেবা করতে আসেন না। তাঁরা এখানে প্রফিট করতে আসেন। আমরা চাই আমাদের রাজ্যে কর্মসংস্থান হোক। এই মুহূর্তে আমরা দেশি, বিদেশি শিল্পকে বলছি যে আসুন পারস্পরিক স্বার্থে, পারস্পরিক স্বার্থে এই রাজ্যে আসুন, পুঁজি বিনিয়োগ করুন। এটাই হচ্ছে আমাদের শিল্পনীতি। এস ইউ সি আই-এর অতি বামপন্থা শুনে

আমাদের কোনো প্রয়োজন নেই। দুটো উদাহরণ আপনি দিলেন। দুটো আপনাকে গোল পাকিয়ে দিয়েছে। একটা হচ্ছে বারাসাতের কেস, আর একটা হচ্ছে ডায়মন্ডহারবারের কেস। ডায়মন্ডহারবারের কেসে ওয়ান পি এস হালদার. অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার চার্জশিটেড হয়ে গেছে। অন্যটা ডব্লু.বি.এস.ই.বি.। বারাসাতের কেসে মামলা চলছে। আজকে হাইকোর্টে রায় বেরোবে। কোনো ক্ষেত্রে কোনো অন্যায় করে ছাড় পাবে না এবং এই যে অবস্থা এটা ব্যতিক্রম। তাই বলছি, ২ হাজার ৫০০ কোটি টাকা যেখানে বিনিয়োগ হচ্ছে আপনি সেখানে দুজন ভদ্রলোকের নাম করে বলছেন। এই যদি হয় কী করে বিনিয়োগ হবে ? তার সঙ্গে যেটা বুঝতে পারছেন না এস.ই.বি. একটা বিরাট ডাইভ দিয়েছে। ব্যাপকরকমভাবে চুরি এবং বেশিরভাগ হচ্ছে কারখানায়। কোটি কোটি টাকা আটকেছে। এই অভিযান করতে গেলে কিছু ব্যতিক্রম, কিছু এদিক-ওদিক হতে পারে। যদি ভুল করে কেউ করে থাকে, অন্যায় করে থাকে, দুর্নীতি করে থাকে—গ্রেপ্তার হবে, শাস্তি হবে, অভিযান চলবে, কিন্তু তার জন্য শিল্প এখানে আটকে থাকবে না। আপনি ভয় পাবেন না। তারপর আপনি বলেছেন যে, 'আপনি ইতালি গেলেন', কী করতে গেলেন। ইতালি থেকে আমাকে আমন্ত্রণ করেন। যেটা এখন নর্মান্ডি, ওরা বলে লম্বার্ডি অঞ্চল প্রভিন্স নয়, আমাদের স্টেটের মতো তার প্রেসিডেন্ট গত বছরের এপ্রিল মাসে এখানে এসে আমাকে আমন্ত্রণ করেছিলেন। ৬ মাস, ৮ মাস ধরে আমার ডিপার্টমেন্ট পরিশ্রম করেছে আমি অ্যাট অল যাব কিনা, গেলে কি লাভ হবে এবং সেখানে আমি যা করতে পেরেছি। আমি তিনটে শহরে ছিলাম, একদিন একদিন করে। মিলানে একদিন, রোমে একদিন, ফ্লোরেন্সে একদিন। আমি ৭টা কোম্পানির সঙ্গে মিট করেছি। ইন্টার অ্যাকশন হয়েছে, আমাদের কী কী পোটেন্সিয়ালস আছে, কী কী সম্ভাবনা আছে, কোন জায়গায় আসতে পারেন ইত্যাদি আলোচনা হয়েছে এবং ওখানে আমাদের ৬টা সই হয়েছে। সই মানে মৌ নয়, এটা ইন্টেনশনও নয়, এটা বাস্তব চুক্তি। আমাদের এক্সপোর্ট কাউন্সিলের সঙ্গে ওদের এসোম্যাক্ ইতালির যে কাউন্টার পার্ট তাদের সঙ্গে চুক্তি হয়েছে, এখানে ওরা লেদার গুড্স পার্ক করবে, ফ্যাশান কাম ডিজাইন স্টুডিও করবে, লেদার ট্রেনিংয়ের একটা ব্যবস্থা করবে জয়েন্ট ভেঞ্চার্সে এবং ট্রান্সফার অফ টেকনোলজি, এটা হল লেদারের। গুসি সম্বন্ধে আসছি, আসছি, কী একটা নাম শুনেছেন বলে যাচ্ছেন, অর্থাৎ আমাদের যাঁরা লেদারের সঙ্গে যুক্ত তাঁদের প্রধান শ্রীকুমার ছিলেন আমার সঙ্গে। ইতালির যে এজেন্সি যাঁরা সারা দেশের লেদার শিল্পের দায়িত্বে তাঁদের সঙ্গে আমাদের চুক্তি হয়েছে। সেই চুক্তির মধ্যে দিয়ে তাঁরা এখানে আসছেন। দ্বিতীয়ত চুক্তি হয়েছে, তাঁর সঙ্গে একটা চুক্তি হয়েছে লেদারের, সেটা হচ্ছে ব্রিন্ড ট্রেডার্স অ্যাসোসিয়েশন। আমাদের সঙ্গে গিয়েছিলেন ওখানে, তাঁর সঙ্গে সেপেল সিডিল অফ ইতালির দুটো কোম্পানির সঙ্গে চুক্তি হয়েছে লেদারের। কলকাতার একটা কোম্পানি তারা মধ্যমগ্রামে ভেজিটেবল্স করে, তারা জানুসি এস.পি.এ. অফ ইতালি তাঁদের সঙ্গে দুই প্রাইভেট কোম্পানির চুক্তি হয়েছে। প্রাইভেট টু প্রাইভেট, এটাই ছিল আমার উদ্দেশ্য। তার পরে চুক্তি হয়েছে কলকাতার একটা কোম্পানি প্রিন্স রেফ্রিজারেশন কোম্পানি তার সঙ্গে জানোটি এস.পি.এ. অফ ইতালি। এঁরা হচ্ছে সারা রাজ্য জুড়ে, একটা মাল্টিপারপাস কোল্ড

স্টোরেজ হবে, এটা মুভিং হবে মানে ভ্যানও হবে, এগুলি মেইনলি ফ্রুটস এবং ফ্লাওয়ার্স ক্যারি করার জন্য। প্যাটন ট্যাংকের যে কর্ণধার আমার সঙ্গে গিয়েছিলেন, তিনি চুক্তি করেছেন ইতালির একটা খুব উন্নত কোম্পানির, সেটা হচ্ছে স্টিল সুইচ বক্সেস, তাঁরা যে টেকনোলজি দেবে আমরা নেব। আর একটা করার কথা ছিল সেটা হয়নি। কেন হয়নি তার কারণ তাঁদের কাউন্টার পার্ট তিনি হঠাৎ মস্কো চলে গেছেন। তাহলে ৭টা চুক্তি হয়েছে, যে চুক্তি একেবারে নির্দিষ্ট। গুসির ব্যাপারে যেটা কাগজে বেরিয়েছে, আমি কিছু জানি না, আমি কোনো চিঠি পাইনি। আমি গুসি কোম্পানিতে যাব কাউকে বলিনি। আমার প্রোগ্রাম করেছেন ইন্ডিয়ান এম্বাসি, ইন্ডিয়ান অ্যাম্বাসেডার, ইতালির এম্বাসি। তাঁরা আমার প্রোগ্রাম সম্পর্কে আমাকে দেখালেন যে আমার ওখানে আধ ঘণ্টার ভিজিট। আমি গিয়েছিলাম, গিয়ে সেখানে ঘুরে আসলাম। ঘুরে আসবার সময় আমি বলেছিলাম, আপনারা কলকাতায় আসতে পারেন। তাঁরা বললেন, আমরা ফ্লোরেন্সের বাইরে কোথাও যাই না। কলকাতায় আসুন ইট ইজ এ বেটার প্লেস, আমি হাসতে হাসতে বলেছিলাম, আপনারা সারা দুনিয়ায় জুতো বিক্রি করেন—আপনি যেটা বললেন ১০ হাজার ২ লক্ষ, আমাদের রাজ্যে করতে হবে না। আপনি কথাটা কিছুই বোঝেননি, আপনি শুনুন—সারা দুনিয়াতে জুতো বিক্রি করে, জাপানে সবচেয়ে বড়ো মার্কেট, এশিয়ান মার্কেট। আমি বলেছিলাম, আপনি ফ্লোরেন্সের থেকে জাপানে সাপ্লাই করছেন, আপনি কলকাতা থেকে ম্যানুফ্যাকচার করে জাপানে সাপ্লাই করুন না ? আমাদের সবচেয়ে বড়ো ভালো গোট স্কিন আছে। সারা দেশে ১৭০ মিলিয়ন স্কিন হয়, তার মধ্যে আমাদের হয় ৯৬ মিলিয়ন গোট স্কিন, বেস্ট কোয়ালিটির। আপনি এখানে বেস্ট কোয়ালিটি পাবেন, আপনি নিয়ে নিন, আপনি তৈরি করুন এবং গোটা এশিয়াতে বিক্রি করুন। তিনি বললেন, আমি জুলাই মাসে যাব। আমি বেরোবার সময় দুজন ভদ্রলোককে দাঁড় করিয়ে দিয়ে বললেন, এই দুজন আপনার দেশে যাবে। আমি বললাম, ঠিক আছে, মোস্ট ওয়েলকাম। তারপরে কাগজে কী বেরিয়েছে, না বেরিয়েছে আমার জানা নেই, আমার কাছে কোনো চিঠি আসেনি। আমি আশাবাদী তাঁরা আসবেন, তবে এটা এখনই বলতে পারছি না যে তাঁরা এখানে বানতলায় ফ্যাক্টরি করবেন। আসবেন, দেখবেন, পছন্দ হলে হবে, না হলে হবে না। আর আপনি যেটা বললেন কী করে হবে এখানে স্ট্রাইক হচ্ছে। আমি শুধু বলে রাখি, আমি যখন ইতালিতে তখন গোটা ফ্রান্সের ট্যুরিস্টরা পালিয়ে আসছে ইতালিতে। কারণ গোটা ফ্রান্সে ট্রান্সপোর্টের স্ট্রাইক চলছে। আমি যখন ইতালিতে সেই সময় অল ট্রেড ইউনিয়নস ডিসিশন নিল পেনশন কাট করেছে বলে ইতালিতে স্ট্রাইক হবে। আমি চলে আসার পরে সেই স্ট্রাইক হয়েছে। স্ট্রাইকটাকে ভয় পাবেন না, স্ট্রাইককে ভয় পাবেন না। গভর্নমেন্ট করে না, কিন্তু গভর্নমেন্টের মতো ওখানে ইতালিতে লেফট্ অফ দি সেন্টার আছে। আপনি জানেন না ইতালির রোমের যিনি মেয়র তিনি কমিউনিস্ট পার্টির লোক। একাধিক মিউনিসিপ্যালিটিতে কমিউনিস্ট পার্টি এখন বিভক্ত হয়ে গেছে, কিন্তু তাদের বিরাট ইনফ্লুয়েন্স আছে এবং ট্রেড ইউনিয়নের মধ্যে ফ্রান্সে এবং ইতালিতে সবচেয়ে বড়ো হচ্ছে রেড ফ্ল্যাগ, এটা জেনে রাখুন, দুনিয়াটাকে ভালো করে চিনুন।

[5.40–5.50 p.m.]

ভিজিল্যান্স কমিশনের ব্যাপারে যেটা বলেছেন, সঠিক। আমাদের অবস্থাটা হচ্ছে, আরো তাড়াতাড়ি করতে পারলে ভালো হত। ২০০০ সালের প্রতিবেদন বিধানসভায় পেশ করা হয়েছে। ২০০১ সালেরটা চেষ্টা হচ্ছে। কিন্তু এই সেশনে—আমি কালকে যা কথা বলেছি, এই সেশনে পারব না। এই সেশনের মধ্যে রেডি হয়ে যাবে তার পরের সেশনে ২০০১টা দিয়ে দেব। দুই-এরই কাজকর্ম চলছে। দুইটা একেবারে মনে করুন, এতগুলো অভিযোগ এসেছে পাল্টা সেগুলো উত্তর গেছে ডিপার্টমেন্টে—দু বছরের একটা গ্যাপ থাকছে। তাকে আরো কমিয়ে আনা যায় কিনা, ১ বছর করা যায় কিনা দেখছি। কিন্তু এটা নয়, এর আগে আরো বেশি ছিল। আমরা যতটা হয় আপ-ডেটিং করার চেষ্টা করছি। ভিজিল্যান্সের গুরুত্ব আমাদের কাছে আছে।

এর পরে আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্য ইয়াকুব সাহেব বলেছেন, সঠিকভাবেই যে, রাইটার্সে বড়ো ভিড়। সেই জন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি রাইটার্স বিল্ডিং থেকে ডিপার্টমেন্টগুলোকে সরানোর। ইতিমধ্যে আমরা জেশপ বিল্ডিং, যেটা আমাদের বাড়ির পিছনে, তাতে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর চলে গেছে। ক্যামাক স্ট্রিটে পি.ডব্লু.ডি.-র একটা মূল অংশ চলে যাবে এবং এছাড়াও প্রাণীসম্পদ বিকাশ, কুটির শিল্প, উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন—সব চলে যাবে। সল্টলেকে স্বাস্থ্য দপ্তর চলে যাবে। প্রস্তুত আমরা। আর একটু সময় লাগবে কিন্তু আমরা একেবারে বসে নেই। আমরা সল্টলেক, ক্যামাক স্ট্রিট এবং জেশপ—এই তিনটে বিল্ডিং-এ যেভাবে আস্তে আস্তে ডিসবার্স করব তাতে রাইটার্সে মোটামুটি একটা কাজ করার মতো অবস্থা সৃষ্টি হবে।

মাননীয় দেবপ্রসাদবাবু শিল্প নিয়ে এবং রাজ্যের গণ-আন্দোলন নিয়ে বলেছেন। আমি একটা কথা পরিষ্কার করে বলতে চাই সেটা হচ্ছে, উনি ১৯৬৭-৬৯ সালের সরকারের কথা বললেন। বলে বললেন, ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনে, ট্রেড ইউনিয়ন আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না। বামফ্রন্ট সরকারের নীতিও ঠিক তাই। অতীতের সঙ্গে পার্থক্য হচ্ছে, এটা ১৯৬৭ এবং ১৯৬৯ সালে, এটা আমি শুধু এস ইউ সি-র একার দোষ বলছি না, আমাদের বামপন্থীরা, আমরা 'ঘেরাও' পদ্ধতিটা সমর্থন করতাম এবং ঘেরাও এমন জনপ্রিয় হয়ে গেল যে এই 'ঘেরাও' শব্দটা অক্সফোর্ড ডিকশনারিতে চলে গেল, আমাদের দেশি একটা শব্দ। যেমন আগে 'বাজার' গেছে, 'শিকারী' গেছে, 'ঘেরাও'-ও চলে গেল অক্সফোর্ড ডিকশনারিতে। আমাদের এখন সুচিন্তিত মত হচ্ছে, গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশ প্রয়োগ করা হবে না। কিন্তু ঘেরাও ট্রেড ইউনিয়ন আন্দোলনের কোনো পদ্ধতি হতে পারে না, আমরা বামপন্থীরা এটা সমর্থন করব না। এই হচ্ছে আমাদের বক্তব্য, এটা আপনাদের পরিষ্কার করে জেনে নেওয়া ভালো, এ ব্যাপারে গোপন করার কিছু নেই।

স্কুলের ছাত্রদের ব্যাপারে, হ্যাঁ আমি করেছি, আপ্রাণ করে যাচ্ছি। আসানসোলের ওই ছেলেটি, ব্রিলিয়েন্ট ছেলে। স্কুলে ভর্তি হয়ে গেছে, আজকালের মধ্যে হস্টেল হয়ে যাবে।

পরিবারটিকে একটু দেখতে হবে। আমি গত বছর একটা হিসাব করলাম। আমার দপ্তর বলছে, ৪০ জনকে এইরকম গরীব বাড়ির ছেলে-মেয়েদের জন্য প্রায় ২ লক্ষ টাকা আমি খরচ করেছি আমার যে ত্রাণ কল্যাণ আছে, ওয়েলফেয়ার ফান্ড, তার থেকে মূলত অসুস্থতা এবং দুঃস্থ লোক এদের টাকা দিই। .....(নয়েজ)..... সেটা আমি শুনেছি। সেটা হচ্ছে গরীব যারা, মধ্যবিত্ত যারা, নিম্নবিত্ত যারা, যারা বি পি এল-এর তলায় আছে তাদের কোনো অসুবিধা হবে না। কিন্তু আপনাদের নীতির সঙ্গে আমাদের পার্থক্য এটা হবে যদিও সেটা প্রসঙ্গ নয়, যাঁরা দিতে পারেন তাঁরাও দেবেন না এটাতে আমরা একমত নই। যাঁরা দিতে পারেন তাঁরা দেবেন। আর যাঁরা দিতে পারেন না তাঁরা দেবেন না। এই হচ্ছে আমাদের সরকারের নীতি, এই হচ্ছে আমাদের সরকারের নীতি।

মাননীয় সদস্য ব্রহ্মময় নন্দ মহাশয়ের বক্তব্যের পরিপ্রেক্ষিতে বলছি, হ্যাঁ পূর্ব মেদিনীপুরের জমিটার ব্যবস্থা প্রায় চূড়ান্ত হয়ে গেছে। ওই পূর্ব মেদিনীপুর সদর দপ্তর, জেলা দপ্তর, প্রশাসনিক ভবনের জমিটা প্রায় চূড়ান্ত হয়ে গেছে। কর্মীদেরও আমরা আস্তে আস্তে দিতে আরম্ভ করেছি, এক সঙ্গে সব দিতে পারছি না। কিন্তু আমাদের কাজ তাড়াতাড়ি শুরু হবে পূর্ব মেদিনীপুরে।

মাননীয় সদস্য অসিতবাবু তাড়াতাড়ি কতগুলো কথা বলেছেন। বাংলা ভাষার আমার পরামর্শদাতা কমিটি আছে তিনটে। একটা মন্ত্রীদের নিয়ে। যেটাতে সংসদীয় বিভাগের মন্ত্রী প্রিসাইড করেন। একটা কমিটি আছে চিফ সেক্রেটারীকে নিয়ে। তাতে অফিসিয়াল বিষয়গুলো দেখা হয়। আর একটা আছে বিশিষ্ট কয়েকজন বাংলা ভাষার সাহিত্যের মানুষদের নিয়ে। যার মধ্যে সুনীল গঙ্গোপাধ্যায়, পবিত্র সরকার, মুস্তাফা সিরাজ, সৌগতবাবু আছেন দেখছি, কৃষ্ণ ধর, এঁদের আরো অনেককে নিয়ে পরামর্শদাতা কমিটি আছে। অবশ্য পরামর্শদাতা কমিটির মিটিং নিয়মিত হয় বলে আমার মনে হয় না। কিন্তু তাঁরা মিটিং করেছেন এবং আমরা গুরুত্ব দিচ্ছি কোনো সন্দেহ নেই। আমরা গুরুত্ব দিচ্ছি বাংলা ভাষাকে এগিয়ে নিয়ে যাবার জন্য। আর যা বললেন—অনেক কমিটি হয়ে গেছে। আমি একটা খবর দেখছিলাম। আমাকে পঞ্চায়েত মন্ত্রীও বললেন যে, আমাদের আগে জেলা স্তরে ৬০টা কমিটি ছিল। কোনো ডি এম বা জেলা সভাধিপতির পক্ষে, একজনের পক্ষে ৬০টা মিটিং করতে হলে তো মিটিং করতে করতে সারা জীবন চলে যাবে। আমরা সেটা কেটে টেনে এনে ২৩টাতে দাঁড় করিয়েছি। কিন্তু এর মধ্যে অর্ধেক হয় দিল্লি থেকে। মানে দিল্লি থেকে এমন একটা স্কীম করে যার অন্যতম শর্ত হচ্ছে জেলা স্তরে এইরকম একটা কমিটি করতে হবে। এই হচ্ছে সমস্যা। তা সত্ত্বেও একটা স্ট্যাটুটরি অবলিগেশন এসে যায়। আমরা চেষ্টা করছি যাতে কম করে করা যায়। আপনি বাজেটের প্রথমে একটা প্রশ্ন তুললেন, মুশকিল করে ফেললেন। বাজেটের ২ নম্বর ধারাটা পড়েননি, সেটাতে বলা আছে দেখুন যে, আগে ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্ট, পূর্ত বিভাগ—এরকম ৭-৮টি গুরুত্বপূর্ণ বিভাগের মাইনে, মজুরি সব এটার সঙ্গে জড়িত—সব আলাদা হয়ে গেছে, সব ডিপার্টমেন্টে চলে গেছে। এই যে বাজেট পেশ করা

হয়েছে এটা শুধু পার্সোনাল অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস ডিপার্টমেন্ট—আগে ৭-৮টি ডিপার্টমেন্টের মাইনে দেওয়া হত এই দপ্তর থেকে। সেইভাবে গত বছরের বাজেট আপনি দেখেছেন। প্রত্যেকটা বাজেট ওয়াইজ, ডিমান্ড ওয়াইজ বাজেট চলে গেছে। তার ফলে এই বাজেটটা আমাদের এত নেমে গেছে। স্বাভাবিক, এটা হওয়া উচিত ছিল এতদিন। কেন এতদিন জড়িয়ে ছিল এটাই মুশকিল। আপনি বাজেট স্পিচের ২ নম্বর ধারাটা পড়লেই বুঝতে পারতেন যে, কেন নেমে গেছে। চাঁচোলে আপনার কাজ শুরু হচ্ছে, একটা কোনোরকমে শুরু হয়েছে, ট্রাইবাল মেয়েদের হস্টেল ছিল, সেটা আপনি জানেন তো, আপনি ছিলেন তো মিটিং-এ, সেটা দিয়ে শুরু করেছি, আস্তে আস্তে টাকা আসবে, আস্তে আস্তে কর্মী যাবে। চাঁচোলকে আমরা দেখব, ভয় পাবেন না। এরপরে মাননীয় মান্নান সাহেব ২টি কথা বলেছেন মূলত আমাকে কেন্দ্র করে। একটা হচ্ছে, আপনি মুখ্যমন্ত্রী হয়ে ইত্যাদি ইত্যাদি। ঘরেতে কি আছে না আছে তাতে কাজের ক্ষতি হচ্ছে না—আমি আপনাকে বলছি, আমি এত দায়িত্বহীন নই, কোনো অবস্থাতেই কেউ আমার সঙ্গে দেখা করতে চাইলে এবং আমি মনে করলে তার সঙ্গে দেখা করা উচিত তাহলে আমার বাড়ি কোনো সমস্যা নয়। আমি ছুটির দিনে রাইটার্স করি অ্যাপয়েন্টমেন্ট করার জন্য, আমার ক্যালকাটা ইনফরমেশন সেন্টার আছে, অনেক ডিগ্নেটোরিস থেকে আরম্ভ করে দিল্লির মন্ত্রী, সেক্রেটারিসরা আমার সঙ্গে ক্যালকাটা ইনফরমেশন সেন্টারে দেখা করতে পারেন। আবার অন্য ধরনের লোক হলে আমার নন্দন আছে। আমার বাড়িতে জায়গা নেই বলে আমি প্রশাসনের কাজ চালাতে পারছি না—এটা একেবারে অবান্তর কথা। আমি যেখানে আছি সেখানে থাকব। কিন্তু প্রশাসনের কাজ চালানোর জন্য আমার যে দায়িত্ব, লোকের সঙ্গে কথা বলা, তার কোনো অসুবিধা আজ পর্যন্ত হয়নি এবং ভবিষ্যতেও হবে না—আপনাকে আমি অ্যাসিওর করছি। আপনার পরের অভিযোগটি আরো খারাপ, 'শ্রী আডবানীর সঙ্গে আপনার কি সম্পর্ক ?' শ্রী আডবানীর সঙ্গে আমার সম্পর্ক, একটা রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে একটা দেশের উপ-প্রধানমন্ত্রীর যে সম্পর্ক হওয়া উচিত এবং বাঞ্ছনীয়, তাই। তার এতটুকু কম নয়, এতটুকু বেশি নয়। বাকি যে ইঙ্গিতটা দেওয়ার চেষ্টা করেছেন—শুধু এটা মনে রাখবেন, ওই ঝোড়ো হাওয়ার দিনগুলোতে জ্যোতি বসু এখান থেকে বারবার ফোন করেছেন, 'সরকারকে ভেঙে দিন, মিলিটারি পাঠিয়ে দিন, মিলিটারির বন্দুকে তো গুলি আছে, কে বাবরি মসজিদ ভাঙবে ?' বাবরি মসজিদ যারা ভেঙেছে তারা যেমন অপরাধী, নরসিংহ রাও-ও ঠিক তেমন অপরাধী, আপনারা সেই অপরাধের দায়ে দায়ী। মানুষ জানে, সাম্প্রদায়িক মৌলবাদী শক্তির কাছে বামপন্থীরা কোথায় আছে, আর কংগ্রেসীরা কোথায় আছে। আমার সঙ্গে তাঁর সম্পর্ক—একটা রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে একটা দেশের উপ-প্রধানমন্ত্রীর যে সম্পর্ক হওয়া উচিত তার থেকে এতটুকু কম নয়, এতটুকু বেশি নয়। আমি বিরোধী দলের সমস্ত কাট মোশানের বিরোধিতা করছি এবং এই বরাদ্দ পেশ করতে দেওয়ার জন্য অভিনন্দন জানাচ্ছি। ধন্যবাদ।

Mr. Speaker : There are 65 cut motions to Demand No. 42. All the motions are in order. However, only motion nos. 1, 2, 4 to 11, 27 to 30, 31 and 60 to 62 are taken as moved. The remaining cut motions are not moved because those members are not present. Now I put to vote all the cut motions moved.

The motions (nos.1-2) that the amount of the Demand be reduced to Re.1/–, were then put and lost.

The Motions (nos. 4-11, 27-30, 31 and 60-62) that the amount of the Demand be reduced by Rs. 100/–, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 11,25,60,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads : "2052–Secretariat–General Services, 2070–Other Administrative Services and 4216–Capital Outlay on Housing" during the year 2003-2004 was then put and agreed to.

(This is inclusive of a total sum of Rs. 3,75,20, 000 already voted on account in March, 2003)

Adjournment

The House was then adjourned at 5.51 p.m. till 11 a.m. on Friday, the 4th July, 2003 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 4th July, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers, 05 Ministers of State and 109 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker: Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Shibendra Narayan Chowdhury, former Minister of State for Transport Department of the State who breathed his last on the 2nd July, 2003. He was 75.

Shri Chowdhury was born on the 9th October, 1928 in Cooch Behar district. He had his education at Jenkins A.B.N. Seal School. Victoria College and Calcutta University. During his college life he involved himself in the movement against the Princely State of monarchy in Cooch Behar as also for inclusion of Cooch Behar State in India. Later he came in close contact with the Communist Party and in 1946 he got the membership of the Party. After the split in the party in 1964 he joined the Communist Party of India (Marxist) and became a Member of the Cooch Behar Zilla Secretariat of the party which he held till his death. He was also a Member of State Committee of party from 1978 to 1988. By virtue of his sincerity and dedication he established himself as one of the key members of the party. He played a vital role in organising the peasants and bidi and transport workers of Cooch Behar district. He was arrested and convicted several times for his active participation in political activities. He was arrested in 1955 under P.D. Act and in 1962 under D.I. Act. In 1972 he was also arrested on a fake allegation of murder.

Shri Chowdhury was elected to the West Bengal Legislative Assembly five consecutive terms since 1977 from Natabari-Cooch Behar Assembly Constituency as a candidate of the Communist Party of India (Marxist). During the period from 1977 to 1982 and again from 1982 to 1987 he was the Minister of State for the Home (Transport) Department of the Government of West Bengal. He was also the Chairman of the North Bengal State Transport Corporation during the period from May, 1985 to April. 1991.

At the demise of Shri Chowdhury the State has lost a veteran Communist leader and an ardent social worker.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members rose in their seats for 2 minutes as a mark of respect to the deceased)

Thank you Ladies and Gentlemen.

Principal Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Starred Questions
(to which oral answers were given)

সহায়ক মূল্যে ধান ক্রয়

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫) শ্রী দেবপ্রসাদ সরকার : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সহায়ক মূল্যে চাষীদের কাছ থেকে ধান কেনার ব্যাপারে রাজ্য সরকার কী ব্যবস্থা নিয়েছেন ;

(খ) ধান কেনার ক্ষেত্রে সরকার এই সহায়ক মূল্য কত ধার্য করেছেন ;

(গ) উক্ত সহায়ক মূল্যে সরকারি ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ধার্য হয়েছিল ; এবং

(ঘ) এ পর্যন্ত চাষীদের কাছ থেকে কত পরিমাণ ধান সংগ্রহ করা হয়েছে ?

Shri Kalimuddin Shams :

(a) The West Bengal State Cooperative marketing Federation (BENFED) has been authorised to purchase paddy from the farmers during khariff marketing session 2002-2003. Apart from this, the West Bengal Essential Commodities Supply Corporation (WBECSC Ltd.), a State Government Undertaking under the administrative control of Food & Supplies Department has been engaged in the procurement operation of the State during the current K.M.S. for purchase of paddy directly from the farmers and supply resultant rice to the Food and Supplies Department.

(b) The M.S.P. of paddy has been fixed at Rs. 530/- per qtl. (common grade).

(c) Government in the Food and Supplies Department has fixed the target of direct purchase of paddy from the farmers through BENFED and WBECSC Ltd. at 1.55 lakh m.t.

(d) BENFED has procured 26.433.70 M.T.s of paddy (up to 03.03.03) and WBECSC Ltd. has procured 130 M.T.s of paddy till date.

শ্রী দেবপ্রসাদ সরকার : আপনি বাংলায় বলে দিতে পারতেন। যাই হোক, আমি প্রথম প্রশ্ন করতে চাইছি, আপনি যে টারগেট সহায়ক মূল্যে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করেছেন সেটা হচ্ছে, ১ লক্ষ মেট্রিক টন বেনফেডের মাধ্যমে আর ই.সি.এস.সি.র মাধ্যমে ৫০ হাজার মেট্রিক টন অর্থাৎ ১ লক্ষ ৫৫ হাজার মেট্রিক টন। আমার প্রশ্ন, যেখানে রাজ্য সরকার ধান উৎপাদনে প্রথম, প্রায় দেড়শো লক্ষ মেট্রিক টন ধান সরকার উৎপাদন করছে সেখানে চাষীরা যাতে ফসলের ন্যায্য দাম পায় সহায়ক মূল্যে সেক্ষেত্রে লক্ষ্যমাত্রা যেখানে দেড়শো লক্ষ মেট্রিক টন উৎপন্ন হয়, সেখানে ১ লক্ষ ৫৫ হাজার মেট্রিক টন আপনি করলেন কেন, আপনার টোটাল টারগেট কত ?

Shri Kalimuddin Shams : The State Government has fixed the target of procurement of parboiled (common) rice to the tune of 6 lakh m.t. for the current K.M.S.–2002-03. Out of the above target, the Food and Supplies Department and FCI will directly procure levy rice from the rice mills to the tune of 2 lakh m.t. each.

শ্রী দেবপ্রসাদ সরকার : মন্ত্রী কি বলছেন তা আমি বুঝতে পারছি না। বোধহয় হাউসও বুঝতে পারছে না। আমার জিজ্ঞাস্য, সরকার যেখানে দেড়শো লক্ষ মেট্রিক টন ধান প্রায় উৎপন্ন করছে সেখানে চাষীরা ফসলের ন্যায্য দাম যাতে পায়—কারণ অভাবী চাষীরা আত্মহত্যা করছে এইরকম একটা অবস্থা—সেখানে চাষীদের বাঁচাবার জন্য যাতে ন্যায্য মূল্যে (সহায়ক মূল্যে) দাম পায় তার জন্য ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা মাত্র ১ লক্ষ ৫৫ হাজার মেট্রিক টন কেন করলেন ?

[11.10–11.20 a.m.]

এটা বাড়ালেন না কেন ? অন্তরায় কোথায় ? আপনাকে অতো ফাইল-টাইল দেখে বলতে হবে না, আপনি সোজা প্রশ্নের সোজা উত্তর দিন। চাষীরা ডিস্ট্রেস সেল করতে বাধ্য হচ্ছে, তার ফলে তারা অভাবের জ্বালায় আত্মহত্যা পর্যন্ত করছে, মারা যাচ্ছে, সরকার তাদের বাঁচাবার জন্য এই ফসল সংগ্রহের লক্ষ্যমাত্রাটা বাড়াচ্ছেন না কেন—এর উত্তর দিন।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : নোটিশ দিতে হবে।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, মন্ত্রীমহাশয় কি বলছেন দেখুন। এরজন্য আবার নোটিশের প্রশ্ন আসছে কি করে ? আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, যেখানে ১৫০ লক্ষ মেট্রিক টনস চাল উৎপাদন হয়েছে সেখানে মাত্র ১ লক্ষ ৫৫ হাজার মেট্রিক টনস চাল সহায়ক মূল্যে কিনছেন কেন ? চাষীরা তো ফসলের ন্যায্য দাম না পেয়ে আত্মহত্যা পর্যন্ত করছে। এহেন পরিস্থিতিতে আমি সঠিকভাবেই তাই প্রশ্ন করেছি যে চাষীদের বাঁচানোর জন্য ফসলের প্রকিওরমেন্টটা বাড়াচ্ছেন না কেন ? মন্ত্রীমহাশয় বলছেন নোটিশ দিতে হবে। এর জন্য নোটিশের কি প্রয়োজন ?

শ্রী কলিমুদ্দিন সামস : যতক্ষণ না পুরো ডিটেলসটা জানা যাচ্ছে ততক্ষণ আপনাকে কি উত্তর দেব ?

শ্রী দেবপ্রসাদ সরকার : What is your policy ? What is your target ? আমরা তো আগে শুনেছিলাম যে আপনাদের ৫/৬ লক্ষ মেট্রিক টনস টার্গেট, সেখানে এতো কম করলেন কেন ? আপনার লক্ষ্যমাত্রা কত বলুন ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : স্টেট গভর্নমেন্ট টার্গেট ফিক্স করেছে to the tune of 6,00,000 m.t.

শ্রী দেবপ্রসাদ সরকার : আপনি সহায়ক মূল্যে কিনছেন মাত্র ১ লক্ষ ৫৫ হাজার মেট্রিক টনস। বাকিটা কিভাবে সংগ্রহ করবেন বলুন।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : ওটা করা যাবে, চেষ্টা করা হচ্ছে।

(গোলমাল)

মি: স্পীকার : বসুন, বসুন, একটা গল্প বলি শুনুন। মুসলমানদের যে নবি উৎসব হয় সেই উৎসবে মৌলবীদের ডেকে পাঠ করানো হয় ধর্মের ব্যাপার ইত্যাদি নিয়ে। সেই রকম একটি রবার কারখানাতে শ্রমিকরা একজন মৌলবীকে ডাকলেন পাঠ করানোর জন্য। কলিমুদ্দিন মৌলবী খুব হুঁশিয়ার লোক ছিলেন, তিনি টাকাপয়সা নিয়ে গাড়ি ভাড়া করে এলেন, খাওয়া-দাওয়া হল, ৫ মিনিট বলার পরই তিনি শ্রমিকদের জিজ্ঞাসা করলেন আপনারা সব বুঝেছেন তো ? শ্রমিকরা বললেন, হ্যাঁ। তখন তিনি বললেন, যখন বুঝেছেন তখন আর বেশি বলার দরকার নেই। এই বলে তিনি চলে গেলেন। শ্রমিকরা ভাবল যা বাবা, লোকটা কেটে পড়ল ? পরের বার আবার তাঁকে ডাকা হল। তিনি ৫ মিনিট বলার পর জিজ্ঞাসা করলেন আপনারা সবাই বুঝেছেন তো ? এবারে অর্ধেক লোক বললেন বুঝেছি, অর্ধেক লোক বললেন বুঝিনি। তখন তিনি বললেন, যাঁরা বুঝেছেন তাঁদের কাছ থেকে বাকি যাঁরা বোঝেননি তাঁরা বুঝে নিন। তার পরের বার শ্রমিকরা আবার তাকে ডাকল। এবারেও তিনি ৫ মিনিট বলার পর জিজ্ঞাসা করলেন, আপনারা সবাই বুঝেছেন তো ? এবারে সবাই একসঙ্গে বলে উঠলেন, না বুঝিনি। তখন তিনি বললেন, এতদিনে যখন বোঝেননি তখন আর বুঝবেন না। এই বলে তিনি চলে গেলেন। কলিম সাহেবও তাই বলছেন যে এতক্ষণ যখন বোঝেননি আর বোঝার দরকার নেই।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, মন্ত্রীমহাশয় কি উত্তর দিচ্ছেন বুঝতে পারছি না। চাষীরা ফসলের ন্যায্য দাম না পেয়ে আত্মহত্যা করছে কিন্তু সরকার কিছুই করছেন না। চাষীরা যাতে ফসলের ন্যায্য দাম পায় সরকারের সিরিয়াসলি সেটা দেখা দরকার। উৎপাদন বেড়েছে কিন্তু চাষীরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম পাচ্ছেন না অপরদিকে অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়েই চলেছে। জলের দরে চাষীদের কাছ থেকে ফড়েরা ফসল কিনে নিয়ে চলে যাচ্ছে। এর আগে ঠিক হয়েছিল যে সরাসরি চাষীদের কাছ থেকে সরকার একটা পার্ট কিনবেন এবং বাকিটা মিল মালিকদের কাছ থেকে কিনবেন। ৮শো সামথিং মোটা চালের দাম আর ৯শো সামথিং সরু চালের দাম ঠিক হয়েছিল। এক্ষেত্রে আমাদের অভিজ্ঞতা হচ্ছে, গ্রামে মিল মালিকদের যে সমস্ত টাউটরা রয়েছেন তারা চাষীদের কাছ থেকে জাল সার্টিফিকেট নিয়ে এসে বলছে যে এই দামে চাল কেনা হয়েছে চাষীদের কাছ থেকে এবং সেই জাল সার্টিফিকেট সরকারের কাছে প্রডিউস করা হচ্ছে। সরকার ৫০০ টাকা, ৫৬০ টাকা কুইন্টাল প্রতি ধানের দাম বেঁধে দিয়েছে। কিন্তু অভাবী চাষীরা ডিসট্রেস সেলে কুইন্টাল প্রতি ২৭৫ টাকা ৩০০ টাকা দরে ধান বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। মিল মালিকরা কার্যত মুনাফা করছে। ধান মিল মালিকদের মাধ্যমে না কিনে সরাসরি চাষীদের কাছ থেকে কেনবার কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : ধান প্রোকিয়োরমেন্টের যে নিয়ম আছে তাতে আমরা ই.সি.এস.সি.-র মাধ্যমে কিনছি এবং 'বেনফেড'-এর মাধ্যমে কিনছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : আপনারা টোটাল ধানটা চাষীদের কাছ থেকে সরাসরি কিনছেন না কেন ? আপনারা খানিকটা মিল মালিকের মাধ্যমে চাল কিনছেন। টোটাল প্রোকিয়োরমেন্টটা করার জন্য ধান চাষীদের কাছ থেকে কিনছেন না কেন ? তাহলে টাকাটা চাষীদের কাছে যাবে।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : আমরা এটা 'বেনফেড'-এর মাধ্যমে কিনছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : আপনি তো সরাসরি চাষীদের কাছ থেকে কিনছেন না, সেই সিস্টেম তো এখনও একজিস্টস করছে।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : কে.এম.এস আছে তারা ডাইরেক্ট ফারমারদের কাছ থেকে কিনছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : আজকে ধানের উৎপাদন এতো বাড়ছে, ধান উৎপাদনে আমাদের রাজ্য ভারতবর্ষে প্রথম। তার বেনিফিটটা জনগণ যাতে পায় সেইজন্য এই প্রোকিয়োরমেন্টটা বাড়ানো দরকার। এই বছর লক্ষ্যমাত্রা ধার্য করেছেন ৫ লক্ষ মেট্রিক টন। গত বছরে ছিল ৬ লক্ষ মেট্রিক টন। যেখানে প্রোকিয়োরমেন্টটা বাড়ানো উচিত সেটা কমে যাচ্ছে। আপনি প্রোকিয়োরমেন্টটা বাড়াবেন কিনা যাতে মিল মালিকরা কম দামে ধান কিনে মজুত করে পরে বেশি দামে বিক্রি করে লাভবান না হতে পারে ? সরকার বেশি করে প্রোকিয়োরমেন্ট করলে সুলভে সাধারণ মানুষ চাল পেতে পারে।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট আনডারটেকিং ই.সি.এস.সি. করপোরেশান আছে তার মাধ্যমে এটা করা হচ্ছে।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : স্যার, আপনার মাধ্যমে একটা অতিরিক্ত প্রশ্ন। সরকারের মূল উদ্দেশ্য হল অভাবে বিক্রির হাত থেকে চাষীদের রক্ষা করা। এই ধান কেনার সঙ্গে সঙ্গে ধানের দাম সেই সময় বৃদ্ধি পেয়েছে এটা ঠিক কিনা জানাবেন কি ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : আমরা ডাইরেক্ট ফারমারদের কাছ থেকে চালটা কিনছি। এটা ঠিক যে দাম বেড়েছিল।

শ্রী খাঁড়া সোরেন : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কৃষকরা অল্প দামে ধান বিক্রি করতে যাতে বাধ্য না হয়, কৃষকরা যাতে ধানের সঠিক দাম পায় তার জন্য পরিকল্পনা কি আছে ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : চাষীদের রক্ষা করার জন্য ধান ডাইরেক্ট কেনা হচ্ছে।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, পশ্চিমবাংলার মধ্যে ধান উৎপাদনের বর্ধমান জেলা প্রথম, এবারে সহায়ক মূল্যে ধান কেনার ক্ষেত্রে বর্ধমান জেলাকে বাদ দেওয়া হল কেন ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : বাদ দেওয়া হয়নি তো, ধান কিনছে।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : আপনার কাছে রিপোর্ট আছে ধান কিনেছে ? আপনি বলুন তাহলে কত কিনেছে ? বাদ দেওয়া হয়েছে পুরোপুরি।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : বর্ধমান জেলাকে বাদ দেওয়া হয়নি। আপনি যদি ডিটেল্‌স চান তাহলে নোটিশ দিতে হবে।

[11.20–11.30 a.m.]

বর্ধমান জেলাকে বাদ দেওয়া হয়নি। আপনি যদি ডিটেল্‌স জানতে চান তাহলে আপনাকে নোটিশ দিতে হবে।

শ্রী চিত্তরঞ্জন দাশ ঠাকুর : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—আপনি অনুগ্রহ করে জানাবেন কি, রাজ্য সরকার যে পরিমাণ ধান কিনেছিল, কোন কোন জেলায় কত পরিমাণ ধান সংগ্রহ করেছেন ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : এর জন্য নোটিশ দিতে হবে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমি জানতে চাইছি, এই মরশুমে ধান কেনার ক্ষেত্রে যে সহায়কমূল্য নির্ধারণ করে দেওয়া হয়েছিল, আমরা দেখতে পাচ্ছি সেই মূল্য অতিক্রম করে খোলা বাজারে অধিক দামে ধান বিক্রি হচ্ছে। ৫৫০ টাকায় বিক্রি হচ্ছে। এই অবস্থায় সরকার ৫৩০ টাকা যেটা নির্ধারণ করে দিয়েছিল, এটা কি থাকবে, না দামটা বাড়বে ?

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : বেশি দামে বিক্রি হচ্ছে, এটা খোঁজ নিয়ে বলব।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রিমহোদয়, আপনি এক কাজ করুন, আপনি খোঁজ নিয়ে এসে উত্তরগুলো দিন। আপনি অবশ্য গ্রামের এম.এল.এ., যদিও আপনি শহরে বাস করেন। একটু আগে মাননীয় সদস্য যে কথা বললেন, ঠিকই, আমরা ধান কেনার সহায়ক মূল্যের কথা বলি যখন ডিস্ট্রেস সেল হয়। আমরা তখন চাষীদের কাছ থেকে ধান কেনার জন্য সরকারকে বলি। এখন বাজারে ধানের যে দাম তাতে চাষীরা আপনাদের কাছে আসছে না, তারা সরাসরি খোলা বাজারে বিক্রি করছে। চাষীদের পক্ষে এটা ভালো। আমি আপনাকে যেটা জিজ্ঞাসা করতে চাই, যখনই ডিসট্রেস সেল হয় তখন আমরা চেঁচামেচি করি। গতবার

বিধানসভায় আলোচনা করার পর সরকার ঘোষণা করেছিল, সহায়ক মূল্যে ধান কেনার জন্য অসীমবাবু ঘোষণা করেছিলেন। কিন্তু টাকা পাওয়া গেল না। ফলে লক্ষ্যমাত্রা পূরণ হল না। এবারে আপনারা লক্ষ্যমাত্রা নিয়েছেন ১ লক্ষ টন। এই লক্ষ্যমাত্রা পূরণের জন্য এখনো পর্যন্ত আপনার দপ্তর কোনো টাকা পেয়েছে কিনা, পেলে কত টাকা পেয়েছে ? আপনি উত্তর দিতে উঠে এখুনি হয়তো বলবেন, এর জন্য নোটিশ দিতে হবে। এরপরে বিবৃতি দেবেন, অসীমবাবু টাকা দেননি, ধান কিনতে পারছি না। আপনারা একটা লক্ষ্যমাত্রা করেছেন। স্বাভাবিকভাবে একটা টাকা নিশ্চয়ই বরাদ্দ করা হয়েছে। তার পরিমাণ কত, এবং কত টাকা পেয়েছেন সেটা আমি আপনার কাছ থেকে জানতে চাইছি।

শ্রী কলিমুদ্দিন সাম্‌স : এটা খোঁজ নিয়ে বলতে হবে।

(গোলমাল)

Mr. Speaker: Please, please, Mr. Abdul Mannan and Mr. Deba Prasad Sarkar, the problem is—the Minister does not want to go unnoticed. That is why give him the Notice.

নতুন হারে খাজনা ও সেস্

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫) **শ্রী তপন হোড়** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি রাজ্যে নতুন হারে খাজনা এবং সেস্ আদায় করা হবে বলে সরকার স্থির করেছেন ; এবং

(খ) সত্যি হলে, (১) স্থিরীকৃত নতুন হার কিরূপ, ও
(২) কখন থেকে তা বলবৎ হবে বলে আশা করা যায় ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :

(ক) হ্যাঁ।

(খ) (১) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধনী) আইন, ২০০০-এর ২৩ ধারা অনুসারে ভূমি রাজস্বের হার নিম্নরূপ :

(ক) অসেচ এলাকায় ৬ একরের (সেচ এলাকায় ৪ একর) ঊর্ধ্বে একর প্রতি—২০ টাকা।

(খ) চা বাগানের জন্য জমি এবং চা চাষের জন্য জমির ক্ষেত্রে একর প্রতি—৩০ টাকা

(গ) (১) কল-কারখানা, ওয়ার্কশপ বা অন্যান্য বাণিজ্যিক কাজে গ্রামাঞ্চলে জমি ব্যবহারের ক্ষেত্রে প্রতি শতকে ৩ টাকা।

(২) কল-কারখানা, ওয়ার্কশপ বা অন্যান্য বাণিজ্যিক কাজে শহরাঞ্চলে জমি ব্যবহারের ক্ষেত্রে প্রতি শতকে ৪ টাকা অথবা পূর্ববর্ণিত বিজ্ঞপ্তির প্রকাশের ঠিক আগের তারিখ পর্যন্ত খাজনা যা বহাল ছিল এর ভিতরে যেটি বেশি।

(ঘ) বাস্তু-সহ অকৃষি কাজে ব্যবহৃত উপধারা (চ)-এ বর্ণিত শহরাঞ্চলে (অর্থাৎ শহরের জমির সীমা আইন যেখানে প্রযোজ্য নয়) অন্যান্য শহরের জমির ক্ষেত্রে প্রতি শতকে ২ টাকা।

(ঙ) সিলিং রেগুলেশন আইন, ১৯৭৬-এ সজ্ঞায়িত বাস্তু-সহ অকৃষি জমির ক্ষেত্রে প্রতি শতকে ৩ টাকা।

(খ) (২) বাংলা ১৪০৮ সালের ১লা বৈশাখ হতে ওই হার বলবৎ হয়েছে।

সেখানে সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর খাজনা মকুব হবে কিন্তু সেস দিতে হবে। সেস দিতে হবে টাকায় ৪১ পয়সা। সেটা এইরকম পূর্ত বাবদ ২৫ পয়সা, শিক্ষা বাবদ ১০ পয়সা, রাস্তা বাবদ ৬ পয়সা, এই হচ্ছে ৪১ পয়সা। আর ৪ একর আর ৬ একরের উপরে আপনার ২০ টাকা খাজনা এবং তার সেস দিতে হয় টাকায় ৮৬ পয়সা। সেটা হচ্ছে শিক্ষায় ১০ পয়সা, রাস্তার ৬ পয়সা, পূর্তে ২৫ পয়সা, গ্রামীণ কর্মসংস্থানে ৩০ পয়সা এবং সারচার্জ ১৫ পয়সা, এই নিয়ে ৮৬ পয়সা।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মূল যে উত্তরটা এখানে পেয়েছি তাতে আপনার খাজনা এবং সেস যেটা বললেন সেটা আছে কিন্তু আপনি যখন পরের দিকটা বললেন সেটার উত্তর এর মধ্যে নেই। যাই হোক, এই যে ৪ একর এবং ৬ একর জমির নীচে যে সমস্ত চাষী আছে তাদেরকেও এই নোটিশ দেওয়া হয়েছে। খাজনা নেই অথচ সেস দেওয়া হবে। অর্থাৎ এখানে খাজনা যে হারে, এই নতুন যে হারে খাজনা এবং সেসের কথা বলেছেন এটা ১৪০৮ সালের আগে কত ছিল ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : ১৪০৮ সালে একই ছিল, এই ১৪০৮ সালের আগেও তাই ছিল, টাকায় ৪১ পয়সা, সেসটা কোনো বাড়েনি।

শ্রী তপন হোড় : খাজনা কত ছিল ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : খাজনা ছিল ৭ টাকা একরে।

শ্রী তপন হোড় : স্যার, মাননীয় মন্ত্রী বললেন যে ৪ একর এবং ৬ একরের যে সমস্ত জমি আছে কিন্তু এমনও আছে যাদের কাছে ১৪০৮ সালের আগেই নোটিশ এসেছে। আপনি

বলেছেন ১৪০৮ সালের ১লা বৈশাখ হার বলবৎ হচ্ছে। কিন্তু এমনও অনেকে আছেন যাদের কাছে দু-তিন বছর আগে নোটিশ এসেছে। আমি আজকে প্রশ্নটা বলতে মিস করছি কারণ আমার কাছে তথ্য আছে সেটা আনতে পারিনি। এই ব্যাপারে আপনি একটু বলুন।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : বাংলার ১৩৮৫ সাল থেকে খাজনা মকুব করার কথা বলা হয়েছে কিন্তু কোনো সময়েই সেস মকুব করা হয়নি। কাজেই বকেয়া সেস ছিল কিন্তু আদায় আমরা খুব জোর দিয়ে করিনি। সেইজন্যই নোটিশ দেওয়া হয়েছিল। তারপরে নোটিশ প্রাপ্তির পর সর্বশেষে একটা জি.ও. বার করে বলি যে পেছনের সেস কেউ যদি দিয়ে থাকে আলাদা কথা, আর যারা দেননি যেমন ১৪০৮, ১৪০৯ সাল ছাড়া, অর্থাৎ ১৪০৮ সালের আগে কোনো সেস আদায় করার নেই। টেকনিক্যালি এই বিষয়ে আমরা ঘোষণা করতে পারছি না এই কারণে যে, এই মকুব করতে গেলে অর্থ দপ্তরের একটা অনুমোদন লাগে। অর্থ দপ্তরের কাছে পাঠিয়েছি বাকি সেসটা যাতে মকুব করে দেওয়া হয় এই ব্যাপারে। ওটা হলে পরেই আমরা ঘোষণা করে দেব।

শ্রী তপন হোড় : আমাদের পশ্চিমবঙ্গের বিস্তীর্ণ এলাকায় কয়লা রয়েছে এবং সেখানে সেস বাবদ রাজ্যের কিছু পাওনা আছে। সেই ব্যাপারে আমাদের কত টাকা পাওনা এবং কত টাকা আদায় কেন্দ্রীয় সরকার করলেন এবং এখনো পর্যন্ত কত টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওনা আছে।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : আমরা গত বছরে আদায় করেছি ১৪ কোটি টাকা।

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাইছি যে, ৪ একর এবং ৬ একর জমি তাদের খাজনা মকুব হয়েছে কিন্তু আপনি নিজে বললেন যে, সেসটা মকুব হয়নি।

[11.30–11.40 a.m.]

এখানে সেস বলতে, আপনার টাকাতো ওই হারেতেই দিতে হবে। যেটা আপনি বললেন পূর্ত কর, পথ কর, শিক্ষা কর। তাহলে আগে যেটা ৯ টাকা হারে ছিল, অথচ তারা দেননি বা টাকা আদায় করেননি, এখন সেটা ২০ টাকা হারে এই সেস ক্যালকুলেশান হবে ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : এটা ১৪০৮ থেকে ২০ টাকা হারে হবে। তার আগে ওইটা ৭ টাকা হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, ১৪০৮-এর ১লা বৈশাখ থেকে ২০ টাকা করে আদায় হবে। এখানে ৩০ জানুয়ারি এই সভাতে মাননীয় অর্থমন্ত্রী রাজ্য সরকারের আর্থিক সংকটের কারণ ও সমাধান বলে যে পুস্তিকা প্রকাশ করেন তাতে বলেছেন, বর্তমান পরিস্থিতিতে আমাদের রাজ্যে অতিরিক্ত রাজস্ব সংগ্রহের জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া

হয়েছে। তার মধ্যে ভূমিরাজস্ব অন্যতম। এখন একর প্রতি বেড়ে ৭ থেকে ২০ টাকা করা হয়েছে। অতিরিক্ত ৮০ কোটি টাকা রাজস্ব সংগ্রহের জন্য। আপনি বলছেন, ১৪০৮-এর ১লা বৈশাখ থেকে এটা হবে। আপনি এই ব্যাপারটা যদি দয়া করে ক্লিয়ার করে দেন তাহলে ভাল হয়।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : এখানে এই প্রসঙ্গে আমি আপনাকে একটা হিসাব বলতে পারি সেটা হচ্ছে, ১৪০৭ সালে খাজনা ও সেস আদায় হয়েছিল ৫ কোটি ৫৪ লক্ষ, ১৪০৮ সালে সেই খাজনা ও সেস আদায় হয়েছে ১৫ কোটি টাকা। এই বছরে সেটা আদায় হয়েছে ৫৪ কোটি ৭৬ লক্ষ টাকা। এটা আমাদের টার্গেট যেভাবে ছিল, সেইভাবে বেড়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রীমহাশয়, এই যে বকেয়া খাজনা ও সেস যেটা আদায় করার কথা, যেটা ৭ টাকা থেকে বেড়ে ২০ টাকা করা হল, এখানে আপনি বলেছেন বাণিজ্যিক ক্ষেত্রের কথা, অর্থাৎ গ্রামাঞ্চলে শতকে ৩ টাকা মানে ৩০০ টাকা। যেটা এখন ২০ টাকা হল ৭ টাকা থেকে, অর্থাৎ প্র্যাকটিক্যালি ৩০০ টাকা হয়ে গেল খাজনা বাণিজ্যিক কাজে। বাণিজ্যিক কাজ বলতে তার ডেফিনেশানটা কি ? যেটা আমরা শুনেছি এইগুলি যদি ঠিক হয়· অর্থাৎ কোনো বাগান, ফল বাগান, সবজি বাগান বা পুকুর থাকলে বা বাঁশ বাগান এইগুলি সমস্ত বাণিজ্যিক জমি হিসাবে ডেফিনেশানে দেখা যাচ্ছে। যেগুলি আগে ছিল না, সবই এক রকম ছিল। বাস্তবিক অ্যাকচুয়াল ডেফিনেশান বাণিজ্যিক জমি বলতে কি, আপনি যদি ডিফাইন করেন তাহলে ভালো হয়। কারণ গ্রামের মানুষ খুব উদ্বিগ্ন। প্র্যাকটিক্যালি ৭ টাকার জায়গায় একরে ৩ শত টাকা হয়ে যাওয়ায় যার বাঁশ বাগান আছে, কিংবা সামান্য চা-এর দোকান আছে, এটা যদি ডিফাইন করেন তাহলে ভালো হয়।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : আমরা বাণিজ্যিক বলতে বুঝিয়েছি কল-কারখানা বা ওয়ার্কশপ। অন্যান্য বাণিজ্যিক বলতে দোকান। কিন্তু বাঁশ বাগান, আম বাগান এইসব বলিনি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি যেটা বললেন, ১৩৮৫ থেকে খাজনা মকুব, কিন্তু সেস চালু ছিল। বর্তমানে সেস মকুবের জন্য সম্প্রতি একটা জি.ও. বেরিয়েছে, যাতে এটা তোলা না হয়। নির্দেশে বলেছেন, যারা সেস ইতিমধ্যে জমা দিয়েছেন, জমা দিতে বাধ্য হয়েছেন পাকেপ্রকারে, লোন নিতে হলে হাল দাখিলা দেখাতে হবে, সরকারি সুবিধা নিতে গেলে হাল দাখিলা দেখাতে হবে, সেখানে বাধ্যতামূলকভাবে কেটে নেওয়া হয়েছে। যারা দিতে বাধ্য হল, তাদের টাকা কি ফেরত দেওয়া হবে ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : এই ব্যাপারে এক্জ্যাকটলি কত টাকা আদায় হয়েছে, কত টাকা ফেরত দিতে হবে, সেই ব্যাপারে কোনো সিদ্ধান্ত এখনও হয়নি, এটা হিসাব করে দেখতে হবে।

শ্রী ইউনুস সরকার : মাননীয় মন্ত্রীমহাশয় জানালেন ১৩৮৫ সাল থেকে খাজনা মকুব আছে, কিন্তু সেস চালু আছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমাদের জিজ্ঞাস্য আপনার দপ্তর থেকে এই ধরনের কোনো পরিকল্পনা আছে কি ? আমাদের বিভিন্ন এলাকায় ব্যাপারটা নিয়ে সমস্যা তৈরি হয়েছে, খাজনা এবং সেস কোনটা সেটা নিয়ে একটা সঙ্কট আছে এবং জটিলতা আছে। তাছাড়া আপনার দপ্তরের এক শ্রেণির কর্মচারী আছে তাদের মধ্যেও এই জটিলতা দেখা যাচ্ছে। তাই জেলা স্তরে, ব্লক স্তরে, জনপ্রতিনিধি এবং পঞ্চায়েতের সমস্ত অংশকে নিয়ে, খাজনা এবং সেসের ব্যাপারে সরলীকরণ কী করে করা যায় সেই ব্যাপারে কোনো ওরিয়েন্টেশান বা আলোচনার ব্যবস্থা করবেন কি ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : জেলা পরিষদের যে ভূমি স্থায়ী কমিটি আছে তারা আমাদের ডি.এল.আর.ও-দের সঙ্গে আলোচনা করে অনেক জায়গায় বাংলাতে লিফলেট দেওয়া হয়েছে, দরকার হলে আরও প্রচার করা হবে।

শ্রী নাজমুল হক : মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, কতদিন পরে আমাদের রাজ্যে ভূমি রাজস্বের হার বৃদ্ধি করা হল এবং বিশেষ করে আমাদের রাজ্যের তুলনায় ধান উৎপাদনকারী রাজ্য হিসাবে তামিলনাড়ু এবং অন্ধ্রপ্রদেশের সঙ্গে আমাদের পার্থক্য কত ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : আমাদের রাজ্যে ১৯৪০ সালের পর, অর্থাৎ ষাট বছর ধরে কোনো খাজনা বাড়ানো হয়নি। ওই সময়কার মূল্যসূচক যদি ধরি তাহলে খাজনা দাঁড়ায় একর প্রতি ১০৫ টাকা। কিন্তু আমরা করেছি একর প্রতি ২০ টাকা। ১৯৪০ সালের পর এই প্রথম আমাদের রাজ্যে খাজনা বাড়ল।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় মন্ত্রীমহাশয়, আমরাইতো কংগ্রেস আমলে গরীব কৃষকদের খাজনা মকুব করার জন্য লড়াই করেছি, সংগ্রাম করেছি। আজকে অর্থনৈতিক অবস্থার জন্য সেই গরীব কৃষকদেরকে ঘুরিয়ে নাক দেখানো হচ্ছে। সেখানে খাজনা মকুব, কিন্তু সেস তাদের দিতে হবে। এই ব্যাপারে আমাদের বামপন্থীদের যে নীতি ছিল সেই নীতি থেকে কি আমরা তাহলে বিচ্যুত হচ্ছি ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : আমরা আমাদের বামপন্থী নীতি থেকে বিচ্যুত হইনি। আপনাকে বলি, আমাদের রাজ্যে দু কোটি খতিয়ান আছে, আর তিয়াত্তর লক্ষ হোল্ডিং আছে। এর মধ্যে মাত্র আট লক্ষ লোককে খাজনা দিতে হচ্ছে, বাকি লোককে কোনো খাজনা দিতে হচ্ছে না, শুধু সেস দিতে হচ্ছে টাকা ৪১ পয়সা। আগে সাত টাকা ধরে যা ছিল, তাতে ২০ টাকা ধরে সামান্যই বেড়েছে। বাস্তব অবস্থায় দাঁড়িয়েই আমাদের এটা করতে হয়েছে, আমাদের নীতি কিন্তু ঠিক আছে। তবে বাস্তবতাই হচ্ছে সবচেয়ে বড় কথা।

রায়চক ও কুকরাহাটির মধ্যে সেতু নির্মাণ

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭) শ্রী আব্দুল মান্নান : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার রায়চক ও পূর্ব মেদিনীপুর জেলার কুকরাহাটির মধ্যে একটি সেতু নির্মাণের পরিকল্পনা আছে ;

(খ) সত্যি হলে, উক্ত বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(গ) এজন্য মোট কত টাকা ব্যয় হবে বলে আশা করা যায় ?

শ্রী অমর চৌধুরী :

(ক) হ্যাঁ।

(খ) একেবারে প্রাথমিক পর্যায়ে।

(গ) এখনই বলা সম্ভব হচ্ছে না।

[11.40–11.50 a.m.]

শ্রী আব্দুল মান্নান : স্যার, হাউস চলছে, তাই আমরা বিস্তারিতভাবে মন্ত্রীর কাছ থেকে জানতে চাইব। একটি সংবাদপত্রের দক্ষিণবঙ্গ এডিসনে ফলাও করে বেরিয়েছে—কলকাতা এডিসনে দেখতে পেলাম না—এই ডিপার্টমেন্টের প্রিন্সিপাল সেক্রেটারি জাপানে গেছেন এই বিষয়ে কথা বলতে, অ্যাপ্রোচ রোড কে করবে না করবে তাও সংবাদপত্রে বেরিয়েছে। সংবাদপত্রের প্রতিনিধিরা জানতে পারছে, অথচ আমরা জানতে পারছি না—এটা কেমন কথা ? যে পরিকল্পনা নেওয়া হয়েছে তা বিস্তারিতভাবে জানতে চাইছি এবং কোন ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নেওয়া হচ্ছে ?

শ্রী অমর চৌধুরী : এই উত্তরটা ফেব্রুয়ারি মাসে তৈরি করা। তারপর কাজ কিছুটা এগিয়েছে। কুকরাহাটি-রায়চক ব্রিজটি প্রায় ২ কিলোমিটার হবে। এর এস্টিমেট কস্ট এখনই বলা যাচ্ছে না, খুবই প্রাথমিক স্তরে আছে। মনে হচ্ছে এর আনুমানিক ব্যয় প্রায় ১৮০০ কোটি টাকা। জে.বি.আই.সি., জাপানের একটি ব্যাঙ্ক, তাদের সাথে একটা কনট্রাক্ট করার চেষ্টা চলছে। তারা একটা ফিজিবিলিটি রিপোর্ট পেশ করেছে এবং সেই নিয়ে বিস্তারিত আলোচনার জন্য আমাদের ডিপার্টমেন্টের প্রিন্সিপাল সেক্রেটারি এবং চিফ ইঞ্জিনিয়ার রোডস দিল্লিতে গিয়ে ২/৩ জুন আলোচনা করেছে। আলোচনার পরিপ্রেক্ষিতে খুঁটিনাটি সব ঠিক হয়েছে। তারা স্যাটিসফায়েড। আরো আলোচনার জন্য আমাদের প্রিন্সিপাল সেক্রেটারি জাপানে গিয়েছেন এবং জে.বি.আই.সি.-র সঙ্গে আলোচনা চলছে। মোটামুটিভাবে যেটা ঠিক হয়েছে—টোটাল প্রজেক্ট কস্ট যা হবে, তার ৮৫ শতাংশ জে.বি.আই.সি. দেবে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে এবং ইন্টারেস্ট নেবে ০.৯ শতাংশ হারে। লোন পেমেন্ট করবে ১০ বছরে এবং লোন রি-পেমেন্ট করতে হবে ৪০ বছরে। লোনের ৭০ শতাংশ বা ৫৯.৫ শতাংশ অফ টোটাল

প্রজেক্ট, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া পশ্চিমবঙ্গ সরকারকে দেবে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া লোন পেমেন্টের দায়িত্ব নিয়েছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া আমাদের কাছ থেকে ইন্টারেস্ট নেবে ১১.৫ শতাংশ, অথচ তারা ইন্টারেস্ট দেবে ০.৯ শতাংশ হারে। তারা ১০ বছরে পেমেন্ট করবে আর ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে ৩০ বছরে রিপেমেন্ট করতে হবে। এর মধ্যে ২৫.৫ শতাংশ কস্ট গ্রান্ট হিসাবে দেবে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে। অর্থাৎ ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে টোটাল কস্টের ১৫ শতাংশ দিতে হবে। আশা করি ফিজিবিলিটি রিপোর্ট পেয়ে যাব। দিল্লিতে কথা হয়েছে। এনভায়রনমেন্ট স্টাডি করে রিপোর্টটা দিতে হবে। এর জন্য সি.এস. নামে একটি কন্সালটেন্সিকে দায়িত্ব দেওয়া হয়েছে। আগস্ট মাসের মধ্যে এই রিপোর্টটা পাওয়া যাবে।

শ্রী আব্দুল মান্নান : এটা জানাবার জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ। আগের হাউসে আপনি সেতু নির্মাণের কথা বলেছিলেন এবং গাড়ি পারাপারের ব্যাপারে আগের হাউসে বলেছিলেন আপনার সঙ্গে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের কথা হয়েছিল। সেখানে কয়েক কোটি টাকা খরচ করে ফেরি পারাপারের কথা ছিল। বর্তমানে সেটা কি বাতিল হয়েছে ?

শ্রী অমর চৌধুরী : প্রশ্ন হচ্ছে যখন প্রজেক্ট শুরু হবে, তখন এগুলি নিয়ে আলোচনা হবে।

শ্রী আব্দুল মান্নান : ওইটা অ্যাসুরেন্স ছিল বছর তিনেক আগে। এখনও সেটা শুরু হয়নি। সেটা কি বাতিলের পর্যায়ে আছে, নাকি পেন্ডিং রয়েছে ?

শ্রী অমর চৌধুরী : আপনার প্রশ্নের সঙ্গে এটার সম্পর্ক নেই। তবে বলছি এখনই ওইটা বাতিল করছি না। কনসিডারেশানে ওইটা আছে। তবে এরসঙ্গে একটা কথা বলছি কুকরাহাট রায়চকের প্রজেক্ট সেতু, রায়চক থেকে সরিষার রাস্তা ফোর লেন করতে হবে। আমাদের এর বেশি কিছু বলা যাবে না। প্রিন্সিপাল সেক্রেটারি ঘুরে আসুক, তারপর বলা যাবে কোন দিকে যাবে। সরিষা পর্যন্ত রাস্তা ফোর লেন করতে হবে কনডিশানে আছে। হলদিয়া থেকে মেচেদা এন এইচ ৪১ ফোর লেন করতে হবে। প্রজেক্ট এন এইচ এইট শুরু করছি। সুতরাং কুকরাহাট রায়চক প্রজেক্টের বিষয়ে আর কিছু বলা যাবে না।

শ্রী দীপক সরকার : আমার প্রশ্ন এর সঙ্গে সম্পর্কিত নয়। আপনি জানেন যে, কোচবিহার জেলার পুন্ডীবাড়িতে একটা অর্ধনির্মিত সেতু আছে। ওইটা কবে নাগাদ সম্পূর্ণ করবেন জানান।

শ্রী অমর চৌধুরী : প্রথম কথা হল আপনার প্রশ্নের সঙ্গে ওইটা সঙ্গতিপূর্ণ নয়। তাহলেও বলি পুন্ডীবাড়ি ব্রিজটা বহুদিন আগেকার। এটা ন্যাশানাল হাইওয়ের সেন্ট্রাল গভর্নমেন্টের। এ নিয়ে অনেক এজেন্সি নিয়ে আমাদের সঙ্গে সেন্ট্রাল গভর্নমেন্টের বিতর্কের পর মোটামুটিভাবে কেন্দ্রীয় সরকারের পুনর্বিবেচনার জন্য আমাদের ডিপার্টমেন্টের

সেক্রেটারি, ইঞ্জিনিয়ার, চিফ ইঞ্জিনিয়ার সবাই গিয়েছিলেন এবং ওখানে বসে তাদের সঙ্গে কথা বলেছেন। এসক্যালেশান অফ কস্ট বেড়ে গেছে। সেন্ট্রাল গভর্নমেন্ট ফিনান্স ডিপার্টমেন্টে পাঠিয়েছে। ফিনান্স ডিপার্টমেন্টের অ্যাপ্রুভাল হয়ে গেলে এই কাজ করা যাবে বলে মনে করছি। ফিনান্স সেক্রেটারি রাজি হয়েছেন। কিন্তু এখনও অ্যাপ্রুভাল পায়নি।

শ্রী শিবপ্রসাদ মালিক : আমি মাননীয় পূর্ত মন্ত্রীকে জানাই দিল্লি রোডের বিভিন্ন জায়গায় গর্ত হয়েছে। এই গর্ত সারানোর বিষয়ে কি ব্যবস্থা করেছেন।

[11.50–12.00 noon]

শ্রী অমর চৌধুরী : আপনি জানেন যে দিল্লি রোড ন্যাশনাল হাইওয়ের মধ্যে ছিল। এটাকে বাদ দিয়ে, বাইপাস করে দিয়ে দিল্লি রোডের ওই অংশটা আমাদের উপর বর্তেছে। কিছু খারাপ আছে, আমরা পট হোলস রিপেয়ারের জন্য চেষ্টা করছি। তারপরে আমরা বর্ষার পরে ভাবব। আশা করছি আমরা এটাকে থরো রিপেয়ার করতে পারব।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আজ থেকে দু বছর আগে হলদিয়াতে, হলদিয়া ভবনে নন্দীগ্রাম হলদিয়া সংযোগকারী নদী হলদী নদীর উপরে সেতু নির্মাণ নিয়ে আলোচনা হয়েছিল, আপনার কাছে জিজ্ঞাস্য হচ্ছে হলদী নদীতে সেতু নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রী অমর চৌধুরী : হলদী নদীর উপর সেতু নির্মাণের বিষয়ে, আপনারা জানেন যে হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির কর্ণধার লক্ষ্মণ শেঠ, তিনি ব্যক্তিগতভাবে চেষ্টা করছেন। এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের কোনো পরিকল্পনা নেই।

শ্রী খাঁড়া সোরেন : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, দক্ষিণ দিনাজপুরে আমতলী ব্রিজ সম্পূর্ণ হয়ে গেছে। তার সঙ্গে রাস্তার যে সংযোগ সেটা এখনও হয়নি। এটা কবে নাগাদ হবে বলবেন কি ?

শ্রী অমর চৌধুরী : মাননীয় সদস্য জানেন যে আমতলী ব্রিজ যেটা তার অপর পাড়ের দিকে, যেটা মালদার দিকের অংশ সেটা অনেকটা এগিয়ে গেছে, যেটা দক্ষিণ দিনাজপুরের অংশ সেই অংশটা ৫শো মিটারের মতো জায়গা নিয়ে অসুবিধা হচ্ছে, ঠিক করা যাচ্ছে না। প্রপার ব্রিজের কাজ হয়ে গেছে, সুতরাং অ্যাপ্রোচ রোড হয়ে গেলে কাজটা হয়ে যাবে। কিছু অসুবিধা আছে। আমাদের প্ল্যান্ড প্রজেক্ট আছে। টাকার কিছু অসুবিধা আমাদের আছে। আশা করছি আমরা কাজটা করে দিতে পারব।

শ্রী ইউনুস সরকার : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন মুর্শিদাবাদ এবং নদীয়া সংযোগকারী সেতু বক্সীপুর ঘাটের উপর সেতুর শিলান্যাস হয়েছিল। এটাকে সম্পূর্ণ করার পরিকল্পনা কতদিনের মধ্যে হবে, এই ব্যাপারে আর কোনো অন্য জটিলতা আছে কিনা ?

শ্রী অমর চৌধুরী : এর উপর একটা কলিং অ্যাটেনশন আছে। আমি এটা ৯ তারিখে বলব।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে বাঁকুড়া জেলায় ওঁদা, বাঁকুড়া ২ নম্বর ব্লকের মধ্যে গন্ধেশ্বরী, দ্বারকেশ্বর-এর সংযোগস্থলে সেতু নির্মাণের উদ্যোগ জেলা পরিষদ থেকে নেওয়া হয়েছিল এবং এই পরিকল্পনা আপনার দপ্তরে পাঠানো হয়েছিল। বর্তমানে এটা কি অবস্থায় আছে বলবেন কি ?

শ্রী অমর চৌধুরী : আমি দুঃখিত, আমি এখন এটা বলতে পারছি না, আপনি নিজে একদিন আসুন, আমি এটা দেখে বলে দেব।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে কাঁথি দীঘার যে সেখানে যে পিছাবনী ব্রিজ আছে সেই সেতু তৈরির কাজ যুগযুগান্ত ধরে চলছে। আপনি বলবেন কি সেতুটি কি অবস্থায় আছে নির্মাণের ক্ষেত্রে ?

শ্রী অমর চৌধুরী : আমার থেকে আপনি ভালো বলতে পারবেন। কারণ আপনি ওখানে রোজ যান। আমি এটা বলব টেকনিক্যাল কিছু অসুবিধার জন্য এটা হচ্ছে। যে সমস্যা হয়েছিল সেটা বহু আলোচিত, আমার আগের যিনি মন্ত্রী ছিলেন ক্ষিতিবাবুও বিষয়টা বলেছেন। এর যে ওয়েলটা সেটা স্বাভাবিকভাবেই অনেক নীচে চলে যায়, সেটা ২০ মিটারের জায়গায় ৪০ মিটার নীচে চলে যায়। আমরা সমস্ত দিক কাটিয়ে উঠেছি, এটা সম্পূর্ণ হবে। একটা ডেক ঢালাই হলেই ব্রিজটা হয়ে যাবে, এর সঙ্গে অ্যাপ্রোচ রোডের কাজ চলছে। আমরা নিশ্চিতভাবেই আশা করছি আগামী পুজোর আগে না হলেও পুজোর পরে নভেম্বরের মধ্যে কাজ শেষ করতে পারব।

বিদ্যুৎ সংযোগে পোলের খরচ

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৫) **শ্রী রামপদ সামন্ত :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিদ্যুৎ সংযোগের জন্য বহু আবেদনকারী পোলের খরচ বাবদ অর্থ স্বেচ্ছায় বিদ্যুৎ দপ্তরে জমা দিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, সেই সকল আবেদনকারীদের বিদ্যুৎ সংযোগ দেওয়ার কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রী মৃণাল ব্যানার্জী :

(ক) সত্যি নয়। বিদ্যুৎ দপ্তরে এইভাবে অর্থ জমা নেবার কোনো ব্যবস্থাই নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী রামপদ সামন্ত : স্যার, মাননীয় মন্ত্রী জানালেন যে ব্যাপারটা সত্যি নয়, বিদ্যুৎ দপ্তরের এইভাবে অর্থ জমা নেওয়ার ব্যবস্থা নেই। বিদ্যুৎ দপ্তরই বলুন বা ব্লক গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই বলুন এটা সত্যি কথা যে বহু ব্লকের মানুষ বিদ্যুৎ পাওয়ার জন্য তারা ইলেকট্রিক অফিস থেকে কোটেশান পেয়ে টাকা জমা দিয়েছেন, কিন্তু তাঁরা বিদ্যুৎ পাচ্ছেন না। এই ধরনের পেন্ডিং কেসগুলিকে নিয়ে কি চিন্তা-ভাবনা করছেন, তাঁরা কত দিনের মধ্যে বিদ্যুৎ পাবেন ? বা বিদ্যুৎ পাওয়ার ক্ষেত্রে কি অসুবিধা হচ্ছে ?

শ্রী মৃণাল ব্যানার্জী : প্রশ্নটা ওইভাবে ছিল বলে উত্তরটা এইভাবে হয়েছে। বিদ্যুৎ দপ্তর জমা নেয় না, তবে বিদ্যুৎ পর্ষদ জমা নেয় এবং সেখানে আপনি যে কথাগুলি বলেছেন তা কখনও কখনও হয় এবং তার নানাবিধ কারণও থাকে। (১) পোল সব জায়গায় লাগে না, ২৫ মিটারের মধ্যে যদি কানেকশান দিতে হয় তাহলে পোল লাগে না। ২৫ মিটারের বেশি দূর থেকে যদি পোল দিয়ে লাইন টেনে আনতে হয় তাহলে পোলের জন্য পয়সা দিতে হয়। ২৫ মিটারের মধ্যে হলে শুধু সিকিওরিটি ডিপোজিট, মিটার ইত্যাদি বাবদ একটা টাকা জমা দিতে হয়। যদি ২৫ মিটার দূর থেকে আনতে হয় পোল লাগাতে হয় তাহলে ইলেকট্রিক মিটারের জন্য, তার, পোল এই সবের জন্য পয়সা দিতে হয়। অনেক সময় হয় কি যে বাড়িতে কানেকশান দেওয়া হবে সেখানে একজন লাইসেন্সড কনট্রাক্টার বা ইলেকট্রিসিয়ানের সার্টিফিকেট লাগে। তা না হলে কানেকশান দেওয়া যায় না। (২) দূর থেকে পোল দিয়ে লাইন টেনে আনতে গেলে যেখান থেকে আনবে তার পাশের বাড়ি থেকে অবজেকশান দেওয়া হয়। (৩) এমপ্লয়িদের কোথাও কোথাও গাফিলতি আছে, তবে এই এমপ্লয়িদের যে গাফিলতি সে ব্যাপারে উন্নতি ঘটাবার চেষ্টা করা হচ্ছে। এই ধরনের পেন্ডিং কানেকশান কেন দেওয়া হচ্ছে না সেটা খতিয়ে দেখে একের পর এক কানেকশান দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

শ্রী রামপদ সামন্ত : আপনি বললেন ২৫ মিটারের বাইরে যদি হয় তাহলে খরচ দিতে হচ্ছে, আর ভিতরে হলে দিতে হচ্ছে না। এছাড়াও যেখানে কানেকশান দেওয়া হবে ২৫ মিটারের বাইরে বা আর যে সব অবজেকশানের কথা বললেন সেগুলিকে কাটিয়ে উঠে ট্রান্সফরমারের যে ক্যাপাসিটি সেটা বিচার করে দেওয়া সম্ভব কিনা বা ট্রান্সফরমার পাল্টাবার কোনো ভাবনা আছে কি না বা ট্রান্সফরমার পাল্টাতে গেলে যাঁরা কানেকশান পেতে চাইছেন তাঁদের ক্ষেত্রে নতুন কোনো চাপ আসবে কি না বলবেন ?

[12.00–12.10 p.m.]

শ্রী মৃণাল ব্যানার্জী : আপনি অনেকটা উত্তর দিয়ে দিলেন। ট্রান্সফর্মারের সমস্যা হয়ত আছে। কারণ যে সাইজের ট্রান্সফর্মার লাগানো হবে তাতে নতুন কানেকশন দেওয়া উচিত না, কাজেই ট্রান্সফর্মার অগমেন্টেশন দরকার, এই কারণে হয়ত অনেক সময় হয়। কিন্তু ট্রান্সফর্মার ইত্যাদি বিষয়টাকে বুঝতে হবে যে, এই ট্রান্সফর্মার যেটা লাগানো হবে তাতে কনজিউমার প্রফাইল বা কনজিউমার এমন হতে হবে যাতে ওই প্রজেক্ট ভায়াবেল হয়। না হলে কে পয়সা দেবে ? ট্রান্সফর্মার অগমেন্টেশন করতে হলে খরচটা তো কাউকে দিতে হবে।

বা যদি বিদ্যুৎ পর্ষদ মনে করে এই ট্রান্সফর্মার অগমেন্টেশন করে এত কনজিউমার হবে এবং তার ফলে এটা ভায়াবেল হবে তাহলে হয়তো বিদ্যুৎ পর্ষদ লাগাবে। কিন্তু যদি বিদ্যুৎ পর্ষদ মনে করে এই ট্রান্সফর্মার লাগালে লোকসান বাড়বে সে ক্ষেত্রে করতে চাইবে না। এই রকম ঘটনা অনেক সময় ঘটে থাকে।

Starred Questions
(to which answers were laid on the Table)

অনগ্রসর শ্রেণী সম্প্রদায়ের সার্টিফিকেট প্রদান

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৫) শ্রী শংকর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের তফসিলি জাতি-উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের সার্টিফিকেট দিতে দেরী হচ্ছে ;

(খ) সত্যি হলে উক্ত সম্প্রদায়ের সার্টিফিকেট দ্রুত দেওয়ার ক্ষেত্রে কী কী ব্যবস্থা নেওয়া হচ্ছে ;

(গ) ৩১শে ডিসেম্বর ২০০২ পর্যন্ত রাজ্যে উক্ত সার্টিফিকেট পাওয়ার জন্য বিবেচনাধীন আবেদনপত্রের সংখ্যা কত ; এবং

(ঘ) হুগলী জেলায় উক্ত সংখ্যা কত (মহকুমা ভিত্তিক) ?

রাজ্যের তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটা সম্পূর্ণ সত্যি নয় যে, রাজ্যের তফশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের সার্টিফিকেট দিতে দেরী হচ্ছে।

(খ) উক্ত সম্প্রদায়ের সার্টিফিকেট দ্রুত দেওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়। এই বৎসর জানুয়ারী মাসে সার্টিফিকেট দ্রুত দেওয়ার জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

(গ) ৩১.১২.২০০২ পর্যন্ত রাজ্যে সার্টিফিকেট পাওয়ার জন্য বিবেচনাধীন আবেদনপত্রের সংখ্যা নিম্নরূপ :

তফশিলি জাতি	তফশিলি উপজাতি	অনগ্রসর সম্প্রদায়	মোট
৩০৫৫৪	৩১৬৫	১০৪৮৮	৪৪২০৭

(ঘ) ৩১.১২.২০০২ পর্যন্ত হুগলী জেলায় মহকুমাভিত্তিক বিবেচনাধীন আবেদনপত্রের সংখ্যা নিম্নরূপ :

	তফশিলি জাতি	তফশিলি উপজাতি	অনগ্রসর সম্প্রদায়	মোট
হুগলী সদর	২৪৭০	২৪২	৬১৫	৩৩২৭
চন্দননগর	৫৫	—	১২	৬৭
শ্রীরামপুর	৪০৬	১৯	৩৩৭	১৪৩
মোট	৩০৪৭	২৬৬	৯৮৬	৪২৯৯

হাডকোর সহায়তায় সড়ক উন্নয়ন

*১৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাডকোর সহায়তায় রাজ্যের কিছু গুরুত্বপূর্ণ সড়ককে দৃঢ়ীকরণের কাজে নতুন পদক্ষেপ নেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, এজন্য কোন্ কোন্ সড়ককে বেছে নেওয়া হয়েছে ; এবং

(গ) হাডকোর সহায়তার আর্থিক পরিমাণ কত ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) সড়ক তালিকা

ফেজ—১

(১) চাঁপাডাঙ্গা-আরামবাগ-কোতুলপুর রাস্তা
(২) মাটিগাড়া-কার্সিয়াং রাস্তা
(৩) কৃষ্ণনগর-করিমপুর রাস্তা
(৪) ফতেপুর-কালিয়াগঞ্জ-রায়গঞ্জ রাস্তা
(৫) বর্ধমান-আরামবাগ রাস্তা
(৬) ফুলবাড়ি (শিলিগুড়ি)-জলপাইগুড়ি-ময়নাগুড়ি রাস্তা
(৭) বুনিয়াদপুর-ফতেপুর রাস্তা
(৮) গাজোল-বুনিয়াদপুর রাস্তা
(৯) করেমপুর (চুনাখালি)-জলঙ্গী রাস্তা
(১০) বাঁকুড়া-দুর্গাপুর রাস্তা

(১১) জি.টি. রোড, হাওড়া
(১২) পালিতপুর-বোলপুর-পুরন্দরপুর রাস্তা
(১৩) বারাসত-বসিরহাট-হাসনাবাদ রাস্তা
(১৪) আবিদপুর-গঙ্গারামপুর-লস্করহাট-বালুরঘাট রাস্তা
(১৫) চূড়ামন-ইটাহার-কুশমুন্ডি রাস্তা
(১৬) বুলবুলচণ্ডী-নালাগোলা রাস্তা
(১৭) কালনা-কাটোয়া রাস্তা
(১৮) কলকাতা-বাসন্তী (সরবেড়িয়া-সোনাখালি) রাস্তা
(১৯) ভি.আই.পি. রোড (নজরুল ইসলাম অ্যাভিনিউ)

ফেজ—২

(১) কলকাতা-ডায়মন্ডহারবার-কুলপি রাস্তা
(২) বি. টি. রোড
(৩) মেদিনীপুর-কেশপুর রাস্তা
(৪) বিষ্ণুপুর-কোতুলপুর রাস্তা
(৫) অলিনগর-কুলি-কান্দি-ভরতপুর রাস্তা
(৬) বর্ধমান-কালনা রাস্তা
(৭) তমলুক-কাঁথি-দীঘা রাস্তা
(৮) বৈদ্যবাটী-তারকেশ্বর রাস্তা
(৯) সিউড়ি-সাঁইথিয়া-সুলতানপুর রাস্তা
(১০) লোধাসুলি-ঝাড়গ্রাম রাস্তা
(১১) হাওড়া-আন্দুল রাস্তা
(১২) বীরেন রায় রোড
(১৩) রানীহাটি-হরিদাদপুর রাস্তা
(১৪) রাজগ্রাম-বিশপুরিয়া রাস্তা
(১৫) পুরুলিয়া-হুড়া-বাঁকুড়া সীমান্ত রাস্তা
(১৬) মজলিশপুর রামজীবনপুর রাস্তা
(১৭) গ্রামশালিকা-মজলিশপুর রাস্তা
(১৮) ময়নাগুড়ি-চ্যাংড়াবাঁধা রাস্তা
(১৯) চ্যাংড়াবাঁধা-মাথাভাঙা-কোচবিহার রাস্তা
(২০) আরামবাগ-গোঘাট-রামজীবনপুর রাস্তা

(২১) রানাঘাট-কৃষ্ণনগর রাস্তা
(২২) খড়িবাড়ি-ফাঁসিদেওয়া রাস্তা
(২৩) রামজীবনপুর-ক্ষীরপাই রাস্তা
(২৪) বেলদা-কেশিয়ারী-নয়াগ্রাম রাস্তা
(২৫) কালনা-কাটোয়া (অবশিষ্ট) রাস্তা
(২৬) লাউহাটি-হাড়োয়া রাস্তা
(২৭) কলকাতা-বাসন্তী (ভোজের হাট-কানমারী) রাস্তা

ফেজ—৩

(১) তারাতলা (নতুন ও পুরাতন) রোড
(২) বি. টি. রোড (হেমন্ত সেতু-ডানলপ সেতু)
(৩) হাওড়া-আমতা রাস্তা
(৪) বর্ধমান-কাটোয়া রাস্তা
(৫) বহরমপুর-কান্দি-সুলতানপুর রাস্তা
(৬) চন্দ্রকোনা-ঘাটাল রাস্তা
(৭) মহম্মদবাজার-সাঁইথিয়া রাস্তা
(৮) জি. টি. রোড (বর্ধমান শহর)
(৯) চণ্ডীতলা-শিয়াখালা-চাঁপাডাঙা রাস্তা
(১০) তরুণ সেনগুপ্ত সরণি-গরুই মাটকল-এ কে মুখার্জী রোড
(১১) পাতিপুকুর-রাজারহাট রাস্তা
(১২) দমদম-লাউহাটি রাস্তা
(১৩) ধূপগুড়ি-ফালাকাটা রাস্তা
(১৪) বিরহী-মদনপুর-কল্যাণী রাস্তা
(১৫) বাগনান-আমতা রাস্তা
(১৬) বুলবুলচণ্ডী-হাবিবপুর রাস্তা
(১৭) বিষ্ণুপুর বাইপাস রাস্তা

(গ) হাডকো ফেজ-১ : ২৫০.০০ কোটি
হাডকো ফেজ-২ : ২৭৪.৬৯ কোটি
হাডকো ফেজ-৩ : ১৪৪.২২৭৯ কোটি
(টাকার প্রকল্প মঞ্জুরির জন্য প্রস্তাবিত)

বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ

*১৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬১) শ্রী কমল মুখার্জী : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কত পরিমাণ বিদ্যুৎ উৎপাদিত হয় ; এবং

(খ) এই রাজ্যে বর্তমানে বিদ্যুতের মোট চাহিদার পরিমাণ কত ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে এ রাজ্যে ক্যাপটিভ ইউনিট, এন.টি.পি.সি. এবং ডি.ভি.সি. বাদের গড় দৈনিক বিদ্যুৎ উৎপাদন মোটামুটি ৫০ মিলিয়ন ইউনিট।

(খ) বর্তমানে এ রাজ্যে ক্যাপটিভ ইউনিট বাদে গড় দৈনিক বিদ্যুতের চাহিদা মোটামুটি ৬৪ মিলিয়ন ইউনিট।

প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের মূর্তি নির্মাণ

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০) শ্রী ব্রহ্মময় নন্দ : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

পূর্ত বিভাগ কতজন প্রয়াত বিশিষ্ট ব্যক্তির মূর্তি স্থাপনের জন্য নির্মাণ করে রেখেছেন ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

একটি। এবং সেটি প্রয়াত অজয় মুখোপাধ্যায়ের, প্রাক্তন মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার।

পুরুলিয়া পাম্পড্ স্টোরেজ প্রকল্প

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৮) শ্রী সৌগত রায় : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

পুরুলিয়া পাম্পড্ স্টোরেজ প্রকল্পের কাজের অগ্রগতি কীরূপ ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পুরুলিয়া পাম্পড্ স্টোরেজ প্রজেক্ট-এর কাজ বর্তমানে পূর্ণোদ্যমে চলছে। প্রকল্পের পরিকাঠামো ও নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পথে। মূল প্রকল্পের সিভিল কাজ আরম্ভ হয়েছে এবং আশানুরূপ অগ্রগতি হচ্ছে। মূল প্রকল্পের জন্য হাইড্রো মেকানিক্যাল এবং ইলেক্ট্রো মেকানিক্যাল যন্ত্রপাতি বসানোর বরাত দেওয়াও সম্পন্ন হয়েছে এবং আনুষঙ্গিক কাজ চলছে। মূল প্রকল্পের অন্যান্য কাজের বরাত দেওয়ার প্রক্রিয়া চলছে এবং আশা করা যাচ্ছে খুব শীঘ্র সম্পন্ন হবে।

সমবায় কর্মীর সংখ্যা

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৭) শ্রী সামসুল ইসলাম মোল্লা : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সমবায় সমিতিগুলিতে কতজন কর্মী আছেন ; এবং

(খ) উক্ত কর্মীদের বেতন কাঠামো কী প্রকার ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৫,৯৩০ জন।

(খ) প্রশ্ন আসে না, কেন না সমবায় সমিতিগুলির কর্মচারীদের কোনও সুনির্দিষ্ট বেতন কাঠামো নেই।

রাজ্যের রেশন ব্যবস্থা

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৪) শ্রী নির্মল ঘোষ : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে ;

(খ) সত্যি হলে, বর্তমানে বন্ধ হয়ে যাওয়া রেশন দোকানের সংখ্যা কত ;

(গ) এগুলিকে পুনরায় চালু করার জন্য কি কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(ঘ) বর্তমানে সরকারি গণবণ্টন ব্যবস্থার সুনির্দিষ্ট নীতি কী ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) (১) দারিদ্রসীমার নীচে বসবাসকারী উপভোক্তাদের ভর্তুকিযুক্ত খাদ্যশস্য ও চিনি স্বল্পমূল্যের বিনিময় সরবরাহ সুনিশ্চিত করা।

(২) দারিদ্র্যসীমার উপরে বসবাসকারী উপভোক্তাদের খোলা বাজারের দামের তুলনায় কম দামে খাদ্যশস্য সরবরাহ বজায় রাখা এবং এই ব্যবস্থার মাধ্যমে মূল্য নিয়ন্ত্রণ করা।

মেমারী বিদ্যুৎ সাব-ডিভিশন বিভাজন

*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৩) শ্রী তাপস চট্টোপাধ্যায় : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার মেমারী বিদ্যুৎ সাব-ডিভিশনকে দুইভাগে বিভাজন করা হবে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিষয়টি পর্ষদের বিবেচনাধীন রয়েছে।

(খ) প্রযোজ্য নয়।

বেনফেড কর্তৃক সিমেন্ট বিক্রয়

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪) শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বেনফেড সিমেন্টের ব্যবসা করছে ;

(খ) সত্যি হলে, সিমেন্ট কেনা ও বিক্রির ক্ষেত্রে বেনফেডের বোর্ডের সিদ্ধান্ত কী ছিল ; এবং

(গ) ধারে সিমেন্ট বিক্রির জন্য মোট অনাদায়ী অর্থের পরিমাণ কত ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরি

*১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫০) শ্রী ইউনুস সরকার : কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৮ সালের ১লা জানুয়ারী থেকে ৩১শে জানুয়ারী, ২০০৩ পর্যন্ত রাজ্যের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কতজনকে চাকুরি দেওয়া হয়েছে ?

কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১৯৯৮ সালের ১লা জানুয়ারী থেকে ৩১শে জানুয়ারী ২০০৩ পর্যন্ত রাজ্যের বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে ৫৫৮৫৮ জন নথিভুক্ত বেকারকে চাকুরি দেওয়া হয়েছে।

সাক্ষরতা প্রকল্পে ব্যয়

*১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৮) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : জনশিক্ষার প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলায় বিগত তিন বছরে (জানুয়ারী, ২০০০ থেকে ডিসেম্বর, ২০০২) সাক্ষরতা প্রকল্পে কত টাকা খরচ করা হয়েছে ;

(খ) উক্ত প্রকল্পে ৩০.৬.২০০২ তারিখ পর্যন্ত কতজন সাক্ষর হয়েছেন ; এবং

(গ) সাক্ষরতা প্রচারে ওই জেলায় উক্ত সময় পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ?

জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) টাকা ৩,৫৮,৪১,৬৬৪.০০

(খ) ৮,৬৩,১১৫ জন।

(গ) টাকা ১,৬১,৭৪,২১৪.০০।

হাওড়া জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা

*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৮) **শ্রী জটু লাহিড়ী** : কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা কত ;

(খ) ওই কেন্দ্রগুলিতে বর্তমানে তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা কত ; এবং

(গ) ২০০১-২০০২ আর্থিক বছরে ওই সকল কেন্দ্রের মাধ্যমে চাকুরি প্রাপকের সংখ্যা কত ?

কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হাওড়া জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা ২ (দুই)টি।

(খ) ওই কেন্দ্রগুলিতে বর্তমান তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা (৩১.১২.২০০২ পর্যন্ত) নিম্নরূপ :

হাওড়া	—	২২৭৯৫১
উলুবেড়িয়া	—	১৪১৪১৬

(গ) ২০০১-২০০২ বছরে ওই সকল কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরি প্রাপকের সংখ্যা নিম্নরূপ :

হাওড়া	—	৭৯
উলুবেড়িয়া	—	১২৯

তারাপীঠ যাওয়ার রাস্তা সংস্কার

*১৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৯) ডঃ আশীষ ব্যানার্জী : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলার রামপুরহাট ১নং ব্লকের অন্তর্গত বড়শাল গ্রাম পঞ্চায়েতের অধীন গোপালপুর গ্রামের ভিতর দিয়ে তারাপীঠ যাওয়ার রাস্তায় দ্বারকা নদীর উপর কোনো সেতু নেই ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সেতুটি নির্মাণের জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি।

(খ) সেতু নির্মাণের জন্য বীরভূম জেলা পরিকল্পনা সমিতি থেকে এখনও কোনো প্রস্তাব আসেনি।

Hike in Electricity Charges

*192. (Admitted question No. *925) **Shri Pankaj Banerjee** : Will the Minister-in-Charge of the Power Department be pleased to state—

(a) is it a fact that the C.E.S.C. has hiked electric charges from January, 2003 and

(b) If so, what is the extent of extra burden on the small & medium consumers due to such hike ?

Minister in-Charge of the Power Department

(a) The WBERC has recently revised the Power tariff of CESC.

(b) Govt. of West Bengal has filed an appeal with the Hon'ble High Court against the tariff order and the matter is now sub-judice.

Hence, it is not possible to comment on the extra burden at this stage.

পাট্টা গ্রহীতাদের উচ্ছেদ

*১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭১) **শ্রী কাশীনাথ মিশ্র** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের ২০০০-২০০১ ও ২০০১-২০০২ আর্থিক বছরে উত্তর ২৪-পরগনা জেলা সহ কোন্ কোন্ জেলাতে খাস ও পাট্টা জমি বিলি নিয়ে সংঘর্ষ ঘটেছে ; এবং

(খ) উক্ত সময়ে (১) কোন্ কোন্ জেলাতে পাট্টা গ্রহীতাদের কতজনকে উচ্ছেদ করা হয়েছে ও

(২) এ ব্যাপারে আদালতগুলিতে কতগুলি মামলা দায়ের করা হয়েছে ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্ত সময়ে রাজ্যের কোনো জেলাতে এমন ঘটনা ঘটেনি।

(খ) উক্ত সময়ে—পশ্চিমবঙ্গের কোনো জেলাতেই পাট্টা গ্রহীতা উচ্ছেদের কোনো ঘটনা ঘটেনি।

হুগলী জেলা দাদপুর থানার ৯.৫১ একর জমিতে ৭০ জনকে পাট্টা বিলি নিয়ে এল.আর.টি.টি. রায়ের বিরুদ্ধে মহামান্য উচ্চ আদালতে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে ১২৮৩।২০০২ নং আপীল দায়ের করা হয়েছে। বিষয়টি মহামান্য আদালতে শুনানীর অপেক্ষায় আছে। অন্য জেলাতে কোনো মামলা দায়ের করা হয়নি।

রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা

*১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৮) **শ্রী তমোনাশ ঘোষ** : কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

৩১শে মার্চ, ২০০২ তারিখে রাজ্যে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা কত ছিল ?

কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে মার্চ, ২০০২ তারিখে রাজ্যে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ছিল ৬১৫৬৮১১ জন।

বিভিন্ন রঙের রেশন কার্ড

*১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৭) শ্রী দীপক কুমার ঘোষ : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০০৩ পর্যন্ত বিভিন্ন রঙের কত সংখ্যক রেশন কার্ড জেলায় জেলায় পাঠানো হয়েছে ;

(খ) তন্মধ্যে, বিলিকৃত কার্ডের সংখ্যা কত ; এবং

(গ) বাকি কার্ড কবে নাগাদ বিলি করা হবে বলে আশা করা যায় ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত জেলাগুলিতে পাঠানো এ.পি.এল. (সাদা) কার্ডের সংখ্যা ৩,৮৬,০০০, বি.পি.এল. (সবুজ) কার্ডের সংখ্যা ১,১৯,৫৮,২৫০, অন্ত্যোদয় অন্নযোজনা (গোলাপী) কার্ডের সংখ্যা ৩০,৯৫,৫৮৫ এবং অন্নপূর্ণা (হলুদ) কার্ডের সংখ্যা ৮৩,৩০৬।

(খ) ৩১.০১.২০০৩ তারিখ পর্যন্ত বিলি করা হয়েছে এমন বি.পি.এল. কার্ডের সংখ্যা ৫,৮১,০৮৭, অন্ত্যোদয় অন্নযোজনা কার্ডের সংখ্যা ২,৩১,৫৮৮ এবং অন্নপূর্ণা কার্ডের সংখ্যা ৩২,০৯৩।

(গ) এখুনি বলা যাচ্ছে না।

মৎস্য সমবায় সমিতির জন্য জলযান

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১২১) শ্রী জ্যোতির্ময় কর : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জাতীয় সমবায় উন্নয়ন নিগমের সহায়তায় মৎস্য শিকারী সমবায় সমিতিগুলিকে জলযান দেওয়া হয় ;

(খ) সত্যি হলে, এ পর্যন্ত এ বাবদ কত টাকা সমবায় নিগম থেকে ঋণ নেওয়া হয়েছে ; এবং

(গ) (১) কত টাকা পরিশোধ করা হয়েছে ও (২) সুদের হার কত ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এ পর্যন্ত জাতীয় সমবায় নিগম থেকে ৭৪.৫৫ কোটি টাকা ঋণ হিসাবে নেওয়া হয়েছে।

(গ) (১) সামুদ্রিক মৎস্যজীবী সমবায় সমিতিগুলি এ পর্যন্ত ৩১.৫২ কোটি টাকা পরিশোধ করেছেন।

(২) সুদের হার শতকরা ১২ টাকা।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker: Today I have received 3 notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
1. Reported death of some people at Bolepur and Nannur in Birbhum from Anthrax	: Shri Tapan Hore Shri Ananda Gopal Das
2. Reported closure of office of the Jenson & Nichelson Limited	: Shri Ranjit Kundu
3. Measures taken by State Government to reopen Dunlop Rubber Industries Limited at Bansberia, Hooghly	: Shri Abdul Mannan

Now where is Mr. Ranjit Kundu ? I do not find him. Mr. Rabin Deb, Chief Whip, member has filed calling attention notice but not present in the House. How can that be accepted ? How ? In future if a member files a calling attention notice and not present in the House I will not accept that. It is a bad practice. We cannot take the House casually. আমি ফাইল করে চলে গেলাম, স্পীকারের দায়-দায়িত্ব, উনি সব করে দেবেন। ওনার কোনো রেসপনসিবিলিটি নেই। হোয়াটস ইজ দিজ ?

I have selected the notice of Shri Ranjit Kundu on the subject of Reported Closure of office of the Jenson & Nichelson Ltd.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

[12.00–12.10 p.m.]

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : Sir, the statement will be made on 8th July, 2003.

মি: স্পীকার : উপস্থিত থাকতে হবে তো ?

শ্রী রবীন দেব : দেখছি স্যার।

মিঃ স্পীকার : দেখার কি আছে ? এটা বোঝার ব্যাপার আছে। উনি গুরুত্ব ভেবেই তো ফাইল করেছেন ?

শ্রী রবীন দেব : আসতে পারেন।

মিঃ স্পীকার : আসতে পারেন মানে ? কখন ফাইল করেছেন ?

শ্রী রবীন দেব : সকালবেলা।

মিঃ স্পীকার : সকালবেলা গায়েব হয়ে গেলেন ? ক্যাজুয়ালনেস। ঠিক না। In future I will not accept calling attention.

LAYING OF REPORT

Audit Certificate, Certified Accounts & Audit Report of the Hooghly River Bridge Commissioners for the year 1998-99

Shri Probodh Chandra Sinha : Sir, with your kind permission I beg to lay the Audit Certificate, Certified Accounts & Audit Report of the Hooghly River Bridge commissioners for the year 1998-99.

Mr. Speaker : Members, today is Friday. We will adjourn at 12.15 I will take within that time as many mentions can be called. Immediately after that I will adjourn.

MENTION

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় স্পীকার স্যার, নদী ভাঙন আজকে সারা পশ্চিমবাংলায় একটা ভয়ঙ্কর আকার ধারণ করেছে, নদী এলাকায় বর্ষার সময় নতুন করে ভাঙন দেখা দিচ্ছে। কিন্তু একা রাজ্য সরকারের পক্ষে এই নদী ভাঙন রোধ করা সম্ভব নয়, কেন্দ্রীয় সরকারের এতে সাহায্য করা জরুরি। আমার বিধানসভা কেন্দ্রের নন্দীগ্রামে হলদি নদী সন্নিহিত বাঁশুলিচর এলাকায় ভয়ঙ্কর ভাঙন দেখা দিয়েছে। বর্ষায় অবস্থা আরো খারাপ হতে পারে। তাই মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে ওই নদী ভাঙন রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সংস্কৃতি মন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, কেবল্ টিভির যারা ভিউয়ার বা দর্শক, যাঁরা বিভিন্ন চ্যানেল দেখেন, তাঁদের ক্ষেত্রে সেট্ টপ্ বক্স বসানোর জন্য

প্রায় ২৭০০ টাকা দাম দিতে বাধ্য করা হচ্ছে। পে চ্যানেলের জন্য যে সমস্ত রেট করা হয়েছে তাতে সেট্ টপ্ বক্স বসালে ভিউয়ারদের প্রতি মাসে ৪০০ টাকার উপর খরচা হবে। এটা একটা অতিরিক্ত বোঝা। যেখানে ভারত সরকার কয়েক বছর আগে দূরদর্শনের জন্য ফিজ মুকুব করে দিয়েছিলেন, সেখানে অপারেটররা নতুন করে যে সমস্ত রেট তৈরি করতে যাচ্ছে সেট্ টপ্ বক্স অ্যানালগের জন্য, ১৫ জুলাই থেকে এটা চালু করতে যাচ্ছেন—এই সিদ্ধান্তের ফলে একটা জনস্বার্থ-বিরোধী কাজ হতে যাচ্ছে। আমরা সংবাদপত্রে দেখছি, মাননীয় প্রধানমন্ত্রী নাকি হস্তক্ষেপ করবেন এ ব্যাপারে। কিন্তু ইতিমধ্যে বিভিন্ন জায়গায় অপারেটররা সেট্ টপ্ বক্স অ্যানালগ্ কেনার জন্য ইনভেস্টমেন্ট করে ফেলেছে। এটা কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত, কিন্তু অন্যান্য রাজ্য এ ব্যাপারে বাধা দিয়েছে, দিল্লি, মহারাষ্ট্র, চেন্নাই—এরা বাধা দিচ্ছে। কিন্তু এ ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কোনো ভূমিকা দেখছি না। পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আঁতাত করে এটা মেনে নিচ্ছেন, না কি এর বিরোধিতা করছেন সেটা স্পষ্ট করে বলুন।

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদা থেকে গাজোল এন.এইচ.(৩৪) এবং গাজোল থেকে বালুরঘাট স্টেট হাইওয়ে। মালদা থেকে বালুরঘাট এই সমস্ত রাস্তাটা ক্ষতিগ্রস্ত হয়েছে। যোগাযোগের কোনো বিকল্প ব্যবস্থা নেই। অনতিবিলম্বে এই রাস্তাটা সংস্কারের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

বৈদেশিক বাণিজ্যের জন্য হিলি ইন্টারন্যাশনাল চেক্-পোস্টের মাধ্যমে হাজার হাজার লরি মাল নিয়ে যায়। এই ওভার-লোডেড গাড়িগুলোর জন্য রাস্তা ভেঙে পড়ছে। এই ওভার-লোডেড .গাড়িগুলোকে নিয়ন্ত্রণ করা দরকার। এই ওভার-লোডেড গাড়িগুলোকে নিয়ন্ত্রণ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ষা এখনও পুরোপুরি শুরু না হলেও কিছু কিছু জায়গায় বর্ষা শুরু হয়েছে। দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলা যেমন নদীয়া, মুর্শিদাবাদ, মালদা এই সমস্ত জায়গা প্রতি বছর বন্যার কবলে পড়ে। বর্ষার আগে প্রাথমিক কাজগুলো, কিছু মেজার নেওয়া হয়। যেমন নদীবাঁধগুলো, ছোট ছোট বাঁধগুলো বর্ষার আগে মেরামত করা হয়। কিন্তু এ বছর এইসব কাজগুলো কিছু করা হয়নি। প্রত্যেক বছর নদীয়ার বিভিন্ন জায়গায় বন্যা হয়। এখানে ছোট ছোট যে বাঁধগুলো আছে সেগুলোর কিছু মেরামতের কাজ করলে প্রাথমিকভাবে বন্যাকে সামাল দেওয়া যায়। কিন্তু এই সমস্ত বাঁধগুলোর মেরামতের কোনো কাজ এখনও শুরু করা হয়নি। এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শুধুমাত্র বন্যা আসলে ডি.এম., এস.ডি.ও.-র চেম্বারে বসে মিটিং করলে সুরাহা হবে না।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এ বছর অতিরিক্ত আলু উৎপাদন হয়েছে, কিন্তু আলু বাজারে বিক্রি হচ্ছে না। অন্য কোনো রাজ্যে আলু রপ্তানি করার জন্য উদ্যোগ গ্রহণের জন্য আমি আবেদন জানাচ্ছি।

(ধন্যবাদ)

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়ার সঙ্গে সংযোগকারী সমস্ত রাস্তা—কাটোয়া-বর্ধমান রোড, কাটোয়া-কৈচোল ভায়া গরুই রোড, কাটোয়া-বনকাপাশী ভায়া করোজগ্রাম এই প্রত্যেকটি রাস্তার অবস্থা খুব খারাপ হয়ে পড়েছে, এর ফলে আগামীদিনে এই রাস্তাগুলোতে যান চলাচল বন্ধ হয়ে যাবে এবং সাধারণ মানুষের পক্ষেও চলাচল করা অসুবিধাজনক হয়ে যাবে।

[12.10–1.30 p.m. (including adjournment)]

অবিলম্বে যাতে এই রাস্তাগুলি মেরামত করা হয় এবং মানুষের চলাচলের উপযুক্ত করা হয় সেই ব্যাপারে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মাননীয় শ্রী জ্যোতি বসু যখন মুখ্যমন্ত্রী ছিলেন, তখন মিস্টার জালালের সঙ্গে একটি মৌ স্বাক্ষরিত হয়েছিল পাঁশকুড়ায় একটি দুগ্ধ প্রকল্প করার এবং সেই বিষয়ে এই বিধানসভায় মাননীয় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী শ্রী আনিসুর রহমান একটি বিবৃতিও দিয়েছিলেন। কিন্তু খুব দুঃখের বিষয় আজ পর্যন্ত সেই প্রকল্প বাস্তবায়িত করা বা হওয়ার কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। আমি আপনার মারফত প্রাণীসম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী শ্রী আনিসুর রহমানের কাছে আবেদন জানাচ্ছি, যাতে এই প্রকল্পটি সত্বর রূপায়িত হয় এবং পাঁশকুড়ার মানুষের দীর্ঘদিনের আকাঙ্ক্ষার নিবৃত্তি ঘটে।

শ্রী মহববুল হক (বাদল) : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার চাঁচল মহকুমায় উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার একটি ডিপো আছে। সেখানে ১০টি বাস বিভিন্ন রুটে চলে কিন্তু বর্তমানে ৭টি বাস চলছে এবং সেখানে ১১০ জন কর্মচারী নিযুক্ত আছে। ০০৪৩, ০৩৫৭, ০৫৪৮ এইসব নম্বরের বাসগুলি বহু পুরনো। এখানে যাতে নতুন বাস সরবরাহ করা হয় এবং যে ১১০ জন কর্মচারী আছে তাদের যাতে কাজে লাগানো যায় এবং যে সমস্ত রুটের বাসগুলি বন্ধ হয়ে আছে যেমন—চাঁচল-কলকাতা (দিবা), চাঁচল-কলকাতা (নৈশ), চাঁচল-শিলিগুড়ি (দিবা), কুলিধা-কলকাতা (নৈশ), চাঁচল-বালুরঘাট, চাঁচল-রায়গঞ্জ, চাঁচল-মালদা-লোকাল ভায়া আলাল এবং ভায়া মানিকচক এবং নতুন রুট চাঁচল থেকে নবদ্বীপ, আসানসোল, বর্ধমান, কুচবিহার এই বাসগুলি যাতে চালু হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ইউনুস সরকার : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার শেখপুর থেকে গোপালপুর ভায়া সাগরপাড়া খুব জনবহুলএবং ব্যস্ত রাস্তা। এই রাস্তাটা অত্যন্ত সরু রাস্তা। এই কদিনের বর্ষায় ইতিমধ্যেই এই রাস্তায় গাড়িগুলির ওভারটেক করার পাশাপাশি সাইড নিতে খুব অসুবিধার সৃষ্টি হচ্ছে। গত ১ জুলাই এইরকম একটা মারাত্মক রাস্তায় একটি মারাত্মক দুর্ঘটনা ঘটেছিল। দেবতোষ নামে নবম শ্রেণীর একটি ছাত্র এই দুর্ঘটনার কবলে পড়ে মারা যায়। তাই ৩০ কিলোমিটার যোগাযোগকারী যে রাস্তাটি আছে এটা চওড়া করার জন্য বলছি যাতে এই বর্ষায় আরও নতুন কোনো দুর্ঘটনার সম্মুখীন না হতে হয়। তাই পূর্তমন্ত্রীর কাছে আমার দাবি যাতে অবিলম্বে এই রাস্তাটি চওড়া করা হয়।

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সাগরদিঘি বিধানসভায় প্রায় ২ লক্ষ মানুষের বাস। এখানে একটি বাজার আছে। সাগরদিঘি, পোপাড়া এবং সন্তোষপুর এই ৩টি মৌজা নিয়ে এই বাজার। এই বাজারের সংযোগকারী রাস্তার অবস্থা খুব খারাপ। এখন বর্ষা শুরু হয়েছে, মানুষজন যাতায়াত করতে পারছে না। প্রায় প্রতিদিন কয়েক হাজার মানুষ বাজারে এসে কেনাকাটা করে। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমি অনুরোধ করছি অবিলম্বে যাতে রাস্তাটির সংস্কার করা হয় এবং সাথে সাথে যে ড্রেন আছে সেই ড্রেনেরও সংস্কার করা হয়।

শ্রী তপন হোড় : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখেছি যে নেতাজী ইন্ডোর স্টেডিয়াম রক্ষণাবেক্ষণের অভাবে সেখানে একটা ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ফলে দেখা গেছে প্রায় ৫ কোটি টাকা লাগবে এই সমস্ত সংস্কার করতে। এমনকি সেখানকার যে এয়ার কন্ডিশান সিস্টেম আছে সেটা ভাল অবস্থায় নেই। আমরা শুনতে পাচ্ছি যে, আমাদের মাননীয় উপ-প্রধানমন্ত্রী ৬ তারিখে ওই নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এসে একটি সভা করবেন। কাজেই এইরকম একটা জায়গায় এই ধরনের সভা করা কতখানি যুক্তিযুক্ত হবে এবং সেটা ঝুঁকিপূর্ণ হয়ে যাবে কিনা সেটা আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was then adjourned till 1.30 p.m.)

[1.30–1.40 p.m.] (After Recess)

DISCUSSION AND VOTING ON DEMAND NO. 36

Mr. Speaker: There are 50 cut motions to Demand No. 36 by Shri Kashinath Mishra (cut motion nos. 1-5 & 13) Shri Kamal Mukherjee (cut motion nos. 6-9 & 20-25), Shri Gyan Singh Sohanpal (cut motion no. 10), Shri Pankaj Banerjee (cut motion no. 11), Shri Saugata Roy (cut motion no. 12), Shri Subrata Mukherjee (cut motion

nos. 26-29), Shri Bankim Chandra Hazra (cut motion no. 30), Shri Kallol Khan (cut motion no. 31 & 32), Shri Tarak Bandyopadhyay (cut motion nos 33 & 34), Shri Jyoti Priya Mallick & Shri Ashok Kumar Deb (cut motion nos. 35 & 36), Shri Sobhandeb Chattopadhyay (cut motion nos. 37-40), Dr. Asish Banerjee (cut motion no. 41), Shri Manturam Pakhira (cut motion nos. 42-48) and Shri Deba Prasad Sarkar (cut motion nos. 49 & 50). All the cut motions are in order. Cut motion nos. 6, 7, 8, 9, 20, 21, 22, 23, 25, 49 and 50 are taken as moved. The remaining cut motions are not moved as the members are not present.

Now I call upon Shri Kamal Mukherjee and Shri Deba Prasad Sarkar to move their motions.

Shri Kamal Mukherjee	Sir, I beg to move that the Amount of the Demand be
Shri Deba Prasad Sarkar	reduced to Re. 1/-.

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ভূমি ও ভূমি সংস্কার বিভাগের জন্য ৩৬ নং দাবি এখানে উত্থাপিত হয়েছে আমি তার তীব্র বিরোধিতা করছি। তার কারণ স্যার, আপনি জানেন যে, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের প্রধান প্রধান কাজ হচ্ছে জমি সরকারে ন্যস্ত করা, সেই জমি বণ্টন করা এবং বর্গা রেকর্ড করা। এই প্রধান প্রধান কাজ বেশ কয়েক বছর প্রায় বন্ধ হয়ে গেছে। আমি পরে পরিসংখ্যান দিয়ে তা প্রমাণ করব। বর্তমানে সরকারের প্রচণ্ড আর্থিক অনটনের মধ্যে এই দপ্তরের জন্য ৩৬৬,৩৯,১১০০০ টাকা বরাদ্দের কোনো সার্থকতা আছে বলে আমি মনে করি না।

স্যার, বেশ কিছুদিন আগে সরকার 'মুখার্জী এবং ব্যানার্জী কমিশন' তৈরি করেছিলেন। তাতে পঞ্চায়েত সম্বন্ধে যা বলা হয়েছে তা আমি এখানে একটু পড়ছি। 'নিউ হরাইজেন ফর ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত'—চ্যাপ্টার ফোরে বলছে, Has land reform really reached a cul-de-sac ? Official figures of land vested and distributed reveal a disturbing state of affairs. Between December, 1981 and then end of September, 1992, a span of nearly eleven years a total of only 94,031 acres of vested agricultural land was distributed. This works out to an average of 30.38 acres distributed per day through out the state, or 1.89 acres per day per district. The tempo of activity can hardly be called high. Vested agricultural land left for distribution should now be 2,58,715.78 acres. If the tempo continues as before it will take 29.56 years to distribute this.'

আরো বলছে স্যার, বলছে, 'more disturbing is the fact that the second and third amendments to the West Bengal Land Reforms Act have not yielded any addition to the quantum of vested agricultural land. The latest official statistics, in fact, indicate a diminution from the December, 1981 figure by 79,675.4 acres. During our district visits everywhere the figure of vested agricultural land was shown as less than the corresponding figure in the published statistical report of 1982. No satisfactory explanation was forthcoming for the discrepancies. The amount of agricultural land still undistributed and vested land which has disappeared total 3,38,391.18 acres.

স্যার, কি মারাত্মক কথা বলেছেন সরকারের নির্ধারিত একটা কমিশন। এটা নিশ্চয়ই অনুধাবন করার ব্যাপার, মাননীয় মন্ত্রীকে কথাগুলি লিখেছেন, এটা নিশ্চয়ই অনুধাবন করা দরকার। ওরা ৪ পাতায় বলেছেন পঞ্চায়েত সম্বন্ধে বলতে গিয়ে, পঞ্চায়েতের প্রধান কাজ হচ্ছে ল্যান্ড রিফর্মসে সহায়তা করা। তাতে বলেছেন, 'It is programmes which give content and meaning to structures. Land reform was one such programme, but it is now seen as a squeezed lemon, with little surplus land to distribute and few bargadars left to be recorded, not counting the cases held up in the courts. The virtual exit of land reform from the agenda of Panchayats has left them with a feeling that there is nothing worthwhile left to do.' সুতরাং বুঝতেই পারছেন পঞ্চায়েতের কি ভূমিকা ? আপনারা পঞ্চায়েত নিয়ে এত বড়বড় কথা বলেন, ভূমি সংস্কার সম্বন্ধে এত বড় বড় কথা বলেন, সেই পঞ্চায়েত এবং ভূমি সংস্কার সম্বন্ধে—আপনাদের নির্দেশে, আপনারাই এটাকে চালু করলেন—সেই মুখার্জী-ব্যানার্জী কমিশনের রিপোর্টে এই কথা বলেছেন। আমি পরিসংখ্যান দিয়ে আরও তথ্য দেব, যেটা প্রাথমিকভাবে শুরু করেছি সেই সম্বন্ধে বলছি, পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের যে প্রধান প্রধান কাজ সেই কাজ প্রায় বন্ধ হয়ে গেছে। এটা ঠিকই, আপনারা সরকারে এসে ১৯৭৭ সালের পর ১ বছর কি ২ বছর ১৯৭৯ সাল পর্যন্ত কিছুটা চেষ্টা করেছিলেন, কিছু কিছু জমি ন্যস্ত করেছিলেন, কিন্তু সেটা প্রয়োজনের তুলনায় কম। কিন্তু যতটুকু করেছিলেন সেটা ওই ২/৩ বছরের মধ্যেই করেছিলেন। তার পরবর্তী সময়ে—দীর্ঘ ২৬ বছরের মধ্যে বাকি ২৩/২৪ বছর ল্যান্ড রিফর্মস প্রায় বন্ধ হয়ে গেছে। বর্গা রেকর্ডিং বলুন বা জমি বণ্টন করা বলুন সবই বন্ধ হয়ে গেছে। আমি পরিসংখ্যান দিয়ে বলব, কিন্তু বলার আগে একটা ডিসক্রিপ্যান্সি নজরে এসেছে সেটা মন্ত্রিমহাশয়ের কাছে ক্লারিফিকেশন চাইছি। যে স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স-২০০২-২০০৩ সালে ডিসট্রিবিউট করা হয়েছে সেটা যদি দেখেন তাহলে দেখবেন, ল্যান্ড রেভিনিউ সরকারের আদায় হয়েছে বলেছেন ১ হাজার ৩০৭ কোটি ৭৫ লক্ষ টাকা। (টেবিল ১২.১, পৃষ্ঠা ১৮২)। কিন্তু মাননীয় মন্ত্রী তাঁর বাজেট ভাষণে নিজেই বলেছেন, ৩১ জানুয়ারি এ বছর

পর্যন্ত রাজস্ব, সেস মিলিয়ে মোট আদায় হয়েছে ২৪.৪৩ কোটি টাকা। প্রধান এবং অ-প্রধান ক্ষেত্রে ২৯.৬৪ কোটি টাকা অর্থাৎ সর্ব-সাকুল্যে ৫৪.০৭ কোটি টাকা আদায় হয়েছে। অথচ স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সে আপনি দেখিয়েছেন ১ হাজার ৩০৭ কোটি টাকা। আর এখানে মাননীয় মন্ত্রী বলেছেন বিভিন্নভাবে সেস-রাজস্ব, খনিজ, অখনিজ থেকে ৫৪ কোটি টাকা আদায় হয়েছে। আমার বক্তব্য এতো পার্থক্য কেন হল, কি কারণে হল, কোথা থেকে হল—সেই সম্পর্কে মাননীয় মন্ত্রীর কাছে ব্যাখ্যা নিশ্চয়ই চাইব, উনি যখন জবাবী ভাষণ দেবেন তখন উনি এই বিষয়ে পরিষ্কার করে বলবেন যে স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সে ল্যান্ড রেভেনিউয়ের সঙ্গে আপনার দেওয়া তথ্যের এত পার্থক্য কেন ? এবারে আমি আসছি যে জমি ন্যস্ত হয়েছে তার হিসাবে। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট ভাষণে নিজেই বলেছেন, কৃষি এবং অকৃষি জমি মিলিয়ে ২০০৩ সালের জানুয়ারী পর্যন্ত ২৯.৬১ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হয়েছে। এর মধ্যে কৃষি জমি টোটাল হচ্ছে ১৩.৮৯ লক্ষ একর এবং উনি নিজে তাঁর ভাষণে বলেছেন ২০০২-২০০৩ সালের আর্থিক বছরে মোট উদ্বৃত্ত জমি যেটা ন্যস্ত হয়েছে তার পরিমাণ হচ্ছে ৮ হাজার একর। কৃষি জমি কতটা ন্যস্ত হয়েছে তা উনি বলেননি, উনি কৃষি এবং অকৃষি জমি মিলিয়ে বলেছেন। আমি ধরে নিচ্ছি এর মধ্যে হয়তো ২/৩ হাজার একর কৃষি জমি আছে। আপনারা সবাই জানেন, মোট কৃষি জমি পশ্চিমবাংলায় বর্তমানে আছে ১ কোটি ৩০ লক্ষ একর।

[1.40–1.50 p.m.]

আগে ১ কোটি ৪০ লক্ষ একর ছিল—২০/২৫ বছর আগে, সেটা কমতে কমতে ১ কোটি ৩০ লক্ষ একর হয়েছে। আপনারা জানেন জমি ইলাসটিক ব্যান্ড নয়, টেনে বাড়ানো যায় না, গ্রামোন্নয়নের প্রয়োজনে, রাস্তাঘাটের প্রয়োজনে, ব্রিজের প্রয়োজনে এবং নানান শিল্পের প্রয়োজনে এবং অন্যান্য প্রয়োজনে কিছু জমি চলে গিয়েছে ফলে এটা ১ কোটি ৩০ লক্ষ একর হয়ে গিয়েছে। আপনাদের যা হিসাব তাতে এবারে বলছেন পেয়েছেন মোট ৮ হাজার একর জমি। ধরে নিচ্ছি এরমধ্যে কৃষি জমি ২/৩ হাজার একর আছে। তাহলে দেখা যাচ্ছে তিন হাজার একর যদি সরকারে ন্যস্ত হয়ে থাকে তাহলে টোটাল জমির সঙ্গে সেটাকে ভাগ করে অঙ্ক কষে দেখলে তা হচ্ছে ০.২৬ শতাংশ। তাহলে বুঝুন কি দারুণ ভূমি সংস্কার আপনারা করেছেন। আমরা তো শুনছি অর্থমন্ত্রী থেকে শুরু করে বিভিন্ন মন্ত্রীরা বার বার বলেন পশ্চিমবঙ্গে নাকি ভূমি সংস্কারের কাজ দারুণ হয়েছে, তো সেই দারুণ ভূমি সংস্কারের হিসাবটা হচ্ছে এই রকম। এখন টোটাল জমি যা ন্যস্ত হয়েছে—২৯.৬১ লক্ষ একর তার মধ্যে কৃষি জমি হচ্ছে ১৩.৮৯ লক্ষ একর। এই দুটি বাদ দিলে দাঁড়াচ্ছে ১৫.৭২ লক্ষ একর অকৃষি জমি। সেই অকৃষি ন্যস্ত জমির মধ্যে কতটা বিতরণযোগ্য বা এই জমি নিয়ে সরকার কি করছেন, এর ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা এই প্রশ্নগুলির উত্তর মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই। এই প্রসঙ্গে একটা কথা এখানে উল্লেখ করতে চাই। শ্রী বিনয় চৌধুরী মহাশয় তিনি স্বর্গত হয়েছেন, তার প্রতি শ্রদ্ধা জানিয়েই বলছি, তিনি একটি বই প্রকাশ করেছিলেন যার নাম ল্যান্ড রিফর্মস ইন ওয়েস্ট বেঙ্গল—বিনয় চৌধুরী। বোধহয়

গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল থেকেই সেটা পাবলিশড হয়েছিল। তাতে বলা হয়েছে, "Recently we have mobilised the Kishan Sabhas and the Panchayats to take initiative in detecting land held clandestinely and put pressure on the land reforms functionaries to formally vest the surplus land.

5,80,000 acres of land recorded as non-agricultural land are being verified with the help of the local Panchayats to examine if the land can be used for agricultural purpose."

মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি জানতে চাই, শ্রী বিনয় চৌধুরী মহাশয় যে কথা বলেছিলেন—তারা কৃষক সভাকে এনকারেজ করছেন, পঞ্চায়েতকে এনকারেজ করছেন অকৃষি জমি যা আছে তা ডিসট্রিবিউট করার জন্য, কেউ যদি লুকিয়ে রেখে থাকে তা খুঁজে বার করার জন্য—এই যে বিভিন্ন পন্থা তারা অবলম্বন করেছিলেন সেটা কতদূর সাকসেসফুল হয়েছে, তার পরিণতি কি হয়েছে আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় তার জবাবি ভাষণে সেটা বলবেন। এবারে আমি আসছি কৃষি জমি সরকারে যা ন্যস্ত হল সেই জমির হিসাবে। আমরা দেখছি জুলাই '৭৭ পর্যন্ত—আমরা যখন চলে যাই—কৃষি জমি ন্যস্ত হয়েছিল ১০.৭৫ লক্ষ একর—স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স—৭৭/৭৮, পেজ ৪১। আর বাজেট স্পিচে আছে ২০০৩-এর জানুয়ারী পর্যন্ত কৃষি জমি সরকারে ন্যস্ত হল ১৩.৮৯ লক্ষ একর। তাহলে '৭৭ থেকে ২০০৩—এই ২৬ বছরে কৃষি জমি সরকারে ন্যস্ত হল বা খাস হল ৩.১৪ লক্ষ একর। এটা আমি ভালোভাবে অনুধাবন করার জন্য মাননীয় সদস্যদের অনুরোধ করছি। ২৬ বছরে কৃষি জমি সরকারে ন্যস্ত হল ৩.১৪ লক্ষ একর যেখানে সার্বিকভাবে কৃষিজমি আছে ১৩০ লক্ষ একর। শতকরা হিসাব হচ্ছে সমস্ত জমির হিসাব ধরলে ২.৫ শতাংশ। সুতরাং বুঝতেই পারছেন কি দারুণ ভূমি সংস্কার আপনারা করেছেন এই ২৬ বছরে। আমি আগেই বলেছি যে আপনারা এসে প্রথম প্রথম একটু চেষ্টা করেছিলেন এই ভূমি সংস্কারের ব্যাপারে। ৭৯ সালের হিসাবটা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন ৭৯ সাল পর্যন্ত ১২.৪৫ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হয়েছিল। বর্তমানে ১৩.৮৯ লক্ষ একর আছে। এই দুটো বাদ দিলে দেখবেন ১৯৭৯ সালের পর থেকে ২৪ বছরে এই সরকারে জমি ন্যস্ত হয়েছে মাত্র ১.৪৪ লক্ষ একর। অবশ্য একটা কথা এখানে বলা দরকার, মাননীয় সূর্য্যবাবু যখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন তখন তিনি আমার এই পরিসংখ্যান মানতে চাননি। কিন্তু আমি এই পরিসংখ্যান হয় মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট স্পিচ না হয় স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স থেকে তার পাতা এবং টেবিল উল্লেখ করে বলেছি। উনি নানা তথ্য সহকারে আমার দেওয়া তথ্য ভুল প্রমাণ করবার চেষ্টা করেছেন। আমি মনে করি না উনি যে তথ্য দিয়েছিলেন, সূর্য্যবাবু যে তথ্য দিয়েছিলেন সেই তথ্যগুলো ঠিক। উনি যদি আমার তথ্য না মানেন তাহলে আমরা ভাবব স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সে যে তথ্যগুলো আছে, মন্ত্রী মহাশয়ের বাজেট স্পিচে যে তথ্যগুলো আছে সেই তথ্যগুলো ভুল। তাহলে বলতে হয় আমাদের স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সে যে তথ্যগুলো

দেওয়া হয়েছে সেই তথ্যগুলো মিথ্যা তথ্য, অসত্য তথ্য, ভুল তথ্য। এছাড়া আমার কিছু বলার নেই। আমি মনে করি তা নয়। স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সে যে তথ্যগুলো আছে সেই তথ্য মেনেই আমাদের কাজ করতে হবে, আপনাদেরও কাজ করতে হবে। আমি এবারে একটু আমাদের সময়ের সঙ্গে তুলনা করি। নভেম্বর ১৯৭২ সালে আমরা যখন সরকারে এলাম তখন সরকারের হাতে ন্যস্ত জমির পরিমাণ ছিল ৯ লক্ষ একর। এটা স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সে ১৯৭২-৭৩ পেজ ১১ আছে। আমরা যখন চলে গেলাম জুলাই ১৯৭৭ সালে, সেই সময় এই সরকারের হাতে জমি ন্যস্ত হয়েছিল ১০.৭৫ লক্ষ একর। এটা স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স ১৯৭৭-৭৮ সালের পেজ ৪১-এ আছে। ৫ বছরে সরকারের হাতে জমি ন্যস্ত হল, একটা থেকে একটা বাদ দিলে দাঁড়ায় ১.৭৫ লক্ষ একর। অর্থাৎ ৫ বছরে কৃষি জমি সরকারের হাতে ন্যস্ত হল ১.৭৫ লক্ষ একর। আপনাদের আমলের ২৬ বছরের হিসাব আমি একটু আগে বললাম, সেটা হচ্ছে ৩.১৪ লক্ষ একর। আপনাদের আমলে ২৬ বছরে যা কৃষি জমি সরকারের হাতে ন্যস্ত হয়েছে আমাদের আমলে ৫ বছরে যা ন্যস্ত হয়েছে, আমাদের আমলের চেয়ে ২ গুণের বেশি নয়। আমরা ৫ বছরে যা করেছি আপনারা ২৬ বছরে তার দু-গুণের বেশি পৌঁছাতে পারেননি। এবারে আমি জমি বণ্টনের ব্যাপারে আসি। সরকারের হাতে জমি ন্যস্ত হল, সেটা বণ্টন কিভাবে হল সেটা বলি। নভেম্বর ১৯৭২ সাল পর্যন্ত জমি বণ্টন হয়েছিল ৩.৭৫ লক্ষ একর। ইকনমিক রিভিউ ১৯৭২-৭৩ সাল, পেজ ১১-তে এটা আছে। জুলাই ১৯৭৭ সাল, যখন আমরা চলে গেলাম তখন জমি বণ্টিত হয়েছিল ৬.৩৫ লক্ষ একর। এটা স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স ১৯৭৭-৭৮, পেজ ৪১-এ আছে। আমাদের আমলে ৫ বছরে ২.৬ লক্ষ একর জমি বণ্টিত হয়েছে, একটা থেকে একটা বাদ দিলে এই ফিগার পাওয়া যায়। আপনাদের আমলে ২৬ বছর ধরে মোট জমি বণ্টিত হল ১০.৬৪ লক্ষ একর। এটা বাজেট স্পিচে আছে, এই বছরের মন্ত্রী মহাশয়ের বাজেট স্পিচে এটা আছে। এই পর্যন্ত যা বণ্টন করা হয়েছে জমি তার থেকে জুলাই ১৯৭৭ সাল পর্যন্ত যা বণ্টিত হয়েছিল ৬.৩৫ লক্ষ একর জমি এটা বাদ দিলে দাঁড়ায় ৪.২৯ লক্ষ একর। আপনাদের আমলে ২৬ বছরে ৪.২৯ লক্ষ একর জমি বণ্টন করতে পেরেছেন। তাহলে আমরা দেখছি আপনাদের আমলে যে জমি ন্যস্ত হয়েছিল এবং যে পরিমাণ জমি বণ্টিত হয়েছে তার হিসাব এতো সামান্য যে গর্বিত হওয়া, বড় বড় কথা বলার স্কোপ প্রায় প্র্যাকটিক্যালি নেই। এখানে একটা প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়কে করতে চাই। সেটা হচ্ছে এই যে, আপনার বাজেট স্পিচে আছে এই পর্যন্ত কৃষি জমি ন্যস্ত হয়েছে ১৩.৮৯ লক্ষ একর এবং বণ্টন হয়েছে ১০.৬৪ লক্ষ একর। আগের বারের স্পিচে ছিল, এবারের বাজেট স্পিচে নেই, ইনজাংশানে আবদ্ধ হয়ে পড়ে আছে যে জমি তার পরিমাণ হল ১.৯৩ লক্ষ একর জমি। তাহলে ইনজাংশানে আবদ্ধ জমি এবং বণ্টিত জমি ১০.৬৪ লক্ষ একর জমি যদি যোগ করা হয় তাহলে যে টোটাল জমি পাওয়া যাবে সেটা যা জমি ন্যস্ত হয়েছে তার থেকে বাদ দেন তাহলে দেখবেন এখনও পর্যন্ত কৃষিজমি সরকারের হাতে আছে এবং সেটা থাকার কথা। সেই জমির পরিমাণ হল ১.৩২ লক্ষ একর। এই দুটো থেকে বাদ দিলে পাওয়া যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই এই ১.৩২ লক্ষ একর জমি গেল কোথায় ? এখনও এই জমি বণ্টিত হল না কেন ? আপনার হিসাব মতো তো এইগুলো ইনজাংশানে আবদ্ধ নেই।

[1.50–2.00 p.m.]

তাহলে এগুলো কি অবস্থায় আছে, এখনও বণ্টিত হচ্ছে না কেন ? এদিকে মানুষের হাহাকার, চাষীদের হাহাকার, মানুষ জমির জন্য হন্যে হয়ে বসে আছে। সরকারের হাতে জমি আছে, কৃষি জমি আছে, সেটা বণ্টন করতে পারছেন না। এর কারণ কি, সেটা মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাই। একটি বিষয় আমি উল্লেখ করি, যেটা আপনারা খুব গর্বের সঙ্গে বলেন। অন্য যাঁরা আছেন, তাঁরা উল্লেখ করবেন। পশ্চিমবাংলায় ৪৮তম জাতীয় নমুনা সমীক্ষা যেটা ১৯৯২ সালে হয়েছিল, সেখানে দেখা যাচ্ছে ৭০ পার্সেন্ট জমি ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের মধ্যে বণ্টিত হয়ে আছে। তারা জমির মালিক। আপনারা এইসব কথা খুব গর্বের সঙ্গে বলেন, যেখানে সারা ভারতে হচ্ছে এটা ৩৪.৩০ পার্সেন্ট। আমি আপনাদের সবিনয়ে জিজ্ঞাসা করতে চাই যে, আপনারা ২৬ বছরে ৪.২৯ লক্ষ একর জমি বণ্টন করেছেন, কৃষি জমি বণ্টন করেছেন। আমি কি আপনাকে জিজ্ঞাসা করতে পারি, যেখানে টোটাল জমি হচ্ছে ১ কোটি ৩০ লক্ষ একর, সেখানে এই ২৬ বছরে মাত্র ৪.২৯ লক্ষ একর জমি যেটা বণ্টন করেছেন, এটাতে জাতীয় নমুনা সমীক্ষায় যে কথা আছে সেখানে রিচ করতে পেরেছেন ? সেটা কি সম্ভব ? অথচ গর্ব করে আপনারা বলেন, গরীব চাষীদের মধ্যে আপনারা জমি বণ্টন করেছেন। কিন্তু তা ঠিক নয়। এই ফিগার তা বলছে না। একটা জিনিস অকাট্য, আপনারা কাটতে পারবেন না। পশ্চিমবাংলায় জমির চেহারা বরাবর এমন ছিল যে ক্ষুদ্র বা প্রান্তিক চাষীদের মধ্যে জমি বণ্টিত হয়েই আছে—তারাই জমির মালিক। আমি আপনাদের বলছি, যারা জমি লুকিয়ে রেখেছে—আমি যে হিসাবটা দিলাম, যেগুলো আপনারা পাননি—সেগুলোকে বার করবার চেষ্টা করেছেন কিনা ? তার হিসাবটা আপনারা দেবেন। আমি আবার বলছি, শতকরা ৭০ পার্সেন্ট লোকের হাতে জমি আছে, এটা আপনাদের কৃতিত্ব নয়। ২৬ বছরে আপনারা ৪.২৯ লক্ষ একর বিলি করে এই ফিগারে কখনও আসতে পারবেন না, না, না। আপনারা গর্ব করে যেটা বলেন, ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের মধ্যে আপনারা পশ্চিমবাংলায় জমি বণ্টন করে দিয়েছেন, এটা ঠিক নয়। এটা অপপ্রচার। যে সদস্য একটু আগে এখানে বলেছেন, সেটা ঠিক নয়। আপনারা সংশোধন করুন। চিন্তা করুন। অঙ্ক কষুন মনে মনে, তাহলে বুঝতে পারবেন যে অসত্য প্রকাশ করেছেন। এবারে আমি আসছি কত লোককে জমি বণ্টন করেছেন। জুন, '৭৭ পর্যন্ত যেটা বণ্টন করেছেন—৯.৮৪ লক্ষ লোককে বণ্টন করেছিলাম, আমরা বা আমাদের আগের যাঁরা ছিলেন তাঁরা বণ্টন করেছেন। এটা স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স, টেবল ৫.১৪, পেজ ৪২ এবং 'যুবমানস পূজা সংখ্যা, পৃষ্ঠা ১০৩য়ে আছে। আর ৩১শে মার্চ, ২০০২ পর্যন্ত মাননীয় মন্ত্রী যেটা দিয়েছেন, তাঁর বাজেট স্পিচে আছে—২৬.৫ লক্ষ লোককে উনি জমি দিয়েছেন বলে উল্লেখ করেছেন। তাহলে ২৫ বছরে কত দিয়েছেন ? একটা থেকে আর একটা বাদ দিলে পাওয়া যাবে। ১৬.৬৭ লক্ষ ভূমিহীন বা প্রায় ভূমিহীন লোককে জমি বিতরণ করেছেন ৪.২৯ লক্ষ একর। তাহলে মাথাপিছু কত করেছেন তা ভাগ দিলেই বোঝা যাবে। ১৬.৬৪ লক্ষ লোককে ৪.২৯ লক্ষ একর কৃষি জমি বিতরণ করেছেন।

তাহলে দেখা যাচ্ছে ভাগ করে মাথাপিছু ১৮ কাঠা জমি হচ্ছে। আপনারা তো অনেকেই গ্রামের থেকে এসেছেন, আপনারাই বলুন না এই ১৮ কাঠা জমি দিয়ে একটা ভূমিহীন কৃষকের সংসার প্রতিপালিত হওয়া কি সম্ভব ? এর নাম কি ভূমি সংস্কার ? এর দ্বারা কোনো চাষীর সংসারের সমস্যার কি সমাধান হবে ? একটা ইকোনমিক হোল্ডিং বলে তো একটা কথা আছে, সেই হোল্ডিং ধরে কত জমি দিলে কত জনের সংসার প্রতিপালিত হতে পারে সেই তথ্য কি দিতে পারবেন ? এখন তো জমিকে আপনারা দ্বি-ফসলি, তিন ফসলি করার চেষ্টা চালাচ্ছেন। কৃষি বাজেটে এই নিয়ে বলবো কিন্তু ১৮ কাঠা জমি নিয়ে কোনো একটা সংসার প্রতিপালিত হতে পারে না সেটা অন্তত বুঝতে পারছেন। আপনারা সব সময়ে বলছেন যে, জমি দেব, জমি দেব এবং জমি দেবার লোভ দেখিয়ে আপানরা নিজেদের দলে লোকেদের টেনে এনে তাদের কাছ থেকে ভোট আদায় করছেন। এখন মানুষ আপনাদের প্রকৃত ইচ্ছাটা বুঝতে পেরেছে যে, জমি আর পাওয়া যাবে না। এরপরে আসছি বর্গাস্বত্ব নিয়ে। জমির বর্গা নিয়ে বহু বর্গাদার টাকার লোভে বড় জমির মালিকের কাছে টাকার জন্য তাদের বর্গাস্বত্ব ছেড়ে দিচ্ছে। বড়লোকের হাতে বড় জমির মালিকের হাতে জমি দিয়ে দিচ্ছে। গ্রামে-গঞ্জে এই ধরনের দৃষ্টান্তের নজির বহু আছে, আপনাদেরও নজরে আছে। মাননীয় মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে জানতে চাই এর কোনো হিসাব দিতে পারবেন কি কত বর্গা আপনারা দিয়েছেন এবং বর্গাদার নিজের জমিতে ১০০ পার্সেন্ট চাষ করছে—এর কোনো হিসাব দিতে পারবেন না। বেশিরভাগ বর্গাদার তাদের জমি অন্যের কাছে টাকার বিনিময়ে বেচে দিয়েছেন বা অন্য লোককে চাষ করতে দিয়েছেন। এর কোনো হিসাব আপনি দিতে পারবেন না। এই হিসাবটা আমাদের জানা দরকার। এইবার যেটায় আসছি সেটা হচ্ছে যে, আপনারা তো দর্শন নীতি, মার্কসিজিম নীতি নিয়ে চলেন। আপনারা বলেছেন চূড়ান্তভাবে সবাইকে সমানভাবে জমি ভাগ করে দেওয়া হয়েছে এবং সেখানে বড়, ছোট কেউ নেই। যদি বড় ছোট কেউ না থাকে তাহলে দেখা যাবে যাকে বলছেন আপনারা আমূল ভূমি সংস্কার। তাহলে এই আমূল ভূমি সংস্কারের ফলে মাথাপিছু কত জমি পাওয়া যায় ? আপনারা জানেন যে মোট কৃষি জমির পরিমাণ ১ কোটি ৩০ লক্ষ অর্থাৎ ১৩০ লক্ষ। এই ১৩০ লক্ষকে যদি ৩ দিয়ে গুণ করা হয় তাহলে বিঘা হবে এবং ২০ দিয়ে গুণ করলে কাঠা। সেখানে কাঠার পরিমাণ ৭ হাজার ৮০০ লক্ষ। পশ্চিমবঙ্গে লোকের সংখ্যা ৮ কোটির কিছু বেশি, আর গ্রামের মানুষের সংখ্যা প্রায় ৫ কোটি ৬০ লক্ষ অর্থাৎ ৭০ পার্সেন্ট। এইবার এই ৫ কোটি ৬০ লক্ষ মানুষকে যে পরিমাণ জমি ১ কোটি ৩০ লক্ষ, তাতে ৭ হাজার ৮০০ লক্ষ কাঠা জমিকে যদি ৫ কোটি ৬০ লক্ষ দিয়ে ভাগ করা হয় এবং সমস্ত মানুষের কাছে বিতরণ করা হয় তাহলে কত মাথাপিছু জমি পাওয়া যায় আপনারা জানেন ? কেউ আপনারা বলতে পারবেন না। তাহলে মাথাপিছু ১৪ কাঠা জমি পাওয়া যায়। আপনারা বলেছেন আমূল ভূমি সংস্কার, সবাইকে সমান করে ভাগ করে দেওয়া হবে। তাহলে মাথাপিছু ১৪ কাঠা জমি পাওয়া যাবে এবং এই যে ভাগ করছেন এতে কোনো লাভ নেই। কোনো সংসার প্রতিপালিত হবে না। এবং গ্রামের চেহারাও কোনো বদলানো যাবে না। শুধু ভূমি সংস্কারে নাম করে আপনারা যেটা করতে চাইছেন সেটা কেবলমাত্র ভোট বক্সে লেগেছে। তার মধ্যে দিয়ে গ্রামীণ অর্থনীতির উন্নয়নের কোনো প্রচেষ্টা হয়েছে বলে মনে করি

না এবং সম্ভবও নয়। মানুষের সংখ্যা অনুপাতে তো জমি আর বাড়ানো যাবে না। জমি তো আর ইলাসটিক নয় যে বাড়ালেই বাড়বে। জমির থেকে বড়জোর দুটি ফসল কিংবা তিনটি ফসল বাড়ানো যেতে পারে। সেখানেও তো মাটির তলার জল তুলে কাজ করতে হবে। মাটির থেকে যে জল দেবেন সেখানেও তো আর্সেনিকের ব্যাপার আছে। আমরা তো শুনেছি মাটির থেকে নাকি জল আর তোলা যাবে না। অ্যাকেন্সির রিপোর্ট এবং কৃষিনীতির ধারণা যে বোরো ধানের জমির পরিমাণ কমিয়ে আনতে হবে।

[2.00–2.10 p.m.]

উৎপাদনশীলতা বাড়াতে হবে, ইত্যাদি নানা রকম বড় বড় কথা বলছেন। সুতরাং আমি যেটা বলতে চাইছি শুধু জমি বিতরণ করে, জমি বণ্টন করে গ্রামের সমস্যা মেটাতে পারবেন না। অন্যদিকে আপনাদের ভাবতে হবে, ছোট শিল্প, কুটির শিল্প এইগুলি যেন বিস্তার লাভ করতে পারে। বেকারি আজকে গ্রামে ভয়াবহ অবস্থা, আজকে পশ্চিমবাংলায় ৫৬ লক্ষ বেকার, যাদের চাকরি আছে, তাদেরই চাকরি চলে যাচ্ছে, গোল্ডেন হ্যান্ডসেক করে সরিয়ে দিচ্ছেন। আপনাদের ৬৪টি যে সরকারি কারখানা আছে, সেইগুলিই চলতে পারছে না। বর্গা রেকর্ডের ব্যাপারে আমি যেটা বলতে চাইছি, আমি আগেও পরিসংখ্যান দিয়ে দেখিয়েছি, ২০০১ সালের ৩১শে মার্চ পর্যন্ত বর্গাদারের সংখ্যাছিল ১৪.৯৭ লক্ষ ; ২০০৩ সালের জানুয়ারী মাস পর্যন্ত ২ বছর পরে বর্গার সেই সংখ্যাটা দাঁড়িয়েছে ১৫.০২ লক্ষ। এটা মাননীয় মন্ত্রী মহাশয় তার ভাষণে বলেছেন। তাহলে দেখা যাচ্ছে, গত দুই বছরে, কত বর্গা রেকর্ড করেছেন, মাত্র ৫ হাজার বর্গা রেকর্ড করেছেন। আমাদের শ্রদ্ধেয় বিনয় চৌধুরী এক সময় আমাদেরকে বলেছিলেন, সেই সময় আপনাদের বর্তমান সদস্যদের অনেকেই ছিলেন, পশ্চিমবাংলায় বর্গার সংখ্যা ৩০ লক্ষ আছে, কিন্তু দেখা গেল ৩০ লক্ষ বর্গাদার যখন খুঁজে পাওয়া যাচ্ছে না, রেকর্ডও হচ্ছে না, তখন কয়েক বছর পরে সেটা সংশোধন করে তিনি বলেছিলেন ৩০ লক্ষ বর্গাদার নেই, ২০ লক্ষ হবে। এটা স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট সেভেন, পাবলিশড বাই বোর্ড অফ রেভিনিউ ১৯৮২ সেখানে উল্লেখিত আছে, পশ্চিমবাংলায় ২০ লক্ষ বর্গার টার্গেট ধরা হয়েছিল। এ পর্যন্ত ১৫ লক্ষ বর্গা আপনারা রেকর্ড করেছেন। ২ বছরে আপনারা যদি ৫ হাজার বর্গা রেকর্ড করে থাকেন, ২০ লক্ষ যদি আমাদের টার্গেট হয় তাহলে এই ২০ লক্ষ-তে পৌঁছাতে আরো ১০০ বছর লাগবে। সুতরাং বর্গা রেকর্ড যে হারে, যে রেটে হচ্ছে, এটা অত্যন্ত খারাপ, অত্যন্ত পুওর। আমি আগেই বলেছি, যাদেরকে বর্গা রেকর্ড করে দিয়েছেন, সেই মালিক সেই জমিতে আছেন কিনা বা টাকার লোভে সেটা অন্য কাউকে জমিটা বিক্রি করে দিয়েছেন কিনা সেটার হিসাবে যদি থাকে তাহলে সেটা আমাদেরকে জানাবেন, আমরা উপকৃত হব। ল্যান্ড রিফর্মস অ্যাক্টের ১৬ ধারায় মালিক হয় দুই রকমের। প্রকৃতপক্ষে একটা জমির মালিক সে যদি সব কিছু দেয়, বীজ ধান সেচের জল ইত্যাদি দেয় তাহলে ফসলটা ভাগ হয় ৫০ : ৫০ ; আর জমির মালিক যদি কিছু না দেয় তাহলে বর্গাদার সব দেয় তাহলে শতকরা ৭৫ ভাগ বর্গাদার পায়, ২৫ ভাগ জমির মালিক পায়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যখন বর্গা রেকর্ড হচ্ছে, সে কোন শ্রেণির বর্গাদার, 'ক' না 'খ' শ্রেণীর বর্গাদার সেটার উল্লেখ

থাকছে না। সব জায়গায় ধরে নেওয়া হচ্ছে ৭৫ : ২৫। জমির মালিক সেচের জল, বীজ, সার ইত্যাদি দিচ্ছেন তার কোনো মূল্যায়ন হয় না। বর্গাদার কোন শ্রেণীর সেটা উল্লেখ থাকছে না। মাননীয় মন্ত্রীকে বলব, উনি যখন বর্গা রেকর্ড করছেন, ওর দপ্তর যখন এই কাজ করছেন, ওই নির্দেশটা দেবেন, ১৬ ধারায় ২ শ্রেণীর যে বর্গাদার রেকর্ড উল্লেখ আছে, সেটা যেন সঠিকভাবে কোন শ্রেণীর বর্গাদার সেটা উল্লেখ থাকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে যেটা বলতে চাই, ইনজাংশানে আবদ্ধ জমি এর আগে আপনারা দিয়েছেন, ৩১.১২.৮০ পর্যন্ত, ইনজাংশানে আবদ্ধ জমি ছিল ১.৭৯ লক্ষ একর। গতবারের বাজেট বইতে মাননীয় মন্ত্রী বলেছিলেন পেজ ২-তে প্যারা সিক্সে এটা ১.৯৩ লক্ষ একর বেড়েছে, এটা আমি আগেও উল্লেখ করেছি।

আপনারা জানেন, ১৯৯৮ সালে এই ট্রাইবুনাল গঠিত হয়েছিল। এই কেসগুলির যাতে তাড়াতাড়ি ফয়সালা করা যায়। কলকাতা হাইকোর্টের স্থগিতাদেশ থাকার জন্য এই ট্রাইবুনাল তখন কাজ শুরু করতে পারেনি। ৯.৮.৯৯ সালে এই ট্রাইবুনাল চালু হয়, কিন্তু তা সত্ত্বেও ইনজাংশানে আবদ্ধ জমির পরিমাণ বেড়ে যাচ্ছে। তাহলে আপনার ট্রাইবুনাল কি রেগুলার কাজ করতে পারছে না ? ইনজাংশানে আবদ্ধ জমিগুলো যাতে তাড়াতাড়ি ইনজাংশান থেকে মুক্তি পায়, সেগুলো যাতে তাড়াতাড়ি বিতরণযোগ্য হয় সেটা আপনি দেখবেন। সবচেয়ে আশ্চর্যের এবং দুঃখের ব্যাপার হচ্ছে, অনেকদিন আগে আপনারা "ভূমি সংস্কার পরিসংখ্যান বিবরণী-৫" প্রকাশ করেছিলেন, তারপরে বোধহয় লজ্জায় আপনারা আর কোনো বই বার করেননি। অনেক চেষ্টা করেও আমি এই বই আর পাইনি। ১৯৮১ সালের পরে আপনারা আর কোনো বই বার করেছেন কিনা জানি না। সেই বইয়ের এক জায়গায় আপনারা বলেছেন—'সরকার এইসব মামলার কার্যকারণ সম্পর্কে উদ্বিগ্ন। ন্যস্ত জমি ও বর্গা নথিভুক্তি সংক্রান্ত মামলাগুলিকে পরিচালনা করার উদ্দেশ্যে হাইকোর্টে আইনজ্ঞদের একটি বিশেষ 'সেল' গঠিত হয়েছে। এইসব মামলা পরিচালনার জন্য সরকার পর্যাপ্ত অর্থ বরাদ্দ করেছেন। এইসব মামলার কাজে নিযুক্ত পেশাদারী ও বিশেষজ্ঞদের ব্যয়নির্বাহের জন্য ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮০-৮১ সালের মধ্যে মোট প্রায় এক কোটি আটান্ন লক্ষ ঊনষাট হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।' তারা নিশ্চয় কংগ্রেসের উকিল নয়, আপনাদের দলের উকিল, তাদের জন্য এই তিন বছরে আপনারা বরাদ্দ করেছেন এক কোটি আটান্ন লক্ষ ঊনষাট হাজার টাকা। জানি না তার পরে আরও কত অর্থ বরাদ্দ করেছেন, এই অভাবের সময়ে। আপনি এটা জানালে ভালো হয়। ইনজাংশানে আবদ্ধ জমিগুলো যাতে তাড়াতাড়ি মুক্ত হয় তার জন্য আপনারা দলের কালোকোর্ট পরা উকিলদের জন্য কোটি কোটি টাকা ব্যয় করছেন, কিন্তু ইনজাংশানে আবদ্ধ জমির পরিমাণ ক্রমশ বেড়ে যাচ্ছে, সেগুলো বিতরণ হচ্ছে না। এটা একটু বিচার করে দেখবেন, যদি সেই ক্ষমতা ভগবান আপনাদের দিয়ে থাকে। আপনারা জানেন, আগামীদিনে এই সরকার আরও মারাত্মক-মারাত্মক বিল আনছে। কলকাতায় বা পৌর এলাকায় যদি কোনো বাড়ি থাকে তাহলে ভূমি রাজস্ব বা ট্যাক্স-ই বলুন সেটা বিরাট আকারে এই সরকার ধার্য করতে চলেছেন। এটা আগে কোনোদিন ছিল না এবং থাকলেও সেটা

বাস্তবে প্রয়োগ করা হয়নি। সেটা আজকে প্রয়োগ করতে চলেছেন। কর্পোরেশন বা মিউনিসিপ্যাল ট্যাক্স, ওয়াটার ট্যাক্স এবং বিভিন্ন ধরনের ট্যাক্স একজন মানুষকে দিতে হয় তার বাড়ির জন্য। এখন প্রতি ডেসিমেলে বাড়তি ৪৫ টাকা করে তাকে দিতে হবে। এক ডেসিমেল মানে হচ্ছে ০.৬ কাঠা। তাহলে ১০০ ডেসিমেল মানে হচ্ছে এক একর। অর্থাৎ কলকাতায় দু'কাঠা বা তিন কাঠার উপরে যদি আপনার বাড়ি থাকে তাহলে প্রতি ডেসিমেলের জন্য আপনাকে ৪৫ টাকা করে বাড়তি দিতে হবে ট্যাক্স বা রেভিনিউ। তার উপরে আপনাকে আবার সেস দিতে হবে।

[2.10–2.20 p.m.]

এবং সেটা কত মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তরে বলেছিলেন। ২৫ বছরে নয়, ২/৩ বছরের জন্য ট্যাক্স দিতে হবে। আমি জানি না ট্যাক্সের সঙ্গে সুদও দিতে হবে কিনা। সব মিলিয়ে যে বিশাল পরিমাণ ট্যাক্স দাঁড়াবে, সেটা সাধারণ গৃহস্থদের পক্ষে, ছোট ছোট বাড়ির মালিক, যাদের নুন আনতে পান্তা ফুরোবার অবস্থা, সেটা দেওয়া তাদের পক্ষে অত্যন্ত কঠিন হয়ে যাবে। এই বিষয়টি নিশ্চয় মাননীয় মন্ত্রী বিবেচনা করে দেখবেন। এটা শুধু কলকাতাতে হয়েছে বা পৌরসভাতে বা বাস্তু জমিতেই হয়েছে তা নয়, যদি একটা কারখানা থাকে, একটা দোকান থাকে তাহলে আরও বেশি ধরবে। বাস্তু জমিতে ৪৫ টাকা, দোকান বা কারখানার ক্ষেত্রে ১০০ টাকা বা ১৫০ টাকা ধরার সিদ্ধান্ত হয়েছে। এই বিলটা এলে আবার আলোচনা করব, আরও বেশি হারে ট্যাক্স দিতে হবে দেখাব।

আপনারা প্রচার করেছিলেন যে, সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর জমির মালিককে ট্যাক্স দিতে হবে না, কিন্তু সেস দিতে হবে—প্রতি টাকায় এত করে দিতে হবে—পথ কর ৬ পয়সা, পূর্ত কর ২৫ পয়সা, প্রাথমিক শিক্ষা কর ৩০ পয়সা প্রতি টাকাতে দিতে হবে। আমি যদি ভুল না করি, তাহলে ২০ টাকা হিসাবে, অর্থাৎ প্রতি টাকাতে ৬১ পয়সা, তাকে ২০ দিয়ে গুণ করলে ১২.২০ পয়সা হিসাবে ট্যাক্স দিতে হবে। সুতরাং এটাও ভাবনা-চিন্তা করবেন। এই ধরনের সেস আদায়ে কি সুবিধা হবে ভেবে দেখবেন।

অন্য জিনিস বাদ দিচ্ছি, যেটা বারে বারে বলেছি ওয়েস্ট বেঙ্গল ঠিকা টেন্যান্ট অ্যাকুইজিশন অ্যান্ড রেগুলোন অ্যাক্ট ২০০১। ঠিকা টেনান্টের যে ডেফিনেশন আছে সেটা খুবই মারাত্মক। সেই ডেফিনেশন যদি ধরেন তাহলে পশ্চিমবাংলার অনেক অনেক জায়গা, এমনকি রাইটার্স বিল্ডিংসও দেখবে ঠিকা টেনান্টের আন্ডারে চলে আসবে। একটা খালি জমি লিজ দিয়েছেন বা ভাড়া দিয়েছেন, সেখানে যদি একটা বাড়ি বা কিছু তৈরি করে, তাহলে সে ঠিকা টেনান্ট হবে। সেই হিসাবে বলছি, মাল্টি ন্যাশানাল কোম্পানি, পেট্রোল পাম্প ছিল, যেগুলো কেন্দ্রীয় সরকারে ন্যস্ত হয়ে গেছে, আগে ক্যালটেক্স, এসো ছিল, সেইগুলোও ক্লেইম করছে যে, আমরা ঠিকা টেনান্ট। কেননা অধিকাংশ জায়গাতে খালি জমি লিজ নিয়ে হয়েছে, আমরা ঠিকা টেনান্ট নিশ্চয় হব। এই ধরনের লোকদের, এই ধরনের মাল্টি ন্যাশানাল কোম্পানিগুলোকে প্রটেকশন দেওয়ার জন্য নিশ্চয় এটা আনেননি। আপনাদের আনার

উদ্দেশ্য যতদূর জানি সেটা হচ্ছে, পশ্চিমবাংলায় যত খাটাল আছে এবং সেইগুলো হয়তো বস্তি এলাকায় আছে, সেইগুলোকে প্রধানত ঠিকা টেনান্টের আন্ডারে আনা, সেইগুলো সরকারে ন্যস্ত করা, যাতে সেইগুলোর উন্নয়ন করা যায়। ঠিকা টেনান্ট প্রয়োগ তো খুব কম সময়ের জন্য হয়েছিল। আটকে ছিল কোর্টে। কত পরিমাণ জমি এই পর্যন্ত ঠিকা টেনান্টের আন্ডারে এনেছেন এবং কি উন্নতি করেছেন বলবেন। আর একটা হচ্ছে, জমি আপনারা অধিগ্রহণ করেছেন ঠিকই, কিন্তু ক্ষতিপূরণ দিতে অস্বাভাবিক রকমের দেরি হচ্ছে। আমার এলাকার দুটো কেস আপনাকে বলছি। আর.এ. কেস নং ২১.৮০-৮১, হিঁজল মৌজা, কাঁদি মহকুমা, আর একটা রাঙামাটি-কাঁদপাড়া চরে যাওয়ার রাস্তা, ৩০ বছর আগে অধিগ্রহণ করেছিলেন, কিন্তু চাষীরা এখনও ক্ষতিপূরণ পাননি। এই দুটো কেস সম্বন্ধে বললাম, আপনার দপ্তর থেকে যাতে এই কেস দুটোর মীমাংসা হয় এবং চাষীরা সময়মতো ক্ষতিপূরণ পান তার চেষ্টা করলে নিশ্চয় বাধিত হব।

এই কথাগুলো বলে, আমি যেগুলো বললাম তার থেকে এটাই প্রতীয়মাণ হচ্ছে যে, ভূমি সংস্কারের কাজ প্রায় বন্ধ হয়ে গেছে। তারজন্য এত কোটি টাকা বরাদ্দ করা জাস্টিফিকেশান নয় এবং সেই হিসাবে আমি এর তীব্র বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে কাট-মোশানগুলি এসেছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

PRESENTATION OF THE 38TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker: I beg to present the Thirty-eighth Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the following programme of business from 7th to 11th July.

7.7.2003, Monday	:	(i)	Demand No. 53	Tranport Department	.. 2 hrs.
		(ii)	Demand No. 34	Judicial Department	.. 1 hr.
		(iii)	Demand No. 19	Fire Service Department	.. 1 hr.
8.7.2003, Tuesday	:		Demand No. 35	Labour Department	4 hrs.
9.7.2003, Wednesday	:	(i)	The West Bengal Panchayat (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing)		.. 1 hr.
		(ii)	Demand No. 24	Health & Family Welfare Department	.. 4 hrs.
10.7.2003, Thursday	:	(i)	The West Bengal Municipal (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing)		.. 1 hr.
		(ii)	The West Bengal Valuation Board (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing)		.. 1 hr.

	(iii)	Demand No. 45	Public Health Engineering Department ..	1 hr.
	(iv)	Demand No. 28	Housing Department ..	1 hr.
	(v)	Demand No. 23	Forest Department ..	1 hr.
11.7.2003, Friday :	(i)	Resolution for ratification of the Constitution (Ninety-fifth Amendment) Bill, 2003 ..		$^1/_2$ hr.
	(ii)	Demand No. 20	Fisheries Department ..	1 hr.
	(iii)	Demand No. 25	Public Works Department..	3 hrs.

Minister-in-Charge of Parliamentary Affairs may move the motion for acceptance of the House.

Shri Probodh Chandra Sinha: Sir, I beg to move that the Thirty-eighth Report of the Business Advisory Committee as presented in the House be accepted.

The motion was then put and agreed to.

শ্রী জাহাঙ্গীর করীম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় দু হাজার তিন দু হাজার চার সালের ব্যয়বরাদ্দ যে পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। প্রথম কথা বলছি যে, বিরোধীদলের প্রবীণ সদস্য নেতা শ্রী অতীশ সিন্‌হা মহাশয় এই বাজেটের বিরোধিতা করেছেন। আমি মনে করি যে, তিনি এটা ঠিকই করেছেন। কারণ নীতিগত প্রশ্নে তার যা করা উচিত, তিনি তাই করেছেন। কারণ কংগ্রেস কখনই ভূমি সংস্কারকে গুরুত্ব দেয়নি এবং তারা নিজেরাও করেননি। স্বাভাবিকভাবে তার বিরোধিতা তার পার্টির ক্ষেত্রে সার্থকতা-যৌক্তিকতা আছে। আমি প্রথমে যে বিষয়টা বলতে চাইলাম সেটা হচ্ছে যে, ভূমিহীন কৃষক, মাঝারি কৃষক তাদের অধিকারকে প্রতিষ্ঠিত করতে না পারলে, তাদের অংশগ্রহণকে সুনিশ্চিত করতে না পারলে গ্রামবাংলার উন্নয়ন সম্ভব নয়। স্বাভাবিকভাবে জমির অধিকারকে যদি প্রতিষ্ঠিত করা যায় তাহলে কিন্তু গ্রামের উন্নয়ন সম্ভব। তারা মানুষের সেই অধিকারকে প্রতিষ্ঠিত করতে পারেননি। মানুষকে বঞ্চিত করে গ্রামের উন্নয়ন সম্ভব নয়। গ্রামীণ অর্থনীতির উন্নয়ন সম্ভব নয়। কারণ এই মানুষকে বঞ্চিত করে উন্নয়ন হলে সেই উন্নয়ন মুখ থুবড়ে পড়বে। মানুষকে যুক্ত করে যদি উন্নয়ন করা যায়, মানুষের অধিকার বোধকে যদি প্রতিষ্ঠিত করা যায়, তাহলে সেই উন্নয়ন হবে সীমাহীন উন্নয়ন। তাই ওঁনাদের সময়ে গ্রামবাংলার অবস্থা যদি একটু বিশ্লেষণ করা যায় তাহলে বুঝতে পারবেন যে, তৎকালীন সময়ে পশ্চিমবঙ্গে গ্রাম্য জীবনে সামন্ত্রবাদী জোতদারদের ব্যবস্থা ছিল গ্রাম উন্নয়নের মূল বাধা।

[2.20–2.30 p.m.]

ভারতবর্ষের সংবিধানের চৌহদ্দির মধ্যে কত মানুষ জমি পেয়েছে কি পায়নি সেটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে তৎকালীন সময়ে গ্রামের জমিদার, জোতদার তারা শুধু জমি চোরই ছিল

না, তারা ছিল খাদ্যশস্যের মজুতদার, গ্রামের মহাজন এবং শুধু তাই নয় তৎকালীন পঞ্চায়েতের প্রধানরা ছিলেন গ্রামের দণ্ডমুন্ডের কর্তা। আমরা এই জায়গায় আঘাত করতে চেয়েছি, কারণ এই ব্যবস্থার যদি পরিবর্তন না করা যায় তাহলে গ্রামের উন্নয়ন সম্ভব নয়। আমরা এই জায়গায় আঘাত দেওয়ার জন্য সবচেয়ে গুরুত্ব দিয়েছি ভূমিহীন কৃষকদের জমির উপর অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে। ভারতীয় যে সংবিধান সেই সংবিধানের চৌহদ্দির মধ্যে আমরা যা করতে চেয়েছি সবটা হয়তো করতে পারিনি। তা সত্ত্বেও আমাদের সরকার এর দৃষ্টিভঙ্গির মধ্যে, আমাদের ভূমি সংস্কারের মধ্যে আমরা যা করেছি সেটাও এখনও পর্যন্ত সারা দেশের যে মালিকানা সম্পত্তি, তার মধ্যে ৭১ শতাংশ পশ্চিমবাংলার মানুষ। তারা হচ্ছে ক্ষুদ্র, মাঝারি চাষের মালিক। সারা দেশে হচ্ছে ৩৪ শতাংশ। আর আমাদের হচ্ছে ৭১ শতাংশ। ৭১ শতাংশের মালিক হচ্ছে ক্ষুদ্র, মাঝারি, ভূমিহীন কৃষক। স্বাভাবিকভাবে ২০০২-এর ৩১শে মার্চ পর্যন্ত আমাদের সরকারের ন্যস্ত জমি ২৯.৬১ লক্ষ একর। তার মধ্যে কৃষি জমি হচ্ছে ১৩.৮৪ লক্ষ একর। কৃষিজমি সারা দেশে বিলিকৃত জমি কত ? বিরোধী দলের নেতা বললেন আমরা নাকি কিছুই করিনি, সবই ওঁরা করেছেন। একটু পুরনো দিনের কথা স্মরণ করিয়ে দিই। বিগত দিনে দুটো যুক্তফ্রন্ট সরকারের তারা জমি খাস করেছিলেন। এই আইনটা আপনারা করেছিলেন ৫৫ সালে। কিন্তু আইনটাকে আপনারা কার্যকরী করেননি। জমি কাগজে কলমে খাস হয়েছিল। কিন্তু জমি বিলি করেননি। জমিদার, জোতদার তাদের নামেই জমি থেকে গেছে। যুক্তফ্রন্টের আমলে আমরা দেখেছি এই কৃষক শক্ত হাতে জমিতে ঝাণ্ডা পুঁতে দিয়েছে, তখন তাঁরা কি করলেন, তারা থানায় চলে গেলেন, থানায় গিয়ে বড়বাবুকে ডেকে আনলেন এবং আইলের ধারে দাঁড়িয়ে বলতে লাগলেন রামা কৈবর্ত্য, গফুর শেখকে বললেন জমি থেকে উঠে যাও, এই জমিতে ইনজাংশন আছে। গ্রামের সাধারণ মানুষ ইংরাজি বোঝে না কিন্তু তাদের ভয় হয়েছিল যে বোধহয় জমিতে আর যাওয়া যাবে না। এইভাবে আপনারা জমি দখল করতে চেয়েছেন। এইভাবে আইন, প্রশাসনের সাহায্য নিয়ে জমি থেকে উৎখাত করতে চেয়েছেন। যখন তারা ঐক্যবদ্ধভাবে জমিতে নামল, বলল যে তোমাদের মহামান্য আদালত ইনজাংশান করেছে আমরা হালের ডগায় সেই ইনজাংশান ভ্যাকেট করছি। এইভাবে জমি দখল করার মধ্যে আজ পর্যন্ত আমরা এই জায়গায় গেছি। স্বাভাবিকভাবেই আমরা সারা পশ্চিমবাংলায় জমি বিলি করেছি ১০.৬৪ লক্ষ একর। সারাদেশে বিলিকৃত জমি ৫৩.৯৩ লক্ষ একর। সারা দেশে পাট্টা প্রাপকদের সংখ্যা হচ্ছে ৫৬.৭৪ লক্ষ জন এবং পশ্চিমবাংলায় ২৬.৮৭ লক্ষ জন। স্বাভাবিকভাবে আমাদের ভূমি সংস্কারের ফলে যে জমি বিলির যে হিসাব সেটা অতীশবাবু ভালো করে পড়ে নেবেন। সারা দেশের শত শতাংশের হিসাব যদি বিচার করি কি দেখব, দেখব যে ন্যস্ত জমির পরিমাণ ১৮.৭৭ শতাংশ। আমাদের রাজ্যে খাস কৃষিজমি ১৯.৭৩ শতাংশ। আর উপকৃত মানুষের সংখ্যা ৪৬.৫৮ পারসেন্ট। সারা ভারতবর্ষের মধ্যে আমরাই প্রথম স্থান অধিকার করে আছি জমি বিলির মধ্যে দিয়ে। তবে আমরা আমূল ভূমিসংস্কার করতে পারিনি। ভারতবর্ষের সংবিধানের চৌহদ্দির মধ্যে এখনও এটা করা সম্ভব নয়, তাহলে অনেক কিছুর পরিবর্তন করতে হবে। কিন্তু ভূমি সংস্কারের ফলে গ্রামের ভূমিহীন কৃষকের ঘরের ছেলেরা এখন আমূল

দুধ খাচ্ছে। আমরা দেখেছি ১৯৫৫ সালের আইনের কিছু পরিবর্তন করতে হয়েছে, ১৯৮১ সালে আইন তৈরি হল, ১৯৮৬ সালে রাষ্ট্রপতির অনুমোদন পেল এবং নতুন সংশোধিত আইনের মধ্যে তখন ছিল সিলিং বহির্ভূত জমির মধ্যে পুকুর, মেছোঘেড়ি, বাগিচা বাদ দিয়ে জমির সিলিং ধরা হবে। নতুন আইনে বলা হল এই সবই জমির মধ্যে থাকবে। স্বাভাবিকভাবেই চা বাগান, কলকারখানা সরকারের ঘোষিত নিয়মের মধ্যে অনুমতি নিয়ে রাখতে পারেন, এই জায়গায় আমাদের অগ্রগতি ঘটেছে। স্বাভাবিকভাবে বর্গাদার আইনে প্রথমে যে আইন ছিল সেই আইনে বলা ছিল জমির মালিক যদি নিজে জমি চাষ করেন তাহলে ছাড় দিতে হবে। নতুন আইন তৈরি করা হল ১৯৭৮ সালের ৫ই জুলাই অপারেশন বর্গা শুরু হল। বর্গা জমির পরিমাণ ১৫.২ লক্ষ একর, জমি বিলি করেছি ১১.০৮ লক্ষ একর। আজকে বাস্তুজমির ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। স্যার, আমি একটা কথা বলব ল্যান্ড ট্রাইব্যুনাল যা করা হয়েছে তার কাজকে ত্বরান্বিত করা দরকার, কমপিউটারাইজ হয়েছে, তার সাথে সাথে জমিকে আরও সেচ যুক্ত করা দরকার যার মধ্যে দিয়ে গ্রামবাংলার আর্থিক অবস্থাকে পরিবর্তন করতে পারব। সেই জায়গায় দাঁড়িয়ে আমি শুধু অতীশবাবুকে বলব ২৫ বছর আগে সন্ধ্যায় নিঝুম হয়ে যাওয়া গ্রামগুলি এখন আর নেই, এখন কর্মচঞ্চল, তৎপর দিবারাত্রি উন্নয়নের আলোয় আলোকিত। চাই আরও শিক্ষা, আরও আলো, কাজের অধিকার, স্বাস্থ্যের নিরাপত্তা এবং উন্নত জীবন। আসুন আমরা সবাই মিলে গ্রামকে গড়ি সুন্দর করে, গড়ে তুলি আগামী প্রজন্মকে, উন্নয়নের আলো প্রতিফলিত হোক সারা দেশে, যেখানে আমের আঁটি খেয়ে জীবন যাপন করে, যেখানে সন্তান বিক্রি করে মা-বাবা পেটের জ্বালায়, যেখানে শয়ে শয়ে কৃষক আত্মহত্যা করে ঋণের দায়ে। আসুন মুক্ত করি দেশকে এই সমাজের শোষণ থেকে।

হরিপদ বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩৬ নম্বর দাবির অধীন ২০০৩-২০০৪ সালের পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার বিভাগের যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমি যে কথা বলতে চাই সেটা হল আমাদের বিরোধী দলের নেতা মাননীয় অতীশবাবু যে কথা বললেন তার একটা কথা অবশ্যই বলব সত্যি কথা বলেছেন। আমরা ভোটের কথা চিন্তা করে ভূমি সংস্কারের কাজ করেছি। সংসদীয় রাজনীতি করব আর ভোট পাওয়ার আশা করব না এটা ঠিক নয়। কিন্তু এটা শুধু ভোটের রাজনীতির জন্যই নয় শোষিত নিপীড়িত মানুষের মুক্তির জন্য আমরা যখন সরকারে আসিনি তার আগে থেকেই আমাদের রাজ্যে বামফ্রন্ট-এর নেতৃত্বে তথা প্রয়াত হরেকৃষ্ণ কোনারের নেতৃত্বে এই ভূমি সংস্কারের কাজ শুরু হয়েছিল। যে নামটা আজকে অবশ্যই করা প্রয়োজন। আমরা সেই আন্দোলন শুরু করেছিলাম আর আজকে মানুষ তার সুফল ভোগ করছে। সরকারে আসার আগে থেকেই ভূমি সংস্কার নিয়ে আমরা আন্দোলন শুরু করেছিলাম এবং সেই জমি দখল করেছিলাম। পরবর্তীকালে যুক্তফ্রন্ট এবং বামফ্রন্ট আসার পরে পাট্টা দেওয়া হয়েছে। বর্গাদারের নাম নথিভুক্ত হয়েছে। এই সব পরিসংখ্যান বাজেটে আছে।

[2.30–2.40 p.m.]

এই পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কারে প্রথম জায়গায় রয়েছে। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আজকে সারা ভারতবর্ষে ভূমি সংস্কারের ক্ষেত্রে যদি আমাদের রাজ্যের মতো কাজ করা হত তাহলে অন্যান্য রাজ্যেও আর্থিক চেহারা, শিক্ষার ক্ষেত্রে এবং অন্যান্য ক্ষেত্রে পরিবর্তন আসত। আমাদের এখানে সর্বক্ষেত্রে এই উন্নতির জন্য রাজ্যের সাধারণ মানুষ বামপন্থীদের বেশি বেশি করে জয়যুক্ত করছেন। কিন্তু অন্য রাজ্যে তা করা যায়নি পশ্চিমবঙ্গে এটা হয়েছে। কিন্তু আমাদের বিরোধীদের এতে জ্বালা হচ্ছে। তবে বিষয়টা আমাদের বিরোধী বন্ধুরাও পরিসংখ্যানের মধ্যে দিয়ে স্বীকার করতে বাধ্য হয়েছেন। পাট্টা-প্রাপকদের সংখ্যা আমাদের রাজ্যে ৫৬.৪৭ লক্ষের মধ্যে আছে ২৬.৫১ লক্ষ। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার স্যার বিভিন্ন কাজে সাফল্য লাভ করলেও কিছু কিছু কাজ কিন্তু আমাদের করতে বাকি আছে, করতে পারিনি এখনও। বহু খাস জমি মামলায় জড়িয়ে থাকার জন্য উদ্ধার করতে পারা যায়নি। এই কাজ দ্রুত করার জন্য সরকারি তরফে উদ্যোগ নেওয়া দরকার। এছাড়া, আমরা দেখছি, অনেকগুলো কারখানা আমাদের রাজ্যে দীর্ঘদিন যাবৎ বন্ধ হয়ে আছে। এই কারখানাগুলো আর খোলার কোনো সম্ভাবনা নেই। এক্ষেত্রে যে রিকনাইজ্যান্স সার্ভে রিপোর্ট হয়েছিল, সেই রিপোর্টের ৬।১১১ ডব্লু.বি.ই.এ. অ্যাক্টে আমাদের ব্যারাকপুর মহকুমার ১০টা কারখানা, বিশেষ করে ডানবার কটন মিল, ন্যাশনাল টেক্সটাইল ও মোহিনী মিল প্রভৃতির ক্ষেত্রে দেখা গেছে এগুলোর হাজার হাজার বিঘা জমি রয়েছে। ওই জমি যাতে ব্যবহার করা যায় এবং সরকার এই অ্যাক্টের মাধ্যমে অধিগ্রহণ করে তার জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। আরেকটা বিষয় হচ্ছে বর্তমানে যে খাজনা নেওয়া হচ্ছে তা নিয়ে বিতর্কও হয়েছে এবং আমরা অনেকে তাতে অংশও নিয়েছি। খাজনা মকুব ছিল এখনও আছে। কিন্তু এই খাজনা নেওয়ার ক্ষেত্রে কিছু ত্রুটি আছে বলে মনে হচ্ছে। খাজনা নেওয়ার সাথে সাথে দাখিলা দেওয়া হচ্ছে কিন্তু তা গোটা পশ্চিমবঙ্গের কোথাও রেজিস্টারে তোলা হচ্ছে না। কৃষক যদি এই দাখিলা হারিয়ে ফেলে তাহলে পরবর্তীকালে সমস্যা হবে। এই যে ২৩ বছরের খাজনা দেওয়া হল রেজিস্টারে না তুললে তা পুনরায় খুঁজে পাওয়া সম্ভব নয়। তাই অবিলম্বে যে খাজনা নেওয়া হচ্ছে তা রেজিস্টারে তোলা দরকার এবং তাহলে কৃষক এবং রায়ত কোনো অসুবিধায় পড়বেন না। আরেকটা বিষয় হচ্ছে ইট ভাটা। ইট ভাটার সমস্যা আমাদের রাজ্যে একটা জ্বলন্ত সমস্যা এবং একে কেন্দ্র করে মাফিয়ারাজ শুরু করার চেষ্টা হচ্ছে। যত্রতত্র জমি লিজ নিয়ে ২০-২৫ ফুট ডিপ করে মাটি তুলে নিচ্ছে এবং এর ফলে পাশের জমিরও ক্ষতি হচ্ছে, ভেঙে যাচ্ছে এবং ওই জমির মালিকও জমি বেঁচে দিতে বাধ্য হচ্ছে। জমি রক্ষার করার ইচ্ছা থাকলেও তা করতে পারছে না। ইট ভাটাগুলোর রয়ালিটি যা দেওয়ার কথা তা দেয় না যদিও আমাদের সরকার আর্থিক সঙ্কটে রয়েছে। সুতরাং এক্ষেত্রে যাতে সরকার রয়ালিটি পেতে পারে সেটা দেখা দরকার। ইট ভাটার জন্য গঙ্গার পলিমাটি, খালের মাটি বা উঁচুজমির মাটি নেওয়ার কথা। ২০ ফুট করে জমির মাটি কেটে নিয়ে জমির ক্যারেকটার পরিবর্তন করার কোনো অধিকার তাদের নেই। চাষ-জমি থেকে মাটি কেটে নেওয়ার জন্য চাষের জমির ক্ষতি হচ্ছে।

এ বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখবার জন্য অনুরোধ করছি। আরেকটা বিষয় আমি বলছি যে, সি.এস., আর.এস. এবং পরবর্তীকালে এল.আর.-এর কাজ দীর্ঘদিন ধরে চলছে, কিন্তু এখনও পর্যন্ত এল.আর.-এর কাজ সম্পূর্ণ করতে পারিনি। এল.আর.-এর কাজ তাড়াতাড়ি শেষ করা উচিত। এক্সরের মাধ্যমে আমরা যেমন আমাদের দেহের সমস্ত কিছু জানতে পারি, তেমনি সেটেলমেন্টের বিষয়ের সামগ্রিক অবস্থাটা কিরকম আছে সেটা জানার জন্য যত দ্রুত সম্ভব সরকার নিশ্চয়ই চেষ্টা করছেন। ইতিমধ্যে ৩৪১টা ব্লকে কম্পিউটারের মাধ্যমে কাজ শুরু হয়েছে। কিন্তু ৩৪১টি ব্লকে যেখানে কাজ শুরু হয়েছে সেখানে টি.এ. অ্যান্ড আর.ও. অর্থাৎ এক্সপার্টস তাদের সংখ্যা মাত্র ৩০ জন। আমাদের ৩৪১টি ব্লকে কম্পিউটারের মাধ্যমে কাজ হচ্ছে, সেখানে এই ৩০ জন—এটা খুবই নগণ্য। প্রতিটি ব্লকে যদি একজন করে টি.এ. অ্যান্ড আর.ও.-কে পোস্টিং করতে না পারি তাহলে কাজ করা সম্ভব নয়। আরেকটা বিষয়ে বলছি যে, বি.এল.আর.ও. অফিসের অবস্থা খুবই খারাপ—অফিসে বসার জায়গা পর্যন্ত নেই, অফিসারদের বসার জায়গা নেই, সেখানে কোনো ফার্নিচার নেই, পশ্চিমবঙ্গে বি.এল.আর.ও. অফিসগুলো ভাড়া নেওয়া অফিস। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, আগামীদিনে পশ্চিমবঙ্গে বি.এল.আর.ও.গুলোর নিজস্ব অফিস হয় এবং ইনফ্রাস্ট্রাকচার যেন ভাল হয়। অন্ততপক্ষে কাজ করার সুযোগ যেন তাঁরা ঠিকমতো পান—এইদিকে খেয়াল রাখার জন্য আমি বিশেষভাবে অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রেকনিয়ান সার্ভে—৬।৩ ডবুল.বি.ই.এ. অ্যাক্টে জমি অধিগ্রহণ করবার কথা বলা আছে—সেই অনুযায়ী আমাদের ওখানে যে ১০টি মিলের হাজার হাজার জমি রয়েছে সেই জমি এই অ্যাক্টের মাধ্যমে দখল নেওয়া হয়। এছাড়া পৌরসভাগুলোর যে জমি আমাদের ভেসটেড জমি আছে, সেই জমি বণ্টন করার ক্ষেত্রে আমাদের খানিকটা শিথিলতা দেখতে পাচ্ছি। আগে আইন ছিল ৯ জনের কো-অপারেটিভ করে যেখানে আমরা জমি দিতে পারতাম, এখন সেটা পরিবর্তন করে ৩ জনকে আমরা ৫ কাঠা জমি দিতে পারি—২ জন বি.পি.এল., ১ জন এ.পি.এল. হতে হবে। পৌরসভার যে জমিগুলো আছে সেই জমিগুলো যদি দ্রুত বণ্টন করতে পারি তাহলে আমাদের দেশের মানুষ, রাজ্যের মানুষ যাদের বাস্তু ভিটা নেই তারা উপকৃত হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, পাট্টা আমরা দিয়েছি—একটা বড় কাজ করলে সামান্য কিছু ত্রুটি হয় এবং ত্রুটি হয়েছেও—এটা স্বীকার করি। আমরা লক্ষ্য করছি, ১৮ বা ২০ বছর আগে আমাদের কোনো কৃষক পাট্টা পেয়েছে, কিন্তু পজেশন পায়নি। যে দিয়েছে সেও গরীব মানুষ, সেও পাট্টা পাওয়ার উপযুক্ত, আবার যে পাট্টা পেয়েছে সেও পজেশন পাচ্ছে না—এই বিষয়টা খেয়াল করা দরকার। অবশ্য আইন অনুযায়ী এখন এস.ডি.ও.কে দায়িত্ব দেওয়া হয়েছে এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য। এটা পরিবর্তন করা দরকার। তা নাহলে দ্বন্দ্ব থেকে যাচ্ছে। এই বিষয়টা দেখা দরকার যে, পাট্টা পেয়েছে ১৮-২০ বছর হয়ে গেল—যে পজেশনে বসে আছে সেও গরীব মানুষ সেও পাওয়ার উপযুক্ত, সে পেলে কোনো আপত্তি থাকতে পারে না, আবার যে পাট্টা পেয়েছে সেও পজেশন পাচ্ছে না—এটা দেখার জন্য অনুরোধ করছি। এই কথা বলে এই বাজেটকে আমি

সমর্থন করছি এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর তীব্র বিরোধিতা করছি। কাট-মোশানগুলোর বিরোধিতা করছি, কারণ ওঁনারা বারে বারে আমাদের বিরোধিতা করেছেন—জমিদার, জোতদাররা কংগ্রেসে নেতৃত্ব দিয়েছে এবং বর্তমানে ভূমি সংস্কারের যে বাকি কাজটা আছে সেটা যাতে না হয় তার জন্য ওরা বিরোধিতা করছেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট প্রস্তাব পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.40–2.50 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে মাননীয় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী ৩৬ নম্বর দাবিতে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, আমি সেই বাজেটের বিরোধিতা করে আমার যে কাট-মোশান সেগুলির সমর্থনে আমার বক্তব্য রাখছি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাদের ভূমি সংস্কারের সাফল্য প্রায়শই তারা ঘোষণা করেন এবং তারা নাকি সর্বভারতীয় ক্ষেত্রে এগিয়ে আছেন। গত ২৪শে মে 'হিন্দুস্থান টাইমস' পত্রিকায় সি পি এম দলের পলিটব্যুরোর নেতা, পলিটব্যুরোর সদস্য শ্রী সীতারাম ইয়েচুরি মহাশয় তিনি একটি নিবন্ধ লিখেছেন। সেই নিবন্ধ আমি পড়লাম। তিনি সেই নিবন্ধে পশ্চিমবাংলার ভূমি সংস্কার সম্পর্কে বলতে গিয়ে বলছেন যে—ভারতবর্ষের সমস্ত ক্ষমতাসীন সরকারগুলির বিরুদ্ধে অ্যান্টি এস্টাবলিস্টমেন্ট এই দলগুলির বিরুদ্ধে বা সরকারের বিরুদ্ধে মানুষের—সমস্ত রাজ্যের যে মানসিকতা কাজ করছে পশ্চিমবঙ্গ তার মধ্যে ব্যতিক্রম। ২৬ বছর রাজত্ব থাকা সত্ত্বেও আজকে সি পি এমকে, সি পি এম ফ্রন্ট সরকারকে পশ্চিমবাংলার মানুষ সমর্থন করছে এবং প্রতিটা নির্বাচনের সময় সেটা প্রতিফলিত হয়। এই প্রসঙ্গে বলতে গিয়ে তার ফলে এই বিগত পঞ্চায়েত নির্বাচনে যেটা দেখা গেছে যে সেখানে পঞ্চায়েত নির্বাচনে গণ্ডগোল বা রক্তস্রোত বয়ে গেছে তার অন্যতম কারণ যে পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের মধ্য দিয়ে এই রাজ্যের ভূস্বামী এবং কায়েমীস্বার্থের প্রতিভূ বেআইনিভাবে যে ১১ লক্ষ একর জমি তারা দখল করে ছিল, সেই জমি সি পি এম ফ্রন্ট সরকার তারা বেনামী জমি উদ্ধার করে আইনসিদ্ধভাবে সমস্ত ভূমিহীনদের মধ্যে বণ্টন করেছেন। এর ফলে রাজ্যের যারা কায়েমীস্বার্থের প্রতিভূ এবং ভূস্বামী তারা ক্ষিপ্ত হয়ে এই পঞ্চায়েত নির্বাচনে তারা সি পি এম ফ্রন্ট সরকারকে ক্ষমতাচ্যুত করবার জন্য এই গণ্ডগোল, সন্ত্রাস চালাচ্ছে। ফলে এই সন্ত্রাসের পিছনে এটাই কারণ। সীতারাম ইয়েচুরি মহাশয়, তার বক্তব্যের মধ্যে এটাই রাখবার চেষ্টা করেছেন। এখানে আমি যেটা বলতে চাইছি এবং তার সেই নিবন্ধে 'রেড ইজ দি কালার'—এই শিরোনামে তাঁর নিবন্ধ প্রচারিত হয়েছে এবং প্রকাশিত হয়েছিল। ১১ লক্ষ একর জমি এইভাবে দখলের ফলে প্রায় ১১ হাজার কোটি টাকা, ১ লক্ষ যদি কম করে প্রতি বিঘার দাম হয়, তাহলে এই ১১ হাজার কোটি টাকার সম্পত্তি হাত বদল হয়েছে ভূস্বামীদের কাছ থেকে কায়েমীস্বার্থশ্রেণীর হাতে যেটা হাত বদল হয়েছে। ফলে এই গণ্ডগোলকে তিনি বলছেন, পশ্চিমবাংলায় বিগত পঞ্চায়েত নির্বাচনে যে এত সন্ত্রাস হয়ে গেল এসবের জন্য দায়ি এই ভূস্বামীরা। অবশ্য পশ্চিমবাংলার মানুষ জানে যে পঞ্চায়েত নির্বাচনে সি পি এমের যে জয়, এই জয়ের পিছনে কি জিনিস কাজ করছে এটা সকলেই

জানে। ৮১ জন এই নির্বাচনে খুন হল যেটা অন্যান্য নির্বাচনের তুলনায় ১৩.৫ গুণ। যেভাবে বিরোধীদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে বুথ দখল করা হল, এই সমস্ত ঘটনা পশ্চিমবঙ্গের মানুষ জানে। এই সবের পিছনে একটা শ্রেণীসংগ্রাম, নাকি কারচুপি এটা মানুষ জানে। যাই হোক আমি যেটা বলতে চেয়েছিলাম—মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এই যে ইয়েচুরি মহাশয় তিনি যে এটা দাবি করেছেন, যে ১১ লক্ষ একর জমি সি পি এম সরকার বা সি পি এম ফ্রন্ট সরকার তারা উদ্ধার করে এই ভূমিহীনদের মধ্যে বিলি করেছেন, এই তথ্য তিনি কোথা থেকে পেলেন আমি জানিনা। আমি এই সরকারের তথ্য থেকে আপনার কাছে দেখাব যে, ওই তথ্যের সত্যাসত্যটা কোথায়। 'নিউ হরাইজেন ফর ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত', এই রিপোর্টটা ১৯৯৩ সালের অক্টোবর মাসে রাজ্য সরকার বের করলেন। 'মুখার্জী-ব্যানার্জী কমিশন'-এর রিপোর্ট ; রাজ্য সরকার নিয়োজিত কমিশনের রিপোর্ট। এই রিপোর্ট বলছে যে, ১৯৮২ সালে বোর্ড অব রেভিনিউ কর্তৃক পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার পরিসংখ্যান রিপোর্ট যা প্রকাশিত হয়েছে, তাতে বলা হচ্ছে, '১৯৮১ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত খাস জমির মোট পরিমাণ ১২,৪৯,১৭৭.৭৬ একর।' অর্থাৎ অ্যারাউন্ড সাড়ে বারো লক্ষ একর খাস জমির পরিমাণ। রিপোর্টের ২৩ পাতায় এটা আছে। স্যার, আমি সরকারের তথ্যের ওপর বেস করেই বলছি। এই রিপোর্টের ৩ পাতায় আছে—এই যে সাড়ে বারো লক্ষ একর বেনামী জমি উদ্ধার করা হল তার মেজর অংশ, ১০ লক্ষ একরেরও বেশি কৃষিজমি দখল করা হয়েছিল কোন পিরিয়ডে ; ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল, এই পিরিয়ডে। অর্থাৎ প্রথম এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমলে। এই রিপোর্টের পেজ থ্রি-তে এটা আছে, আমি একটু পড়ে দিচ্ছি—আজকের মাননীয় সদস্যরা, যাঁরা অতীতে এখানে সদস্য ছিলেন তা তাঁদের অবগতির জন্য আমি পড়ে দিচ্ছি। পেজ থ্রি-তে বলা হচ্ছে, "This was because during the years 1967-70 a massive drive had been undertaken under the first and second United Front Governments to detect and vest lands clandestinely retained by the landowners beyond their entitlements. Over 10 million acres of good agricultural land had thereby been taken over." তাহলে স্যার, ১০ লক্ষ একরেরও বেশি কৃষিজমি প্রথম এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমলে ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সালের মধ্যে ভেষ্ট হয়েছিল। দুটো যুক্তফ্রন্ট সরকারের টেনিয়োর ছিল মাত্র ২২ মাস। মাত্র ২২ মাসে ১০ লক্ষ একরেরও বেশি কৃষিজমি উদ্ধার করা হয়েছিল। আর ২৬ বছরের বামফ্রন্ট সরকারের আমলে আড়াই লক্ষ একর বেনামী জমি উদ্ধার করা হল। তাহলে এটা বেনামী জমি উদ্ধারের ক্ষেত্রে সি পি এম পরিচালিত ফ্রন্ট সরকারের কি বিরাট কৃতিত্ব, বিরাট সাফল্য ? আমি মাননীয় মন্ত্রী মহাশয় এবং সমস্ত মাননীয় সদস্যের উদ্দেশ্যে এই প্রশ্ন রাখছি। তাহলে ইয়েচুরি মহাশয় ওই কাগজে যে দাবি করেছেন সেই দাবি সত্য নির্ভর নয়, সরকারী তথ্য নির্ভর নয়।

তারপর তিনি বর্গা রেকর্ডের সাফল্যের কথা বলেছেন। হ্যাঁ, এ কথা ঠিক যে, এই ফ্রন্ট সরকার ক্ষমতায় এসে প্রথম ৬ বছর এ রাজ্যে অপারেশন বর্গার একটা ভাল রেকর্ড

সৃষ্টি করেছিলেন—১৭ লক্ষ ২৮ হাজার ভাগ চাষীর নাম রেকর্ড ভুক্ত হয়েছিল। তারপরে, ৬ বছর পরের থেকে বাকি ২০ বছরে মাত্র ২ লক্ষ ৮৬ হাজার বর্গা চাষীর নাম রেকর্ড ভুক্ত হল। বর্গা রেকর্ড কমতে শুরু করল নম্বরে। রাজ্য সরকারের ভূমি সংস্কার দপ্তরের প্রাক্তন কমিশনার দেবপ্রকাশ বন্দ্যোপাধ্যায় মহাশয়, প্রথিতযশা মানুষ, তিনি বলছেন, 'গ্রামবাংলার ভূমি সংস্কার এখন উল্টো খাতে বইছে, জমি গরীব চাষীর হাত থেকে চলে যাচ্ছে।' টাইমস্ অব ইন্ডিয়া, ৮ই এপ্রিল, ২০০১ তারিখে এটা বেরিয়েছিল। এতে দেখা যাচ্ছে যে, পাট্টাপ্রাপ্ত চাষী যারা তারা ৩.০২ শতাংশ হারে জমি হারাচ্ছে। বর্গাদার জমি থেকে উচ্ছেদ হচ্ছে। এখানে এখন ভূমি সংস্কার আর সামনের দিকে এগিয়ে যাচ্ছে না, পিছনের দিকে চলছে।

[2.50–3.00 p.m.]

যথার্থই দেবব্রত বন্দ্যোপাধ্যায় একথা বলেছিলেন। আপনারা বলছেন, বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কারের নীতির ফলে কৃষক ও প্রান্তিক চাষীদের উন্নতি হচ্ছে, অগ্রগতি হচ্ছে। অথচ আমরা কি দেখতে পাচ্ছি, ১৯৮১ সালের সেনসাস রিপোর্টে পশ্চিমবাংলায় ভূমিহীন ও ক্ষেত-মজুরের সংখ্যা ছিল যেখানে ৩৮ লক্ষ, সেই জায়গায় বর্তমানে ভূমিহীন ও ক্ষেত-মজুরের সংখ্যা ৭৫ লক্ষে অতিক্রান্ত হয়েছে। চাষীরা যদি জমি পায় তাহলে ভূমিহীন ও ক্ষেত-মজুরের সংখ্যা বেড়ে যাচ্ছে কেন ? এবং প্রান্তিক চাষী ও নিম্ন চাষীর সংখ্যা ২ লক্ষ ৪৪ হাজার কমে গেছে এবং এদের হাত থেকে ৪৭ লক্ষ ৪৩ হাজার বিঘার মতো জমি হাত ছাড়া হয়েছে। এই কি উন্নয়নের নমুনা ? আমরা দেখতে পাচ্ছি, দ্বিতীয় এবং তৃতীয় ভূমি সংস্কার সংশোধনী আইনের মধ্য দিয়ে যেখানে বেনামী জমি উদ্ধার করার সুযোগ ছিল এবং প্রয়াত ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় নিজেই তিনি একথা বলেছিলেন যার একদিন কৃষক আন্দোলনে তাঁর একটা ভূমিকা ছিল, তাঁর একটা আগ্রহ ছিল। কিন্তু আমরা দেখেছি, সরকারের এই নীতির ফলে দ্বিতীয় এবং তৃতীয় ভূমি সংস্কার সংশোধনী আইনের মাধ্যমে এক ছটাক বা এক কাঁচ্চা জমিও সরকারের ঘরে আসেনি। এই রিপোর্টে সেটা উল্লেখ আছে। আমি সমস্ত সরকারী তথ্য থেকেই বলছি, কোনো সাবজেকটিভ বা মনগড়া তথ্য এখানে পরিবেশন করতে চাইছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি, সি.পি.এম. সরকার তারা নিজেরা গরীব চাষী ও ক্ষেত-মজুরদের স্বার্থ রক্ষা করার কথা বললেও কার্যত তারা গ্রামবাংলায় উল্টো কাজ করছেন। যারা ভূস্বামী এবং কায়েমী স্বার্থবাজ শ্রেণী তাদের প্রতিভূ, তাদের আজকে রক্ষক হিসাবে কাজ করছে। বিগত যুক্তফ্রন্ট সরকারের আমলে দেখেছি—১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত—যে বেনামী জমি উদ্ধারের অভিযান চলেছিল, যে খাস জমি উদ্ধার করার অভিযান চলেছিল, দক্ষিণ ২৪-পরগনা বা এই সমস্ত জেলাগুলিতে যে পরিমাণ বেনামী জমি উদ্ধার করা হয়েছিল, বর্ধমান জেলায় যেখানে সি.পি.এম.-এর ঘাঁটি, সেই জায়গায় দেখলাম, সেই পরিমাণ বা ততটা বেনামী জমি উদ্ধার হল না। ওখানে ভূস্বামীদের সঙ্গে এবং কায়েমী স্বার্থের প্রতিভূদের সঙ্গে সি.পি.এম-এর সম্পর্ক এত ঘনিষ্ঠ ও এত নিবিড় যে সেখানে তাদের গায়ে হাত দেয়নি। অথচ দক্ষিণ ২৪-পরগনা জেলায় ওই রকম চিত্র ছিল না। আমরা ওখানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলাম। ফলে এই সমস্ত জায়গায় কার্যত

১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এই পিরিওডে প্রচুর বেনামী জমি উদ্ধার হয়েছিল। যদি একইভাবে বর্ধমান জেলায় এই বেনামী জমির উদ্ধারের কাজ হতো তাহলে খাস জমির পরিমাণ অনেক বাড়তো। বিনয় চৌধুরী মহাশয়ের সদিচ্ছা থাকা সত্ত্বেও—কৃষিতে যে শ্রেণী দৃষ্টিভঙ্গি, যারা গরীব এবং শ্রমিকদের কথা বলে কিন্তু কার্যত ভূস্বামী এবং কায়েমী স্বার্থের প্রতিভূ হয়ে তাদের স্বার্থ সুরক্ষিত করে, সেই দৃষ্টিভঙ্গির দ্বারা দল এবং তাদের সরকার পরিচালিত হওয়ার ফলে বিনয় চৌধুরী মহাশয়ের সেই সদিচ্ছা বাস্তবায়িত হতে পারেনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই আজকে বলতে চাইছি, আজকে এই সরকারের যে দেউলিয়া অবস্থা সেই দেউলিয়া অবস্থার হাত থেকে অব্যাহতি পাবার জন্য তারা আজকে দেশী ও বিদেশী শিল্পপতিদের উপর হাল ছেড়ে দিয়েছেন, সবই বেসরকারীকরণ ও বিশ্বায়নের ফেরিওয়ালা হিসাবে এখানে কাজ করছেন। উদারীকরণ নীতির ফলে আজকে সরকারের আর্থিক কোষাগারের যে অবস্থা সেই অর্থের অভাব পূরণ করার জন্য আজকে নানাদিক থেকে সাধারণ মানুষের উপর, শ্রমিকদের উপর, চাষীদের উপর খাজনা, সেস প্রভৃতি চাপিয়ে দিচ্ছেন। ফলে এই যে বাড়তি খাজনা এবং সেস তা মারাত্মকভাবে বেড়েছে। আজকেই মাননীয় মন্ত্রীমহাশয় প্রশ্নের উত্তর দেওয়ার সময় বলছিলেন ৬ টাকা, ৭ টাকা একর প্রতি যে খাজনা ছিল জমির সেই জমির খাজনা এমনিতেই ২০ টাকা হয়ে গেল এবং সেগুলি যদি বাণিজ্যিকভাবে বা বাণিজ্যিক ক্ষেত্রে ব্যবহৃত হয় তাহলে তা হবে ৩০০ টাকা এবং শহরাঞ্চলে ৪০০ টাকা পর্যন্ত। তার সঙ্গে বকেয়া সেস ১৬৪ টাকা যুক্ত হবে। ফলে এটা একটা মারাত্মক অবস্থায় এসে দাঁড়িয়েছে এই বকেয়া খাজনা এবং সেস। এমনিতেই পশ্চিমবাংলার গরীব চাষী, প্রান্তিক চাষীদের সঙ্কটগ্রস্ত অবস্থা। এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় তাদের জীবনযাত্রা নির্বাহ করাটা সঙ্কটজনক হয়ে দাঁড়িয়েছে, তারা গ্রামছাড়া হয়ে যাচ্ছে কাজের অভাবে তার উপর সরকার যেভাবে তাদের উপর বাড়তি খাজনা ও সেস বসাচ্ছেন তাতে পশ্চিমবাংলা থেকে প্রান্তিক চাষী, নিম্ন চাষীরা কার্যত উৎখাত হতে চলেছেন। তার সঙ্গে আবার সার্ভিস চার্জ, মিউটেশান ফিস ইত্যাদি মারাত্মকভাবে বাড়ছে। আগে রেজিস্ট্রেশান ফিস—জমিতে নাম জারি করার জন্য ৭৫ পয়সা খরচ করলেই হত সেখানে এখন ক্ষেত্র বিশেষে ১০০/২০০ টাকা, এমন কি হাজার, দু'হাজার টাকা এই রকম সার্ভিস চার্জ করা হচ্ছে। আমরা দেখছি রাজ্য সরকার ভূমি সংস্কারের কাজটা উল্টো খাতে বইয়ে দিচ্ছেন দেশী-বিদেশী শিল্পপতিদের স্বার্থ রক্ষা করার জন্য। আমরা দেখছি মার্কিন উপদেষ্টাকে ৬ কোটি টাকা পারিশ্রমিক দিয়ে নিয়োগ করা হচ্ছে পশ্চিমবাংলার কৃষিক্ষেত্রকে কিভাবে দেশী-বিদেশী শিল্পপতিদের অবাধ লুণ্ঠনের ক্ষেত্রে পরিণত করা যায় তার ব্যবস্থা করার জন্য। সেই কারণে আমরা দেখছি জমির যে ঊর্ধ্বসীমা আইন সেটাকে শিথিল করা হচ্ছে শিল্পায়নের নামে। তারপর চা বাগান এবং অন্যান্য ক্ষেত্রেও আমরা দেখছি বিশেষ করে উত্তরবাংলায় পাট্টা চাষী এবং গরীব চাষীদের জমি ব্যাপকভাবে এবং বেআইনীভাবে চা বাগানে পরিণত হয়ে যাচ্ছে। পাট্টা চাষী এবং গরীব চাষীদের হাত থেকে জমি চলে যাচ্ছে। সরকার সেখানে নীরব দর্শকের ভূমিকা পালন করছেন। কংগ্রেস আমলে গরীব চাষীদের খাজনা মকুব করার দাবি উঠেছিল। সেই সমস্ত খাজনা, সেস থেকে তাদের মুক্ত করে এবং চাষবাসের ক্ষেত্রে তাদের প্রয়োজনীয় উপকরণ

দিয়ে সাহায্য করে তারা যাতে ভালভাবে চাষবাস করতে পারে তারজন্য দাবি তোলা হয়েছিল কিন্তু এই বামফ্রন্ট সরকারের আমলে দেখছি এই সরকার তা না করে উল্টো পথে হাঁটছেন। তারপর বকেয়া সেসের ব্যাপারে দেখছি এই সরকার রাউন্ড ফিগারে নিয়ে আসছেন, বলছেন পয়সা থাকবে না, টাকার অঙ্কে হবে এবং তা করে সেসটাও বাড়িয়ে নিচ্ছেন। আজকে বাড়তি সেস এবং খাজনা যেভাবে আদায় করা হচ্ছে তাতে চাষীরা যে অধিকার অর্জন করেছিল আন্দোলনের মধ্যে দিয়ে তা খর্ব করা হচ্ছে। সরকারের এই জনবিরোধী প্রান্তিক ও গরীব চাষীদের স্বার্থ বিরোধী যে ভূমিসংস্কার নীতি তার আমি বিরোধিতা করার সঙ্গে সঙ্গে এই বাজেটেরও আমি বিরোধিতা করছি এবং আমার কাট-মোশানগুলি সমর্থন করে শেষ করছি।

[3.00–3.10 p.m.]

শ্রী সুভাষ নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ২০০৩-২০০৪ সালের আর্থিক বছরের জন্য যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা উল্লেখ করতে চাই। প্রকারান্তরে আমাদের বিরোধী দলের নেতা এবং বন্ধুরা বলে গেলেন যে পরিবর্তন একটা হয়েছে। এটা তাঁরা স্বীকার করে গেলেন, সমালোচনা যাই হোক। এটা সর্বজনবিদিত যে, পশ্চিমবাংলার ভূমিসংস্কার সারা ভারতবর্ষ জুড়ে এবং তার বাইরে সুনাম এবং সুখ্যাতি পেয়েছে। ভূমিসংস্কারের ফলে জনজীবনে একটা জোয়ার এসেছে এটা অস্বীকার করবার উপায় নেই। জমি রাবার নয় ইলাসটিক নয় যে টানলে বাড়বে। আরো জমি উদ্ধার হবে, আরো বর্গাদারের সংখ্যা বাড়বে আরো পাট্টা প্রাপকের সংখ্যা বাড়বে এটা ভাবা ঠিক নয়। প্রতি বছর জমি কমছে, বাড়ছে না। এই সরকার জমিকে ইলাসটিকে পরিণত করতে পারেনি এটা যদি ত্রুটি হয় তাহলে ত্রুটি থাকতে পারে। এই বিষয়ে আমাদের কিছু করার নেই। পরিবর্তন যেটা হয়েছে সেটা বলি। আগে জোর যার মুল্লুক তার ছিল। তাঁরা এই নীতি প্রয়োগ করে জোর করে জমি রক্ষা করতে পারতেন, তাদের কাছে জমিটা থাকতো। আর এখন কি হয়েছে ? এখন হয়েছে জোত যার জমি তার, চাষ যার জমি তার। এই পরিবর্তনটা এসেছে। এই জন্য এখন বর্গাদারের সংখ্যা, পাট্টা প্রাপকের সংখ্যা এতো বেশি। তখন এই সব সংখ্যাই ছিল, যদিও বর্গাদার ছিল, পাট্টাদার ছিল, কিন্তু প্রকৃত পাট্টাদার তারা ছিল না, প্রকৃত বর্গাদার তারা ছিল না, তাদের হাতে কোনো সার্টিফিকেট ছিল না। সুতরাং পরিবর্তনটা এই কয়েক বছরে হয়েছে। আপনারা বলছেন ২৫-২৬ বছর চলে গেল বর্গাদারের সংখ্যা তো বাড়বে পাট্টাদারের সংখ্যা তো বাড়বে, বেশ কিছু জমি তো উদ্ধার হবে। প্রতি বছর বাড়বে, এটা কি করে সম্ভব ? জমি তো রাবার নয় বা ইলাসটিক নয়। এটা তো ক্রমাগত কমতে থাকবে। এই প্রসঙ্গে কয়েকটি কথা আমি মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে উল্লেখ করতে চাই। জমি নিয়ে আলোচনা খুব বেশি নেই। একটা সময় বিশাল আন্দোলন হয়েছে, সেই আন্দোলনের মাধ্যমে লুকোনো জমি উদ্ধার হয়েছে, বর্গাদাররা জমি পেয়েছে, তাদের হাতে বর্গাদারের সার্টিফিকেট দেওয়া হয়েছে। এই সমস্ত ব্যাপার পুরনো হয়ে গেছে, নতুন করে বলার কিছু নেই। আমি যে বিষয়টা বলতে চাইছি তা হল, সরকারীভাবে যে সমস্ত জমি আমরা বিলি বণ্টন করছি

পাট্টা দিয়ে দিচ্ছি, এটা প্রায় প্রতি মৌজায় যেটুকু জমি খাস হিসাবে চিহ্নিত হয়ে যাচ্ছে তার সবটাই ডিস্ট্রিবিউশান হয়ে যাচ্ছে। সরকারীভাবে কোনো একটা অংশও থাকছে না সরকারের হাতে। ফলে সরকারের যদি জমি কখনও প্রয়োজন হয়, সরকারের যদি কোথাও জমির দরকার হয় তাহলে আবার সরকারকে নতুন করে অধিগ্রহণ করতে হয়। এটা ভাবা যায় কিনা, উদ্ধারীকৃত জমির একটা অংশ অন্তত সরকারের হাতে থাকুক। সেখানে বনসৃজন করা হোক, অন্যভাবে রক্ষিত হোক। তাহলে সেটা গভর্নমেন্টের প্রয়োজনে লাগতে পারে, সাধারণ মানুষের প্রয়োজনে লাগতে পারে। এই রকম করতে পারলে ভবিষ্যতে কাজে লাগবে। দ্বিতীয়ত হচ্ছে, জমি ট্রাইব্যুনালে গিয়ে মীমাংসা হচ্ছে কোর্টে গিয়ে মীমাংসা হচ্ছে, নতুন করে রেকর্ডটা তারা পাচ্ছে, পাট্টা পাচ্ছে নতুন করে। কিন্তু এই জমি তো বণ্টিত হয়ে আছে। বর্তমানে জোতদার জমিদারদের হাতে জমি নেই ঠিকই কেউ না কেউ তো চাষ করে যাচ্ছে, দখল করে চাষ করে যাচ্ছে। অথচ সে রেকর্ডে অন্তর্ভুক্ত হচ্ছে না। এর জন্য বোধহয় পরিসংখ্যান ততো বেশি দেখানো যাচ্ছে না, প্রতি বছর অল্প সংখ্যক রেকর্ড বাড়ছে। আমি আর একটা বিষয় উল্লেখ করতে চাই। দীর্ঘকাল কৃষিজমি অকৃষি হয়ে পড়ে আছে। এই রকম বলা যেতে পারে, আবার উল্টোটাও বলা যেতে পারে। রেকর্ডে অকৃষি, কিন্তু দীর্ঘদিন ধরে, বছরের পর বছর ধরে চাষীরা চাষ করে যাচ্ছে, সেই জমি রেকর্ডে কৃষি লেখা হচ্ছে না। অকৃষি লেখা হচ্ছে। আধিকারিক যাঁরা আছেন, তাঁদের এটা দেখা দরকার। জমিতে ফসল ফলছে কিনা এটা দেখে, পরিবর্তন দেখে কৃষি জমি লিখলে সেই জমিকে বর্গা দেওয়া যেতে পারে, রায়ত রেকর্ড হতে পারে। দ্বিতীয়ত, এর বিপরীতটা—আপনি আজকে প্রশ্নের উত্তরে বলেছেন, অসেচ এলাকা, সেচ এলাকা যেটা বলেছেন, ভিন্ন ভিন্ন রূপ বলেছেন। যে জমি রেকর্ডে সেচ নয়, অসেচ নয়, ব্যবহার হচ্ছে, কৃষি জমিতে মৎস্য চাষ হচ্ছে, এক বছর নয়, দশ-বিশ বছর ধরে মৎস্য চাষ হচ্ছে, লীজ নিয়ে ব্যবসা করছে, সেখানে সেস মুকুব হচ্ছে। কৃষি জমিতে যাঁরা ফসল ফলান, তাঁরা সেইভাবে লাভবান হচ্ছেন না। আর যাঁরা মৎস্য চাষ করেন—বাগদা চাষ করেন, গলদা চাষ করেন, তাঁরা বেশি লাভবান হচ্ছেন। এখানে বাস্তবটা দেখুন যে কত বছর ধরে কৃষিজমি এবং কতদিন পরে পরিবর্তন করলে অকৃষি। সেগুলো লেখা হবে না কেন ? সেগুলো দেখা দরকার। নদী ভাঙনের জন্য বহু মানুষ ক্ষতিগ্রস্ত হন। তাঁদের ক্ষতিপূরণের ক্ষেত্রে বলা যায়, তাঁরা ক্ষতিপূরণ হিসাবে যে টাকা পান তার নিয়মটা এই রকম—যেটুকু ভাঙবে সবটুকুর ক্ষতিপূরণ পাবেন না। যেটুকুর ওপরে বাঁধ তৈরি হবে, সেই অংশের ওপরে ক্ষতিপূরণ পাবেন। কিন্তু বাকিটা যেটা রিভার সাইডে চলে গেল তারজন্য ক্ষতিপূরণ পাবেন না। এটা দেখা দরকার। নদী যেমন ভাঙছে তেমনি আবার চর পড়ছে প্রচুর। লক্ষ লক্ষ একর জমি জেগে উঠছে। কিন্তু কি হচ্ছে ? বাস্তব পরিকল্পনা নেই আমাদের, কি করব সেই জমিতে। ইদানীংকালে হয়তো কিছু গাছ লাগানো হচ্ছে। সোশাল ফরেস্ট্রিতে কিছু গাছ হয়তো লাগানো হচ্ছে। কিন্তু যেটা হচ্ছে, দেখা যাচ্ছে কেউ জবরদখল করেছে, কেউ মাছ চাষ করছে। সেদিকে দেখার কেউ নেই। অথচ লক্ষ লক্ষ পরিবার যারা গৃহহারা হয়েছে নদী ভাঙনের ফলে, তাদের জন্য যদি করা যেত তাহলে যারা জমি হারিয়েছে তারা বসতি স্থাপন করতে পারত সেখানে। এই যে পরিবেশ তৈরি হয়েছে, এটাকে যদি

মানুষের কাছে নিয়ে যাওয়া যেত তাহলে গরীব মানুষের জন্য কিছু করা যেতে পারত। আর একটা বিষয় হচ্ছে অধিগ্রহণ। সরকারের যখন দরকার হয় তখন জমি অধিগ্রহণ করা হয়। তখন অধিগ্রহণের মূল্যটা কিভাবে দেওয়া হয়—বিগত তিন বছরে জমি কেনাবেচা হয়েছে তার সর্বোচ্চ এবং সর্বনিম্ন দাম ধরে নিয়ে গড় করে মূল্য দেওয়া হয়। কোনো একটা মৌজায় হয়তো এমন কিছু উল্লেখযোগ্য জমি বিক্রি হয়নি, অথচ যে জমিটা আমাদের সরকারের কাজে লাগবে সেটা শহরের এক প্রান্তে, তার মূল্য লাখ টাকা কাঠা, আর সমগ্র মৌজার হিসাব ধরে দেখা গেল ছ'হাজার টাকা কাঠা। এই রকম অবস্থায় অনেক সময়ে আমরা মানুষের কাছ থেকে জমি নিতে ব্যর্থ হই। মামলা হয়, অনেক সময় বিপরীত সমালোচনা হয়।

[3.10–3.20 p.m.]

সুতরাং এই বিষয়টা সামগ্রিকভাবে বিশ্লেষণ না করে অন্যভাবে কি করা যায় সেটা দেখার জন্য অনুরোধ করছি। সর্বশেষে অনুরোধ করব যে, একটা বিষয়ে এতো বেশি আলোচনা হচ্ছে, প্রতি বছরই যথা ২০০২ সালের বাজেট ভাষণে যা আলোচনা হয়েছে, ২০০৩-২০০৪ সালের বাজেট ভাষণেও একই কথা আলোচিত হয়েছে। প্রত্যেকটি ক্ষেত্রেই মাননীয় মন্ত্রী একই কথা বলেছেন, একই কলমে একই কথা লিপিবদ্ধ হয়েছে। গতবারে ২২নং কলমে ছিল, এইবারও ২২নং কলমে লিপিবদ্ধ হয়েছে। ২০০২ সালের বাজেট বক্তৃতায় ৪নং কলমে যা ছিল, এইবার সেটাই ৬নং কলমে সম বক্তব্য উত্থাপিত হয়েছে। দুটি বাজেট বক্তব্য একসঙ্গে মিলিয়ে পড়লে আলাদা কিছু লক্ষ্য করা যাবে না, পরিবর্তন কিছু নেই। এটা একটু মনে হয় আলাদা করে রাখলে ভাল হত। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ভূমি ও ভূমি সংস্কার বাজেটের উপরে ৩৬নং দাবির ভিত্তিতে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন সেই ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি। বিরোধীপক্ষরা যে ছাঁটাই প্রস্তাব নিয়ে এসেছেন সেই প্রস্তাবের বিরোধিতা করছি। এটা ঠিকই যে, বাংলার স্বাধীনতার পূর্বে যখন ব্রিটিশরা দেশ শাসন করছিলেন সেই সময়ে অবিভক্ত বাংলায় তীব্র কৃষক আন্দোলন সংগঠিত হয়েছিল, যেটা ইতিহাসের পাতায় তেভাগা আন্দোলন নামে পরিচিত ছিল। দেশ স্বাধীন হবার পরে বামপন্থীদের বে-আইনী বলে ঘোষণা করা হল এবং তখন কমিউনিস্ট কর্মীদের আন্দামানের জেলে পাঠানো হয়েছিল। জেল হাজত থেকে মুক্ত হবার পরেই তাদের প্রথম কাজ হয়েছিল গ্রামে গঞ্জে কৃষক শ্রেণী, যারা জমিদার-জোতদারদের বিরুদ্ধে কথা বলতে পারত না, তাদের কাছে বাঁধা ছিল, তারা পথ খুঁজে পাচ্ছে না, তাদেরকে পথ দেখিয়ে দেবার। ওই কৃষক শ্রেণীর পাশে যাওয়া, তাদের কথা শোনা, তাদের স্বার্থের কথা শুনে, তাদেরকে শিক্ষা দিয়ে কৃষক আন্দোলনকে আরো জোরদার করার। আপনারা সেইসব দিনের কথা ভুলে যেতে পারেন, আমরা ভুলতে পারি না। সেদিন কমিউনিস্টরা যে তীব্র আন্দোলন গড়ে তুলতে সক্ষম হয়েছিল তার মূল হচ্ছে ভূমিসংস্কার। ভূমিকে ভিত্তি করে

সামন্ততান্ত্রিক, আধা সামন্ততান্ত্রিক অবস্থার অবসান ঘটাতে সক্ষম হয়েছিল। এবং জমিদারী-জোতদার ব্যবস্থার অবসান ঘটিয়ে প্রকৃত চাষী যাদের জমির সঙ্গে সম্পর্ক তাদেরকে জমির সঙ্গে সম্পর্ক স্থাপন করে তাদেরকে এস্টাব্লিশ করার ব্যবস্থা করেছিল। এটা ঠিকই যে, ১৯৭৭ সালে এক ঐতিহাসিক সিদ্ধান্তে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে গ্রামে-গঞ্জের অসংখ্য গরীব মানুষের মুখে হাসি ফুটিয়েছিল। সেই সময়ে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু ঘোষণা করেছিলেন গ্রামের গরীব মানুষ, যারা এতদিন অত্যাচারিত, নির্যাতিত হয়েছে তাদেরকে বেআইনী জমি উদ্ধার করে দেওয়া হবে এবং পুলিশ তাদেরকে সাহায্য করবে। পুলিশ ওইসব গরীব মানুষদের সাহায্য করবে। সেইসব দিনের কথা আমরা ভুলিনি। আজকে আমাদের রাজ্যে ক্ষুদ্র ও প্রান্তিক চাষী শতকরা ৭১ পার্সেন্ট এবং সেখানে গত ২৬ বছরে ৮৭ পার্সেন্ট পাট্টাদার, বর্গাদার আমাদের রাজ্যে রয়েছে। আমরা জানি জমির কেন্দ্রীভবন না ভাঙলে গরীব মানুষের কাছে জমি না গেলে, ভূমিহীনদের কাছে জমি না গেলে গ্রামবাংলার আর্থিক বুনিয়াদ আর তৈরি হবে না। আজকে এক খণ্ড জমি পেয়ে গ্রামের গরীব ভূমিহীন মানুষ মাথা তুলে আজকে দাঁড়াতে পেরেছে। কংগ্রেস আমলে বর্গা দিয়ে জমির চাষ হত কিন্তু তার উৎপাদিত ফসল ধরে রাখার যে দরকার ছিল, সেটা কোনো ব্যবস্থা ছিল না। বামপন্থীরা ক্ষমতায় এসে বর্গাদারদের নাম নথিভুক্ত করণের কাজ অত্যন্ত দায়িত্ব সহকারে করেছে। সারা ভারতবর্ষের কোনো অঙ্গ রাজ্যে এত বর্গাদারের নামে তাদের আইনি স্বীকৃতি নেই। আমাদের রাজ্যে আইনি স্বীকৃতি শুধু নয়, এখানে কোনো বর্গাদার যদি মারা যায়, মৃত বর্গাদারের উত্তরাধিকারসূত্রে তার পুত্র বর্গাদার হন। আমাদের রাজ্যে এই আইনে মোট ১৫ লক্ষ ২ হাজার বর্গাদার স্বীকৃতি পেয়েছে, এবং ১১ লক্ষ ৮ হাজার জমি বর্গাদারের কাছে আছে। কিন্তু যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে নতুন প্রশ্ন মানুষের মনে দেখা দিয়েছে, ল্যান্ড কর্পোরেশান চালু করার দাবি আজকে গ্রামে-গঞ্জে চলে এসেছে। এটা বাস্তব যে, কিছু গরীব মানুষ যারা তিন বিঘা, চার বিঘার মালিক তাদের সেই জমি কোনো কারণে প্রয়োজন হলে—জমি মালিকের নামে রেকর্ড হওয়ায়—সেটা তাদের কেনাবেচার কোনো অধিকার থাকবে না। আর গরীব মালিক হিসাবে কেনারও অধিকার তার নেই, এই প্রশ্নে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বিবেচনা করবেন এক্ষেত্রে সরকারের একটা অর্থর জোগান থাকা দরকার এই দপ্তরের জন্য। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয়, এটা গুরুত্ব দিয়ে বিবেচনা করবেন। আমরা জানি মানুষের প্রত্যাশার শেষ নেই, কিন্তু এক শ্রেণীর কায়েমীস্বার্থের মানুষ যারা দীর্ঘদিন ধরে গ্রামে-গঞ্জে বেশ কিছু পরিমিত জমি হাইকোর্টের নামাবলী চাপিয়ে আড়াই যুগ ধরে দখল করে আছেন। আমাদের সরকার মানুষের প্রত্যাশাকে সম্মতি জানিয়ে ল্যান্ড ট্রাইব্যুনাল গঠন করেছে, কিন্তু বাস্তবে এর অগ্রগতি কি। আমি তো মনে করি ল্যান্ড ট্রাইব্যুনালে গতির সঞ্চার ঘটছে না। নতুন করে আমাদের ভাবতে হবে এই ব্যাপারে। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় এই বিষয়ে গুরুত্ব দেবেন। এটা ঠিকই আমরা ভূমিহীন মানুষকে পাট্টা দিয়েছি, এর সংখ্যাটা হচ্ছে ২৬ লক্ষ ৮৭ হাজার। কিন্তু গ্রামে-গঞ্জে বাস্তবিক পরিস্থিতি তা নয়, বেশ কিছু পাট্টা হোল্ডার তাদের হাতে সেই জমি নেই। অনেকের দারিদ্রতার, দুর্বলতার সুযোগ নিয়ে গ্রামের কিছু কায়েমীস্বার্থবাহী মানুষ তারা সেই জমি বেদখল করেছে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রী

মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আমি দাবি করছি, প্রতিটি অঞ্চল ওয়াইজ, ব্লক ওয়াইজ একটা যদি রিভিউ করা যায় তাহলে বাস্তব পরিস্থিতিটাকে আমরা অনুধাবন করতে পারব। এটা ঠিকই কংগ্রেসি বন্ধুরা যারা আমাদের ভূমিসংস্কারকে অস্বীকার করেন তাদের কাছে আমার প্রশ্ন আপনারা ২৫ বছর ছিলেন, কোনোদিন কোনো বর্গাদারের কথা আপনারা ভাবেননি। কোনোদিন কোনো পাট্টাদারের কথা ভাবেননি। আপনারা জোতদার জমিদার, সামন্তপ্রভুর রক্ষক, তাদের প্রতিভূ হিসাবে কাজ করেছেন। আজও আপনারা সেই কাজ করে চলেছেন। আমরা বামপন্থীরা চিরাচরিত প্রথা অনুযায়ী শ্রেণী নিরিখে, শ্রেণীর দৃষ্টিভঙ্গিতে দাঁড়িয়ে, আমরা গরীব খেটে খাওয়া মানুষের পক্ষে আমরা আজও অতন্দ্র প্রহরীর মতো কাজ করে চলেছি। আগামীদিনের জনগণকে এই কৃষককুল আলোকবর্তিকার পথ দেখাবে। আমাদের পথ হবে ভারতবর্ষের কৃষক আন্দোলনের কাছে অগ্রগতির বাহক। আমি অনুরোধ করব, সেই শ্রেণীধারার সঙ্গে আমাদের মাননীয় মন্ত্রী কাজ করবেন। এই কথা বলে আমাদের মাননীয় মন্ত্রীর আনীত যে বাজেট তাঁকে পূর্ণ সমর্থন করে, কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী সুভাষ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, রেজ্জাক মোল্লা মহাশয় তাঁর দপ্তরের বাজেটের যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, তাঁর সমর্থনে এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমরা মনে করি পশ্চিমবাংলার যে অগ্রগতি তার দুইটি স্তম্ভ। একটা হচ্ছে পশ্চিমবাংলার ভূমিসংস্কার আর একটা হচ্ছে পশ্চিমবাংলার পঞ্চায়েত। আমরা গর্ব করে বলি, মাথা উঁচু করে বলি, এই কারণেই বলি, বাস্তবতাকে উপেক্ষা করলে জন বিচ্ছিন্ন হতে হয়। পশ্চিমবাংলা সারা দেশের মধ্যে উৎপাদন বৃদ্ধিতে, হেক্টর প্রতি ফলন বৃদ্ধি, শ্রমদিবস সৃষ্টি, মাথাপিছু শস্য উৎপাদনে সর্বোচ্চ স্থান, গ্রামের দারিদ্র দূরীকরণে অর্থনীতির বিকাশ সম্ভব হয়েছে পশ্চিমবাংলার ভূমিসংস্কার-এর স্বার্থক রূপায়ণের ফলে।

[3.20–3.30 p.m.]

কংগ্রেস পরিষদীয় দলের নেতা এবং বিধানসভার প্রবীণ সদস্য, তিনি কতগুলো কথা বলেছেন, আর তিনি যে কথাগুলো বলেছেন সেগুলোর গুরুত্ব দিতেই হয়। আমরা যখন বলি পশ্চিমবাংলায় জমির বিকেন্দ্রীকরণ হয়েছে, আশি ভাগ মানুষের হাতে প্রায় সত্তর ভাগ জমি আছে। অবিভক্ত বাংলা যখন ব্রিটিশদের অধিকারে ছিল তখন ১৯৩৯ সালে ফ্রাউড কমিশন গঠিত হয়েছিল এবং তারা বলেছেন বাংলায় ৪০ শতাংশ কৃষি জমি পাঁচ শতাংশ পরিবারের হাতে আছে। দেশ স্বাধীন হবার পরে ৮০ শতাংশ কৃষিজমি কুড়ি শতাংশ পরিবারের হাতে ছিল। ১৯৬৭ থেকে ১৯৬৯, যুক্তফ্রন্ট সরকারের বাইশ মাস সময়কালে ভূমিসংস্কারের যে জোয়ার এসেছিল, ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে সেই জমি পুনরায় জমির মালিকদের হাতে আবার চলে যায়। আমি বর্ধমান জেলার একটা তথ্য দিচ্ছি, সেখানে ৭০০-৮০০ বিঘা জমির মালিক ছিলেন প্রায় ৭০ জন। ১৯৭৭ সালের পর আজকে পর্যন্ত—অতীশবাবুরা যদি

গ্রামাঞ্চলের খবর রাখেন তাহলে দেখতে পাবেন—পশ্চিমবাংলায় ১০০ বিঘা জমির মালিকই খুঁজে পাওয়া যাবে না। ১৯৬৬ সাল পর্যন্ত আপনারা কত জমি দখল করেছিলেন তার পরিসংখ্যান কিন্তু আপনি দেননি। ১৯৭৪ সালে সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে যে ভূমিসংস্কার আইন হয়েছিল তাতে জমির ঊর্ধ্বসীমা এসে দাঁড়ায় ১২ একর ৩৬ শতকে। ১৯৫৪ সালে প্রয়াত বিমল কান্তি সিন্‌হা মহাশয় যখন ভূমি সংস্কার মন্ত্রী ছিলেন তখন পারিবারিক সিলিং ছিল ২৫ একর মানে ৭৫ বিঘে। ১৯৭৪ সালে যখন আইন হয়েছিল তখন পশ্চিমবাংলায় আধা ফ্যাসিস্ত সন্ত্রাস চলছিল। তখন ওরা গরীব মানুষকে কোনো জমি দেননি, তখন ওরা গরীব মানুষের কাছ থেকে জমি কেড়ে নিয়েছিল। তখন জমি যা বিলি করা হয়েছিল তা গরীব মানুষের হাতে যায়নি। দু-চার জন সাহসী গরীব মানুষ যারা জমি দেননি তাদের পরিণতি কি হয়েছিল তা আমরা সকলেই জানি। তাদেরকে গ্রাম থেকে তাড়িয়ে দেওয়া হয়েছিল, পুলিশ দিয়ে হয়রানি করা হয়েছিল, এমনকি তাদেরকে জেলেও ঢোকানো হয়েছিল ও খুনও করা হয়েছিল। আমাদের বর্ধমান জেলাতেই এই দৃষ্টান্ত আছে। কংগ্রেস কোনোদিনই ভূমিসংস্কার করেনি, উনি যদি শ্রেণীগত দৃষ্টিভঙ্গি নিয়ে বলেন তাহলে আমাদের কিছু বলার নেই। কংগ্রেসীরা যদি জোতদার-জমিদারদের হয়ে কথা বলেন তাহলে আমার কোনো আপত্তি নেই। আর আপনারা যদি বলেন পশ্চিমবাংলায় কংগ্রেস ভূমিসংস্কারের কাজ করেছিল, বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের ব্যাপারে কোনো কাজ করেনি, তাহলে আমি এর তীব্র প্রতিবাদ করছি।

১৯৬০ সালে প্রশান্ত মহলানবীশ কমিটি গঠিত হয়েছিল। তাদের রিপোর্টে ছিল ভারতবর্ষে ৬ লক্ষ ৩০ হাজার একর জমি উদ্বৃত্ত হতে পারে। কিন্তু ভারতবর্ষে হয়েছে কত ? ৭৩ লক্ষ একরের কিছু বেশি। এটা যদি কংগ্রেসের ভূমি সংস্কারের নমুনা হয় তাহলে ওনারা ঠিকই বলেছেন। উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহারে ভূমিসংস্কার হয়নি, দক্ষিণ ভারতে কেরালা ছাড়া কোথাও ভূমিসংস্কার হয়নি আর জম্মু-কাশ্মীরে শেখ আবদুল্লা মুখ্যমন্ত্রী থাকাকালীন যেটুকু হয়েছে। প্রশান্ত মহলানবীশ কমিটির রিপোর্ট থেকেই আমরা এটা পাচ্ছি। কংগ্রেসের থেকে এর কোনো জবাব আছে ? বিভিন্ন তথ্যের জাল বিস্তার করে অতীশবাবু যে কথা বলার চেষ্টা করলেন, আমরা তা অনুমোদন করছি না। অতীশবাবুদের কিছুটা স্বীকৃতি আমরা দিতে পারতাম, যদি গ্রামাঞ্চলে গিয়ে ইনজাংশান তোলার আওয়াজ ওনারা তুলতে পারেন। কিন্তু আমাদের স্থির বিশ্বাস, গ্রামাঞ্চলের যেসব ক্ষয়িষ্ণু জমিদার পরিবার আছে, তাদের কাছে একথা বলার সাহস কংগ্রেস দলের নেই। বর্গাদার রেকর্ডের ক্ষেত্রে পশ্চিমবাংলার অভূতপূর্ব সাফল্যকে কেউ অস্বীকার করতে পারবেন না। ভারতবর্ষে আর কোনো জায়গায় বর্গাদারদের সাপোর্টে এই ধরনের আইন নেই। প্রায় ১৫ লক্ষ বর্গাদার এখানে নথিভুক্ত হয়েছে। ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট রিপোর্ট ২০০৩-এর বাৎসরিক প্রতিবেদনে বলছে—ভারতের এক অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গ। এই রাজ্যে জমির স্বত্ব সংক্রান্ত আইনের বদল ঘটিয়ে এবং আইনে বর্গাদারদের জমিতে চাষ করার নিরাপত্তাকে সুনিশ্চিত করে ফসলের উৎপাদন বিপুলভাবে বাড়াতে পেরেছে। এখানে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির হার ছিল .০৪ শতাংশ। নতুন আইন চালু হওয়ার

একদশক পর এই এই বৃদ্ধির হার হয়েছে ৫.১ শতাংশ। অথচ ভারতে এই সময়ের মধ্যে খাদ্যশস্য উৎপাদনে বার্ষিক বৃদ্ধির হার ১.৯ শতাংশ থেকে বেড়ে হয়েছিল ৩.১ শতাংশ। সারা ভারতবর্ষে ভোগ্যপণ্যের বাজার ১৯৭৬ সালে ছিল ২ শতাংশ, এখন তার পরিমাণ হয়ে গেছে ১০০ ভাগের মধ্যে ১০ শতাংশ। ১৩ হাজার কোটি টাকার নতুন বাজার সৃষ্টি হয়েছে। তাই আমরা বলতে চাই, আপনারা যতই বিরোধিতা করুন, শত বাধা-বিপত্তি, প্রতিকূলতা সত্ত্বেও জনসাধারণের সমর্থন আমাদের পক্ষে আছে। তৃণমূল কংগ্রেস আসেনি, তাদের মূলই শুকিয়ে যাচ্ছে। আর, কংগ্রেসের জনবিরোধী নীতির ফলে তারাও জনগণের কাছ থেকে আরও বিচ্ছিন্ন হয়ে যাবে। ভূমিসংস্কারের মাধ্যমে পশ্চিমবাংলার উন্নয়ন, অগ্রগতি বজায় থাকবে। এই কথা বলে, এই বাজেটকে আবারও সমর্থন করে এবং কাট-মোশানগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহবুবুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ২০০৩-০৪ সালের দাবি নং ৩৬ যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে পারছি না। তার সাথে সাথে বিরোধী দলের আনা কাট-মোশনগুলোকে আমি সমর্থন করছি।

[3.30–3.40 p.m.]

এখানে একটা কথা বলছি—কালকে মুখ্যমন্ত্রী মহাশয় বাংলা ভাষা নিয়ে অনেক বড় কথা বললেন। এখানে বাজেট বইতে বাংলা লেখা আছে, কিন্তু এই যে দু হাজার তিন-চার এখানে মার্চ দু হাজার তিন করা আছে। আমার মনে হয় এটা বাংলা করা উচিত ছিল। আমাদের সরকার পক্ষের বন্ধুরা অনেক কথা বলেছেন। ট্রেজারি বেঞ্চের যে অবস্থা তাতে মনে হচ্ছে মাননীয় মন্ত্রীকে ওরা বয়কট করেছেন। আপনারা ৭৭ সালের আগে জানতেন যে, ৭০ ভাগ মানুষ গ্রামে বাস করেন। জমির প্রতি মানুষের আগ্রহ আছে। তাই আপনারা ধীরে ধীরে জমি নিয়ে আন্দোলন শুরু করলেন। চাষীদের নিয়ে আপনারা ধিকিধিকি করে আন্দোলন শুরু করলেন। তাদের মাধ্যমে আপনারা ক্ষমতায় এসেছিলেন। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে, চাষীদের আপনারা মিথ্যা কথা বলেছেন। ভূমিহীন ক্ষেত-মজুরদের সবাইকে আপনারা বর্গাদার হিসাবে চিহ্নিত করতে পারেননি। আপনারা রাজনৈতিক কায়দায়, ফ্যাসিস্ট কায়দায় পার্টিতন্ত্র কায়েম করার জন্য প্রশাসন পুলিশ সব যন্ত্রকে আপনারা কাজে লাগাচ্ছেন। বিগত পঞ্চায়েত নির্বাচনে আমরা এটা দেখতে পেয়েছি। আজকে খাস জমি বণ্টনের ক্ষেত্রে রাজনৈতিক হস্তক্ষেপ খুব বেশি। সুভাষবাবু অনেক কথাই বললেন। উনি বলতে চেয়েছেন কৃষি জমিগুলিকে ভেড়িতে পরিণত করা হচ্ছে। এই ব্যাপারে আপনারা কিছু ব্যবস্থা করুন। সরকার জমি নিচ্ছে। কিন্তু ক্ষতিপূরণ দিচ্ছে না। এগুলিও আপনাদের দেখতে হবে। আর একটা কথা বলি মুর্শিদাবাদ, মালদাতে যে সব জমি ভেঙে নদীতে বিলীন হয়ে যাচ্ছে। কিন্তু সেই সব রেকর্ড থাকছে না। দেখা যাচ্ছে এই নদীগর্ভে চলে যাওয়া জমিরই সেস ধার্য হয়ে গেছে। দেখা যাচ্ছে আদৌ সেই জমি তার হাতে নেই। হয়তো বিভিন্ন নদী গর্ভে চলে গেছে।

আজকে তাদের জমিগুলো চলে আর আপনার সেস আদায় করার জন্য আপনার ডিপার্টমেন্ট থেকে তাদের কাছে নোটিশ পাঠানো হচ্ছে। তারা কী করবে, তারা অসহায় অবস্থার মধ্যে দিন কাটাবে। আপনারা এই দিকটা একটু দৃষ্টি দেবেন। আপনারা কল্যাণকর সরকার, গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত সরকার কিন্তু যাদের জমি চলে গেল তাদের ক্ষতিপূরণ করার বিষয়টা বিবেচনা করবেন আশা করি। সুভাষবাবু একটা কথা বলেছেন, আমিও তাঁর সঙ্গে একমত ভালো ভালো কৃষিজমি যথেচ্ছভাবে ইট ভাটা হয়ে যাচ্ছে। আইন হিসেবে এরা পারমিট পেয়েছে। ভালো কৃষিজমি কিভাবে ইট ভাটা হয়ে যাচ্ছে এই বিষয়টা আপনাদের চিন্তা-ভাবনা করতে হবে। আমাদের ডিপার্টমেন্টকে আরও সজাগ থাকতে হবে কারা আজকে এই কাজগুলো করছে। এমনিতেই তো কৃষিজমি কমে যাচ্ছে, বাড়ছে না তারপর কৃষিজমিকে ইট ভাটায় পরিণত করা হচ্ছে। এরা আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যাবে বলে আমি মনে করি। আজকে আপনারা বকেয়া আদায় করতে যাচ্ছেন। পথ কর, জল কর, শিক্ষা কর আদায় করছেন। আপনারা ২০ বছর ধরে বকেয়া আদায় করেননি। এখন একবারে আদায় করার চেষ্টা করলে মানুষ আপনাদের গালাগাল দেবে। তামাদি বলে একটা কথা আছে। ২৩ বছরে এটাও তামাদি করে দিন। এটা যদি আদায় না করেন তাহলে মানুষ উপকৃত হবেন বলে আমি মনে করি। বর্গাদার চিহ্নিত হল, অনেক জায়গায় পাট্টা রেকর্ড হল কিন্তু পাট্টা পেন্ডিং হয়ে আছে। পাট্টা না পেলে আইনানুগভাবে সেটা অধিকার হচ্ছে না। আবার অনেক বর্গাদার, পাট্টাদার জমি হস্তান্তর করে দিচ্ছে। রেজিস্ট্রি অফিসে জমি রেজিস্ট্রি করতে হয় না। রেজিস্ট্রি অফিসে খরচ বেড়ে যাচ্ছে। মুখে মুখে সেখানে বলে নিয়ে জমিটা হস্তান্তর করে দিচ্ছে। এই কাজটা রেকর্ডভুক্ত করুন। এগুলো খাতায় কলমে রেকর্ড করা দরকার বলে আমি মনে করি। এখানে পরিবেশ মন্ত্রী জলাশয় নিয়ে, পুকুর নিয়ে যে কথাগুলো বলছিলেন, তিনি স্বীকার করেছেন যে তাঁদের মধ্যে সমন্বয় নেই। একদিকে পরিবেশ মন্ত্রী, আরেকদিকে ভূমিসংস্কার মন্ত্রী, একদিকে ফিশারি মন্ত্রীর সঙ্গে যে সমন্বয় থাকা দরকার, তা নেই। আজকে পেপারে দেখলাম যে বে-আইনিভাবে পুকুর বোজানোর জন্য নানা আইন করা হয়েছে কিন্তু সেই আইন যদি কার্যকরী না হয়, আমরা যে আইনসভায় আইন করছি, এর জন্য তো প্রচুর খরচও হয়, আইন কার্যকরী না হলে আইন করার কোনো মূল্য থাকে না।

[3.40–3.50 p.m.]

আমি এই দিকটা আপনাদের দৃষ্টি দিতে বলব। আপনি পরিসংখ্যান দিয়েছেন কত একর জমিতে কী করবে, ৪ একর ৬ একর ২০ টাকা হবে, চা এলাকায় ৩০ টাকা হবে, এইসব জিনিসগুলি করতে চাইছেন। আমার মনে হয় এতে লোকের উপরে বোঝা বেড়ে যাবে। আপনারা যদি ধীরে ধীরে বাড়াতেন তাহলে ভালো হত। একেবারে এতটা চাপ সৃষ্টি করাটা ঠিক হবে না বলেই আমার মনে হয়। আজকে সরকার কী করছে, জনগণকে কী কী সুবিধা দিতে পারছে সে ব্যাপারে একটা দাবি সনদ থাকা উচিত। আমি জানি না যে আমি কী পেতে পারি, আমার জন্য আইন কী আছে ইত্যাদি। আপনারা পঞ্চায়েতকে অনেক দায়িত্ব দিয়েছেন, তাই বলছি এ ব্যাপারেও যদি আপনারা পঞ্চায়েতকে দায়িত্ব দিতেন তাহলে এই

জিনিসগুলি মানুষ জানতে পারত এবং আরও উপকৃত হত। আরেকটা কথা বেকার সমস্যা। পশ্চিমবাংলায় কোনো চাকরি হচ্ছে না, শূন্য পদগুলি পূরণের মতো আপনাদের তহবিলে টাকা আছে কি ? জানি না এই ২৬ বছরে আপনারা টাকাগুলি নিয়ে কী করেছেন ? আজকে শিক্ষিত বেকারদের সংখ্যা ক্রমশই বাড়ছে এবং এটা বাড়তে বাড়তে একটা বিস্ফোরণের অবস্থায় চলে যাচ্ছে। আজকে রাস্তাঘাটে ছোট ছোট দোকান দেখা যায়। বেকার বললে বিয়ের বাজার খারাপ হবে, তাই তারা ছোট ব্যবসায়ী না বলে তারা বলে বিজনেস ম্যান। কারণ এই বিজনেস ম্যান সম্বন্ধে মানুষের মনে একটা উচ্চ ধারণা আছে। তাই এই ছোট ছোট দোকানদাররা নিজেদের বিজনেস ম্যান বলছে। আর তাদের ঘাড়ে আপনারা ট্যাক্স চাপাতে চাইছেন। এটা পুনর্বিবেচনার জন্য আপনাদের কাছে আমি অনুরোধ করব। আমাদের মাননীয় অতীশবাবু আপনাদের কাছে পরিসংখ্যান দিয়ে বলেছেন। আমি মনে করি যদি সরকার জনগণের কল্যাণ করতে চান, জনগণের ভালো করতে চান, তাদের ভালোভাবে বাঁচার পথ দেখাতে চান তাহলে আমরা বিরোধী দল হলেও আমাদের কথাগুলি যদি যুক্তিসঙ্গত মনে করেন তাহলে একটু বিবেচনা করে দেখবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শুভেন্দু চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা মহাশয় ৩৬ নম্বর দাবির অধীনে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত কাট-মোশানের তীব্র বিরোধিতা করছি। আমাদের বিরোধীরা তাঁদের বক্তব্য বলার সময় ভূমিসংস্কার সম্বন্ধে এবং অপারেশান বর্গা সম্পর্কে বিভিন্নভাবে আমাদের কটাক্ষ করেছেন। আমরা জানি কৃষিভিত্তিক সামন্ততান্ত্রিক বা আধা-সামন্ততান্ত্রিক সম্পর্কের অবসান ঘটিয়ে কৃষকের সাথে চাষের জমির যে সম্পর্ক স্থাপন করা সেটাই হচ্ছে ভূমিসংস্কারের মূল উদ্দেশ্য। উদ্বৃত্ত জমি যেগুলি জমি চোরেরা লুকিয়ে রেখেছিলেন সেগুলি তাঁদের কাছ থেকে উদ্ধার করে এবং বর্গাদারের নাম লিপিবদ্ধ করে যে উৎপাদন ব্যবস্থা সেটাকে আরও সংঘবদ্ধ করা এবং তার প্রতিফলন আমরা দেখতে পাই পশ্চিমবঙ্গে। কারণ আমরা যখন দেখি উদারীকরণ, বেসরকারীকরণ, বিশ্বায়নের জন্য যখন সমস্ত কিছু স্তব্ধ হয়ে যায়, উন্নয়ন যখন ব্যাহত হয়, যখন সারা দেশে যে একটু-আধটু ভূমিসংস্কার হত সেটাও স্তব্ধ হয়ে যাচ্ছে। তখন আমরা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে দেখেছি, ১৯৯৩-৯৪ সাল থেকে ১৯৯৯-২০০০ সাল পর্যন্ত বার্ষিক গড় উৎপাদনে পশ্চিমবঙ্গ শীর্ষস্থান অধিকার করেছে। মাননীয় অতীশবাবু বক্তব্য রাখতে উঠে বলতে চেষ্টা করলেন পশ্চিমবঙ্গে আমাদের সময় তেমনভাবে ভূমি সংস্কার হয়নি। দেবপ্রসাদ সরকার মহাশয় সীতারাম ইয়েচুরি, হিন্দুস্থান টাইম্‌স ইত্যাদি বলে ভূমি সংস্কারের কটাক্ষ করলেন। কিন্তু আমি শুধু বলতে চাই, পশ্চিমবঙ্গে এই যে বামফ্রন্ট সরকার ২৬ বছর ধরে টিকে রয়েছে তার মরণ কাঠি-জিয়ন কাঠি হল ভূমি সংস্কার এবং পঞ্চায়েতি রাজ। এটা শুধু আমাদের ভারতবর্ষে নয় বিদেশেও বিশেষ আকর্ষণের বিষয় হয়ে উঠেছে এবং একটা দৃষ্টান্ত স্থাপন করেছে। পাশের দেশ পাকিস্তান, বাংলাদেশ, সিংহল থেকে পশ্চিমবঙ্গের ভূমি সংস্কার দেখতে আসছে। পি.ভি. নরসিমা রাও যখন প্রধানমন্ত্রী তখন জিম্বাবোয়ের প্রেসিডেন্ট রবার্ট

মুগাবে তাঁকে জিজ্ঞাসা করলেন আমরা ভারতবর্ষের ল্যান্ড রিফর্ম দেখতে চাই। তখন পি.ভি. নরসিমা রাও বললেন, ল্যান্ড রিফর্ম যদি দেখতে হয় তাহলে পশ্চিমবঙ্গে যেতে হবে, ওরা ল্যান্ড রিফর্মে দৃষ্টান্ত স্থাপন করেছে। আজকে জিম্বাবোয়েতে পশ্চিমবঙ্গের ভূমিসংস্কারের নীতি মেনে চলা হচ্ছে। আমাদের রাজ্যে ভূমি সংস্কারের ফলে যে উন্নয়ন তাকে যতই আপনারা কটাক্ষ করুন, মুখার্জি-ব্যানার্জি কমিশনের কথা বলুন, পরিসংখ্যান তুলে ধরুন বাস্তবকে অস্বীকার করতে পারবেন না। পশ্চিমবঙ্গের মানুষ ওই সমস্ত জিনিস, পয়েন্ট-এর হিসাব, মুখার্জি-ব্যানার্জি কমিশনের হিসাব দেখে না, গ্রামে-গঞ্জে বাস্তবে কী হয়েছে হচ্ছে সেটা দেখে। আজকে এই সরকারের প্রতি সেই জন্য মানুষের আস্থা আছে এবং তাই তারা বার বার এই সরকারকে এখানে টিকিয়ে রাখছে। কেউ কেউ নির্বাচনের সময় বৈজ্ঞানিক রিগিংয়ের কথা বলেন। এটা ঠিক নয়, বরং ভূমি সংস্কার এবং পঞ্চায়েতি ব্যবস্থায় বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির প্রসারের জন্য আজকে সমস্ত ক্ষেত্রে আমরা এগিয়ে চলেছি এবং উৎপাদন বাড়াতে পারছি। পশ্চিমবঙ্গে ৭৩ লক্ষ রায়ত বা চাষী আছে। তাদের ৮৪ ভাগ অর্থাৎ ৬৫ লক্ষ মতো ছোট ছোট জমির সঙ্গে যুক্ত আছে, চাষ করে। ৬৫-এর বেশি যে ৮ লক্ষ আছে তাদের কেউ হয়তো নিজে জমি চাষ করে না, অন্যকে দিয়ে করায় বা অন্যভাবে করে। কিন্তু এখানে আর মহাজনদের দাপট নেই। মহাজন, বড় জোতদার এখন আর নেই। ছোটোখাটো, এক-আধটা হয়ত লুকিয়ে-চুরিয়ে আছে। ১৯৫৩ সালে জমিদারি প্রথা রদ হয়েছিল। আর, ১৯৫৫ সালে ভূমি সংস্কারের নামে মানুষকে ধোঁকা দেওয়া হয়েছিল। তখন বাগানকে সিলিঙের বাইরে রাখা হয়েছিল। তখন আমরা দেখেছি রাতারাতি সমস্ত জমিতে একটা করে আমের ডাল বসিয়ে দিয়ে বে-আইনীভাবে রেকর্ড করে দেওয়া হয়েছিল।

[3.50–4.00 p.m.]

সেখানে এদের সঙ্গে, সরকারী অফিসারদের সাথে একসঙ্গে হব্‌নব্‌ করে বাগান রেকর্ড করেছিলেন। আমাদের সেজন্য সেকেন্ড অ্যামেন্ডমেন্ট করতে হল। ১৯৮১ সালে বিনয় চৌধুরী মহাশয় সেকেন্ড অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছিলেন—সেখানে সমস্ত জমি, বাস্তু জমি, ৪৫টা পুকুরওলা বাড়ি এগুলো সব জমির মধ্যে নিয়ে আসা হল। যখন সেকেন্ড অ্যামেন্ডমেন্ট পেশ করা হয়েছিল তখন, অতীশবাবু, আপনার দলের নেতা জয়নাল আবেদিন সাহেব বলেছিলেন, 'আলোচনা নয়, আমরা ওটা রাষ্ট্রপতিকে দিয়ে সই করতে দেব না।' আপনারা ভূমিসংস্কার করতে চাননি, জয়নাল আবেদিন সাহেব আটকে দিয়েছিলেন। ১৯৮১ থেকে ১৯৮৬ পর্যন্ত সেকেন্ড সংশোধনী পাশ হল না, তারপর সংশোধনী পাশ হল। সেখানে তার বিভিন্নভাবে বিরোধিতা করা হয়েছে। সেজন্য ৩ বার অ্যামেন্ডমেন্ট করে ভূমিসংস্কার করতে হল। আমরা বার বার করে অ্যামেন্ডমেন্ট করেছি, আমরা চাই কৃষকদের হাতে জমি যাক। আপনারা আমূল ভূমিসংস্কারের কথা বলেছেন। আমরা জানি আমূল ভূমিসংস্কার সম্ভব নয়। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একটি অঙ্গরাজ্য, সেখানে আমূল ভূমিসংস্কার সম্ভব নয়। আমরা কিছু কিছু এগিয়েছি, পাট্টা দিয়েছি, আমরা বর্গাদারের নাম রেকর্ড করেছি এবং বর্গাদারদের নাম রেকর্ড করতে গিয়ে গ্রামে গ্রামে আলোচনা করেছি—এখানে সবচেয়ে বেশি বর্গাদারের নাম রেকর্ড

হয়েছে। বর্গাদারদের চেতনা বৃদ্ধি করেছি, অপারেশন বর্গা করেছি এবং সারাদেশের মধ্যে বর্গা আইনের স্বীকৃতি দিয়েছে পশ্চিমবঙ্গ। কিন্তু পশ্চিমবঙ্গ ছাড়া ভারতবর্ষের আর কোনো রাজ্যে বর্গা আইনের স্বীকৃতি নেই। এখানে ১৫.২ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে, এখানে ১১.০৮ লক্ষ একর বর্গা জমি নথিভুক্ত করেছি। আমরা মহিলা এবং পুরুষ যৌথ পাট্টা দিয়েছি—এটা প্রশংসনীয়। বিধবা, অবিবাহিতা, স্বামী পরিত্যক্তা—এরকম ১ লক্ষ ৩১ হাজার ৩৯৫ জনের নামে আমরা বর্গা রেকর্ড করেছি—এভাবে আমরা ভূমিসংস্কার করেছি। বামফ্রন্ট সরকার ভূমিসংস্কারের জন্য যে ব্যবস্থা নিয়েছেন তাকে সাধুবাদ জানাচ্ছি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় ২০০৩-২০০৪ সালের ৩৬ নম্বর দাবির অধীন যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর বিরোধিতা করছি। আমি সমর্থন জানাচ্ছি এই কারণে যে, পশ্চিমবঙ্গ সরকারের ভূমিরাজস্ব বিভাগ বিশেষভাবে আজকে জমির সঙ্গে কৃষকের যে সরাসরি ঘনিষ্ঠ সম্পর্ক সেই সম্পর্ক তারা তৈরি করতে পেরেছেন। বিরোধী বন্ধুরা বলেছেন যে, তাঁদের সময়ে ভূমিসংস্কার আইন পাশ করা হয়েছিল। হ্যাঁ, সেই সময় কিছু কিছু আইন পাশ হলেও, চাষের সঙ্গে কৃষকের যে সম্পর্ক, সেই সম্পর্ক তাঁরা পরিবর্তন করতে পারেননি। কারণ তাঁদের নীতি ছিল ধনীদের স্বার্থ রক্ষা করা।

সেজন্য কাজী নজরুল ইসলাম লিখেছেন—

"মাটিতে যাদের পড়ে না চরণ, মাটির মালিক তাহারাই হন"।

এঁদের মূল লক্ষ্য সেটাই ছিল। সেখানে বামফ্রন্ট সরকারের নীতি হল 'লাঙল যার জমি তার'। স্বাধীনতা আন্দোলনের সময় মানুষের কাছে নেতারা আহ্বান জানাতেন—কংগ্রেসের পতাকা তলে তারা আসুক, সেখানে তাঁরা আহ্বান করতেন, 'ল্যান্ড টু দি টিলার্স'। তারা বলেছিলেন, 'আমরা ক্ষমতা পেলে কৃষকদের হাতে জমি দিয়ে দেব'। কিন্তু সেই নীতি কংগ্রেস আমলে আমরা দেখতে পাইনি। সেখানে এই চরিত্রগত যে ভূমির সঙ্গে কৃষকের যে সম্পর্কের ফারাক আমরা আগে দেখতে পেয়েছি সেটা বামফ্রন্ট সরকারের আমলে অনেক কমেছে এবং আমরা বলতে পারি প্রকৃত ভূমিসংস্কার এই বামফ্রন্ট সরকারের আমলে সম্ভব হয়েছে। যে সিলিং আইন, অপারেশান বর্গা আইন, শুধু তাই নয় জমির মালিক, কুকুরের নামে, বেড়ালের নামে, পুকুরের নামে, বাগানের নামে বাস্তুর নামে জমি চুরি করত সেই ব্যবস্থা ১৯৮১ সালে একটা আইন পাশ করে তা বন্ধ করার ব্যবস্থা করা হয়েছে, যা ১৯৮৬ সালে রাষ্ট্রপতির অনুমোদন পাওয়ার পর আইনে পরিণত হয়েছে। এইসব ব্যবস্থার ফলে আজকে প্রকৃত ভূমিসংস্কার, প্রকৃত উন্নয়ন, কৃষকদের উন্নয়ন হয়েছে। পশ্চিমবঙ্গ কৃষিভিত্তিক এবং সেই কৃষকদের প্রকৃত উন্নয়ন, জনগণের উন্নয়ন সম্ভব হয়েছে একথা তো অস্বীকার করতে পারেন না। ভারতবর্ষের মোট কৃষিজমির ৩.৮ শতাংশ পশ্চিমবঙ্গে আছে। এই

কৃষিজমির উপর নির্ভর করে আমাদের পশ্চিমবঙ্গ সরকার সিলিং আইন, রূপায়ণ করে জমি অধিগ্রহণ করেছে এবং জমি অধিগ্রহণ করে সেই জমি ভূমিহীন কৃষকদের মধ্যে প্রান্তিক চাষীদের কাছে, আদিবাসী মানুষদের কাছে, তপশিলি মানুষদের কাছে তারা বণ্টন করেছেন। তারা ১০.৬৪ লক্ষ একর জমি বণ্টন করেছেন মানুষদের কাছে। শুধু তাই নয়, এই জমি বণ্টন করে তারা ক্ষান্ত হননি, সেই জমির উপর যাতে কৃষকদের অধিকার থাকে তারও ব্যবস্থা করেছেন। এটা কিন্তু বিরোধী বন্ধুরা উল্লেখ করেননি। ভারতবর্ষে অন্য কোথাও এই আইন আছে ? বর্গাদারদের অধিকার রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এইখানেই আমাদের পশ্চিমবঙ্গ সরকারের ভূমিসংস্কার নীতির এবং পশ্চিমবঙ্গের জনদরদী যে নীতি তাই প্রতিফলিত হয়েছে। শুধু তাই নয়, এখন আমরা বলতে পারি যে ১৫.০২ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে। তা রেকর্ড করা হয়েছে এবং কম্পিউটারের মাধ্যমে এই রেকর্ড যাতে সংরক্ষিত করা যায় তারও ব্যবস্থা করা হয়েছে। যৌথ পাট্টার ব্যবস্থা করেছে। ভারতবর্ষে কোথাও কি রয়েছে ? এখানে মহিলাদের পাট্টা দেওয়া হয়েছে। ১ লক্ষ ৩১ হাজারের আরও বেশি পাট্টা মহিলাদের দেওয়া হয়েছে। এখানে জমির পরিমাপের মানচিত্র সংরক্ষণ করা হয়েছে। এটা কি কোথাও আছে ? আমরা দেখতে পাই যে ল্যান্ড রিফর্মস পদ্ধতির মাধ্যমে জমির রেকর্ড সংরক্ষিত করার ব্যবস্থা করা হয়েছে। তাই আমাদের পশ্চিমবঙ্গ নানা দিক থেকে এগিয়ে চলেছে। আজকে হরিয়ানা, পাঞ্জাবের মতো সবুজ বিপ্লবের রাজ্য অপেক্ষা আমাদের পশ্চিমবঙ্গ চাল উৎপাদনে এগিয়ে রয়েছে। আমরা এগিয়ে যাব। তাই এই ব্যবস্থাকে ঠিকভাবে বজায় রাখতে গেলে এই বাজেট রাখা দরকার, তাই এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চিত্তরঞ্জন রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের বাজেট ভাষণের দাবি নম্বর ৩৬-এ তিনি ২০০৩-২০০৪ সালের জন্য ৩ শত ৬৬ কোটি ৩৯ লক্ষ ১১ হাজার টাকা মঞ্জুরের দাবি পেশ করেছেন। আমাদের দলনেতা যে বক্তব্য রেখেছেন অর্থাৎ আমরা এই দাবিকে অন্যায্য মনে করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আজকে বিরোধী বন্ধুরা যেভাবে বক্তব্য রাখলেন তাতে মনে হচ্ছে ১৯৭৭ সালের আগে ভূমি সংস্কার বলে কোনো বিষয় পূর্ববর্তী সরকার চিন্তা-ভাবনা করেননি। ১৯৫৩ সালে জমিদারি অধিগ্রহণ আইন, ১৯৫৫ সালে ভূমিসংস্কার—তার ভিতর দিয়ে কংগ্রেসীরা ভূমি সংস্কারের বুনিয়াদ তৈরি করেছিল। যুগের প্রয়োজনে, মানুষের প্রয়োজনে ধীরে ধীরে সংস্কারের ধারাগুলি পরিবর্তিত হয়েছে এবং বর্তমানে ২৬ বছর ধরে বামফ্রন্ট সরকার যে ভূমি সংস্কার করেছে তার বিরুদ্ধে আমাদের তরফ থেকে বক্তব্য রাখা হয়েছে। ১৯৮১ সালের ভূমি সংস্কার আইনের কথা শুনলাম। সেই আইনে কৃষি এবং অকৃষি জমিকে একই শ্রেণীভুক্ত করে উদ্বৃত্ত জমি কৃষকের হাত থেকে নিয়ে নেওয়া হল এবং সেই জমি বর্গাদারদের, পাট্টাদারদের ভেতরে বণ্টন করা হল। ১৯৭৮ সালের ৫ জুলাই-এর যে অপারেশন বর্গার কথা বলা হচ্ছে, নিঃসন্দেহে সেটা একটা রাজনৈতিক আন্দোলন ছিল। কিন্তু সেই আন্দোলনের ভেতর দিয়ে

শুধু সত্যিকারের বর্গাদারদেরই নয়, যারা কোনোদিনই বর্গার সঙ্গে যুক্ত ছিলেন না এমন লোকেদেরও জমি পাইয়ে দেওয়া হয়েছে, বর্গাদার হিসাবে তাদের নামও নথিভুক্ত করা হয়েছে। আবার পরবর্তীতে দেখা যাচ্ছে সেই বর্গাদারদের উচ্ছেদ করার জন্য একটা ব্যবস্থা করা হল। সেটা কি রকম ? একটা শর্ত দেওয়া হল—কেউ যদি সাড়ে সাত একরের মধ্যে জমির মালিক হন, তিনি যদি প্রমাণ করতে পারেন তাঁর জমিতে বর্গা হয়েছে, ওই জমিই তাঁর আয়ের উৎস এবং তিনি বছরের অর্ধেক সময় বর্গা জমির ৮ কিলো মিটারের মধ্যে বসবাস করেন ; সঙ্গে সঙ্গে তিনি নিজে বা পরিবারের অন্যান্য লোকজনের কায়িকশ্রমের দ্বারা জমি চাষ করতে পারবেন তাহলেই বর্গাদারকে উচ্ছেদ করা যাবে। এর ফলে এক সময় যাকে বর্গাদার হিসাবে অধিকার দেওয়া হয়েছিল তাকে উচ্ছেদ করার ব্যবস্থা করা হল। সেই বর্গাদারকে রক্ষা করার কোনো ব্যবস্থা এই সরকারের পক্ষ থেকে করা হল না। আমি কৃষি এবং অকৃষি জমির প্রসঙ্গে আমাদের উত্তর দিনাজপুর জেলার একটা উদাহরণ এখানে উল্লেখ করতে চাই। কীভাবে আজকে অকৃষি জমিকে কৃষি জমি করে কৃষিকাজে ব্যবহার করা হচ্ছে, সেটাই আমি দেখাতে চাইছি। অনুরূপভাবে কৃষি জমিকে অকৃষি জমি হিসাবে ঘোষণা করিয়ে নিয়ে সেখানে কৃষিকাজ করা হচ্ছে। আমাদের জেলার ইসলামপুর, চোপড়া প্রভৃতি উত্তরাঞ্চলে হাজার হাজার বিঘা কৃষি জমি চা-বাগানে রূপান্তরিত হয়েছে। কী ভাবে হল ? কেমন করে হল ? আমরা যে পদ্ধতিটা লক্ষ্য করলাম তা হল, জেলা পরিষদ এবং জেলা প্রশাসন সার্টিফিকেট দিয়ে কৃষি জমিকে অকৃষি জমি বলে ঘোষণা করে দিল। এভাবে তাঁরা কৃষি জমিকে চা-বাগানে রূপান্তরিত করার ব্যবস্থা করে দিয়েছেন। আমার মনে হয় মাননীয় মন্ত্রী মহাশয় যদি এই বিষয়টা তদন্ত করে দেখেন তাহলে এর সঠিক চিত্রটা তিনি জানতে পারবেন। আমাদের ইসলামপুরের তৃণমূল বিধায়ক করিম চৌধুরী মহাশয়

[4.00–4.10 p.m.]

কৃষিজমিতে চা বাগান করা নিয়ে দীর্ঘদিন আন্দোলন করেছেন। তাঁর দাবি ছিল অকৃষি জমির নামে হাজার হাজার বিঘা কৃষিজমিতে চা বাগান হচ্ছে, এটা বন্ধ করতে হবে। এ ক্ষেত্রে সে রকম কোনো ব্যাপার নেই। অপরদিকে আমরা দেখছি কেউ একটা কারখানা করার নামে ২৫/৩০ বিঘা জমি দখল করে রাখছে। হয়তো ৫ বিঘার কারখানা করছে, বাকি জমি কারখানা দেখিয়ে সেখানে চাষাবাদ করছে। রায়গঞ্জের 'কুলিক পেপার মিলে' আমরা এই জিনিস লক্ষ্য করছি। ওই পেপার মিলের মালিক শুধুমাত্র তার উদ্বৃত্ত কৃষিজমিকে বাঁচাবার জন্য পেপার মিল করল। তারপর 'কুলিক পেপার মিলের নামে সমস্ত জমি দেখিয়ে সেই জমিতে চাষবাস করে ফসল উৎপাদন করছে। একদিকে যখন সরকার গরীব এবং মেহনতী মানুষদের সুবিধার জন্য জমি অধিগ্রহণ করে তাদের কাছে তা বিলি বণ্টন করছে, তখন অপরদিকে কিছু সুযোগসন্ধানী লোক সরকারী আইনকে ফাঁকি দিয়ে বহু জমি ভোগ দখল করছে।

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই, পশ্চিমবঙ্গে আজকে যে আর্থিক সঙ্কট সেই আর্থিক সঙ্কটের জন্য আমি কেনা-বেচার উপর আজকে যে ট্যাক্স বসিয়েছেন সেটা সাধারণ

লোকের ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। আজকে সম্পত্তি কেনা-বেচার ক্ষেত্রে ৬ পারসেন্ট থেকে ৮ পারসেন্ট ট্যাক্স করা হয়েছে। বিধেয়ক ২৩ ধারায় কতকগুলি সংশোধনী চেয়ে কলকাতা পৌরসভা বাদে অন্য পৌরসভাগুলিকে লোকসংখ্যার ভিত্তিতে (ক), (খ), (গ), (ঘ), (ঙ) এবং (চ) এইভাবে ভাগ করে জমির উপর তিনি যে ট্যাক্স ধার্য করেছেন সেটা সাধারণ মানুষের নাগালের বাইরে। গ্রামাঞ্চলেও তিনি ছোট ছোট দোকানদার বা কোনো হাস্কিং মিলের মালিক বা কোনো আটা ভাঙার মালিকদের উপর যে ট্যাক্স ধার্য করেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি, প্রতি ডেসিমেলে ২০ টাকা করে ট্যাক্স তাদের দিতে হবে এবং বসতবাটি-সহ অন্যান্য জমির ক্ষেত্রে—যদিও টাকার পরিমাণ কম—ডেসিমেল প্রতি ২ টাকা করে ট্যাক্স দিতে হবে। তাহলে দাঁড়াচ্ছে, এক বিঘা জমির উপর ট্যাক্স হচ্ছে ৬৬ টাকা। এইভাবে উনি সাধারণ মানুষের উপর আর্থিক বোঝা বাড়িয়ে দিয়েছেন। এটা আমি আপনার বিবেচনার জন্য আবেদন জানাচ্ছি। আপনি ট্রাইব্যুনালের কথা বলেছেন। জমি-জায়গা নিয়ে মামলার নিষ্পত্তির জন্য এই ট্রাইব্যুনাল ১৯৯৭ সালে গঠিত হয়েছে এবং ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত ৪ হাজার ২১৬টি মামলা নিষ্পত্তি হয়েছে বলে আপনি দাবি করেছেন। কিন্তু বাস্তবে আমরা দেখছি, ট্রাইব্যুনালে যাওয়া-আসার ফলে, সেই সমস্ত জমির রেকর্ড কারেকশন হচ্ছে না। আমাদের উত্তর দিনাজপুর জেলায় এইরকম রেকর্ড সংশোধনীর ক্ষেত্রে জেলা প্রশাসনের কাছে বহুবার দরবার করেও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করাতে পারিনি। সুতরাং এইদিকে আপনি দৃষ্টি দেবেন বলে অনুরোধ জানাচ্ছি। আপনি বক্তৃতার মধ্যে জাতীয় সড়ক, রেল প্রকল্প এবং তিস্তা-বাঁধ প্রকল্পের জন্য বহু অধিগৃহীত জমির ক্ষেত্রে ক্ষতিপূরণের টাকার কথা বলেছেন, সেটা ২০০২ সালের ১ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ১৪ কোটি ৬৬২ টাকা ক্ষতিপূরণ দিয়েছেন বলে উল্লেখ করেছেন। কিন্তু আমি রায়গঞ্জের কথা বলতে পারি, ৩৪ নম্বর জাতীয় সড়ক রায়গঞ্জের উপর দিয়ে গেছে, সেখানে ১৯৭৪-৭৫ সালে সুহারোই মোড় রায়গঞ্জ শহরের ভিতরে একটি রাস্তা হয়েছে এবং এই রাস্তা হওয়ার জন্য সেখানে জমি অধিগৃহীত হয়েছে। কিন্তু সেই অধিগৃহীত জমির দুস্থ লোকেরা এখনো পর্যন্ত ক্ষতিপূরণের টাকা পায়নি। আমি এবারে নতুন বিধায়ক হয়েছি, ২০০১ সাল থেকে অদ্যাবধি বহুবার আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে গেছি এই ক্ষতিপূরণের টাকার ব্যাপারে। কিন্তু সরকার আর্থিক অনটনের অজুহাত দেখিয়ে সেই টাকা আজ পর্যন্ত দিতে পারেনি। জলপাইগুড়ির ডিভিশনাল কমিশনার সেই টাকা দেবার জন্য অনুমোদন দিলেন, রাইটার্স বিল্ডিংস থেকে ডেপুটি সেক্রেটারির চিঠি গেল সেই টাকা দেবার জন্য, তা সত্ত্বেও আজও পর্যন্ত সেই টাকা দেওয়া হল না। অথচ এখানে দেখছি তিনি অনেক টাকা এই ক্ষতিপূরণ বাবদ দিয়েছেন। কাজেই এই বিষয়টি দেখার জন্য অনুরোধ করছি।

[4.10–4.20 p.m.]

কাজেই এ বিষয়টা দেখার জন্য আমি তাকে অনুরোধ করছি। গ্রামবাংলার উন্নতির কথা আমরা বিরোধীপক্ষ থেকে বলি, সরকার পক্ষের বক্তারাও বলেন কারণ আমরা সকলেই গ্রামবাংলার উন্নতি চাই। গ্রামবাংলাতেই পশ্চিমবঙ্গের শতকরা ৭০/৭৫ ভাগ মানুষ বাস

করেন সেই কারণে গ্রামবাংলার উন্নয়ন আমরা সকলেই চাই। আজকে সরকারপক্ষ থেকে অনেক বক্তাই কৃষক-দরদী নানান কথাবার্তা বললেন কিন্তু একজন সরকারপক্ষের বন্ধু তার বক্তব্য রাখতে গিয়ে আমাদের নেতা অতীশবাবু সম্পর্কে যে কটাক্ষ করলেন আমি তার প্রতিবাদ করছি। যারা কংগ্রেস করে তারা সকলেই নিশ্চয় বুর্জোয়া শ্রেণীর লোক নন আবার বামপন্থী হিসাবে যারা নিজেদের জাহির করেন তারা সকলেই ভালো—এ দাবি করতে পারেন না। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যেসব কাট-মোশান এনেছেন আমি তার সবগুলির বিরোধিতা করছি। ১৫ জন মাননীয় সদস্য মোট ৫০টি কাট-মোশান এনেছেন কিন্তু তার একটির মধ্যেও গ্রহণ করার মতন সারবস্তু নেই। মোট ১১ জন মাননীয় সদস্য এই বাজেটের আলোচনায় অংশ গ্রহণ করেছেন এবং তারা সমালোচনা করেছেন, কিন্তু উপদেশ দিয়েছেন, পরামর্শ দিয়েছেন—এ সবটাই আমাদের দপ্তরের কাজ করার ক্ষেত্রে সহায়ক হবে, এরজন্য আমি তাদের আন্তরিকভাবে ধন্যবাদ দিচ্ছি। মাননীয় অতীশদা পরিসংখ্যানের একটি নিটোল জাল বুনেছেন, সেটা কেটে বেরুনো বেশ শক্ত। কারণ উনি বংশপরম্পরায় জমিদার আর আমি বংশপরম্পরায় হেলে চাষী। ওর ধারণা ভূমি সংস্কার হয় আইন করে আর আমার বিশ্বাস ভূমি সংস্কার হয় রাজনৈতিক সদিচ্ছায়, তার পেছনে থাকে কৃষক আন্দোলন এবং ডান্ডা ও ঝান্ডার জোর এবং এই ডান্ডা ও ঝান্ডার জোরেই পশ্চিমবাংলায় যেটুকু ভূমি সংস্কার তা হয়েছে। প্রতি বছরই উনি একটা হিসাব দেন এবং হিসাব দিয়ে বলেন ওদের আমলেই ভেস্টিং হয়েছিল বেশি, বিলি হয়েছিল বেশি। ঘটনাটা কিছুটা সত্যি কিন্তু ঘটনাটা হচ্ছে এই রকম—'অশ্বত্থমা হত ইতি গজ।' আইন হয়েছে কিন্তু কার্যক্ষেত্রে হয়নি, মাঝখান থেকে জমিদাররা অনেক কোটি টাকা ক্ষতিপূরণ নিয়ে বেরিয়ে চলে গিয়েছেন। উনি যেসব হিসাব চেয়েছেন আমি সংক্ষেপে তার দু-চারটি বলব কারণ সব বলতে গেলে অনেক সময় লাগবে। আমাদের ভারতবর্ষে যে কৃষিযোগ্য জমি আছে তার মাত্র তিন ভাগ কৃষিযোগ্য জমি আছে পশ্চিমবাংলায় এবং পশ্চিমবাংলায় পাহাড় বাদে জঙ্গল, মাটি, নদী, জমি ইত্যাদি মিলিয়ে ২ কোটি ১০ লক্ষ একর জমি আছে। এর মধ্যে চাষযোগ্য জমির পরিমাণ হচ্ছে ১ কোটি ৩৪ লক্ষ। ৮ কোটি লোক দিয়ে এটা ভাগ করলে মাথাপিছু দাঁড়ায় ২৩ শতক। মোট জমি ভেস্ট হয়েছে ২৯ লক্ষ ৬৯ একর। এর মধ্যে ফরেস্টের জমি আছে ১০ লক্ষ ৪ হাজার একর, অকৃষি জমির পরিমাণ হচ্ছে ৫ লক্ষ ৯০ হাজার একর। কৃষিজমির পরিমাণ হচ্ছে মাত্র ১৩ লক্ষ ৯০ হাজার একর। উনি যেটা জানতে চেয়েছেন পশ্চিমবাংলায় বর্গাদার এবং পাট্টাদার, তারা জমিতে আছে কিনা। আমরা সম্প্রতি কল্যাণীর রুর‍্যাল ডেভেলপমেন্ট ইন্সটিটিউটকে দিয়ে সমীক্ষা করিয়েছি এবং তাতে দেখছি জমি বর্গাদারদের দখলে আছে এবং চাষ করে ৮৬ ভাগ, তার মানে ১৪ ভাগ জমি হস্তান্তর হয়েছে। পাট্টাদারদের জমি দখলে আছে, চাষ করে তারা হচ্ছে ৮৭ ভাগ, তার মানে ১৩ ভাগ জমি হস্তান্তর হয়েছে, যেটা বেআইনি। কিন্তু অন্যায়ভাবে ঘুরেফিরে হস্তান্তর হয়েছে। আর উনি যেটা বিরোধিতা করে বলেছেন যে এত টাকা, ৩৬৬ কোটি টাকা, এটা উনি সমর্থন করতে

পারছেন না। এই টাকাটা শুধু ল্যান্ড রিফর্মস-এর জন্য নয়। কালেকটর সাহেব, ডি.এম.-এর এস্টাবলিস্টমেন্টের সমস্ত খরচ এই দপ্তর থেকে যায় যদিও কালেকটর একটা ক্ষুদ্র অংশের কাজ করে, এই দপ্তর বাকি সমস্ত কিছু ডেভেলপমেন্ট ইত্যাদির কাজ করে, এটা আপনারা সবাই জানেন। এস.ডি.ও. এস্টাবলিস্টমেন্টের সব খরচ এই দপ্তর থেকে যায়। বর্গা সার্টিফিকেট-এ সই করে এস.ডি.ও. বর্গা অ্যানালমেন্ট করে এস.ডি.ও. বাকি সব কাজ করে ডেভেলপমেন্টের এই দপ্তর। আপনারা জানেন নাজিরখানা পর্যন্ত এই দপ্তর থেকে যায়। ৩ জন ডিভিশনাল কমিশনার আছেন, তার সমস্ত এই দপ্তর থেকে যায়। রেন্ট কন্ট্রোল আছে, ঠিকা কন্ট্রোল আছে, নানাবিধ সব আছে। ইংরেজ আমল থেকে এই দপ্তরের পত্তন, সেই জন্য এই হেড থেকে টাকা যায়। সব টাকা ল্যান্ড রিফর্মস দপ্তরের জন্য খরচ হয় না। এই হেডটা এইভাবেই চলে আসছে, সেই জন্য সেইভাবেই দেখানো আছে। উনি একটা জায়গায় হিসাব নিয়ে বললেন যে ১০০০ কোটি টাকা আয় দেখানো হচ্ছে, একচুয়ালসে নেই। আসল ঘটনা হচ্ছে ০০২৯ একটা হেড আছে এল.আর.হেড-এ তাতে এই টাকাটা দেখানো আছে। কিন্তু এটা অনেকগুলো দপ্তর আদায় করে। পি.ডবলু.ডি. করে এবং বিশেষ করে ফিনান্স বেশি করে কয়লা ইত্যাদি থেকে। আমরা যেটা করি তার হিসাবটা আপনার কাছে দেব। বিষয়টা হচ্ছে এই বছর, একেবারে এই বছর আমরা কি কাজ করেছি তার হিসাবটা আগে দিই। ২০০২ সালের এপ্রিল থেকে ২০০৩ সালের মার্চ, এই সময়ের মধ্যে চাষযোগ্য জমি ভেস্ট হয়েছে ৭০০০ একর। আপনারা বললেন স্লথ হয়ে গেছে, হচ্ছে না ইত্যাদি। না, এর মাঝখানে ৭ হাজার একর জমি ভেস্ট করা গিয়েছে। আগে যেখানে বিগ রায়ত ছিল, বড় বড় জমির মালিক ছিল, স্টেট অ্যাকুইজিশান অ্যাক্টে এক কলমের খোঁচায় ১০ লক্ষ একর জমি ভেস্ট করা গিয়েছিল। ১ দিনে এক কলমের খোঁচায় এটা করা গিয়েছিল। এখন বিগ রায়ত ধরে ধরে তাদের সমস্ত জমি মিলিয়ে এক মৌজায় তারপর ৩-৪টি মৌজায় তারপর জেলায় দেখে এই সব করা খুব কঠিন কাজ। তবে এই কঠিন কাজটা করে এই বছর আমরা ৭ হাজার একর জমি ভেস্ট করতে পেরেছি। জমি বণ্টনের ক্ষেত্রে যদি বলেন কমে যাচ্ছে তাহলে সেটা দেখুন। ২০০২ সালের এপ্রিল থেকে ২০০৩ সালের মার্চ পর্যন্ত আমরা জমি বণ্টন করতে পেরেছি ১৫ হাজার একর। ব্যাক লগ থেকে কিছুটা করেছি। ভেস্ট হওয়ার সঙ্গে সঙ্গেই তো বণ্টন করা যায় না। পেছনের মিলিয়ে ১৫ হাজার একর করা গেছে। আমরা পাট্টা দিতে পেরেছি এই ১৫ হাজার একর জমিতে ৬৪ হাজার লোকের মধ্যে। তার মধ্যে এস.সি. আছে ২২ হাজার, এস.টি. আছে ৮ হাজার, অন্যান্য আছে ৩৪ হাজার। অর্থাৎ এস.সি. অ্যান্ড এস.টি.-দের মধ্যে ৪৮ শতাংশ পাট্টাদারের মালিক হয়েছে। বাস্তু জমির পাট্টা কংগ্রেস আমলে ছিল না কোনো সময়ে। এই বছর অর্থাৎ ২০০২ সালের এপ্রিল থেকে ২০০৩ সালের মার্চ পর্যন্ত ৩ হাজার একর জমিতে বাস্তু জমির পাট্টা দিতে পেরেছি। বর্গাদার নথিভুক্ত করা হয়েছে ৩ হাজার জনের নামে। বর্গাদার রেকর্ড যে হচ্ছে না তা নয়। নতুন করে তো আর বর্গাদার গজাবে না, যারা বর্গাদার ছিল, রেকর্ড করেনি, নতুন করে তারা দরখাস্ত করছে বা খোঁজ পাওয়া যাচ্ছে তাদেরই তো করা হবে। নতুন করে লোক তো আর বর্গাদার হচ্ছে না। সেইভাবে খুঁজে ৩ হাজার জনের বর্গাদার রেকর্ড করেছি। ৩ হাজার বর্গাদারের হাতে যে জমি

গিয়েছে সেই জমির পরিমাণ হল ২ হাজার একর। যৌথ পাট্টা, আগে তো যৌথ পাট্টা ছিল না, পরবর্তীকালে যৌথ পাট্টা চালু হয়েছে। এই বছর অর্থাৎ ২০০২ সালের এপ্রিল থেকে ২০০৩ সালের মার্চ পর্যন্ত যৌথ পাট্টা দিয়েছি ২৩ হাজার জনকে। এর ভেতর নারীদের জমির উপর অধিকারটা যাতে ধীরে ধীরে বাড়ানো যায় সেটা আমরা করছি। আমাদের দপ্তরের পক্ষ থেকে একটা সারকুলার দেওয়া হয়েছিল ২০০০ সালের নারী বর্ষ থেকে। আমরা বলেছিলাম অন্তত ৪০ ভাগ নারীকে যারা স্বামী পরিত্যক্তা, বিয়ে হওয়া সম্ভব নয়, বয়স হয়ে গিয়েছে, বিধবা ইত্যাদি এই বছর পাট্টা দিতে পেরেছি কেবলমাত্র ৫ হাজার জনকে। আর টোটালের দিক থেকে আজ পর্যন্ত যে ফিগার সেটা এবারে আমি আপনাদের সামনে রাখছি।

[4.20–4.30 p.m.]

আজ পর্যন্ত জমি ভেস্ট হয়েছে, ২০০৩ সালের মার্চ পর্যন্ত ১৩ লক্ষ ৯০ হাজার একর। আর ডিস্ট্রিবিউশন করা গেছে ১০ লক্ষ ৭৯ হাজার একর। ২০০৩ সালের মার্চ পর্যন্ত বর্গা রেকর্ড হয়েছে ১৫ লক্ষ ২ হাজার একর জমির মধ্যে ১১ লক্ষ ৯ হাজার একর। বাস্তু জমির পাট্টা প্রাপকের সংখ্যা আজ পর্যন্ত ৫ লক্ষ ৪৭ হাজার একর। খাস জমি প্রাপকের সংখ্যা, অর্থাৎ পাট্টাদারের সংখ্যা ২৭ লক্ষ ৯ হাজার। এর মধ্যে এস.সি. হচ্ছে ১০ লক্ষ ৪ হাজার, আর এস.টি. হচ্ছে ৫ লক্ষ ১৯ হাজার, আর অন্যান্যদের সংখ্যা হচ্ছে ১১ লক্ষ ৮৬ হাজার। শতকরা হিসাবে এস.সি., এস.টি. ৫৬ ভাগ জমি পেয়েছে। পশ্চিমবঙ্গে এস.সি., এস.টি. পপুলেশন হচ্ছে ২৭ ভাগ মোট পপুলেশনের মধ্যে। তারা জমি পেয়েছে শতকরা ৫৬ ভাগ। অর্থাৎ তাদের পপুলেশনের ডবল। এটা আমাদের কৃতিত্ব। আমরা তলার দিকে যারা আছে, তাদের দিকে প্রায়োরিটি দিয়েছি। আর কোর্ট কেসে যা আটকে আছে তার পরিমাণ হচ্ছে ১ লক্ষ ৮৮ হাজার একর জমি। 'ভূমিজীবী' বলে একটা সংঘ তৈরি হয়েছে। তারা সুপ্রিম কোর্টে কেস করেছেন। মজার কথা হচ্ছে, সুপ্রিম কোর্ট বলেছেন কনস্টিটিউশনাল বেঞ্চ, অর্থাৎ ১১ জন জাজ বসে রায় দেবেন। কত তেল পুড়লে রাধা নাচবে—কবে এই কনস্টিটিউশনাল বেঞ্চ হবে, কবে রায় দেবেন তাঁরা, জানি না। তারপরে কি হবে জানি না কতটা কি রিলিজ হবে। যাই হোক, কোর্ট কেস অর নো কোর্ট কেস, কেস অর নো কেস, হাইকোর্ট বা সুপ্রিম কোর্ট যাই বলুক, ডান্ডা-ঝান্ডার জোরে কিন্তু জমিতে লোক বসে আছে। লাঙলের ডগায় তারা চাষ করে। কোর্ট কেস ছাড়া জমি বণ্টন বাকি আছে ৯৮ হাজার একর। আর বণ্টনের উপযুক্ত জমি হচ্ছে ৪৯ হাজার একর। আমরা এটা ঠিক করেছি, দু'তিন বছরে রেট বাড়লে আমরা কভার করে দেব। বাকি যেটা আছে, নন-এগ্রি, সেটা দিয়ে সোস্যাল ফরেস্ট্রি—সুভাষবাবু যেটা বলছিলেন, জমি যাতে কাজে লাগে, সেগুলো আমরা ব্যবস্থা করার কথা বলেছি। এবারে আমি অতীশদার হিসাবটা দেব। উনি যেটা বারে বারে বলেন, কংগ্রেস আমলে কি হয়েছে আর আমাদের আমলে কি হয়েছে—ই. অ্যাক্ট, অর্থাৎ এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট ১৯৫৩ সালে যেটা হয়েছিল, তখন এক কলমের খোঁচায় ১০ লক্ষ একর জমি ভেস্ট হয়েছিল। কিন্তু এক ছটাক জমি বিলি হয়নি। জমিদাররা কিন্তু ক্ষতিপূরণ পেয়েছিলেন বিপুল পরিমাণে।

এল.আর. অ্যাক্ট ১৯৫৫ সালে যেটা হয়েছিল, তাতে জমি ভেস্ট হয়েছিল ৩ লক্ষ ৮৭ হাজার একর। এক ছটাক জমিও বিলি হয়নি। এল.আর. অ্যাক্টে জমির শিলিং বলা হয়েছিল ৭৫ বিঘা। বাস্তু জমির ক্ষেত্রে শিলিং করা হয়েছিল ৬০ বিঘা। অর্থাৎ দেবত্তর সম্পত্তি, ফল-ফলাদির জমি, ভেড়ি সব মিলিয়ে জমিটা এল বাঁদিক দিয়ে আর ডানদিক দিয়ে ঢুকিয়ে দেওয়া হল। ১৯৬৭-'৬৯ সালে হরেকৃষ্ণ কোঙার যেটা করেছিলেন, তিনি বলেছিলেন, 'তোমরা জমিতে ঢুকে পড়, তারপর আমি দেখবো।' কংগ্রেস আমলে ১৯৬৭ সাল পর্যন্ত জমি ভেস্ট হয়েছিল ৬ লক্ষ একর। আর ১৯৭২-'৭৭ সালে এই সময়ে ভেস্ট হয়েছিল ১ লক্ষ একর। এই টোটাল ৭ লক্ষ একর জমি ভেস্ট হয়েছিল। এটা বিলি হয়নি। বিলি হওয়ার ব্যবস্থা ছিল না। যদিও খাতা কলমে দেখিয়েছিলেন বিলি হয়েছিল বলে ১৯৭২-'৭৭ সালে। ৬ লক্ষ ৯০ হাজার একরের মধ্যে ডিস্ট্রিবিউশন হয়েছিল ১৯৭২-'৭৭ সালে ৫ লক্ষ ৫০ হাজার একর—খাতা কলমে এটা দেখানো হয়েছিল। চাষীদের হাতে জমি যায়নি। খাতা কলমে দেখানো হয়েছিল এর নামে তার নামে। সেসব অনেক গণ্ডগোলের ব্যাপার। আর বামফ্রন্টের আমলে, ১৯৭৭ সাল থেকে ২০০৩ সালের মার্চ পর্যন্ত ল্যান্ড ভেস্ট হয়েছে ৫ লক্ষ ২৯ হাজার একর। বামফ্রন্ট সরকারের আমলে ১৯৭৭ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত ১১ লক্ষ ৫২ হাজার একর বর্গা রেকর্ড হয়েছে। কংগ্রেস আমলে বাস্তু জমির পাট্টা বলে কোনো বস্তুই ছিল না, দেয়নি। বামফ্রন্ট আমলে ১৯৭৭ সাল থেকে ২০০০ সাল অবধি ৫ লক্ষ ৪৫ হাজার জনকে পাট্টা দেওয়া হয়েছে। এবার খাজনা, সেস ইত্যাদির কথা বলছি—হ্যাঁ, খাজনা বাড়লে কারুরই ভাল লাগে না, সেস বাড়লেও ভাল লাগে না। কিন্তু সরকারটাকে তো চালাতে হবে, উন্নয়নমূলক কাজ তো করতে হবে এবং রেভিনিউ তো আসতে হবে। এই রেভিনিউ কোথা থেকে আসবে ? যে কোনো জায়গার থেকে একটা রেভিনিউ আসতে হবে, কেবলমাত্র সেলস্ ট্যাক্স বাড়িয়ে দিলেই তো সব হবে না। সেইজন্য যতটা সহনশীল হওয়া সম্ভব তা করেছি। আমি আগেই বলছি যে, ১৯৪০ সালের পর থেকে আজ পর্যন্ত কোনো খাজনা বাড়ানো হয়নি। হিসাব করলে আজ পর্যন্ত একরে ১০৫ টাকা হওয়ার কথা, সেখানে ২০ টাকা করা হয়েছে। সেটার উপরেই যা খাজনা হয়েছে। আমি চাষীদের সঙ্গে কথা বলে দেখেছি তারা একটা দাখিলা চায়। সেখানে একটা দাখিলা ছাপিয়ে তার দু কপি দিতে গেলে ২.১০ পয়সা তার খরচ। আর সেসে তারা কত দিচ্ছে—এক বান্ডিল বিড়ির দাম ৩ টাকা যেখানে, সেখানে তার চেয়ে কম দিতে হয়। তাই ওরা বলেছে ওতে ওদের কোনো অসুবিধা নেই, একটা দাখিলা দেন, তাতে জমির রেকর্ড একটা ঠিক থাকবে কারণ সি এসে একজনের নাম, আর এসে একজনের নাম, এল আরে আরেকজনের নাম—এইভাবে উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে চেপে যাচ্ছে। তবুও রেগুলার একটা হিসাব থাকবে, আমাদের দাগ-টাগ থাকলে সুবিধা হবে। সুতরাং এই ব্যাপারে কেউ বাধা দিচ্ছে না। আর এই খাজনা আদায়ের ক্ষেত্রে বলা হয়েছে ১৪০৯ সালের ১লা বৈশাখ থেকে ৩০শে চৈত্র পর্যন্ত খাজনা, সেস বাবদ ৫৪ কোটি ৭৬ লক্ষ, রয়ালটি বাবদ বালি-টালি ইত্যাদি বাবদ ৬৭ কোটি ২২ লক্ষ টাকা, আরও অন্যান্য আছে—নন সেটেলমেন্ট ইত্যাদি খাতে ২৫ কোটি ৬৪ লক্ষ টাকা এইভাবে মোট ১৪৭ কোটি ৬২ লক্ষ টাকা রাখা হয়েছে। সর্বোচ্চ রেকর্ড, গত বছরে সবচেয়ে বেশি আদায় হয়েছিল ৬৭ কোটি

টাকা। এইবার হয়েছে ১৪৭ কোটি ৬২ লক্ষ টাকা। অর্থাৎ দপ্তর একটু নড়েচড়ে কাজ করছে এর থেকেই প্রমাণিত হচ্ছে। এরপরে বলেছেন বাড়ি ভাড়া আইন কি কার্যকরী হয়েছে কিনা। এর রুল তৈরি হয়েছে এবং রেন্ট কন্ট্রোলার পোস্টকেও আপ গ্রেড করে জয়েন্ট সেক্রেটারি পোস্ট করা হয়েছে। দুজন অ্যাডিশনাল রেন্ট কন্ট্রোলার পদ সৃষ্টি করা হয়েছে—একজন আলিপুরে বসবেন এবং আরেকজন শিয়ালদহে বসবেন। অফিসঘরও ঠিক হয়ে গেছে। শীঘ্রই চালু হবে। এরপরে ঠিকার কথা বলেছেন। এখানে ঠিকা আইনে যা বলা আছে ওটা ১লা মার্চ থেকে চালু হয়েছে। রুলটা তৈরি হয়েছিল, কিন্তু ওপরতলার ডেটিংয়ের জন্য অপেক্ষায় আছে। অতীশদা যেটা বললেন যে, সব জমি কলকাতার ঠিকা নাকি, সেই ব্যাপারে বলছি—এ ফর্মে যারা পূরণ করেছে সেই অনুযায়ী দেখা যাচ্ছে যে, ৭০৮ একর জমি ঠিকা ল্যান্ড হিসাবে ক্লেম হয়েছে। এ ফর্মের ক্ষেত্রে খাটালের জমির পরিমাণ হচ্ছে ৭০ একর, কিন্তু এর বেশিরভাগটাই কোর্ট কেসে আটকে আছে। সুতরাং কলকাতার সঙ্গে যুক্ত ৭০৮ একর, আর ৭০ একর খাটাল। আর হাওড়াতে ঠিকা প্রজাদের সংখ্যা ৯ হাজার। আর ওই রেকর্ডে আর, আর এবং আর ও আরের কথা যেটা বললাম। ৪২ হাজার ৬৭টি মৌজা, তার মধ্যে আমাদের ৩৯ হাজার ৬৪৮টি মৌজা কম্পিউটার নথিভুক্ত হয়েছে, ফাইনাল পাবলিকেশান হবে ৩৯ হাজার ৭১৭টি। আর পশ্চিমবঙ্গে যে ৪২ হাজার ৬৭টি মৌজা আছে, ৬৬ হাজার আমাদের সিফটিং হবে, এর ম্যাপ হচ্ছে এবং এই ম্যাপের মধ্যে ১৭ হাজার ৫টির সিফট তৈরি করতে পেরেছি। পুরুলিয়া এরিয়াল সেটা আগের থেকেই করেছি, অধিগ্রহণের একটা সমস্যা হয়েছে। আগে ছিল অ্যাক্ট টু এবং অ্যাক্ট টু-তে কোনো কিছু নেই বলেই এর একটা পারমিসিভ পজেশান দেওয়া হত।

[4.30–4.40 p.m.]

অ্যাক্ট টু-তে কোনো কিছু না বলে আগে একটা পারমিসিভ পজেশান দেওয়া হত। তারপরে ভ্যালুয়েশান কষা হত, তারপরে টাকা-পয়সা দেওয়া হত। এখন সেই কেসে অনেক গণ্ডগোল আছে। আমি এসে দেখেছি যে মহাগণ্ডগোল। সে সরলীকরণ করা খুবই সমস্যা। কারণ আর বি ছিল, হয়তো রিকোয়ারিং বডি ছিল, ইরিগেশান দপ্তর তারা সেই সময় একটা টাকা ধরে রেখে ছিল। তারপরে, ১০ বছর পরে দেখা যাচ্ছে রেফারেন্স কেস যা আসে, তার ১০ গুণ ভ্যালুয়েশান হয়ে গেছে। তার আর বাজেটে নেই, সেই টাকা তারা আর দিতে পারছে না। এইসব নানান অবস্থা। সেইজন্য আমরা চেঞ্জ করে এখন অ্যাক্ট ওয়ান করেছি। অ্যাক্ট ওয়ান-এ রিকোয়ারিং বডি যারা তাদেরকে আগে ৮০ শতাংশ টাকা আমাদের দপ্তরে জমা দিতে হবে, আমরা সেই টাকাটা, আগে যারা টাকা পাবে, সেই প্রাপকদের টাকা পেমেন্ট করব, তারপরে জমির পজেশান দেব। অ্যাক্ট ওয়ানে কোনো গণ্ডগোল হচ্ছে না। এখানে অ্যাক্ট টু-তে প্রভূত গণ্ডগোল আছে এবং বিশেষ করে রেফারেন্স কেস হয়ে যা পড়েছে, সেই গভর্নমেন্টের অর্ধেক বিক্রি হয়ে যেতে পারে যে অবস্থায় পড়ে আছে। কিন্তু এখন উপায় নেই। ওইভাবে যতটা পারা যায় করা যাবে। যদিও গত বছরে আমরা, ওই ২০০২ সালের এপ্রিল মাস থেকে ৩রা মার্চ পর্যন্ত জমি অধিগ্রহণ করেছি ৪৬২৯ একর এবং এই বাবদ ক্ষতিপূরণ

দিয়েছি আমরা ১৯০ কোটি ৫০ লক্ষ টাকা। বড় বড় জমির ব্যাপারে আর একটা কথা বলি, রেইল-এর জন্য, আমাদের এখানে কতকগুলি বড় বড় রেইল-এর প্রকল্প চলছে। তার জন্য আমরা জমি অ্যাকোয়ার করে দিয়েছি ২৮৪ একর। হাউসিং-এর জন্য ৯৬২ একর এবং সেচ দপ্তর তিস্তা সহ ৯৭৭ একর। পি এইচ সি-এর জন্য ৬৯ একর। ন্যাশানাল হাইওয়ের জন্য ৪৩১ একর। আমরা ঠিক করেছিলাম পাবলিক গ্রিভান্স সেল—যেখানে জনগণের অভিযোগ সরাসরি আমাদের কাছে করে, অন্য জায়গাতেও করে, এই অভিযোগগুলির নানান সততা আছে, সেই সম্পর্কে আমরা অভিযোগগুলি প্রত্যেক বছরে মনিটর করি। আমরা দেখেছি, ২ হাজারের এপ্রিল থেকে ২০০৩-এর মার্চ পর্যন্ত জনগণের অভিযোগ আমরা পেয়েছি ১৩১টা। এর ভেতরে ১০৫টার নিষ্পত্তি হয়েছে, ২৬টার তদন্ত চলছে। শাস্তিমূলক ব্যবস্থার দিকে আমরা খুব নজর রাখছি যে ওইসব অফিসে কি করে না করে। আসলে বড় দপ্তর, সেখানে ৫২ হাজার কর্মী কাজ করে, তাই সবটা সম্ভব হয়তো নয়, তাই যতটা পারা যায় দেখা হচ্ছে। ২০০২-এর এপ্রিল থেকে আমাদের ২০০৩-এর মার্চ পর্যন্ত ১২ জনকে শাস্তি দেওয়া হয়েছে। ৫ জন আর ও, ৬ জন এস আর ও টু, উপরের অফিসার একজন এস আর ও ওয়ান। গত বছরে বিভাগীয় প্রসিডিংস শুরু করেছিলাম তিন জনের বিরুদ্ধে। এদের মধ্যে এস আর ও ওয়ান এবং আর ও ২ জনের বিরুদ্ধে বিভাগীয় কমপ্লেন আছে ৩৮ জনের বিরুদ্ধে, এর মধ্যে ১৮ জন হচ্ছে আর ও এবং ১৫ জন এস আর ও এদের শাস্তি দেওয়া হয়েছে এবং ৫ জন এস আর ও এদের বিরুদ্ধে প্রসিডিংস হচ্ছে। এইভাবে আমরা দেখছি আমরা কেন্দ্রীয় প্রকল্পের ১০০ শতাংশ টাকা আমরা পেয়েছিলাম—হানড্রেড পারসেন্ট—২১ কোটি ৪১ লক্ষ টাকা। এর মধ্যে আমরা ২০ কোটি ১ লক্ষ টাকা খরচ করেছি, আরো আছে ১ কোটি ১০ লক্ষ টাকা। ফিফটি ফিফটি বেসিসে যে গ্রান্ট আমরা পেয়েছিলাম তাতে আমরা ২৮ কোটি ৪৩ লক্ষ টাকা পেয়েছিলাম, তার ভেতরে ১৮ কোটি ২৮ লক্ষ টাকা খরচ করেছি। আমাদের হাতে ৬ কোটি ১৫ লক্ষ টাকা আছে। এ ছাড়া, আপনারা আরও বলছিলেন যেটা সেকেন্ড এবং থার্ড অ্যামেন্ডমেন্টের পরে কোনো জমি দখল হয়নি ? বিষয়টা তা নয়। আমাদের যে সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিলটা পাস করি অ্যাসেম্বলীতে '৮১ সালে ; সেটা কিন্তু রাষ্ট্রপতির অনুমোদন পেতে পেতে এসে দাঁড়ায় '৮৬ সালে। তারপরে তৃতীয় অ্যামেন্ডমেন্ট বিল যেটা পাস হয়, সেটা হয় '৮৬ সালে, সেটা রাষ্ট্রপতির অনুমোদন হয়ে আসে '৮৯ সালে। দুটোকে একসঙ্গে '৯০ সাল থেকে কার্যকরী করা হচ্ছে এবং আজ পর্যন্ত এই দুটো অ্যাক্টে জমি ভেস্ট করা গিয়েছে ১ লক্ষ ৪৪ হাজার একর। সেকেন্ড অ্যামেন্ডমেন্ট মানে জমির সন্ধান সংজ্ঞার পরিবর্তন, ল্যান্ড মিনস মানে অল ল্যান্ড ইনক্লুডিং সমস্ত ল্যান্ড আর তৃতীয় অ্যামেন্ডমেন্ট হচ্ছে নন এগ্রি টেনেন্সি উচ্ছেদ, অর্থাৎ ওই জমিদারী উচ্ছেদ ; এই দুটো মিলিয়ে ১ লক্ষ ৪৪ হাজার করা হয়েছে। এল আর টি টি কেস-এর কথা বলেছেন। এই ২০০৩ সালের মার্চ মাস পর্যন্ত ভেস্টেড কেস দাখিল হয়েছে ৬,১১৬ ; হাইকোর্ট থেকে ট্রান্সফার হয়ে এসেছে ৩০৪৫ ; এর মধ্যে মোট ৯১৭০টি কেস-এর মধ্যে ৪৫০০ কেস নিষ্পত্তি হয়েছে। এই উভয় কেসের মধ্যে ৩৩,৬৪৮ একর জমি ছাড়া পেয়েছে। আবার উল্টে গিয়ে ফের হাইকোর্টে যা কেস হয়েছে সেখানে আবার ১০,১৫৫ একর জমি আটকে গেছে। এইভাবে কিছু জমি বেরোচ্ছে.

আবার কিছু জমি আটকে যাচ্ছে, তবে বেরোবার সংখ্যা কম। আমাদের এল.আর.টি.টি.-র যে সেটআপ আছে তাতে জুডিসিয়াল মেম্বার ওয়ান প্লাস ওয়ান। তার মধ্যে একজন আছে এবং একজন খুব শীঘ্রই জয়েন করবেন। এক্সিকিউটিভ দুজন আছেন, আর চেয়ারম্যান খুব শীঘ্রই জয়েন করবেন। আমাদের মিউটেশান কনভারশানের একটা হিসাব আমরা করেছি, আমরা কত পরিমাণ দিয়েছি। আমরা অনেক পরিমাণই দিতে পেরেছি, যা দরখাস্ত এসেছে প্রায় সবটাই আমরা দিতে পেরেছি। খাজনা মকুবেরও নিষ্পত্তি হয়েছে। গ্রামীণ এলাকায় এবং সর্বভারতীয় গড় সবাই বলে গেছেন, সেইজন্য আমি এটা আর বললাম না। মহলানবীশ কমিটির রিপোর্ট অনুযায়ী পশ্চিমবাংলায় যা জমি ভেস্ট—সারা ভারতবর্ষে ৭৩ লক্ষ ৬৬ হাজার, তার ভেতরে পশ্চিমবাংলায় ১০ লক্ষ ৯০ হাজার, অর্থাৎ সারা ভারতবর্ষের মধ্যে ভেস্টিং হয়েছে ১৮ ভাগ শুধুমাত্র পশ্চিমবাংলায়। আর বণ্টন হয়েছে ৫৩ লক্ষ ৭ হাজার গোটা ভারতবর্ষের ক্ষেত্রে, আর আমাদের পশ্চিমবাংলায় ১০ লক্ষ ৭৯ হাজার, অর্থাৎ সর্বভারতীয় ক্ষেত্রের ২০ শতাংশ। ভেস্টিংয়ের ক্ষেত্রে ১৮ শতাংশ এবং ডিস্ট্রিবিউশানের ক্ষেত্রে ২০ শতাংশ, এটা একমাত্র পশ্চিমবাংলাতেই সম্ভব হয়েছে। মাননীয় সদস্যরা আর দু-চারটি কথা বলেছেন, দেবপ্রসাদ বাবু বলেছেন সব আমরা পারিনি। আগে গ্রামে মিউটেশানের ক্ষেত্রে, অর্থাৎ নাম পরিবর্তনের ক্ষেত্রে শতকে আগে ৭৫ পয়সা ছিল, সেটা এখন আমরা এক টাকা করেছি। এটা বাড়িয়েছি সামান্য। কিন্তু উনি বললেন হাজার হাজার টাকা বাড়িয়েছি, আমি ঠিক বুঝলাম না উনি কি বললেন। আরেকজন সদস্য এখানে বলেছেন মৎস্য চাষের ব্যাপারে, চিংড়ী মাছের ক্ষেত্রে এটা করা যায় কিনা, এটা শতকে তিন টাকা বসানো যায় কিনা সেটা আমাদের ভাবতে হবে। নদী ভাঙনের ক্ষেত্রে ক্ষতিপূরণ দেওয়ার প্রভিশান আমাদের নেই, এটা আমাদের ভাবতে হবে। ল্যান্ড ভ্যালুয়েশানের ব্যাপারে যা বলেছেন সেটা আমাদের পরামর্শ করে দেখতে হবে, এটা কি করা যায়, না যায়। আর নদীগর্ভে জমি চলে গেছে, অথচ খাজনা নেওয়া হচ্ছে, এটা মহা মুশকিল। আর ইট ভাটার ব্যাপারে এখানে বলা হয়েছে, এটা ভয়ানক সমস্যা। কারণ ইট ভাটাতে গণ্ডগোল হচ্ছে। ইট ভাটার ক্ষেত্রে ট্রেড লাইসেন্স দিচ্ছে গ্রাম পঞ্চায়েত, ফায়ার লাইসেন্স দিচ্ছে পঞ্চায়েত সমিতি, ইরিগেশান এবং পি.ডবলু.ডি., ভাঙছে না ক্লিয়ার আছে সেটা তারা বলছে, আর আমরা শুধু দিই আর্থ কোয়ারীর পারমিট, আর এনভায়রনমেন্ট দিচ্ছে ক্লিয়ারেন্স। এনভায়রনমেন্ট এবং আর্থ এই দুটোকে এক জায়গায় করে আমরা যখন কন্ট্রোল করছি তখন দেখা যাচ্ছে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি তাদের ট্রেড লাইসেন্স দিয়ে দিচ্ছে। তখন ওরা কোর্টে গিয়ে মামলা করে দিচ্ছে। আমরা যে রেট বাড়িয়েছি এনহ্যান্সড, এখন সেটা পার সি.এফ.টি ৬৬ টাকা, সেটা বন্ধ করে ১৫ টাকা প্লাস ৫ টাকা ওরা দিচ্ছে। এটা নিয়ে ব্রিক ফিল্ড অ্যাসোসিয়েশন কোর্টে গিয়ে লড়াই করছে। আর কোর্টে কেস জেতা যে মুশকিলের ব্যাপার সেটা আপনারা জানেন।

এখানে মাননীয় সদস্য চিত্তরঞ্জন দাস ঠাকুর চা-বাগানের সমস্যার কথা বললেন। হ্যাঁ, চা-বাগানের সমস্যা ছিল এবং আছে। সেটা ভয়ঙ্কর সমস্যা। সেই জন্য আমরা একটা কাট অফ ডেট ডিক্লেয়ার করেছি ৩০.৬.২০০১, এর পরে যে নতুন চা-বাগান হয়েছে, সেটা আমরা আর রেকগনাইজড করব না। এটুকু বলে আমার বক্তব্য শেষ করছি, আশা করি আপনারা সকলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করবেন।

The motions (Nos. 6-9) that the amount of the Demand be reduced to Re. 1/-, were then put and lost.

The motions (Nos. 10, 20-25 and 49 & 50) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 366,39,11,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "2029–Land Revenue, 2049–Interest Payments, 2052–Secretariat-General Services, 2053–District Administration, 2070–Other Administrative Services, 2216–Housing, 2250–Other Social Services, 2506–Land Reforms, 3604–Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 5475–Capital Outlay on Other General Economic Services" during the year 2003-2004. (This is inclusive of a total sum of Rs. 122,13,04,000 already voted on account in March, 2003)

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4.41 p.m. till 11 a.m. on Monday, the 7th July, 2003 at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 7th July, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Deputy Speaker (SHRI BHAKTI PADA GHOSH) in the Chair, 10 Ministers, 06 Ministers of State and 73 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions

(To which oral answers were given)

চুক্তির ভিত্তিতে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ

*১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮) **শ্রী আবদুল মান্নান** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চুক্তির ভিত্তিতে ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত কতজন প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক/শিক্ষিকাকে নিয়োগ করা হয়েছে ;

(খ) চুক্তির ভিত্তিতে নিযুক্ত শিক্ষক/শিক্ষিকাদের পারিশ্রমিকের হার কত ; এবং

(গ) উক্ত শিক্ষক/শিক্ষিকাদের স্থায়ীকরণের কোনও পরিকল্পনা আছে কি না ?

শ্রী কান্তি বিশ্বাস :

(ক) প্রাথমিক বিদ্যালয়ে চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগের কোনো সিদ্ধান্ত সরকারের নেই। শুধুমাত্র উচ্চ মাধ্যমিক শ্রেণির জন্য ৪৭৬টি চুক্তি-ভিত্তিক শিক্ষকের পদ মঞ্জুর করা হয়েছে। এই পদগুলিতে বিদ্যালয়ের পক্ষ থেকে নিয়োগের কাজ শুরু হয়েছে।

(খ) পারিশ্রমিকের হার মাসে ২০০০ টাকা।

(গ) না, নেই।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, মন্ত্রীমহাশয় বললেন যে প্রাথমিক বিদ্যালয়ে চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগের কোনো সিদ্ধান্ত নেননি। উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে বললেন, মাধ্যমিকের ক্ষেত্রে কিছু বললেন না। দেখা যাচ্ছে যে উচ্চ মাধ্যমিকের জন্য যাদের নিয়োগ করা হচ্ছে তাদের মাধ্যমিকের ক্লাস নিতে হচ্ছে, এমনকি তার নীচের ক্লাসও, ফাইভ, সিক্স-এর ক্লাসও নিতে হয়। অথচ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক শ্রেণির

জন্য তাদের নেওয়া হচ্ছে। এইরকম কোনো তথ্য কি আপনার কাছে আছে যে যাদের নিয়োগ করা হচ্ছে তারা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা করছেন কিনা ?

শ্রী কান্তি বিশ্বাস : আপনি অবগত আছেন যে বিদ্যালয়ের শিক্ষকরা তাঁরা মাধ্যমিক, উচ্চমাধ্যমিক অংশের জন্য নিযুক্ত হলেও তারা বিভিন্ন শ্রেণিতে শিক্ষকতা করেন। নাহলে কোনো বিদ্যালয় চলে না। সেজন্য মাধ্যমিক স্তরে নিযুক্ত করা হলেও তাঁরা উচ্চ মাধ্যমিক পড়ান উচ্চমাধ্যমিকের জন্য নিযুক্ত করা হলেও, দু হাজার মাসিক বেতনে নিযুক্ত করা হলেও তারা পঞ্চম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত বিভিন্ন শ্রেণিতে পড়ান।

শ্রী আবদুল মান্নান : তাতে আমার কোনো আপত্তি নেই। আমি জানি যে উচ্চ মাধ্যমিক শ্রেণির জন্য হায়ার সেকেন্ডারি স্কুলে যারা অ্যাপয়েন্টেড হন তাঁরা ফাইভ থেকে টুয়েলভ পর্যন্ত যে কোনো ক্লাসই পড়ান। এমনকি কোনো নির্দিষ্ট সাবজেক্ট টিচার হিসেবে অ্যাপয়েন্টেড হলেও অন্য সাবজেক্টও পড়ান কিন্তু আপনি যে উত্তরটা দিয়েছেন শুধুমাত্র উচ্চ মাধ্যমিক শ্রেণির জন্য নিয়োগ করা হচ্ছে, আমি প্রশ্নটা সেজন্যই করেছি।

শ্রী কান্তি বিশ্বাস : এই যে পদগুলো সৃষ্টি করা হচ্ছে, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করার জন্য। এই নিয়ে আমরা অর্থ দপ্তরের কাছে আবেদন করি। আবেদন অনুসারে তাঁরা এই পদগুলো মঞ্জুর করেন উচ্চ বিদ্যালয়গুলোকে উচ্চ মাধ্যমিকে উন্নীত করার জন্য। সে জন্য সমস্ত পদগুলি সৃষ্টি করা হয়েছে উচ্চ মাধ্যমিক স্তরের জন্য, মাধ্যমিক স্তরের জন্য পদগুলি সৃষ্টি করা হয়নি। আমরা অর্থ দপ্তরের কাছেও প্রস্তাব করিনি এবং অর্থ দপ্তরও দেয়নি। অর্থ দপ্তরের সম্মতি অনুসারে এই চুক্তির ভিত্তিতে ২০০০ টাকা মাসিক বেতনে শিক্ষক নিয়োগ করা যেতে পারে একমাত্র উচ্চ বিদ্যালয়ের জন্য, যদিও তারা পড়াবেন মাধ্যমিক স্তরে।

শ্রী আবদুল মান্নান : এদের নিয়োগের ব্যাপারটা কি স্কুল ম্যানেজিং কমিটির উপরে ছেড়ে দিয়েছেন, নাকি স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে হবে ? এর ক্রাইটেরিয়া কি ?

শ্রী কান্তি বিশ্বাস : এই নিয়োগের পদ্ধতি সম্পর্কে ২০০২ সালের জুলাই মাসে একটা বিস্তৃত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়, সেখানে এই নিয়োগের দায়িত্ব দেওয়া আছে বিদ্যালয় পরিচালকমণ্ডলীর উপরে। বিদ্যালয় কৃত্যক আয়োগের উপর দেওয়া হয়নি। এদের চাকরি ১ বছরের জন্য এবং পরে আবার তাদের পুনর্নিয়োগ করা যেতে পারে। এটা বিদ্যালয় কৃত্যক আয়োগের মাধ্যমে হবে না, এটা বিদ্যালয় পরিচালকমণ্ডলী করবে এবং তারা কোন পদ্ধতিতে নিয়োগ করবে সেটাও ওই বিজ্ঞপ্তিতে জারি করবে। যারা আবেদন করবে সেই আবেদনকারীদের কিভাবে নির্বাচন করা হবে সেটাও বলা আছে। আবেদনকারীদের মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক, স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণীতে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে তাদের নম্বর দিতে হবে। ১০ নম্বর থাকবে সাক্ষাৎকারের উপরে এবং বাকিটা প্রার্থীর শিক্ষার্থী থাকাকালীন অধীত বিদ্যার উপরে নম্বর দেওয়া হবে অর্থাৎ বিদ্যালয়কে আবেদনকারীর মানের উপরে ভিত্তি করেই নামের তালিকা তৈরি করতে হবে। যিনি সর্বোচ্চ থাকবেন তাকে আগে সুযোগ দিতে হবে, তিনি যদি যোগদান না করেন তখন দ্বিতীয় ব্যক্তিকে সুযোগ দেওয়া যেতে

পারে। এর জন্য সরকারের অনুমতির কোনো প্রয়োজন নেই। পরিপূর্ণভাবে বিদ্যালয় পরিচালকমণ্ডলীর হাতেই এই নিয়োগের দায়িত্ব দেওয়া আছে।

শ্রী আবদুল মান্নান : যারা অ্যাপ্লাই করবে তাদের অ্যাপ্লাই করার আগে এর কোনো বিজ্ঞপ্তি দেওয়ার পদ্ধতি কি আছে ? নাকি ভেতরে ভেতরে হেড মাষ্টারের কাছে অ্যাপ্লাই করল এবং এর কোনো নোটিফিকেশন হল না এই রকম কোনো সুযোগ আছে ?

শ্রী কান্তি বিশ্বাস : আমি এর উত্তর আমার উত্তরের মধ্যেই দিয়েছি। জিলাশাসক, জিলাপরিষদ, পৌরসভা, পঞ্চায়েত সমিতি এবং বিদ্যালয় এইসব জায়গার নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি দিতে হবে। কিন্তু কোনো সংবাদপত্রে বিজ্ঞপ্তি দেবে না। কারণ সংবাদপত্রে বিজ্ঞপ্তি দিতে ব্যয় হবে। এই এক বছরের জন্য নিয়োগের ক্ষেত্রে সেই ব্যয়ভার আমরা বিদ্যালয়ের উপরে চাপাতে চাইছি না।

শ্রী আবদুল মান্নান : এই যে ২০০০ টাকা মাসিক বেতন দেওয়া হবে এটা কি সরকার দেবে, নাকি স্কুল দেবে ?

শ্রী কান্তি বিশ্বাস : সরকার থেকে বিদ্যালয়কে যে আর্থিক সহায়তা দেওয়া হয় তার সাথে এই টাকা আর্থিক অনুদান হিসাবে বিদ্যালয়কে দেওয়া হবে। এর জন্য বিদ্যালয়কে কোনো আর্থিক চাপের মধ্যে পড়তে হবে না।

শ্রী আবদুল মান্নান : আপনি নিজে শিক্ষকতা করতেন, আপনি জানেন যাঁরা বি. এড. পড়তে যান তারা ১ জুলাই থেকে ১৫ মে পর্যন্ত বি. এড. পড়ার জন্য ছুটি নেন। সে ক্ষেত্রে ডেপুটেশানে লিভ ভ্যাকেন্সিতে নিয়োগের ক্ষেত্রে যে পদ্ধতি আছে তাতে পুজোর আগে বা পরে হয়। অনেক সময় লেগে যায় এবং যাঁরা আসেন তাঁরা ৬ মাসের বেশি কাজ করতে পারেন না। এতে অনেক সময় চলে যায়। অনেক সময় চলে যায় স্কুল কর্তৃপক্ষের অনুমতি নেওয়ার জন্য ডাইরেক্টর অফ স্কুল এডুকেশান, ডি. আই. থেকে অনুমতি নিতে হয়। এদের ক্ষেত্রে চুক্তির ভিত্তিতে নিয়োগের কোনো ব্যবস্থা আপনি করবেন কি ?

শ্রী কান্তি বিশ্বাস : জুন মাসে যাঁরা কর্মরত শিক্ষক আছেন তাঁরা শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ে ভর্তি হন এবং যতদিন না তাঁরা ভর্তি হচ্ছেন ততক্ষণ পর্যন্ত এটাকে শূন্যপদ হিসাবে ঘোষণা করা যায় না বা এর জন্য বিজ্ঞপ্তি জারি করা যায় না। এতে স্বাভাবিকভাবে ২/৩ মাস লেগে যায়। এই ২/৩ মাসকে পরিহার করবার আমাদের কোনো সুযোগ নেই। শুধু চুক্তির ভিত্তিতে শিক্ষক নয় যারা এই শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ে শিক্ষণপ্রাপ্ত হতে যাবেন, আগে যাদের নিয়োগ করা হবে তারা ২ হাজার টাকা নয়, তাদের পুরো বেতন, বেতন হার অনুসারে বেতন পাবেন। সেখানে তাদের সঙ্গে এদের মিলিয়ে দেওয়া যাবে না।

[11.10—11.20 a.m.]

শ্রী আবদুল মান্নান : আপনি তো জানেন যে এটা ১ জুলাই থেকে ফিক্স থাকে। বি. এড. যারা পড়তে যায় তাদের ১ জুলাই থকে ১৬ মে কোর্সটা ফিক্সড এবং এজন্য ডি. আই অ্যাপ্রুভাল লাগে। একজন টিচার যখন বি. এড. পড়তে যাবেন ম্যানেজিং কমিটির

অ্যাপ্রুভাল লাগে। সবগুলো ডিসিশন নেবার পরে সেই টিচার বি. এড. কলেজে যান। আপনি আগে থেকে জানতে পারছেন। ফেব্রুয়ারি মাস থেকে প্রসেসটা শুরু হয়ে যায়। একজন টিচার যখন ভর্তি হতে যাবেন, পড়তে যাবেন, ট্রেনিঙে যাবেন তখন তার প্রসেসটা ফেব্রুয়ারি মাস থেকে শুরু হয়ে যায়। ফলে সেই জুলাই মাসে ভর্তি হওয়ার পরে যদি সরকার পক্ষ থেকে সিদ্ধান্ত নেওয়া হয় তাহলে এটা অনেক সময় লেগে যায়। আমি সেই জন্য বলছি এক্ষেত্রে আপনি যেহেতু আগে থেকে জানতে পারছেন, ১ জুলাই থেকে ১৬ মে পর্যন্ত এই পিরিয়ডটাতে আমার এই পদটা খালি হবে, ডেপুটেশন ভ্যাকান্সি দিতে হবে অতএব এই পোস্টে আমি এখন শিক্ষক নিয়োগ করব। এবং সেটা ডি. আই.-র উপর বা স্কুল ম্যানেজিং কমিটির উপর ছেড়ে দিন। তাহলে অল্প সময়ের জন্য হলেও ছাত্রছাত্রীরা ক্ষতিগ্রস্ত হয় না, স্কুলও হ্যাম্পার হয় না। তাই জানতে চাইছি, আপনি সেই রকম কোনো চিন্তা-ভাবনা করছেন কিনা ? অর্থাৎ, পাওয়ার ডি-সেন্ট্রালাইজেশন করার জন্য কোনো চিন্তা-ভাবনা করছেন কিনা ?

শ্রী কান্তি বিশ্বাস : একটা বিদ্যালয় থেকে মনে করুন ৫ জন শিক্ষক ভর্তি হওয়ার জন্য আবেদন করলেন। কোনো শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ে ভর্তি না হলে আমরা বুঝতে পারছি না, যখন আমরা জানতে পারি উনি ভর্তি হয়ে গেছেন, একটা বিদ্যালয় থেকে ১ বছরে মাত্র ২ জন শিক্ষক যেতে পারবেন এটা বলা আছে। যখন কোনো শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ে ভর্তি হবেন তখন পরিচালকমণ্ডলী তাঁদের ডেপুটেশনের পদে শিক্ষকদের নিয়োগ করতে পারেন, তার জন্য উদ্যোগ শুরু করতে পারেন। সরকারি আদেশে সে কথা বলা আছে।

শ্রী আবদুল মান্নান : আমি তো দুটো প্রশ্ন করেছি, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন দুটো প্রশ্ন করেছি। লাস্ট প্রশ্ন হচ্ছে, আপনি বললেন প্রাথমিক স্কুলে চুক্তির ভিত্তিতে কোনো শিক্ষক নিয়োগের পরিকল্পনা নেই। আপনি জানেন, এমন বহু বিদ্যালয় আছে যেখানে ৩০০/৪০০ জন স্টুডেন্ট থাকলেও একজন মাত্র টিচার এবং সেখানে ডিস্ট্রিক্ট প্রাইমারি কাউন্সিল দিতে পারছেন না, টিচার অ্যাপয়েন্ট করতে পারছেন না। টিচারের সংখ্যাও কম। প্রতিটি স্কুলে এভারেজে যাতে একজন করে টিচার থাকেন, শিক্ষকহীন বিদ্যালয় যাতে না থাকে সেটা দেখা দরকার। এই সব ক্ষেত্রে আপনি চুক্তির ভিত্তিতে সেখানে শিক্ষক নিয়োগের সমস্যাটা, যেটা প্রকট হয়ে দেখা দিয়েছে, প্রাইমারি স্কুলে ৩০০-র মতো ছাত্র-ছাত্রী আছে, আপনি যদি নাম চান আমি নামও দিয়ে দেব। কিন্তু সেখানে মাত্র একজন শিক্ষক। এই সব ক্ষেত্রে চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রী কান্তি বিশ্বাস : আপনার হুগলি জেলাতে এই সমস্যা সেই রকম নেই। এই সমস্যাটা আছে হাওড়া জেলাতে। আর, আমরা শ্রম দপ্তরকে বলাতে এই ভাবে আদেশ শ্রম দপ্তর প্রকাশ করেছে যে আগামী ১ বছরের মধ্যে যত শূন্য পদ সৃষ্টি হবে, যাতে এক বছর আগে থেকে ব্যবস্থা নিতে পারে এবং এক বছর আগে থেকে প্রস্তুতি নেওয়া গেলে যখনই শিক্ষক পদ শূন্য হবে তখনই নিয়োগ করা যাবে—আগে শ্রম দপ্তরের এই বিজ্ঞপ্তি ছিল না। আমাদের অনুরোধে শ্রম দপ্তর এই বিজ্ঞপ্তি বের করেছে। আমরা আশা করছি অল্পদিনের মধ্যে এই কাজটা পুরোপুরি শুরু হবে যাতে আগামী এক বছরে কোন্ স্কুলে কত পদ শূন্য

আছে তা জেনে জেলা বিদ্যালয় যে পরিষদ, প্রাথমিক জেলা পরিষদ তারা উদ্যোগ নেবে। যাতে শূন্য হওয়ার সঙ্গে সঙ্গে তারা শিক্ষক নিয়োগ করতে পারেন। এ জন্য পুরো বেতন, চুক্তির ভিত্তিতে নয়, স্থায়ীভাবে শিক্ষক নিয়োগের কাজ শুরু হবে, শিক্ষক পদ শূন্য থাকার ফলে ছেলে-মেয়েদের পড়াশোনায় ক্ষতি না হয় তার ব্যবস্থা হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : প্রাথমিক স্কুলের সমস্যা যেটা সাপলিমেন্টারি হিসাবে আবদুল মান্নান সাহেব রাখলেন আপনি তার উত্তরে বললেন যে, এরও ব্যবস্থা নেওয়া হবে এবং লেবার বিভাগও ওই বিষয়ে একটা বিজ্ঞপ্তি জারি করেছে। আমি জানতে চাই, আমাদের রাজ্য সরকার তো সিদ্ধান্ত গ্রহণ করেছে যে এই রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকা ছাড়া তারা নিয়োগ পাবে না। তাহলে আগামী এক বছরের মধ্যে সেই সংখ্যাটা, যদি প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকা না থাকে তাহলে ওই শূন্য স্থান কি করে পূরণ করবেন দয়া করে জানাবেন কি ?

শ্রী কান্তি বিশ্বাস : অভিজ্ঞতায় দেখা গেছে যে, যে শিক্ষক শিক্ষণপ্রাপ্ত নন তিনি শিক্ষকতা সম্পর্কে অনেক বিষয়ে ওয়াকিবহাল থাকেন না এবং তাতে শিক্ষাদান কার্য পরিচালনা করতে অসুবিধা হয়। দুর্ভাগ্যের হলেও সত্য গোটা বিশ্বের প্রাথমিক শিক্ষকদের মধ্যে ৯৮ জন শিক্ষক শিক্ষণপ্রাপ্ত। গোটা বিশ্বের গড় এটা। ভারতে যত প্রাথমিক শিক্ষক আছেন তাদের মধ্যে ৬০ জন শিক্ষক শিক্ষণপ্রাপ্ত। এ ক্ষেত্রে পশ্চিমবাংলা পিছিয়ে আছে। পশ্চিমবাংলায় যত প্রাথমিক শিক্ষক আছেন তার মধ্যে ৪৮ জন মাত্র শিক্ষণপ্রাপ্ত। আমাদের পশ্চিমবাংলার এই পশ্চাদপদতা আমরা কাটিয়ে তুলতে চাই। সেজন্য সরকার বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন যে, প্রত্যেকটি প্রাথমিক শিক্ষক নিযুক্ত হবেন যিনি শিক্ষণপ্রাপ্ত। আপনি যেটা বলেছেন সেটা ঠিকই যে, আমাদের পশ্চিমবাংলায় ৫৭টি শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় আছে প্রাথমিক শিক্ষকদের জন্য। ৫৭টি প্রাথমিক শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় থেকে যতজন যুবক-যুবতী শিক্ষণপ্রাপ্ত হন তারা তুলনায় আমাদের শূন্য আসনের পরিমাণে বেশি। এর মধ্যে কিছুটা শূন্যতা থেকে যাচ্ছে, সেকথা বিবেচনা করে এবছর গত ১লা জুলাই থেকে পশ্চিমবাংলায় সরকারি সাহায্য নিয়ে বেসরকারি উদ্যোগে প্রাথমিক শিক্ষকদের জন্য ৩৭টি শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় শুরু হয়েছে। ৫৭টি এবং ৩৭টি—সরকারি ৫৭টি এবং বর্তমানে ৩৭টি এই দুটো মিলিয়ে যে শিক্ষকরা শিক্ষণপ্রাপ্ত হবেন তাঁদের যে পদ শূন্য হবে সেই পদ পূরণ করার ক্ষেত্রে আগামী বছর থেকে কোনো অসুবিধা থাকবে না।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। এখন কয়েকটি জেলায় নতুন প্রাথমিক শিক্ষক নিয়োগের বন্দোবস্ত হচ্ছে। হাওড়ায় হচ্ছে এবং আরও কয়েকটি জেলায় হচ্ছে। তার প্রস্তুতির কাজও এগিয়ে চলেছে। আমি আপনার কাছে জানতে চাইছি যে, প্যানেল তৈরি হচ্ছে, এমনিতে তো আপনি জানেন যে, শিক্ষক নিয়োগ না হওয়ার ফলে বিশেষ করে হাওড়া জেলায় কোথাও ১ জন টিচার আছেন, কোথাও টিচার নেই, কোথাও ২ জন টিচার আছেন, এরকম অবস্থা চলছে। এখন যে প্যানেল তৈরি হচ্ছে, যে প্যানেল তৈরি হবে এর থেকে শিক্ষক নিয়োগ হবে। তার মধ্যে ট্রেইন্ড টিচার আছেন, তার

মধ্যে নন-ট্রেইন্ড টিচার আছেন। এ ব্যাপারে আপনার দপ্তরের অথবা শিক্ষা দপ্তরের উচ্চ কর্তাদের কোনো নির্দেশ আছে কি যে, এই প্যানেলটা কতদিন পর্যন্ত বজায় থাকবে এবং পরবর্তী পর্যায়ে যে ভ্যাকেন্সি হবে সেই ভ্যাকেন্সিগুলো পূরণ করার ক্ষেত্রে সেখানে কি আপনাদের বর্তমান আইন—শুধুমাত্র যেটা করার কথা ভাবছেন—আপনারা যে শুধুমাত্র ট্রেইন্ড টিচারই অ্যাপয়েন্টমেন্ট দেবেন, সেখানে কি এই নীতি প্রযোজ্য হবে ? আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে এটা জানতে চাইছি।

শ্রী কান্তি বিশ্বাস : আমি মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নানের প্রশ্নের উত্তরে আগেই বলেছি যে, সবথেকে দুর্ভাগ্যজনক অবস্থা হচ্ছে হাওড়া জেলায়—মামলা চলছিল বেশ কয়েক বছর। আমরা কোনো শিক্ষক নিয়োগ করতে পারিনি। হাওড়া জেলায় বর্তমানে যে তালিকা হচ্ছে শিক্ষক নিয়োগের জন্য, যখন আমরা প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য শিক্ষণপ্রাপ্ত হতে হবে—বাধ্যতামূলকভাবে এই আদেশটি যখন জারি করি, হাওড়া জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগের প্যানেল তৈরির কাজটা শুরু হয় তার আগে। তার ফলে হাওড়া জেলায় এখন যে প্যানেল তৈরির কাজ চলছে সেটা হচ্ছে, আমাদের এই শিক্ষণপ্রাপ্ত হতে হবে—এই আদেশ জারি করার আগে। তার ফলে হাওড়া জেলায় যে তালিকা তৈরি হচ্ছে, এখানে শিক্ষণপ্রাপ্ত বা শিক্ষণপ্রাপ্ত নন—উভয় ধরনের শিক্ষকরা এখানে আসতে পারবেন। আজ থেকে হাওড়া জেলায় যাঁরা শিক্ষণপ্রাপ্ত প্রার্থী, যাদের কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম লেখা আছে—তাঁরা আজকে বড়ো আন্দোলন করতে যাচ্ছেন। তাঁদের দাবি শুধু শিক্ষণপ্রাপ্তকে নিয়োগ করতে হবে। তার উত্তরে আমাদের হাওড়া জেলা প্রাথমিক বিদ্যালয়ের সংসদের যিনি সভাপতি তিনি পরিষ্কার ভাবে বলেছেন যে, সুপ্রিম কোর্টের নির্দেশে যেভাবে আমরা শিক্ষক নিয়োগ করতে যাচ্ছি—আগের শিক্ষক বিধি অনুসারে আমরা শিক্ষক নিয়োগ করতে যাচ্ছি এবং সেখানে শিক্ষণপ্রাপ্ত হলে তিনি অধিকন্তু ১০ নম্বর পাবেন। কিন্তু শিক্ষণপ্রাপ্ত না হলে পরে শিক্ষক নিয়োগ করা যাবে না—সেই বিধিতে এটা ছিল না, সেই বিধি অনুসারে আমরা শিক্ষক নিয়োগ করতে যাচ্ছি এবং এটা হয়ে যাওয়ার পরে তখন একমাত্র শিক্ষণপ্রাপ্ত যাঁরা তাঁদেরই সাক্ষাৎকারে ডাকা হবে, তাঁরাই একমাত্র আবেদন করার সুযোগ পাবেন। এইজন্য হাওড়া জেলার বিষয়টা ভিন্ন। অন্য সমস্ত জেলায় পরবর্তী আদেশ অনুসারে শিক্ষক নিযুক্ত হচ্ছে। কিন্তু হাওড়া জেলার ক্ষেত্রে হাইকোর্ট, সুপ্রিম কোর্ট হওয়ার পরে এখন যে শিক্ষক নিযুক্তের তালিকা হচ্ছে সেই তালিকা শিক্ষণপ্রাপ্ত ও শিক্ষণপ্রাপ্ত নন—উভয় প্রার্থীরা বিবেচিত হবেন। যাঁরা শিক্ষণপ্রাপ্ত তাঁরা অতিরিক্ত ১০ নম্বর পাবেন—এটুকু ব্যবধান মাত্র।

শ্রী অসিত মিত্র : আমি যেটা বলছি সেটা হচ্ছে যে, এই প্যানেলটা কি অ্যাপয়েন্টমেন্টের সঙ্গে সঙ্গে শেষ হয়ে যাবে ? অর ইট উইল কনটিনিউ ?

[11.20—11.30 a.m.]

শ্রী কান্তি বিশ্বাস : ১ বছরের মেয়াদ থাকে। প্যানেলের আয়ুষকাল ১ বছর। প্যানেল যখন সরকারি অনুমোদন নিয়ে ঘোষণা করা হবে, তারপর ১ বছর পর্যন্ত প্যানেল জীবন্ত থাকবে।

শ্রী শম্ভু মান্ডী : মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে শিক্ষক তৈরি করছেন—বিদ্যালয়, মহাবিদ্যালয়ের জন্য, আমরা যারা আদিবাসী এবং তপশিলিভুক্ত মানুষেরা সেইসব বিদ্যালয়ে সুযোগ পেয়েছে, কি পায়নি এবং তারা জানতে পারছে, কি পারছে না যে, এইরকম বেসিক ট্রেনিং না নিলে শিক্ষক হতে পারবে না, এইসব ব্যবস্থা করেছেন কিনা এবং যদি করে থাকেন তাহলে বিভিন্ন বিদ্যালয়ে কতজনকে নেওয়া হয়েছে সেটা জানাবেন।

শ্রী কান্তি বিশ্বাস : পশ্চিমবাংলায় তপশিলি জাতিদের জন্য আসন সংরক্ষণের পরিমাণ হচ্ছে ২২ শতাংশ। পশ্চিমবাংলায় এই পর্যন্ত যত প্রাথমিক শিক্ষক নিয়োগ হয়েছে, তার মধ্যে তপশিলি জাতিভুক্ত শিক্ষকের সংখ্যা ২৮ শতাংশ এবং আসন সংরক্ষণ হচ্ছে ২২ শতাংশ। কিন্তু তপশিলি জাতিভুক্ত যাঁরা প্রার্থী, তাঁরা প্রতিবছর চাকরি পেয়েছেন ২৮ শতাংশ। পশ্চিমবাংলায় আদিবাসী সম্প্রদায়ের আসন সংরক্ষণের পরিমাণ হচ্ছে ৬ শতাংশ, এই পর্যন্ত প্রাথমিক শিক্ষক নিযুক্ত হয়েছেন আদিবাসী সম্প্রদায়ের ৮.৫ শতাংশ।

শ্রী কমল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—মন্ত্রীমহাশয় বললেন যে, উচ্চমাধ্যমিক স্কুলে যে শূন্য পদগুলি আছে যেগুলি চুক্তির ভিত্তিতে নিয়োগের ব্যাপারে সরকারের অনুমোদন আছে। আমি জানতে চাইছি চন্দননগর কর্পোরেশনে যে ১ থেকে ১২ শ্রেণী পর্যন্ত স্কুল আছে, যে প্রাথমিক স্কুল আছে মিউনিসিপালিটি বা মিউনিসিপাল কর্পোরেশনের আন্ডারে, আপনি বললেন যে প্রাথমিক শিক্ষকের ব্যাপারে চুক্তির ভিত্তিতে সরকারের কোনো অনুমোদন নেই। আমি জানি গত বছর সেখানে ৪ জন প্রাথমিক শিক্ষক চুক্তির ভিত্তিতে এইভাবে নিয়োগ করা হয়েছে। তাই আমি জানতে চাইছি, যে, এটা কি মিউনিসিপাল কর্পোরেশান করছে, না সরকারের কোনো অনুমোদনের ব্যাপার ছিল ? আর একটা ব্যাপার হল যেটা আমার খুব কনফিউশান হচ্ছে যে, মিড ডে মিল যা প্রাথমিক স্কুলে চালু আছে, তা নিয়মিত নয়। চন্দননগরে যে ১ম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত যে প্রাথমিক স্তর আছে সেখানে কিন্তু এই ব্যবস্থা চালু হয়নি। এই বিষয়ে বিধানসভায় প্রশ্ন করেছিলাম কিন্তু উত্তর পাইনি। যে প্রাথমিক স্কুল চন্দননগর কর্পোরেশনের আন্ডারে আছে, সেই স্কুলের ব্যাপারে জানতে চাইছি।

শ্রী কান্তি বিশ্বাস : প্রথম প্রশ্ন—চন্দননগরে যে স্কুলের কথা উনি বললেন, খুব নামকরা বিদ্যালয়, আমি একাধিকবার ওই বিদ্যালয়ে গিয়েছি। ওই বিদ্যালয়ের বিষয়টি আমি জানি। ওই বিদ্যালয়ে যে প্রাথমিক শ্রেণী আছে, সেটাও সরকারের অধীনে নয়। ওই শিক্ষকদের বেতনও সরকার দেয় না। সেইজন্য ওই প্রাথমিক অংশের শিক্ষক নিয়োগের জন্য সরকারি বিধি প্রযোজ্য নয়।

শ্রী কমল মুখার্জী : আমি প্রাথমিক স্কুলের কথা বলছি না। আমি প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত যে স্কুল আছে, তার কথা বলছি। সেখানে সব কিন্তু সরকার দেয়।

শ্রী কান্তি বিশ্বাস : না, এই যে সমস্যা—১৯৭৩ সালে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন অনুসারে যে সংশোধনী করা হয়, তখন পুরসভা পরিচালিত প্রাথমিক বিদ্যালয়, যেগুলিকে ইনট্রিগ্রেটেড স্কুল বলে, যেখানে ১ম শ্রেণি থেকে ১২ শ্রেণী পর্যন্ত আছে,

সেখানকার প্রাথমিক অংশকে বিভিন্ন পুরসভায় সরকারের প্রাথমিক জেলা পরিষদের হাতে ন্যস্ত করে। কিন্তু চন্দননগর কর্পোরেশনের এই বিদ্যালয়ের প্রাথমিক অংশকে ন্যস্ত করে না। যদিও আপনাদের স্বয়ংসম্পূর্ণ বিদ্যালয়। ১ম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত কিন্তু সরকারের পক্ষ থেকে মধ্যশিক্ষা পর্ষদ প্রাথমিক অংশকে দেখাশুনা করতে পারে না। এটা ১৯৭৩ সালে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন অনুসারে পরিচালিত। সেইজন্য যতক্ষণ পর্যন্ত চন্দননগর পুরসভার ওই প্রাথমিক অংশটাকে আলাদা করে হুগলি জেলার প্রাথমিক বিদ্যালয়ের সংসদের হাতে ১৯৭৩ সালে আইন অনুসারে অর্পণ না করে, ততক্ষণ পর্যন্ত ওই অংশের দেখাশুনা আমরা করতে পারি না। আইনগত বাধা আছে। সে জন্য এ অংশে সরকার থেকে শিক্ষক নিয়োগ করা হয় না ; কিন্তু বেতন সরকার দেয়। আর মধ্যাহ্নকালীন আহারের খাদ্য নিয়ে যথার্থ সমালোচনা আছে। এখানে সমস্যাটা হচ্ছে, চন্দননগর বিদ্যালয়ের প্রাথমিকের এ অংশ সরকারি খাতায় নেই। আমাদের খাতায় না থাকা সত্ত্বেও আমাদের নিশ্চয়ই দায়িত্ব আছে ; আমরা সেই দায়িত্ব স্বীকার করে নিচ্ছি ; কিন্তু যেহেতু বিদ্যালয়ের এ অংশ সরকারি খাতায় নেই সেহেতু ওখানে মধ্যাহ্নের আহারের সুযোগ দিতে পারছি না। এটা দুর্ভাগ্যের বিষয়। এ শিশুরা আমাদেরই শিশু, কিন্তু আমরা তাদের আহারের সুযোগ দিতে পারছি না, এটা বেদনার। এই বেদনা আমরা অনুভব করি, কিন্তু আইনগত অসুবিধার জন্য অগ্রসর হতে পারছি না।

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, শিক্ষক শিক্ষণ কেন্দ্রে আমাদের রাজ্যে সরকারিভাবে ৫৭টি এবং নতুন ৩৭টি হচ্ছে। এই যে নতুন যেগুলি হচ্ছে সেগুলিতে ভর্তির ব্যাপারে সর্বোচ্চ নম্বর পদ্ধতি মেনে চলা হচ্ছে কি ; যদি কোথাও তা না হয় তাহলে সে ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়ার কথা কি ভাবছেন ?

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় সদস্য যে রকম বললেন, সে রকম কিছু কিছু অভিযোগ আমাদের কাছেও আসছে, আমরা খোঁজ নিয়ে দেখছি। ভর্তির ব্যাপারে পরিষ্কার বলা আছে যাঁরা আবেদন করছেন তাঁদের মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেখে সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে বা নম্বর প্রাপ্তির অগ্রাধিকারের ভিত্তিতে ভর্তি করতে হবে। এটাই হচ্ছে সরকারি আদেশ। এ বিষয়ে আমরা যে সমস্ত অভিযোগ পেয়েছি সে সমস্তগুলি খতিয়ে দেখার আদেশ দিয়েছি।

শ্রী তপন হোড় : স্যার, আমাদের বীরভূম জেলায় একটা জিনিস দেখতে পাচ্ছি। অন্যান্য জেলায়ও সেরকম কিছু হচ্ছে কিনা জানি না ! আমরা দেখছি আমাদের বীরভূম জেলায় যে জুনিয়র বেসিক স্কুলগুলি আছে সেই স্কুলগুলি থেকে মৌখিক কথাবার্তার ভিত্তিতে ক্লাস ফাইভ তুলে দেওয়া হচ্ছে। সেটা তুলে দিয়ে সেই আসনগুলি হাই স্কুলকে দিয়ে দেওয়া হচ্ছে। যেখানে হাই স্কুলে ইতিমধ্যেই ক্লাস ফাইভে ১৫০ জন ছাত্র-ছাত্রী আছে, সেখানে জুনিয়র বেসিক থেকে ক্লাস ফাইভ তুলে দিয়ে তাদের আরো ৭০-৭৫ জন স্টুডেন্টসকে পাঠিয়ে দেওয়া হচ্ছে, ফলে স্থানাভাব দেখা দিচ্ছে, ফারদার প্রবলেম তৈরি হচ্ছে। অথচ গভর্নমেন্ট অর্ডারের ভিত্তিতেই জুনিয়র বেসিক স্কুল চলছিল। এখন সেখান থেকে মৌখিক কথাবার্তার ভিত্তিতে ক্লাস ফাইভ তুলে দেওয়া হচ্ছে। এ ব্যাপারে সরকারের একটা পরিষ্কার

বক্তব্য থাকা উচিত যে, জুনিয়র বেসিক স্কুলগুলিতে ক্লাস ফাইভ চলবে, কি চলবে না। কোনো রিটেন অর্ডার বিনাই তা তুলে দেওয়া হচ্ছে ! ফলে খুবই প্রবলেম হচ্ছে। বোলপুরে, ইলামবাজারে আমরা এই জিনিস দেখছি। এ সমস্ত জায়গার বিভিন্ন স্কুলের ৩০০-র বেশি স্টুডেন্টসকে সমস্যায় ফেলা হয়েছে। এই পরিস্থিতিতে আমরা এ বিষয়ে সরকারের একটা ক্লিয়ার বক্তব্য চাইছি। জুনিয়র বেসিক স্কুল থেকে ক্লাস ফাইভ তুলে দেওয়ার ফলে অভিভাবকদের ক্লাস ফাইভের ছাত্র-ছাত্রীদের নিয়ে খুবই অসুবিধায় পড়তে হচ্ছে। এ সমস্ত ছাত্র-ছাত্রীদের বিভিন্ন স্কুলে ডিস্ট্রিবিউশন করা নিয়ে সমস্যা হচ্ছে। এই সমস্যার সমাধানের জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে ?

শ্রী কান্তি বিশ্বাস : জাকির হোসেন কমিশনের সুপারিশ অনুযায়ী নিম্ন বুনিয়াদি বিদ্যালয় গঠিত হয়েছিল। গান্ধীজির ইচ্ছা অনুযায়ী জাকির হোসেন কমিশন হয়েছিল। স্বাধীনতার পরে নিম্ন বুনিয়াদি বিদ্যালয় তুলে দেওয়া হয়, যেগুলো ছিল সেগুলোকে প্রাথমিক বিদ্যালয় হিসাবে গণ্য করা হয়। জাকির হোসেন কমিশনের রিপোর্টে ছিল প্রথম ৫টি ক্লাস নিম্ন বুনিয়াদি পর্যায়ভুক্ত হবে। কিন্তু স্বাধীনতার পরে ঠিক হলো চতুর্থ শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা স্তর। কিন্তু আমাদের রাজ্যের বিভিন্ন জায়গায় নিম্ন বুনিয়াদি বিদ্যালয়—প্রথম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত থেকে যায়। আমরা পর্যায়ক্রমে এ বিদ্যালয়গুলি থেকে ৫ম শ্রেণী তুলে দিতে চাই।

[11.30—11.40 a.m.]

তুলে দিয়ে নিকটবর্তী নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে যুক্ত করা। গোটা পশ্চিমবাংলায় ১৩টি নিম্ন বুনিয়াদি প্রাথমিক বিদ্যালয় আছে যেখানে পঞ্চম শ্রেণি তার সঙ্গে যুক্ত আছে। প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত পড়ানো হয় এইরকম ১৩টি বিদ্যালয় গোটা পশ্চিমবাংলায় আছে। আপনি যে বিদ্যালয়ের কথাটি বললেন তার মধ্যে একটি। প্রাথমিক স্তর থেকে শিশু শিক্ষাকেন্দ্র যেগুলি পঞ্চায়েত দ্বারা পরিচালিত হয় সবগুলিতে চতুর্থ শ্রেণী থেকে যারা উত্তীর্ণ হচ্ছে তাদের পঞ্চম শ্রেণীতে ভর্তি করতে হলে যে পরিমাণ কক্ষ থাকা দরকার, যে পরিকাঠামো থাকা দরকার তা আমাদের নেই, সেইজন্য সংকট দেখা দিয়েছে। এই মুহূর্তে সেই সংকট দূর করার জন্য একাধিক সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে। তার মধ্যে একটি সিদ্ধান্ত হচ্ছে, যে সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে অন্তত ৪ জন শিক্ষক—যেসব প্রাথমিক এবং নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে ৪ জন শিক্ষক আছেন এবং অতিরিক্ত শ্রেণী কক্ষ আছে সেই সমস্ত বিদ্যালয়ে যদি পঞ্চম শ্রেণী না থেকে থাকে তাহলে সেই সমস্ত বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী খোলবার অনুমতি দেব। এই রকম ৩০০টি প্রাথমিক বিদ্যালয়ে নিম্ন বুনিয়াদি বিদ্যালয় সহ পঞ্চম শ্রেণী শুরু করার অনুমতি দিয়েছি। পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক অতিরিক্ত ছেলে-মেয়েদের সুযোগ দেব সাধ্যানুসারে। আপনি যে বিদ্যালয়টির কথা বললেন এই ৩০০টির মধ্যে তার নাম আছে কিনা জানি না।

শ্রী তপন হোড় : বোলপুরের লর্ড এস. পি. সিন্‌হার গ্রাম রায়পুর এবং রজতপুরে যে জুনিয়র বেসিক স্কুল আছে ?

শ্রী কান্তি বিশ্বাস : যাইহোক, ৩০০টি বিদ্যালয়ে হবে এবং যদি প্রয়োজন হয় আরো পঞ্চম শ্রেণী খোলবার অনুমতি দেব, সমস্যা থাকার কথা নয়। আর পঞ্চম শ্রেণীতে মাধ্যমিক বিদ্যালয়ে বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে যারা পড়ছে তাদেরকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বই দেব যদি সেই স্কুলগুলি স্বীকৃত থাকে। বর্তমান বছরে কয়েকটি বই আংশিকভাবে ছাপা হয়েছে কাগজের অভাবে। তবে এখন কাগজ এসেছে, ছাপার কাজ চলছে। যে ৩টে বই সম্পূর্ণ ছাপানো যায়নি, কিছুদিনের মধ্যে সেই ৩টে বইয়ের মুদ্রণের কাজ শেষ হবে। বিলম্ব হওয়ার জন্য প্রকৃতপক্ষে আমি দুঃখিত।

সুপ্রিম কোর্টের পূর্বাঞ্চলীয় সার্কিট বেঞ্চ

*১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০) **শ্রী তপন হোড়** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি সুপ্রিম কোর্টের পূর্বাঞ্চলীয় সার্কিট বেঞ্চ কলকাতায় স্থাপনের বিষয়ে সরকারের সাথে কেন্দ্রীয় সরকারের আলোচনা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত সার্কিট বেঞ্চ স্থাপনের বিষয়ে কেন্দ্রীয় সরকারের সম্মতি আছে কিনা ?

শ্রী নিশীথ অধিকারী :

(ক) সংশ্লিষ্ট কর্তৃপক্ষদের কাছে দাবি পেশ করা হয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী তপন হোড় : আমার অতিরিক্ত প্রশ্ন, বেশ কিছু বছর ধরে এই বিষয়ে আলোচনা হচ্ছে যে, সুপ্রিম কোর্টের একটা সার্কিট বেঞ্চ আমাদের কলকাতায় হোক, তাতে ইস্টার্ন রিজিওনে যারা আছে তাদের সুবিধা হবে। একথা সবাই জানে, বহু মানুষকে এই বিচারের জন্য দিল্লিতে যেতে হয়, সুপ্রিম কোর্টে যেতে হয়। ফলে লক্ষ লক্ষ টাকার ব্যাপার, এর ফলে একটা সমস্যা তৈরি হচ্ছে। সেক্ষেত্রে আমাদের নীতি হচ্ছে ডি-সেন্ট্রালাইজেশন। এখন চাহিদা অনেক বেড়ে গেছে, জনসংখ্যা বেড়েছে এবং নানা সমস্যা বেড়েছে। সেইসব সমস্যাগুলির সমাধান করার ক্ষেত্রে বিচার ব্যবস্থা হচ্ছে একটা অন্যতম ব্যবস্থা। সেক্ষেত্রে দেখা যাচ্ছে, সেই সনাতনী পদ্ধতিতে মিজোরাম থেকে, ওদিকে উড়িষ্যা থেকে শুরু করে এবং আমাদের এখান থেকে সবাই চললো দিল্লিতে বিচারের আশায়। আমি যতদিন পর্যন্ত এম. এল. এ. আছি, আমি দেখছি সার্কিট বেঞ্চ নিয়ে কথাবার্তা চলছে। রাজ্য সরকার এ ব্যাপারে কোনো উদ্যোগ নিয়েছেন কিনা ?

শ্রী নিশীথ অধিকারী : আপনি সঠিক কথাই বলেছেন। ভারতের যে সংবিধান তার দুটি মূল ধারার যে অনুচ্ছেদ ১৪ এবং ৩৯(ক) সেখানে বিকেন্দ্রীকরণের কথা বলা হলেও

সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ দিল্লি থেকে না তোলার ফলে নিশ্চিতভাবে এই দুটি মূল ধারার যে সুর তার বিরোধী কাজ করা হচ্ছে। আমরা মনে করি যে এটা হওয়া উচিত কারণ বিচার মানুষের জন্য, বিচারের জন্য মানুষ নয়। আমাদের এই বিধানসভা থেকে বিভিন্ন সময় আমরা এটা নিয়ে চেষ্টা করেছি। রাজ্য সরকারের তরফ থেকে '৯৬ সালে প্রথম এর উদ্যোগ নেওয়া হয়। আমরা কেন্দ্রীয় সরকারকে জানাই এবং সুপ্রিম কোর্টের চিফ জাস্টিসকে জানানো হয়। আপনাদের নিশ্চয় জানা আছে যে ভারতের সংবিধানের ১৩০ নং অনুচ্ছেদ অনুযায়ী সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ যদি করতে হয়, অর্থাৎ সিট যদি দিল্লি থেকে অন্য জায়গায় নিয়ে যেতে হয় তাহলে সুপ্রিম কোর্টের চিফ জাস্টিসকে উদ্যোগ নিতে হবে এবং প্রেসিডেন্ট, কেন্দ্রীয় সরকার এটা অনুমোদন করবেন। দুজনকে যৌথভাবে সিদ্ধান্ত নিতে হবে। '৯৬ সালে ইস্টার্ন ইন্ডিয়াতে যত আইন মন্ত্রীরা আছেন এবং সরকার আছেন তাঁদের নিয়ে একটা কনভেনশান ডাকা হয় কলকাতায়। সেখানে সকলে একেবারে সহমত হয়ে সিদ্ধান্ত নেন যে কলকাতায় সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ হওয়া উচিত। তারপর এখানকার বিশিষ্ট নাগরিকদের একটি কনভেনশান ডাকা হয় এবং সেটাও রাজ্য সরকার ডাকেন। প্রতিটি সংগঠন এবং সাংসদ যাঁরা আছেন তাঁদের মতামত নেওয়া হয়। এইসব সম্মেলন করে একটি পুস্তিকা প্রকাশ করা হয় এবং কেন্দ্রীয় সরকার ও সুপ্রিম কোর্টকে সেটা আমরা জানাই। পরবর্তীকালে এই মর্মে এই বিধানসভা থেকেও একটি সর্বসম্মত সিদ্ধান্ত নেওয়া হয় এবং একটি ডেলিগেশান এই বিধানসভা থেকে দিল্লিতে যায়। দিল্লিতে গিয়ে সুপ্রিম কোর্টের চিফ জাষ্টিস এবং কেন্দ্রীয় সরকারের কাছেও যাওয়া হয়েছিল। কিন্তু যে নীতি পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেন সেই এক সুরে বোধহয় কেন্দ্রীয় সরকার চলেন না। অর্থাৎ আমরা মনে করি বিকেন্দ্রীকরণের মাধ্যমে বিচারকে সহজলভ্য করা উচিত কিন্তু কেন্দ্রীয় সরকার সেটা চান না। ফলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সরাসরি এর জন্য কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। এমনকি আমরা যে দাবি রেখেছিলাম সেই দাবি কনসিডার করা হবে একথা বলার পরও পরবর্তীকালে এ নিয়ে আর কিছু তারা করেননি। কাজেই আপনার বক্তব্যের সঙ্গে সহমত হয়েই বলছি যে সংবিধানের জন্যই এটা হওয়া দরকার, সাধারণ মানুষের জন্যই এটা হওয়া দরকার। আমাদের এখান থেকে একজনকে দিল্লিতে মামলা করতে যেতে হলে তার যাতায়াত ইত্যাদি খরচ নিয়ে ৫০ হাজার টাকা হয়তো লেগে যায় কিন্তু দিল্লির কাছাকাছি যাঁরা থাকেন তাঁদের এই খরচ হয় না। তাঁরা অতিরিক্ত পয়সা খরচ না করেই সরাসরি সুপ্রিম কোর্টে যেতে পারছেন। ফলে দুটি রাজ্যের মানুষদের মধ্যে একটা বৈষম্য প্রকট হয়ে যাচ্ছে। আপনাকে পরিশেষে তাই আবার বলছি, এখন কেন্দ্রীয় সরকারে যাঁরা আছেন এবং সুপ্রিম কোর্টের কর্তৃপক্ষ যাঁরা আছেন তাঁদের এখনও পর্যন্ত কনভিন্স করতে পারিনি। জিনিসটি এখনও বিবেচনাধীন আছে এবং আমাদের যে চেষ্টা সেই চেষ্টা এখনও জারি আছে।

শ্রী তপন হোড়: মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে এটা কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। তার মানে ওরা এটা এখনও নাকচ করে দেননি। মন্ত্রী হিসাবে আপনি এবং আমাদের এখানকার হাইকোর্টের মাননীয় প্রধান বিচারপতি আপনারা সুপ্রিম কোর্টের

প্রধান বিচারপতি মহাশয়ের সঙ্গে যৌথভাবে আলাপ-আলোচনা করে এ বিষয়ে কোনো উদ্যোগ নেওয়ার পরিকল্পনা আছে কিনা ?

শ্রী নিশীথ অধিকারী : আমি আপনাকে আগেই বলেছি যে এই বিধানসভা থেকে এ ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত হয়েছে। এর থেকে বড় আর কিছু তো হতে পারে না কারণ পশ্চিমবঙ্গ বিধানসভাই সারা পশ্চিমবঙ্গকেই প্রতিনিধিত্ব করে। সেই বিধানসভার সর্বদলীয় প্রতিনিধি দল সুপ্রিম কোর্টের চিফ জাষ্টিসের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গেও সাক্ষাত করেছিলেন। '৯৬ সালে একবার এবং '৯৯ সালে একবার—পর পর দুবার সাক্ষাত করা হয়েছে। তা ছাড়া আমরা মাঝে মাঝে চিঠিও দিচ্ছি, তাগাদাও দিচ্ছি। এ ব্যাপারে রাজ্যের হাইকোর্টের যিনি প্রধান বিচারপতি তার কোনো হাত নেই। ভারতের সংবিধানের ১৩০ অনুচ্ছেদ অনুযায়ী, সুপ্রিম কোর্ট, সুপ্রিম কোর্টের চিফ-জাষ্টিস এবং ভারত সরকারের এক্তিয়ারভুক্ত, অন্য কারো এক্তিয়ারভুক্ত নয়।

[11.40—11.50 a.m.]

শ্রী তপন হোড় : সুপ্রিম কোর্টের যে সারকিট বেঞ্চ, এই ব্যাপার নিয়ে তো চলছে, বিচারাধীন আছে, আপনি উদ্যোগ নিচ্ছেন বললেন। কিন্তু আপনি বলুন যে, হাই কোর্টের যে সার্কিট বেঞ্চ, এই ব্যাপারে তো বিধানসভায় বলেছিলেন যে হাই কোর্টের যে সার্কিট বেঞ্চ উত্তরবাংলার জলপাইগুড়িতে খুব শীঘ্র চালু হয়ে যাবে। তার জন্য এখানে ঘর-বাড়ি নিয়ে নেওয়া হলো, কিন্তু এটা এখনও চালু হলো না। এই ব্যাপারে কোথায় বাধা এটা একটু দয়া করে বলবেন ?

শ্রী নিশীথ অধিকারী : এই ব্যাপারেও যদি দেখা যায় তাহলে দেখবো, শেষ আদেশ দেওয়ার যে অধিকারী তা হলো কেন্দ্রীয় সরকার এবং রাজ্যের যিনি প্রধান বিচারপতি লোকাস স্ট্যান্ডি দেখে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছিল যে নর্থ বেঙ্গলে পশ্চিমবাংলার সারকিট বেঞ্চ হওয়া উচিত। আমরা সেই দাবি যেটা করেছি তা প্রায় আজকে ১৫ বছর হয়ে গেল। এটা উত্তরবাংলার সাধারণ মানুষের দাবি যে উত্তরবাংলাতে সার্কিট বেঞ্চ করা হোক। কেন্দ্রীয় সরকার বলেছিল যে তোমরা কলকাতা হাইকোর্টের সঙ্গে কথা বলো, তোমরা ঠিক করো কোথায় হবে। আমরা কলকাতা হাইকোর্টকে বলি এবং সেই ব্যাপারে একটা জায়গা অনুমোদনের জন্য অর্থাৎ তাদের বিচারের জন্য রাখি এবং কলকাতা হাইকোর্টকে জলপাইগুড়ি শহরের জন্য বলি। তারপর এই ব্যাপারে ৫টি মামলা হয় এবং সেই মামলাগুলি আমরা নিষ্পত্তি করেছি। তারপর পশ্চিমবঙ্গ সরকার এবং হাইকোর্ট যুগ্মভাবে এটা অনুমোদনের জন্য পাঠানো হয় কেন্দ্রের কাছে। কেন্দ্রীয় সরকার সেই ব্যাপারে যে পদক্ষেপ নেওয়া দরকার সেটা তাঁরা নেননি। পরবর্তীকালে সেখানে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার জন্য বলেন এবং বলেন তারপর বিবেচনা করবো। ওনারা বিবেচনা করার পর অনুমোদন আসবে এবং তারপর পূর্ণাঙ্গ তৈরি হবে। আমরা তাতে রাজি হয়েছি। আমরা দেখিয়ে দিয়েছি স্বল্পকালীন অবস্থায় পরিকাঠামো তৈরি করেছি, অনুমোদন এলে বড় করবো। স্বল্পকালীন অবস্থায় সর্ট টার্ম এস্টাব্লিশমেন্ট-এর বন্দোবস্ত করেছি এবং

সেটা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি। কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত এই ব্যাপারে সংশ্লিষ্ট যে বিজ্ঞপ্তি জারি করা দরকার সেই বিজ্ঞপ্তি এখনও জারি করেননি। আশা করি আমাদের দিক থেকে আমরা ঠিক আছি। হাইকোর্টেও অনেক দ্বিধা-দ্বন্দ্ব, আমরা রাজি যে জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ হোক। তাদের জায়গার কথা বলেছি। তারা রিপোর্ট দিয়েছে, সেই রিপোর্ট আমরা নিয়েছি এবং সেটা সুপ্রিম কোর্টে পাঠিয়েছি।

শ্রী তপন হোড় : হাইকোর্টের সার্কিট বেঞ্চের ব্যাপারটা এখন বিশ বাঁও জলে আপনার কথা শুনে মনে হচ্ছে। আপনি বলুন, আপনি বিচার ভবন তৈরি করেছেন দুর্গাপুরে, তেহট্টে, নবদ্বীপে, বারুইপুরে এবং কল্যাণীতে। কিন্তু এইগুলো এখনও চালু করা হচ্ছে না কেন ? তারপর আরো মজার ব্যাপার হলো কলকাতা দায়রা আদালত এখনও পর্যন্ত হলো না। এই ব্যাপারে রাজ্য সরকার কি উদ্যোগ নিয়েছে, কেন এখনও হলো না ?

শ্রী নিশীথ অধিকারী : রাজ্য সরকার উদ্যোগ নিয়ে বাড়ি তৈরি করে দিতে পারে এবং পোস্ট ক্রিয়েট করে দিতে পারে। কিন্তু শেষ অনুমোদনের যে জায়গাটা সেটা হলো উচ্চন্যায়ালয়, আর্টিকেল ২৩৫-এর পাওয়ারে সেটা করেন। এটা ঠিক যে স্বল্প সময়ের মধ্যে বিভিন্ন আদালতের বিকেন্দ্রীকরণের জন্য আমরা অনেকগুলো আদালত তৈরি করেছি, প্রায় ৩৫টি হবে। সেখানে অনেক পোস্ট ক্রিয়েট হয়ে গেছে। কিন্তু শেষ জায়গাটাতে কোথাও একটা অসুবিধা আছে। আমরা অপেক্ষায় আছি। হাইকোর্ট আস্তে আস্তে ছাড়বেন। হাইকোর্ট এখনও ছাড়েনি। আর বিচার ভবনের যে কথা বললেন, এটা অত্যন্ত দুঃখের কথা। তার কারণ অনেক পয়সা খরচ করে ব্যাংকশাল কোর্টে অনেক বড় বাড়ি করা হয়েছে। আমরা সেটা হাইকোর্টকে জানিয়েছি। আইন অনুযায়ী নগর ফৌজদারি আদালত আলাদা হওয়া উচিত। সিটি সেশানস্ কোর্ট ১৯৫৬ সালে হয়েছিল। তখন এটাকে আলাদা কোর্ট বলা হয়েছিল। যেহেতু তখন আমাদের ইনফ্রাস্ট্রাকচার ছিল না, সেজন্য একই জর্জ সিটি সিভিল কোর্ট এবং সিটি সেশানস্ কোর্টে মামলা করতে পারবেন, সেজন্য একই সঙ্গে এটা চলছে। এতে অনেক অসুবিধা আছে, সিকিউরিটি রিজনস আছে। আমরা যখন বলি, এখন বাড়ি যেহেতু তৈরি হয়ে গেছে, সিটি সেশানস্ কোর্টকে আলাদা করে সেখানে নিয়ে যাওয়া হোক, আজকে দেড় বছর হয়ে গেল, এটা নিয়ে আলোচনা করছি। হাইকোর্ট এই ব্যাপারে এখনও সঠিক সিদ্ধান্ত নিতে পারেননি। হাইকোর্ট যেদিন বলবেন, সেদিনই আমরা এটা চালু করে দিতে পারবো। আদারওয়াইজ ঠিক আছে। আর অন্য কোর্টগুলো, সেগুলো ঠিক হয়ে আছে, হাইকোর্টের অনুমোদনের জন্য আমরা অপেক্ষা করে আছি। অনুমোদন এলে করা যাবে।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রী মহোদয় সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ প্রসঙ্গে এসে পরে দপ্তর সম্বন্ধে সবকিছু বলে গেলেন। এর পরে আপনি বাজেটে কি বলবেন জানি না। আপনি উত্তরবঙ্গে হাইকোর্টের সার্কিট বেঞ্চ নিয়ে বললেন। উত্তরবঙ্গে সার্কিট বেঞ্চের ব্যাপারে রাজ্য সরকারের ব্যর্থতা রয়েছে। জায়গা ঠিক করতে সময় লেগেছে, গোলমাল মেটানোর জন্য সময় লেগেছে। আপনি সব ব্যাপারেই যখন বললেন তখন আমি সব ব্যাপার নিয়ে আপনাকে প্রশ্ন করবো। প্রথমত, সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ অন্য কোন্ কোন্ রাজ্যে আছে ? সেক্ষেত্রে আমরাই কি বঞ্চিত, সেটা আপনি আলোকপাত করুন। দ্বিতীয়ত, আপনি

বিচারমন্ত্রী হিসাবে বাজেট প্লেস করেছেন—আদালতে এই যে আসামীদের নিয়ে যাওয়া হয়, সেখানে যে কাস্টডিগুলো আছে—মালদাতে, বারাসাতে আসামী মারা গেছে—ছোট্ট ঘরে আসামীরা থাকছে। তারা সাফোকেশনে মারা যাচ্ছে। আদালতগুলিতে যে কাষ্টডিগুলি আছে টেম্পোরেরি ভাবে, সেগুলির কি অবস্থা, আপনি খতিয়ে দেখেছেন কিনা ? যেগুলি বেহাল অবস্থায় আছে, সেগুলির সংস্কারের জন্য আপনার কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী নিশীথ অধিকারী : আপনি দুটি প্রশ্ন করেছেন। আমি আপনার প্রথম প্রশ্নের উত্তর দেব। দ্বিতীয় প্রশ্নটি রুল ৪৩য়ে পড়ে না, সেজন্য আমি তার উত্তর দেব না।

শ্রী আব্দুল মান্নান : আপনি সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চের প্রশ্নে তেহট্ট আদালতের বিষয়ে বললেন, বোলপুরে ওখানে আদালত আছে, সেগুলো নিয়ে বলতে আরম্ভ করে দিলেন। আপনি যেহেতু উত্তরটা দিয়েছেন, সেজন্য বলছি, সো কাইন্ড অফ ইউ, এই প্রশ্নের উত্তর দিলে ভাল হয়।

শ্রী নিশীথ অধিকারী : আপনার প্রথম প্রশ্নের উত্তরে বলি—অন্য কোথাও সার্কিট বেঞ্চ আছে কিনা—না। কারণ আমরা যে নীতিতে চলি, কেন্দ্রীয় সরকার সেই নীতিতে চলেন না।

শ্রী আব্দুল মান্নান : আমরা একাই বঞ্চিত, না সবাই বঞ্চিত ?

শ্রী নিশীথ অধিকারী : সবাই বঞ্চিত। আমি ভারতীয় নাগরিক হিসাবে বলছি, এটা সংবিধান বিরোধী। আন্দামান থেকে যিনি আসছেন তাঁকে প্রায় পঞ্চাশ হাজার টাকা খরচ করতে হচ্ছে। আমরা এখান থেকে যাচ্ছি, তার জন্য আমাদের প্রায় চল্লিশ হাজার টাকা খরচ হচ্ছে। আমি ভারতীয় নাগরিক হিসাবে বলছি, এটা ভারতীয় সংবিধানের মূল সুরের বিরোধী।

দ্বিতীয় যে কথা বলেছেন—উনি যে কথা বলেছেন তা বিকেন্দ্রীকরণের সঙ্গে যুক্ত। আদালত ভবনে লকআপটা বিকেন্দ্রীকরণের সঙ্গে যুক্ত নয়। এটা নিয়মাবলী ৪৩(২)'এর মধ্যে পড়ে না।

শ্রী আব্দুল মান্নান : আপনি যখন সার্কিট বেঞ্চ'এর বিষয়ে বলতে গিয়ে লোয়ার কোর্টের বিষয়ে চলে এলেন, তখন এটা বলবেন না কেন ?

[11.50—12.00 noon]

শ্রী আবু আয়েশ মণ্ডল : সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ, কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ নিয়ে যে কথা বললেন তাতে দীর্ঘ ১৫ বছর ধরে আপনি লেগে আছেন। এবং এই ৮ বছর ধরে এই নিয়ে কাকস্য পরিবেদনা এই জিনিস চলছে। আপনি আগের বাজেট ভাষণে বলেছিলেন যে, এই রাজ্যের সুপ্রিম কোর্টে এবং হাইকোর্টে এবং রাজ্য প্রশাসনিক ট্রাইবুন্যালে যে সংখ্যক মামলা পড়ে রয়েছে এবং তাতে কেন্দ্রীয় সরকারের কোনো সহযোগিতা নেই, সেই মামলা নিরসনের ব্যবস্থা আপনারাই গ্রহণ করবেন বলেছিলেন। এইসব মামলা নিরসনের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন দয়া করে জানাবেন কি ?

শ্রী নিশীথ অধিকারী : আমি বলেছিলাম সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চের মামলা এবং হাইকোর্টের মামলা বিকেন্দ্রীকরণ করে এবং বিচার বিভাগটাকে বিকেন্দ্রীকরণ করে মামলা

নিষ্পত্তি করা। এই ব্যাপারে কিন্তু পশ্চিমবঙ্গ ভারতবর্ষে প্রথম হয়েছে। আপনার ডিস্ট্রিক্ট কেসগুলোর ক্ষেত্রে ডিস্ট্রিক্ট জাজের যে ক্ষমতা ছিল তার থেকে সাব-ডিভিশনে নামিয়ে আনা হয়েছে। এবং সেটা সাব-ডিভিশনের অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ বা ডিস্ট্রিক্ট সেশান জাজকে দিয়েছি। এইভাবে বিকেন্দ্রীকরণের মাধ্যমে কাজ এগোচ্ছে। এছাড়া ল্যান্ড ট্রাইবুন্যাল, সার্ভিস ট্রাইবুন্যাল, ট্যাক্স ট্রাইবুন্যাল এগুলোও করার ইচ্ছা। বিচারের যে ফল জমা ছিল সেটা আমরা ছড়িয়ে দিয়েছি। বিশেষ করে আমরা বিকেন্দ্রীকরণ নীতির পক্ষে। আমরা নিশ্চয় বিশ্বাস করি পশ্চিমবঙ্গ সরকার যে বিকেন্দ্রীকরণের নীতি গ্রহণ করেছে তাতে এই বিচার ব্যবস্থা সাধারণ মানুষের কাছে সহজলভ্য হয়ে উঠবে। এইজন্য সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ, নর্থবেঙ্গলে হাইকোর্টের সার্কিট বেঞ্চ চাইছি। এছাড়া ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার থেকে মহকুমা স্তরে নিয়ে যেতে চাই। পশ্চিমবঙ্গ একটিমাত্র রাজ্য যে কিনা মহকুমা স্তর থেকে ব্লক স্তরে নামিয়ে এনেছে এবং তিনটি ব্লকে জাজ দিতে পেরেছি।

শ্রী কমল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই যে, মাননীয় মন্ত্রীর কথা শুনে উপলব্ধি করলাম যে, মাননীয় মন্ত্রী খুবই হতাশ এবং আমরাও হতাশ। সুপ্রিম কোর্টে এবং হাইকোর্ট থেকে চেষ্টা চলছে। কিন্তু ইচ্ছা থাকলেই তো হয় না, প্রবলেম যে বহু বছর ধরে চলছে, বহু কেস হাইকোর্টে পেন্ডিং এবং এই ব্যাপারে বিচারকের অভাব আছে বলে আপনি বলেছিলেন। সুতরাং আমার প্রশ্ন যে, কলকাতা হাইকোর্টে জাজেদের শূন্য পদের সংখ্যা কত বেড়েছে এবং বিচার যে পেন্ডিং রয়েছে তার সর্বশেষ সংখ্যা কত। আপনারা তো বিকেন্দ্রীকরণ করে জেলা থেকে মহকুমায় নিয়ে গেছেন তাতে দ্রুত কত কেস নিষ্পত্তি হয়েছে এবং কত কেস পেন্ডিং ছিল, আর এখন বর্তমানে কত কেস পেন্ডিং আছে ?

শ্রী নিশীথ অধিকারী : এই ক্ষেত্রেও প্রশ্নটা আমাদের যে নিয়মাবলী ৪৩(২)-এর ১ ধারায় তাতে উত্তর দেওয়া যায় না। তবে আপনি যখন জানতে চাইছেন তাতে বলি পশ্চিমবঙ্গে কেসের সংখ্যা কমেছে। ১৯৯৬ সালে যেখানে বলেছিলাম সারা পশ্চিমবঙ্গে প্রায় ১৮ লক্ষ, সেটা মধ্যে কমে ১৪ লক্ষ হয়েছিল, আবার এখন সাড়ে ১৫, ১৫ লক্ষ নেমে এসেছে। আর কলকাতা হাইকোর্টের দু-বছর আগে ৩ লক্ষ ৬০ হাজার ছিল সেটা এখন ২ লক্ষ ৪০ হাজারে নেমে যাচ্ছে।

*199—Not called

মহকুমা শহরে দমকল কেন্দ্র

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, রাজ্যের বেশ কিছু মহকুমা শহরে কোনো দমকল কেন্দ্র নেই ;

(খ) সত্যি হলে, মোট কতগুলি মহকুমা শহরে দমকল কেন্দ্র নেই ;

(গ) ওই সব মহকুমা শহরে দমকল কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকার কর্তৃক গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(ঘ) হয়ে থাকলে, পরিকল্পনা রূপায়ণের কাজ বর্তমানে কী অবস্থায় আছে ?

শ্রী প্রতীম চ্যাটার্জী :

(ক) হ্যাঁ।

(খ) ১৩টি।

(গ) হ্যাঁ। প্রয়োজনীয় জমি এবং অর্থনৈতিক অনুমোদন পেলে প্রকল্পগুলি ধীরে ধীরে রূপায়িত হবে।

(ঘ) যে ১৩টি মহকুমা শহরে এখনও দমকল কেন্দ্র নেই তার মধ্যে বর্তমানে ডায়মন্ডহারবারে দমকল কেন্দ্র নির্মাণের কাজ চলছে এবং তেহট্ট, কান্দি, উলুবেড়িয়া, বিষ্ণুপুর দমকল কেন্দ্রের জন্য জমি অধিগ্রহণের কাজ হাতে নেওয়া হয়েছে।

এছাড়াও বলি, মেদিনীপুর পূর্বতে তমলুকে জমির জন্য ডি.এম.-কে লেখা হয়েছে মহকুমার সদরে। বাঁকুড়ার বিষ্ণুপুরে শীঘ্রই কাজ শুরু হবে, জমি পেয়েছি। উলুবেড়িয়া বহুদিন থেকে অ্যাকশান লাইনে আছে, কিন্তু উলুবেড়িয়ার জন্য যথাযোগ্য জমি এখনও পাওয়া যায়নি। ঘাটালে হবে—পূর্ব মেদিনীপুরে জমি ঠিক হয়ে গেছে। এগরায় পূর্ব মেদিনীপুরে জমির জন্য লেখা হয়েছে। বাঁকুড়ার খাতরায় জমির জন্য লেখা হয়েছে। মুর্শিদাবাদ জেলার—কান্দিতে জমি পাওয়া গেছে, কাজ শুরু হবে ; লালবাগে জমি পাওয়া যায়নি। ক্যানিং-এ জমি পাওয়া যায়নি। কাকদ্বীপে জমি পাওয়া যায়নি। ডোমকলে জমি পাওয়া যায়নি। তেহট্টে জমি পাওয়া যাবে, কিন্তু টাকা বরাদ্দ আছে, ওইটা বর্ডার এরিয়া ডেভলপমেন্ট প্রজেক্ট-এর টাকা অর্থাৎ বি. এ. ডি. পি.-র টাকা। এই হচ্ছে আমার মহকুমা এবং জেলার কথা, এটা হলে আমাদের সব্রটা কভার হয়ে যাচ্ছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ১৩টির কথা বলেছেন। আপনি যা বললেন তাতে ৫টির মধ্যে একটির কাজ শুরু হবে, ৪টের জমি পেয়েছেন। বাকি ৮টির মধ্যে ৪টের জমি পাওয়া যায়নি। আপনি বলেছেন, জমি এবং অর্থের জোগান সুনিশ্চিত হলে ১৩টি জায়গায় ইমপ্লিমেন্ট হবে। অর্থের জোগানের জন্য একাদশ অর্থ কমিশন এবং দ্বাদশ অর্থ কমিশনের কাছে অর্থ চেয়েছেন কিনা, চেয়ে থাকলে কত অর্থ চেয়েছেন এবং তার প্রাপ্ত সংবাদ দয়া করে বলবেন কি ?

শ্রী প্রতীম চ্যাটার্জী : একাদশ অর্থ কমিশন-এর টাকা খুব কম ছিল, ১ কোটি ২০ লক্ষ ৬৬ হাজার টাকা—তা দিয়ে আমরা কিছু যন্ত্রপাতি কিনেছিলাম। এবারে দ্বাদশ অর্থ কমিশনে যেটা হয়েছে, যা কথাবার্তা হয়েছে, যা বোঝা যাচ্ছে, টাকার পরিমাণ, আমরা ৮৪ কোটি টাকা

চেয়েছি, প্রজেক্টও দিতে হয়েছে, ভাল প্রজেক্ট দিয়েছি। আশাকরি ৮৪ না হলেও সিক্সটি পারসেন্ট টাকা আমরা পাব, তাহলেই অনেকগুলি কাজ আমরা করতে পারব।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, দ্বাদশ অর্থ কমিশনের কাছে ৮৪ কোটি টাকা চেয়েছেন এবং ভালো ভালো প্রজেক্টও দিয়েছেন। দয়া করে যদি ভালো ভালো প্রজেক্ট-এর উল্লেখ করে জানান তাহলে ভালো হয়।

শ্রী প্রতীম চ্যাটার্জী : আপনারা জানেন, আমাদের বর্তমানে যে পরিষেবা আছে, তার সঙ্গে শুধু আগুন নেভানো ছাড়াও অনেকগুলি পরিষেবা আমাদের দিতে হয়, এইগুলিকে বলা যেতে পারে ডিজাসটার্স ম্যানেজমেন্ট। এছাড়া অনেক সমস্যা আছে, যেমন শহরে জল পাওয়া যায় না, এইগুলি তো আছেই, তাছাড়া যে গাড়ি আছে, তার মধ্যে ৯টি ওয়াটার ট্যাঙ্ক-এর কথা বলেছি, ওয়াটার কেরিয়ার-এর কথা বলেছি।

[12.00—12.10 p.m.]

ওয়াটার ক্যারিয়ার ১৬টি, ২৫টি ওয়াটার টেন্ডার ভেহিকেলস্, দশটি ব্রিদিং অপারেটার এবং ব্রিদিং অপারেটারের জন্য আমরা আট লক্ষ টাকার যন্ত্রপাতি চেয়েছি, এছাড়াও বিভিন্ন রকমের গাড়ি আছে। এর সঙ্গে যেগুলো আমি আগে বলে গেলাম সেগুলোও চেয়েছি। ওই ১৩টি বাদে আরও কতগুলো স্টেশান অনুমোদিত হয়েছে। তার মানে দুটো জিনিস— কতগুলো নতুন স্টেশান বানানো, আর স্টেশানগুলোর জন্য যে ইমপ্লিমেন্টেশান লাগবে সেগুলো দেব। তার মধ্যে আগুন নেভানোর জন্য আমাদের টেন্ডার ভেহিকেলস্ নতুন করে কিনতে হচ্ছে। এর আগে আমি মিউনিসিপ্যালিটিগুলোকে বাদ দিয়ে গেছি। যেমন উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জ, নদিয়ার নবদ্বীপ ও শান্তিপুর এবং উত্তর দিনাজপুরের ডালখোলায় নতুন স্টেশান হবে। এখন যে ইনফ্রাস্ট্রাকচার, ব্যবসা-বাণিজ্য, লোকবসতি, কেমিকেল স্টোর ইত্যাদি বিষয়গুলো দেখে নিয়ে এগুলো ঠিক করা হচ্ছে। আমার মনে হয় আমরা যে ৮৪ কোটি টাকা চেয়েছি সেটা যথার্থভাবেই বিবেচিত হওয়া উচিত।

Starred Questions
(to which answers were laid on the Table)

Directions to the Universities

*199. (Admitted question No. *454) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Higher Education Department be pleased to state—

(a) whether the Government has issued directions to stop all new appointments in the Universities ; and

(b) if so, reasons thereof ?

Minister-in-Charge of the Higher Education Department:

(a) No directions for stopping of all new appointments in the Universities have been issued.

The State-aided Universities in West Bengal have been requested not to create and/or fill up any post without prior clearence from the State Government.

(b) Does not arise.

রাজ্যে সরকার অননুমোদিত মাদ্রাসার সংখ্যা

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৬) শ্রীমতী সোনালী গুহ : মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

রাজ্যে সরকার অনুমোদিত নয় এরূপ মাদ্রাসার সংখ্যা কত ?

মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্য সরকার অনুমোদিত নয় এরূপ মাদ্রাসার কোনো হিসাব বিদ্যালয় শিক্ষা বিভাগের পক্ষে দেওয়া সম্ভব নয়।

রাজ্যের কলেজগুলিতে শূন্য শিক্ষকের পদ

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৫) শ্রী সামসুল ইসলাম মোল্লা : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) এ রাজ্যের কলেজগুলিতে ৩১.১২.২০০২ পর্যন্ত কতগুলি কলেজ শিক্ষকের পদ খালি আছে ;

(খ) শূন্যপদে শিক্ষক নিয়োগের কী ব্যবস্থা সরকার গ্রহণ করছেন ; এবং

(গ) ওই পদগুলির মধ্যে কতগুলিতে আংশিক সময়ের শিক্ষক নিয়োজিত আছেন ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ রাজ্যের কলেজগুলিতে ৩১.১২.০২ তারিখ পর্যন্ত প্রায় ৯০০টি শিক্ষকের পদ খালি আছে।

(খ) বেসরকারি কলেজগুলিতে শিক্ষক পদে নিয়োগের জন্য পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় সেবা আয়োগ তাঁদের বিজ্ঞাপন নং ১। ২০০২-এর পরিপ্রেক্ষিতে

মেধা তালিকা প্রকাশ করেছেন এবং সেই অনুসারে মনোনয়নপত্র পাঠানো শীঘ্রই শুরু হবে।

সরকারি কলেজে শিক্ষক পদ পশ্চিমবঙ্গ জনসেবা আয়োগের সুপারিশক্রমে পূরণ করা হয়। এ বিষয়ে ওই আয়োগকে নিয়োগের আর্জি জানানো হয়েছে।

(গ) আংশিক সময়ের শিক্ষক কলেজ কর্তৃপক্ষ দ্বারা নিয়োজিত হন। তাই এ সম্পর্কে সঠিক সংখ্যা বলা সম্ভব নয়।

ক্যানিং শহরে মহকুমা আদালত স্থাপন

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৫) **শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ক্যানিং শহরে মহকুমা আদালত স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) যথাসত্বর সম্ভব আদালত স্থাপনের আন্তরিক প্রচেষ্টা চলছে।

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের প্রাইভেট টিউশন বন্ধে পদক্ষেপ

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৪) **শ্রী নন্দদুলাল মাঝি** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলির শিক্ষক ও শিক্ষিকাদের প্রাইভেট টিউশন বন্ধ করতে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মাধ্যমিক বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকাদের গৃহ-শিক্ষকতা বন্ধ করার জন্য সরকার গত বৎসর একটি বিজ্ঞপ্তি জারি করেছিল। তাদের বৃত্তিগত আচরণবিধি তৈরি করার জন্য সরকার উদ্যোগী হয়েছে। প্রাথমিক শিক্ষকদের জন্য যে বৃত্তিগত আচরণবিধি চালু করা হয়েছে তাতে গৃহ শিক্ষকতা নিষিদ্ধ করা আছে।

Renewed fire licenses

*205. (Admitted question No. *1211) **Shri Ashok Deb :** Will the Minister-in-Charge of the Fire Services Department be pleased to state—

(a) number of fire licenses renewed during 01.01.2002 to 31.01.2003, and

(b) number of cases pending ?

Minister of State of the Fire Services Department :

(a) 4010.

(b) 4480.

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য প্রশ্ন ব্যাঙ্ক

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৮) **শ্রী পরেশ নাথ দাস :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের সুবিধার্থে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রশ্ন ব্যাঙ্ক গড়ার উদ্যোগ নিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, কোন কমিটি এই প্রশ্ন ব্যাঙ্ক তৈরি করবেন ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এ বিষয়ে একটি বিশেষজ্ঞ কমিটি এই প্রশ্ন ব্যাংক তৈরি করবেন।

রাজ্যের দমকল বাহিনীর আধুনিকীকরণ

*২০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০০) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে রাজ্যে দমকল বাহিনীকে আধুনিকীকরণের জন্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও অর্থ পেয়েছেন কি ;

(খ) পেয়ে থাকলে, প্রাপ্ত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত অর্থে আধুনিকীকরণের কী কী কাজ করা হয়েছে বা হবে ?

অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। একাদশ অর্থ কমিশনের মাধ্যমে।

(খ) ১২০.৬৬ লক্ষ টাকা।

(গ) বর্তমানে আর্থিক বর্ষে উক্ত অর্থে তিনটি ট্রেলার পাম্প কেনা হয়েছে ও বারাসাত, কামারহাটি এবং চাঁচোল দমকল কেন্দ্রের নতুন ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা নেওয়া হয়েছে। এই আর্থিক বর্ষে একাদশ অর্থ কমিশনের বরাদ্দ টাকায় আরও কিছু উন্নতমানের যন্ত্রপাতি ক্রয় করার পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হয়েছে। তার মধ্যে ৯টি ওয়াটার টেন্ডার, ৪টি ওয়াটার কেরিয়ার, ৫টি টোয়িং ভেহিকেল, ১০টি ব্রিদিং অ্যাপারেটাস সেট ও ৮ লক্ষ টাকায় কারখানায় ব্যবহৃত কিছু যন্ত্রপাতি এবং অগ্নি নির্বাপণ যন্ত্রাদি, ইত্যাদি উল্লেখযোগ্য।

আর. এস. এস. তথা সংঘ পরিবারের নিয়ন্ত্রণাধীন বিদ্যালয়

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩০) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে আর.এস.এস. তথা সংঘ পরিবারের নিয়ন্ত্রণাধীন কোনো বিদ্যালয় আছে কি না ; এবং

(খ) থাকলে, ঐরূপ বিদ্যালয়ের সংখ্যা কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ সম্বন্ধে কোনো তথ্য বিদ্যালয় শিক্ষা বিভাগের কাছে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

কলেজে নতুন অনার্স ক্লাস

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৯) **শ্রী দীপক কুমার ঘোষ :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত বছর কতগুলো কলেজে নতুন অনার্স ক্লাস খোলার অনুমতি দেওয়া হয়েছে ; এবং

(খ) এর মধ্যে বিজ্ঞানের নতুন অনার্স ক্লাসের সংখ্যা কত ?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গত বছর অর্থাৎ ২০০১-০২ শিক্ষাবর্ষে ৯৩টি কলেজে নতুন অনার্স ক্লাস খোলার অনুমতি দেওয়া হয়েছে।

(খ) এর মধ্যে বিজ্ঞানের নতুন অনার্স ক্লাসের সংখ্যা ৩৩টি।

সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদন

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৭) **শ্রী মন্টুরাম পাখিরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলিকে অনুমোদনের জন্য রাজ্য সরকার কোনো পদক্ষেপ নিয়েছেন কি না ; এবং

(খ) নিয়ে থাকলে, কবে নাগাদ উক্ত বিদ্যালয়গুলি অনুমোদন পাবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, এ ধরনের কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি, হচ্ছে না।

(খ) প্রশ্ন ওঠে না।

University in Howrah District

*211. (Admitted Question No. *1749) **Shri Asit Mitra** and **Smt. Sabitri Mitra :** Will the Minister-in-Charge of the Higher Education Department be pleased to state—

(a) whether the Government has any plan to establish a University in Howrah district ; and

(b) if so, the details thereof ?

Minister-in-Charge of the Higher Education Department :

(a) A proposal for transforming the Bengal Engineering College (Deemed University) to a University is, under consideration of the Government.

(b) Does not arise, at all.

Unstarred Questions
(to which written answers were laid on the Table)

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের গৃহনির্মাণ অনুদান

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ গ্রামীণ মানুষদের ঘরবাড়ি নির্মাণের জন্য বর্তমানে চালু গৃহনির্মাণ অনুদান প্রকল্পের মাধ্যমে আর্থিক সাহায্য দেওয়া হয় ;

(খ) সত্যি হলে, বর্তমান ২০০২-২০০৩ আর্থিক বছরে ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট আর্থিক সাহায্যের পরিমাণ কত এবং

(গ) আর্থিক সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যা কত ?

ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি।

(খ) ৩,৬৫,০০০ টাকা মাত্র।

(গ) ৩১.১২.২০০২ পর্যন্ত আর্থিক সাহায্যপ্রাপ্ত পরিবারের সংখ্যা ২২৯টি।

বসুমতী ও পশ্চিমবঙ্গ প্রকাশনায় ব্যয়

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২) **শ্রী আব্দুল মান্নান** : তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৭-৯৮ থেকে ২০০১-২০০২ প্রত্যেক আর্থিক বছরে 'বসুমতী' ও 'পশ্চিমবঙ্গ'পত্রিকা দুটির প্রকাশে কত ব্যয় ও কত আয় হয়েছে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১৯৯৭-৯৮ থেকে ২০০১-২০০২ পর্যন্ত 'বসুমতী' ও 'পশ্চিমবঙ্গ' পত্রিকা দুটির আয়-ব্যয়ের পরিসংখ্যান নিম্নরূপ :

বসুমতী পত্রিকা (আয়-ব্যয়ের হিসাব)

সাল	ব্যয়	আয়
১৯৯৭-১৯৯৮	১৫৪.৩৩ লক্ষ	৭৭.১৬ লক্ষ
১৯৯৮-১৯৯৯	১৪৬.০৪ লক্ষ	৭০.৬৬ লক্ষ
১৯৯৯-২০০০	১৪৬.৫৭ লক্ষ	৬০.৮৮ লক্ষ
২০০০-২০০১	১৪৭.৫৪ লক্ষ	৫৭.৩০ লক্ষ
২০০১-২০০২	১২৯.৩৯ লক্ষ	৩৪.১১ লক্ষ

পশ্চিমবঙ্গ পত্রিকা (আয়-ব্যয়ের হিসাব)

সাল	ব্যয়	আয়
১৯৯৭-১৯৯৮	৬৪,৭১,৯৯৬ টাকা	১২,০৭,৮১২.২৫ টাকা
১৯৯৮-১৯৯৯	৩৮,৪৯,৩৯৫ টাকা	৫,০৫,৩১৯.৮০ টাকা
১৯৯৯-২০০০	৭০,৮৩,২১৬ টাকা	৬,০২,১১১.৫০ টাকা
২০০০-২০০১	৫৭,৪৪,৫৭৮ টাকা	৩,০৫,৯২১.০০ টাকা
২০০১-২০০২	৩২,৫৫,৯৭৬ টাকা	৫,১৫,১৫০.৫০ টাকা

Number of Registered Unemployed

28. (Admitted Question No. 301) **Shri Gyan Singh Sohanpal and Shri Abdul Mannan:** Will the Minister-in-Charge of the Employment Exchange Department be pleased to state—

(a) the total number of registered unemployed in the state as on 31.12.2002 ;

(b) the placement, if any, during the year under review ;

(c) how many of those mentioned in 'b' are from the minority communities namely Muslims, Sikhs, Christians and Buddhists and

(d) the position with regard to (a), (b) & (c) in the year 2001 ?

Minister-in-Charge of the Employment Exchange Department :

(a) The total number of registered unemployed in the state as on 31.12.2002 was 64,33,137

(b) The total number of placement during the year 2002 was 7795.

(c) Total number of placement from the Minority Communities during 2002 was 521.

Break up of placement in 2002 was as follows :

Community	Total No. of Placement
Muslims	395
Sikhs	2
Christians	85
Buddhists	39

(d) The total no. of registered unemployed in the State as on 31.12.2001 was 61,80,880. Total no. of placement during 2001 was 11,157.

Total no. of placement from minorities communities during 2001 was 788.

Break up of placement in 2001 was as follows :

Community	Total No. of Placement
Muslims	650
Sikhs	4
Christians	42
Buddhists	92

জি. টি. রোড সংস্কার

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৩) **শ্রী কমল মুখার্জী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জি.টি. রোডের সংস্কারের ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা কীরূপ এবং

(খ) রাস্তার দুই পাশে বেআইনি দখলদার উচ্ছেদ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে পূর্ত দপ্তর হুগলির জি.টি. রোডের (৪০ কিমি) সংস্কারের জন্য MORTH-এর কাছে C.R.F.-এ অন্তর্ভুক্তির জন্য Estimate পাঠিয়েছে এবং বর্ধমান শহরের ১০ কি.মি. জি.টি. রোড চওড়া করা ও সংস্কারের জন্য হাডকোর ঋণ গ্রহণের সম্ভাব্যতার বিষয়ে বিবেচনার জন্য অর্থ দপ্তরে Estimate পাঠিয়েছে।

(খ) আশা করা যায়, সংস্কারের পরিকল্পনা গৃহীত হলে বেআইনি দখলের ব্যাপারে একটি নিষ্পত্তি হবে।

খেলাধুলার প্রসারে ভদ্রেশ্বর পৌরসভার পরিকল্পনা

৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৫) **শ্রী কমল মুখার্জী** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খেলাধুলা প্রসারের জন্য ভদ্রেশ্বর পৌরসভা কী কী পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(খ) বিগত ২০০২-২০০৩ আর্থিক বৎসরে ৩১ জানুয়ারি পর্যন্ত উক্ত পৌরসভা খেলাধুলা প্রসারের জন্য সরকার থেকে কী পরিমাণ আর্থিক সাহায্য পেয়েছে এবং

(গ) রাজ্য যুব কল্যাণ দপ্তর থেকে ওই পৌরসভা কী কী খেলাধুলার সরঞ্জাম পেয়েছে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) খেলাধুলা প্রসারের জন্য ভদ্রেশ্বর পৌরসভা পৌর এলাকায় তিনটি খেলার মাঠ যথা খো-খো, কবাডি এবং ভলিবল মাঠের সংস্কার করে প্রশিক্ষণ কর্মসূচি চালু করেছে। এছাড়া পৌরসভা সন্তরণের প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি সুইমিং পুল নির্মাণ করেছে।

(খ) বিগত ২০০২-২০০৩ আর্থিক বৎসরের ৩১ জানুয়ারি পর্যন্ত ভদ্রেশ্বর পৌরসভা খেলাধুলার প্রসারের জন্য ৫.২৭ লক্ষ টাকা আর্থিক সাহায্য পেয়েছে।

(গ) রাজ্য যুব কল্যাণ দপ্তর থেকে ভদ্রেশ্বর পৌরসভা ১০টি ফুটবল, ১০টি ভলিবল, ৫টি ভলিবল নেট ও ১টি ক্রিকেট সেট খেলাধুলার সরঞ্জাম হিসাবে পেয়েছে।

ভদ্রেশ্বর পৌরসভার উদ্যোগে সুইমিং পুল

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৬) **শ্রী কমল মুখার্জী** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার ভদ্রেশ্বর শহরে ভদ্রেশ্বর পৌরসভার উদ্যোগে যে সুইমিং পুলটি নির্মাণ করা হয়েছে, তার জন্য কোন কোন স্থান থেকে কী পরিমাণ অর্থ সংগ্রহ করা হয়েছে এবং

(খ) উক্ত সুইমিং পুল নির্মাণের জন্য মোট কত অর্থ বরাদ্দ করা হয়েছিল ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক)

হুগলি জিলা পরিষদ থেকে	—	৩ লক্ষ টাকা
জেলা শাসক, হুগলি থেকে	—	১ লক্ষ টাকা
মাননীয় সাংসদ শ্রী রূপচাঁদ পালের স্থানীয় এলাকা উন্নয়ন তহবিল থেকে	—	১ লক্ষ টাকা
মোট	—	৫ লক্ষ টাকা

বাকি অর্থ বিভিন্ন সংস্থা এবং জনসাধারণের নিকট হইতে দান হিসাবে সংগ্রহ করা হইবে।

(খ) ২৭.৫০ লক্ষ টাকা

চন্দননগর পৌর নিগমকে খেলাধুলা বাবদ অর্থ বরাদ্দ

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৮) শ্রী কমল মুখার্জী : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চন্দননগর পৌর নিগমকে ২০০২-২০০৩ আর্থিক বছরে ৩১ জানুয়ারি পর্যন্ত খেলাধুলা প্রসারের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছিল ;

(খ) উক্ত অর্থ কোথায় কোথায় খরচ করা হয়েছে এবং

(গ) খরচের পরিমাণ কত ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৫.৫৪ লক্ষ টাকা

(খ) মেরী পার্ক উন্নতিকল্পে ৪.৫০ লক্ষ টাকা খরচ হয়েছে।

(গ) ৪.৫০ লক্ষ টাকা।

হুগলি জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯১) শ্রী কমল মুখার্জী : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় মোট কয়টি প্রাথমিক বিদ্যালয়ে ১০০ (একশো) জনেরও কম ছাত্রছাত্রী আছে এবং

(খ) উক্ত প্রাথমিক বিদ্যালয়গুলি সম্পর্কে সরকারের পরিকল্পনা কীরূপ ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হুগলি জেলায় ১০০ (একশো) জনেরও কম ছাত্রছাত্রী আছে এমন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫২ (বাহান্ন)টি।

(খ) উক্ত বিদ্যালয়গুলির পশ্চাদভূমিতে যদি বিদ্যালয় আসার বয়স থাকা সত্ত্বেও শিশুরা বিদ্যালয়ের বাইরে থেকে যায় তাহলে তার কারণ অনুসন্ধান করে তা দূর করার চেষ্টা করা হবে যাতে তারা ওই বিদ্যালয়গুলিতে আসে। অন্য কারণে বিদ্যালয়ে আসতে অনিচ্ছুক যদি এমন হয় তাহলে তার প্রতিকারের ব্যবস্থা করা হবে।

ঘুঙ্গির খাল সংস্কার

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯২) শ্রী কমল মুখার্জী : সেচ জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলায় 'ঘুঙ্গির খাল' সংস্কারের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হুগলি জেলায় 'ঘুঙ্গির খাল' সংস্কারের একটি পরিকল্পনা রাজ্য সরকার প্রস্তুত করেছেন। ঐ প্রকল্পটির উপর গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ পর্ষদ কয়েকটি নির্দিষ্ট পরিবর্তন করা যায় কিনা পরীক্ষা করার উদ্দেশ্যে রাজ্য সরকারের কাছে ফেরত দিয়েছেন। এই পরীক্ষাগুলি কিছুটা সময়সাপেক্ষ হওয়ায়, এখনও পরিকল্পনাটি গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কাছে পুনরায় ফেরত পাঠানোর জন্য প্রস্তুত করা যায়নি।

গৌরহাটি ই.এস.আই. হাসপাতালের উন্নয়ন

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৪) **শ্রী কমল মুখার্জী** : কর্মচারী রাজ্যবীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় গৌরহাটি ই.এস.আই. হাসপাতালটির উন্নয়নের জন্য কী ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) বর্তমানে উক্ত হাসপাতালে চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মচারীদের শূন্য পদের সংখ্যা কয়টি এবং

(গ) ওই শূন্য পদগুলি কবে নাগাদ পূরণ করা হবে বলে আশা করা যায় ?

কর্মচারী রাজ্যবীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কর্মচারী রাজ্যবীমা নিগমের অ্যাকশন প্ল্যান, ৯৮-৯৯ অনুসারে 'পাল্‌স অক্‌সিমিটার' কেনা হয়েছে এবং অ্যাকশন প্ল্যান ১৯৯৯-২০০০ অনুযায়ী ৪৯,৮০৬ (ঊনপঞ্চাশ হাজার আট শত ছয়) টাকা মূল্যের মেডিক্যাল বই কেনার অনুমোদন পাওয়া গেছে। এছাড়া হাসপাতালটিতে সেমি-অটো অ্যানালাইজার কার্ডিয়াক মনিটর ইত্যাদি আধুনিক যন্ত্রও আছে।

(খ) বিভিন্ন বিভাগে শূন্যপদের সংক্ষখ্যা নিম্নরূপ :

চিকিৎসক (স্পেশালিস্ট)	—	৩
চিকিৎসক (জেনারেল ডিউটি)	—	৪
নার্স	—	৯
অন্যান্য কর্মচারী	—	৩১

(গ) পদগুলি পূরণের জন্য সবরকমের প্রচেষ্টা নেওয়া হচ্ছে। পদগুলি পূর্ণ হবার নির্দিষ্ট তারিখ জানানো সম্ভব নয়।

সরস্বতী নদী সংস্কার

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪০২) **শ্রী কমল মুখার্জী** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরস্বতী নদীটি সংস্কার না হওয়ায় বহু চাষী ক্ষতিগ্রস্ত হচ্ছেন এবং

(খ) সত্যি হলে, উক্ত নদীটি সংস্কারের ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা কীরূপ ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। সরস্বতী নদী হুগলি জেলার ত্রিবেণী থেকে হুগলি নদীর শাখানদী হিসাবে প্রবাহিত হয়ে হাওড়া জেলার সাঁকরাইলে পড়েছে। বর্তমানে হুগলি নদীর জলপ্রবাহ কম হওয়ায় এই নদীটি দিয়ে বাস্তবত কোনো প্রবাহ নেই। নদীটি মজে গেছে, তবে এই নদীর অববাহিকার জল অন্যান্য নদী-নালা দিয়ে নিকাশী হওয়ায়, এই অববাহিকার কোনো নিকাশী সমস্যা নেই।

(খ) এ সম্বন্ধে জানানো যেতে পারে যে সরস্বতী নদী সংস্কারের ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা আগেও ছিল এবং বর্তমানেও আছে। পরিবেশ সংরক্ষণ এবং প্রাকৃতিক ভারসাম্য রক্ষার জন্য এই সরস্বতী নদী সংস্কারের একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং আনুমানিক ব্যয় ধরা হয়েছে ২৩.৯০ কোটি টাকা। প্রকল্পটি বর্তমানে গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের বিবেচনাধীন অবস্থায় আছে।

চন্দননগর মহিলা পলিটেকনিক কলেজ

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৩) **শ্রী কমল মুখার্জী** : কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চন্দননগর মহিলা পলিটেকনিক কলেজ হস্টেলের নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জমি অধিগ্রহণের কাজ চলছে।

নিয়মভঙ্গের অপরাধে সাজাপ্রাপ্ত পুলিশ কর্মী

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৭) **শ্রী ব্রহ্মময় নন্দ** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১ জানুয়ারি ১৯৯৮ সাল থেকে ৩১ ডিসেম্বর ২০০২ সাল পর্যন্ত নিয়মভঙ্গের অপরাধে অভিযুক্ত কতজন পুলিশ কর্মীর সাজা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৫৯,৬১০ জন।

পরচুলা শিল্প

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৩) **শ্রী ব্রহ্মময় নন্দ** : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পূর্ব মেদিনীপুর জেলায় নন্দীগ্রাম ৩ নং ব্লকে চৌখালি এলাকায় পরচুলা শিল্পকে বাঁচিয়ে রাখতে রাজ্য সরকার কী উদ্যোগ গ্রহণ করেছেন ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পূর্ব মেদিনীপুর জেলায় নন্দীগ্রাম ৩ নং ব্লকে চৌখালি এলাকায় মানুষের মাথার চুল (Human Hair) প্রক্রিয়াকরণ এবং বিভিন্ন শ্রেণিভুক্ত (Grading) করার কুটিরশিল্প আছে। এই শিল্পের প্রধান কাঁচামাল 'মানুষের চুল' সংগ্রহ করার পর সেগুলিকে রাসায়নিক প্রক্রিয়ার ধৌত করে আকার (সাইজ) অনুযায়ী বিভিন্ন শ্রেণিভুক্ত (Grading) করে কলকাতা এবং মুম্বই-এ বিক্রি করা হয়ে থাকে। এই সমস্ত ছোট ছোট শিল্প ইউনিট ছাড়াও তিনটি নিবন্ধীকৃত ক্ষুদ্রায়তন শিল্প ইউনিট আছে, যেখানে প্রক্রিয়াকরণের সঙ্গে সঙ্গে পরচুলা তৈরিও করা হয়ে থাকে।

ক্ষুদ্র শিল্প ইউনিটগুলি যাতে প্রক্রিয়াকরণের সঙ্গে সঙ্গে পরচুলা তৈরি করতে সক্ষম হয়, তার জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা, বিভিন্ন মেলা ও প্রদর্শনীতে অংশগ্রহণ করে এই শিল্পীরা যাতে তাঁদের উৎপাদিত দ্রব্য বিক্রয় করতে পারেন, সেই ব্যবস্থা গ্রহণ ইত্যাদি বিষয়ে চিন্তা-ভাবনা করা হচ্ছে।

পানিহাটির রামচন্দ্রপুরের 'ভাগাড়'

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০০) **শ্রী নির্মল ঘোষ** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পানিহাটি পৌর এলাকায় রামচন্দ্রপুরে অবস্থিত 'ভাগাড়'টি উচ্ছেদ বা আধুনিকীকরণের কাজ কোন পর্যায়ে রয়েছে ;

(খ) উক্ত কাজ কবে শুরু হবে বলে আশা করা যায় এবং

(গ) এই উচ্ছেদ বা আধুনিকীকরণের পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য বরাদ্দ টাকার পরিমাণ কত ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পানিহাটি পৌর এলাকায় অবস্থিত রামচন্দ্রপুর ভাগাড়টির উচ্ছেদের কোনো প্রস্তাব নেই। উচ্ছেদ না করে এটিকে উন্নীতকরণের জন্য কে. এম. ডি. এ. কর্তৃক একটি স্বল্প মেয়াদী প্রকল্প প্রস্তুত করা হয়েছে।

(খ) প্রকল্পটি বর্তমানে পরীক্ষাধীন।

(গ) প্রকল্পটি রূপায়িত করতে গেলে আনুমানিক ২৩২.৩০ লক্ষ টাকা ব্যয় হবে।

তিন বৎসরের অধিক এক থানায় কর্মরত পুলিশ অফিসার

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৪) শ্রী নির্মল ঘোষ : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(a) the total number of Officer-in-charge and Sub-Inspectors posted in Thana (Police Station) for more than 3 (three) years as on 31st December, 2002 and

(b) the reasons thereof ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক)

থানা আধিকারিক	—	০
পুরুষ সাব-ইন্সপেক্টর	—	১৮
মহিলা সাব-ইন্সপেক্টর	—	২
মোট	—	২০

(খ) প্রশাসনিক, জনস্বার্থ ও থানা বিভাজনের পরিপ্রেক্ষিতে উপরোক্ত পুলিশ কর্মচারীরা একই থানায় তিন বৎসরের অধিক কর্মরত।

উদ্বাস্তুদের মধ্যে জমির দলিল বণ্টন

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৫) শ্রী নির্মল ঘোষ : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০২ সালে রাজ্যে কত সংখ্যক উদ্বাস্তুদের মধ্যে জমির দলিল বণ্টনের কাজ সমাপ্ত হয়েছে এবং

(খ) ২০০০-০১ আর্থিক বছরে উত্তর ২৪-পরগনা জেলায় জবর দখল উদ্বাস্তু কলোনীগুলির উন্নয়নের জন্য কত অর্থ খরচ করা হয়েছে (কলোনীগুলির নামসহ খরচের পরিমাণ) ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত ২০০২ সালে রাজ্যে মোট ৬,১৮৬টি উদ্বাস্তু পরিবারকে দলিল দেওয়া হয়েছে।

(খ) ২০০০-০১ সালে নিম্নলিখিত জবরদখল কলোনীগুলির জন্য পাশে উল্লেখিত পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছিল।

	কলোনী (কেন্দ্রীয় সরকার ঘোষিত)		মঞ্জুরীকৃত অর্থ
(১)	লেনিনগড়, খড়দহ	—	১,০৫,৬৮,২২৭ টাকা
(২)	আম্রপল্লী-২ (বাসিন্দা), নৈহাটি	—	৮৮,৭৬,৩৭১ টাকা
(৩)	আজাদ হিন্দ নগর, খড়দহ		১,৫৩,৯৪,৫০৪ টাকা
(৪)	নিরঞ্জন নগর-বি, নোয়াপাড়া	—	৫৪,৪২,১৪৩ টাকা
(৫)	শতদল পল্লী, খড়দহ	—	১৭,২৪,০১৭ টাকা

কলকাতা ও হাওড়ার মধ্যে নতুন সেতু নির্মাণ

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৩) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ও হাওড়ার মধ্যে সরকারের কোনো নতুন সেতু নির্মাণের পরিকল্পনা আছে কিনা এবং

(খ) থাকলে, (১) কোথায় এবং (২) কবে নাগাদ এই নতুন সেতু নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ আছে।

(খ) (১) হাওড়া জেলার বালিতে ২ নং জাতীয় সড়কের বিবেকানন্দ সেতুর প্রায় ৫০ মিটার দক্ষিণে দ্বিতীয় বিবেকানন্দ সেতু নির্মাণ করা হবে।

(২) জমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ প্রদান, বিভিন্ন প্রকার উপযোগ সরবরাহ স্থানান্তরকরণের কাজ প্রায় শেষ পর্যায়ে। অন্যান্য প্রাথমিক পর্বের কাজ এইভাবে চলতে থাকলে আশা করা যায় আগামী অক্টোবর, ২০০৩ নাগাদ সেতু কাজ রূপায়ণযোগ্য হবে। তবে একাজ সরাসরি এন.এইচ.এ.আই. পরিচালনা করবে।

বাওয়ালি-পুটখালি রাস্তা

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৯) শ্রীমতী সোনালী গুহ : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাওয়ালি থেকে পুটখালি পর্যন্ত রাস্তার কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বাওয়ালি থেকে পুটখালি পর্যন্ত রাস্তার জমি অধিগ্রহণের কাজ যেহেতু এখনো শেষ হয়নি তাই কবে নাগাদ রাস্তার কাজ শেষ হবে এখনই বলা যাচ্ছে না।

রাজ্যে ব্যাঙ্ক ডাকাতি

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪২) শ্রী জটু লাহিড়ী : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০ সালের জানুয়ারি মাস থেকে ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত রাজ্যে কতগুলি ব্যাঙ্ক ডাকাতি হয়েছে এবং

(খ) ব্যাঙ্কগুলি থেকে ডাকাতি হওয়া মোট অর্থের পরিমাণ কত ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট ২৭টি।

(খ) টাকা ১,২৯,০২,৬০৩

জাতীয় সড়কের পার্শ্ববর্তী জমি হস্তান্তর

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৩) শ্রী অজয় দে : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের অন্তর্ভুক্ত কয়েকটি জাতীয় সড়কের পার্শ্ববর্তী জমির হস্তান্তর বা বিক্রয় বন্ধ আছে এবং

(খ) সত্যি হলে, কোনো কোনো সড়কের পার্শ্ববর্তী জমির হস্তান্তর বন্ধ আছে ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) জাতীয় সড়ক নং ২-এর ডানকুনি থেকে বরাকর পর্যন্ত।

(২) জাতীয় সড়ক নং ৬-এর ডানকুনি থেকে খড়গপুর পর্যন্ত।

(৩) জাতীয় সড়ক নং ৬০-এর খড়গপুর থেকে ওড়িশা সীমান্ত পর্যন্ত।

(৪) জাতীয় সড়ক নং ৩১-এর ইসলামপুর থেকে শিলিগুড়ি পর্যন্ত।

(৫) জাতীয় সড়ক নং ৩১সি-র শিলিগুড়ি থেকে চালসা হয়ে অসম সীমান্তের সংকোশ পর্যন্ত।

(৬) জাতীয় সড়ক নং ৩৪-এর বারাসাত থেকে রায়গঞ্জ পর্যন্ত।

সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম কর্তৃক ঋণ প্রদান

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৯) শ্রী সামসুল ইসলাম মোল্লা : সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে গত ৩১.১২.২০০২ পর্যন্ত কতজন সংখ্যালঘু ব্যক্তিকে সংখ্যালঘু উন্নয়ন ও বিত্তনিগম ঋণ প্রদান করেছে এবং

(খ) ঋণের মোট পরিমাণ কত (জেলাওয়ারি) ?

সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৬,২৬০ জনকে।

(খ) (১) মোট ঋণের পরিমাণ ৬১,৫৪,৫৭,০৪১.১৫ টাকা।

(২) জেলাওয়ারি ঋণ বণ্টন

জেলার নাম	ঋণের পরিমাণ	ঋণ প্রাপকের সংখ্যা
২৪-পরগনা (উঃ)	৪,১৫,৮১,৮৮০.০০	৭৮৬
২৪-পরগনা (দঃ)	৩,৫৩,৭৪,৩৯০.০০	৬৬৭
বাঁকুড়া	১,৩০,৪২,০৭৫.০০	৩৩০
বীরভূম	৪,৫০,৬৩,৩০৭.০০	১৭০২
বর্ধমান	৩,৪০,৪৫,০৫৫.০০	১১৪১
কোচবিহার	১,১৯,০৫,৯৭০.০০	২৭২
দঃ দিনাজপুর	১,৭৮,০০,৬২৫.০০	৪৫৪
দার্জিলিং	৭২,৯৫,১৪৫.০০	১৭৩
হাওড়া	৩,৩৬,৫৫,৯৮৯.১৫	১১৬৫
হুগলি	২,৭৪,৯৪,২৩৫.০০	৭৯৮
জলপাইগুড়ি	৩২,৮৯,৯৪৫.০০	৬৩
কলকাতা	১৫,৬১,৭৯,১৪৫.০০	৪০০১
মালদা	১,৮১,১৫,৭৪০.০০	৪৫১

জেলার নাম	ঋণের পরিমাণ	ঋণ প্রাপকের সংখ্যা
মেদিনীপুর (পূঃ)	১,৪৮,৩৮,৫২৫.০০	৩৫৪
মেদিনীপুর (পঃ)	১,৫৩,৮০,০২৫.০০	৩৮৩
মুর্শিদাবাদ	৭,৪১,৭৭,৩৩০.০০	২০৭৯
নদীয়া	৪,৪২,১৩,০০০.০০	৯৯৯
পুরুলিয়া	৮৮,৫৮,৫৬০.০০	২০৮
উঃ দিনাজপুর	১,৩১,৪৬,১০০.০০	২৩৪
মোট	৬১,৫৪,৫৭,০৪১.১৫	১৬,২৬০

(৬১ কোটি ৫৪ লক্ষ ৫৭ হাজার ৪১ টাকা)

পঞ্চায়েত স্তরে অর্থ তছরূপের অভিযোগ

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৮) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে রাজ্যে কতগুলি গ্রাম পঞ্চায়েত প্রধান ও পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগ উঠেছে এবং

(খ) উক্ত অভিযোগের ভিত্তিতে পুলিশ কতজনকে চার্জশিট দিয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৫৮ জনের।

(খ) ৫০ জনের।

এস.এস.কে.এম. হাসপাতালে হার্ট অপারেশান

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৮) **শ্রী অসিত মিত্র** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২ সালে কলকাতার এস.এস.কে.এম. হাসপাতালে মোট কতকগুলি হার্ট অপারেশান হয়েছে এবং

(খ) উক্ত প্রক্রিয়ায় কতজন রোগী মারা গিয়েছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০৯টি।

(খ) ১০ জন।

বাঁকুড়ার খাতড়াকে পৌরসভা করার পরিকল্পনা

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৬) **শ্রী নন্দদুলাল মাঝি** : পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খাতড়া মহকুমাকে পৌর এলাকা হিসাবে গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি এখন কি অবস্থায় আছে ?

পৌরবিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ সম্বন্ধে সংশ্লিষ্ট জেলাশাসকের পক্ষ থেকে একটি প্রস্তাব পৌরবিষয়ক দপ্তর পেয়েছে।

(খ) প্রস্তাবটি বর্তমানে পরীক্ষাধীন আছে।

পুলিশের গাড়িগুলির বীমা

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৮) **ডঃ আশীষ ব্যানার্জী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য পুলিশের গাড়িগুলির বীমা করা আছে কি এবং

(খ) না থাকলে, তার কারণ কি?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) 'না'।

(খ) ১৯৮৮ সালের মোটর ভেহিকেল্‌স অ্যাক্টের ১৪৬(২) ধারা অনুযায়ী রাজ্য সরকারের গাড়িগুলি ও ৭.৮.৬৭ তারিখের সরকারি বিজ্ঞপ্তি সংখ্যা বি-৪১৬টি-এর অন্তর্গত উপধারা ৬ অনুযায়ী পশ্চিমবঙ্গ পুলিশের গাড়িগুলি বীমার অব্যাহতি প্রাপ্ত।

রামপুরহাটে ১০০ ডায়াল চালুকরণ

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩১) **ডঃ আশীষ ব্যানার্জী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট থানায় '১০০-ডায়াল' চালু করা (জরুরীভিত্তিক কাজের জন্য) হয়েছে কিনা এবং

(খ) হয়ে থাকলে, উক্ত উদ্দেশ্যে সেখানে অতিরিক্ত কতজন সাব-ইন্সপেক্টর, এ.এস.আই. বা কনস্টেবল রাখা হয়েছে।

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) একজনও না।

আহমেদপুর চিনিকলে আখ ক্রয়

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৪) **ডঃ আশীষ ব্যানার্জী :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আহমেদপুর চিনিকলে ২০০২-এর নভেম্বর থেকে ২০০৩-এর জানুয়ারি পর্যন্ত কত কুইন্টাল আখ ক্রয় করা হয়েছে এবং

(খ) উক্ত চিনিকলে বর্তমানে উৎপাদন কত ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আহমেদপুর চিনিকলে বর্তমান ২০০২-২০০৩ আর্থিক বৎসরে কোনো আখ মাড়াই হয়নি। সুতরাং সেই পরিপ্রেক্ষিতে বর্তমান বৎসরে কোনো আখ ক্রয় করা হয়নি।

(খ) উক্ত চিনিকলে বর্তমান বৎসরে কোনো উৎপাদন হয়নি।

বীরভূম জেলার রামপুরহাট আদালতে বসার ব্যবস্থা

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৭) **ডঃ আশীষ ব্যানার্জী :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট আদালতে ব্যবহারজীবী, মহুরী ও বিচার প্রার্থীদের বসার জন্য স্থানাভাবের কথা সরকার অবগত আছেন কিনা এবং

(খ) থাকলে, ওই অবস্থার প্রতিকারের কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বীরভূম জেলার রামপুরহাট আদালতে ব্যবহারজীবী, মহুরীদের বসার জন্য স্থানাভাবের কথা সরকার অবগত নয়। বিচারপ্রার্থীদের বসার জন্য স্থানাভাবের কথা সরকার অবগত।

(খ) সাক্ষী ও বিচারপ্রার্থীদের বসার আচ্ছাদন তৈরির জন্য (১৯৯৯-২০০০ আর্থিক বর্ষে) ২,২৬,৯৩২ টাকার প্রাক্‌কলন-এর প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

মাঝেরহাট কলোনী অধিগ্রহণ

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮১) **শ্রী পংকজ ব্যানার্জী** : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার কলকাতায় অবস্থিত 'মাঝেরহাট কলোনী' এখনো অধিগ্রহণ করেনি ;

(খ) সত্যি হলে, তার কারণ কি এবং

(গ) উক্ত কলোনিতে অবস্থিত অধিবাসীদের এফ. এইচ. টি. ডি. দেবার কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের. ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি।

(খ) আইনঘটিত।

(গ) অধিগ্রহণ হয়নি বলে, এই প্রশ্ন এখন ওঠে না।

বাঁকুড়া খ্রিষ্টান কলেজের শতবর্ষপূর্তি

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪০) **শ্রী কাশীনাথ মিশ্র** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া খ্রিষ্টান কলেজের শতবর্ষপূর্তি উদ্‌যাপন মার্চ ২০০৩-এ অনুষ্ঠিত হবে এবং

(খ) সত্যি হলে শতবর্ষ উদ্‌যাপন-সহ কলেজটির সার্বিক উন্নয়নে রাজ্য সরকার ও ইউ. জি. সি. ২০০২-২০০৩ আর্থিক বছরে কত টাকা মঞ্জুর করেছেন ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) কোনো টাকা মঞ্জুর করা হয়নি।

হাসপাতালে প্রশাসনিক অব্যবস্থা

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪১) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নানা অবৈধ কাজের ও প্রশাসনিক অব্যবস্থার অভিযোগ আছে ;

(খ) সত্যি হলে, উক্ত হাসপাতালটির সার্বিক উন্নয়নের জন্য কোনো মাস্টার প্ল্যান তৈরি হয়েছে কি এবং

(গ) হয়ে থাকলে, তার রূপরেখা কীরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :.

(ক) না।

(খ) অবৈধ কাজের অভিযোগ না থাকলেও হাসপাতালটির সার্বিক উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে।

(গ) ইতিমধ্যে কার্ডিওলজি, নিউরোমেডিসিন ও নেফ্রোলজি বিভাগ স্থাপন করা হয়েছে। এম. বি. বি. এস.-এর ছাত্র ভর্তি সংখ্যা বাড়ানো হয়েছে এবং কয়েকটি বিভাগের স্নাতকোত্তর শিক্ষা খোলার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে।

অসংগঠিত শ্রমিকদের বীমা প্রকল্প

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৯) **শ্রী কাশীনাথ মিশ্র** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অসংগঠিত শ্রমিকদের জন্য বীমা প্রকল্প আজ পর্যন্ত বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলাগুলিতে চালু হয় নাই এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্প উপরিউক্ত জেলাগুলিতে কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায় ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) প্রশ্ন ওঠে না। বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

ফলতায় ডিগ্রি কলেজ স্থাপন

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৬) শ্রী তমোনাশ ঘোষ : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার ফলতাতে ডিগ্রি কলেজ স্থাপনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে এবং

(খ) সত্যি হলে, উক্ত কলেজ স্থাপনের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার ফলতায় একটি নতুন ডিগ্রি কলেজ স্থাপনের কোনো প্রস্তাব এখনো পাওয়া যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

গ্রাম পঞ্চায়েতে সরকারের ব্যয়

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১১১০) শ্রী জ্যোতির্ময় কর : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত জন প্রতিনিধিদের ভাতাদি ও স্থায়ী কর্মীসহ অন্যান্যদের বেতন সরকার বহন করেন এবং

(খ) সত্যি হলে, গ্রাম পঞ্চায়েতপিছু সরকারের মাসিক গড় ব্যয় কত ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ

(খ) গ্রাম পঞ্চায়েত পিছু ভাতা ও বেতন বাবদ সরকারের মাসিক গড় ব্যয় বর্তমানে যথাক্রমে ৩০৭৫.০০ টাকা ও ২৫,৭০৭.০০ টাকা।

পর্যটন কেন্দ্রের আকর্ষণ বৃদ্ধি

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৮) শ্রী ইউনুস সরকার : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গের পর্যটন কেন্দ্রগুলিকে দেশি-বিদেশি পর্যটকদের জন্য কী কী ভাবে আকর্ষণীয় করে তোলা হয়েছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) বর্তমান পর্যটন কেন্দ্রগুলিতে যাতায়াতের জন্য রাস্তাঘাটের ব্যবস্থা সাধ্যমত সুগম করা।

(২) প্রধানত বেসরকারী প্রচেষ্টায় পর্যটন কেন্দ্রগুলির নিকটে নতুন হোটেলের ব্যবস্থা করা।

(৩) সরকারী এবং বেসরকারী যানবাহনের সাহায্যে পর্যটন কেন্দ্রগুলিতে যাতায়াত সহজ করা।

(৪) গঙ্গার জলপথ ব্যবহার করে উভয় পার্শ্বের ঐতিহ্যপূর্ণ স্থানগুলিতে যাতায়াতের ব্যবস্থা করা এবং

(৫) কিছু কিছু পর্যটন কেন্দ্রকে অধিকতর দর্শনীয় করে তোলা। এইভাবে পর্যটন কেন্দ্রগুলিকে অধিকতর আকর্ষণীয় করে তোলার চেষ্টা হচ্ছে।

কাকদ্বীপের জুমাইনস্কর হাটে নতুন থানা স্থাপন

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৪) **শ্রী মন্টুরাম পাখিরা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের কাকদ্বীপ অঞ্চলে জুমাইনস্কর হাটে নতুন থানা স্থাপনের কোনো পরিকল্পনা আছে কি এবং

(খ) থাকলে, কবে নাগাদ এটি চালু হবে বলে আশা করা যায় ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

দক্ষিণ ২৪-পরগনায় ডাকাতির সংখ্যা

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৮) **শ্রী মন্টুরাম পাখিরা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনায় ২০০২ সালে মোট কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে এবং

(খ) এ বাবদ কতজনকে চার্জশীট দেওয়া হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৯টি।

(খ) ১০২ জনকে।

কাকদ্বীপ মহকুমা হাসপাতাল

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৯) শ্রী মন্টুরাম পাখিরা : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাকদ্বীপ মহকুমা হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায় এবং

(খ) বর্তমানে হাসপাতালটির মোট কর্মী সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১০০ শয্যাবিশিষ্ট কাকদ্বীপ মহকুমা হাসপাতাল সম্প্রসারণের কাজ রাজ্য পূর্ত দপ্তরের উপর ন্যস্ত করা হয়েছে।

নির্মাণ কার্য সম্পন্ন হওয়ার পর পূর্ত দপ্তর কর্তৃক হাসপাতাল ভবনটি স্বাস্থ্য দপ্তরের নিকট হস্তান্তর করা হলে, মহকুমা হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হবে।

(খ) সর্বমোট ৯৫ জন।

ভগবতপুর কুমির প্রকল্পে বরাদ্দকৃত অর্থ

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৫) শ্রী মন্টুরাম পাখিরা : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলায় ভগবতপুর কুমির প্রকল্পে মোট কত টাকা বর্তমান আর্থিক বছরে বরাদ্দ করা হয়েছে এবং

(খ) বরাদ্দকৃত অর্থের মোট কত টাকা খরচ করা হয়েছে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পরিকল্পনা বহির্ভূত খাতে বরাদ্দ হয়েছিল—২,০১,০০১.০৬ (দুই লক্ষ এক হাজার এক টাকা ছয় পয়সা)।

(খ) খরচ হয়েছে—২,০১,০০১.০৬ (দুই লক্ষ এক হাজার এক টাকা ছয় পয়সা)

Judges in the Calcutta High Court

66. (Admitted Question No. *1209) **Shri Ashok Deb :** Will the Minister-in-Charge of the Judicial Department be pleased to state—

(a) total number of Judges engaged in the Calcutta High Court at present and

(b) number of post of Hon'ble Judges lying vacant till date ?

Minister-in-Charge of the Judicial Department :

(a) Total number of Judges engaged in the Calcutta High Court at present is 41 (forty one) including the Hon'ble Chief Justice.

(b) 7 (seven)

মানকুণ্ডু মানসিক হাসপাতাল

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪০) **শ্রী কমল মুখার্জী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মানকুণ্ডু হাসপাতাল থেকে সরকার কর্তৃক নিযুক্ত অ্যাডমিনিস্ট্রেটরকে সরিয়ে দেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে এর কারণ কি এবং

(গ) বর্তমানে এই মানসিক হাসপাতালটির ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সুপ্রিম কোর্টের আদেশের পরিপ্রেক্ষিতে অ্যাডমিনিস্ট্রেটরকে প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

(খ) মহামান্য সুপ্রিম কোর্টের আদেশের পরিপ্রেক্ষিতে এই বেসরকারি হাসপাতালটি মানসিক হাসপাতাল চালানোর জন্য ন্যূনতম শর্তাবলী পূরণ করতে ব্যর্থ হওয়ায় সরকার অস্থায়ী প্রশাসককে প্রত্যাহার করে নিয়েছেন।

(গ) মেন্টাল হেলথ্ অ্যাক্ট, ১৯৮৭-তে উল্লিখিত ন্যূনতম শর্তাবলী পূরণ করে বেসরকারি প্রতিষ্ঠানটি যদি সরকারের কাছে বৈধ লাইসেন্সের আবেদন করে সরকার যাহা অনুমোদনের জন্য নিয়ম অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন।

আলতাড়া পশু হাসপাতালের উন্নয়নে ব্যয়িত অর্থ

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭৩) **শ্রী কমল মুখার্জী** : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত পাঁচ বৎসরের হুগলি জেলার অধুনালুপ্ত খালিসানি জি.পি. এলাকার মধ্যে আলতাড়ায় অবস্থিত পশু হাসপাতালটির সার্বিক উন্নয়নের জন্য কী কী প্রকল্প বাবদ কত টাকা ব্যয় করা হয়েছে ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

খালিসানি জি.পি-তে অবস্থিত চন্দননগর প্রাণী স্বাস্থ্যকেন্দ্রটি কর্মী আবাসন সহ ১৯৮৪ সালে মোট ১২,৩২,৫৫২ টাকা ব্যয়ে স্থাপন করা হয়েছে।

অদ্যাবধি অতিরিক্ত ৩,৭৫,৬৬৬ টাকা প্রাচীর, বিজলিবাতি ও অন্যান্য উন্নয়ন বাবদ ব্যয় করা হয়েছে।

বর্তমানে কোনো উন্নয়নের প্রকল্প নেই।

ফায়ার লাইসেন্স বাবদ আদায়িকৃত অর্থ

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১২) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০১-২০০২ আর্থিক বছরের ৩১ ডিসেম্বর, ২০০২ পর্যন্ত অগ্নি নির্বাপণ বিভাগ কর্তৃক ফায়ার লাইসেন্স বাবদ (বাজীর লাইসেন্স সহ) আদায়ীকৃত অর্থের পরিমাণ কত ?

অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মোট ১,৫১,৬১,৮২১ টাকা (এক কোটি একান্ন লক্ষ একষট্টি হাজার আটশো একুশ টাকা)

হাসপাতালের শয্যাসংখ্যা

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৯) **শ্রী কল্লোল খান** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের হাসপাতালগুলিতে মোট শয্যাসংখ্যা কত এবং

(খ) তন্মধ্যে কতগুলি শয্যার জন্য রোগীদের খরচ বহন করতে হয় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সর্বমোট ৭০,৬২৪টি, তন্মধ্যে রাজ্য স্বাস্থ্য দপ্তর ও অন্যান্য দপ্তর সহ পরিচালিত সংখ্যা ৫৭,০২২টি আর কেন্দ্রীয় সরকার-স্বশাসিত সংস্থা এবং স্বেচ্ছাসেবী সংগঠন পরিচালিত শয্যাসংখ্যা মোট ১৩,৬০২টি।

(খ) মোট ১১,৫১৭টি শয্যার জন্য।

মাছ উৎপাদন

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮২) শ্রী কল্লোল খান : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিগত ১৯৯৯-২০০০, ২০০০-২০০১ ও ২০০১-২০০২ বছরগুলিতে মোট কত পরিমাণ মাছ উৎপাদিত হয়েছিল ;

(খ) উক্ত সময়ে মোট কত পরিমাণ মাছ আমদানি করা হয়েছিল এবং

(গ) ২০০১-২০০২ সালে নদীয়া জেলায় মোট কত পরিমাণ মাছ উৎপাদিত হয়েছিল ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে বছর ভিত্তিক উৎপাদিত মাছের পরিমাণ নিম্নে দেওয়া হল :

বছর	উৎপাদিত মাছের পরিমাণ অন্তর্দেশীয় - সামুদ্রিক - মোট (একক লক্ষ মেট্রিক টন)
১৯৯৯-২০০০	৮.৬৫ - ১.৮০ - ১০.৪৫
২০০০-২০০১	৮.৭৯ - ১.৮১ - ১০.৬০
২০০১-২০০২	৯.১৫ - ১.৮৪ - ১০.৯৯

(খ)

বছর	আমদানিকৃত মাছের পরিমাণ (একক মেট্রিক টন) (অন্তর্দেশীয়)
১৯৯৯-২০০০	৮০,০০০ - ৮৫,০০০
২০০০-২০০১	৮৫,০০০ - ৯০,০০০
২০০১-২০০২	৯০,০০০ - ৯৫,০০০

(গ) ২০০১-২০০২ সালে নদীয়া জেলায় মোট ৫২,৫৫৭.৯১ মেট্রিক টন মাছ উৎপাদিত হয়েছিল।

জঙ্গীপুর মহকুমায় গার্লস কলেজ

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৮) শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জঙ্গীপুর মহকুমায় একটি গার্লস কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, উক্ত কলেজ কোথায় অবস্থিত হবে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কোনও এরূপ প্রস্তাব শিক্ষা দপ্তরে আসেনি।

(খ) প্রশ্ন ওঠে না।

রামনগর সুগার মিলের উদ্বৃত্ত জমি বণ্টন

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪১) **শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ** : ভূমি এবং ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রামনগর সুগার মিলের প্রয়োজনের অতিরিক্ত জমি স্থানীয় গরিব চাষীদের মধ্যে পাট্টা নিয়ে বিতরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং

(খ) সত্যি হলে কবে নাগাদ ও কি ভাবে ওই জমি বিতরণ করা যাবে ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ও (খ) বিষয়টি দপ্তরের বিচারাধীন।

প্রাথমিক চিকিৎসা কেন্দ্র

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৫) **শ্রী পার্থ চ্যাটার্জী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেহালা পশ্চিম বিধানসভা কেন্দ্রে সরকার কোনো প্রাথমিক চিকিৎসা কেন্দ্র চালু করার কথা বিবেচনা করছেন কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

রায়গঞ্জ হাসপাতালে শিশু চিকিৎসকের সংখ্যা

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৬) **শ্রী চিত্তরঞ্জন রায়** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রায়গঞ্জ হাসপাতালে শিশু চিকিৎসকের সংখ্যা কত ;

(খ) এদের মধ্যে কতজন হাসপাতালের আবাসনে থাকেন এবং

(গ) হাসপাতালের শিশু বিভাগে নার্সের সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩ (তিন) জন শিশু বিশেষজ্ঞ চিকিৎসক আছেন।

(খ) হাসপাতাল আবাসন খালি না থাকার দরুন কোনো শিশু বিশেষজ্ঞ চিকিৎসক হাসপাতাল আবাসনে থাকেন না।

(গ) ৬ (ছয়) জন।

দুধের বার্ষিক চাহিদা ও উৎপাদনের পরিমাণ

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭৬) শ্রী ধনঞ্জয় মোদক : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে দুধের বার্ষিক চাহিদা কত এবং

(খ) রাজ্যে দুধের বার্ষিক উৎপাদন কত ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) চাহিদা নিয়ে কোনো সমীক্ষা হয়নি, তবে প্রয়োজন ৬২ লক্ষ মেট্রিক টন।

(খ) রাজ্যে দুধের বার্ষিক উৎপাদন (২০০১-২০০২ সালে) প্রায় ৩৫.১৫ লক্ষ টন।

নদিয়া জেলায় উদ্বাস্তু কলোনী

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮২) শ্রী ধনঞ্জয় মোদক : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় কতগুলি উদ্বাস্তু কলোনী আছে ;

(খ) উক্ত উদ্বাস্তু কলোনীগুলির নাম কী কী এবং

(গ) উক্ত কলোনীগুলির উন্নয়নে বিগত আর্থিক বছরে (২০০১-২০০২) কী পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নদীয়া জেলায় সরকার স্বীকৃত মোট ১১৫টি উদ্বাস্তু কলোনী আছে।

(খ) উক্ত ১১৫টি উদ্বাস্তু কলোনীর নামগুলি ১ নং সংযোজনীতে উপস্থাপিত করা হল।

(গ) বিগত বছরে ৭টি কলোনীর উন্নয়নের জন্য ১ কোটি ৪ লক্ষ ৯৯ হাজার ৬৪৯ টাকা বরাদ্দ করা হয়েছে এবং কলোনীগুলিতে উন্নয়নের কাজ চলছে।

সংযোজনী - ১

Name of the colonies under Nadia District

Sub-division	Sl. No.	Name of the colony	Category
KALYANI	1	Kataganj-I	UGS
	2	Kataganj-II	UGS
	3	Kataganj-III	UGS
	4	Kataganj-IV	UGS
	5	Kataganj-V	UGS
	6	Kataganj-VI	UGS
	7	Gokulpur	UGS
	8	Gayeshpur	UGS
	9	Pancher Pally	UGS
	10	K.B.M.	UGS
	11	Hamidpur	UGS
	12	Bela Mitra	UGS
	13	Saguna	RGS
	14	Lichutala	RGS
	15	Majherchar	RGS
	16	Chakudanga	RGS
	17	Kapileshwar	RGS
	18	Jaguli Annadapur	RGS
	19	Dakshin Chandmari	175GR
	20	Murartipur	175GR
	21	Indira Pally (Nazrul)	175GR
	22	Bikrampur - I	175GR
	23	Netaji Jabardakhal	175GR
	24	Dharmavira	175GR
	25	Bidhan Pally Unnayan Samity	607GR
	26	Pancher Pally	607GR
	27	Taltala	607GR
	28	Kanthaltala	607GR
	29	Ghoshpara Udbastu	607GR

Sub-division	Sl. No.	Name of the colony	Category
KALYANI	30	Chandmari Nutan Pally	607GR
	31	Jogandra	607GR
	32	Kalyani Simanta	607GR
	33	Jhilpar	607GR
	34	I.T.I.	607GR
	35	Pukurpar Ambagan	607GR
	36	Majharchar Konamagar	607GR
	37	No.-14 Santalpara	607GR
	38	Purba Chandmari	607GR
	39	Rabindra	607GR
	40	Bidhan Pally Bagharkhal	607GR
	41	K.B.M. Bastuhara	607GR
	42	Sukanta Nagar	607GR
	43	Ananda Pally	607GR
	44	Lenin Pally	607GR
	45	Sukanta Pally	607GR
	46	Harakrishna Kongar	607GR
	47	Kanpur	607GR
	48	Sahid Pally	607GR
	49	Bidhan Pally N.S.S.	607GR
	50	Vivekananda	607GR
KRISHNANAGAR	51	Dhubulia Hutment	UGS
	52	Dhubulia Sch. No. - 1	UGS
	53	Dhubulia Sch. No. - 2	UGS
	54	Dhubulia Sch. No. - 3	UGS
	55	Dhubulia Sch. No. - 4	UGS
	56	Dhubulia Sch. No. - 5	UGS
	57	Dhubulia Sch. No. - 6	UGS
	58	Kalinagar	UGS
	59	Shri Durga	UGS
	60	Harekrishnapur	RGS
	61	Rahamatpur	RGS

Sub-division	Sl. No.	Name of the colony	Category
KRISHNANAGAR	62	Rasikpur Gandharajpur	RGS
	63	Kanthalia	RGS
	64	Asuullyanagar	RGS
	65	Mobarakpur	RGS
	66	Suntia	RGS
	67	Amghata - I	RGS
	68	Amghata - II	RGS
	69	Joyghata	RGS
	70	Charmajdia	RGS
	71	Belpukur Palta	RGS
	72	Kamarhati Lohagacchi	RGS
	73	Bethuadahari	RGS
	74	Netaji	607GR
	75	Jorakuthi	607GR
	76	Simultala /Amritendu	607GR
	77	Lenin /Nehrunagar	607GR
	78	Kanainagar /Bipranagar	607GR
	79	Stalin - I/Bhupeshnagar	607GR
	80	Uchupara	607GR
	81	Ramkrishna	607GR
	82	Dhubulia Nutanbazar	607GR
	83	Stalin - II/Subhasnagar	607GR
	84	Dhubulia Biswapally	607GR
	85	Sahid Badal Dutta	607GR
	86	Muzaffarnagar	607GR
RANAGHAT	87	Rathtala	UGS
	88	Coopers R.I.C.	UGS
	89	Nasra	UGS
	90	Rapasree Pally	UGS
	91	Taharpur	UGS
	92	Coopers Urban Colony	UGS
	93	Nirsinghapur	UGS

Sub-division	Sl. No.	Name of the colony	Category
	94	Fulia Township Agri.	RGS
	95	Gobindapur Agri.	RGS
	96	Muragachha Agri.	RGS
	97	Gobindapur	RGS
	98	Cooper's Agri.	RGS
	99	Panchberia Agri.	RGS
	100	Barbaria Agri.	RGS
	101	Niranjan Pally	175GR
	102	Kirtinagar	175GR
	103	Gossainagar	175GR
	104	Kumadnagar	607GR
	105	Subhas Pally	607GR
	106	Bimagar Chakrabortypara	607GR
	107	Habibpur	607GR
	108	Muktinagar	607GR
	109	Bankimnagar	607GR
	110	Karunamay - I	607GR
	111	Karunamay - II	607GR
	112	Bidhannagar	607GR
	113	Raja Rammohan Pally	607GR
	114	Santigarh (Naba Pally)	607GR
	115	Subhas Pally	607GR

স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের জন্য বাংলায় পাঠ্য পুস্তক

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৭) **শ্রী ধনঞ্জয় মোদক** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে স্নাতক ও স্নাতকোত্তর স্তরের শিক্ষার্থীদের জন্য বাংলা ভাষায় পাঠ্যপুস্তক রচনার ক্ষেত্রে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

গত প্রায় তিরিশ বছর ধরে রাজ্যে স্নাতক (সাধারণ ও সাম্মানিক) ও স্নাতকোত্তর ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য বাংলা ভাষায় পাঠ্য পুস্তক রচনার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদের তত্ত্বাবধানে কিছু কাজ হয়েছে।

ব্যক্তিগত ক্লাষ্টার শ্যালো স্থাপন

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১২) শ্রী ধনঞ্জয় মোদক : ক্ষুদ্রসেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কৃষকদের চাষের সুবিধার্থে 'ব্যক্তিগত ক্লাষ্টার শ্যালো' চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায় ?

ক্ষুদ্রসেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ব্যক্তিগত ক্লাষ্টার শ্যালো চালু করার কোনো পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

সংখ্যালঘু নিগম কর্তৃক ঋণ প্রাপকের সংখ্যা

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৮) শ্রী মহববুল হক : সংখ্যালঘু উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০১ থেকে ২৮শে ফেব্রুয়ারি ২০০৩ পর্যন্ত সময়ে বিভিন্ন জেলার বিভিন্ন ব্লকের মোট কতজন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে সংখ্যালঘু উন্নয়ন নিগম থেকে ঋণ দেওয়া হয়েছে ;

(খ) মালদহ জেলার চাঁচোল ১ নং ও ২ নং ব্লকের কতজন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে মোট কত টাকা ঋণ দেওয়া হয়েছে এবং

(গ) তার মধ্যে অদ্যাবধি কতজন ব্যাংক মারফৎ ওই টাকা হাতে পেয়েছেন ?

সংখ্যালঘু উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১২৩৬৭ জনকে

(খ)

ব্লক	ঋণ প্রাপকের সংখ্যা	টাকার পরিমাণ
চাঁচোল - ১	৪২	১৮.৭৭ লক্ষ
চাঁচোল - ২	২৮	১১.৮৩ লক্ষ

(গ) ৭০ জনের মধ্যে সবাই।

Recruitment of Teachers through School Service Commission

81. (Admitted question No. 1593) **Shri Asit Mitra :** Will the Minister-in-Charge of the School Education Department be pleased to state—

(a) number of School Teachers recruited through School Service Commission during 01.01.2002 to 28.02.2003 and

(b) whether such recruitments were made in the district of Howrah and Murshidabad ?

Minister-in-Charge of the School Education Department :

(a) Total number of Candidates recommended for appointment during the period 01.01.02 to 28.02.2003 through West Bengal School Service Commission was 11,661.

(b) Yes.

সোনারপুরে নতুন থানা বাড়ানোর পরিকল্পনা

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৭) **শ্রী নির্মল চন্দ্র মণ্ডল :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সোনারপুর থানার আয়তন বিশাল ও লোকসংখ্যা অনেক হওয়ার কারণে এখানে থানা বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কি এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে তা বাস্তবায়িত হবে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি এখনও বিবেচনাধীন রয়েছে।

সর্বশিক্ষা অভিযান

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫২) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিভিন্ন জেলায় 'সর্বশিক্ষা অভিযান' প্রকল্পটির কতটা অগ্রগতি হয়েছে এবং

(খ) এই প্রকল্প বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা অনুদান হিসাবে পাওয়া গিয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সন্তোষজনক ভাবে অগ্রগতি হয়েছে।

(খ) এ পর্যন্ত মোট ১২৬.১৮ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের অনুদান বাবদ পাওয়া গিয়েছে।

ঘাটালে বুনিয়াদী প্রশিক্ষণ কেন্দ্র

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭১) শ্রী রতন পাখিরা : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটালে বুনিয়াদী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সরকারের পক্ষ থেকে পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটালে কোনো বুনিয়াদী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার প্রস্তাব নেই।

দেশি ও বিদেশি মদের দোকানের লাইসেন্স

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৫) শ্রী মহবুবুল হক : আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-০২ ও ২০০২-০৩ আর্থিক বছরে ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত বিভিন্ন জেলায় কতগুলি বিদেশি মদ ও দেশি মদের দোকানের লাইসেন্স দেওয়া হয়েছে ;

(খ) তার মধ্যে কতগুলি দোকান চালু হয়েছে এবং

(গ) এই মদের দোকানের লাইসেন্স দেওয়ার ব্যাপারে উচ্চ-আদালতে কোনো মামলা বিচারাধীন আছে কিনা ?

আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০১-০২ ও ২০০২-০৩ আর্থিক বছরে ৩১শে জানুয়ারি, ২০০৩ পর্যন্ত বিভিন্ন জেলায় নিম্নসংখ্যক বিদেশি মদ ও দেশি মদের দোকানের লাইসেন্স দেওয়া হয়েছে।

আর্থিক বছর	দেশি মদ	বিদেশি মদ
২০০১-০২	৮২	৭৩
২০০২-০৩	২৬	৩৩
মোট	১০৮	১০৬

(খ) এর মধ্যে চালু হওয়া দোকানের সংখ্যা নিম্নরূপ :

দেশি মদ — ৯৩টি

বিদেশি মদ — ৯২টি

(গ) হ্যাঁ।

ডালখোলা লেবেল ক্রসিং-এর উপর উড়ালপুল

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩২) **শ্রী প্রমথনাথ রায়** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর দিনাজপুর জেলার ডালখোলা লেভেল ক্রশিং-এর উপর উড়ালপুল নির্মাণের কাজ শুরু হয়েছে কি এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত উড়ালপুলের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মালদা এবং রায়গঞ্জ জেল থেকে বন্দী মুক্তির সংখ্যা

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৮) **শ্রীমতী সাবিত্রী মিত্র এবং শ্রী চিত্তরঞ্জন রায়** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০১ এবং ২০০২ সালে মালদা এবং রায়গঞ্জ জেল থেকে কতজন বন্দী মুক্তি পেয়েছিল ?

কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

মালদা জেলা সংশোধনাগার থেকে ২০০১ সালে ৩৫১৩ জন এবং ২০০২ সালে ৩৮২৬ জন।

রায়গঞ্জ জেলা সংশোধনাগার থেকে ২০০১ সালে ১২৭০ জন এবং ২০০২ সালে ১৫৫৮ জন।

জমির খাজনা

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮০) **শ্রী নেপাল মাহাতো** : ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে সমহারে পুরুলিয়া জেলার জমির খাজনা আদায় করা হয় এবং

(খ) সত্যি হলে, অন্যান্য জেলার তুলনায় অনুর্বর পুরুলিয়া জেলার জন্য উক্ত খাজনার হার কম করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্য।

(খ) না।

খরা প্রবণ এলাকায় নদী জল উত্তোলন প্রকল্প

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৩) **শ্রী নেপাল মাহাতো** : ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়ার ঝালদার মতো খরাপ্রবণ এলাকায় নদীজল উত্তোলন প্রকল্প করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাষ্ট্রীয় সমবিকাশ যোজনায় পুরুলিয়া জেলায় ৪২টি নতুন ক্ষুদ্র নদী জলোত্তোলন প্রকল্প স্থাপনের পরিকল্পনা আছে। তার মধ্যে ঝালদা এলাকায় ৩টি স্থানের প্রকল্প রূপায়ণের প্রস্তাব প্রাথমিকভাবে আছে। প্রস্তাবগুলি খতিয়ে দেখা হচ্ছে। আর ওই এলাকায় ওই বিভাগের আরও ৪টি বৃহৎ নদী জলোত্তোলন প্রকল্পের আধুনিকীকরণের কাজও খতিয়ে দেখা হচ্ছে। এছাড়া লক্ষ্মীপুরে মাননীয় লোকসভা সদস্যের প্রস্তাবিত একটি ক্ষুদ্র নদী জলোত্তোলন প্রকল্পের প্রস্তাব প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হলেও ওই স্থানে জলের প্রবাহ খতিয়ে দেখা হচ্ছে।

(খ) উক্ত প্রস্তাবিত প্রকল্পগুলি অনুসন্ধান কার্য শেষ হলে এবং সেগুলি গ্রহণযোগ্য হলে, প্রয়োজনীয় প্রকল্প রূপায়ণের উদ্যোগ নেওয়া যেতে পারে।

ঝালদায় ইন্ডাল কারখানার দ্বারা চাষযোগ্য জমির ক্ষতি

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৬) শ্রী নেপাল মাহাতো : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ঝালদায় তুলিন গ্রামের মুরী ইন্ডাল কারখানার নির্গত জলে চাষযোগ্য জমিগুলি চাষ অযোগ্য জমিতে পরিণত হচ্ছে এবং

(খ) সত্যি হলে, সরকার উক্ত বিষয়ে কী ব্যবস্থা নিয়েছেন ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পরিবেশ বিভাগে এই রূপ কোনো তথ্য নেই।

(খ) প্রযোজ্য নয়।

NOTICE OF CALLING ATTENTION

Mr. Deputy Speaker: Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely :

1. Reported missing of some deer from 'Deer Park', Durgapur : Shri Tapan Hore
2. Filling of ponds and wetland in Cossipore-Belgachia area and the consequential situation arisen thereon : Shri Abdul Mannan

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of filling of ponds and wetlands in Cossipore-Belgachia area and consequential situation arisen thereon.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on 11th July.

LAYING OF REPORT

The 31st Annual Report of the West Bengal Agro-Industries Corporation Limited for the year 1998-99

Shri Prabodh Chandra Sinha: Mr. Deputy Speaker, Sir, with your kind permission I beg to lay the 31st Annual Report of the West Bengal Agro-Industries Corporation Limited for the year 1998-99.

MENTION

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩৪ নম্বর জাতীয় সড়ক, খুবই গুরুত্বপূর্ণ রাস্তা এবং উত্তরবঙ্গ সহ বিভিন্ন জায়গায় যাওয়ার একমাত্র রাস্তা। এই রাস্তার বিভিন্ন জায়গায় খুবই খারাপ অবস্থা। বিশেষ করে দমদম থেকে বড় জাগুলিয়া অবধি রাস্তার অবস্থা খুবই খারাপ। এই ব্যাপারে আমি মাননীয় পূর্তমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে জাতীয় সড়কের এই দুরবস্থা দূর করা যায় এবং রাস্তাটি সারাই করার ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী তপন হোড় : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী উপস্থিত আছেন। আমার কেন্দ্রের একটি ছেলে একটা অদ্ভুত রোগে ভুগছে, তার মূত্রনালী থেকে ডেঁয়োপোকা বা মাছি জাতীয় জিনিস বেরোচ্ছে। তাকে সাব-ডিভিসন হাসপাতাল থেকে বর্ধমান মেডিক্যাল কলেজে দেওয়া হয়। সেখানেও সেই ধরনের চিকিৎসা না হওয়ার ফলে তাকে এস. এস. কে. এম. হাসপাতালের ইউরোলজি বিভাগে ভর্তি করানো হয়। চন্দন গোস্বামী নামে এই ছেলেটি খুবই দরিদ্র পরিবারের বি. পি. এল. লিস্টেও তার নাম অন্তর্ভুক্ত। তাকে আমি একটা সার্টিফিকেট দিয়ে পাঠিয়েছিলাম যাতে ফ্রি বেড এবং চিকিৎসার সুযোগ-সুবিধাগুলি পায়। পরে খবর নিয়ে দেখেছি সেইসব কিছুই পায়নি। বিভিন্ন কাগজের বিবৃতিগুলোও বিভ্রান্তিকর। কেউ বলছে মানসিক ভাবে একটা ফোবিয়াতে ভুগছে, কেউ বলছে সত্যি সত্যি ডেঁয়ো পোকা বার হচ্ছে। গোস্বামী বলেই অন্য কিছু ভাবার দরকার নেই, সত্যি সত্যিই খুব দরিদ্র পরিবারের ছেলে। চাঁদা, ইত্যাদি তুলেও তার চিকিৎসা করানো যাচ্ছে না। মাননীয় রাষ্ট্রমন্ত্রী আছেন এখানে, তাঁকে বলতে চাই, এই ছেলেটি যাতে সুচিকিৎসা পায় এবং সুস্থ হয়ে বাড়ি ফিরতে পারে তার ব্যবস্থা করুন।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত স্পর্শকাতর ও উদ্বেগজনক বিষয়ে আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী পশ্চিমবাংলায় এসেছিলেন। শ্যামাপ্রসাদ মুখার্জীর জন্মদিনের অনুষ্ঠান ছাড়াও তাঁর অনেকগুলো কর্মসূচি ছিল। তিনি আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে মধ্যাহ্ন-ভোজ করেছেন এবং ৪০ মিনিটের উপর তাঁর সঙ্গে আলোচনা হয়েছে। কয়েকদিন আগে শ্রী আবদুল মান্নানের

প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেছিলেন—একজন স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে একজন মুখ্যমন্ত্রীর যে সম্পর্ক, ওঁনার সঙ্গে আমারও সেই সম্পর্ক। ঠিক আছে। কিন্তু গতকাল আর একটা ঘটনা ঘটেছে। মুসলিম ল' বোর্ড কাঞ্চির শঙ্করাচার্যের প্রস্তাব তাদের পক্ষে গ্রহণযোগ্য নয় বলেছে। এদিকে লোকসভা এবং ৫টি রাজ্যের বিধানসভা নির্বাচন কাছাকাছি এসেছে। ঠিক এই সময়েই রাম-জন্মভূমি-বাবরি মসজিদ প্রসঙ্গকে কেন্দ্রীয় সরকারের প্রত্যক্ষ মদতে তুলে আনা হচ্ছে। আজ সর্বভারতীয় জাতীয় কংগ্রেসের একটা গুরুত্বপূর্ণ অধিবেশন বসছে সিমলায় এবং আমাদের পক্ষ থেকে আমাদের মুখপাত্র শ্রী প্রণব মুখোপাধ্যায় স্পষ্ট করে বলেছেন কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠকে—কংগ্রেস চায় বিধিগত ভাবে, আইনগত ভাবে আদালতের রায়ের উপর নির্ভর করতে। এমনকি, যদি কাঞ্চিপূরমের শঙ্করাচার্য বা আর কারো মাধ্যমে নিষ্পত্তি হয়, সেখানেও আদালতকে জানাতে হবে। এক্ষেত্রে কংগ্রেসের স্ট্যান্ড স্পষ্ট করে জানানো হয়েছে। এক্ষেত্রে রাজ্য সরকার তাদের স্ট্যান্ড পরিষ্কার করুক। এই ঘটনাকে কেন্দ্র করে যাতে উত্তেজনা সৃষ্টি না হয়, বা কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে, সেইজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী বা কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা হোক।

[12.10—12.20 p.m.]

শ্রী অনাদি কুমার সাউ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি উদ্বেগজনক অবস্থার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ২২শে জুন আমার বিদ্যাসাগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কলেজ স্কোয়ারে যার সংরক্ষণ এবং পরিচালনার সমস্ত দায়-দায়িত্ব পৌরসভার, সেখানে ১২ বছরের একটি ছেলে জলে ডুবে মারা যায়। এর আগে গত জানুয়ারি মাসে আরেকজন পৌরসভার কর্মী কৈলাস রাম ঠিক একইভাবে ডুবে মারা যান। এর পুরো দায়িত্ব কলকাতা পৌরসভার কিন্তু এখনও পর্যন্ত সেখানে কোনো নিরাপত্তা রক্ষী নিয়োগ করা হয়নি। ওখানে ফেন্সিং-এর যে অ্যারেঞ্জমেন্ট আছে নিরাপত্তার জন্য, আমরা বলেছিলাম যে এটাকে ৬ ফুট পর্যন্ত উঁচু করতে হবে। সেই ব্যাপারেও তারা কোনো পরিকল্পনা গ্রহণ করেনি। এই পরিস্থিতিতে রাজ্য সরকার এক কোটি টাকা পৌরসভাকে দেয় ডেভলপমেন্টের জন্য, কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য। তা সত্ত্বেও কলকাতা পৌরসভা কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। এই বিষয়ে রাজ্য সরকারের নগরোন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই বিষয়টা দেখুন। এই অনুরোধ আমি রাখছি।

শ্রী কমল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্যের শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার চন্দননগর বিধানসভা কেন্দ্রে তিনটি চটকল আছে। গোন্দলপাড়া জুট মিল, নর্থ শ্যামনগর জুট মিল, ভিক্টোরিয়া জুট মিল। এই তিনটে জুট মিলে অবসরপ্রাপ্ত শ্রমিকরা তাঁদের প্রাপ্য প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটির টাকা পাচ্ছেন না। বিশেষ করে গোন্দলপাড়া জুট মিলে এক বছর হয়ে গেল যারা অবসর নিয়েছেন, তারা বহু আন্দোলন করে, প্রশাসনিক স্তরে জানিয়েও তারা এক পয়সা আদায় করতে

পারেননি। আমাদের রাজ্যের চটকলে বহু অবাঙালি লোক চাকরি করে। তারা অবসর নেওয়ার পর তাদের প্রাপ্য নিয়ে দেশে ফিরে যায়, কিন্তু সেই টাকা না পাওয়ার জন্য তারা অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে আমার বিশেষ নিবেদন এই যে শ্রমমন্ত্রী নিজে এই বিষয়ে হস্তক্ষেপ করুন। এই তিনটে জুটমিলের শ্রমিকরা যেন তাঁদের প্রাপ্য প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটির টাকা অবিলম্বে পান।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৬.৪.২০০০ তারিখে তখন বর্তমান মুখ্যমন্ত্রী ছিলেন উপমুখ্যমন্ত্রী। উলুবেড়িয়ার গোহাট নিয়ে বিরাট আন্দোলন হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রী আমাকে ডেকেছিলেন, জেলা প্রশাসন ছিলেন, রাজ্যের প্রশাসন ছিলেন, মুখ্যমন্ত্রী আমাকে অনুরোধ করেছিলেন উলুবেড়িয়ায় পরিবেশ দূষণ হচ্ছে, হাটটাকে পরিবর্তন করতে হবে। আমি তাঁর সঙ্গে একমত হয়েছিলাম। এখানে মহকুমা প্রশাসন, জেলা প্রশাসন ছিলেন। দুর্ভাগ্যের বিষয় আজকে সেই হাট, মুখ্যমন্ত্রী যে সিদ্ধান্ত করেছিলেন, সেই হাট সেখানে হচ্ছে না কিন্তু বেআইনিভাবে মহেশপুর কটক রোডের ধারে হাট হচ্ছে। হাজার হাজার গরু আসছে। এর জন্য কুলগাছিয়া লেভেল ক্রসিং জ্যাম হয়ে যাচ্ছে। স্কুল, কলেজের ছাত্রছাত্রীরা আসতে পারছে না। মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশ অমান্য করে আজকে বেআইনিভাবে সেখানে হাট হচ্ছে। আমি আপনার মাধ্যমে একটা দরখাস্ত দিচ্ছি এবং আশা করব যে অবিলম্বে বর্তমান মুখ্যমন্ত্রী যে সিদ্ধান্ত নিয়েছিলেন তা যেন কার্যকর হয়। বেআইনি হাটটি বন্ধ হয়। এতে ওখানকার পরিবেশ নষ্ট হয়ে যাচ্ছে। পরিবেশ নষ্ট হচ্ছে, বাস জ্যাম হয়ে যাচ্ছে যার ফলে ছাত্র-ছাত্রীরা যাতায়াত করতে পারছে না। সেখানে সপ্তাহে ৩ দিন গো-হাট বসে এবং তার ফলে পরিবেশ দূষিত হচ্ছে। আমি আপনার মাধ্যমে এই দরখাস্ত দিচ্ছি, আশা করি এর সুব্যবস্থা আপনি নিশ্চয়ই করবেন। মাননীয় মুখ্যমন্ত্রী যে নির্দেশ দিয়েছিলেন—তখন তিনি উপ-মুখ্যমন্ত্রী ছিলেন তাঁর সেই নির্দেশ জেলা প্রশাসন অমান্য করছে। এটা যাতে ইমপ্লিমেন্ট হয় সে ব্যবস্থা করবেন।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিষয়টি আপনিও জানেন হাওড়া এবং কলকাতার মধ্যে ফেরি পারাপার হয়। হাওড়া স্টেশন সংলগ্ন ফেরিঘাট থেকে ভূ-তল পরিবহন বিভাগের বিভিন্ন ভেসেল ফেরি পারাপার করে। হাওড়া স্টেশন সংলগ্ন যে জেটিটি আছে সেখানে ফেয়ারলি প্লেস, শিপিং কর্পোরেশন, বাবুঘাট, গার্ডেনরীচ এই ৪টি জায়গার ফেরি এখানে আসে এবং ছাড়ে। যার ফলে সমস্ত প্যাসেঞ্জারদের একটা ন্যারো প্লেস দিয়ে যাতায়াত করতে হয়, যার চওড়া হবে ৪ ফিট এবং তার মধ্যেই সেখানে টিকিট কাউন্টার আছে। সেখানে এর ফলে যাতায়াতের সময় প্যাসেঞ্জারদের ধাক্কাধাক্কি হয় এবং অনেক সময় লঞ্চ ফেল হয়। এই ফেরিঘাটের সংস্কার করার জন্য আমি অনুরোধ করছি। যে কোনো সময় সেখানে দুর্ঘটনা ঘটে যেতে পারে। এমনকি অনেক সময় এমন অবস্থা হয় লোকে বেরোনোর সময় এবং আসার সময় একটা স্ট্যাম্পিড হওয়ার অবস্থা হয়। অবিলম্বে হাওড়ার দিকের

যে জেটি তার সংস্কার দরকার এবং তা ছাড়াও এ পাড়ে যে জেটি আছে তার অনেক পাটাতন ভেঙে গেছে, এগুলি অনেকদিনের পুরনো এবং দীর্ঘকাল এর সংস্কার করা হয়নি। দুর্ঘটনা থেকে বাঁচার জন্য অবিলম্বে এই জেটিগুলির সংস্কার করা দরকার।

শ্রী আবুল হাসনাৎ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার ভাঙন একটা ভয়ঙ্কর সমস্যা। আমার বিধানসভা কেন্দ্র জঙ্গীপুর, সেই এলাকার মানুষ পদ্মা-গঙ্গা-ভাগীরথী নদীর ভাঙনের ফলে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত। কারণ দিনের পর দিন নদীগুলির ভাঙনের ফলে এলাকার মানুষের ঘর-বাড়ি, জমি-জায়গা, রাস্তা-ঘাট নদীগর্ভে চলে যাচ্ছে। নদীর ভাঙন এই ভাবে চলতে থাকলে পশ্চিমবঙ্গের মানচিত্র থেকে জঙ্গীপুরের অস্তিত্ব বিলীন হয়ে যাবে। ভাঙনের ফলে যে সব এলাকা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত সেগুলি হলো—রঘুনাথগঞ্জ শহর, ত্রিমোহলী, শ্রীধরপুর, ধনপত নগর, লবনচুয়া, সুজাপুর, চড়কা, দফরপুর, কাশিয়াডাঙ্গা, গোবিন্দপুর, কলাবাগ, ভবানীপুর, নতুনগঞ্জ, রঘুনাথপুর, বীরেন্দ্রনগর, ফ্রেজারনগর প্রভৃতি। ভাঙন কবলিত এলাকায় স্থায়িভাবে দ্রুত ভাঙন প্রতিরোধের জন্য বিভাগীয় মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী তাপস চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মেমারি বিধানসভা কেন্দ্রে গতকাল রাত্রে মেমারি—মন্তেশ্বর রাস্তার উপরে ভ্যান নিয়ে পুলিশ টহল দিচ্ছিল। কতিপয় দুষ্কৃতকারী গন্তার গ্রামের একটি পরিবারের গোয়াল থেকে ৫টি গরু চুরি করে। পুলিশ সেই গাড়ি দেখতে পায়। কিন্তু যেভাবে দুষ্কৃতকারীদের তাড়া করা দরকার ছিল এবং ধরা দরকার ছিল সেই কাজ তারা করেনি। তাদের সন্দেহ হওয়াতে তারা যে বাড়িতে গরু চুরি হয়েছিল তাদের ডেকে তোলেন এবং জিজ্ঞাসা করেন যে তাদের কোনো কিছু খোয়া গেছে কিনা। বাড়ির লোকেরা উঠে দেখেন তাদের গরু চুরি হয়েছে। বারংবার পুলিশের এই রকম আচরণে এলাকার মানুষ ক্ষুব্ধ হয়ে পড়েন এবং আজ সকালে তারা রাস্তা অবরোধ করেন এবং গাড়ি-ঘোড়া আটকে দেন। সাধারণ মানুষের দাবি এই চুরি অবিলম্বে বন্ধ করতে হবে, চোর ধরতে হবে এবং মাল ফেরতের ব্যবস্থা করতে হবে। অতীতেও ওই এলাকায় তিনবার চুরি হয়েছে এবং ২০টার মতো গরু ওই সময়কালের মধ্যে চুরি হয়েছে। মেমারি থানার এই ভূমিকায় এলাকার মানুষ তীব্র নিন্দা করছে। আমিও এর নিন্দা করছি এবং সঙ্গে সঙ্গে দোষী ব্যক্তিদের গ্রেপ্তার ও চুরি বন্ধের দাবি জানাচ্ছি।

ZERO HOUR

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অগ্নি-নির্বাপণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কলকাতার একটা বিখ্যাত সংবাদপত্রে বেরিয়েছে যে, হাওড়া স্টেশনে অগ্নি-নির্বাপণের কোনো প্রাথমিক বন্দোবস্ত নেই। যদিও এটা কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন। কিন্তু এখান দিয়ে প্রতিদিনই লক্ষ লক্ষ মানুষ যাতায়াত

করেন। যদি কোনো কারণে আগুন লেগে যায় তাহলে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। ওই দুর্ঘটনার স্বীকার মাননীয় মন্ত্রী বা আমরা যারা ওখান দিয়ে যাতায়াত করি না তারা হয়তো হব না কিন্তু প্রায় সব সময় ওখান দিয়ে লক্ষ লক্ষ লোক যাতায়াত করেন। সংবাদপত্রের ওই খবরে বিভিন্ন তথ্য তুলে বলা হয়েছে ওখানে কি কি করা উচিত ছিল এবং কি করা হয়নি, ইত্যাদি। মাননীয় মন্ত্রী যদিও রাজ্য সরকারের মন্ত্রী কিন্তু মানুষ তো রাজ্যের মারা যাবে। তাই আমি ভেবে অবাক হচ্ছি যে, এখনও পর্যন্ত রাজ্য সরকারের এই দপ্তরের পক্ষ থেকে এ ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় অগ্নি-নির্বাপণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য। মাননীয় মন্ত্রী মহাশয় হাউজে উপস্থিত আছেন, আপনার অনুমতি নিয়ে তিনি যদি এ ব্যাপারে কিছু বলেন তাহলে আমি আনন্দিত হব। ধন্যবাদ।

শ্রী প্রতীম চ্যাটার্জী : মাননীয় সদস্য অসিতবাবু যে ব্যাপারে প্রশ্ন রেখেছেন তা আমার অজানা নয়। তবে এত বিরাট এলাকার জন্য আগে চিঠিপত্র কিছু দেওয়া হয়েছে, একথা ঠিক। গত ৩ বছরে কোনো লেখাপড়া হয়নি, করসপনডেন্স হয়নি। কারণ, ওরা বলছে, আমাদের পক্ষে সম্ভব নয়। আপনি যখন বলেছেন, আমি নোট রাখলাম এবং প্রয়োজন অনুভব করছি, মাননীয় রেলমন্ত্রীকে জানাব। আমি মাননীয় রেল মন্ত্রীকে পরিষ্কার এই দৃশ্য তুলে ধরব এবং তার ফসল আপনাকে জানাব, খুব তাড়াতাড়িই জানাব।

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় ৬ মাস ধরে এ. আর. ডি. বা কুকুরে কামড়ানো ওষুধ পাওয়া যাচ্ছে না। আমি এর আগেও বলেছি, বিশেষ করে করিমপুর এলাকাটা সীমান্ত সংলগ্ন। একপাশে মুর্শিদাবাদ, একপাশে বাংলাদেশ। সেখানে এই রোগে একজন মারাও গিয়েছেন। তাই আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে নদীয়া জেলায়, বিশেষ করে করিমপুরে কুকুরে কামড়ানোর ওষুধ পাওয়া যায়।

শ্রী তপন হোড় : স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এটা এমন একটা বিষয় যেটা হচ্ছে, শ্রমিক-কর্মচারীদের যে অধিকার সেই অধিকারের উপর একটা হস্তক্ষেপ আমরা দেখতে পাচ্ছি। তামিলনাড়ুতে জয়ললিতা সরকার যেভাবে দমন-পীড়ন চালাচ্ছেন, যেভাবে লক্ষাধিক সরকারি কর্মচারীদেরকে বরখাস্ত করছেন এবং উদ্ভূত যে পরিস্থিতি হয়েছে তাকে একটা ফ্যাসিস্ট আক্রমণ ছাড়া আর কিছু বলা যায় না। এটা কেন্দ্রীয় সরকারের অ্যাকচুয়াল বিশ্বায়নের নামে, প্রাইভেটাইজেশনের নামে যে পলিসি তাঁরা নিচ্ছেন তাতে কর্মসংস্থানের ব্যাপারে রাষ্ট্রের যে উদ্যোগে থাকবে, সেটা আদৌও তাঁরা ভুলে যেতে বসেছেন। কিভাবে কর্মচারীদের উপর দমন-পীড়ন করা যায় তার জন্য যতরকম প্রচেষ্টা সেই প্রচেষ্টা নেওয়ার যে পরিকল্পনা আমরা দেখতে পাচ্ছি—এটা শুধু জয়ললিতা সরকার করছেন না, এটা সারা ভারতবর্ষে এই চিত্রের সম্ভাবনা দেখতে পাচ্ছি। সেই কারণে আমরা আতঙ্কিত। একটা ভয়ানক পরিস্থিতি তৈরি হয়েছে। বহু রক্ত সংগ্রামের মধ্যে দিয়ে কর্মচারীরা তাঁদের অধিকার অর্জন করেছেন। সেই অধিকার আজকে পদদলিত

হচ্ছে, দমন-পীড়ন করা হচ্ছে। ভয়ানক একটা সন্ত্রাসমূলক অবস্থা সৃষ্টি হয়েছে। এটা প্রতিরোধ করা দরকার। আমি এ ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, আমাদের হাওড়া স্টেশনে যে সমস্ত ট্রেনগুলো আসে—ইস্টার্ন রেল এবং সাউথ ইস্টার্ন রেলের লোকাল ট্রেন—সব কর্তৃপক্ষ অ্যানাউন্স করেছেন যে, হাওড়া স্টেশনে কিছু সংস্কারের জন্য, লাইন সংস্কারের জন্য আগামী ১৩ই সেপ্টেম্বর পুরোপুরি ট্রেন সার্ভিস বন্ধ থাকবে এবং তার আগে ও পরে খুব অনিয়মিত ট্রেন চলাচল করবে। যদিও ১৩ই সেপ্টেম্বর শনিবার, তেমন আপত্তি নেই। কিন্তু আপনি জানেন অক্টোবরের ১-২ তারিখ থেকে পুজো শুরু হচ্ছে। পুজোর মরসুমে এই সমস্ত ট্রেন যদি বন্ধ থাকে তাহলে খুবই অসুবিধা হবে। তবে দক্ষিণ-পূর্ব রেল পুজোর আগে ও পরে সাঁত্রাগাছি পর্যন্ত ট্রেন চলাচল ব্যবস্থা রাখছে। এবং সাঁত্রাগাছি—শালিমার পর্যন্ত ট্রেন চালাবে এবং দূরপাল্লার ট্রেনগুলো সেখান থেকে ছাড়বে ও সেখানে আসবে। পূর্ব রেলকে অনুরোধ করব যে, তারা যদি বালি স্টেশন পর্যন্ত ট্রেন চালানোর ব্যবস্থা করেন তাহলে খুব ভাল হয়। কারণ পুজোর মরসুমে ব্যবসায়ীরা, দোকানদাররা মালপত্র কিনে তাদের যাতায়াত করতে সুবিধা হবে। বালি স্টেশন পর্যন্ত যদি ট্রেন চালানো হয় তাহলে লোকে বালি স্টেশনে নেমে তারপর বালি হল্ট স্টেশন থেকে ডানকুনি লোকাল ধরে শিয়ালদহ যেতে পারবে বা ডানকুনি লোকাল ধরে দমদমে নেমে সার্কুলার রেলের সুযোগ নিতে পারবে। বালি স্টেশন পর্যন্ত বা লিলুয়া পর্যন্ত ট্রেন চালালে তাতে অনেক সুবিধা হয়। এটা না করলে পুজোর আগে ছোট ছোট ব্যবসায়ীরা খুবই ক্ষতিগ্রস্ত হবে। টোটাল ট্রেন সার্ভিস বন্ধ না রেখে সাউথ ইস্টার্ন রেল যেমন ট্রেন চালাবেন তেমনি ভাবে ইস্টার্ন রেল যদি বালি স্টেশন পর্যন্ত বা লিলুয়া পর্যন্ত ট্রেন চালান তাহলে মানুষের যাতায়াত করতে সুবিধা হবে।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলাতে কলেজ থেকে উচ্চমাধ্যমিক তুলে দেওয়ার কথা। তবু গতবছর তোলা হয়নি।

[12.30—1.30 p.m.] (including Adjournment)

কিন্তু এই বছরে উচ্চমাধ্যমিক কোর্স পুরোপুরি পুরুলিয়ার কলেজগুলি থেকে তুলে দেওয়া হয়েছে। যার ফলে মাধ্যমিক স্কুলগুলিকে উচ্চমাধ্যমিকে উন্নীত না করে এই যে আসন সংখ্যা কমে যাচ্ছে তাতে ছাত্র ভর্তির সমস্যা ব্যাপকভাবে সেখানে সৃষ্টি হয়েছে এবং দুঃখের বিষয় স্যার, পাশের রাজ্য ঝাড়খণ্ড, সেখানে আমাদের পুরুলিয়ার ছেলেমেয়েরা ঝাড়খণ্ডের আশেপাশে ভর্তি হওয়ার জন্য খুব চেষ্টা করছে। এটা একটা উদ্বেগের বিষয়। এর ফলে পুরুলিয়ায় একটা সমস্যার সৃষ্টি হতে পারে। এইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়াতে উচ্চমাধ্যমিক স্কুলের সংখ্যা বাড়ানো

হোক এবং যদি না বাড়ানো যায় তাহলে কলেজগুলিতে যাতে উচ্চমাধ্যমিক কোর্স পড়ার সুযোগ থাকে সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30—1.40 p.m.] (after adjournment)

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS
DEMAND NO. 53

Mr. Deputy Speaker: There are 58 cut motions on this Demand. All the cut motions are in order. But only cut motion nos. 3, 43-48 and 55 are taken as moved. The rest cut motions are not moved.

Shri Kamal Mukherjee: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Kamal Mukherjee :
Shri Gyan Singh Sohanpal : } Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পরিবহন বিভাগ ও হুগলি রিভার ব্রিজ কমিশনার্স দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী সুভাষ চক্রবর্তী এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী নারায়ণ বিশ্বাস যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ভোট অন অ্যাকাউন্টস সমেত ৫৯০ কোটি ৪০ লক্ষ ৬০ হাজার টাকার—এই টাকার ব্যয় মঞ্জুরির দাবি তাঁরা এই হাউসে প্লেস করেছেন—আমি তার বিরোধিতা করছি। আমাদের দলের এবং বিরোধীদের কাট্ মোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি।

স্যার, প্রথমেই আমি একটা কথা বলতে চাই, গত কয়েক বছর ধরে যে বিষয়ে সব থেকে বেশি আলোচনা হচ্ছে, বিতর্ক হচ্ছে, সেটা হল পরিবহন দপ্তরের বিষয়। সেই আলোচনা এবং বিতর্কের কোনো যুক্তিকে আমল না দিয়ে মাননীয় মন্ত্রী সুভাষবাবু সব কিছু উপেক্ষা করে তিনি তাঁর নিজস্ব চিন্তা-ভাবনা প্রসূত সিদ্ধান্তে অনড় থাকছেন। সমস্ত ক্ষেত্রেই তিনি সাধারণ মানুষের দাবি উপেক্ষা করে চলছেন।

স্যার, আমি অন্য বিষয়ে যাবার আগে যে কথা বলতে চাই, তা হচ্ছে—একটা সময়ে পশ্চিমবাংলার পরিবহন দপ্তরের যথেষ্ট সুনাম ছিল। স্বাধীনোত্তরকালে যিনি এ বিষয়ে সব থেকে বেশি পরিবর্তন এনেছিলেন তিনি হচ্ছেন পশ্চিমবাংলার নবরূপকার ডাঃ বিধানচন্দ্র রায়। তিনি সে সময়ে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর আসনে আসীন ছিলেন। তিনি ছিলেন পশ্চিমবাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী, ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষের পরে দায়িত্ব গ্রহণ করেছিলেন। সে সময়ে তিনি দায়িত্বভার গ্রহণ করে যে এগিয়ে চলার চেষ্টা করেছিলেন তার উজ্জ্বল উদাহরণ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন অফ ওয়েস্ট বেঙ্গল। তার আগে পর্যন্ত কেউ কোনোদিন স্টেট

ট্রান্সপোর্ট অব ওয়েস্ট বেঙ্গলের কথা ভাবেননি। এবং তিনি যখন স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন চালু করলেন, তখন ভারতবর্ষের অন্যান্য রাজ্যের কাছে তিনি পথিকৃৎ ছিলেন। আমরা সেইসব কথা জেনেছি, পড়েছি এবং শুনেছি। সুভাষবাবুর মতো দাম্ভিক পরিবহন মন্ত্রী সেদিন ছিলেন কিনা জানি না, কিন্তু এটা বাস্তব সত্য, সেদিন মুখ্যমন্ত্রী তিনি এক নতুন দৃষ্টিভঙ্গি স্থাপন করে কলকাতার মানুষকে নতুনভাবে চলাচলের বন্দোবস্ত করে দিয়েছিলেন। আজকে এই সরকারের কাছে—মুখ্যমন্ত্রী অথবা পরিবহন মন্ত্রী যেই হোক না কেন, ওই দৃষ্টিভঙ্গি আমরা আশা করতে পারি না এবং আশাও করি না। দিনের পর দিন মন্ত্রী ঔদ্ধত্য বেড়েই চলেছে। ওই স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন সম্বন্ধে বলার আগে যে কথায় আসতে চাই সেটা হল, যখন ডিজেলের দাম বেড়েছে অথবা পেট্রোলের দাম বেড়েছে যে পেট্রোলের সাহায্যে ট্যাকসি চলে, সবার আগে এই পরিবহন মন্ত্রী বাস-মালিকদের নিয়ে ভাড়া বাড়ানোর কথা ভেবেছেন। আমরা এখানে যতই প্রতিবাদ করি না কেন, কোনো মতেই তিনি তার সিদ্ধান্ত থেকে সরে আসবেন না, যুক্তিগ্রাহ্য বক্তব্যকে নস্যাৎ করেছেন নিজের ঔদ্ধত্যের ভঙ্গিমায় এবং পরিষেবার উন্নতি করার জন্য কোন্ দিকে কোন্ আলোচনায় আমল দেওয়া উচিত সেই দৃষ্টিভঙ্গি ওনার ছিল না। আমি একটা উদাহরণ দিচ্ছি, আমরা দেখলাম, পর পর ৩ বার যাত্রীভাড়া বাড়ল। এই পর পর ৩ বার যাত্রীভাড়া বাড়ার জন্য যাত্রী-সাধারণের অসহনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। এর বিরুদ্ধে প্রতিবাদ হয়েছে, পুলিশ লাঠিচার্জ করেছে, আমরা এখানে তার প্রতিবাদ করেছি, কলিং অ্যাটেনশন নোটিশ দিয়েছি। মাননীয় পরিবহন মন্ত্রীকে সেদিন আমরা যে কলিং-অ্যাটেনশনের নোটিশ দিয়েছিলাম তাতে ওনাকে অনুরোধ করেছিলাম, দাবি করেছিলাম যে, বাসের ভাড়া একতরফাভাবে বাড়াবেন না। এর জন্য সর্বদলীয় কমিটি নিরপেক্ষ কমিটি করুন। সমস্ত বিষয়টি পর্যালোচনা করার জন্য আপনি আপনার দপ্তরের সচিব অথবা আপনার দপ্তরের কিছু অফিসার যারা সি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি.-রা এন.বি.এস.টি.সি.-র সঙ্গে সংযুক্ত অথবা অন্য দপ্তরের সঙ্গে সংযুক্ত তাদের আপনি পরামর্শ নেবেন, তারা আপনাকে পরামর্শ দেবেন, বাসের মালিকরা আপনাকে পরামর্শ দেবেন—এই জিনিস হতে পারে না। এর থেকে বেরিয়ে এসে আপনি একটা কমিটি করুন। আমাদের দুর্ভাগ্য, মাননীয় পরিবহন মন্ত্রী সেদিন তা গ্রহণ করেননি, তিনি তাঁর সিদ্ধান্তে অটল ছিলেন। এখন তিনি যে চেয়ারে বসে আছেন যেখান থেকে আর কিছুক্ষণ পরে বাজেটের সমাপ্তি ভাষণ দেবেন, আমি জানি না—আমার প্রশ্নের জবাব পাবো কিনা—তবে তিনি সেদিন দাঁড়িয়ে একটি কথা বলেছিলেন, হ্যাঁ, আমরা পরে কমিটির কথা ভাবব, এবারে না ভাবলেও। আমার মনে হয় না যে আমার স্মৃতির বিভ্রাট হয়েছে, উনি এই কথা সেদিন বলেছিলেন এবং এই খবর সংবাদপত্রে বেরিয়েছিল। যখন ডিজেলের দাম কমলো, তখন আমরা প্রশ্ন করলাম, ডিজেলের দাম কমেছে, অথচ ভাড়া কেন কমেনি ? উনি তাঁর উত্তরে বললেন, ডিজেলের দাম ১০ পয়সা কমেছে, আমি কোন্ ফ্রাকশনে গিয়ে বাসের ভাড়া কমাবো ? এটা আমার পক্ষে সম্ভব নয়। আমি আপনাকে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, ডিজেলে ৩ বার দাম কমেছে। প্রথমবার ১০ পয়সা কমেছে, তারপরে ১ টাকা কমেছে, তার পরেরবার আরো ১ টাকা কমেছে। তখন বাসযাত্রীদের পক্ষ থেকে দাবি উঠল, বাসের ভাড়া কমাতে হবে। তখন আপনি বাসের ভাড়া কমানোর জন্য কোনো কমিটি

কিছু করলেন না অথচ এই হাউসে দাঁড়িয়ে আপনি বলেছিলেন, হ্যাঁ, এবার করব। কিন্তু আপনি তার ধার ধারলেন না। এই কয়েক মাসের মধ্যে আপনি একটা কমিটি করতে পারতেন। কিন্তু তা না করেই তার আগেই বলে দিলেন ২৫ পয়সা ভাড়া কমানো হল।

[1.40—1.50 p.m.]

বেসিসটা কি ? মাননীয় পরিবহন মন্ত্রী, কিসের উপর ভিত্তি করে, কোন্ হিসাবের উপর ভিত্তি করে আপনি ২৫ পয়সা কমালেন ? আমি জানি না আপনার কাছ থেকে আমার প্রশ্নের যথাযথ উত্তর পাব কিনা। আমরা দেখলাম মাত্র ২৫ পয়সা ভাড়া কমল কিন্তু কিসের উপর ভিত্তি করে আপনি ২৫ পয়সা ভাড়া কমালেন তা কিন্তু যাত্রী সাধারণ জানলেন না। এই ঘটনা ঘটে গেল। তার সঙ্গে সঙ্গে আমরা দেখছি আপনি ট্যাক্স বৃদ্ধি করেছেন এবং করেও যাচ্ছেন। গত কয়েকদিন আগে যে দিন এই হাউসে আমাদের এডজর্নমেন্ট মোশান গৃহীত না হওয়ায় আমরা ওয়াক আউট করেছিলাম এই হাউস থেকে সেদিন আপনি আবার মোটর যানের উপর বা গাড়ির উপর প্রচুর ট্যাক্স বসিয়েছেন। একসঙ্গে আদায় করার চেষ্টা করছেন ইত্যাদি। ইত্যাদি। আমার জিজ্ঞাস্য, এটা কি শুধুমাত্র অর্থ সংগ্রহ করার জন্য, না কি পরিবহন পরিষেবার উন্নয়নের জন্য ? আপনারা যে কথা বারবার বলেন যে অনেক দুস্থ মানুষ, বেকার মানুষ পরিবহন ব্যবস্থার সঙ্গে সংযুক্ত হলে কর্মসংস্থান বাড়বে তাহলে তো এইভাবে ট্যাক্স বাড়লে তা হতে পারবে না। এইভাবে যদি ট্যাক্স বাড়ে তাহলে তার ফলে কতগুলি থ্রি হুইলার, ফোর হুইলার, সিক্স হুইলার গাড়ি বসে যাবে, কতগুলি চলবে তা আমরা জানি না। এর ফলে তো সাধারণ যাত্রীরা অসুবিধার মধ্যে পড়বেন। আপনি আপনার বাজেট বক্তৃতার শেষ অংশে খুব সুন্দর একটা কথা বলেছেন। আপনি বলেছেন, 'মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষির পরে পরিবহনই হল দেশের দ্বিতীয় বৃহত্তম কর্মসংস্থানের ক্ষেত্র। পরিবহন পরিষেবার নৈমিত্তিক কাজগুলি ছাড়াও পরিবহন বিভাগ বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও সেগুলি ধাপে ধাপে রূপায়ণের মাধ্যমে আরো বেশি কর্মসংস্থানের সুযোগ তৈরির চেষ্টা করছে যার দ্বারা জনসাধারণ সামাজিক ও অর্থনৈতিক উভয় দিক দিয়েই উপকৃত হবেন বলে আমি বিশ্বাস করি।' খুব ভাল কথা বলেছেন। এ ব্যাপারে আপনার সঙ্গে আমি দ্বিমত নই। আপনার ধারণা সম্পূর্ণ ঠিক। ঠিকই, কৃষিতেই সবচেয়ে মানুষ কাজ পায়। ক্ষেতমজুরের কাজ করে হোক, নিজের জমিতে কাজ করে হোক সবচেয়ে বেশি মানুষ কৃষিতে কাজ পায়। ধান রোয়া, কাটা, গম লাগানো, গম তোলা, অন্যান্য কৃষিজাত ফসল ফলানো প্রভৃতি নানান কৃষি কাজে সবচেয়ে বেশি মানুষ কাজ পায়। ঠিক এর পরেই পরিবহন ক্ষেত্রে সবচেয়ে বেশি কর্মসংস্থানের সুযোগ আছে। একটা বাস চালানোর জন্য হয়তো একজন ড্রাইভার, দুজন কন্ডাক্টর, একজন হেলপার লাগে, সে সরকারি বাস হোক, বেসরকারি বাস হোক কিন্তু এরা ছাড়াও আরো অনেক লোক এই পরিবহন পরিষেবার ক্ষেত্রে নিযুক্ত থাকেন, তাদের কর্মসংস্থান হয়। সরকারি গ্যারেজ হোক, বেসরকারি গ্যারেজ হোক সেখানেও হাজার হাজার মানুষের কর্মসংস্থান হয়। এ ক্ষেত্রে দৃষ্টিভঙ্গিটা হওয়া উচিত যেখানে কর্মসংস্থানের সুযোগ বেশি সেখানে গুরুত্বটা বেশি দেওয়া কিন্তু দুঃখের সঙ্গে বলছি এই দৃষ্টিভঙ্গিটা রাজ্য সরকারের কাছ থেকে আমরা পাচ্ছি না অথবা

আপনি পাচ্ছেন না। আপনার কথাটা খুবই সত্য। আজকে কর্মহীনদের কর্মসংস্থানের জন্য মুখ্যমন্ত্রী ইতালি যাচ্ছেন, জাপান যাচ্ছেন, আগের মুখ্যমন্ত্রীও গিয়েছিলেন, আপনার ভাগ্যে হয়তো সে সুযোগ ঘটেনি। কিন্তু ঘটনা হচ্ছে, সেখান থেকে শিল্প আসবে, শিল্পের উন্নতি হবে, সেখানে মানুষ কাজ পাবে এই ধারণাটা ক্রমশ দূর হয়ে গিয়েছে। আমি প্রসঙ্গান্তরে যাচ্ছি বলে কেউ কিছু বলতে পারেন কিন্তু কথাটা বাস্তব সত্য। পরিবহন মন্ত্রীর কথা সূত্র ধরে বলছি, আপনাদের মন্ত্রিসভার সদস্য কমলবাবু বলেছেন এই সব বাজে কথা, শিল্প-টিল্প বাইরে থেকে আসবে না। কথাটা আপনি বুঝেছেন। সেই জন্য আপনি বলেছেন যে এই পরিবহনে কর্মসংস্থানের বেশি সুযোগ আছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। কেন এই দপ্তর অবহেলায় ডুবে থাকবে ? কেন এর এই পরিণতি ? আপনি কি খুব হতাশাগ্রস্ত, বাজেট কি হতাশা নিয়ে এসেছে ? সি.এস.টি.সি. নিয়ে আপনার কাছে কিছু কথা বলতে চাই। সি.এস.টি.সি. নিয়ে ২০০১-০২ সালে বলেছিলেন যে নতুন বাস কিনবেন। আপনি এই কথা বলেছিলেন এটা আমরা বিভিন্নভাবে শুনেছি। আপনি কোথায় বাস কিনবেন ? টাকা নেই। টাকা কোথায় পাবেন ? সেই বাস কেনার জন্য আপনি টাকা সংগ্রহ করবেন বলেছেন ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডের কাছ থেকে। আজকে আপনার কাছে আমি জানতে চাই ডবলু. বি. কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডের কাছ থেকে টাকা নিয়ে আপনি কতগুলো বাস কিনেছেন এবং কত বাস চলছে এবং সেই বাসগুলো কি অবস্থায় আছে ? সবচেয়ে বড়ো দুঃখের কথা হল মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি.এস.টি.সি., এন.বি.এস.টি.সি, এস.বি.এস.টি.সি এই সমস্ত কর্পোরেশানগুলোতে কতগুলো বাস চলছে তার সংখ্যার হিসাব আমরা রাখি। কিন্তু কতগুলো অচল হয়ে পড়ে আছে সেটা জানি না। মাননীয় পরিবহন মন্ত্রী দয়া করে বলবেন এস.বি.এস.টি.সি., এন.বি.এস.টি.সি. এবং সি.এস.টি.সি-তে এই রকম কতগুলো বাস সামান্য অচল অবস্থায় পড়ে আছে, কতগুলো বাস একেবারে অচল হয়ে পড়ে আছে ? কিছু বাস আছে সারালেও চলবে না। কিন্তু কিছু বাস আছে সারালে চলতে পারে। এই সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিয়েছেন, আপনি বলতে পারবেন এই সভাতে সেই কথা ? আপনি বলতে পারবেন, এই বাসগুলোর জন্য কিছু কিছু কর্মচারী নিয়োজিত আছে, যাদের এই বাসগুলোতে কাজ করার কথা, যারা কাজ করছে না, যারা কাজ পাচ্ছে না এই বাসগুলো অচল থাকার জন্য, তাদের আপনি কোন্ কাজে নিয়োজিত করেছেন ? তারা কি শুধু অ্যাটেনডেন্স দিয়ে পয়সা রোজগার করছে, মাইনে তুলছে ? নাকি তাদের অন্য কোনো জায়গায় অন্য কোনো কাজে নিযুক্ত করেছেন ? মাননীয় পরিবহন মন্ত্রী, আমি কি এই কথা জানতে পারি ? তা যদি না হয় তাহলে আমরা দিনের পর দিন দেখবো একই অবস্থা, সেই লস যেটা আপনার পরিবহনকে গিলে খেয়েছে। সেই লস আপনার দিনের পর দিন চলবে। আপনি যে সাবসিডি দিচ্ছেন সেই সাবসিডির পরিমাণ বাড়বে এবং এই অবস্থাতেই চলবে। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান, এদের ব্যাপারে সাবজেক্ট কমিটি যে রিপোর্ট দিয়েছে তাতে তাঁরা বলছেন যে বাসের সংখ্যা কমছে। বাসের সংখ্যা কি পরবর্তী পর্যায়ে বাড়ানো হয়েছে ? নর্থ বেঙ্গলের মানুষের যাতায়াতের সবচেয়ে বড়ো উপায় হল বাস, বাসের মাধ্যমে তারা বেশি যাতায়াত করে। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান এই ব্যাপারে উল্লেখযোগ্য ভূমিকা

পালন করছে এই কথা আমরা আগেও শুনেছি। আমি কি আপনার কাছে এই কথা জানতে পারি, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানের বাসের সংখ্যা কমেছে এই যে সাবজেক্ট কমিটির রিপোর্ট দিয়েছে এটা সত্যি না ভুল ? যদি সঠিক না হয়ে থাকে তাহলে তাদের বর্তমান অবস্থা কি ? বাসের সংখ্যা বাড়াতে পেরেছেন ? নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশানের ক্ষেত্রে সেই একই কথা, বাসের সংখ্যা যদি কমে যায় তাহলে কমে যাওয়া বাসের নিয়োজিত কর্মচারীরা সত্যিই কি কাজ করছে নাকি শুধুমাত্র বসে বসে পয়সা রোজগার করছে ? আমি কি এই কথা আপনার কাছ থেকে জানতে পারব ? যদিও এখানে একটা কথা বলা হয়েছে এন.বি.এস.টি.সি. সম্পর্কে যে এখন ৬১০টি বাস। ২০০১ সালে বলছে জানা যায় রক্ষণাবেক্ষণের অভাবে ১০০টি বাস কমে গিয়েছে।

[1.50—2.00 p.m.]

এই একশোটি বাস আবার নতুন করে ফিরিয়ে আনা হয়েছে কিনা, আমি আপনার কাছ থেকে জানতে চাই আপনার বাজেট বরাদ্দের বিরোধিতা করতে গিয়ে। সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ২২৪টি রুটে ১৪টি ডিপো আছে। তার মধ্যে হাওড়া এবং কলকাতার ডিপোগুলো নতুন করে আপনি তৈরি করছেন। বাকি ডিপোগুলির কি অবস্থা ? সেগুলো কি সেই অবস্থায় থাকবে, না কি তার পরিবর্তন করার চেষ্টা করবেন ? হাওড়া, রাজ্যের রাজধানী কলকাতার পাশের জায়গা। কিন্তু উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গের যে ডিপোগুলো আছে, সেগুলোকে উন্নত করার দায়িত্ব কার, আপনার, না কার ? সে কথার উল্লেখ আপনি করেননি। আপনি এই কথা বলেছেন যে, আবার স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে লোন নিয়ে ২০০০-২০০১ সালে কিছু বাস কেনা হয়েছিল। কিন্তু সেগুলো রক্ষণাবেক্ষনের অভাবে ঠিকমতো চলছে না। সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাসগুলোর ব্যাপারে আপনার পদক্ষেপ এই প্রসঙ্গে কি তা আমি জানতে চাই—আপনি সভাকে আশ্বস্ত করুন। আমি দেখেছি, অনেক জায়গায় সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাসগুলো এমন অবস্থায় যাতায়াত করে—আপনার বাস তো একটা কমপিটিশনের জায়গা, আপনারা বলেন, সরকারি এবং বেসরকারি ব্যবস্থাপনার মধ্যে কোথাও সংযোগ ঘটিয়ে, কোথাও প্রতিযোগিতামূলক করে আমাদের অর্থনীতিকে শক্তিশালী করার চেষ্টা করছেন। মাননীয় পরিবহন মন্ত্রী মহোদয়, এস.বি.এস.টি.সি.-র বাসরুট শুধু কলকাতার ক্ষেত্রে নয়, অন্যান্য জায়গায় যেগুলো চলে, বেসরকারি বাসের যে অবস্থা, পরিকাঠামোগত দিক থেকে তাদের উন্নত পরিষেবা দেবার যে ব্যবস্থা আছে, আপনার বাসে তা নেই। সেজন্য আপনার বাসে দিনের পর দিন যাত্রীসংখ্যা কমছে। এই কথা বলার কারণ হচ্ছে, সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাস যেখান থেকে যাতায়াত করে, সেখানে আমি কখনও বাসের যাত্রী, কখনও ট্রেনের যাত্রী। এস.বি.এস.টি.সি.-কে যদি অর্থনৈতিক দিক থেকে শক্তিশালী করতে হয়, গতিশীল করতে হয়, তাহলে বেসরকারি যে বন্দোবস্ত আছে, আপনার বাসগুলো যাতে উন্নত পরিষেবার উপযুক্ত হয়, যাত্রীরা যাতে যাতায়াত করতে পারে, সেদিকে সচেষ্ট হওয়া প্রয়োজন। আপনি বাসের সংখ্যা বাড়াচ্ছেন। কিন্তু এর সঙ্গে সঙ্গে অব্যবহৃত বাস

বা অচল হয়ে যাওয়া বাস যেগুলো আছে, সেগুলোকে কিভাবে ঠিক করবেন তা আপনি বলবেন। এরপর আমি আপনার কাছে এখন যে প্রসঙ্গটা তুলতে চাই তা হল ওয়েস্ট বেঙ্গল সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশন প্রসঙ্গে বলতে চাই। আপনার তথ্য অনুযায়ী, ওয়েস্ট বেঙ্গল সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাস চলে ১০টি রুটে, জলযান আছে ১৫টি আর জেটি আছে ৮টি। আমি সর্বপ্রথমে আসছি জেটির কথায়। আজকে সকালে আমাদের মাননীয় সদস্য আব্দুল মান্নান তিনি উল্লেখ পর্বে, সম্ভবত জিরো আওয়ারে একটি প্রশ্ন তুলেছিলেন—হাওড়া এবং হুগলি নদী জলপথে পরিবহনের যে বন্দ্যোবস্ত করেছেন তাতে লঞ্চ চলছে। এই লঞ্চগুলোর সংখ্যা বাড়ানোর প্রয়োজন। ওয়েস্ট বেঙ্গল সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশন এবং হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতি যেটা কো-অপারেটিভের আন্ডারে চলে এবং লগন দেও সিং যেটা চালান, তার সংখ্যা অবিলম্বে বাড়ানোর প্রয়োজন। এতে আমরা দেখেছি বা দেখছি সকাল সাড়ে ৮টা, ৯টার পর থেকে বেলা ১২টা পর্যন্ত এবং বিকেল বেলায় অফিসের যাত্রীরা যে বাড়ি ফেরে বা আমরাও ফিরি তাতে যে পরিমাণে লঞ্চের প্রয়োজন সেই পরিমাণে লঞ্চ থাকে না। তার ফলে ওভারলোডেড হয়ে লঞ্চ যাচ্ছে। সেখানে অনেক অসুবিধা হচ্ছে। সেইজন্য আপনার নেতৃত্বে সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশান এবং হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতিতে লঞ্চের সংখ্যা বাড়ানোর কথা চিন্তা করছেন কিনা কারণ আমি বলছি এটা অত্যন্ত জরুরি। এবং তার সঙ্গে সঙ্গে আরো একটি কথা আমি আপনার কাছে রাখতে চাই সেটা হচ্ছে যে, মাননীয় পরিবহন মন্ত্রীকে আজকেই প্রশ্নোত্তর পর্বে মাননীয় আব্দুল মান্নান সাহেব বলেছিলেন জেটিগুলোর কথা। হাওড়া স্টেশান থেকে নেমে যে প্যাসেজ দিয়ে আসতে হয়, সেই প্যাসেজ এতো ন্যারো এবং সংকীর্ণ, যার ফলে ছুটে ছুটে আসতে থাকলে লোকের যে কোনো সময়ে পড়ে যাওয়ার সম্ভাবনা আছে। আবার সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনের যে জেটি দিয়ে আসতে হয়, সেখানে লেংথ অ্যান্ড ব্রেথ এতো ন্যারো এবং হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতির সেখানেও একই অবস্থা। সুতরাং এই জায়গাগুলো বেশি করে বাড়ানোর কথা আপনাকেই ভাবতে হবে, তা না হলে এই যেভাবে চলছে তাতে যে কোনো সময়ে দুর্ঘটনা ঘটতে পারে। তারপরে আপনার কাছে জানাই যে, আমাদের কাছে অভিযোগ আছে যে, হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতির কর্মচারীদের যে অর্থ দেওয়া হয়, তাদের যে মাইনে দেওয়া হয় এবং সুযোগ-সুবিধা দেওয়া হয় সেটা আরো বাড়ানো দরকার। সুতরাং এই বিষয়টা উল্লেখ করে রাখলাম আপনি ভাবনা-চিন্তা করবেন। এছাড়া আপনি বলেছেন কলকাতা পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের কথা। আপনি এই উন্নয়ন প্রকল্পের কথা বলতে গিয়ে বলেছেন যে, জাপানি ব্যাঙ্ক অফ ইন্ডাষ্ট্রিয়াল কর্পোরেশানের সহায়তায় কতগুলো ফ্লাই ওভার করছেন। তার মধ্যে গড়িয়াহাটের উড়াল পুল খুলে দিয়েছেন। উড়ালপুল খুলে দিয়েছেন মানুষের যাতায়াতের জন্য একথা ঠিকই। এটা খবরে কাগজেও বেরিয়েছে এবং মিডিয়াতেও বলেছেন ঠিকই। কিন্তু আমি পরিবহন মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই এই হাউসে যে, এটা কি ঠিকভাবে সম্পন্ন হয়েছে ? তার কোথাও কোনও কাজ বাকি নেই ? আমরা শুনেছি কিছু কিছু জায়গায় এখনো কাজ বাকি আছে। এই বিষয়টা আপনার কাছে জানতে চাই। আমার দ্বিতীয় প্রশ্ন যে, রবীন্দ্রসদন থেকে বেকবাগান

পর্যাপ্ত যে ওড়াল পুল করছেন এটা কি ঠিক সময়ের মধ্যে কমপ্লিট হয়ে যাবে. ঠিক সময়ের মধ্যে হয়ে যাবে কি ? মাননীয় পরিবহন মন্ত্রী কাজ যেভাবে এগোচ্ছে তাতে ঠিক কত সময় ধরা আছে। এবং কবের মধ্যে শেষ করবেন এটা বলবেন। শহর কলকাতার মধ্য এবং দক্ষিণ কলকাতার সকাল ৯টার থেকে বেলা ১২টা পর্যন্ত এবং বিকেলবেলা ৫-৬টা পর্যন্ত যে অবস্থা চলে আপনি উত্তর কলকাতার থেকে আসেন জানতে পারেন না। এই ওড়ালপুল ঠিকমতো কমপ্লিট কিভাবে ঠিক সময়ের মধ্যে করবেন সেটা হাউসে জানাবেন। তারপরে দূষণ নিয়ন্ত্রণ কলকাতায় যদিও কিছুটা চালু আছে কিন্তু জেলায় জেলায় এই দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু হয়নি। সেখানে যে ধরনের কালো ধোঁওয়া গাড়ির থেকে বেরোয় এবং পলিউশান ছড়ায় তাতে পুলিশ কোনো ব্যবস্থা নেয় না এবং আপনার দপ্তরও কোনো ভূমিকা নেয় না। শহরের দুর্ঘটনার জন্য যে যে প্রশ্ন উঠেছে তাতে শুধু রাস্তার জন্য দুর্ঘটনা হয় না।

[2.00—2.10 p.m.]

আর একটি কথা এখানে বলি, দূর্ঘটনার জন্য বেসরকারি বাসের যারা ড্রাইভার তারা অনেকাংশে দায়ী। বেসরকারি বাসের ড্রাইভাররা তারা সকলেই অভিজ্ঞতার জন্য বাসটা চালাতে জানে, কিন্তু লেখাপড়া তারা অধিকাংশই জানে না ; তার জন্য আমি নিন্দা করছি না, কিন্তু যেখানে কোথাও স্পিড লিমিট কথাটা লেখা আছে ৩০ কি.মি., সেটা সে পড়তে জানে না, তার জন্য আপনাদের তরফ থেকে কোনো ট্রেনিং-এর ব্যবস্থা নেই, এটা থাকা দরকার, উপরন্তু তাদের মিনিমাম এডুকেশান-এর বন্দোবস্ত করতে হবে। এটা চালু করতে হবে, যাতে তারা ইংরাজি এবং বাংলা ভাষায় লেখাটা বুঝতে পারে। এই সিস্টেমটা আপনাকে বন্দোবস্ত করতে হবে, কারণ যেখানে কশান লেখা আছে, সেটা দেখে যেন সে বুঝতে পারে, তাকে কি করতে হবে। এইসব ব্যবস্থাগুলি করা দরকার। মোটর ভেহিকেলস ডিপার্টমেন্টে যারা ট্যাক্স আদায় করে, যারা ড্রাইভারদের লাইসেন্স দেয় সেখানে দেখলে বুঝতে পারবেন, সেই জায়গাটা দালালদের দ্বারা কুক্ষিগত হয়ে গেছে। আপনি মোটর ভেহিকেলস ডিপার্টমেন্টে একজনের বিরুদ্ধেও কি কখনও কোনো শাস্তি দিতে পেরেছেন ? একজন ড্রাইভার যিনি বসে আছেন বাগনানে, দেখা যাচ্ছে চিঠি দিয়ে তার লাইসেন্স হয়ে যাচ্ছে। এই যে বন্দোবস্ত এই বন্দোবস্তর বিরুদ্ধে এখনও কোনো ব্যবস্থা হয়নি। যারা আন-ট্রেন্ড ড্রাইভার তারা এইসব করছে। অনেকে ২ মাস চালিয়েই লাইসেন্স পেয়ে যাচ্ছে। এরা বাস চালাচ্ছেন, ট্রাক চালাচ্ছেন, ফলে দেখা যাচ্ছে অ্যাকসিডেন্ট হচ্ছে, অনেকের প্রাণ যাচ্ছে, এর জন্য ক্ষতিপূরণও দিতে হচ্ছে, তাই বলছি এই ব্যাপারে একটা বন্দোবস্ত চাই। আমি আপনার কাছে দাবি করছি, আপনাকে বলতে চাই, এই বন্দোবস্ত যদি ঠিকমতন না করা যায় তাহলে পরিবহণ ব্যবস্থার কিছুতেই উন্নতি হবে না। আপনি বলবেন—আমাদের রাজ্যে কতকগুলি ট্রেকার-এর লাইসেন্স আছে ? আমি আপনাকে বলছি, একটা রুটে হয়তো ২টি ট্রেকারের লাইসেন্স আছে, সেখানে ১০টি ট্রেকার চলছে। একটা রেকলেস অবস্থা। ফলে বাস আর ট্রেকার-এর মধ্যে সংঘাত বাড়ছে। বাসের মালিক পক্ষ বলছে, লাইসেন্স বিহীন ট্রেকার চলছে, ইউনিয়নকেও বলা হচ্ছে, কিন্তু কেউ শুনছে না, যথারীতি বাস ট্রেকার চলছে। অটো রিকশার ক্ষেত্রেও একই

সমস্যা। পারমিটবিহীন অবস্থায় বহু অটো রিকশা সারা পশ্চিমবাংলায় চলছে, এবং এটা ক্রমশ বাড়ছে। আমি দাবি করছি, আপনি দীর্ঘদিন ধরে পরিবহন দপ্তরের দায়িত্বে আছেন, কিন্তু পরিবহন দপ্তরের কোনো উন্নতি করতে পারছেন না. তাই আজকে এখানে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, তার তীব্র বিরোধিতা করে এবং বিরোধীদের আনীত যে কাটমোশান তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রঞ্জিত কুণ্ডু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৫৩ নম্বর দাবির অধীনে মাননীয় পরিবহন মন্ত্রী শ্রী সুভাষ চক্রবর্তী যে ব্যয় মঞ্জুরের দাবি জানিয়েছেন, তাঁকে এবং তাঁর বাজেট বিবৃতিকে সমর্থন জানিয়ে এবং এই বিষয়ে বিরোধীদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলতে চাই। তবে সমর্থন করতে গিয়ে আমার পূর্ববর্তী বক্তা মাননীয় অসিত মিত্র মহাশয়ের মতো আমি ধান ভাঙতে শীবের গীত গাইব না। কিংবা খবরের কাগজে নাম তোলার জন্য অহেতুক কিছু কথা, ব্যক্তি আক্রোশ এখানে চরিতার্থ করার কোনো ইচ্ছাই আমার নেই। অসিতবাবু একটা ভাল কথা বলেছেন। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে স্টেট ট্রান্সপোর্ট হয়েছিল এবং সেই স্টেট ট্রান্সপোর্টই নাকি পথ প্রদর্শক সারা দেশের ক্ষেত্রে, ভাল কথা। আমিও মেনে নিচ্ছি। স্টেট ট্রান্সপোর্ট তখনকার সময়ে বহু উদ্বাস্তু মানুষের পুনর্বাসনের প্রশ্নের সঙ্গে জড়িত এবং তাদের উন্নতি ও অর্থনৈতিক পুনর্বাসন-এর যে দাবি উঠেছিল এবং পরিবহনের যে সমস্যা ছিল তার সমন্বয় করার জন্য ডাঃ বিধান রায়-এর আমলে কলকাতা স্টেট ট্রান্সপোর্ট-এর জন্ম হয়েছিল। কলকাতা পরিবহন ব্যবস্থার সঙ্গে যুক্ত করেই সেই কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন গড়ে উঠেছিল। কার্যত আজকে পাঁচটা কর্পোরেশন পশ্চিমবঙ্গে কাজ করছে। শুধু কলকাতা শহরকে কেন্দ্র করেই নয়, সারা পশ্চিমবাংলাতে এই পাঁচটি কর্পোরেশন কাজ করছে। তথাপি আমরা জানি, আমাদের রাজ্যে এই পাঁচটি কর্পোরেশন কাজ করা সত্ত্বেও, আজও সত্তর ভাগ যাত্রী পরিবহন করে বেসরকারি যাত্রী পরিবহন সংস্থা। এই হচ্ছে আমাদের রাজ্যের চেহারা। বিধানসভার একটা কমিটির সঙ্গে যুক্ত হওয়ার সুবাদে আমাদের দেশের অন্য রাজ্যের ট্রান্সপোর্ট ব্যবস্থা দেখার সুযোগ আমার হয়েছিল। কর্ণাটকের ট্রান্সপোর্ট ব্যবস্থা দেখার জন্য ১৯৯৯ সালে বিধানসভার স্ট্যান্ডিং কমিটির পক্ষ থেকে আমরা সেখানে গিয়েছিলাম। আমাদের ওই কমিটিতে বিরোধী দলের কয়েকজন মাননীয় সদস্যও ছিলেন। আমরা ব্যাঙ্গালোরে গিয়ে দেখেছি সেই জায়গাটা ঝকঝক তকতকে এবং কর্ণাটক স্টেট ট্রান্সপোর্ট সেখানে ভালো সার্ভিস দিচ্ছে। আগামী দু-এক বছরের মধ্যে তারা ব্রেক ইভেন পয়েন্ট থেকে মুনাফার দিকে চলে যাবে। সেই ব্যবস্থা দেখে আমার খুব ভালো লাগল। কর্ণাটক রাজ্যের অন্য জায়গায় যখন আমরা গেলাম, তখন দেখলাম সেখানে স্টেট ট্রান্সপোর্টের কোনো অস্তিত্বই নেই। কিছু দূরত্বের গাড়ি ব্যাঙ্গালোর শহরকে কেন্দ্র করে গড়ে উঠেছে। কিন্তু গোটা রাজ্যের পরিবহন ব্যবস্থা সম্পূর্ণটাই বেসরকারি পরিবহন ব্যবস্থার হাত ছেড়ে দেওয়া হয়েছে এবং সেখানে কোনো নিয়ম নেই, কোনো আইন-কানুন নেই, যাত্রীদের সুবিধার জন্য কোনো ব্যবস্থা নেই। দলমতনির্বিশেষে সেখানে যে সমস্ত দলের সদস্যরা গিয়েছিলাম তারা প্রত্যেকেই একমত হয়েছিলাম যে, আমাদের রাজ্যের পরিবহন ব্যবস্থা এর থেকে অনেক উন্নত, যতই আমরা সমালোচনা করি

না কেন। আজকে আমাদের রাজ্যের পরিবহন ব্যবস্থার অনেক জটিলতা আছে, কলকাতা শহরের মাত্র ছয় ভাগ হচ্ছে রাস্তা। একটা আধুনিক শহরে যেখানে অন্ততপক্ষে ২২ থেকে ২৩ ভাগ রাস্তার জন্য সংরক্ষিত রাখা উচিত, সেখানে আমাদের শহরে মাত্র ছয় ভাগ হচ্ছে রাস্তা এবং এই রাস্তা দিয়েই আমাদের রাজ্যের পরিবহন ব্যবস্থার মোকাবিলা করতে হচ্ছে। আজকে যেখানে লোকসংখ্যা বাড়ছে, গাড়ির সংখ্যা বাড়ছে, নানান ধরনের সমস্যা তৈরি হচ্ছে, সেই পরিস্থিতিতে আমাদের এখানে কাজ করতে হচ্ছে। যখন আমরা রাজ্যের পরিবহন ব্যবস্থা নিয়ে আলোচনা করব, তখন এই বিষয়গুলো আমাদের মাথায় রাখতে হবে। সারা রাজ্যেই রাস্তাঘাটের অবস্থা খুব খারাপ ছিল, হালে খানিকটা উন্নতি হয়েছে এবং চেষ্টা করা হচ্ছে। এই বিষয়টাও আমাদের মাথায় রাখতে হবে। আজকে নতুন করে পরিবহনের ক্ষেত্রে সমস্যা এসে দাঁড়াচ্ছে। আজকে হাইকোর্ট, সুপ্রিম কোর্ট বিভিন্নভাবে রায় দিচ্ছে তারা বলছে এই এই করতে হবে। ফলে সমস্যা সৃষ্টি হচ্ছে।

[2.10—2.20 p.m.]

পরিবহনের ক্ষেত্রে দূষণের বিষয়টা যেভাবে বলা হচ্ছে, সেইভাবে যদি কার্যকর করতে হয়, তাহলে বাস বলুন বা অন্যান্য পরিবহন বলুন—যে বিনিয়োগ করতে হবে—সরকারি ও বেসরকারি ক্ষেত্রে—যে বিনিয়োগ করতে হবে তার বিনিময়ে যাত্রী-সাধারণকে যা বহন করতে হবে, সেটাও আমাদের মনে রাখতে হবে। তবুও এই বিষয়ে কিছু কাজ হচ্ছে। দূষণ মুক্ত করার বিষয়ে যে বিভিন্ন ব্যবস্থা নেওয়া হচ্ছে, সেসব বাজেট বক্তৃতায় মাননীয় মন্ত্রী বলেছেন। আমাদের ৫টি কর্পোরেশন আছে, এবং সেখানে উন্নতিও হচ্ছে। শুধু হতাশার কথা বলে লাভ নেই। তবে এটা যে আদর্শস্থানীয় নয়, তা সকলেই জানি এবং এটা করা সহজও নয়। তবে, সার্বিক দিক থেকে দেখলে দেখা যাবে উৎপাদনশীলতা বাড়ছে। একজন বাস কর্মী কত কিলোমিটার যাচ্ছে, সেটাও বাজেট বক্তৃতায় আছে। বাস-কর্মী এবং যাত্রীর অনুপাতেও অগ্রগতি ঘটেছে। এমনকি উত্তরবঙ্গ পরিবহন সংস্থা, যা অত্যন্ত ঝরঝরে অবস্থায় ছিল সেখানেও খানিকটা উন্নতি হয়েছে আমরা দেখতে পাচ্ছি। আয়ের ক্ষেত্রেও উন্নতি হয়েছে। পরিবহন থেকে রেভিনিউ আদায়ও বাড়ছে। আধুনিক উপায় অবলম্বন করে রেভিনিউ ফাঁকি আটকানোর জন্য কমপিউটার ইত্যাদির ব্যবহার করা হচ্ছে। আমাদের যে জটিলতা, বাস্তব অসুবিধা আছে, তার উপর দাঁড়িয়ে শুধু কলকাতা পরিবহন ব্যবস্থাই নয়, সারা রাজ্যের পথ পরিবহন ব্যবস্থা যদি আলোচনা করি তাহলে নিশ্চয় করে বলতে পারি আমরা এগিয়ে যাচ্ছি, পিছিয়ে যাচ্ছি না। সম্পূর্ণ হতাশার চিত্র নয়। তবে, আরও অগ্রগতির জন্য আমাদের কাজ করতে হবে, মাননীয় মন্ত্রীকে সেই অনুরোধ করব—বিশেষ করে পরিবহন পরিকাঠামো উন্নয়নের জন্য। কলকাতা-কেন্দ্রিক যে পরিকল্পনাগুলো নেওয়া হয়েছে, সেইগুলো বাস্তবায়িত করতে পারলে আমরা আরও এগিয়ে যেতে পারব। রাজ্যের পরিবহন পরিকাঠামো উন্নয়নের জন্য যে কর্পোরেশন তৈরি করা হয়েছে, সেখানে অনেকগুলো পরিকল্পনা, প্রকল্প আছে। অসিতবাবু উল্লেখ করলেন বেসরকারি বাস, তাদের কন্ডাক্টর, ড্রাইভাররা অত্যন্ত বেপরোয়া, আইনকানুন জানেন না, তাদের শিক্ষার অভাব আছে। এটা খানিকটা সত্য। হ্যাঁ, অভাব আছে।

তবে বুঝতে হবে, এই বেসরকারি পরিবহনের সঙ্গে যুক্ত কর্মীদের জীবনের নিরাপত্তা, জীবিকার নিরাপত্তা অবহেলিত—সারা দেশে অবহেলিত, আমাদের রাজ্যেও অবহেলিত। তবে এটাও বলব, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার, তার পরিবহন দপ্তর অন্তত খানিকটা তাদের কথা ভাবছে। ভারতবর্ষে আর কোথাও এটা নেই। এখানে বেসরকারি বাস শ্রমিকদের জন্য বিমা প্রকল্প চালু করা হয়েছে। আমি বলছি না এটাই যথেষ্ট। এর কারণেই তাদের জীবনের সামাজিক নিরাপত্তা সব ঠিক হয়ে গেছে, আমরা কখনও একথা বলি না। আরও ভাবনা-চিন্তা করতে হবে। তারা রেষারেষি করেন আয় বাড়ানোর জন্য। তাদের কোনো বেতন কাঠামো নেই। তাদের শুধু গালাগাল দিলেই হবে না। তাদের জন্য মমত্ব নিয়ে কিছু চেষ্টা করতে হবে। তাদের জীবনের সামাজিক নিরাপত্তা নিয়ে আরও কিছু চেষ্টা করতে হবে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব আগামী দিনে এদের জন্য ভাবতে হবে। খানিকটা এগিয়েছেন আরও করতে হবে। এই ব্যাপারে ভাবার জন্য অনুরোধ করব। ট্যাকসি চালকদের জন্য গ্রুপ ইনসিওরেন্সের ব্যবস্থা হয়েছে। আরও কিছু করা যায় কিনা, এর পাশাপাশি প্রশিক্ষণের জন্য পরিকাঠামো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেখানে প্রশিক্ষণ কেন্দ্র তৈরি হবে। ইতিমধ্যে কিছুটা প্রশিক্ষণের চেষ্টা হয়েছে। এটা অপ্রতুল, প্রয়োজনের তুলনায় সামান্য। আরও সুষ্ঠুভাবে করতে পারলে নিশ্চিতভাবে পরিবহনের ক্ষেত্রে যে নৈরাজ্য তার সবটা না হলেও, খানিকটা মোকাবিলা করা সম্ভব এবং পরিবহন পরিকাঠামো সম্পর্কে কতকগুলো উল্লেখ এখানে আছে, আমি সবটা বলছি না। কলকাতার ক্ষেত্রে কাজ হওয়া দরকার, রাজ্যের ক্ষেত্রেও হওয়া দরকার। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে বলেছেন আজকে মেয়েরা পর্যন্ত ঘরের বাইরে চলে এসেছেন। সমাজ এগিয়ে যাচ্ছে এবং দূরপাল্লার বাসে, স্বল্প দূরত্বের বাসে তাঁরা যাচ্ছেন। পথের মধ্যে তাঁদের নানারকম অসুবিধা হয়। যাত্রী স্বাচ্ছন্দ্যের জন্য কিছু ব্যবস্থা ইতিমধ্যেই নেওয়া হয়েছে। এই দায়িত্ব সরকারের, এটা বেসরকারি হাতে ছেড়ে দেওয়া যায় না। সেজন্য কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে। আরও কিছু ব্যবস্থার উল্লেখ আছে, আরও উদ্যোগ নিতে হবে। আর্থিক সংস্থান যা আছে তাতে করে বেসরকারি উদ্যোগকে আমাদের পাশে পেতে হবে, নেবার চেষ্টা করতে হবে। সেই সঙ্গে আমাদের যাত্রী স্বাচ্ছন্দ্যের কথা আমাদের ভাবতে হবে। মাননীয় অসিতবাবু বললেন যে বিতর্কিত মন্ত্রী, তাঁকে নিয়ে অনেক বিতর্ক হয়েছে এবং তিনি কারো দাবি শোনেন না। কিন্তু উদাহরণ দিতে পারলেন না। একটা উল্লেখ করেছেন, বাস ভাড়া বৃদ্ধির কথা বলেছেন। দেখাতে পারবেন ভারতবর্ষের আর কোনো রাজ্যে বাস ভাড়া বৃদ্ধির পর আবার কমে গেছে। কোনো রাজ্যে কমেছে কি ? বাস ভাড়া বৃদ্ধির পর আবার কমে গেছে। এই ভাবে প্রতিশ্রুতি পালন করা হয়েছে কার্যকরীভাবে। একটা দক্ষ কমিটি তৈরি করা হয়েছে, বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে, সেই কমিটি মাঝে মাঝে পর্যালোচনা করবেন ডিজেলের দাম বাড়ল বা কমল সমস্ত ইনপুটস দেখে, পেট্রোল ডিজেলের দাম দেখে, পর্যালোচনা করে প্রয়োজন হলে বাস ভাড়া বাড়াবেন বা কমাবেন। ভারতবর্ষের আর কোনো রাজ্যে এটা হয় কি ? এটা তো উল্লেখ করলেন না। একটা নজির দেখান। মাননীয় বিরোধী দলের সদস্য এর জন্য মাননীয় মন্ত্রীকে সাধুবাদ জানাতে পারলেন না। এই ধরনের একটা ব্যবস্থা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের পক্ষেই সম্ভব, অন্য কোনো জনবিরোধী সরকারের

পক্ষে এটা সম্ভব নয়। শুধুমাত্র যে সরকার মানুষের সঙ্গে থাকেন তাদের পক্ষেই এটা সম্ভব। এর জন্য মাননীয় পরিবহন মন্ত্রী নিশ্চিত ভাবে সাধুবাদ পেতে পারেন।

[2.20—2.30 p.m.]

আজকে সারা ভারতবর্ষে যান কত বাস ভাড়া আছে দেখুন, পশ্চিমবঙ্গের সঙ্গে তুলনা করে দেখুন। আপনারা রাজ্যের বাইরে যান সেখানে খোঁজখবর নিয়ে দেখুন তার পরে এখনো তালিকা পেশ করুন, বলুন কর্ণাটকে এই ভাড়া আছে, গড়পড়তা এই রেট। আমাদের এখানে কম আছে বা বেশি আছে সেটা বলুন। রাজধানী দিল্লীতে যান তার সঙ্গে তুলনা করুন আমাদের রাজ্যের। অন্ধ্রপ্রদেশের কথা বলুন, যার কথা বলতে গেলে আপনাদের লালা পড়ে। তার সঙ্গে তুলনা করে বলুন যে পশ্চিমবঙ্গে অনেক উচ্চ-হারে বাস ভাড়া নেওয়া হচ্ছে। তাহলে আপনাদের সমালোচনা মেনে নেব। আপনাদের সমালোচনা অন্তঃসারশূণ্য, সমালোচনা করার জন্যই আপনাদের সমালোচনা করা, আমি এই সমালোচনার বিরোধিতা করে এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দর প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রী মহঃ ইয়াকুব : মাননীয় ডেপুটি স্পিকার, ৫৩ নম্বর দাবি মঞ্জুরির জন্য আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রীদ্বয় এখানে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। প্রথমে আমি ধন্যবাদ জানাচ্ছি ভারপ্রাপ্ত মন্ত্রী বিশেষ করে সুভাষ চক্রবর্তীকে, তিনি এই দপ্তরের দায়িত্ব পাবার পর একটু চেষ্টা করেছেন। কারণ দেশের আর্থিক ও সামাজিক উন্নয়নে বিশেষ করে যোগাযোগ ব্যবস্থা অর্থাৎ পরিবহন ব্যবস্থা যেটা খুবই গুরুত্বপূর্ণ বিভাগ, এতে কোনো সন্দেহ নেই। সেখানে তিনি নানা রকম প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়ে চেষ্টা করে যাচ্ছেন এই পরিবহন ব্যবস্থার একটা আমূল পরিবর্তনের এবং উন্নয়নের এবং তিনি সম্পূর্ণভাবে এতে নজর রাখছেন তাতে কোনো সন্দেহ নেই। তবে খুব যে দ্রুত গতিতে কাজ হয়েছে, উন্নয়নের কাজ এগিয়ে যাচ্ছে একথা আমি বলতে পারছি না। তবে এগোচ্ছে। মাননীয় মন্ত্রীর ৫৩ নম্বর দাবিকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি বিষয়ে ওঁনার দৃষ্টি আকর্ষণ করছি, আমি আশা করি তিনি তাঁর জবাবী ভাষণে সেই বিষয়গুলির নিশ্চয়ই আলোচনা করবেন। আমি নিজে সরকারি পরিবহন বাসে যাতায়াত করি, আমি ট্রামে নিজে যাতায়াত করি। স্বাভাবিক ভাবেই এই যাতায়াতের মধ্যে দিয়ে কিছু অভিজ্ঞতা আমার আছে, সেই অভিজ্ঞতার নিরিখে দু-একটি বিষয় উল্লেখ করছি। বিশেষ করে এসপ্ল্যানেডে ট্রাম টার্মিনাস, বেহালা, টালিগঞ্জ, খিদিরপুর অঞ্চলে যে ট্রাম লাইনগুলি বা ট্রাম ট্র্যাকগুলি আছে তার অবস্থা খুবই খারাপ। সেখানে নোংরা একটা পরিবেশ। বিশেষ করে কার্জন পার্কের পাশে দাঁড়াবার মতো জায়গা নেই। এবং সাধারণ যাত্রীদের অনেক অসুবিধা হয়। মাননীয় মন্ত্রী নিশ্চয়ই এই বিষয়ে দেখবেন এবং জবাবী ভাষণে বলবেন। এছাড়াও দক্ষিণ দিকের ট্রাম লাইন যেটা খিদিরপুরের আগে পর্যন্ত গেছে সেখানে লাইনগুলি সব বসে গেছে, সারাদিনের মধ্যে প্রায় ২-৩ বার ট্রাম ডিরেলড হয়ে যাচ্ছে। এই দিকে আপনি নিশ্চয়ই নজর দেবেন এবং দেখবেন।

সেদিকটাও তিনি নিশ্চয় দেখবেন। এছাড়া, খিদিরপুর ট্রাম ডিপো, যেখান থেকে ট্রাম ছাড়ে ও সি.টি.সি. বাস থাকে, সেই ট্রাম ডিপোর অবস্থা খুবই জরাজীর্ণ। এছাড়া, আমাদের ধর্মতলায় যে বাস টার্মিনাস আছে, উত্তরবঙ্গের বাস টার্মিনাস, যেখান থেকে শিলিগুড়ি, কোচবিহার, জলপাইগুড়ি, মালদার বাস ছাড়ে সেখানে ঢোকার মুখের গেটে বিরাট গর্ত হয়ে আছে, জল জমে পুকুরের অবস্থা হয়ে গেছে। এর সংস্কার করা দরকার। এছাড়া, সেই বাস টার্মিনাসের পশ্চিমদিকে বাউন্ডারি ওয়াল এবং তার পাশে যে ট্রাম লাইন আছে সেখানে বলা চলে ইউরিনাল প্ল্যাটফর্ম হয়ে গেছে, একেবারে নোংরা পরিবেশ। এছাড়া, দক্ষিণবঙ্গের যে সব বাস হাওড়া, হুগলি, বাঁকুড়া, বসিরহাট প্রভৃতি জায়গায় যায়, সেই বাস টার্মিনাসের যে প্ল্যাটফর্ম, সেই প্ল্যাটফর্ম ডিলাক্স বাস, চার্টার্ড বাস দখল করে দাঁড়িয়ে থাকে এবং সরকারি বাসগুলো রানী রাসমণি রোডে দাঁড়িয়ে থাকে। স্বাভাবিক ভাবেই এদিকে নজর দেওয়া উচিত। তাছাড়া, এক একটা প্ল্যাটফর্ম যদি নাম্বারিং করে দেন যে এই রুট থেকে হাসনাবাদ, এই রুট থেকে বাঁকুড়ার বাস পাওয়া যাবে তাহলে গ্রামাঞ্চলের সাধারণ মানুষ যারা শহরাঞ্চলে আসেন তাদের অনেকটা সুবিধা হতে পারে। এছাড়া, তিনি উল্লেখ করেছেন এবং তার প্রতিবেদনে দিয়েছেন তথাপি বলছি একটা বিষয় আমার কাছে পরিষ্কার হল না। ২৫শে জুন ১৯৯৫ সালে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু খিদিরপুর ব্রিজের শিলান্যাস করেছিলেন, নতুন করে সেখানে একটা ব্রিজ তৈরি হবে। কিন্তু সেই কাজ গত ৪ বছর ধরে একেবারে বন্ধ রয়েছে। এবং এর ফলে খিদিরপুর-ডায়মন্ডহারবার রোডের এলাকা কনজেস্টেড হয়ে যাচ্ছে এবং এর ফলে যে কোনো সময় একটা দুর্ঘটনা ঘটতে পারে। এ ব্যাপারে আমি বারংবার আপনার এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি যে এইচ.আর.বি.সি.-র আন্ডারে এই কাজ বন্ধ রয়েছে কেন ? কেন হচ্ছে না ? অন্যান্য ব্রিজের কাজ, ফ্লাইওভারের কাজ যেখানে নির্দিষ্ট সময়ের মধ্যে এগিয়ে যাচ্ছে সেখানে খিদিরপুর রোড-ডায়মন্ডহারবার রোড এবং পোর্ট এলাকার এই জনবহুল অঞ্চলের ব্রিজের কাজ কেন এতদিন বন্ধ হয়ে আছে নিশ্চয় তিনি তার জবাবী ভাষণে এ ব্যাপারে উল্লেখ করবেন। এবারে মেন্টেন্যান্সের ব্যাপারে আসছি। সি.টি.সি.-র বাসগুলো তুলনামূলকভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে। আমি বেশিরভাগ সময় বাসে চলাচল করি। দেখি সরকারি বাসগুলো ধুলো-বালি-নোংরা বড় বেশি থাকে। এত অপরিষ্কার থাকে যে জানালার কাঁচ দিয়ে রাস্তা দেখা যায় না। তাই স্বাভাবিক ভাবেই মেন্টেন্যান্সের দিকে নজর দেওয়া দরকার বলে আমি মনে করি। আবার, অনেক সময় দেখা যায় বাস চলতে চলতে ব্রেক ডাউন হয়ে যায়, খারাপ হয়ে যায়। সুতরাং, বাস যখন গ্যারেজ থেকে বার করা হয় তখন ভালোভাবে চেক-আপ করে বার করা দরকার। বাসের গিয়ার, ব্রেক ঠিক আছে কিনা, চাকা ঠিক আছে কিনা, সবকিছু দেখে রাস্তায় চালানোর ক্ষেত্রে ছাড়পত্র দেওয়া উচিত। কিন্তু মনে হয় সেটা হচ্ছে না। এটা দেখা দরকার।

[2.30—2.40 p.m.]

সেদিকে নজর দেওয়া উচিত এবং প্রতিবেদনে একটা বিষয়ের উল্লেখ থাকা উচিত ছিল যে, আমাদের সরকারি বাস চালু হওয়ার পর তার লংজিভিটি কতদিন, বেসরকারি বাসের সঙ্গে

আমাদের সরকারি বাসের তুলনামূলক একটা লংজিভিটি সম্পর্ক উল্লেখ থাকা উচিত ছিল বলে আমি মনে করি। এছাড়া আরেকটি বিষয়ে আমি ওঁনার দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি, আপনারা জানেন যে, মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় কর্মঠ মানুষ, তিনি যথাসাধ্য চেষ্টা করছেন, তাঁকে আমি বলছি যে, গার্ডেনরিচ-খিদিরপুর ডক্‌পোর্ট ইনডাস্ট্রিয়াল বেল্ট, সেখানে কোনো সরকারি বাস নেই, যেমন অন্যান্য রুটে বেহালা-টালিগঞ্জ এই সমস্ত জায়গায় সরকারি বাস রয়েছে, তাহলে ডক্‌পোর্ট-এর শ্রমিক অধ্যুষিত এলাকার মানুষ কি অপরাধ করেছেন যে তারা সরকারি বাস পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে ? সেজন্য তাঁর কাছে আমার অনুরোধ যে, রামনগর থেকে শ্যামবাজার পর্যন্ত একটা বাস চালু করা যায় কিনা সেটা দেখবেন—সেটা সি.টি.সি. বা এস.টি.সি. হতে পারে, সেটা বিবেচনা করে দেখবেন। আরেকটা হচ্ছে রামনগর থেকে জোকা পর্যন্ত বাস চালু করা যায় কিনা সেটা দেখবেন। এই জায়গায় সরকারি বাস থাকলে ডক্‌পোর্ট ইন্ডাস্ট্রিয়াল বেল্টে মানুষের যাতায়াতের সুবিধা হবে, সেখানে যাতায়াতের জন্য বেসরকারি বাস আছে, কিন্তু ডাইরেক্ট গার্ডেনরিচ থেকে জোকা পর্যন্ত যদি সরকারি বাস থাকে তাহলে খুবই ভাল হবে। এছাড়া মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ যে, সি.টি.সি.-র পক্ষ থেকে কলকাতা-বেড়াচাঁপা পর্যন্ত কোনো বাস চালু করা যায় কিনা সেটা দেখবেন। বসিরহাট-হাসনাবাদ-ন্যাজোট বাস আছে, কিন্তু রাতে অনেকে ব্যবসা বা অন্যান্য কারণে যাতায়াত করেন। সেজন্য যাতায়াতের পথকে আরও প্রশস্ত করার জন্য আমি তাঁর কাছে অনুরোধ করছি যে, বেড়াচাঁপা-কলকাতা বাসটা যেন রাত ৯টায় শেষ বাস ছাড়ে এবং কলকাতা-বেড়াচাঁপা বাসটাও যেন রাত ৯টায় শেষ বাস ছাড়ে—তাহলে মানুষের সুবিধা হবে। এছাড়া শহরাঞ্চলে গাড়ির সংখ্যা প্রচুর বেড়ে গেছে। আমার মনে হয়, জনসংখ্যার নিরিখে বোধহয় চার ভাগের এক ভাগ গাড়ি আছে। আমি বাসের কথা শুধু বলছি না, এখন প্রাইভেট গাড়ি প্রচুর। কিন্তু এই গাড়িগুলো পার্কিং হচ্ছে কোথায় ? এই গাড়িগুলো রাস্তায় পার্কিং হচ্ছে। তাদের কোনো গ্যারেজ নেই। নতুন নতুন রুটে প্রাইভেট বাস পারমিট পাচ্ছে—তাদেরও কোনো গ্যারেজ নেই। সব রাস্তায় গ্যারেজ হয়ে যাচ্ছে। কলকাতার মতো যেখানে ৬ ভাগ রাস্তা, সেখানে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন যত্রতত্র কার-পার্কিং করতে দিচ্ছেন। এটা গুরুত্ব সহকারে ওঁনার দেখা উচিত। গাড়ি পার্কিং বা লাইসেন্স ইস্যু করার আগে গাড়ি রাখার গ্যারেজ আছে কিনা তার জন্য একটা আইন তৈরি করা উচিত। রাস্তা সব দখল হয়ে যাচ্ছে, স্বাভাবিক ভাবে অ্যাকসিডেন্ট হবে। মানুষের চলাচলের অসুবিধা হচ্ছে, তার জন্য হকার উচ্ছেদ হবে, অথচ প্রাইভেট গাড়িগুলো সেই জায়গা দখল করবে—এই জিনিস চলতে পারে না। স্বাভাবিক ভাবে এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া আরেকটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা বলছি—যশোর রোড—দমদম এয়ারপোর্ট ১ নম্বর থেকে একেবারে হাওড়া পর্যন্ত রাস্তা চওড়া করা দরকার। এই রাস্তাটা জরাজীর্ণ অবস্থায় রয়েছে। ১ নম্বর এয়ারপোর্ট থেকে মধ্যমগ্রাম পর্যন্ত রাস্তা সবসময় কন্‌জেস্‌টেড্ হয়ে থাকে, কোনো ট্রাফিক কন্ট্রোল নেই। সেই দিকে একটু দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ জানিয়ে তার এই দাবি সনদকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকের পরিবহণ দপ্তরের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর যে ব্যয়বরাদ্দর দাবি এই সভায় উত্থাপিত হয়েছে এবং তাঁর যে বিষয়গুলি সেই সম্পর্কে আমার কিছু কথা এখানে উল্লেখ রাখছি এটাকে সমর্থন করে। আমরা জানি যে পরিবহন দপ্তর একটা বিশাল দপ্তর এবং গোটা রাজ্যে প্রতিদিন লক্ষ লক্ষ যাত্রী গ্রাম'থেকে শহরে, শহর থেকে গ্রামে নিত্য যাতায়াত করেন, নিরাপদে তাদের পৌঁছনো একটা বিশাল দায়িত্বের প্রশ্ন এবং দূর পাল্লায় যাঁরা যাত্রা করেন তাঁদেরও যাতায়াত এটাও নিরাপদের বিষয় এটা একটা সাংঘাতিক প্রয়োজন। এইরকম লক্ষ লক্ষ যাত্রী সাধারণ তাদের যাত্রা শুভ হোক এটাই আমাদের কাম্য। সেইভাবেই এই পরিবহনের বিষয়টা আমাদের রাজ্যের পক্ষ থেকে দেখা হয়ে থাকে। একথা অনস্বীকার্য যে অতীতে আমাদের রাজ্যের রাস্তার দূরত্ব যেটা ছিল, প্রতিবছর রাস্তা বাড়ছে, নিত্য নতুন রাস্তা হচ্ছে। কোথাও জেলাপরিষদ, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের অভ্যন্তরে রাস্তা হচ্ছে এবং সেই রাস্তা বাড়াবার সঙ্গে সঙ্গে তার পরিবহনের বিষয়টা সামনে এসে যাচ্ছে এবং নতুন করে ভাবতে হচ্ছে। হয়তো কোথাও গাড়ি চালানো সম্ভব হচ্ছে না। ছোটো গাড়ি দিয়ে, অটো রিকশা, ভ্যান দিয়ে এইরকম যাতায়াতের ব্যবস্থা করা হচ্ছে। এতে আরো কিছুর সমস্যা তৈরি হচ্ছে, নিত্য নতুন সমস্যা তৈরি হচ্ছে যাত্রীসাধারণের। এতো বেশি যাত্রী বহন এতো ছোটো গাড়িতে হচ্ছে না। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়, তার বক্তব্যে রেখেছেন যে, আরো কিছু গাড়ি প্রতিবছর বাড়াবার জন্য, প্রস্তাবও রেখেছেন। নিশ্চয়ই, নিঃসন্দেহে সেগুলি আগামী দিনে তার সুফলটা পাব। আমরা জানি যে বিষয়গুলি গুরুত্ব দেওয়া হয়েছে, যে এলাকার রেল যোগাযোগ নেই, সেখানে বাসের সংখ্যা বাড়ানো হয়েছে, রুটগুলিতে কোথাও হয়তো সি.এস.টি.সি., সি.টি.সি. দূরপাল্লা যুক্ত এবং শহর বা শহরগুলি এলাকায় হয়েছে। বিষয়টা এতো বড়ো এবং সারা রাজ্যের এই পরিবহন এতো ঝুঁকি, এতো দায়িত্বপূর্ণ, সেইজন্য এতো সংক্ষেপে বলা সম্ভব নয়। আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটা বিষয় নজরে আনছি যে, এখানে পশ্চিমবাংলায় ভূতল পরিবহন নিগম লিমিটেডের, এটা আমাদের কিছু ফেরি সার্ভিস চালিয়ে থাকে তাছাড়া বাসও চালাচ্ছে। এটাও আমরা জানি যে কিভাবে পরিষেবা তারা দিচ্ছেন কোথাও লঞ্চ, কোথাও বড়ো বড়ো ভেসেল দিয়ে যাতে বেশি লোক যাতায়াত করতে পারে যেগুলি দিয়ে যাতায়াত করা হচ্ছে জনবহুল এলাকাতে। নদীবহুল এলাকাতে এটা বোধহয় প্রয়োজনের তুলনায় নগণ্য। কলকাতায় এতো বেশি ফেরি সার্ভিস এটা নিয়ন্ত্রণ করার জন্য কর্তৃপক্ষের নজরে রাখছি। কিন্তু আপনি জানেন, মাঝে মাঝে দৌড়ে যান নদীবহুল এলাকায়, বিশেষ করে সুন্দরবনের নদী এলাকায় কিভাবে যাতায়াত করে মানুষ। আপনি কয়েকবার গিয়েছেন নৌকাডুবিতে মানুষ যখন মারা গেছে, তখন আপনি দৌড়ে গিয়েছেন তাদের উদ্ধার কার্যের জন্য এবং ব্যবস্থাও গ্রহণ করেছেন।

[2.40—2.50 p.m.]

কিন্তু এখন পর্যন্ত স্থায়ী ব্যবস্থা হয়নি, নতুন লাইন তৈরি হয়নি। আমাদের সুন্দর বনাঞ্চলে এখন দুটো নতুন পরিবহন যান গজিয়ে উঠেছে, একটা হচ্ছে ভট্‌ভটি আর একটা ফট্‌ফটি।

ভট্‌ভটি হচ্ছে যন্ত্রচালিত নৌকা। আর তিন চাকার রিকশাকে যন্ত্রের সাহায্যে চালনা করা হচ্ছে এবং সেগুলিকে বলা হচ্ছে ফট্‌ফটি। এতে মাল পরিবহন যেমন হচ্ছে তেমন যাত্রী পরিবহনও হচ্ছে। এই দুটি যানই কোনো আইন মেনে চলছে না। যন্ত্রচালিত নৌকা নির্দিষ্ট ক্যাপাসিটির মধ্যে পণ্য এবং যাত্রী পরিবহন করছে কিনা তা লক্ষ করার কেউ থাকছে না। তাদের নিয়ম মেনে চলার কোনো নির্দেশ দেওয়া হয় না। কতজন থেকে কতজন পর্যন্ত তারা যাত্রী পরিবহন করতে পারে তা তাদের জানাবার এবং হিসাব রাখার কোনো ব্যবস্থা নেই। সবচেয়ে বড়ো কথা এ বিষয়ে কোনো নির্দিষ্ট নীতিই নেই। এই যানের না আছে ব্যাকগিয়ার, না আছে কোনো লাইট। অন্ধকারের মধ্যে রাত্রিবেলা বিভিন্ন মালপত্র, মাছ-সবজি, যাত্রী নিয়ে যাতায়াত করে, যেখানে সেখানে ধাক্কা খায়, দুর্ঘটনায় পড়ে। কোথাও কোথাও এই নৌ-যানকে চোর ডাকাতরা আক্রমণ করে। এমনকি যাতায়াতের পথে বিপদে পড়লে যে এক জায়গায় বাঁধবে তারও কোনো সুযোগ নেই। এরা পিছনে চলতে পারে না। এর সঙ্গে সঙ্গে স্থলপথে নতুন একটা যান, ফট্‌ফটি গজিয়ে উঠেছে। গ্রামাঞ্চলের তিন চাকার রিকশা ভ্যানে এক প্রকার যন্ত্র লাগিয়ে দ্রুত যাতায়াতের ব্যবস্থা করা হয়েছে। খুব কম খরচে, মাত্র ৮/৯ হাজার টাকা খরচ করেই একজন মানুষ এই ফট্‌ফটি যান প্রস্তুত করিয়ে নিয়ে পরিবহন কাজে নিযুক্ত হচ্ছে। অল্প ভাড়া নিয়ে, বাসের মতই বা তার চেয়ে একটু বেশি ভাড়া নিয়ে যাত্রী পরিবহন করছে। মানুষ এতে কিছুটা দ্রুত যাতায়াত করতে পারছে। আজকে মানুষের কাছে সময়ের মূল্য এত বেশি হয়ে গেছে যে, কেউ আর অপেক্ষা করতে রাজি নয় কখন বাস আসবে। অথচ এই যানের কোনো নিরাপত্তা নেই। এই ফট্‌ফটিগুলো যে কোনো সময়ে অ্যাকসিডেন্ট ঘটাচ্ছে, উলটে যাচ্ছে। আগে রিকশা-পুলারকে কায়িক শ্রমের দ্বারা রিকশা চালাতে হত এবং তার গতিও অনেক মন্থর ছিল। এখন সেই ভ্যান রিকশার একটা যন্ত্র লাগিয়ে নেওয়ার ফলে বিশেষ কায়িক শ্রমের প্রয়োজন হচ্ছে না এবং অনেক দ্রুত গতিতে মাল এবং যাত্রী পরিবহন করা সম্ভব হচ্ছে। কিন্তু উদ্বেগের বিষয় হচ্ছে এই দুটো যানই এত দুর্ঘটনা ঘটাচ্ছে যে, হাজার হাজার মানুষ মারা যাচ্ছে প্রতি বছর। এই দুটো যানকে একটু নিয়ন্ত্রণ করার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। মাননীয় মন্ত্রীর কাছে আমার বক্তব্য অবিলম্বে এ বিষয়ে একটা নতুন আইন করুন। ইতিপূর্বে এ বিষয়ে অনেক আলোচনা হয়েছে, সমালোচনা হয়েছে ; অনেক লেখালিখি হয়েছে। কিন্তু পরবর্তীকালে কার্যত সেসব কোনো জায়গায় পৌঁছায়নি। রাজ্যে পরিবহন ক্ষেত্রে যে প্রসারতা, সুবিধা এসেছে সেই পরিপ্রেক্ষিতে এই দুটি ক্ষেত্রকে কি ভাবে নিয়ন্ত্রণ করা যায় তা আমি মাননীয় মন্ত্রীকে একটু ভেবে দেখতে অনুরোধ করছি। আমি আশা করব এই দুটি যানকে নিয়ন্ত্রণ করার জন্য নতুন আইন কিভাবে কি করা যায় তার প্রতি মাননীয় মন্ত্রী আলোকপাত করবেন। এই আশা রেখে, এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী কিরীটী বাগদি : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে ৫৩ নং দাবির অধীন যে পরিবহন খাতের ব্যয়-বরাদ্দ মাননীয় মন্ত্রীদ্বয় রেখেছেন তাকে আমি সমর্থন করছি। সঙ্গে সঙ্গে বিরোধীদের কাট্ মোশানগুলির বিরোধিতা করছি। স্যার, আজকে পরিবহন একটা খুবই গুরুত্বপূর্ণ জিনিস। গুরুত্বপূর্ণ এই কারণে, আজকে মানুষ খুবই দ্রুত যাতায়াত করতে

চায় সময় নষ্ট না করে। আজকে মানুষের কাছে সময়ের মূল্য অনেক বেড়ে গেছে। এই পরিস্থিতিতে আমাদের মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় চেষ্টা করছেন পরিবহন ব্যবস্থাকে বা পরিবহন পরিষেবাকে আরো ভালভাবে মানুষের কাছে পৌঁছে দিতে। তার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করছেন এবং সে জন্য আমি তাঁকে সাধুবাদ জানাই। স্যার, এই প্রসঙ্গে আমি মন্ত্রীদ্বয়ের একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের বাঁকুড়া জেলা দিয়ে বেশ কিছু এস.বি.এস.টি.সি.-র বাস চলে। মূলত সেগুলি দুর্গাপুর-কলকাতা-মেদিনীপুরের মধ্যেই যাতায়াত করে। কিন্তু আমাদের বাঁকুড়া জেলার মুকুটমণিপুর এবং খাতড়া আজকে খুবই গুরুত্বপূর্ণ জায়গা। আমার বিধানসভা এলাকার মধ্য দিয়ে বেশ কিছু ডি.এস.টি.সি. বা এস.বি.এস.টি.সি.-র বাস যাতায়াত করত। জানি না, হঠাৎ কি করে সেগুলি বন্ধ হয়ে গেল ? এখন একটি মাত্র বাস চলে, যার জন্য ওখানকার সাধারণ মানুষকে বেসরকারি বাসের উপর নির্ভর করে চলতে হয়। যদি কোনো কারণে বেসরকারি বাস বন্ধ হয়ে যায় তাহলে ওই এলাকার মানুষ—যাদের বিভিন্ন কাজ থাকে বাঁকুড়ায়—তাহলে সেই কাজ থেকে তাদের বঞ্চিত হতে হয়। সেইজন্য আমি আশা করব, যেহেতু ওই এলাকা একটা গুরুত্বপূর্ণ এলাকা সেইজন্য ওই এলাকায় রাষ্ট্রীয় পরিবহনের বাস যদি দেন তাহলে এলাকার মানুষের উপকার হয়। আমি মাননীয় মন্ত্রীর নিকট এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই, একটি বাস রাত্রি ৮টার সময়ে খাতরা থেকে ছাড়ে যেটা কলকাতায় যায়। আমি বারবার এই বিধানসভায় আবেদন করেছি, ওই বাসটি ইন্দপুরে এক মিনিট স্টপেজ দেবার জন্য। কিন্তু আজ পর্যন্ত তার ফল পাইনি। কারণ ওই এলাকার মানুষের সন্ধ্যা ৬টার পর আর কোনো বাস নেই। যাদের রাত্রিবেলা কলকাতায় আসতে হয় তাদেরকে সন্ধ্যা ৬টার সময়ে এসে বাঁকুড়া স্টেশনে রাত্রি ১১টা পর্যন্ত অপেক্ষা করতে হয় ট্রেন ধরার জন্য। সেইজন্য আবেদন করছি, ইন্দপুরে ১ মিনিট যদি স্টপেজ দেওয়া হয় এলাকার মানুষের স্বার্থে তাহলে ভাল হয়। কারণ হাওড়া স্টেশনে আসার জন্য বিকাল ৪টার সময়ে বাড়ি থেকে বেরুতে হবে এবং স্টেশনে এসে বসে থাকতে হবে। এর থেকে মুক্তি যাতে পায় তার জন্য আগামী দিনে ওখানে সরকারি পরিবহনের সুযোগ যাতে মানুষ পায় তার জন্য আবেদন জানিয়ে এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৫৩ নম্বর দাবির যে মুখ্যখাত তার অধীনে অনেকগুলি বিষয়ের উপর ৫ জন মাননীয় সদস্য আলোচনা করেছেন। আমি তাঁদের সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক সাধুবাদ, ধন্যবাদ এবং অভিনন্দন জানাই। তাঁরা নিজ নিজ দৃষ্টিকোণে আর্থ-সামাজিক বিভিন্ন বিষয় বিবেচনায় নিয়ে জনসাধারণ এবং পরিবহন সংক্রান্ত সমস্যাগুলিকে তাঁদের নিজ নিজ দৃষ্টিভঙ্গি অনুসারে উপস্থিত করেছেন। স্বাভাবিকভাবেই মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্র মহাশয় তিনি বিরোধিতা করেছেন বিরোধী দলে আছেন বলেই, বিরোধী দলে না থাকলে একজন সাধারণ নাগরিক হলে এই বিরোধিতা করতেন না। আমি একটু দুঃখিত, অবশ্য অন্য কারণে নয়, উনি আমাকে দাম্ভিক বলেছেন। আমার তাতে অপরাধ কিছু নেই। যদি সত্যি দাম্ভিক হতে পারতাম—কারণ হচ্ছে, দম্ভ করার মতো কোনো কাজ আমি করিনি। সেইজন্য দম্ভ কখনও প্রদর্শন করি না, আমি কাউকে

উপেক্ষা করি না। আপনারা যারা প্রস্তাব করেন বা উপস্থিত করেন, আমি হয়তো সব সময়ে সব প্রস্তাব সদর্থক হলেও গ্রহণ করতে পারি না আর গ্রহণ করতে না পারার অক্ষমতাকে—আমি অনুরোধ করব—সেটাকে দম্ভ বলে মনে করবেন না। উনি আমার সম্পর্কে এবং মুখ্যমন্ত্রীর সম্পর্কে মন্তব্য করেছেন। আমার সম্পর্কে একাধিকবার এবং মুখ্যমন্ত্রীর সম্পর্কে একবার। আমি বলছি, ওদের অভিমান আছে, জ্বালা আছে, সমস্যা আছে। দীর্ঘ ২৬ বছর ধরে বামপন্থীরা সরকারে আছে। স্বাভাবিকভাবেই খেদ, ক্ষোভ এবং অভিমান থাকবেই। এত লড়াই সংগ্রাম করা সত্ত্বেও—এটা স্বাভাবিক—ওরা ধারে-পাশেও আসতে পারছেন না।

[2.50—3.00 p.m.]

আমি একটু স্মরণে রাখতে বলি এ কথাটা যে সব ক্ষেত্রে সব জিনিস হয় না। আমার হাতের তালুতে কোনোদিন চুল গজাবে না। তাই কংগ্রেসও পশ্চিমবাংলায় আসবে না। সেজন্য অভিমান, ক্ষোভ করে লাভ নেই। এবারে আমি ওর কয়েকটি নির্দিষ্ট প্রশ্নের জবাব আগে উল্লেখ করে রাখি। উনি জানতে চাইলেন—ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রতি আমি সম্পূর্ণ শ্রদ্ধা এবং আমাদের রাজ্যের নাগরিক হিসাবে কৃতজ্ঞতা রেখেই বলব। তিনি অত্যন্ত সুঠাম রাজনৈতিক ব্যক্তিত্ব। দৃষ্টিভঙ্গির দিক থেকে উদার এবং প্রসারিত মনের। অত্যন্ত সংকটপূর্ণ সময়ে পশ্চিমবাংলাকে তিনি নেতৃত্ব দিয়েছেন রাজনৈতিক ও প্রশাসনিক সংগ্রামে। আমি তার সাফল্য, ব্যর্থতার মূল্যায়নের মধ্যে যাচ্ছি না। সেই সময়কালটা ছিল দেশ স্বাধীন হওয়ার সময়কাল। উনি কলকাতার পরিবহন ব্যবস্থার সৃষ্টিকর্তা এটা ঠিক। উনি পরবর্তী ক্ষেত্রে উত্তরবঙ্গ পরিবহন কর্পোরেশনকে অধিগ্রহণ করছেন এটাও ঠিক। কিন্তু সেটা ছিল একটা সর্বভারতীয় জাতীয় স্তরে পণ্ডিত নেহরু—রুশ সমাজের যে প্রভাব, সোভিয়েত সমাজের প্রভাবে প্রভাবিত যে অর্থনীতি তাকে অনুসরণ করে যা ভারত সরকার করেছিল এটা তারই প্রতিক্রিয়ার প্রতিফলন। এটাকে আমি নিন্দা করি না। এটা আমরা দাবি করেছিলাম। সুতরাং সরকারি রাষ্ট্রায়ত্ত ব্যবস্থাগুলি গড়ে তোলার পক্ষে সেই সময় সরকারের সঙ্গে, প্রশাসনে যে রাজনৈতিক ব্যক্তিত্বরা যুক্ত ছিলেন তাদের এটা না করে অন্য কিছু করার সুযোগ ছিল না। সুতরাং ডাঃ বিধানচন্দ্র রায়ও এটা করেছেন। তিনি প্রশাসনিক দক্ষতার পরিচয় কতটা দিয়েছেন, না দিয়েছেন আমি তার মূল্যায়নের মধ্যে যাব না। তিনি কলকাতা পরিবহন সংস্থা তৈরি করেছেন। তিনি শুরু করেছিলেন তখন ৮টি বাস নিয়ে। ৮টি বাস দীর্ঘদিন ধরেই চলছিল, এখন এখানে সি.এস.টি.সি.'র বাস চলে ১১৫৫ এবং দৈনিক কম-বেশি—কিছু বসে থাকে কিছু সমস্যার ফলে—৮৫০-এর মতোন। এই বাস নিয়মিত যাত্রী নিয়ে বেরোয়। যাত্রী পরিবহন করে প্রায় ৭ লক্ষ ৫০ হাজার। এন.বি.এস.টি.সি. '৬০ সালে যা অধিগ্রহণ করেন তিনি, তখন ওখানে বাস ছিল ১১৪টি, এখন বাস চলে ৮৫০টি। স্বাভাবিকভাবে পরিস্থিতি এবং সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে অনেকগুলি পরিবর্তন হয়েছে। আমরা বাস বৃদ্ধি করেছি। সময়ের পরিবর্তনে স্বাভাবিকভাবে তার ছাপ, তার প্রতিফলন, তার প্রতিক্রিয়া, তার রূপ সব আসবে। আমি ডাঃ রায়ের নাম উল্লেখকে সঠিক বলেই মনে করছি, বেঠিক নয়। ডাঃ বিধানচন্দ্র রায় কাজটা শুরু করেছিলেন। এ ক্ষেত্রে আমরা যে কাজটা করছি তা সবই

ভুল, সবই ব্যর্থ আপনার কথা থেকে তা কিন্তু প্রমাণিত হয় না। আমি আপনার অন্য যুক্তিগুলির মধ্যে যাচ্ছি না। নির্দিষ্টভাবে কত বাস কেনা হয়েছে। যেভাবে হয়েছে সেইভাবে বিধানসভায় বলেছি। সেখানে নানান প্রশাসনিক জটিলতার জন্য সব বাস সব সময় আমরা সংগ্রহ করতে পারিনি। কোথাও ব্যাঙ্কের জন্য সমস্যা হয়েছে, কোথাও অর্থ দপ্তরে আমাদের ফাইল আটকে আছে, কোথাও টেকনিক্যাল রিপোর্ট ঠিক ঠিক আমরা তৈরি করতে পারিনি, বাস কিনব যাদের কাছ থেকে তাদের সঙ্গে দাম-দস্তুরের ব্যাপারে যে রফার দরকার হয় এইসব ব্যাপারে কোথাও হয়তো কালক্ষেপ ঘটেছে। সব কিছু সত্ত্বেও আমরা যা ঘোষণা করেছিলাম দু-বছর আগে সেইমতো আমরা অনেকগুলি কথা শুধু রক্ষা করেছি তাই নয় আমরা বাস পরিষেবাটা চালিয়ে যাচ্ছি। এ বিষয়ে আমি দু-একটি ছোটো ছোটো কথা বলব। এই সময়কালের মধ্যে, দু-বছরের মধ্যে সি.এস.টি.সি. নতুন বাস নিয়েছে ১৮০টি। এন.বি.এস.টি.সি. মাত্র ২৬টি। এস.বি.এস.টি.সি. ৫৬টি। সি.টি.সি. মাত্র ৪টি। আরো বলতে গেলে প্রশাসনিক ভাষায় ফাইভ লাইনে আছে সব জায়গায়—সর্বনিম্ন ৫০, সর্বোচ্চ ২০০/২৫০, যেগুলি কেনার নানান প্রক্রিয়া, পদ্ধতির মধ্যে রয়েছে ঠিকই সবটা এসে গেলে একটা চেহারার পরিবর্তন হবে। বহু বাস আমরা সংস্কার করে বার করছি। সেটা আমদের কর্মীদের দক্ষতার বড়ো সোপান। আবার এটাও স্বাভাবিক ঘটনা যে বহু বাস পড়ে আছে। কতগুলো পড়ে আছে তার সুনির্দিষ্ট সংখ্যা না বলতে পারলেও খুব কম করে হলে ৫০০/৬০০টি হবে। বেশির ভাগ বাস কনডেম হয়ে পড়ে রয়েছে। স্পেয়ার পার্টসের অভাবে বাস পড়ে রয়েছে এই রকম বাসের সংখ্যা কম। আমাদের কর্পোরেশনের যে বাসগুলো চলে সেইগুলো দূষণমুক্ত অবস্থায় থাকে এই বিষয়ে কোনো সন্দেহ নেই। সরকারি ৫টি কর্পোরেশনের বাস ৮ বছর পরে বাতিল করে দেওয়া হয়। ৮ বছরের পুরনো বাস আমাদের নেই। কিছু বাস দেখবেন অবয়বে কোনো চাকচিক্য নেই ঝকঝকে তকতকে নয়, বাইরেটা একেবারে ভেঙে গিয়েছে, ধুলোবালি পড়ে আছে, মনে হয় বহু পুরনো, ভেতরের রূপটা কি বাইরে থেকে বলতে পারব না কিন্তু আমারও খুব দৃষ্টিকটু লাগে। কিন্তু আমি দেখেছি তার সময়সীমা অতিক্রম করেনি, ৮ বছরের মধ্যেই সেটা চলছে। ডিসপোজ অফ করার সরকারি কিছু পদ্ধতি আছে, ডিসপোজ অফ করার কমিটি আছে, সেখানে টেকনিক্যাল কমিটির রিপোর্ট দেওয়ার পরই ডিসপোজ অফ করা হয় এবং সেটা অকশানের জন্য যায়। অকশান করার কতকগুলি পদ্ধতি আছে। এই যে সি.এস.টি.সি., এন.বি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি. কর্পোরেশন আছে এখানে কম-বেশি সব জায়গায় এই কাজ চলছে। হয়তো অল্পদিনের মধ্যে আমরা অনেকগুলো বাস অকশান করে দিতে পারব। নতুন বাস কেনার ব্যাপারে আমাদের কাজ শুরু হয়ে গিয়েছে। আরো অন্যান্য কিছু বিষয় এখানে উল্লেখ করা হয়েছে। ড্রাইভারের ব্যাপারে বলেছেন—এই ব্যাপারে আপনার সঙ্গে আমি অনেকটা একমত। তবে আমরা কিছু করিনি এই কথা বলতে পারবেন না। সি.এস.টি.সি.-র উদ্যোগে প্রাইভেট বাস ড্রাইভারদের ট্রেনিং এবং ফিটনেস সার্টিফিকেট দেওয়ার জন্য স্কীম আছে। আমরা প্রায় ৭০০০ প্রাইভেট বাস ড্রাইভারদেরকে ট্রেনিং দিয়ে সার্টিফিকেট দিয়েছি। তাদের পরীক্ষা করেছি, তাদের স্বাস্থ্য পরীক্ষা করেছি এবং চশমা এটা সেটা যা যা দরকার সেইগুলো আমরা করেছি। কিন্তু

দুর্ভাগ্যের বিষয় হল, এটা বাস্তব যে এই যে ড্রাইভাররা যারা আমাদের ডাকে আসবে, প্রাইভেট বাসের সিনডিকেটগুলো, মালিক, ইউনিয়ান সকলে জড়ো হয়ে তাদের আনার চেষ্টা করেও আনতে পারেনি। আমরা সল্টলেকে হাজার হাজার লোকের ব্যবস্থা করেছি, আই.এম.এ.-এর ডাক্তার এনেছি, প্রায় ২০০ ডাক্তার তাদের যন্ত্রপাতি নিয়ে হাজির হয়েছে, কিন্তু রেসপন্স বেনিফিসিয়ারীদের কাছ থেকে পাওয়া যায়নি। এটা ঠিকই বলেছেন, তারা আবার অল্প বয়সের কিছু হেলপার দিয়ে গাড়ি চালায়। তারা লেখাপড়া জানে না। এটা কি ভাবে এনফোর্স করা হবে সেটা ঠিক বুঝে উঠতে পারছি না। এটা করা খুব ডিফিকাল্ট। আপনার কথাটা আমি অ্যাডমিট করতে পারি, এই যে অ্যাকসিডেন্ট হচ্ছে, অ্যাকসিডেন্টের নানা রকম কারণের মধ্যে এটাও একটা কারণ হতে পারে। তবে অ্যাকসিডেন্টের সমস্ত রকম কারণ তো আগে থেকে জানা যায় না। তা যদি জানা যেত তাহলে তো অ্যাকসিডেন্ট হত না। তবে প্রিকসনারি মেজার নেওয়ার দরকার আছে কলকাতার ঘনবসতি পূর্ণ জায়গায়। এই কথা ঠিক যে রাজ্যে দ্রুত গাড়ির সংখ্যা বাড়ছে। শুধু আমাদের রাজ্যে নয়, ভারতবর্ষে এবং সারা পৃথিবীতে গাড়ির সংখ্যা দ্রুত বাড়ছে। এটা তো অটোমোবাইলের যুগ। কিন্তু গাড়ি যে ভাবে বাড়ছে তাকে নিয়ন্ত্রণের মধ্যে রাখার জন্য কোনো আইন নেই। গাড়ির লাইসেন্স চাইলে আমরা দিতে বাধ্য, গাড়ির পারমিট চাইলে আমরা দিতে বাধ্য। সব কিছুই পরিবর্তনের তাগিদে উপস্থিত হয়েছে। বিশেষ করে পরিবেশ সংক্রান্ত বিষয়ে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্ট সচেতন হয়ে উঠেছে। মাননীয় সদস্য রঞ্জিত কুণ্ডু মহাশয় স্বাভাবিক ভাবেই প্রশ্ন তুলেছেন গভীরভাবে চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে, অধিকারে আমাদের নির্ধারণ করতে হবে। যে ভাবে নির্দেশিকা আসছে, যে ভাবে পরামর্শ আসছে গাড়ির মান উন্নয়নের ব্যাপারে—পরিবেশ দূষণ মুক্ত হবে, পরিবেশের উন্নতি হবে এই বিষয়ে কোনো সন্দেহ নেই—তাতে স্বাভাবিক ভাবে এখন যে ব্যক্তি ১০ লক্ষ টাকার গাড়ি দিয়ে ব্যবসা করছে তাকে সেই গাড়ি ২০ লক্ষ টাকা দিয়ে কিনে ব্যবসা করতে হবে। স্বাভাবিক ভাবে ২০ লক্ষ টাকা দিয়ে গাড়ি কিনলে বাসের ভাড়া বাড়বে।

[3.00—3.10 p.m.]

চাক না চাক, আমরা যদি সেইভাবে সমতা রক্ষা করতে না পারি তাহলে লোকে এই ব্যবসায় আসবে না। আর রাজ্য সরকার আমরা কতটা পারব ? ইতিমধ্যেই আমাদের ৫টি কর্পোরেশন মিলিয়ে ২২০ কোটি টাকা সাবসিডি বলতে যা বোঝায়, আমরা ভরতুকি দিয়েছি। এই বছর থেকে আমাদের যা সিদ্ধান্ত হয়েছে, এবারে শতকরা ৮০ ভাগ সাবসিডি আমরা দেব। সাবসিডি আমাদের আগে যা ছিল তা ধীরে ধীরে ২০ ভাগ করে কমিয়ে দেব। আমরা ধীরে ধীরে এটা কমিয়ে দেব। এর ফলে একটা সংকট আসবে, এর সঙ্গে যদি আবার নতুন মাত্রা যোগ হয়, ইতিমধ্যেই সি.এস.টি.সি.-র ক্ষেত্রে 'ইউরো-২' যেটা চেয়েছে, সুপ্রিম কোর্ট, হাইকোর্ট, পরিবেশ বিষয়ক নানা প্রতিষ্ঠান যা চেয়েছে। এটা আমরা করেছি। সেইসব গাড়ির মূল্য অনেক বেশি। স্বাভাবিকভাবে, যাত্রী সাধারণের পরিষেবার পরিবেশ তৈরির প্রশ্নে, গাড়ির অন্য পরিকাঠামো, বহন ক্ষমতা, সবটা যদি দিতে হয়, গাড়ির মান যদি উন্নত হয়,

পরিষেবা যদি উন্নত হয়, তাহলে বলতে হয়, গুড় যত মিঠে হবে তত ভাল, সেটা না হলে উন্নত হবে না। সেইভাবে ব্যক্তিগত ভাবে আমার কিছু প্রশ্ন আছে। আমরা যদি সব ঠিকমতো চাই, তাহলে বাসের ভাড়া বাড়বে। উনি অভিযোগ করেছেন, কিছু হলে আপনি বাসের মালিকদের ডাকেন। তা কাকে ডাকব ? রাস্তার লোকদের ডেকে মিটিং করলে তো কিছু হবে না। আমরা একটা কমিটি করেছি। আইনের পরামর্শ যে ভাবে হয়েছে, আমি বলে দিই, প্রিন্সিপ্যাল সেক্রেটারিকে নিয়ে আমরা একটা কমিটি করেছি। তিনি কয়েকদিন কলকাতার বাইরে আছেন। ফিরে এসে তিনি কাজ করবেন। এই হচ্ছে কমিটি সংক্রান্ত বিষয়। শুধু বাসের মালিক নয়, আমি বলেছি সর্বস্তরের লোকের সঙ্গে কথা বলতে। স্পেয়ার স্পার্টসের মালিকদের সঙ্গে কথা বলতে বলেছি। শুধু পথচারী নয়, যাত্রী নয়, সব সংগঠন, সমিতি, এমনকি রাজনৈতিক দলগুলিকে, আমি অনুরোধ করব কমিশনকে তাদের বক্তব্য শুনুন। তারপর একটা বিষয়গত, নীতিগত যে সিদ্ধান্ত তাঁরা করবেন, তার ওপরে দাঁড়িয়ে যে পরামর্শ দেবেন, আমরা সেইভাবে ভাড়া নির্ধারণ করব। এখন তো ডিজেলের দামটা মার্কেটের ওপরে ছেড়ে দেওয়া হয়েছে। এটা এখন নিয়ন্ত্রিত নয়। ভারত সরকার যদি সেইভাবে ভাবতেন তাহলে আমরা ব্যবস্থা করতে পারতাম। আজকে ডিজেলের দাম ছ'পয়সা বাড়ছে তো কালকে তিন পয়সা কমছে। আজকে একটাকা বাড়ে তো কালকে দেড়টাকা কমে। এই রকম সব ঘটনার মধ্যে দাঁড়িয়ে নীতি নির্ধারণের প্রশ্নে নির্দিষ্ট ভাড়া গ্রহণের ক্ষেত্রে আমরা সুচারু সিদ্ধান্ত নেব। আর পরিকাঠামো বলতে যা বোঝায়, পরিবহনের ক্ষেত্রে আমি শুধু বাস ট্রামের যাতায়াতের কথা বলছি না, পথ পরিবহনের ক্ষেত্রে আমি আগেও বলেছি, এখনও বলছি, কলকাতায় এত গাড়ি বৃদ্ধি হওয়া সত্ত্বেও, এত কম পরিসর সত্ত্বেও, আমি খুব জোরের সঙ্গে বলছি, চেন্নাই, মুম্বাই, দিল্লি এবং ব্যাঙ্গালোরের থেকে আমাদের প্রতি ঘণ্টায় গাড়ির যে গতি, আমাদের অনেক বেশি। আমরা এশিয়ায় দ্বিতীয়। আমরা কোরিয়ার রাজধানী সিওলের পরেই। এটা এ.ডি.বি.আই.'এর রিপোর্ট। সিওলে ঘণ্টায় চলে ২৬ কি.মি., আর আমাদের কলকাতায় চলে ২৫ কি.মি.। চেন্নাইতে ঘণ্টায় চলে ১৩ কি.মি., মুম্বাইতে ঘণ্টায় ১২ কি.মি., দিল্লিতে চলে ২০ কি.মি.। এখন যদি বলেন এইসব রিপোর্ট আমরা তৈরি করেছি, তাহলে সেটা আলাদা কথা। আমাদের অসুবিধা আছে, খুব অসুবিধা আছে। তবে আমরা এর কৃতিত্ব দাবি করছি না। এই কৃতিত্ব বামফ্রন্টের নয়। এখানে রোড লে আউট যেটা আছে, যে অপূর্ব পথ বিন্যাস, এটা পৃথিবীর খুব কম জায়গাতেই আছে। সমস্ত রাস্তাই উত্তর-দক্ষিণ, পূর্ব-পশ্চিমে। তার ফলে আমাদের ক্রসিং চারের বেশি নয়। আর ফ্লাই ওভার হয়ে যাবার পরে এটা আর থাকছে না। আপনি দিল্লিতে যান, সেখানে ফ্লাই ওভার হয়েছে। মুম্বাইতে ৬৫টি ফ্লাই ওভার হয়েছে। আমি আপনার সঙ্গে যেতে রাজি আছি, সেখানে একটা পয়েন্টের ক্রশিংয়ে ১৩ মিনিট পর্যন্ত দাঁড়াতে হয়। দিল্লিতে ৫, ৭, ১০ পয়েন্ট পর্যন্ত আছে কিন্তু এখানে ৪ পয়েন্টের বেশি পাবেন না। এটাই হচ্ছে রোড মেকানিজম, এতো সুন্দর ব্যবস্থা আর কোথাও নেই। এটাই হচ্ছে লে আউট, তবে এর জন্য ব্রিটিশ স্থাপত্যের কৃতিত্ব। ব্রিটিশ প্ল্যানাররা এসব করে গেছেন এবং তার সঙ্গে সঙ্গতি রেখে আমাদের ইঞ্জিনিয়াররা এবং কে.এম.ডি.এ. সেগুলোকে মেনটেন করার চেষ্টা করে চলেছে। এই যে সাফল্য, এই সাফল্য

আমরা বামফ্রন্টের পক্ষ থেকে দাবি করছি না, আমরা দাবি করছি এইটুকুই যে, আমরা এটা রক্ষা করতে পেরেছি। এই যে বৃষ্টি হচ্ছে দিল্লিতে, এই ব্যাপারে কালকেও দিল্লির থেকে ফোন এসেছে যে, ওখানে গাড়ি চলছে না। আমাদেরও সেইরকম হয়তো হয় ঠিকই কিন্তু যত তাড়াতাড়ি সম্ভব গাড়ি যাতে সরতে পারে তার ব্যবস্থা আমরা করেছি। দিল্লিতে ১ ঘণ্টা, দেড় ঘণ্টা গাড়িঘোড়া বন্ধ হয়ে পড়ে বৃষ্টি হলেই। এখানে তো সেলিম সাহেব আছেন এবং সত্যসাধনদা আছেন, তাঁরা এম.পি. ছিলেন, তাঁরা তো জানেন কি অবস্থা দিল্লির। এমনকি আপনারাও যখন দিল্লি যান দেখতে পান যে এই জলের জন্য রাস্তা বন্ধ হয়ে যায় এবং জনজীবন স্তব্ধ হয়ে যায়। এখানেও এই জিনিস নিশ্চয় ঘটে, কিন্তু আমাদের ট্রাফিক ইঞ্জিনিয়াররা এবং কে.এম.ডি.-এর প্ল্যানাররা সাধ্যমতো চেষ্টা করছেন যাতে এই জল দাঁড়িয়ে না থাকে। আমাদের এখানে সবচেয়ে কম ফ্লাই ওভার হয়েছে। আপনার চেন্নাইতে ২৩টা, হায়দ্রাবাদে ২৯টা, দিল্লিতে ৫৫টা করেছে আর বোম্বাইতে ৬৫টা ফ্লাইওভার হয়েছে। কিন্তু কলকাতা সেখানে ওদের ধারে-কাছেও যেতে পারেনি। তবে কলকাতার ফ্লাই ওভারের যে বিন্যাস তা তাদের থেকে অনেক উন্নত। তারপরে আমরা ট্রামের পুনর্বিন্যাস করার চেষ্টা করছি। ট্রামের গতি বৃদ্ধি এবং তার সংস্কার তাকে নতুন করে যাতে আরো জাঁকিয়ে তোলা যায় তার চেষ্টা করা হচ্ছে। এবং নতুন করে কিভাবে পরিবহন ব্যবস্থাকে আরো উৎকর্ষ করে তোলা যায় তার চেষ্টা হচ্ছে। অনেকেই সংশয় প্রকাশ করেছেন এই ফ্লাই ওভারের ব্যাপারে এবং আমাকে বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করেছেন। এই প্রসঙ্গে জানাই যে, ফ্লাই ওভারের যে সময়সীমা নির্ধারিত ঠিক সেই সময়ের মধ্যেই শেষ করা হবে। আপনার এ.জে.সি. বোস রোডে যে ৩ কি.মি. লম্বা ফ্লাই ওভার করা হচ্ছে তার সঙ্গে দিল্লির চণ্ডীগড়ের ফ্লাই ওভারের তুলনা করলেও দেখা যাবে যে, ওটা প্রায় পৌনে ৩ কি.মি. লম্বা। আর ব্যাঙ্গালোরে ২ কি.মি. লম্বা ফ্লাই ওভার। ভারতবর্ষের কোনো শহরে এতো বড়ো লম্বা ফ্লাই ওভার এ.জে.সি. বোস রোডে যেটা হচ্ছে তার তুলনায় কোথাও নেই। এই ফ্লাই ওভারটি প্রায় ৩ কি.মি.-এর কাছাকাছি, তার বেশিও কিছুটা হবে। এই ফ্লাই ওভারটি ১৫ তারিখেই হবে এবং গাড়ি চলার কথা। এই ফ্লাই ওভারটি মাননীয় মুখ্যমন্ত্রীকে দিয়ে উদ্বোধন করাতে চাই। সেই ব্যাপারে আপনাদের কাছে অনুরোধ জানাচ্ছি সেক্ষেত্রে তাঁর সময় হলে পরে—সেখানে ১৫ই আগস্টও হতে পারে বা ১৬ই আগস্ট। যেদিন তাঁর সময় হবে এই দুদিনের মধ্যে সেদিনই চালু করতে পারব। এই সময়টা মাননীয় মুখ্যমন্ত্রী দেবেন এবং সেখানে ১৫ই আগস্টের জায়গায় ১৬ই আগস্ট হলে অপরাধ নেবেন না। আর বাকী যেগুলো আছে সেগুলোও ঠিক সময়ের মধ্যে শেষ করতে পারব। অন্য কথায় আর যাচ্ছি না। সমস্যা অনেক আছে, সেই সমস্যার সমাধান করার জন্য আমাদের বিভাগ বিভিন্ন দপ্তরের সঙ্গে কো-অর্ডিনেশান করার চেষ্টা করছে। জলপথে এখনও নানা কারণে সেইভাবে গড়ে তোলা যায়নি। এই ব্যাপারে কাউকেই দোষারোপ করতে পারা যাবে না। আমরা জলপথকে সেইভাবে ব্যবহার করতে পারিনি। কেন্দ্রীয় সরকারের দুটি সংস্থার সঙ্গে নানারকম প্রশ্নের জটিলতা উপস্থিত হয়েছে। কলকাতার পোর্ট ট্রাস্ট অথরিটি কলকাতার জলপথের কার্যত মালিক। নানা রকম প্রশ্নের সম্মুখীন ওদের কাছে আমাদের হতে হচ্ছে। কোনো কিছু করতে গেলেই তো

অনুমোদনের প্রয়োজন। সেই অনুমোদন পেতেই লেগে যায় প্রায় ৬ বছর। এইভাবে তো কোনো কাজ করা যায় না। এবং এইভাবে এগোনোও যায় না। তা সত্ত্বেও আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। তারপরে হাওড়া স্টেশান হচ্ছে বিশ্বের সর্ববৃহৎ স্টেশান। কলকাতার সঙ্গে হাওড়ার সম্পর্ক রাখার নিরিখে হাওড়া কলকাতার মধ্যে যে ফোর শোর রোড সংলগ্ন যে জমি আছে, সেই জমিটা আমরা বেশি টাকা দিয়ে কিনতে চাইছি কিন্তু এখনও পাইনি। কোনো ইতিবাচক শব্দ পোর্ট ট্রাস্টের কাছ থেকে পাইনি। কলকাতার যে কোনো কাজ করতে গেলেই বড়ো জটিলতার সৃষ্টি হয়ে যাচ্ছে। অনুমতি ছাড়া তো কোনো কাজ করা চলবে না। যেমন সমস্ত ময়দান চত্বরটাই পরিবহনের প্রাণ কেন্দ্র। এক সময়ে ওখান দিয়ে ১৫০, ২০০ পাল্কি যেত এবং বিগত সময়ে ওই ময়দান চত্বরটি একটি মনোরম কেন্দ্রীয় জায়গা ছিল।

[3.10—3.20 p.m.]

আর সেই জায়গাটার এখন দাম চাইছে যা, শুনলে হাসবেন—৮ কোটি টাকা একর, জমির দাম চাইছেন। এটা পৃথিবীর কোথাও নেই। নিউ ইয়র্কেও নেই। আর্মি চাইছেন। আমাদের অফিসাররা বোঝাতে চাইছেন পার্ক স্ট্রিট ফ্লাই ওভার সেখানে তারা যে দাম দিয়েছেন, এটায় সেখানে কমার্শিয়াল ইউজ হবে না। এটার এত হওয়া উচিত নয়। এতো এমনি এমনি ভোগ করছে লোকে। নানান অসুবিধা আছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে যখন কথা বলি সব ব্যাপারে তারা সদর্থক নয়, বহু ব্যাপারে বিরোধিতা করছে, এগোতে দিচ্ছে না আমাদের। এখানে কিছু কথা আমি বললাম। পার্ক স্ট্রিট ফ্লাই ওভার দেরি হবে না, আমার বিশ্বাস। দেরি যদি কোনো কারণে হয় আর্মির ল্যান্ড পজেশান-এর জন্য। আর্মির ল্যান্ড পজেশান আমরা পেয়েছি, এখন পেয়েছি, কাজ হচ্ছে। এছাড়া টুকিটাকি বিষয়ে অনেকেই অনেক কথা বলেছেন, আমি সেইগুলি নোট করে রেখেছি।

(ভয়েস : ভটভটির ব্যাপারে বলুন)

ভটভটি এবং ফটফটি এই দুইটির ব্যাপারে বলি, আমি যে জায়গায় গিয়েছি, জলে বা স্থলে যেখানেই হোক, মুর্শিদাবাদ মালদা নদিয়া সব জায়গায় এটা চালু হয়ে গেছে। আমি আগে বলতাম ৭০-এর দশকে এই ভ্যানরিকশা যে আবিষ্কার করেছে সে পশ্চিমবাংলার অর্থনীতিটাতে একটা নতুন জীবন এনে দিয়েছিল। এখন ভ্যান রিকশার সঙ্গে মোটর যোগ করেছে। আমি এই ব্যাপারে আলোচনা করেছি আমাদের বিভাগের মধ্যে এটার কে লাইসেন্স দেবে। আমরা মোটরযান ছাড়া কাউকে লাইসেন্স দিতে পারি না। সেটা মিউনিসিপ্যালিটি দেবে কি ব্লক সমিতি দেবে ঠিক করতে পারিনি। আমরা আইনের পরামর্শ নিচ্ছি, পরামর্শ নিয়ে একটা ওয়ে আউট বার করব। তবে আমাদের সুন্দরবন উন্নয়ন মন্ত্রী এই ব্যাপারে ভীষণভাবে তিনি শুধু আগ্রহী নয়, বিচলিতও বটে। হাজার হাজার ভট্‌ভটি চলছে, কোনো রকম নিরাপত্তার প্রশ্ন না রেখেই। ওই ভট্‌ভটিতে গিয়ার লাগাবার জন্য তিনি প্রচেষ্টা নিয়েছেন। সেই প্রচেষ্টাকে টেকনিক্যালি কি ভাবে সাপোর্ট করতে পারি সেটা নিয়ে আমরা ভাবছি। আমাদের ধারণা কয়েক মাসের মধ্যে নিশ্চয় এই ব্যবস্থার মধ্যে যেতে পারব।

(ভয়েস : খিদিরপুর ব্রিজ সম্বন্ধে বলুন)

খিদিরপুর ব্রিজ ওইটার টেকনিক্যাল ডিজাইন নিয়ে কিছু সমস্যা উপস্থিত হয়েছিল, গঙ্গার স্তর যা ছিল সেখানে কিছুতেই পাইলিং বসছিল না, তার ফলে নতুন করে ডিজাইন করতে হয়েছে, ব্যয় মূল্যায়নও অনেক বেড়ে গেছে। তবে আমরা সরকার থেকে সিদ্ধান্ত করেছি, এটা খুব শীঘ্র করব, কাজটা শীঘ্রই শুরু হবে। আপনাকে আশ্বস্ত করছি, খিদিরপুর ব্রিজ নিশ্চয় শীঘ্র শুরু হবে, বাসের ব্যাপারে যেটা বলেছেন, সেটা নিয়ে আমি আপনার সঙ্গে ক্ষেত্রান্তরে কথা বলব।

(ভয়েস : বিবেকানন্দ ফ্লাই ওভার নিয়ে বলুন)

বিবেকানন্দ ফ্লাই ওভার নিশ্চিতভাবে হবে। ওইটাও হবে, এটাও হবে। এর সঙ্গে ছোট্ট একটা ব্যাপার উল্লেখ করছি, যা মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে আমাদের কাছে এসেছে। এটা কিন্তু আমি মনে করি গুরুত্বপূর্ণ। গত ১০ বছরের বেশি সময় ধরে এ রাজ্যে ডিজেল এবং পেট্রোলের ওপর বিক্রয় কর অপরিবর্তিত আছে, যথাক্রমে ১২.৫ শতাংশে এবং ২০ শতাংশে। অথচ আমাদের সঙ্গে তুলনায় সমস্ত রাজ্যে এই বিক্রয় করের হার গড়ে ডিজেলের ক্ষেত্রে ২০ শতাংশেরও বেশি এবং পেট্রোলের ক্ষেত্রে ২৫ শতাংশেরও বেশি (মহারাষ্ট্রে ৩০ শতাংশেরও বেশি)। আমরা তাই প্রস্তাব রেখেছি যে এই বিক্রয় করের হার আগামী ১৫ই জুলাই থেকে যথাক্রমে ১৭ শতাংশ এবং ২৫ শতাংশ হোক। যেহেতু ডিজেল এবং পেট্রোলের দাম ইতিমধ্যেই কমে গেছে, এবং বাস ইত্যাদির ভাড়া কমানোর সময় এই বিক্রয় করের হার কিছুটা বৃদ্ধি হতে পারে ধরা আছে, তাই এখন ডিজেলের দাম বৃদ্ধির ফলে বাসভাড়া বৃদ্ধি হওয়ার নতুন কোনো কারণ নেই। রান্নার গ্যাসের ওপর বিক্রয় কর বৃদ্ধি করা হবে না। এটা আপনাদের অবগতির জন্য রাখছি। ছাঁটাই প্রস্তাব মুভ হয়নি, তা সত্ত্বেও ধরে নিচ্ছি, ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি, কারণ ওইগুলির প্রয়োজন নেই, এই বলে ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

DEMAND NO. 53

The Motion (No. 3) that the amount of the demand be reduced to Re. 1 was then put and lost.

The Motions (No. 43-48 & No. 55) that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 Rs. 590,40,60,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "2041—Taxes on Vehicles, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 3051—Ports and Lighthouses, 3053—Civil Aviation, 3055—Road Transport,

3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport, 5075—Capital Outlay on Other Transport Services, 7055—Loans for Road Transport, 7056—Loans for Inland Water Transport and 7075—Loans for Other Transport Services" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 196,80,21,000 already voted on account in March, 2003.)

was then put and agreed to.

DEMAND NO. 19

Mr. Deputy Speaker: There are 19 cut motions to Demand No. 19 which are in order. Only Cut Motion No. 1 and 16 are taken as moved. But the remaining cut moions are not moved.

Shri Kamal Mukherjee: Sir, I beg to move that the Amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Abdul Mannan: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯ নম্বর দাবি সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের অগ্নি নির্বাপণ পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। এবং বিরোধীদের আনীত কাট মোশানগুলিকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রীমহাশয় যে ৮৯ কোটি ৩১ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন সেটা খুবই অযৌক্তিক। আজকে সকালেই প্রতীমবাবু প্রশ্ন-উত্তরের সময় বলেছেন এখনও ১৩টি মহকুমা শহরে দমকল কেন্দ্র খোলা যায়নি। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, আজকে ২০০৩ সালের প্রেক্ষাপটে দাঁড়িয়ে যেখানে জনসংখ্যা বৃদ্ধি হয়েছে, অগ্নি সংযোগের ঘটনা যেখানে বৃদ্ধি পাচ্ছে, সেখানে ব্লক লেভেল পর্যন্ত এই পরিষেবা পৌঁছে দেওয়া উচিত ছিল, আজকে সেখানে মহকুমা স্তর পর্যন্ত এই অগ্নি নির্বাপণ পরিষেবা পৌঁছে দিতে এই সরকার ব্যর্থ হয়েছে এবং এই দপ্তরের মন্ত্রী ব্যর্থ হয়েছে।

[3.20—3.30 p.m.]

আজকে গ্রামের মানুষ এই পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। ছোটো ছোটো জেলা সদরে দমকল কেন্দ্র করেছেন। পুরুলিয়াতে তিনটি মহকুমার মধ্যে পুরুলিয়া এবং রঘুনাথপুরে দমকল কেন্দ্র

করেছেন। এইভাবে পশ্চিমবাংলার ১৩টি মহকুমাতে দমকল কেন্দ্র খুলতে পারেননি। আপনি অজুহাত দিয়েছেন জমির অভাব। কিন্তু জমি তো রাজ্য সরকারের এক্তিয়ারে। রাজ্য সরকারের যদি প্রচেষ্টা থাকে, প্রতীমবাবুর যদি প্রচেষ্টা থাকে তাহলে জমির সমস্যার সমাধান কেন হবে না ? আমরা দেখছি এই কর্মীদের দক্ষতার অভাব, প্রশিক্ষণের অভাব। কলকাতা শহরে যদি একটা বড়ো অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে, তাহলে ৩/৪ দিন সময় লেগে যায় তা নেভাতে। ফিরপো মার্কেটে আগুন লাগল, তা নেভাতে ৩/৪ দিন সময় লাগল। এ ক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতির অভাব আছে। এটা সরকারের ব্যর্থতা। তিনি স্বীকার করেছেন, আজকাল সব বিষয়টা জটিল হয়ে গেছে, আগুন নেভনোর ক্ষেত্রে কর্মীদের দক্ষতা এবং কর্মকুশলতা যা দরকার, সেখানে পৌঁছতে পারেনি। তিনি প্যান্ডেলের কথা বলেছেন। দুর্গোৎসবের সময় ফতোয়া জারি করে বললেন—নকশা সাবমিট করতে হবে, তাহলে লাইসেন্স পাবে। কিন্তু আপনার চোখের সামনে দাহ্য পদার্থ দিয়ে প্যান্ডেল তৈরি হয়েছে, কিন্তু তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারেননি।

প্রতীম বাবুর বাজেট বক্তৃতার কোথাও কোনো পরিসংখ্যান নেই—ফায়ার সার্ভিস আইন যারা লঙ্ঘন করেছে তাদের কতজনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। আপনার আইনে অস্থায়ী প্যান্ডেলের ক্ষেত্রে যারা আইনের বিধিনিষেধ ভঙ্গ করছে, তাদের আর্থিক জরিমানারও উল্লেখ আছে। কতজনের বিরুদ্ধে এই আর্থিক জরিমানার ব্যবস্থা নিয়েছেন বা কি ব্যবস্থা নিয়েছেন তার কোনো পরিসংখ্যান দেখাননি।

আপনি একটা জায়গায় বলেছেন—৭,৫০০ জায়গায় আপনার দমকল কর্মীরা অ্যাটেন্ড করেছে। তার মধ্যে বলেছেন ১,৪৯৩টি ভুয়া খবর ছিল। অর্থাৎ ৬ হাজার জায়গা থেকে এক বছরে খবর পেয়েছে আপনার দমকল বিভাগ এবং সেখানে গিয়ে এই কর্মীরা আগুন নেভাবার ব্যবস্থা করেছে। কিন্তু অনেক জায়গা আছে, যেখানে আগুন লেগেছে, অথচ আপনার দপ্তরে খবর আসেনি, সেই পরিসংখ্যানটা নেই। কত জায়গায় আগুন লেগেছে এবং কত জায়গায় আপনার দপ্তর যেতে পেরেছে বা পারেন, এই পরিসংখ্যানটা যদি থাকত, তাহলে আজকে এই দপ্তরের গুরুত্বটা বোঝা যেত। কিন্তু পরিসংখ্যান নেবার কোনো ব্যবস্থা নেই। আগুন লাগলে আপনার দপ্তর খবর পায় না। আগুন লাগলে যে পরিসংখ্যান দরকার, কটা জায়গায় আগুন লেগেছে, আপনার দপ্তর কতটা কাজ করতে পারল এর জন্য পরিসংখ্যান দরকার। এই ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। আজকে বিভিন্ন জায়গায় দেখছি যে টেলিফোন খারাপ থাকলে গ্রামের মানুষ খবর দিতে পারে না কিন্তু খবর নেওয়ার কোনো ব্যবস্থা আপনার দপ্তরে নেই। অর্থাৎ ব্লক স্তরে বি.ডি.ও. অফিসে যে কর্মচারী থাকে সেখানে আপনার দপ্তরের কোনো কর্মচারী নেই। মহকুমা স্তর বা জেলা স্তর থেকে গ্রাম হয়তো একশো, দুশো কিলোমিটার দূরে সেখানে খবর দেওয়া সম্ভব নয়। সেখানে আপনার পরিষেবা সাধারণ মানুষ পাচ্ছে না। অথচ ব্লক স্তরে যদি আপনার দপ্তরের কোনো কর্মচারী থাকে তাহলে কিন্তু তাদের পক্ষে সুবিধা হয়। এটা আপনাকে ভাবতে হবে। আপনার দপ্তরের কর্মচারী যার সঙ্গে যোগাযোগ করলে আপনার দপ্তরের পরিষেবা মানুষ পেতে পারে। এই

জিনিসটা আপনাকে ভেবে দেখতে বলব। আপনার দপ্তরের আরেকটা জিনিস যেটা, সেটা হচ্ছে দক্ষতার অভাব। গাড়ি যায় তো জল থাকে না। পাইপ ফুটো জল ঠিকমতো দিতে পারে না। আবার জল থাকে তো গাড়ি দেরিতে পৌঁছায়। এইসব কতগুলো ত্রুটি আছে। যার ফলে মানুষ এই সব পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। আজকে সমস্ত ক্ষেত্রে আপনার দপ্তর ব্যর্থ হয়েছে। গাড়িগুলো ভাঙাচোরা, মেইন্টেন্যান্সের অভাব। কর্মীদের শারীরিক নিরাপত্তার ব্যাপারে কোনোরকম ব্যবস্থা নেই আপনার দপ্তরের। লাইসেন্সের ব্যাপারে যেটা দেখছি, লাইসেন্স ঠিকমতো পায় না। তাদেরকে বারবার ঘুরতে হয়, আপনার স্তরের সামনে কিছু দালাল ঘুরে বেড়ায়, দালালদের না ধরলে ঠিক সময়ে লাইসেন্স পাওয়া যায় না। এর ফলে লোকের হয়রানি হয় কিন্তু দালালদের না ধরলে ঠিকমতো লাইসেন্স পাওয়া যায় না। আরেকটা দুঃখের বিষয় হচ্ছে প্রতীমবাবু শহরে আগুন লাগলে আপনি ছুটে যান কিন্তু গ্রামে যদি অগ্নি সংযোগের ঘটনা ঘটে, আপনি সেদিন যেতে না পারেন কিন্তু তার পরে যেতে পারেন। কেন যান না, আপনার ছবি কাগজে উঠবে না বলে, সেখানে টিভি ক্যামেরা নেই বলে। গ্রামের মানুষের দিকে আপনার নজর নেই। এইভাবে চরম অব্যবস্থা আপনার দপ্তরে চলছে। নিয়োগের ক্ষেত্রেও শোনা যায় আপনি নাকি তারকেশ্বরের লোককে বেশি করে নিয়োগ করছেন এবং ৬ মাস অন্তর ডি.জি. চেঞ্জ হচ্ছে। একজন ডি.জি. তাকে নাকি এক মাস হয়েছে সরিয়ে দেওয়া হয়েছে। এই যদি হয় তাহলে দক্ষতা বাড়বে কি করে। একটা দপ্তরে যদি একজন ডি.জি. তাঁর যতক্ষণ সময় ততক্ষণ থাকতে না পারেন তাহলে দপ্তরের সম্বন্ধে তিনি জানবেন কি করে। এইভাবে দপ্তর চালাতে গিয়ে আপনার দপ্তরের ব্যর্থতা প্রকাশ পাচ্ছে। আজকে মানুষ ঠিকমতো পরিষেবা পাচ্ছে না। আজকে ট্রেনিং দরকার, ট্রেনিং সেন্টারের কথা বলেছেন কিন্তু দেখছি যে ঠিকমতো পরিকাঠামো নেই। আমি ওখানে গিয়েছিলাম, সেখানে সেই মতো ট্রেনিং-এর পরিকাঠামো নেই।

[3.30—3.40 p.m.]

সর্বক্ষেত্রেই আপনার দপ্তর ব্যর্থ হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে আমি আরেকটা কথা বলতে চাই যে ডিসেম্বরের শেষ পর্যন্ত যে ৭৫০০টি ঘটনা ঘটেছে সেখানে গাড়ি পৌঁছায়নি। পুরুলিয়ার মতো পাহাড়ি এলাকাতে আপনার দপ্তর কিন্তু ঠিক সময়মতো পৌঁছাতে পারেনি। সে জন্য পাহাড়ি অঞ্চলে বিশেষ করে ব্লক লেভেলে মিনি ফায়ার সার্ভিস স্টেশান করা যায় কিনা ভেবে দেখতে বলব। এই মিনি ফায়ার সার্ভিস স্টেশানে কম কর্মী নিয়ে এবং কম গাড়ি নিয়ে এই রকম কেন্দ্র খোলা যায় কিনা সে ব্যাপারটা একটু ভেবে দেখবেন। এটুকু বলে আপনি যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী প্রতীম চট্টোপাধ্যায় ১৯ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করেছেন সেই ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। আমরা লক্ষ করছি এই দপ্তর খুব দক্ষতার সঙ্গে এবং যোগ্যতার সাথে এই পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য উদ্যোগ গ্রহণ করেছেন। আপনারা বলছেন ১৩টি

মহকুমায় এখনও পর্যন্ত অফিস হয়নি। প্রত্যেকটি মহকুমা ভিত্তিক যাতে দমকল কেন্দ্র গড়ে তোলা যায় এর জন্য প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে এবং এখনও অনেক জায়গা আছে যেগুলি খুবই গুরুত্বপূর্ণ সেখানে এই দমকল কেন্দ্র গড়ে উঠেছে, যেমন মুর্শিদাবাদে ধূলিয়ানে গড়ে উঠেছে। সরকারের আর্থিক সীমাবদ্ধতা আছে অর্থ সংকট আছে, তা সত্ত্বেও গ্রামের মানুষের কাছে কিভাবে এই পরিষেবাকে পৌঁছে দেওয়া যায় তার জন্য আরও দমকল কেন্দ্র গড়ে তোলা প্রয়োজন। বহরমপুর থেকে ৬০,৭০,৮০,১০০ কি.মি. দূরে সময়মতো পৌঁছনো যায় না। ৩৪ নং মুর্শিদাবাদের মোড়গ্রামের কাছে মিনি দমকল কেন্দ্র করা যায় কিনা, বা ভগবানপুর, লালগোলা, রায়নগর এই সব অঞ্চলে দমকল কেন্দ্র করা যায় কিনা সে ব্যাপারে মাননীয় মন্ত্রীকে একটু ভাবতে বলব। আমরা লক্ষ করেছি এই পরিষেবাকে যাতে মানুষের কাছে নিয়ে যাওয়া যায় এবং উন্নত মানের প্রযুক্তি দেওয়া যায় তার জন্য প্রচেষ্টা নেওয়া হচ্ছে। তবে এটা এক দিনে হবে না, ধীরে ধীরে করার চেষ্টা করা হচ্ছে এবং সেই মতো যে সব কর্মী আছে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। সেই অনুযায়ী উন্নত মানের যন্ত্রপাতি এবং তথ্য নিয়ে কমপিউটারাইজড করা হচ্ছে। যাতে ভালো ভাবে কাজ করা যায়। আমরা লক্ষ করেছি কিছু এমন জায়গা বা গঞ্জ এমনভাবে গড়ে উঠেছে যে সেখানে রাস্তায় যাওয়ার জন্য যে স্পেস থাকা দরকার সেটা থাকছে না এবং আগুন লাগলে সেখানে বাড়িগুলি এমন পরস্পর গড়ে উঠেছে যে সেখানে আগুনের ভয়াবহতা লক্ষ করার মতো। শহরাঞ্চলের বস্তি এলাকা এমন কমবাসটিবলস্ মেটিরিয়ালস দিয়ে তৈরি যে সেখানে একটা সাংঘাতিক অবস্থা হয় যখন আগুন লাগে। সেখানে আগুন লাগলে কিছু করার থাকে না। এটা যাতে এ ভাবে না গড়ে উঠতে পারে তার জন্য সমন্বয় থাকা দরকার দপ্তরের মধ্যে। পঞ্চায়েত দপ্তরের সঙ্গে নগর উন্নয়ন দপ্তরের সঙ্গে আলোচনা করে একটা সমন্বয় সাধন করা খুব জরুরি যাতে করে আগুন না লাগতে পারে তার জন্য মানুষকে আগাম সতর্ককরণ করা দরকার। এটার মধ্যে দিয়ে আপনার দপ্তরের ভূমিকা আরো ভালো ভাবে পালন করা যাবে বলে আমি মনে করি। আমরা দেখছি অনেক সময় সটসার্কিটের ফলে অগ্নিকাণ্ড ঘটছে। 'ফিরপো মার্কেট'-এ কেন আগুন লাগল তার তদন্ত হচ্ছে। আবার অনেক বড় বড় বাড়িতেও বিদ্যুতের গোলযোগের ফলে আগুন লাগে। এটা যাতে না লাগতে পারে তার জন্য আইনগত কোনো ব্যবস্থা নেওয়া যায় কিনা সেটা দেখা দরকার। অনেক সময় আবার আগুন লাগার মিথ্যা খবর দেওয়ার ঘটনা ঘটতে দেখা যায়। আপনার বাজেটে দেখছি প্রায় দেড় হাজার আগুন লাগার মিথ্যা খবরের কথা বলা হয়েছে। এইভাবে অযথা দমকল বাহিনীকে হয়রানি করা হয়। কে বা কারা এটা করছে সেটা দেখা দরকার। এর পেছনে বিরোধী বন্ধুরা আছেন কিনা সেটাও দেখা দরকার। যারা এইভাবে মিথ্যা হয়রানি করছে তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে এবং এ জন্য আইন সংশোধন করা দরকার যাতে জেল ও জরিমানা উভয়ই থাকে। তাহলে এই ঘটনাগুলো কমানো যেতে পারে। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিরোধী পক্ষের বন্ধু বললেন, বাজেট বরাদ্দ যেটা আছে, কম। তাই সমর্থন করতে পারছি না। আবার, আধুনিকীকরণের কথা বললেন। প্রতিটি মহকুমা-স্তর এবং ব্লকস্তরে এই পরিষেবাকে পৌঁছে দেবার জন্য আরো অর্থের

প্রয়োজন বললেন। আমরাও সেটা মনে করি। আরো বেশি অর্থ দেওয়া গেলে ভালো হত। কিন্তু সীমিত ক্ষমতার মধ্যে যা যা করতে চেষ্টা করেছেন তা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। আমি আরেকটা বিষয়ে বলতে চাই, সেটা হচ্ছে 'প্রচার'। প্রচারের ক্ষেত্রে কিছু ঘাটতি আছে আমাদের। এক্ষেত্রে ইলেকট্রনিক মিডিয়া, রেডিও, টি.ভি.-কে আমরা ব্যবহার করতে পারি। অন্যান্য দপ্তর যেভাবে প্রচার করে থাকে সেই ভাবে করা যায় কিনা সেটা দেখা দরকার। কি করলে আগুন লাগা থেকে বাঁচা যাবে বা আগুন লাগলে কি করতে হবে সে ব্যাপারে একটা ডকুমেন্টারি ফিল্ম তৈরি করে প্রচার করা যেতে পারে। আগুন লাগার হাত থেকে বাঁচার ক্ষেত্রে এটা অনেকটা সহায়ক ভূমিকা পালন করতে পারে। বাজেটের একটা জায়গায় তিনি উল্লেখ করেছেন যে, এ ব্যাপারে পঞ্চায়েতের সঙ্গে বৈঠক করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আমি বলব, পঞ্চায়েত ছাড়াও গ্রামে গ্রামে অনেক যুবক থাকে, অনেক সংঘ আছে, ক্লাব আছে, কোনো রকমের দুর্ঘটনা ঘটলে গ্রামের ছেলেরা আগে সেখানে গিয়ে উদ্ধার কাজ শুরু করে দেয় বা অগ্নি নির্বাপণের কাজে এগিয়ে আসে। তাদের যদি এক্ষেত্রে প্রশিক্ষণের মধ্যে আনা যায় তাহলে আমাদের এই পরিষেবাকে তাদের সহযোগিতায়, পঞ্চায়েতের সহযোগিতায়, দপ্তরের সহযোগিতায়, আরো সুচারুরূপে, দক্ষতার সঙ্গে মানুষের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে। তাই আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3.40—3.50 p.m.]

শ্রী প্রতীম চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পেশ করা ১৯ নম্বর ডিমান্ডের উত্তর দিতে গিয়ে আমি দেখছি যে, যে কাটমোশানগুলো আনা হয়েছে সেগুলো সবই প্রায় একই রকম। ১৮টা কাটমোশান আছে, তার মধ্যে যারা এই কাটমোশান দিয়েছেন তাঁদের অনেকেই অনুপস্থিত আছেন, তাই এর উত্তর আমি দিতে পারব না। এখানে মোটামুটি একই ব্যাপার আছে বলে বলা যেতে পারে সবগুলো রাজ্যের অগ্নিনির্বাপণ কেন্দ্রগুলোর আধুনিকীকরণ সম্বন্ধে বলা হয়েছে এবং বেশিরভাগ ক্ষেত্রে পৌর এলাকায় অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনে সরকারের ব্যর্থতার কথা বলা হয়েছে, তাছাড়া সাবডিভিশনাল স্তরে ১৩টি বাকি আছে—সেগুলো কেন হল না, এসব বলা হয়েছে। এর উত্তরগুলো সকালে প্রশ্ন-উত্তরের সময় অনেকটা এসে গেছে, এটা বলা হয়ে গেছে। এটা আমরা স্বীকার করেছিলাম যে, ১৩টি বাকি আছে। বর্তমানে পশ্চিমবঙ্গে ৯৬টি অগ্নিনির্বাপণ কেন্দ্র আছে। একটা কথা বলে রাখা ভাল যে, একটা অগ্নিনির্বাপণ কেন্দ্র তৈরির জন্য খরচা লাগে দেড় কোটি টাকা। বিরোধী বন্ধু মাননীয় শ্রী শান্তিরাম মাহাতো মহাশয় বলেছেন যে, 'বাজেটে বরাদ্দের পরিমাণ অত্যন্ত বেশি, এটা কিছুটা কাটা হোক'। এতগুলো ডিমান্ড করার পর আপনারা বলছেন কাটতে ? আপনাদের বলা উচিত ছিল, এটা ডাবল্ করুন। একটা অগ্নিনির্বাপণ কেন্দ্র তৈরির জন্য খরচা লাগে দেড় কোটি টাকা। একটা অগ্নিনির্বাপণ কেন্দ্রের জন্য ২টো গাড়ি লাগে—এই একেকটা গাড়ির দাম ৩৬ লক্ষ টাকা। এর মধ্যে কারচুপি নেই। এই গাড়িগুলো কেনার ব্যাপারে টেন্ডার করা হয়, বড় কোম্পানি যেগুলো ডিজাইন করে, যেমন—লেল্যান্ড, টাটা—এই রকম ২-৩টি

কোম্পানি আছে, ভারতবর্ষের মধ্যে এর চেয়ে কম দামে যদি কোনো কোম্পানি এই ধরনের গাড়ি করে দিতে পারে তাহলে ওই স্পেসিফিকেশন এনে দিতে পারলে আমরা খুশি হব। আপনি বাজেটের বরাদ্দের পরিমাণ বেশি বলেছেন। আমি মনে করি আপনার অভিজ্ঞতার অভাবের জন্য আপনি এরকম বলেছেন। আপনারা ব্লক পর্যন্ত চেয়েছেন। এরকম পৃথিবীর কোথাও নেই, কোনোদিন হবে না। কোনো আশা দিতে পারি না, চান্স নেই। কারণ পশ্চিমবঙ্গে ১৯টি জেলা এবং তার সাবডিভিশনকে বর্তমানে যেভাবে প্ল্যানিং নিয়েছি তাতে বলছি যে, চলতি আর্থিক বছরে অর্থাৎ ২০০৪ সালের মার্চের মধ্যে সেগুলো শেষ হবে কিনা বলতে পারি না। যতগুলো লিস্ট বলেছি—১৩টি হবে। ডায়মন্ডহারবারেরটা শুরু হয়ে গেছে। আরেকটা কথা বলছি যে, জমি কিনে আমরা করি না। পশ্চিমবঙ্গে বিগত দিনে বহু লোক জমি দান করেছেন, কিন্তু বর্তমানে দান কম হচ্ছে। সেজন্য বিভিন্ন ডিপার্টমেন্টে জমির খোঁজ করতে হয়। উলুবেড়িয়ায় ৮ বছর ধরে জমি দিতে পারলেন না। জমি কিনে করা সম্ভব নয়। পারব না। আরেকটা কথা আপনারা বার বার বলেছেন যে, আগুন লাগার পরিসংখ্যান কত ? আগুন লাগার পরিসংখ্যান—খবর না পেলে সেই পরিসংখ্যান নেই। আপনারা অদ্ভুত কথা বলেছেন। খবর না পেলে পরিসংখ্যান কোথা থেকে রাখব ? আকাশ থেকে পাব ? আপনারা আরেকটা কথা বলেছেন, দুর্নীতিতে ভর্তি। কিন্তু আমি বলছি, তারকেশ্বরের একটা লোকও চাকরি পায়নি, কারণ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম আসেনি। তারকেশ্বর ব্লক থেকে একটাও লোকের নাম কেন এল না, এইজন্য আমি দুঃখিত। তারকেশ্বরের ২-৩ জন আমার বেয়ারা ছিল এক বছর। তারা ৮ শত টাকা করে পেত। এখন তারা গ্রুপ ডি-তে বেয়ারার কাজ করছে। এই সঙ্গে একটা কথা বলতে চাই, দুর্নীতির কথা বলছেন ? আপনি না জেনে বলবেন না। দুর্নীতি কোথায় হয়েছে জেনে বলবেন। দুর্নীতির খবর যদি পান বলবেন সেই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। আমার বন্ধু পরেশনাথ দাস যে কথাগুলো বলেছেন তার মধ্যে যুক্তি আছে। পরেশনাথ দাস একটা বড় কথা বলেছেন যে আগুন লাগা কমে যাবে এই ব্যাপারে সাজেশানও দিয়েছেন। খুব ভাল যে অ্যাওয়ারনেস এবং প্রিভেনশান। পঞ্চায়েতে দেখুন, গ্রামে দেখুন—গ্রমে কেন দেখা হয় না। এটা ভ্রান্ত কথা। কিছুদিন আগে একটি সমীক্ষা দিয়েছি—তারকেশ্বরের পাশে আমার উপাধ্যক্ষ মহাশয়ের বিধানসভা অঞ্চল—ধনেখালি, ওখানে কোল্ড স্টোরেজে বিরাট অগ্নিকাণ্ড হয়। সেখানে কাজ হয়েছে। সেখানে কি কাজ হয়নি ? তাই বলেছেন যে কাজ হয়নি, এটা কি বলছেন ? বোম্বে রোডের উপর এত বড় বাস অ্যাকসিডেন্ট হল, কারা ফাস্ট অ্যাটেন্ড করেছেন খবর রাখেন আপনি ? কারা হাসপাতালে নিয়ে গেল ? যে ৩৪-৩৫ জন লোক মারা গেল। কারা আগে গিয়েছিল ? আজকে হাইওয়েতে যে অ্যাকসিডেন্ট হচ্ছে সব ক্ষেত্রেই অ্যাটেনডেন্ড বাই আস। এইজন্য দিল্লি থেকে আমাদের প্রশংসা করা হয়েছে। ডিপার্টমেন্টের নাম তারা পাল্টাবার জন্য অনুরোধ করেছেন। এটা দমকল এবং অগ্নি পরিষেবা দপ্তর এবং তার সঙ্গে যোগ করেছেন যে ডিজাস্টার ম্যানেজমেন্ট। এই জন্য বলছি সব জায়গায় আমরা পৌঁছে যাই। শুধু আগুন নয়, ডায়মন্ড হারবারে যে প্ল্যাস্টিক ফ্যাক্টরি আছে এটা সাবডিভিশানের মধ্যে পড়ে। সেই ডায়মন্ডহারবারে কেনো অগ্নি পরিষেবা দপ্তর নেই। সেখানে আমরা গিয়েছি। স্কুল বিল্ডিং

কালিমপং-এ আমি যেসব স্পটের কথা বললাম সব জায়গায় গিয়েছি কিন্তু আপনাদের খবর দিয়ে যেতে পারিনি। সেটাই দুঃখের বিষয়। এই যে কেসের কথা বলছেন কেস করি না, ভয় দেখান, কেস করি না এই ইনফরমেশান কিন্তু ঠিক নয়। একটি কেস দুর্গাপুরে করেছিলাম। ২-৩টিতে আমরা জিতেছিলাম। একটি কেস চলছে কলকাতা বড় পুজো কমিটির ব্যাপারে। এফ.আই.আর. করা হয়েছে। ইনভেসটিগেশান ইজ গোয়িং অন ইন সেভেন কেসেস। চন্দননগরে ২২টি কেস চলছে। সুতরাং কেস করা হচ্ছে না, এটা ভুল ধারণা। হ্যাঁ, আমরা যেহেতু ননবেলেইবেল সেকশান আমাদের যে নতুন অ্যামেন্ডমেন্ট-এ বলা হয়েছে রোজ লোক ধরব আর ঢোকাব এটার সঙ্গে আমি একমত নই। তাই যেমন প্রিভেনশান করা দরকার, তেমনি অ্যাওয়ারনেসও দরকার। এ কথাটা খুব সত্য। আর এটাও আমি মানি যে ৪০-৫০-৭০ কিলোমিটার দূরে গিয়ে আগুন নেভানো সম্ভব নয়। সে আগুন গ্রামেই হোক আর শহরেই হোক। আগুন যদি সময় পায় সে পিউরিফায়ার পেয়ে যায়, দাবানল হয়ে যায়। সেই আগুন আয়ত্তে আনা অসম্ভব হয়। দেরিতে খবর দিলেও একই অবস্থা হয়। সেইজন্য আমরা দূরত্বটা কমিয়ে আনার চেষ্টা করছি। এটা ২৫ কিলোমিটারের মধ্যে রাখবার চেষ্টা করছি। যদিও এখনও সেই অবস্থায় নেই কিন্তু যেটা আমি এই হাউসে বলেছি, যে যে স্টেশান হবে বলেছি সেই ডিস্ট্রিক্টে হোক বা সাবডিভিশানেই হোক বা সাবডিভিশানের বাইরেই হোক সেগুলি কিন্তু হবেই। তার মধ্যে আর অন্য কোনো কথা নয়। আর অন্য কোনো টেকনিক্যাল ব্যাপারও নেই। এটা হবেই।

[3.50—4.00 p.m.]

তবে হ্যাঁ, সবগুলো একসঙ্গে হবে না। আপনারা দয়া করে একটু খবর নেবেন যে, ইতিমধ্যে অনেকগুলো কাজই হয়েছে। পুরনো যে স্টেশনগুলো ভেঙে গিয়েছিল সেগুলোকে একেবারে নতুনের মতো করে একটা নতুন জায়গায় নিয়ে আসা হচ্ছে। ৯৬-টার মধ্যেই আমরা সীমাবদ্ধ না থেকে এ বছরই সংখ্যাটাকে ১০০-তে নিয়ে যেতে পারব বলে আমি মনে করছি। সুতরাং কাজ হচ্ছে না তা নয়, ভালভাবেই কাজ এগিয়ে চলেছে। হ্যাঁ, একটা বিষয়ে আমি মাননীয় বিরোধী সদস্যের সঙ্গে একমত—আমাদের এখানে টেকনিক্যাল অ্যাপারেটার্স, আধুনিক যন্ত্রপাতির অভাব আছে। তবে আমরা আধুনিক যন্ত্রপাতি বলতে যা বুঝি সেসব ছাড়াই অগ্নিনির্বাপণ হচ্ছে। আমাদের যে ব্যবস্থা বর্তমান আছে তার দ্বারাই সর্বত্র আমরা কাজ করছি। অগ্নি-নির্বাপণের মূল জিনিসই হচ্ছে গাড়ি-ঘোড়া। সেটা আছে কিনা দেখতে হবে। অগ্নি-নির্বাপণ পরিষেবা সময়মতো ঘটনাস্থলে পৌঁছতে পারছে কিনা, সেটাই বড় কথা। এর মধ্যে আর খুব বড় কোনো টেকনিক্যাল ব্যাপার নেই। কিছু কিছু আধুনিক যন্ত্রপাতি বেরিয়েছে ঠিকই, কিন্তু মোটামুটি ব্যাপারটা একই আছে এবং সেই ভাবেই চলছে। যন্ত্রপাতিগুলি একটু-আধটু এদিক-ওদিক করে আধুনিক করা হয়েছে। আমাদের এখন যে জলের ট্যাঙ্ক ব্যবহৃত হচ্ছে তাতে ১৭ কে.এল. জল ধরে। আগে যেগুলো ছিল সেগুলোতে ৫ কে.এল. জল ধরত এবং তা দিয়ে মাত্র তিন মিনিট জল দেওয়া সম্ভব হত। এখন সে জায়গায় ২০ মিনিট ধরে জল নিয়ে আগুনের সঙ্গে লড়াই করা সম্ভব হচ্ছে। ওয়াটার কেরিয়ার ক্যাপাসিটি অনেক

বাড়ানো হয়েছে। এই রকম গাড়ি এখন অগ্নি-নির্বাপণের জন্য নিয়ে যাওয়া হচ্ছে। আজকে এখানে আমি উননব্বই কোটি একত্রিশ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ আপনাদের অনুমোদনের জন্য পেশ করেছি। বিরোধীরা অনেকগুলো কাটমোশন দিয়েছেন, কিন্তু তার মধ্যে কেউ এটা বলেননি যে, এই ব্যয়-বরাদ্দ আরো বাড়ানো দরকার। আমি আনন্দের সঙ্গে তাঁদের দৃষ্টি আকর্ষণ করে উল্লেখ করছি যে, আমাদের এই খাতের ব্যয়-বরাদ্দের পরিমাণ গত বছরের তুলনায় ১৬% বেড়েছে। যেখানে সরকারের খুবই টাকা-পয়সার অভাব রয়েছে, টানাটানি এবং কড়াকড়ি চলছে, ভাঁড়ার প্রায় শূন্য সেখানে আমার দপ্তরের বরাদ্দের পরিমাণ বৃদ্ধি পেয়েছে, সেজন্য আমি সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। নিশ্চয়ই এই ডিপার্টমেন্টের কিছু বেশি কামকর্ম চাইছে বলেই সরকার এই ডিপার্টমেন্টকে কিছু বেশি টাকা দিয়েছে। সেজন্য আমি আশা করব এই সভা আমার এই উননব্বই কোটি একত্রিশ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুর করবেন। বিরোধীরা তাঁদের কাটমোশানের মধ্যে এই বরাদ্দকে আরো একটু বাড়িয়ে দেওয়ার কথা না বলে, অন্য কথা বলেছেন, সেজন্য তাঁরা আমাকে ক্ষমা করবেন যে, আমি তাঁদের কাটমোশান মেনে নিতে পারলাম না, আমি তাঁদের কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

DEMAND NO. 19

The motion that the amount of the demand be reduced by Re.1/- was then put and lost.

The motions that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta moved on 26.3.2003 that a sum of Rs. 89,31,00,000/- be granted for expenditure under Demand No. 19, Major Heads : "2052-Secretariat-General Services, 2070—Other Administrative Services and 4070—Capital Outlay on Other Administrative Services" during the year 2003-2004 (This is inclusive of a total sum of Rs. 29,77,01,000/- already voted on account)

was then put and agreed to.

DEMAND NO. 34

Mr. Deputy Speaker : There are 26 cut motions to Demand No. 34. All the cut motions are in order. Cut Motions (Nos. 1, 7-12, 19-21) are taken as moved and the rest are not moved.

1	Shri Kamal Mukherjee	: Sir I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.
7-12	Shri Kamal Mukherjee	: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.
19-21	Shri Gyan Singh Sohanpal	: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী মুস্তাক আলম : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে ৩৪ নম্বর দাবির অন্তর্গত পশ্চিমবঙ্গ বিচার সংক্রান্ত প্রশাসন ২০০৩-২০০৪ সালের ব্যয়-বরাদ্দ সম্পর্কে রাজ্যের আইন ও বিচার মন্ত্রী শ্রী নিশীথ অধিকারী মহাশয় যে বাজেট বক্তৃতা পেশ করেছেন এবং ১২২ কোটি ৫৭ লক্ষ ১৩ হাজার টাকা ব্যয়-বরাদ্দের জন্য যে অনুমোদন চেয়েছেন তার বিরোধিতা করে এবং কংগ্রেস সহ বিরোধী দলের সদস্যরা যে কাটমোশনগুলি এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমি ন্যায়সঙ্গত কারণে এই বাজেটের বিরোধিতা করছি। কারণ, বিচার ব্যবস্থার পরিষেবা যাদের জন্য সেইসব মানুষ সর্বত্র বিতাড়িত হয়ে যখন বিচার বিভাগের কাছে আসে তখন মাননীয় মন্ত্রীমহাশয় সেইসব মানুষের কণ্ঠ রোধ করেছেন যাতে বিচার-প্রার্থীরা বিচারের কাঠগড়ায় না আসতে পারে। রাজনৈতিক কারণে, তথ্যগত কারণে এবং বামফ্রন্ট সরকারের ভুল সিদ্ধান্তের ফলে রাজ্য সরকার আজকে আর্থিক দিক থেকে দেউলিয়া হয়ে গেছে। রাজ্য সরকারের রাজকোষ আজকে শূন্য। এই শূন্যতার যে সংকট সেই সংকট মেটানোর জন্য মানুষের উপর একের পর এক করের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। গ্রামের মানুষের উপর একদিকে খাজনা বাড়িয়ে দেওয়া হয়েছে, অন্যদিকে ব্যাপকভাবে বিদ্যুতের চার্জ বাড়িয়ে দেওয়া হয়েছে। ঠিক তার পাশাপাশি সাধারণ মানুষ যখন নির্যাতিত হয়ে, পুলিশের কাছ থেকে বিতাড়িত হয়ে, বি.এল.আর.ও. অফিস থেকে ধাক্কা খেয়ে, কোনো বিচার না পেয়ে বিচারের জন্য বিচার বিভাগের কাছে আসে বা আদালতে আসে, সেই আদালতে তারা যাতে আসতে না পারে তার জন্য বল্গাহীনভাবে কোর্ট-ফি বাড়ানো হয়েছে। এই কোর্ট ফি বাড়ানোর প্রতিবাদ জানিয়ে রাজ্যের ৫২ লক্ষ আইনজীবী যখন দিনের পর দিন আন্দোলন করছিলেন তখন মাননীয় মন্ত্রী তাদের সঙ্গে আলোচনা তো দূরের কথা, নামেমাত্র তাদের সঙ্গে আলোচনায় বসেছিলেন, না বসলে নয় বলে। রাজ্যের মানুষের উপর গুরুত্ব না দিয়ে, যারা দুঃস্থ যারা বিচার পায় না তাদের উপর বল্গাহীনভাবে কোর্ট-ফি বাড়িয়ে দিলেন। পাশাপাশি যখন আন্দোলন অব্যাহত চলছিল তখন পুলিশ শুধু নয়। বামপন্থীরা কমরেডদের নামিয়ে দিলেন। আন্দোলনকারীদের হুমকি দেওয়া হল যে আন্দোলন বন্ধ করে দাও। এইভাবে মানুষের প্রতিবাদের ভাষাকে ওরা কণ্ঠ রোধ করতে চাইল। একটা মানুষ তার পৈত্রিক সম্পত্তি তাদের ছেলে-মেয়েদের জন্যে আগে উইল করে দিতেন ৫০০ টাকা কোর্ট-ফি-এর বিনিময়ে ভেট করে বা রেগুলারাইজ

করে। এখন তার প্রপার্টির মূল্যের ৫০ পারসেন্ট কোর্ট-ফি জমা করতে হবে। এখানে মাননীয় মন্ত্রিমহাশয় উল্লেখ করে বলেছেন, ২৬ বছরের শাসনে তিনি মেইন মেইন যে উল্লেখযোগ্য কাজগুলি করেছেন। তার মধ্যে তিনি ৪৫টি জায়গায় বিল্ডিং-এর কথা উল্লেখ করেছেন। হাইকোর্টের ২২ জন জজকে কমপিউটার দিয়েছেন এবং কেন্দ্রীয় সরকারের টাকায় ১২৭টি কমপিউটার কেনার কথা বলেছেন। এর পাশাপাশি আরো কিছু কথা বলেছেন। কিন্তু মূল যে ব্যাপারটা সেটা তিনি সুকৌশলে এড়িয়ে গেছেন। একদিকে বামফ্রন্টের শাসনে মানুষ পুলিশের কাছে বিচার পাচ্ছে না, তারা যখন বিচারের আশায় কোর্টে যেতে চাচ্ছে তখন তারা যাতে কোর্টে না আসতে পারে তার জন্য কোর্ট ফি বাড়িয়ে দেওয়া হয়েছে। পাশাপাশি কোর্টগুলির পরিকাঠামোর যে অবস্থা—সেই ব্রিটিশ আমলে তৈরি করা সারা পশ্চিমবাংলায় যে কোর্টগুলি আছে সেখানকার পরিবেশগত এবং পরিকাঠামোগত পরিবর্তনের কথা মন্ত্রিমহাশয় ভেবে দেখেননি। যে পরিবেশ এবং যে পরিকাঠামো তৈরি হয়ে আছে তাতে একজন বিচারক সুস্থ মস্তিষ্কে বিচার করতে পারে কিনা, আইনজীবীর সেখানে বসতে পারে কিনা, দরকারি তথ্যগুলি সেখানে রাখার ব্যবস্থা আছে কিনা এবং প্রত্যেকটি কোর্টে প্রয়োজনীয় বই রাখার জন্য লাইব্রেরির ব্যবস্থা সেখানে সাফিসিয়েন্ট আছে কিনা, তার পরিবেশ আছে কিনা সেই দিকটা একবারও উল্লেখ করলেন না।

[4.00—4.10 p.m.]

আর এখানে কথার কথা হিসাবে বলে দায়সারা গোছের একটা বক্তব্য রেখেছেন যে এগুলিকে আমরা এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। কিন্তু মূল বিষয় যেটা অর্থাৎ পশ্চিমবঙ্গে গত ২৬ বছরে কত মানুষ বিচার চেয়ে বিচার পেয়েছেন সে সম্পর্কে পরিষ্কার কোনো বক্তব্য রাখেননি। পাশাপাশি দীর্ঘদিন ধরে চলা ঘুন ধরা যে বিচার ব্যবস্থা, তার যে সিস্টেম সেটার পরিবর্তনের ব্যাপারেও কোনো বক্তব্য রাখেননি। এ ব্যাপারে মানুষের দীর্ঘদিনের যে দাবি তার প্রতি আপনি কোনো দৃষ্টি দেননি। আজকে রাজ্যে ৬৬৯টি কোর্টে এক-চতুর্থাংশ বিচারকের পদ খালি হয়ে পড়ে আছে, সে সম্পর্কে সুস্পষ্ট কোনো বক্তব্য আপনার নেই যে কবে সেগুলি পূরণ করা হবে। তারপর আমরা দেখছি বিভিন্ন আদালতগুলিতে এ.পি.পি.-দের অনেক পদ শূন্য হয়ে পড়ে আছে, তাতে লোক নিয়োগের কোনো ব্যবস্থা হচ্ছে না। এর ফলে দিনের পর দিন বিভিন্ন আদালতে মামলাগুলি ঝুলে থাকছে। সাধারণ মানুষরা যখন মামলার তদ্বির করার জন্য সরকারি উকিলদের কাছে যাচ্ছে সেখানে তারা সঠিক বিচার পাচ্ছে না। ২০০২ সালের হিসাবে আমরা দেখছি পশ্চিমবঙ্গের বিভিন্ন আদালতে প্রায় ১৩ লক্ষ মামলা ঝুলে রয়েছে। একমাত্র কলকাতা হাইকোর্টেই ২ লক্ষ ২০ হাজার মামলা বকেয়া পড়ে রয়েছে। এর অন্যান্য কারণের চেয়ে মূল কারণ হচ্ছে নন কো-অপারেশান অব এ.পি.পি.। বিশেষ করে আমরা দেখি গভর্নমেন্ট লেভেলে অফিসাররা যখন পার্টি হন তখন সরকারি পি.পি. বা এ.পি.পি.-রা ডিউ টাইমে অ্যাটেন করেন না। আমি নিজে পঞ্চায়েত সমিতির সভাপতি থাকাকালীন দেখেছি বিভিন্ন মামলা লড়তে গিয়ে যে এ.পি.পি. বা পি.পি.-রা হাজির হন না। আমি অনেক চেষ্টা করেও সঠিক সময়ে সবসময় তাদের হাজির করাতে পারিনি। অনেক সময় তাদের জিজ্ঞাসা

করেছি, 'আচ্ছা বলুন তো, কেন আপনারা ডিউ টাইমে হাজির হচ্ছেন না ?' তারা বলেন, 'অফ দি রেকর্ড বলছি, ঠিকমতন টাকা-পয়সা পাই না।' মাননীয় মন্ত্রিমহাশয় অবশ্য বলেছেন যে তাদের ফি-এর ব্যাপারটা ফাইনালাইজ করা হয়েছে এবং তারা যাতে সঠিক সময় তাদের প্রাপ্য টাকা পান সে ব্যবস্থা করা হয়েছে। দেখা যায় যে যারা বাদীপক্ষ, যারা এসে মামলাটা করেন তাদের কাছ থেকে ফি-টা নিয়ে নেওয়া হয় কিন্তু সরকারের পক্ষে তারা লড়েন না। ফলে দিনের পর দিন সরকারপক্ষ মামলাগুলিতে হেরে যান। কোনো নির্যাতিতা বোন বা কোনো স্বামী পরিত্যক্তা স্ত্রী যখন কোর্টের দ্বারস্থ হন, তখন তারা সরকারি উকিলদের কাছে আসেন এবং স্বভাবতই সেখানে তাদের কোনো পয়সা লাগার কথা নয় কারণ সরকারি উকিলদের তার জন্য সরকার থেকেই ফি দেওয়া হয় কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায় পয়সা না দিলে সে বিচার পায় না। সেই নির্যাতিতা বোন বা স্ত্রী ফি-এর টাকা জোগাড় করতে না পারার জন্য কোর্টের দরজা থেকে খালি হাতে ফিরে আসে। এদিকে মন্ত্রিমহাশয়ের অবশ্যই নজর দেওয়া দরকার। সেখানে সরকারি উকিলরা যাতে সেই নির্যাতিতা মা-বোনদের পক্ষে থেকে সঠিকভাবে কোর্টে তাদের হয়ে লড়াই করেন সেটা মন্ত্রিমহাশয় অবশ্যই দেখবেন বলে আশা করি। এর পর আমি ল্যান্ড ডিসপিউটের কেসগুলির কথায় আসছি। ল্যান্ড ডিসপিউটগুলি মেটাবার জন্য সল্টলেকে ট্রাইব্যুনাল চালু করা হয়েছে, অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল চালু করা হয়েছে। কিন্তু জেলা থেকে কলকাতায় সল্টলেকে এসে লোকের পক্ষে মামলা চালানো ব্যয়বহুল হয়ে যায়। এ ক্ষেত্রে আরও একটি বিষয়ের প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ৫৮ বছর বয়স হয়ে গেলে আর সরকারি চাকরি করা যায় না, শিক্ষকতা করা যায় না কিন্তু এখানে আমরা দেখছি ৬২/৬৩ বছর বয়স হয়ে গিয়েছে, সব রিটায়ার্ড আই.এ.এস., আই.পি.এস. অফিসার তাদের এখানে জাজ করা হচ্ছে। তারা তো বয়সের ভারে ভারাক্রান্ত, তাহলে তারা ১০/১২ ঘণ্টা ল প্র্যাকটিশের মধ্যে দিয়ে বিচারকের ভূমিকা পালন করবেন কি করে আমরা বুঝতে পারি না। কাজেই তাদের কাজটা দায়সারা গোছের হয়ে যায়। তারপর আমরা দেখছি জেলায় জেলায় ল্যান্ডের কেসগুলি দীর্ঘদিন ধরে পড়ে থাকছে। মূলত যেগুলি জমি-জমার কেস—জমিদার, জোতদাররা মামলা করেছে গরিব পাট্টাদার, বর্গাদারদের বিরুদ্ধে সেখানে এই গরিব মানুষগুলি যখন পি.পি. বা এ.পি.পি.-দের কাছে আসছে মামলা লড়ার জন্য সেখানে আমরা দেখছি প্রকৃতপক্ষে তারা এদের পক্ষ নিচ্ছেন না। এটাও ভাবা দরকার। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে ভাবতে বলব, কোনো সরকারি প্রতিষ্ঠান তাদের নিজেদের পছন্দমতো উকিল নিয়ে মামলা লড়তে পারেন কিনা এবং সেই পারমিশান সেই কনসার্ন ডিপার্টমেন্টকে দেওয়া যায় কিনা একটু চিন্তা করে দেখুন। আমি মনে করি তাতে সরকারপক্ষ অনেক মামলা জিতবে। আর যদি যে তিমিরে আছে সেই তিমিরে রাখা হয় তাহলে পি.পি.-দের দিয়ে কাজের কাজ করাতে পারবেন না। আপনি আপনার বক্তব্য বলেছেন যে লকআপগুলো আছে সেই লকআপ ভাল করার বিষয়টা বিবেচনাধীন আছে। মালদা জেলায় লকআপে যে বিচারাধীন বন্দী মারা গেল সেখানে লকআপ উন্নয়নের ব্যাপারে এই বাজেটে উল্লেখ নেই। বহু বিতর্কিত সারকিট বেঞ্চের কথা বলেছেন, জলপাইগুড়িতে সরকারি গেস্ট হাউস আছে সেখানে চালু করার জন্য কেন্দ্রীয়

সরকারের সঙ্গে কথাবার্তা আপনি বলেছেন। আমাদের ভয় হচ্ছে এই জায়গাতেই। আমাদের চাঁচোল সাবডিভিশানে কোর্ট চালু আছে, সেখানে ১৪৪ ধারার, ১০৭ ধারার এবং ১১৬ ধারার মামলাগুলো হয়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হল এখানে যে জমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা হয়েছিল সেই জমিগুলো আবার ফেরত দেওয়া হয়েছে। আপনি বলেছেন সাব-ডিভিশানে জমি চিহ্নিত করার জন্য। কিন্তু চাঁচোলে যে সারকিট বেঞ্চ আছে সেখানে আদালতের জমির উল্লেখ নেই, আদালতের ঘরের কোনো উল্লেখ নেই। এইভাবে যদি করা হয় তাহলে উত্তরবাংলায় যে সারকিট বেঞ্চ হওয়ার কথা সেটা হবে না। পাশাপাশি আর একটা জিনিস বলতে চাই বিচার বিভাগ অত্যন্ত জটিল এবং কঠিন এই বিষয়ে কোনো সন্দেহ নেই। সবচেয়ে বড় যতগুলি দপ্তর আছে তার মধ্যে এই দপ্তর সবচেয়ে বেশি ইমপর্টেন্ট। মানুষকে মানুষ হিসাবে বেঁচে থাকার অধিকার এই দপ্তর দেয়, গরিব মানুষকে মাথা উঁচু করে বেঁচে থাকার অধিকার দেয়, দুঃস্থ মানুষকে দুঃস্থ মহিলাকে, গরিব মানুষকে কোর্টের দ্বারস্থ হতে হয়। কিন্তু আজকে কোর্ট-ফি এত বাড়িয়ে দেওয়া হয়েছে যে কোর্টে তারা পৌঁছাতে পারবে না তার একটা পাকাপাকি ব্যবস্থা আপনি করে দিয়েছেন। আপনারা নিজেদের মেহনতি মানুষের সরকার বলেন, গরিব মানুষের সরকার বলেন, নিপীড়িত মানুষের সরকার বলেন। আজকে গরিব মানুষরা বাঁচার জন্য, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য যে বিচার ব্যবস্থা সেই বিচারের জন্য তারা যদি আদালতে আসতে না পারে বা আসার সুযোগ না পায় তাহলে তারা কোথায় গিয়ে দাঁড়াবে ? এই ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি। পাশাপাশি জমে থাকা মামলার দ্রুত নিষ্পত্তির কথা বলেছেন। একদিন বিরোধিতা করলেও আজকে কমপিউটার চালু করবার কথা বলেছেন। তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এবারের বাজেট বইয়ে বলেছেন জেলার আদালতগুলোতে কমপিউটার চালু করবেন বলেছেন। সারা পশ্চিমবাংলায় বিচার ব্যবস্থাকে যদি সঠিকভাবে চালু রাখতে হয় তাহলে কমপিউটার চালু করতে হবে। বিচারপতি এবং পি.পি.-দের দলীয় স্বার্থে আলিমুদ্দিন স্ট্রিট থেকে নিয়োগ না করে তাদের মানদণ্ডের ভিত্তিতে নিয়োগ না করলে মানুষ সঠিক বিচার পাবে না। আপনাদের ২৬ বছরে বিচার বিভাগের যে আমূল পরিবর্তন হওয়া উচিত ছিল সেটা হয়নি। তাই এই যে বাজেট বরাদ্দের মঞ্জুরি চেয়েছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় চেয়ারম্যান স্যার, আইন ও বিচার বিভাগের মন্ত্রিমহাশয় বিচার সংক্রান্ত প্রশাসন বাবদ যে অর্থ মঞ্জুরির দাবি পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্য মুসতাক আলম মামলা জমে যাওয়ার জন্য রাজ্য সরকারের ভূমিকার কথা বলেছেন, ল্যান্ড ট্রাইবুনালের জন্য রাজ্য সরকারের ভূমিকার কথা বলেছেন মামলা জমে যাওয়ার জন্য যে এ.পি.পি.-র ভূমিকার কথা তার আমি বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে, তিনি একজন আইনজীবী, তিনি কি জানেন না ল্যান্ড ট্রাইবুনাল জুডিসিয়াল ডিপার্টমেন্টের আন্ডারে পড়ে না ? তিনি কি জানেন না এ.পি.পি., পি.এস.সি.-র মাধ্যমে নিয়োগ করা হয় ?

[4.10—4.20 p.m.]

মামলা জমে যাওয়ার ক্ষেত্রে, আমি অবাক হয়ে গেলাম, মাননীয় সদস্য জুডিশিয়াল ডিপার্টমেন্টের ওপরে দায়ভার চাপিয়ে দিলেন। মামলা জমে যাওয়ার ক্ষেত্রে এ.পি.পি. বা আইনজীবীদের ভূমিকা নগণ্য, এটা আপনি জানেন কিনা আমি জানি না। আজকে জুডিশিয়াল ডিপার্টমেন্টের যে সাফল্য—বিগত দিনে রাজ্য সরকারের যে মামলাগুলো থাকত তাতে দেখা যেত রাজ্য সরকার হেরে যাচ্ছে, রাজ্য সরকারের উকিলবাবু যাঁরা থাকতেন তাঁরা হাজির হতেন না, হাইকোর্টে দেখা যেত ভুরি ভুরি এক্সপার্টি অর্ডার হয়ে যাচ্ছে, এখন এটা পাওয়া যাবে না। হাইকোর্টের প্রতিটি আদালতে এ.পি.পি. নিযুক্ত আছেন যাঁরা তাঁরা প্রতিটি মামলাতে অ্যাপিয়ার করেন। বামফ্রন্ট সরকার আসার পরে অন্যান্য ক্ষেত্রে বিকেন্দ্রীকরণের যে নীতি চালু করা হয়েছে, বিচার ব্যবস্থাতেও সেইভাবে বিকেন্দ্রীকরণের নীতি চালু করা হয়েছে। আপনাদের আমলে ব্রিটিশ আমলের যে আদালতগুলি ছিল তা আপনারা সংস্কার করেননি। আমাদের মাননীয় স্পীকার মহাশয় যখন আইনমন্ত্রী ছিলেন, তখন পাঁচ বছরে ৪৫টি আদালত ভবন তৈরি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তা পূর্ণ হয়েছে। আজকে সাব-ডিভিশন্যাল লেভেলে আদালত ভবন তৈরি হয়েছে। আমার জেলাতেও হয়েছে। কল্যাণীতে আদালত ভবন তৈরি হয়েছে। নবদ্বীপে আদালত ভবন তৈরি হয়ে অছে। আমার জেলায় তেহট্টে সাব-ডিভিশনাল আদালত তৈরি হয়েছে। এই প্রসঙ্গে বলে নেওয়া ভাল, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে, করিমপুর-তেহট্ট এলাকায় চারটি ব্লক আছে। সেখানকার মানুষকে একশো কিলোমিটার দূর থেকে এসে মামলায় হাজির হতে হয়। মানুষের এই অবস্থার কথা মাথায় রেখে আমরা তেহট্টে আদালত ভবন তৈরি করেছি। ২০ লক্ষ টাকা ব্যয় করে আমরা এটি তৈরি করে দিয়েছি। শুধু তাই নয়, একটা আদালতে যা কিছু দরকার, সাড়ে তিন লক্ষ টাকা ব্যয় করে ফার্নিচার কেনা হয়েছে। ইলেকট্রিফিকেশন, টয়লেট ইত্যাদি যাবতীয় কিছু আমরা সেখানে তৈরি করে দিয়েছি। এখন ৬-৮ জন কর্মচারী নিয়োগ হয়ে গেলে আদালতটি চালু হতে পারে। দুঃখের বিষয়, এই ব্যাপারে দীর্ঘদিন আমাদের জেলা জজ, ডি.এম., জুডিশিয়াল ডিপার্টমেন্টের অফিসারদের সঙ্গে আমরা দেখা করেছি। কিন্তু এটি চালু হয়নি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এটি চালু করার জন্য। মাননীয় মুস্তাক আলম মহাশয় অনেক কথা বলে গেলেন। ওঁদের আমলে দার্জিলিং জেলায় কোনো আদালত ছিল না। আমাদের বামফ্রন্ট সরকারের এই যে বিকেন্দ্রীকরণের নীতি—আগে দার্জিলিংয়ের মানুষকে জলপাইগুড়িতে এসে মামলা করতে হত—এর ফলে দার্জিলিংয়ে এখন আদালত তৈরি হয়েছে। পশ্চিম দিনাজপুরে আগে কোনো আদালত ছিল না। সেখানকার মানুষকে মালদহে এসে মামলা করতে হত। এখন পশ্চিম দিনাজপুর দু'ভাগ হয়েছে। পশ্চিম দিনাজপুরে দুটি আদালত তৈরি হয়েছে। দার্জিলিংয়ে থানা ভিত্তিক আদালত হয়েছে। দার্জিলিংয়ের মংপু, মিরিখ এবং গরুবাথানে আদালত হয়েছে। বিকেন্দ্রীকরণের মূল লক্ষ্য হল মানুষকে আইনের পরিষেবা দেওয়া, লিগ্যাল এড্-এর মধ্যে দিয়ে মানুষের কাছে পরিষেবা পৌঁছে দেওয়া, যাতে মানুষ বিচার ব্যবস্থার সাহায্য পায় তার ব্যবস্থা আমরা করেছি। আজকে আদালতগুলিতে মামলার সংখ্যা কমে যাচ্ছে, বিশেষ করে দেওয়ানি মামলা। ন্যায়পরায়ণতাকে সুনিশ্চিত

করতে, বিচার ব্যবস্থার যে উৎকর্ষ কেন্দ্র তা আমাদের বামফ্রন্ট সরকার এখানে তৈরি করেছেন। এখানে আমাদের বামফ্রন্ট সরকার সফলতা অর্জন করেছে। এখানে ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুডিশিয়াল সায়েন্স তৈরি হয়েছে। সেখানে আইন বিষয়ে গবেষণা হচ্ছে। ভাল ভাল ছেলেরা সেখানে আসছে। আমরা জানি, অপরাধের ধরন এবং চরিত্র এখন পাল্টে গেছে। পুরনো আইনে দেখা যাচ্ছে জঘন্যতম অপরাধীরা আইনের ফাঁক-ফোকর দিয়ে বেরিয়ে যাচ্ছে। রাজ্য সরকার প্রসিকিউশন ইনভেস্টিগেশনের জন্য আলাদা ডাইরেক্টরেট তৈরি করেছে, আলাদা ডাইরেক্টরেট অফ পাবলিক প্রসিকিউশন তৈরি করেছে। আমরা দেখতে পাচ্ছি, সরকারি প্রসিকিউটর যাঁরা থাকছেন এবং ইনভেস্টিগেটিং এজেন্সির যাঁরা আছেন, তাঁদের মধ্যে যদি সমন্বয় থাকে, তাহলে অপরাধীরা যেভাবে খালাস পেয়ে যায় এবং আর একটা অপরাধ করে, সেই ফাঁক-ফোকরগুলো বন্ধ হয়ে যাবে। এটা হলে অপরাধীদের শাস্তি হবে। তাই এটা একটা সাফল্য বলে মনে করি। জুডিশিয়াল ডিপার্টমেন্টের যে সার্বিক সাফল্য হয়েছে, সেটা কংগ্রেস আমলে কি দেখেছি—কংগ্রেস আমলে জুডিশিয়াল ডিপার্টমেন্টের খরচ ছিল ১ কোটি টাকা। প্রতি বছর যে খরচ বাড়ছে তাতে এখন দাঁড়িয়েছে ১২২ কোটি টাকা। জুডিশিয়াল ডিপার্টমেন্ট সামগ্রিক সমস্যার সঙ্গে যুক্ত। কেন্দ্রীয় সরকারের যে জনবিরোধী অর্থনীতি, সেই অর্থনীতির ফলে আমাদের আর্থিক ক্ষমতা অনেকটা সংকুচিত হয়েছে। আরো ভাল আদালতের দরকার এবং বিচার প্রার্থীদের সুযোগ-সুবিধার দরকার-এর ফলে সেগুলো করা যাচ্ছে না। কংগ্রেস আমলে যেভাবে বিচারের জন্য মানুষকে আদালতে আসতে হত এখন সেটা অনেক কমে গেছে। দেওয়ানি মামলা অনেক কমে গেছে। মানুষের কাছে যাতে আরো বেশি করে বিচার ব্যবস্থাটাকে এগিয়ে নিয়ে যাওয়া যায় এবং আদালতে যাতে মানুষকে বেশি আসতে না হয় এবং বিচার ব্যবস্থাকে আরো গণমুখী করার উদ্যোগ নেওয়া যায় সেইদিকটা দেখতে হবে। আমরা জানি শেঠী কমিশন যে সুপারিশ করেছিল সেই সুপারিশ কার্যকরী করার জন্য সুপ্রিম কোর্ট রাজ্য সরকারের ওপর চাপ সৃষ্টি করছেন। আমাদের জুডিশিয়াল ডিপার্টমেন্টের ১২২ কোটি টাকার খরচ। সেখানে শেঠী কমিশনের সুপারিশ কার্যকরী করতে গেলে রাজ্যের নিম্ন আদালতের বিচারপতিদের সুযোগ-সুবিধা এবং মাইনে আরো বাড়িয়ে দিতে হবে। এমনিতেই রাজ্যের নিম্ন আদালতের বিচারপতিদের সুযোগ-সুবিধা এবং মাইনে ইত্যাদি দিতে ১৫০ কোটি টাকা খরচ হচ্ছে। এই শেঠী কমিশনের সুপারিশ কার্যকরী করতে গেলে জুডিশিয়াল ডিপার্টমেন্টের অ্যাডমিনিস্ট্রেশান একেবারে তাহলে কোলাপস্ হয়ে যাবে। এই শেঠী কমিশনের সুপারিশকে কার্যকরী করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার তার কোনো ভূমিকা নিচ্ছে না, রাজ্য সরকারের উপরে চাপ দিচ্ছে। জুডিশিয়াল ডিপার্টমেন্ট তার আগামী দিনের কাজ এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছে। এইকথা বলে জুডিশিয়াল ডিপার্টমেন্টের ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভক্তিপদ ঘোষ : মাননীয় চেয়ারম্যান স্যার, ৩৪ নং দাবির অধীনে পশ্চিমবঙ্গ বিচার সংক্রান্ত প্রশাসনিক যে ব্যয়বরাদ্দের দাবি মাননীয় আইনমন্ত্রী নিশীথ অধিকারী মহাশয় রেখেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই যে দাবি তিনি রেখেছেন

এবং তার সমর্থনে যে যুক্তি দিয়েছেন বা যে কাজগুলো বিগত দিনে হয়েছে সেইগুলো খুবই উল্লেখযোগ্য। এবং একটা উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে কিন্তু সেই অগ্রগতি যে ঘটেছে সেটা শুধু ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে। বিচার ব্যবস্থার ক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে এই যে বিচার ব্যবস্থা এটি ব্রিটিশ আমল থেকে একইভাবে চলে আসছে। সেই বিচার ব্যবস্থার মধ্যেই আমাদের ঘোরাফেরা করতে হচ্ছে। এই বিচার ব্যবস্থাটাকে তৃণমূল পর্যন্ত নিয়ে যাওয়ার পরিকল্পনা আমরা এখনও নিতে পারিনি। এই ক্ষেত্রে আইনমন্ত্রীকে অনুরোধ করব তিনি এই ব্যাপারে একটু চিন্তা-ভাবনা করবেন। আপনি এই জেলা স্তর বা খুব বড় জোর সাব-ডিভিশনাল স্টেজ পর্যন্ত বিচার-ব্যবস্থাকে নিয়ে যেতে পেরেছেন। কিন্তু তারপরেও তারও নীচের স্তরে অগণিত মানুষ রয়েছে, সেখানে ৭০ পার্সেন্ট মানুষ বসবাস করছে এবং এই ব্যয়বহুল বিচার-ব্যবস্থার তাঁরা শিকার হচ্ছেন। তাদের জন্য যাতে বিচার-ব্যবস্থাকে আরো নীচের দিকে নিয়ে আসতে হবে। গণতান্ত্রিক পদ্ধতিতে যে বিচারের সুযোগ পাওয়ার দরকার, সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমার সময় অল্প, শেষে আমি একটা কথা বলব, মাননীয় আইনমন্ত্রীকে অনুরোধ করব, এই বিচার-ব্যবস্থাকে যাতে আরো নীচের স্তরে নিয়ে যাওয়া যায় তার জন্য প্রচেষ্টা নেবেন। এই আশা রেখে, এই ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.20—4.30 p.m.]

শ্রী তপন হোড় : মাননীয় চেয়ারম্যান স্যার, এই ৩৪ নম্বর দাবির সমর্থন বলছি মাননীয় আইনমন্ত্রী যা এখানে উপস্থাপিত করেছেন তাঁকে সমর্থন জানাচ্ছি। আমার বেশি কিছু বলার নেই। আমার সময়ও অল্প। আমি শুধু বলি, জনমানসে একটা প্রশ্ন দেখা দিয়েছে, সেটা হচ্ছে ইনফ্রাসট্রাকচার ডেভলপমেন্ট-এর ক্ষেত্রে আপনার সীমিত পরিসরের মধ্যে থেকে কিছু কিছু ব্যবস্থা নিয়েছেন। এ ক্ষেত্রে যে সমস্যা হচ্ছে—সেই ব্যাপার নিয়ে বলছি আজকে আমার প্রশ্নোত্তরের সময় নিশ্চয় লক্ষ্য করেছেন, এখানে সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ এবং হাইকোর্টের সার্কিট বেঞ্চ উত্তরবঙ্গের জলপাইগুড়িতে হওয়ার কথা, এ ক্ষেত্রে আমাদের রাজ্যবাসী এবং যাঁরা এই কাজের সঙ্গে যুক্ত আছেন তাঁরাও সেইভাবে পরিষেবা পাচ্ছেন না। অন্য যে কথা এখন জনমানসে আসছে, এখন যেভাবে অর্থনৈতিক সমস্যা বাড়ছে, সেই অর্থনৈতিক সমস্যার মধ্যে থেকেই কেন্দ্রীয় সরকারই বলুন বা রাজ্য সরকারই বলুন, এখানে যে ব্যয় সংকোচের কথা বলছেন, সেই ব্যয় সংকোচের মধ্যে আমরা কাগজে যা দেখছি, বিভিন্ন খবরের কাগজ থেকে আমরা যা জানতে পারছি, তাতে জানা যাচ্ছে, হাইকোর্ট এবং অন্যান্য কোর্টে যাঁরা আছেন বিচারপতি থেকে কর্মচারী তাঁরা সমস্তই সেই আইনের ঊর্ধ্বে উঠে গিয়েছেন—এই রকম একটা প্রচার জনমানসে আমরা দেখতে পাচ্ছি। আমরা প্রচার মাধ্যমের মধ্যে দিয়ে দেখতে পাচ্ছি, তারা বলছে, একদিনে বা দুই দিনে এত লিটার তেল পুড়েছে। অথচ আমাদের অর্থমন্ত্রী তিনি একটা সার্কুলার দিয়েছেন—দিনে এত লিটার তেল পাবেন। বিচারপতিদের কথা ছেড়েই দিলাম। কিন্তু অন্যরা তাঁরা কিভাবে এই বেনিফিট পেতে পারেন ; কিভাবে তাঁরা আইনের ঊর্ধ্বে উঠতে পারেন। আমি শুনেছি, বিচারপতিরা

নাকি, তাঁরা বছরে তিনটে করে এল.টি.সি. পান ; এনটায়ার ফ্যামিলিকে নিয়ে। এছাড়া তাঁরা আর কি কি সুযোগ-সুবিধা পান বা আর কি কি সুযোগ-সুবিধা পেতে পারেন, মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় তা জানাবেন। জনগণের টাকা, সাধারণ মানুষের টাকা, সেই টাকা যেন সঠিকভাবে ব্যয়িত হয় সেটা দেখা দরকার। আমি শুনেছি হাইকোর্টের যে ফ্ল্যাগ আছে, সেটার দাম নাকি ২০ হাজার টাকা। ২০ হাজার টাকা ফ্ল্যাগ-এর দাম যদি হয়ে থাকে তাহলে তা মানুষের কাছে জাস্টিফাই করতে হবে। আপনি দপ্তরের মন্ত্রী, এখানে রাজ্য সরকার আছেন, পরিবেশ পরিস্থিতিতে একটা ভয়ঙ্কর সংকট দেখা দিচ্ছে। আজকে হাটকোর্টের দৈনিক তাদের যা খরচ, তাদের যে বিষয়, সেই বিষয়গুলিকে জনগণ উপেক্ষা করতে পারে না। আমরা জনপ্রতিনিধি, হাইকোর্টের বিচার-ব্যবস্থার বিরুদ্ধে বলছি না, সেখানে আমরা হস্তক্ষেপও করছি না। কিন্তু এটা আমাদের জানবার অধিকার আছে কি কি ব্যবস্থা নেওয়া যেতে পারে, কি কি ব্যবস্থা থেকে পরিবেশ পরিস্থিতিটার খানিকটা উন্নতি করা যায়। আমি আপনাকে শেষ কথা বলব, সেটা হচ্ছে, বিচারভবন—এটা কিন্তু এখনও কার্যকরী করা গেল না। এখন কিন্তু কলকাতায় নগর দায়রা আদালত আলাদা করা যায়নি। আমি আগেই বলেছি, দুর্গাপুর, তেহট্ট, কল্যাণী, নবদ্বীপ, বারুইপুর এই সমস্ত জায়গায় পরিকাঠামো গড়েছেন, কিন্তু ব্যবহার হচ্ছে না কেন ? এই ব্যাপারে কি করা যায় সেটা দেখা দরকার এবং রাজ্য সরকারের বা কেন্দ্রীয় সরকারের বা বিচারসভার বক্তব্য কি সেটাও পরিষ্কার হওয়া দরকার। আমি এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যের আইন ও বিচার মন্ত্রী মাননীয় নিশীথ অধিকারী মহাশয় ৩৪ নম্বর দাবির অন্তর্গত বিষয়ে যে বাজেট প্লেস করেছেন ১২২ কোটি ৫৭ লক্ষ ১৩ হাজার টাকা, যার মধ্যে ভোট অন অ্যাকাউন্ট ৪০ কোটি ৮৫ লক্ষ ৭০ হাজার টাকা ধরা আছে, সেই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং বিরোধী দলের আনীত কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিষয়ের উপরে যিনি আলোচনা শুরু করেছেন সেই মাননীয় সদস্য মুস্তাক আলম সাহেব সঠিকই বলেছেন, আমিও এই সম্পর্কে দু-একটি কথা বলব। একটা কথা মাননীয় বিচারমন্ত্রী নিশ্চয় জানেন, তিনি একজন প্রতিষ্ঠিত আইনজীবী, 'জাস্টিস ডিলেইড, জাস্টিস ডিনাইড'। এটা শুধু কথার কথা নয়, আমি এমন ঘটনাও দেখেছি, ১৯৮২ সালে একজন খুন হয়েছে, তার বিচার হচ্ছে ১৯৯১ সালে হাওড়া কোর্টে। এর মধ্যে অনেক সাক্ষী মারা গেছেন, অনেকে অন্যত্র চলে গেছেন। আর যিনি খুন করেছেন তিনি অনেক সময় পাচ্ছেন, সাক্ষীদের প্রলুব্ধ করা, ভয় দেখানো বা অন্য কোনোভাবে বিচারের কাঠগড়ায় সাক্ষীদের নিস্পৃহ করার। সুতরাং আমার মনে হয় আইনমন্ত্রী হিসাবে সবার আগে এই দাবি করা উচিত ছিল, যে মামলাগুলো উচ্চ আদালতে বা নিম্ন আদালতে জমে আছে সেগুলো সঠিকভাবে বিচার করার দায়-দায়িত্ব গ্রহণ করার। আমি আপনাকে একটা উদাহরণ দিচ্ছি, কলকাতা হাইকোর্টে অর্থাৎ উচ্চ আদালতে বৎসরে কত মামলা রুজু হয়। তাতে দেখা যাচ্ছে বৎসরে প্রায় পঞ্চাশ হাজার মামলা উচ্চ আদালতে আসে। আপনাদের বিভিন্ন সময়ে দেওয়া পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে বৎসরে মাত্র দশ

হাজার মামলার নিষ্পত্তি হয়। অর্থাৎ ৪০ হাজারের মতো মামলা প্রতি বৎসরে জমে যাচ্ছে। তাই 'জাস্টিস ডিলেইড, জাস্টিস ডিনাইড' এই কথাটি অন্য কোথাও প্রযোজ্য না হলেও, পশ্চিমবঙ্গের বিচারবিভাগীয় ক্ষেত্রে এটি সবচেয়ে বেশি প্রযোজ্য। মাননীয় মন্ত্রী শ্রী নিশীথ অধিকারীর এই বিষয়টি দেখা দরকার। তাই এই সম্পর্কে বিস্তৃত আলোচনা করার কোনো সুযোগ আছে বলে আমি মনে করি না। নিম্ন আদালতের ক্ষেত্রে এই সমস্যাটা আরও গভীর। অনেক মানুষ আছেন যাঁদের উচ্চ আদালতে আসার ক্ষমতা নেই, তাঁরা নিম্ন আদালতে যান। পশ্চিমবাংলায় বৎসরে নিম্ন আদালতে মামলা রুজু হয় ১ লক্ষ ২৫ হাজার।

[4.30—4.40 p.m.]

আবার কখনও সেটা বেড়ে দেড় লক্ষ হতে পারে। মানুষ আশা করে এক বছরের মধ্যে তার মামলাটা নিষ্পত্তি হবে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে এই কক্ষে দাঁড়িয়ে আপনাকে বলতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নিম্ন আদালতে বছরে ৩০ হাজারের বেশি মামলার নিষ্পত্তি হয় না, প্রায় ৯০ হাজার মামলা ঝুলে থাকে—আপনাদের কথায়—রুজু করা মামলার বিচার হয় না। সুতরাং এই যে পরিকাঠামো, এই যে বন্দোবস্ত, এই কারণে জাস্টিস ডিলেড, জাস্টিস ডিনায়েড কথাটি বলা কি আমার অন্যায় হয়েছে ? আর কোথাও প্রযোজ্য নাহলেও বিচার বিভাগের ক্ষেত্রে কথাটা অবশ্যই প্রযোজ্য।

এই যে পরিকাঠামোর অভাব, এই কথাটি আমার বন্ধু মুস্তাক আলম বলেছেন, আমি আবারও উল্লেখ করছি। এটা হল—বিচারকদের অভাব। যে সংখ্যায় বিচারপতি থাকা বা নিয়োগ করা উচিত, সেই সংখ্যায় নিয়োগ করা সম্ভব হচ্ছে না। আপনাদের একটা উত্তর অবশ্য আছে—অর্থের অভাব। আমি জানি না কেন্দ্রীয় সরকারের বিচার বিভাগের সঙ্গে, তাদের পলিসির সঙ্গে আপনাদের কোনো কনফ্রন্টেশন আছে কিনা। তবে, বিচারপতির সংখ্যা যে কম, এই বিষয়ে কোনো সন্দেহ নেই। একই সঙ্গে উল্লেখ করতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিচারপতি বা জুডিসিয়ারির সঙ্গে যুক্ত কর্মী যে সংখ্যায় থাকা দরকার, সেটাও কম। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি—কত সংখ্যক বিচারপতি কম আছে এবং কত সংখ্যক ওই ধরনের কর্মচারী, যাঁরা তাঁদের সাহায্য করেন—কম আছে।

মাননীয় মন্ত্রী জানেন বিচারপতিরা কত মাইনে পান, উচ্চ আদালতের বিচারপতিরা কত মাইনে পান, আমি তার মধ্যে যাচ্ছি না। আপনারা প্ল্যান বাজেটে অনেক কথা বলেন, তথ্য দিয়ে সেসব বিশ্লেষণ করার দরকার নেই—কোথায় কোথায় নতুন বাড়ি বা গ্রন্থাগার করেছেন ইত্যাদি। আগে হয়তো আপনি যেতেন, মন্ত্রী হবার পর যান না, বা কম যান—নিম্ন আদালতে গিয়ে সরেজমিনে গিয়ে দেখতে পাবেন সব জায়গায় গ্রন্থাগার নেই, যদিও কোথাও থাকে, তার অবস্থা এমন অনুন্নত যে, সেইগুলোকে ব্যবহার করে নতুন কোনো জ্ঞানার্জন করা যাবে তার কোনো বন্দোবস্ত নেই। বার লাইব্রেরি না থাকার ফলে আইনজীবীরা বসার মতো জায়গা পান না। আর একটা উত্তর আপনার কাছে আশা করছি মাননীয় মন্ত্রিমহাশয়, সেটা হল সল্টলেকের বিজন ভবন। প্ল্যান বাজেট থেকে এই বিজন ভবন তৈরি করেছিলেন কেন্দ্রের সহায়তায় বা আপনাদের টাকায়। বিজন ভবনে আপনি থাকবেন না। আপনার

দপ্তরের অধিকর্তারা না, আমরা বিধানসভার সদস্যরা নয় বিজন ভবনে থাকবেন কে না, যাঁরা বিচারপতি তাঁরা ওখানে গিয়ে থাকবেন। আজ পর্যন্ত কতজন বিচারপতি ওখানে গিয়েছেন। ১০ কোটি টাকা খরচ করে আপনি ওই আবাসন তৈরি করলেন। সরকারি কর্মচারীদের জন্য নয়, পুলিশের জন্য নয়, আপনার দপ্তরের নিম্নবর্গের কোনো কর্মচারীদের জন্যও নয়, উচ্চ আদালতের মাননীয় বিচারপতিরা থাকবেন বলে আপনি কি এতই অনুপযুক্ত ঘর তৈরি করলেন যেখানে একজনও বিচারপতি গেলেন না। স্বাভাবিক কারণেই আমাদের মনে হবে যে ১০ কোটি টাকা খরচ করে যে বাড়ি তৈরি করলেন বিচারপতিদের জন্য, সেই বাড়িতে তারা গেলেন না, সেই বাড়ি তাঁদের থাকার উপযুক্ত নয় বলে, নাকি এর পিছনে অন্য কোনো কারণ আছে, এই প্রশ্নের জবাব আমি আপনার কাছে চাইছি। আপনারা বলেছিলেন দরিদ্র মানুষ যারা, তাদের উপর অত্যাচার হচ্ছে, অবিচার হচ্ছে কিন্তু তাদের বিচার প্রার্থনা করার সুযোগ তারা পায় না কারণ আইনজীবীদের দেয় যে অর্থ সেই অর্থ দিয়ে বিচার প্রার্থনা করার সুযোগ তাদের নেই। আপনারা বারবার বলেছিলেন আমরা তাদের সাহায্য করব সরকারি বন্দোবস্ত থেকে এই বন্দোবস্তকে আপনারা কতখানি এগিয়ে নিয়ে গেছেন বলবেন। আমাদের এখানে দরিদ্র মানুষ এই সুযোগ না পাওয়ার ফলে দরিদ্র মানুষের কাছে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদছে। তাদের এখনো সেই জায়গাতে যেতে হচ্ছে যেখানে ঘরবাড়ি বন্ধক রেখে, ঘটিবাটি বিক্রি করে, মিথ্যা মামলা করে দেওয়া অভিযুক্তকেও সেখানে যেতে হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি যে লোক আদালত ইদানীং কিছুটা ভালো রেজাল্ট করছে। আপনার কাছে অনুরোধ করব লোক আদালত বাড়ানোর কথা ভাবছেন কিনা ? লোক আদালত বাড়ালে কতদিনের মধ্যে বাড়াচ্ছেন, কী ভাবে তার পরিকল্পনা করছেন। এই কথাটা আপনার কাছে শুনতে চাই। এবারে আপনার দপ্তরের একটি ব্যর্থতার কথা উল্লেখ করছি। মাননীয় মন্ত্রীমহাশয়, ৯১ সালে মে মাসের আগে ৩০০টা নোটারি পদ ছিল, কেন্দ্রীয় সরকার আপনাকে আরও ১৫০টি নোটারি পদ বাড়াতে বলেছিলেন। আপনি বাড়িয়েছেন কত ? আপনি বাজেট বিবৃতিতে বলেছেন আপনি ৩২৫টা পদ পূরণ করেছেন। ৯১ সালের মে মাসের আগে ৩০০টা পদ ছিল, কেন্দ্রীয় সরকার সেটাকে বলছেন ৪৫০টা করতে, আপনি এখনো পর্যন্ত ১২৫ পদ পূরণ করতে পারেননি। ১২ বছর অতিক্রান্ত হয়ে গেছে। সর্বশেষে আমি যে কথা বলব আপনি ম্যারেজ রেজিস্টারের কথা বলেছেন, আমি শুধু বলছি ম্যারেজ রেজিস্টারের যে অ্যাপয়েন্টমেন্ট দেন তার মধ্যে কি আপনার দপ্তরের পক্ষপাতিত্ব থাকে ?

[4.20—4.50 p.m.]

তার মধ্যে কি আপনার দপ্তরের কোথাও দুর্নীতির কোনো কিছু আছে ? যার সঙ্গে আপনি সরাসরি যুক্ত না হলেও আপনার নীরবতা, যার জন্য আপনি এই ভাবে ম্যারেজ রেজিস্টার করার কথা বলেন। আমি শুধু আর একটি কথা বলবো যেন বিচারের বাণী নীরবে-নিভৃতে না কাঁদে। যাতে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ সঠিক সময়ে সঠিক বিচার পান, যার বন্দোবস্ত করতে আপনি ব্যর্থ হয়েছেন। তাই আপনার এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের এবং বিরোধী দলের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিশীথ অধিকারী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩৪ নম্বর দাবির যাঁরা বিরোধিতা করেছেন এবং যাঁরা ছাঁটাই প্রস্তাব এনেছেন আমি মনে করি তাঁদের এই বিচার ব্যবস্থা এবং সরকারি বিচার বিভাগ এই দুটি সম্পর্কের যে পারস্পরিক অবস্থান সেটা জানা দরকার। সরকার বিচারালয় স্থাপন করে ঠিকই কিন্তু ন্যায়ালয়ের উপরে আমরা নিয়ন্ত্রণ করতে পারি না। আমাদের সংবিধান তা দেয়নি। আমরা ওই মন্দির নির্মাণ পর্যন্তই করতে পারি, কিন্তু তার ভিতরে কী হচ্ছে, পুরোহিত, পাণ্ডা, পূজারী কে হবে সেটা দেখা বা নিয়ন্ত্রণ আমাদের হাতে নেই। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের বিচার ব্যবস্থা হচ্ছে প্রতিদ্বন্দ্বিতামূলক বিচার ব্যবস্থা, অ্যাডভার্সারি সিস্টেম। এখানে দুই পক্ষ লড়াই করে, বিচারক রেফারি। যারা গায়ের জোরেই হোক, অর্থ বলেই হোক, বুদ্ধি বলেই হোক বা তদ্‌বিরের জোরেই হোক জেতেন, আর যারা জেতেন না। যারা একবার ইনজাংশান পেয়ে গেলেন তারা বছরের পর বছর তাদের তদ্‌বিরের জোরে ঝুলিয়ে রাখেন। এর জন্য দায়ী সরকারের বিচার বিভাগ নয়, এর জন্য দায়ী বিচারের পদ্ধতি। সেই বিচার পদ্ধতিকে আমাদের সংবিধানে আমরা ১৯৫০ সালেই গ্রহণ করেছি এবং সেটাই চলছে। এই যে বিচার পদ্ধতি এটা যতদিন থাকবে ততদিন পর্যন্ত আপনার জাস্টিস ডিলেড, জাস্টিস ডিনায়েড হবে। ডিনায়েড জাস্টিসকে কিন্তু তাড়াতাড়ি করে উঠতে পারব না। এই যে শিক্ষামন্ত্রী এখানে বসে আছেন, উনি বলতে পারবেন কতগুলি মামলা কোনো মতে হাইকোর্টে ইনজাংশান পেয়ে গিয়ে যারা রিটায়ার করেছেন তারাও কিন্তু চাকরি করে যাচ্ছেন। হাইকোর্টের হিমঘরে যদি একবার ঢুকিয়ে দেওয়া হয় তাহলে কিছু করা যাবে না। যার ফলে বিচারের পাহাড় জমছে বা বিচার দীর্ঘায়িত হচ্ছে। এর দায়-দায়িত্ব বিচার বিভাগের নয়। অনেক কথা বলা যায় না, আপনারা জানেন আর্টিকেল ২২১-তে যেখানে আমরা এখন বসে আছি সেখানে এ সম্পর্কে আলোচনা করা যায় না। আমাদের কিছু জায়গায় সীমাবদ্ধতা আছে, সেই জায়গাতে দাঁড়িয়ে আমাদের কথা বলতে হবে। আমাদের মাননীয় সদস্য মুস্তাক আলম মহাশয় এখানে বলেছেন আমরা নাকি গরিব মানুষদের কোর্টে আসা বন্ধ করে দিয়েছি। ওনার জানা দরকার সরকার নয়, এই বিধানসভায় আমরা আইন করেছি তাই কোর্ট ফি বেড়েছে। কিন্তু গরিব মানুষের নয়। আবার বলছি, যাদের রোজগার অল্প তাদের ক্ষেত্রে কোর্ট ফি আন্ডার সেকশন-৪৭ নেওয়া হয় না ঠিক করা আছে। এ ব্যাপারে লিগ্যাল সার্ভিসেস অথরিটি আছে, কোর্ট ফি বন্ধ করা আছে। এগুলো জানা দরকার। যারা শ্রমিক, দুস্থ মহিলা তাদের কোর্ট ফি লাগে না। আপনি কোর্ট ইউজ করবেন, ব্যবহার করবেন, আরেকজনকে হয়রান করবেন, পয়সা দেবেন না, এটা হতে পারে না। আমাদের দেশে সময় সুযোগের ভিত্তিতে বিচার আছে। কিন্তু বিচারকে ফ্রি করার কথা কনস্টিটিউশনে বলা নেই। ঘটনা কি ঘটেছে আপনি জানেন আমিও জানি। আজ থেকে ৩২ বছর আগে ১৯৭০ সালে কোর্ট ফি ঠিক হয়েছে। কোর্ট ফি-র ক্ষেত্রে ৭৫ পয়সা, ৫০ পয়সার দামের যে কাগজপত্র ছাপাতে হয়। তাতে খরচ পোষায় না। ঘটনাগুলো তো আপনারা জানেন। নাসিক থেকে কোর্ট ফি-র কাগজপত্র ছাপিয়ে আনতে হয়। আজকে মূল্যমান ঠিক ১০ গুণ বৃদ্ধি পেয়েছে। তারপর আরেকটা ঘটনা কি ঘটেছে ? শেঠি কমিশনকে অ্যাপ্লাই করে সুপ্রিম কোর্ট যা বলেছে তাতে বিচার ব্যবস্থার ব্যয়-বরাদ্দকে ১০ গুণ করতে হবে। অর্থাৎ যা আছে, ৩৪ কোটি টাকা পাওয়া যায়, খরচ হয় ১৫০ কোটি টাকা। আর, শেঠি কমিশনের হিসাব যদি ধরা হয় তাহলে এই হিসাব গিয়ে দাঁড়াবে ১,৫০০ কোটি টাকা।

এটা বুঝে নিতে হবে কোথায় দাঁড়িয়ে আছি। তাহলে ১০ গুণ ১০ অর্থাৎ ১০০ গুণ বরাদ্দ বাড়াতে হবে। তাহলে ভায়োবেল হবে। খাবার জল, হাসপাতাল, শিক্ষা ব্যবস্থা—সেগুলো আগে করা হবে না মানুষকে মানুষ হয়রান করবে সেই জায়গা আগে করা হবে ? এটা আপনারা বুঝতে চেষ্টা করুন। শতকরা কতজন মানুষ আদালতে আসে জানেন ? শতকরা ১ ভাগ মানুষও আদালতে বিচার নিষ্পত্তির জন্য আসে না। ৬০ হাজার বর্গাদারের বিরুদ্ধে মালিকরা হাইকোর্টে মামলা করেছিল কিন্তু ৬০ জন বর্গাদারও হাইকোর্টে মামলা করতে আসেনি। এটা বুঝে নিতে হবে, বিচার ব্যবস্থা বুঝে নিতে হবে। আমাদের সীমাবদ্ধতা বুঝে নিতে হবে তার পর আপনাদের প্রশ্নগুলোর কথা চিন্তা করতে হবে। আপনারা পরিকাঠামোর কথা বলেছেন। আমি আপনাদের আবার স্মরণ করিয়ে দিচ্ছি, স্বাধীনতার পরে প্রথম ২৫ বছরের ভেতর কোথাও কোনো পরিকাঠামোর ব্যবস্থা করা হয়নি। প্ল্যান বাজেট বলে কিছু ছিল না। আবার জেনে নিন কংগ্রেস আমলে পশ্চিমবাংলায় বিচার ব্যবস্থার কোনো প্ল্যান বাজেট ছিল না, সেটা পরবর্তীকালে এসেছে। বাড়িগুলো ব্রিটিশ আমলে যা হয়েছে হয়েছে। মধ্যে কিছু হয়নি। বাড়িগুলো তৈরি হলেও সেগুলো ইউজ করার ব্যাপারে সীমাবদ্ধতা আছে। আমাদের কাজ পুরোহিতের মতো। বিচারক বা বিচারপতিদের নিযুক্ত করেন কনস্টিটিউশন। আর্টিকেল ২১৭, ২৩৪। তাতে সরকারের ক্ষমতা কতটুকু ? আর্টিকেল ২৩৪-এ সরকার নিযুক্ত করেন ঠিকই কিন্তু পি.এস.সি. ঠিক করে দেয় আমাদের হাইকোর্টের সঙ্গে কনসাল্ট করে। তারপর আমরা করি। এই মুহূর্তে হাইকোর্টে রিক্রুটমেন্টের রুলসের ব্যাপারে মামলা পেন্ডিং আছে। সুপ্রিম কোর্ট ডিসিশন দিয়েছে—ঠিক হয়নি।

[4.50—4.56 p.m.]

কী করে নিয়োগ করবেন এখন ? অবস্থাটা বুঝে নিন। আর্টিকেল—২১৭, হাইকোর্টের জজের অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে সেখানে আমাদের ভূমিকা—সত্যি কথা বলতে গেলে বলতে হয় যে, সেখানে আমাদের ভূমিকা নেই। এখন বিচারকরা নিজেরাই নিজেদের নিযুক্ত করেন, নিজেরাই নিজেদের স্যালারি অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ঠিক করেন। অবস্থাটা সেই জায়গায় দাঁড়িয়েছে। আমাদের বিধানসভায় আমরা দিই, আমি এটাকে বলবো দেয়ালয়, আর ওটাকে বলবো নেয়ালয়। আমরা দিয়ে যাই, কিন্তু এই নেওয়ার ক্ষেত্রে নিয়ন্ত্রণ করতে পারি না। ফলে আপনাদের বুঝে নিতে হবে যে, পরিকাঠামোর ক্ষেত্রে ঠিক একই অবস্থা। অসিতবাবু বলেছেন, অসিতবাবুকে আমি এটা শুনিয়ে দিই যে, ঠিকই, বিজন ভবন বহু পয়সা খরচা করে সল্টলেকে তৈরি করা হয়েছে—বিচারপতিদের সেখানে আবাসন করার জন্য। কখন করা হয়েছে ? যে সময় সুপ্রিম কোর্ট থেকে ঠিক করে দিয়েছিল যে, ওয়ান-থার্ড, এক-তৃতীয়াংশে হাইকোর্টের বিচারপতিরা বাইরে থেকে আসবেন। হাইকোর্টের বিচারপতিরা তাঁদের আইন অনুযায়ী ফ্রি ফার্নিশড্ কোয়ার্টার্স পাবেন। যদি তা না হয় তবে তাঁরা ১০ হাজার টাকা করে হাউস রেন্ট অ্যালাউন্স পাবেন। আমরা নিশ্চয় ধরে নিয়েছিলাম যে, ওয়ান-থার্ড যাঁরা বাইরে থেকে আসবে তাদের জন্য, তাঁদের এখানে বাড়ি থাকবে না—তাঁর হাউজ রেন্ট অ্যালাউন্স না নিয়ে তাঁরা বাড়িতে থাকবেন। কারণ দিতেই হবে, তাঁদের যেমন করেই হোক দিতেই হবে। বুঝতেই পারছেন, এবং সেটা তাঁদের পছন্দ-অপছন্দের ব্যাপার

হবে। তখন তাঁরা দাঁড়িয়ে ঠিক করলেন—কেমন জায়গায় থাকার জায়গা করা হবে। তারপর বিশাল টাকা খরচা করে ওই বাড়িটা করা হল—১৮টা ফ্ল্যাট। পরবর্তীকালে যখন ফ্ল্যাটটা তৈরি হল, যখন নেওয়ার ব্যবস্থা হল, ঠিক সেই সময়ে সুপ্রিম কোর্ট থেকে ওঁরা ঠিক করে দিলেন, 'না, আমাদের ট্রান্সফার পলিসি চেঞ্জড্ বাইরের লোকেরা আসবে না।' গভর্নমেন্ট কিন্তু ইতিমধ্যে অনেক টাকা খরচা করে ফেলেছে। এবারে অন্যভাবে ভাবা হচ্ছে। ঘরগুলো আছে—গেস্ট হাউস হবে, না হলে ফেরত দিয়ে অন্যভাবে ব্যবহার করতে হবে। অবস্থাটা বুঝে নিন। এটার জন্য দায়ী কিন্তু বিচার বিভাগ নয়, সরকার নয়। যাঁরা দায়ী—তাঁদের বিরুদ্ধে আপনি আলোচনা করতে পারবেন না। Article 121 is there and Article 222 is there আমি এই বিতর্কিত ব্যাপারের মধ্যে যাব না। আমি আর দুটোর কথা বলবো। আপনি নোটারির পদ আর ম্যারেজ রেজিস্ট্রারের পদের কথা বলেছেন। আপনাদের শুনিয়ে দিই, আপনাদের সময় কখনোই ছিল না—কংগ্রেস আমলে কখনোই ছিল না। আমাদের সময়—এখন আমরা কিন্তু রিটেন টেস্ট করেছি। নোটারির জন্য রিটেন টেস্ট হয়, উকিলরা যাঁরা ১০ বছর ধরে ওকালতি করছেন তাঁরা রিটেন টেস্ট দেন। লেখা থাকে, কিসে কী পেয়েছে না পেয়েছে বোঝা যায়। ট্রান্সপারেন্সি থাকছে। দ্বিতীয় কথা হচ্ছে যে, এই পরীক্ষাগুলো হওয়ার পর তারপর তাদের নিযুক্ত করা হয়। নিযুক্ত মানে আমরা পয়সা দিয়ে নিচ্ছি না। তাদের লাইসেন্স দেওয়া হয়। আর ম্যারেজ অফিসারের ক্ষেত্রে জেনে রাখুন যে, আগে ম্যারেজ অফিসারের ক্ষেত্রে মন্ত্রী বা মন্ত্রীর কাছাকাছি লোকেরা বসে করে দিত। এখন আমরা ডিস্ট্রিক্ট লেভেলে সিলেকশন কমিটি করেছি। সেখানে কে থাকে জানেন ? ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থাকেন, জি.পি., পি.পি.-এর একজন থাকেন, জেলা পরিষদের অর্থাৎ পাবলিক রিপ্রেজেনটেটিভ একজন থাকেন। এটা প্রত্যেকটি ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে আছে। সেই সিলেকশন কমিটি তাঁরা একটা লিস্ট করে পাঠান। তার প্রথম, দ্বিতীয়, প্রথম দ্বিতীয় করে আমরা অ্যাপয়েন্টমেন্ট দিই। অর্থাৎ ট্রান্সপারেন্সি নোটারির ক্ষেত্রেও আনা হয়েছে, ম্যারেজ অফিসারের ক্ষেত্রেও আনা হয়েছে। যেটা আগে ছিল না। তারপর এ.পি.পি.-র কথা উনি বললেন। এ.পি.পি. কথা শুনে নিন যে, আগে কংগ্রেস আমলে নিজেদের খুশিমত লোককে এখানে বসানো হত। ওই যে বললেন অফিস থেকে বসানো হত—মন্ত্রীর পছন্দের লোককে বসানো হত, এখন আছে পাবলিক সার্ভিস কমিশন। ফলে চেহারাটা পালটে গেছে। আমরা কিন্তু একটা পরিচ্ছন্ন প্রশাসন দেওয়ার চেষ্টা করছি বিচারব্যবস্থার ক্ষেত্রে। আমি এই কটি কথা বলে আর সময় না নিয়ে এই সঠিকভাবে বিচার করার দায়-দায়িত্ব বিচার বিভাগের নয়—এটাও অসিতবাবুকে শুনিয়ে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি ছাঁটাই প্রস্তাবগুলোর বিরোধিতা করছি এবং ৩৪তম যে দাবি সেই দাবিকে সমর্থন করার জন্য আপনাদের কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

DEMAND NO. 34

The motion that the Amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions that the Amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 122,57,13,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014—Administration of Justice, 2029—Land Revenue, 2052—Secretariat—General Services, 2070-Other Administrative Services, 2235—Social Security and Welfare and 3454—Census, Surveys and Statistics" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 40,85,70,000 already voted on account in March, 2003)

was then put and agreed to.

Adjournment

At this stage the House was adjourned at 4.57 p.m. till 11 a.m. on Tuesday, the 8th July, 2003 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 8th July, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 8 Ministers, 04 Ministers of State and 80 Members.

[11.00—11.10 a.m.]

শ্রী আবদুল মান্নান : স্যার, ইতিপূর্বে হাউসের বুলেটিনে আমরা দেখেছিলাম এগ্রিকালচার ডিপার্টমেন্টের ২১৪নং কোশ্চেনটি আজকে হাউসে উত্থাপিত হবে এবং রিপ্লাই হবে। কিন্তু আজকে হাউসে এগ্রিকালচার মিনিস্টারকে দেখতে পাচ্ছি না, ফলে কোশ্চেনটির আজকে রিপ্লাই হবে না। আপনি এর আগে অনেকবার বলেছিলেন যে, কনসার্নড মিনিস্টারকে অবশ্যই হাউসে উপস্থাপিত থাকতে হবে। তথাপি আজকে এগ্রিকালচার মিনিস্টার হাউসে অনুপস্থিত। এর আগের মিটিং-এ আপনি বলেছিলেন সংশ্লিষ্ট মন্ত্রীকে অবশ্যই হাউসে উপস্থিত থাকতে হবে এবং সদস্যদের প্রশ্নের উত্তর দিতে হবে। আমি আপনার প্রোটেকশন চাইছি, বুলেটিনে ২১৪নং প্রশ্নটির উল্লেখ থাকা সত্ত্বেও সেটা আজকে হাউসে আসছে না, রিপ্লাই হচ্ছে না। বাইরে মিটিং করে ফ্রন্টের সমালোচনা করছেন ; অথচ আমরা অগ্রিকালচার ডিপার্টমেন্টের কোশ্চেনের রিপ্লাই পাচ্ছি না। এ অবস্থায় আমি আপনার প্রোটেকশন চাইছি।

মিঃ স্পীকার : আমাকে কমলবাবু ফোন করে বলেন যে, ওঁর কিছু প্রবলেম আছে, উনি হাউসে উপস্থিত হতে পারবেন না। ওনার কিছু শরীরিক এবং অন্যান্য অসুবিধা আছে সেজন্য উনি থাকতে পারবেন না এবং সেজন্য উনি আমার অনুমতি চেয়েছেন। আমার অনুমতি নিয়েই উনি আজকে হাউসে অনুপস্থিত আছেন। যদি কেউ অনুমতি নিয়ে থাকেন তাহলে আর কিছু বলার থাকে না। অনুমতি না নিলে বা অনুমতি ছাড়া কেউ অনুপস্থিত থাকলে অভিযোগ করা যেতে পারে। অনুমতি নিয়ে কেউ যদি অনুপস্থিত হন তাহলে সে বিষয়ে কোনো অভিযোগ তোলা যায় না। সুতরাং এ রকম অভিযোগ কেন করেন । লম্বা অধিবেশন চললে একজন একদিন, না এক দিন অনুপস্থিত থাকতেই পারেন। এতে কৈফিয়ত দেবার কি আছে ! মেম্বাররা যখন অনুপস্থিত থাকেন তখন কে কৈফিয়ত দেয় ?

Held Over Starred Question
(To which oral answers was given)

*19 : Not present.

অসম্পূর্ণ গভীর নলকূপ ও নদী জল উত্তোলন প্রকল্প

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বেশ কিছু সংখ্যক গভীর নলকূপ ও নদী জল উত্তোলন প্রকল্পের কাজ অসম্পূর্ণ আছে ;

(খ) সত্যি হলে অসম্পূর্ণ প্রকল্পগুলি সম্পূর্ণ করার কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(গ) উক্ত অসম্পূর্ণ প্রকল্পের সংখ্যা কত (জেলাওয়াড়ি) ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) জলসম্পদ উন্নয়ন অধিকার কর্তৃক আর.আই.ডি.এফ-২ পরিকল্পনায় বিভিন্ন ক্ষমতাসম্পন্ন ২৯৮টি গভীর নলকূপ স্থাপনের কাজের মধ্যে ১১টি বিদ্যুৎ সংযোগের অভাবে এবং একটি স্থানীয় সমস্যার কারণে অসম্পূর্ণ আছে। কাজ সম্পন্ন করে প্রকল্পগুলিতে দ্রুত রূপায়ণের জন্য ইতিমধ্যেই রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সাথে যোগাযোগ করা হয়েছে। ৪৫৫টি বিভিন্ন ক্ষমতাসম্পন্ন নদী জলোত্তোলন প্রকল্প স্থাপনের কাজের মধ্যে ৪টি স্থানীয় সমস্যার কারণে এখনো পর্যন্ত স্থাপন করা হয়নি। জেলা আধিকারিক এ ব্যাপারে ইতিমধ্যেই স্থানীয় পঞ্চায়েতের সাথে যোগাযোগ করেছেন।

জলসম্পদ উন্নয়ন অধিকার কর্তৃক 'কোর সেক্টরে' নেওয়া ৫৬টি নলকূপ প্রকল্প মধ্যে এবং ৫০টি নদী জলোত্তোলন প্রকল্পের মধ্যে যথাক্রমে ৪৬টি ও ৩৯টির কাজ বিভিন্ন কারণে যথা আদালতে মামলা-মোকদ্দমা থাকায় (কোর্ট কেস) অথবা বিদ্যুৎ সংযোগ না হওয়ার জন্য অসমাপ্ত রয়েছে। তবে অধিকাংশ প্রকল্পের কাজে পাইপ্ ও যন্ত্রপাতি সরবরাহ সম্পন্ন হয়েছে এবং পাইপ লাইন পাতার কাজ চলছে।

এছাড়া জেলা পরিষদের মাধ্যমে আর.আই.ডি.এফ এবং গ্র্যান্ডস ইন এড-এর অন্তর্ভুক্ত প্রকল্পগুলির কাজ চলছে, যদিও বিস্তারিত তথ্য সরকারের হাতে এই মুহূর্তে নেই। এ ব্যাপারে বিভিন্ন জেলা পরিষদের সাথে যোগাযোগ করে তথ্য চাওয়া হয়েছে।

এছাড়া রাজ্য ক্ষুদ্র সেচ নিগমে ২১টি গভীর নলকূপের এবং ১২টি নদী জলোত্তোলন প্রকল্পের মধ্যে যথাক্রমে ১৩টি এবং ৭টির কাজ চলছে।

(গ) জলসম্পদ উন্নয়ন অধিকার কর্তৃক গৃহীত প্রকল্পগুলির মধ্যে জেলাভিত্তিক অসম্পূর্ণ প্রকল্পের পরিসংখ্যান নিম্নে দেওয়া হল।

জেলা	জলসম্পদ উন্নয়ন আধিকারের অধীন		ক্ষুদ্র সেচ নিগমের অধীন	
	নলকূপ প্রকল্প	নদী জলোত্তোলন (RLI)	গভীর নলকূপ (DTU)	নদী জলোত্তোলন (RLI)
১) কোচবিহার	৩			
২) জলপাইগুড়ি				
৩) দার্জিলিং (শিলিগুড়ি)				

জেলা	জলসম্পদ উন্নয়ন আধিকারের অধীন		ক্ষুদ্র সেচ নিগমের অধীন	
	নলকূপ প্রকল্প	নদী জলোত্তোলন (RLI)	গভীর নলকূপ (DTU)	নদী জলোত্তোলন (RLI)
৪) উঃ দিনাজপুর		১		১
৫) দঃ দিনাজপুর				
৬) মালদা	২৮			৪
৭) মুর্শিদাবাদ	৬			
৮) নদিয়া			১	
৯) উঃ ২৪-পরগনা	১		৭	
১০) দঃ ২৪-পরগনা	১			
১১) হাওড়া				
১২) হুগলি		১	১	
১৩) বর্ধমান			২	
১৪) বীরভূম			১	
১৫) পূঃ মেদিনীপুর	৯	১৮	৯	৭
১৬) পঃ মেদিনীপুর	১০	২১		
১৭) বাঁকুড়া				
১৮) পুরুলিয়া	২			
মোট	৫৮	৪৩	২১	১২

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় (ক), (খ) এবং (গ) প্রশ্নের যে উত্তর দিলেন তাতে বোঝা গেল সেচ সম্প্রসারণের জন্য বিশাল কর্মযজ্ঞ চলেছে। আপনি জানেন এবং এর আগেও বাজেটে ঘোষণা করেছিলেন যে আমাদের রাজ্যে মোট ৫৫ লক্ষ হেক্টর জমির মধ্যে ৩৪ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় এসেছে। ৫ বছরের মধ্যে চাষযোগ্য জমির ৭৫ শতাংশ সেচের আওতায় আনতে হবে। ইতিমধ্যে ৬৭ শতাংশ সেচের আওতায় এসেছে, আরো সাড়ে ৭ লক্ষ হেক্টর জমিকে আনতে হবে ৫ বছরের মধ্যে। ২০০১-২০০২, ২০০২-২০০৩ এবং চলমান আর্থিক বছরে এই ৩ বছরের মধ্যে আরো সাড়ে ৭ লক্ষ হেক্টরের মধ্যে আপনার ক্ষুদ্র সেচ বিভাগের যে অংশটা পড়ে তার কতটা আপনি কার্যকরী করতে পারবেন ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আমি আমার বাজেট বক্তৃতায় বলেছি। ইতিমধ্যে আপনারা সেটা পেয়েছেন এবং পড়েছেন এবং আমি পাবলিকলিও বলেছি যে, ক্ষুদ্র সেচের আওতায় কমপক্ষে বছরে ১ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতাভুক্ত করতে হবে। এই ১ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতাভুক্ত করার ব্যাপারে আমরা বদ্ধপরিকর। এর জন্য টাকার অভাব আছে বটে, কিন্তু যে কোনোভাবেই হোক আমরা চেষ্টা করছি এই লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় আর একটা সমস্যার কথা আপনি বাজেটে তুলে ধরেছেন যে, আমাদের রাজ্যে ইতিমধ্যে ৩১টি ব্লক গ্রে এবং ৬১টি ডার্ক। এছাড়া আর্সেনিক, ফ্লোরাইড এবং লবণাক্তের সমস্যা আছে। আপনি যে কর্মসূচি নিয়েছেন ১ লক্ষ হেক্টর জমিকে প্রতি বছর ক্ষুদ্র সেচের আওতায় আনতে হবে, এই প্রতিকূল অবস্থা কাটিয়ে ক্ষুদ্র সেচের আওতায় আনার অভিষ্ট লক্ষ্যে কি করে পৌঁছাবেন ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : যদিও মূল প্রশ্ন এই প্রশ্নে সম্পর্কিত নয়, তা সত্ত্বেও আমি এর আগে বিধানসভায় বলেছিলাম যে জলের বিজ্ঞাপনটা জলের মতো তরল নয়, খুবই কঠিন, বিশেষ করে পশ্চিমবাংলায় খুবই কঠিন। এই যে ডার্ক, গ্রে এবং হোয়াইট এর সংজ্ঞা পরিবর্তন করার জন্য—সংজ্ঞা কেবল নয়—ব্লকগুলি রি-অ্যাসেস করার জন্য ভারত সরকার এবং রাজ্য সরকার যৌথভাবে অনুসন্ধান কার্য চালাচ্ছেন। এগুলি ক্রিটিকাল, সেমি-ক্রিটিকাল এবং সেফ—এইভাবে সংজ্ঞা নির্ধারণ করা হবে। নতুনভাবে পর্যালোচনা করার এটা একটা দিক। তা সত্ত্বেও মাটির তলা থেকে যথেচ্ছভাবে জল উত্তোলন করায় যে সমস্যা সৃষ্টি হয়েছে তা তো চলে যাবে না।

[11.10—11.20 a.m.]

কিন্তু আমরা কিভাবে এই লক্ষ্যে পৌছাবো ? কেবল এটাই সমস্যা নয়। জলের দূষণের সমস্যা আছে, আবার ল্যাটেরাইট জোনের সমস্যাও আছে। এ ব্যাপারে আমি আপনাদের আশ্বস্ত করতে পারি এই বলে যে, আমরা পরিকল্পনাগুলি এমনভাবে গ্রহণ করার চেষ্টা করছি—সেটা হচ্ছে, মাটির তলার জল নিশ্চয় উত্তোলন করা হবে। বিশেষভাবে উত্তরবাংলার মালদহ জেলার একটা অংশ বাদ দিয়ে বাকি সমস্ত জেলার মাটির তলার জল যথেষ্ট পরিমাণে আছে। সুতরাং উত্তরবাংলাতে মাটির তলার জল উত্তোলন করার সমস্যা অনেক কম। কিন্তু তা সত্ত্বেও দক্ষিণবঙ্গ এবং উত্তরবঙ্গ এই দুটি জায়গাতেই এখন আমাদের নীতি হচ্ছে সারফেস ওয়াটার এবং গ্রাউন্ড ওয়াটার-এর কনজাংটিভ ইউজ, অর্থাৎ যুগপত ব্যবহার করা। আমাদের রাজ্যে বৃষ্টিপাত যথেষ্ট পরিমাণে হয়, কম হয় না। কিন্তু আমাদের নদী, নালা, খাল, বিল, পুকুরগুলি সিলটেড হয়ে যাবার ফলে এই ওয়াটার বাডিসগুলি জল ধারণের ক্ষমতা হারিয়ে ফেলেছে। তাই বেশি বৃষ্টি হলে বন্যা হয়, কম বৃষ্টি হলে সেখানে খরা দেখা দেয়। কোনো কোনো এলাকার অবস্থা এমন যে মাটির উপরের জল, ভূপৃষ্ঠের জল, সারফেস ওয়াটার এটা ধরে রাখতে পারে না। যেমন বৃষ্টিপাত হয় তেমনি তা সমুদ্রে বিলীন হয়ে যায়। এইজন্য আমরা নদী, নাল, খাল, বিল, দিঘি এগুলিকে একদিকে সংস্কার করার পরিকল্পনা, আবার অপরদিকে নতুন ওয়াটার বডিস ক্রিয়েট করে এই সারফেস ওয়াটারটা ধরে রাখা এবং তার দ্বারা সেচের কাজ করা, এটা যদি করতে পারি তাহলে সারফেস এবং গ্রাউন্ড ওয়াটার-এর যুগপত ব্যবহার আমরা করতে পারি। তা যদি করতে পারি তাহলে আমার মনে হয় আমরা যে পরিকল্পনা নিয়ে এগুচ্ছি সেই পরিকল্পনায় আমরা নিশ্চয় এই লক্ষ্যে পৌঁছাতে পারব বলে আমার মনে হয়।

শ্রী আবু আয়েশ মণ্ডল : জলসম্পদ আধিকারিক-এ বা কোর সেক্টরে আর.আই.ডি.এফ. টু প্রকল্প চালু আছে, এই সমস্তগুলি সম্পূর্ণ করার চেষ্টা করেছেন। এছাড়া ক্ষুদ্র সেচের সম্প্রসারণে আর.আই. ডি.এফ. ফাইভের সাহায্য নিচ্ছেন। ন্যাবার্ড, গ্রামীণ উন্নয়ন পরিকল্পনার তহবিল থেকে এই পরিকল্পনা রূপায়ণের কাজটা বর্তমানে কোন স্তরে আছে মাননীয় মন্ত্রিমহাশয় তা জানাবেন কি ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : ব্যাপারটা হচ্ছে গত দু-তিন বছরে গ্রান্টস ইন এডে জেলা পরিষদগুলিকে টাকা দেওয়া হয়েছে, বেশ কয়েক কোটি টাকা। টাকার ফিগারটাও আমি বলে দিতে পারি, কিন্তু এখন আমি তার মধ্যে যাচ্ছি না। তার সমস্ত হিসাবটা এখনও আমাদের কাছে আসেনি। আর.আই.ডি.এফ. ফোর, ফাইভ, সিক্স, সেভেন এটাও জেলা পরিষদই করেছিল। আমরা মনিটারিং করার চেষ্টা করেছিলাম। আর.আই.ডি.এফে গ্রান্টস ইন এডে আর.আই.ডি.এফ. ফোর ফাইভ, সিক্স, সেভেন-এর সমস্ত হিসাব জেলা পরিষদের কাছ থেকে এখনও পাইনি। সেই কারণে আমি আপনাদের কাছে সেই হিসাব পেশ করতে পারছি না। আর.আই.ডি.এফ. এইটের প্রস্তুতি চলছে। এখন সরকারের যে নীতি সেই নীতি হচ্ছে আর.আই.ডি.এফ এইট এবং নাইন এগুলি লাইং ডিপার্টমেন্ট থেকে সরাসরি করা হবে এবং তার প্রস্তুতির কাজ চলছে। নিশ্চয় আমি মনে করি সবটা মিলিয়ে আমরা লক্ষ্যমাত্রা পৌঁছাতে পারব।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। আপনি বলেছেন মাটির তলা থেকে জল তোলার জন্য কতগুলো ডিপ টিউবওয়েল করেছেন, কতগুলো অর্ধ সমাপ্ত আছে কতগুলো করবেন এবং আপনি ১ লক্ষ হেক্টর জমিতে জল দেবেন বলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কৃষকদের জন্য এই কাজগুলো করছেন, ভালো কথা। কিছুদিন আগের ঘটনা, কৃষকরা জলকরের টাকা দিয়ে দেওয়া সত্ত্বেও সেই টাকা ট্রেজারিতে জমা পড়েনি অথবা আপনার দপ্তর পাইনি অথবা বিদ্যুৎ দপ্তর পায়নি যে কোনো কারণেই হোক। আপনাদের তিনটি দপ্তর মিলে বিদ্যুৎ দপ্তর থেকে নলকূপের সমস্ত লাইন কেটে দিল। কোন সময় ? যখন চাষিদের সব থেকে প্রয়োজন জল দেবার। লাইনটা কেটে দিলেন এই কারণে যে চাষিরা টাকা দেয়নি বলে। অথচ চাষিরা টাকা দিয়েছিল। অনেক চেষ্টা-চরিত্র করে, অনেক জায়গায় আন্দোলন করে—আপনি তখন দপ্তরে ছিলেন না, অসুস্থ ছিলেন—আমি আপনার দপ্তরের সেক্রেটারির সঙ্গে কথা বলেছি, বিদ্যুৎ দপ্তরের সেক্রেটারির সঙ্গে কথা বলেছি, ১ মাস অতিক্রান্ত হয়ে যাওয়ার পরে ধান যখন শুকনো হয়ে গেছে তখন বিদ্যুৎ সংযোগ আবার নতুন করে দেওয়া হল। এখানে নতুন করে জানতে পারলাম এই বছর আবার নতুন করে কৃষকদের জন্য জলের ব্যবস্থা করেছেন। এটা খুবই প্রয়োজনীয়, আমাদের দেশের কৃষকদের স্বার্থে শুধু নয় আমাদের স্বার্থ জড়িত। এবারে আবার আপনি নতুন করে পার হেক্টর জলকর বৃদ্ধি করছেন। এটা আপনি কি পদ্ধতিতে করছেন এবং এটা কি প্রয়োজন আছে ? একে তো মানুষ করে করে জর্জরিত, তার উপর আবার নতুন করে আপনি জলকরের বন্দোবস্ত করছেন আপনার দপ্তরের পক্ষ থেকে। এটা কি কৃষকদের স্বার্থে যাবে বলে মনে করেন মন্ত্রিমহাশয় ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : এই প্রশ্নটি মূল প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়, তথাপিও আমি উত্তর দিচ্ছি। তা হচ্ছে এই ৫ টাকা পার ইঞ্চি পার হেক্টর এই জলকর ১৯৮৪ সালে ধার্য করা হয়েছিল। তারপর ডিজেলের দাম বেড়েছে বারে বারে দফায় দফায়। পেট্রলের দাম বেড়েছে। কৃষির যন্ত্রপাতির দাম বেড়েছে, পার্টসের দাম বেড়েছে অনেক গুণ। সেই ১৯৮৪ সালের সঙ্গে বর্তমান অবস্থার তুলনা করা চলে না। সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে পশ্চিমবাংলার যতগুলো কিষাণসভা আছে। সে সরকার পক্ষের হোক আর সে বিরোধী পক্ষের হোক, সমস্ত কৃষকসভাদের নিয়ে রাইটার্স বিল্ডিং-এর রোটান্ডা হলে একটা মিটিং ডেকেছিলাম। সেই মিটিং-এ আমি স্টেটাস পেপার তাদের হাতে তুলে ধরেছিলাম। আমি কিন্তু কত টাকা কর বৃদ্ধি হওয়া উচিত সেই কথা বলিনি। আমি বলেছি এই এই সালে এই এই জিনিসের দাম ছিল আর আমাদের উৎপাদন খরচ পড়ে এই। আপনারা বলুন কৃষাণসভার পক্ষ থেকে—কৃষকদের সঙ্গে ওদের জীবন্ত যোগাযোগ আছে—কর বাড়ানো উচিত কি উচিত নয়। প্রতিটি কৃষাণসভা কেউ বলেন ২০ টাকা, কেউ বলেন ২৫ টাকা, কেউ বলেন ২৭ টাকা। এবারে একটা কনসেনসাস হল যে, এটা বাড়ানো অবশ্যই উচিত, ৫ টাকা পার ইঞ্চি পার একর থাকতে পারে না। ইনক্লুডিং ইয়োর কিষাণ সভা থাকতে পারে না বলেছে, এটা বাড়া উচিত। বলেছেন প্রতিটি কৃষাণ সভা যে দেখবেন এমন যেন না বাড়ে যাতে কৃষকদের গায়ে খুব লাগে। আমরা তখন দেখেছিলাম—মিটিংটা ২ বছর আগে হয়েছিল—আমাদের ৬৮ টাকার মতো খরচ পড়ে।

[11.20—11.30 a.m.]

৬৮ টাকা পার ইঞ্চি পার একর। আমরা মিটিংয়ের মিনিটস্ আবার সমস্ত কিষাণ সভার কাছে পাঠিয়ে দিয়েছিলাম। তারপর কেউ কোনো মন্তব্য করেননি। প্রিন্সিপাল ডিসিসন হল কনসেনসাস, বাড়ানো উচিত, ৫ টাকা পার ইঞ্চি পার একর কখনও চলতে পারে না। আমরা ১৭ টাকা পার ইঞ্চি পার একর করি। আপনি যদি আমাদের প্রকল্প দেখেন, দেখবেন, সেখানে আমাদের বিভিন্ন অপারেটর যারা আছেন, তাঁদের বেতন দেবার জন্য—এস্টাবলিশমেন্ট কস্ট বাবদ আমাদের ১.৪০ কোটি টাকা দিতে হয় পার মান্থ। ২২ কোটি টাকা স্পেয়ার পার্টস বাবদ, ২২ কোটি টাকা ইলেকট্রিসিটি চার্জ বাবদ কমপক্ষে, আর ১৬ কোটি টাকার মতো রাউন্ড অ্যাবাউট ডিজেলের জন্য দিতে হয়। তার মানে, মোট ২০০ কোটি টাকা। এই ২০০ কোটি টাকা খরচ যেখানে, সেখানে আমরা বাড়াচ্ছি ১৭ টাকা পার ইঞ্চি পার একর। যদি ম্যাকসিমাম কালেকশন হয়, তাহলে সেই কালেকশনটা হবে ২০ কোটি টাকা। তার মানে, আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে এত টাকা ভর্তুকি দিয়ে কৃষকদের কথা বিবেচনার মধ্যে রেখে কৃষকরা যাতে ক্ষতিগ্রস্ত না হয়, তাদের চাষের সুযোগ করে দিয়েছি। কিন্তু ১৭ টাকা না বাড়িয়ে ৫ টাকা পার ইঞ্চি পার একর, এটা হতে পারে না। এর এফেক্ট আমরা এখনও কোনো জেলা থেকে, কোনো কিষাণ সভা থেকে, সরকার পক্ষ, বিরোধী পক্ষ কারও কাছ থেকে কোনো প্রতিবাদ পাইনি।

শ্রী অসিত মিত্র : এটা কবে থেকে কার্যকরী হবে ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : ১লা জুলাই থেকে কার্যকর হবার কথা। তার গেজেট নোটিফিকেশন অলরেডি বেরিয়েও গেছে। এর পরে আপনি আর একটা কথা বলেছেন, সেটা হচ্ছে লাইন কাটা। দেখুন, দুদিকে সমস্যা আছে। আমার দপ্তরও সরকার, আবার বিদ্যুৎ দপ্তরও সরকার। সমস্যা হচ্ছে, বিদ্যুৎ দপ্তর আমাদের কাছে কিছু টাকা পায়। ওরা টাকার অভাবে সব জায়গায় মিটার বসাতে পারেনি। ওরা অ্যাভারেজ বিলিং করে। আবার আমাদের টাকা কিছু ওদের কাছে দেওয়া আছে, কিন্তু ওরা করে উঠতে পারেনি অর্থ সংকটের জন্য। অর্থ সংকটের জন্য রেগুলেটরি কমিশন এবং বিদ্যুৎ দপ্তর, তাদের সিদ্ধান্ত অনুযায়ী আমরা লাইন কাটার সিদ্ধান্ত নিয়েছিলাম। অনেক জায়গায় বেশ কিছু লাইন ওরা কেটেছিল। বিদ্যুৎমন্ত্রী, আমি এবং অর্থমন্ত্রী এই তিন দপ্তরের আধিকারিকেরা বসে আমরা মিলিতভাবে সিদ্ধান্ত নিয়েছিলাম, সংকট দেখা দিলে আমরা নিশ্চয়ই আলোচনা করব এবং তা সমাধানের চেষ্টা করব। চাষীরা ক্ষতিগ্রস্ত হবে, সেটা আমরা হতে দেব না কিছুতেই। এগ্রিকালচারের ক্ষেত্রে বিদ্যুতের লাইন যাতে না কাটা হয় সেটা দেখা হবে। আমরা মাঝে মাঝেই বসি। এটা কোনো গোপন কথা নয়। পত্রিকায় বেরিয়েছে এবং অ্যাসেমব্লিতেও বলেছি, রাজ্য সরকারের আর্থিক সংকট আছে। এটা গোপন কিছু নয়। এই ট্রান্সপারেন্সিটা অন্তত আমরা দেখিয়েছি। টাকার অভাব আছে তাই টানাটানি। ওরাও কাজ করতে পারেনি টাকার অভাবে। আমরা টাকা দিতে পারিনি কারণ অগমেনটেশনের অভাবে। এই সমস্যাটা আছে, আমরা সমাধান করার চেষ্টা করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রীকে একটা কথা বলব যে, আপনারা তিন মন্ত্রীতে সিদ্ধান্ত নেওয়ার পরেও এই ফাইল ফাইনান্সের সেক্রেটারির সই করতে ১৫ দিন সময় লাগল, এটা কেন হল বুঝতে পারছি না, এটা একটু বলুন।

মিঃ স্পীকার : এতক্ষণে যখন বুঝতে পারেননি, আর জীবনেও বুঝতে পারবেন না।

শ্রী তপন হোড় : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন যে, মাননীয় সদস্য আবু আয়েশ মণ্ডলের মূল প্রশ্নের উত্তরে আপনি বললেন যে, সারফেস ওয়াটার ব্যবহার করার ক্ষেত্রে ক্রিটিক্যাল, সেমি-ক্রিটিক্যাল এবং সেফ এই তিনটি ভাগে ভাগ করার পরিকল্পনা নেওয়া হয়েছে। সেখানে ক্রিটিক্যালটাকে সেমি-ক্রিটিক্যালে এনে এবং সেমি-ক্রিটিক্যালটাকে সেফের মধ্যে এনে এবং সেফটাকে আরও সেফের মধ্যে রেখে আরও উন্নত করা যায় কিনা এবং ভূগর্ভস্থ জলকে রিচার্জিংয়ের মাধ্যমে জলের স্তরের উন্নতি করার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা এবং এইভাবে ক্রিটিক্যালকে সেমি-ক্রিটিক্যালে রূপান্তরিত করা, সেমি-ক্রিটিক্যালকে সেফের মধ্যে আনা এবং সেফকে আরও সেফের মধ্যে রেখে রিচার্জিং করে পরিবেশ, পরিস্থিতি বুঝে ভূগর্ভস্থ জলের যাতে অপচয় বন্ধ করা যায় এবং জলের চাহিদা যে পরিমাণে সেটাকে যাতে কমপেনসেট করে সারফেস ওয়াটার ব্যবহার করা যায় সেই ব্যাপারে রাজ্য সরকার কি ভাবনা-চিন্তা করছেন এবং এরই সঙ্গে আমার জেলা আপনি জানেন নলহাটিতে ফ্লোরাইড পাওয়া গেছে, রামপুরহাটের একাংশে এবং সাঁইথিয়ার একাংশে ফ্লোরাইড পাওয়া গেছে। এই ব্যাপারে আপনি অবগত আছেন কিনা এবং আপনার দপ্তরের পক্ষ থেকে এই ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : মাননীয় তপনবাবু স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান, উনি নিশ্চয় জানেন যে, স্টেট ওয়াটার ইনভেস্টিগেশান ডাইরেক্টরেট-সুইড, এরা বীরভূম জেলায় গিয়ে প্রথম ফ্লোরাইড আবিষ্কার করেছিলেন। সুইড একটা নোডাল ডিপার্টমেন্ট। আর্সেনিকের থেকে বিষাক্ত হচ্ছে ফ্লোরাইড। বহু মানুষ এই ফ্লোরাইড আক্রান্ত হয়ে পঙ্গু হয়ে পড়েন এবং মারাত্মক অবস্থা হয়। তার জন্য মেডিকেল ক্যাম্প তারা ওখানে করেছিল এবং অর্থপেডিক ডাক্তারও নিয়ে গিয়েছিল। পরীক্ষা-নিরীক্ষার কাজ চলছে। এটাকে কমব্যাট করার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। সুইড হচ্ছে একটা মাল্টি ডিসিপ্লিনারি অর্গানাইজেশন। এই ডাইরেক্টরেটের যাঁরা ইঞ্জিনিয়ার এবং বিজ্ঞানী আছেন, তাঁরা এই কাজ করে যাচ্ছেন। আর যেটা বললেন ক্রিটিক্যাল, সেমি-ক্রিটিক্যাল এবং সেফ—এটা তো একটা নামের পরিবর্তন হয়েছে। আমি আগেও বলেছিলাম যে অবস্থা সংকটাপন্ন এবং জল যেভাবে তোলা হবে সেইভাবে তার স্তরের পরিবর্তন হবে। যেখানে ৬৫ শতাংশ জল তুলে নেওয়া হবে, তখন ওই ৬৫ শতাংশ জল তুলে নেবার পর তলার দিকে গ্রে হবে এবং ৭৫ শতাংশ জল তুলে নিলে তলার দিকে ডার্ক হবে। সেটা হচ্ছে ক্রিটিক্যাল, আর আগেরটা সেমি-ক্রিটিক্যাল। এই সমস্যা সমাধানের একমাত্র উপায় হচ্ছে মাটির উপরের জলটা ধরে রেখে মাটির তলাতে জলের অনুপ্রবেশ ঘটানো, রিচার্জিং করা। এইটা যদি ঘটানো যায় তবেই জলের তলটাকে উপরে তোলা যাবে। এমনকি কলকাতাতেও জলের তল ৬ মিটার থেকে ১১ মিটার পর্যন্ত নেমে গেছে।

[11.30—11.40 a.m.]

পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় অবস্থাটা খুব সংকটজনক। সেই কারণে এর আগেই আমি বলেছি, আমরা পরিকল্পনা এমনভাবে গ্রহণ করেছি—আমরা এমনভাবে পরিকল্পনা করেছি—এখানে আর.আই.ডি.এফ. নাইনের জন্য ওয়ার্ল্ড ব্যাংক-এর একটা পরিকল্পনার জন্য যেটা সারফেস ওয়াটারের উপর বেশি জোর দেওয়া যায় এবং সারফেস ওয়াটার ও গ্রাউন্ড ওয়াটার এর কনজাংটিভ ইউজ করা যায়। যুগপৎ ব্যবহার করা যায় তাহলে দুটি কাজ হবে। মাটির উপরের জল সেটাকে ধরে রেখে সহজে কাজে লাগাতে পারবে, মৎস্য চাষ হতে পারবে এবং পরিবেশের কাজে নিশ্চয় তা ভারসাম্য রক্ষা করতে সাহায্য হবে। আবার রিচার্জিং-এর ফলে জলতল উঠতে সাহায্য করবে। আর একটি কথা প্রসঙ্গক্রমে বলে দিই, এই যে আর্সেনিক, ক্যান্সার-এর যেমন কারণ আবিষ্কার হয়নি তাহলে ঔষধই আবিষ্কার হয়ে যেত ঠিক সেইরকম আর্সেনিক কেন হয় এর কারণও আবিষ্কার হয়নি। এখানে একটা অন্যতম কারণ আছে, আমরা কিছু পাইলট স্কিম নিয়েছি পশ্চিমবাংলায় ; রিচার্জিং পাইলট স্কিমে মাটির তলা থেকে যেমন জল তোলা হয়, মাটির তলায় জলের অনুপ্রবেশ করার জন্য যে স্কিম আমরা নিয়েছি তা হল রিচার্জিং স্কিম। উত্তর ২৪-পরগনার দুই জায়গায় আমরা দেখেছি, এই রিচার্জিং পাইলট স্কিমে জলতল উপরে ওঠার ফলে সেখানে আর্সেনিকের মাত্রা খানিকটা কমেছে। ফলে মাটির তলার জলতল এর সঙ্গে জলের পরিমাণ এর সঙ্গে একটা জলদূষণ-এর সমস্যা সম্পর্কিত আছে। এটার মধ্যে দিয়ে বোঝা যায়। কিন্তু তার মানে এটা নয়, এটাই একমাত্র কারণ, তা বলতে পারব না, সেই কারণে এখনও পর্যন্ত এটা এসট্যাব্লিসড্ হয়নি।

শ্রী রবীন্দ্র ঘোষ : সাপ্লিমেন্টারি স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মেজর ইরিগেশন-এর টাকা নিয়ে মাইনর ইরিগেশনে নেবার কোনো পরিকল্পনা আছে কিনা ? এবং কোন কোন জেলাওয়ারি এই কাজগুলি অসম্পূর্ণ আছে, তার সংখ্যা কত, জানাবেন কি ?

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : আমি এর আগেই অসম্পূর্ণ কোন কোন জেলা আছে, কোর সেক্টরে এবং আর.আই.ডি.এফ.(২)-তে, তা আমি জেলাওয়ারি বলে দিয়েছি। প্রকল্প অনুযায়ী বলে দিয়েছি, তার হিসাবও এখানে শুনেছেন। আর.আই.ডি.এফ.(৮)-এর পরিকল্পনা প্রত্যেকটি জেলায় নেওয়া হয়েছে। সারফেস ওয়াটার এবং গ্রাউন্ড ওয়াটারের ক্ষেত্রে নেওয়া হয়েছে। এই মুহূর্তে সেই হিসাব আমার কাছে নেই। আপনি যদি বলেন তাহলে দিতে পারি। আর সেই তালিকা এত বড়, অ্যাসেমব্লিতে সেটা পড়ে দেওয়া যায় না। আপনি যদি আসেন আমার দপ্তরে তাহলে আপনার হাওড়া জেলা বা যে কোনো জেলায়, আমরা কোন কোন জেলায় কি কি পরিকল্পনা গ্রহণ করেছি, কোন কোন ব্লকে কি কি সাইড আছে তা আমার দপ্তরে এলে নিশ্চয় দেখিয়ে দেব। আর মেজর ইরিগেশনের টাকা মাইনর ইরিগেশান নেবে, এটা তো বাজেট অনুযায়ী সরকার চলে, মেজর মাইনর বলে কিছু নেই, ইরিগেশন এবং ওয়াটার ওয়েজ-এর টাকা আমার দপ্তরে আমি নেব, এটা তো আমার ক্ষমতায় নেই। আমার ক্ষমতা হচ্ছে ২ হাজার হেক্টর পর্যন্ত জমি সেচের আওতায় আনা। এই প্রকল্পগুলি আমরা গ্রহণ করতে পারি, এটাই হচ্ছে রুলস অফ বিজনেসে যে কথা বলে।

মিঃ স্পীকার : মিঃ নন্দ, একটা প্রশ্নের উত্তর দিতে ৩৪ মিনিট হয়ে গেল, এত সময় নিলে হবে না। একটু সংক্ষেপে বলতে হবে। ওইসব পার্টি অফিসে বলবেন, এখানে হ্যাঁ, না বলে উত্তর দেবেন।

শ্রী নন্দগোপাল ভট্টাচার্য : স্যার, আমি দুঃখিত। আমি এতক্ষণ যে প্রশ্নগুলির উত্তর দিলাম, মূল প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়। আমি বলতে পারতাম নোটিশ দেবেন, জবাব দেব।

Held Over Starred Questions
(To which answers were laid on the 'Table')

উদ্বাস্তু এলাকা উন্নয়নে কেন্দ্রীয় সাহায্য

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৫) **শ্রী নির্মল ঘোষ** : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের উদ্বাস্তু এলাকাগুলির উন্নয়নে বিগত ২০০১-২০০২ আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার কর্তৃক অর্থ মঞ্জুর করা হয়েছিল ; এবং

(খ) সত্যি হলে, উক্ত মঞ্জুর করা অর্থের সাহায্যে কোথায় কোথায় কী ধরনের উন্নয়নের কাজ করা হয়েছে ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) পরিকাঠামো উন্নয়নের জন্য নিম্নোক্ত ১৪টি কলোনিতে অর্থ বরাদ্দ করা হয়েছে :

১। ক্ষুদিরাম পল্লী, হুগলি।
২। নিরঞ্জন পল্লী, হুগলি।
৩। সারস্বত, মগরা, হুগলি।
৪। পশ্চিম দাসনগর (নবজীবন সমিতি), হাওড়া।
৫। বিধান পল্লী, এন.এন.এস.কলোনি, নদিয়া।
৬। হরেকৃষ্ণ কোঙার, নদিয়া।
৭। নেতাজি কলোনি, কোচবিহার।
৮। প্রিয়গঞ্জ, কোচবিহার।
৯। নবীন পল্লী-শান্তিগড় (নতুনপল্লী), নদিয়া।
১০। রামকৃষ্ণ, নবদ্বীপ, নদিয়া।
১১। রামকৃষ্ণ পল্লী, (কুমুদনগর), রাণাঘাট, নদিয়া।
১২। উঁচুপাড়া, নবদ্বীপ, নদিয়া।
১৩। হাইরোড-কালীতলা, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।
১৪। কে.বি.এম.বাস্তুহারা, চাকদহ, নদিয়া।

উন্নয়নের কাজ চলছে।

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের অব্যবহৃত জমি

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮০) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতায় রাজ্য উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের অধীনে বেশ কিছু অব্যবহৃত জমি ও পুকুর/জলাশয় আছে ?

(খ) সত্যি হলে, উক্ত জমি ও জলাশয়/পুকুরের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত সম্পত্তি রক্ষা করার জন্য সরকার কর্তৃক কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) জমির পরিমাণ—২০.৪২ একর। পুকুর/জলাশয়—১৫৮.৭৬ একর।

(গ) উল্লিখিত জমি, পুকুর/জলাশয় বেআইনিভাবে দখলের খবর পেলে উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন উপাধ্যক্ষের মাধ্যমে পুলিশের সহায়তা নিয়ে বেআইনি দখলদার উচ্ছেদের ব্যবস্থা করা হয়।

Starred Questions
(To which oral answers were given)

চটকলে ত্রিপাক্ষিক চুক্তি

*২১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৭) **শ্রী আশুতোষ মুখোপাধ্যায়** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের কতগুলি চটকলে ত্রিপাক্ষিক চুক্তি কার্যকরী হয়েছে ?

Shri Mohammad Amin :

Number of mills is 2—Birlapur and Surah. When it has been implemented in other mills it has been partly implemented. These are some complaints by the Unions. The matter is looked into.

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : স্যার, অতিরিক্ত প্রশ্ন, চটকলের আভ্যন্তরীণ অবস্থা সম্পর্কে মাননীয় মন্ত্রিমহোদয় অভিজ্ঞ এবং সেই আন্দোলনের মধ্যে থেকে আপনি উঠে এসেছেন। আমরা জানতে পেরেছি চটকলের ক্ষেত্রে যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল, সেই চুক্তির বিভিন্ন অংশ অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। যেমন—ভাগাওয়ালা সিস্টেম চলে যাবে, প্রত্যেক শ্রমিককে পে-রোল-এর মধ্যে আনতে হবে, ই.এস.আই., টি.এ. দিতে হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বেশিরভাগ চটকলেই এইগুলি কার্যকর হয়নি এবং মালিকপক্ষ এইগুলো মানছে না। এই চুক্তির বিষয়গুলো মালিকপক্ষকে মানানোর জন্য সরকারের পক্ষ থেকে এবং আপনার পক্ষ থেকে কোনো উদ্যোগ নেওয়া হয়েছে কি ?

শ্রী মহম্মদ আমিন : ২০০২ সালের ৫ই জানুয়ারি যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল সেটা খুবই বড় এগ্রিমেন্ট। এই এগ্রিমেন্টে চটশিল্পের সমস্ত দিক এবং শ্রমিকদের যে অসুবিধাগুলো আছে, সেগুলোকে সামনে রেখে এই চুক্তি স্বাক্ষরিত হয়। প্রায় দেড় বছর হয়ে গেল এটা ইমপ্লিমেন্টেড হয়েছে, এগ্রিমেন্টে যা লেখা আছে, সেটাকে লেটার এন্ড স্পিরিট বলা হয়, সেটা সর্বত্র ঠিকমতো ইমপ্লিমেন্টেড হয়নি এবং এমপ্লয়ারদের বিরুদ্ধে অভিযোগ আসছে। কোনো কোনো ক্ষেত্রে তারা আবার তাদের মনের মতো ব্যাখ্যা করছেন। এমনকি রাজ্য সরকার যা ব্যাখ্যা দিয়েছেন সেটাও তারা মানেনি। আর সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে এগ্রিমেন্টে যেটা লেখা আছে তাতে বলা আছে, মহার্ঘভাতা যখন বাড়বে, তখন প্রতি পয়েন্টে ১.৯০ পয়সা করে শ্রমিকদের দিতে হবে। এগ্রিমেন্ট যখন হয়েছিল তখন ২১২ পয়েন্ট তারা দিয়েছিলেন, কিন্তু তার পরে আর কিছু দিচ্ছেন না। মালিকদের একটা অংশ হাইকোর্টে চলে

গেছেন। এটা একটা অবিচার হচ্ছে। আর অন্যান্য আপনি যা বললেন সেগুলো সবই চুক্তিতে ছিল, যেমন ভাগাওয়ালা, জিরো নাম্বার পয়েন্ট, আইডেন্টি কার্ড দিতে হবে, তাদের পার্মানেন্ট করতে হবে এই সমস্ত তাদের দিতে হবে। এই সমস্ত ব্যাপারে অনেক কমপ্লেইন এসেছে। সেই জন্য ত্রিপাক্ষিক আলোচনার জন্য আমি মিটিং ডেকেছি যাতে এর সুমীমাংসা হয়। তবে আসল কথা হচ্ছে এগ্রিমেন্ট যাই হোক না কেন, কারখানা লেভেলে যদি শ্রমিকদের সংগঠন শক্তিশালী থাকে তাহলে সেখানে সেটা কার্যকরী হয়, আর যদি সংগঠন দুর্বল থাকে, তাহলে সেখানে মালিকরা ফাঁকি দেয়।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : এই ত্রিপাক্ষিক চুক্তির যেসব বিষয়গুলো আজও কার্যকর করা যায়নি, তার সুযোগ নিয়ে এই চুক্তি বিরোধী কিছু লোক শ্রমিকদের বিভ্রান্ত করার চেষ্টা করছে।

[11.40—11.50 a.m.]

মাননীয় মন্ত্রী নিশ্চয় জানেন যে, তিনটি শ্রমিক সংগঠনের পক্ষ থেকে ১৮ আগস্ট থেকে পশ্চিমবঙ্গের চটকলগুলিতে লাগাতার ধর্মঘটের আহ্বান জানানো হয়েছে। তাদের দাবি হচ্ছে, ২০০২ সালের ৫ই জানুয়ারি যে চুক্তি হয়েছিল, তা শ্রমিক-স্বার্থ-বিরোধী এবং সেই চুক্তি বাতিল করতে হবে। এর অর্থ হচ্ছে, শ্রমিকদের স্বার্থে যে কাজগুলি করার কথা, চুক্তি অনুযায়ী সেটা করা হয়নি। অন্যদিকে শ্রমিকদের বিভ্রান্ত করার চেষ্টা হচ্ছে, মালিকদের স্বার্থ রক্ষার জন্য নানান রকম চক্রান্ত চলছে। এই সম্পর্কে আপনার দপ্তর অবহিত আছে কিনা এবং কোনো ব্যবস্থা নিচ্ছে কিনা জানাবেন কি ?

শ্রী মহম্মদ আমিন : এগ্রিমেন্ট যখন হয়, তখন শ্রমিকদের পক্ষ থেকে ১৮টি ইউনিয়নের প্রতিনিধিত্ব ছিল। আলোচনার শেষে যখন সই করার সময় এল, তখন ১৫টি ইউনিয়ন সই করল, বাকি ৩টি ইউনিয়ন সই করল না এবং এই তিনটে ইউনিয়ন কোনোদিনই কোনো এগ্রিমেন্টে সই করে না। ওই তিনটি ইউনিয়ন বলল, এটা শ্রমিক স্বার্থ-বিরোধী এগ্রিমেন্ট হয়েছে, এটা বাতিল করতে হবে। একটা ভ্যালিড ট্রাইপারটাইট এগ্রিমেন্ট হলে তা বাতিল করা যায় না এবং এগ্রিমেন্টের কোনো কথাই শেষ কথা হয় না। এগ্রিমেন্ট হওয়ার পর সেটা উন্নত করার জন্য আবার এগ্রিমেন্ট হয়, আবার চলে, এইভাবে হয়। ১৫টি ইউনিয়ন সই করল, তারা এগ্রিমেন্টকে সমর্থন করল এবং তাদের দাবি হচ্ছে এগ্রিমেন্টটা পুরোপুরি কার্যকর করতে হবে। ওই তিনটে ইউনিয়ন ১৮ই আগস্ট থেকে স্ট্রাইকের নোটিশ দিয়েছে। আর ১৫টি ইউনিয়নের পক্ষ থেকে বলছে—আমরা শ্রমিকদের বোঝাব—আপনারা স্ট্রাইকে যাবেন না। আমরাও বলছি, শ্রমিকদের কোনো দাবি আদায় করতে হলে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করতে হবে। ১৫টি ইউনিয়ন একদিকে এবং ৩টি ইউনিয়ন আর এক দিকে গেলে তো হবে না। পরবর্তীকালে যখন দেখা গেল এই মালিকদের একটা অংশ এই এগ্রিমেন্ট কার্যকর করতে অনীহা দেখাচ্ছে, তার থেকে এটা বুঝতে অসুবিধা হয় না যে, এই এগ্রিমেন্টের বেশিরভাগটাই শ্রমিকদের পক্ষে। কোনো এগ্রিমেন্ট একতরফা

হয় না। সেখানে মালিকদের কথা রাখতে হয়, শ্রমিকদের কথা রাখতে হয়, শিল্পের স্বার্থের কথা রাখতে হয়—যাতে শিল্পটা চলতে পারে। ১৫টি ইউনিয়নকে ডেকেছি, যাতে আলোচনা করে একটা জায়গায় আসা যায়। আমি আশা করি, এই সমস্যার সমাধানসূত্র একটা এসে যাবে।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : আমরা সম্প্রতি জানতে পারলাম যে, ইতিপূর্বে কেন্দ্রীয় সরকার খাদ্যশস্য সহ বিভিন্ন দ্রব্যের প্যাকেজিংয়ের ক্ষেত্রে চটজাত দ্রব্যের যে ব্যবহার ছিল, সেই নীতি ডাইলিউশন করেছে এবং সেই জায়গায় সিন্থেটিক ব্যবহারের জন্য নির্দেশ জারি করেছিল। তার বিরুদ্ধে মহামান্য আদালতে মামলা হয়েছিল। সম্প্রতি আমরা জানতে পারলাম যে, মামলার রায়, কেন্দ্রীয় সরকারের নির্দেশনামার বিরুদ্ধেই গেছে। এই পর্যায়ে পরবর্তী পদক্ষেপ হিসাবে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই নির্দেশনামা যাতে প্রত্যাহৃত হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছেন কিনা অথবা মহামান্য আদালতের রায় কার্যকর করার ক্ষেত্রে কোনো ভূমিকা নিচ্ছেন কিনা, ইতিমধ্যে সেই রায় জানা হয়ে থাকলে তার বিরুদ্ধে কোনো অ্যাপিলের ব্যাপার থাকে কিনা মহামান্য আদালত বা সুপ্রিম কোর্টে, সেটা জানা থাকলে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী মহম্মদ আমিন : সিন্থেটিকের বিষয় নিয়ে কেন্দ্রীয় সরকার চাপাচাপি করছে এটা ঠিকই এবং হাইকোর্টে মামলা ছিল সেই মামলা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে গিয়েছে। এটা আমাদের পক্ষে ভালো। শিল্প বাঁচার পক্ষে ভালো। তবে এর বিরুদ্ধে কেন্দ্রীয় সরকার অ্যাপিল করেছে কিনা সে রকম কোনো খবর আমার কাছে নেই। ওরা যদি অ্যাপিল করে তাহলে এর বিরুদ্ধে রাজ্য সরকার সুপ্রিম কোর্ট পর্যন্ত যাবে। কেন না চটশিল্পকে বাঁচানো আমাদের জীবন মরণের সমস্যা। এর সঙ্গে শুধু শ্রমিকদের স্বার্থ জড়িয়ে আছে তাই নয়, এর সঙ্গে ৪০ লক্ষ পাটচাষীর স্বার্থ জড়িত। আরেকটি কথা হচ্ছে পশ্চিমবাংলার অর্থনীতিরও বড় রকমের ক্ষতি হয়ে যাবে যদি সিন্থেটিক আসে। সেজন্য যতদূর সম্ভব আমরা এর বিরুদ্ধে লড়ব সে বিষয়ে সন্দেহ নেই।

শ্রী রণজিত কুণ্ডু : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে মাননীয় মন্ত্রী ভালোভাবেই জানেন যে, এই জুলাই-আগস্ট মাসে বাজারে পাট উঠবে এবং চটশিল্পে খানিকটা সংকট থাকে। মালিকরা ওই সময়ে চটকলগুলো চালাতে চায় না পাটের দাম ফেলে দেওয়ার জন্য, অন্য ফিনিশড গুডের দাম কম থাকে। শ্রমিকদের সমস্যা থাকে। সে কারণে এই সমস্যার কারণে সাধারণ শ্রমিক ধর্মঘট করে। এই সময়ে যে ধর্মঘট করে সেটা শ্রমিকদের স্বার্থের বিরুদ্ধে চলে যায়। দু-তিনটে সংগঠন শ্রমিক সংগঠন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে চুক্তির সময়ে সই করেনি। এতে তো শিল্পের সর্বনাশ হয়ে যাবে, যদি ধর্মঘট হয়। এই ম্যান্ডেটরি অর্ডার মাননীয় আদালত রদ করেছেন আপাতত। এখন যদি চটশিল্পে লাগাতার ধর্মঘট হয় তাহলে অনেক কর্তা সুযোগ পেয়ে যাবে, যেটা চটের বস্তা ব্যবহার করার পরিবর্তে সিন্থেটিকের বস্তা ব্যবহার করা। মাননীয় মন্ত্রী কি কোনো চেষ্টা করেছেন যে, এই যে যারা ধর্মঘট করছেন তাদের অন্তত বাস্তব অবস্থাটা বুঝিয়ে ঠিক করা, যাতে ধর্মঘট না হয় ?

শ্রী মহম্মদ আমিন : আমি আগেও বলেছি ১৮টা ইউনিয়নের মধ্যে তিনটে ইউনিয়ন ১৮ই আগস্ট থেকে লাগাতার ধর্মঘটের নোটিশ দিয়েছেন, কিন্তু বাকি ১৫টি ইউনিয়ন এর বিরুদ্ধে আছে এবং তাদের সঙ্গে শ্রমিকরা থাকবেন বলে মনে হয় না। তিনটে ইউনিয়নের কথায় শ্রমিকরা ধর্মঘটে যাবে বলে মনে হয় না। ধর্মঘটের অধিকার আছে শ্রমিকদের। কাজেই কে কখন ধর্মঘট করবে সেই বিষয়ে সরকারের পক্ষ থেকে বলার প্রয়োজন নেই। আমাদের দিক থেকে চেষ্টা থাকবে যে, যে ইস্যুতে ধর্মঘট হচ্ছে সেই ইস্যুটা যাতে মিটে যায়। তাহলে এর প্রতিকার হবে। আর মালিকরা তো, আপনারা সকলেই জানেন যে বেশি মুনাফা করার জন্য নানারকম কলাকৌশল করে। সেই জন্য ঐক্যবদ্ধভাবে শ্রমিক আন্দোলন করলে সেটাকে ঠেকানো যায়। সরকারের পক্ষ থেকে আমরা শ্রমিকদের প্রতি সহানুভূতিশীল।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী আপনি যেটা বললেন যে ট্রাইপারটাইট এগ্রিমেন্ট যেটা হয়েছে সেটা মাত্র দুটো চটকলের মালিকরা মেনে নিয়েছে। বাকি কেউ মানেনি। আপনি পরিস্থিতিটা বলেছেন, কিন্তু পরিস্থিতি বিশ্লেষণ করে ট্রাইপারটাইট এগ্রিমেন্ট করেছেন সরকারি মধ্যস্থতায়, শ্রমিকপক্ষ এবং মালিকপক্ষ এগ্রিমেন্ট করেছেন। আপনারা তো নিজেদের বলেন শ্রমিক দরদী সরকার, শ্রমিক আন্দোলন করেছেন। আমরা যখন সরকারে ছিলাম তখন আপনারা বিরোধীদলে ছিলেন।

[11.50—12.00 noon]

তখন আপনাদের এই অভিজ্ঞতা ছিল না যে ট্রাইপারটাইট এগ্রিমেন্ট হল অথচ মালিক পক্ষ মানছে না এবং সরকার চুপচাপ বসে থাকছে। এই রকম অভিজ্ঞতা ছিল না। আপনাদের আমলে দেখছি আজকে আবার নোটিশ এসেছে চটকলে ধর্মঘট হবে—তিনটি ইউনিয়ন ডেকেছে। আপনি ১৫টি ইউনিয়ন নিয়ে বলেছেন—ইউনিয়নের কন্ট্রোল আস্তে আস্তে সরে যাচ্ছে। বহু জায়গায় ইউনিয়নের নেতারা পালিয়ে যাচ্ছে, শ্রমিকরা মানছে না, কারখানার মালিকরা মার্ডার হচ্ছে, যেমন বরানগর, এঙ্গাস—আপনারা কাগজে দেখেছেন। সেখানে শ্রমিক নেতারা ঢুকতে পারছে না, শ্রমিক অসন্তোষ হচ্ছে। সরকারের দায়িত্ব ছিল ট্রাইপারটাইট এগ্রিমেন্ট প্রপার্লি ইমপ্লিমেন্ট হচ্ছে কিনা সেটা দেখা। সেখানে আপনারা ব্যর্থ হয়েছেন, ফলে শ্রমিক অসন্তোষ দেখা দিচ্ছে। এই যে স্ট্রাইকের নোটিশ আসছে, কোন্ ৩টি ইউনিয়ন ডেকেছে সেটা বড় কথা নয়, অ্যাজ এ হোল শ্রমিকরা কি চিন্তা করছে সেটা দেখুন। যাতে ট্রাইপারটাইট এগ্রিমেন্ট ইমপ্লিমেন্ট করা যায়, সে ব্যাপারে সরকার পক্ষ থেকে কোনো ইনিসিয়েটিভ নেবেন কি ? মালিকদের কি ডাকবেন ?

শ্রী মহম্মদ আমিন : এগ্রিমেন্ট হলে তার ইমপ্লিমেন্টের জন্য সচেষ্ট থাকতে হয়, এ ক্ষেত্রে আমরা কমপ্লেন পাওয়ার পর ১৭ তারিখ ট্রাইপারটাইট মিটিং ডেকেছি, সেখানে মালিকদের এবং ১৫টা ইউনিয়নের প্রতিনিধিদের সাথে আলোচনা করে আমরা দেখব যাতে এটা ইমপ্লিমেন্ট হয়।

শ্রী তপন হোড় : স্যার, অতিরিক্ত প্রশ্ন হচ্ছে এখন পশ্চিমবঙ্গে একটা প্রচার চলছে যে বর্তমানে এখানে ধর্মঘট এবং লক্-আউটের সংখ্যা বেড়ে যাচ্ছে এবং শুধু জুটমিলের

ক্ষেত্রেই নয় এটা সর্বত্র। এটা বিভ্রান্তি তৈরি করছে। আপনার কাছে কোনো পজিটিভ তথ্য যদি থাকে যে ধর্মঘট এবং লক্-আউটের ফলে এখানে শ্রমিক সংকট হচ্ছে। যদি হয়, কেন সেটা হচ্ছে ? এই বিষয়ে যদি আলোকপাত করেন ভালো হয়।

শ্রী মহম্মদ আমিন : চটকল স্ট্রাইক কোথাও আছে বলে আমার জানা নেই, লক্-আউট ২, ৩টি জায়গায় আছে। সামগ্রিকভাবে সব শিল্পের কথা যদি বলেন এর পরেই লেবার বাজেট আছে তখন আমরা বিশদ আলোচনা করার সুযোগ পাবো। টোটালিটিতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় স্ট্রাইকের সংখ্যা অনেক কমে গেছে। এখন ম্যান-ডেজ যেটা লস হচ্ছে সেটা লক্-আউটের জন্য হচ্ছে। এই লক্-আউটের অনেকগুলি কারণ আছে সেটা আমরা বাজেট আলোচনায় বলব। তার মধ্যে গ্লোবালাইজেশন আছে, কেন্দ্রীয় সরকারের শিল্প তুলে দেওয়ার নীতি আছে, তার মধ্যে প্রাইভেট সেক্টরের মালিকদের বেশি মুনাফা করার লোভ আছে এবং কোনো কোনো ক্ষেত্রে যে সংকট সৃষ্টি হয়েছে সেই সংকটের বোঝা শ্রমিকদের উপরে চাপিয়ে দেওয়ার প্রচেষ্টাও আছে। সবটা মিলে শ্রমিকদের উপরে একটা ব্যাপক আক্রমণ নেমে আসছে। সে জন্য ট্রেড ইউনিয়ন এবং শ্রমিক আন্দোলন এখন মূলত আত্মরক্ষামূলক সংগ্রাম চালিয়ে যাচ্ছে। সরকার পক্ষ থেকে যতটা সম্ভব আমরা তাদের সহানুভূতির সাথে বিবেচনা করি এবং তাদের সাহায্য করি যাতে মিলগুলি খোলা যায়। যে মিলগুলি খোলা যাচ্ছে না তাদেরকে আমরা স্কিমে আনছি মাসে ৫০০ টাকা করে সাহায্য দেওয়া হয় এবং সেই স্কিম এখনও চলছে।

Starred Questions
(To which answers were laid on the 'Table')

Production of potatoes in 2002-2003

*212. (Admitted Question No. *472) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Agricultural Marketing Department be pleased to state—

(a) the amount of potatoes likely to be produced in 2002-2003 ;

(b) the capacity of the Cold Storages, and

(c) the quantity of potatoes to be sent to other States ?

Minister-in-Charge of the Agricultural Marketing Department :

(a) From the information of the Deptt. of Agriculture it is estimated that during 2002-2003 the amount of potatoes

likely to be produced in West Bengal will be around 85 lakhs M.T.

(b) The capacity of cold storages in West Bengal stands almost 40 lakhs M.T. and the total number of functioning cold storage in 2003 are 350.

(c) The volume of potatoes to be sent in other states through private sector depends on the demand of potatoes in other states and the price prevailing in different major potato growing states like U.P., Punjab, West Bengal, Bihar etc. Already potatoes are being sent to Assam by the trades of Midnapore.

উদ্বাস্তু কলোনীর সংখ্যা

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪১) শ্রী **জ্যোতিপ্রিয় মল্লিক** : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে মোট কয়টি উদ্বাস্তু কলোনী আছে ;

(খ) (১) বিগত পাঁচ বছরে রাজ্যে উদ্বাস্তু কলোনী উন্নয়ন প্রকল্পে সরকার কত অর্থ ব্যয় করেছেন।

(২) উক্ত সময়ে এই খাতে কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উদ্বাস্তু কলোনী উন্নয়নের জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছেন ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৫৩৫টি।

(খ) (১) মঞ্জুরীকৃত—

রাজ্য— ৩১.৯৯ কোটি

কেন্দ্র— ৩০.২৩ কোটি

৬২.২২ কোটি

(২) পাওয়া গেছে — মঞ্জুর করা হয়েছে

৩৪.৫৭ কোটি — ৩০.২৩ কোটি

(গ) উদ্বাস্তু কালোনীর জন্য সরকার

(১) জল সরবরাহ

(২) জল নিকাশি ব্যবস্থা

(৩) স্বাস্থ্য বিধান (স্যানিটেশন)

(৪) রাস্তার পরিকাঠামো উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন।

ছাঁটাই হওয়া শ্রমিকদের ক্ষতিপূরণ

*২১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৬) শ্রী কাশীনাথ মিশ্র : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৯-২০০০, ২০০০-২০০১ ও ২০০১-২০০২-এর আর্থিক বছরগুলিতে শ্রমিক ছাঁটাই-এর জন্য ক্ষতিপূরণ বা আর্থিক সাহায্য বাবদ কী পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

শ্রমিক ছাঁটাই এর জন্য রাজ্য সরকার কোনো ক্ষতিপূরণ দেয় না। ০১।০৪।৯৮ সাল থেকে চালু 'ফাউলোই' স্কিম অনুযায়ী কেবলমাত্র বন্ধ কারখানার শ্রমিকদের মাসিক ৫০০.০০ টাকা হারে আর্থিক সাহায্য দেওয়া হয়।

আর্থিক বছর ১৯৯৯-২০০০, ২০০০-২০০১ ও ২০০১-২০০২-এ যথাক্রমে ২০.২ কোটি টাকা, ২৫.০৪ কোটি টাকা ও ২২.২৫ কোটি টাকা 'ফাউলোই' স্কিমে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

Reply to Starred Question No. 213 will be given later.

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received three notices of calling attention on the following subjects, namely :

	Subjects		**Name**
(i)	Alleged spread of Anthrax at Bolpur, Birbhum and measures taken by the State Government.	:	Shri Tapan Hore
(ii)	Re-opening of Dunlop Rubber Industries Ltd. at Bansberia, Hooghly.	:	Shri Abdul Mannan & Shri Kamal Mukherjee
(iii)	Reported shot death of one Jadav Sardar at Vimarjua village under Belpahari P.S., West Midnapore.	:	Shri Asit Mitra

I have selected the notice of Shri Abdul Mannan & Shri Kamal Mukherjee on the subject of re-opening of Dunlop Rubber Industries Ltd. at Bansberia, Hooghly.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 15th July, 2003.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of Labour Department to make a statement on the subject of reported closure of the office of Jenson & Nicholson Ltd.

(Attention Called by **Shri Ranjit Kundu** on the 4th July, 2003.)

Sri Md. Amin :

Mr. Speaker, Sir,

I beg your permission to place before the House the following statement in reply to the Calling Attention raised by Sri Ranjit Kundu, MLA regarding closure of registered office of Jenson & Nicholsons Ltd. and dismal state of affairs of the Management in the factory at Naihati, North 24 Parganas.

(1) M/S Jenson & Nicholson India Limited declared closure of the registered office at 225, A.J.C. Bose Road, Kolkata-700020 w.e.f. 17th June, 2003. About 48 workmen have been affected by such closure. Steps have already been initiated in this regard by the Labour Directorate and a tripartite joint conference has been convened on 8.7.2003 in the chamber of Labour Commissioner, West Bengal.

(2) The main factory of M/s. Jenson & Nicholson (I) Limited is situated at Naihati and it employs 36 workers. It is reported that production in the factory has totally stopped from July, 2003. The ground for non-production in factory, according to the management, is lack of finance in purchasing raw materials. It is also reported that during the months of May and June, 2003 (taken together) about 55,000 litres of paints was produced. The management submitted that devastating flood of 2000 affected the factory property and machineries to a great extent. As a result, production was stopped for a few months. Consequently, they lost market for the product and could not regain it. As a consequence, the company sustained

huge losses and is now suffering from lack of finances. Wages and salaries to the workers and staff of factory is irregular. It is learnt that they have been paid salary/wages upto April, 2003 and the same was paid in the last week of May, 2003. The management is also defaulter in respect of P.F. and E.S.I. They have stopped payment of fringe benefits like LTA, Medical Allowance etc. It is also learnt that the management has cleared employee's share of ESI upto March, 2003 but employer's share of ESI from August, 2002 to March, 2003 is due.

The unions allege that due to mismanagement the situation of the factory is worsening day by day. A joint conference with the management and two operating unions have already been convened at the level of the Addl. Labour Commissioner, West Bengal on 9.7.2003 for discussing the present state of affairs in the factory of M/s. Jenson & Nicholson (I) Ltd.

(মাননীয় মন্ত্রী মহঃ আমিন সাহেবের স্টেটমেন্ট পড়া শেষ হলে মাননীয় সদস্য শ্রীরঞ্জিত কুণ্ডু মহাশয় কিছু জিজ্ঞাসা করতে ওঠেন।)

মিঃ স্পীকার : আপনি যে প্রশ্ন জিজ্ঞাসা করতে উঠেছেন এর জন্য কি প্রয়োজনীয় অনুমোদন নিয়েছেন ? দরখাস্তটা কোথায় ?

(এই সময়ে মাননীয় সদস্য শ্রী রঞ্জিত কুণ্ডু মহাশয়কে চুপ করে দাঁড়িয়ে থাকতে দেখা যায়।)

মিঃ স্পীকার : এক্ষেত্রে রুলস অনুযায়ী প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য দরখাস্ত করে অনুমতি নিতে হয়। না হলে কি করে প্রশ্ন করবেন ?

শ্রী রণজিৎ কুণ্ডু : আপনার অনুমতি নিয়েই প্রশ্ন করব স্যার।

মিঃ স্পীকার : নিয়ম অনুযায়ী আগে থেকে দরখাস্ত করে প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য অনুমতি নিতে হয়। আচ্ছা, এখন প্রশ্ন জিজ্ঞাসা করুন। পরে 'প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই' বলে একটা দরখাস্ত করে দেবেন।

[12.00—12.10 p.m.]

শ্রী রণজিৎ কুণ্ডু : স্যার, এই কোম্পানিটা প্রায় ৭৫ বছরের পুরনো কোম্পানি। খুবই সুনামের সঙ্গে কোম্পানিটা চলছিল, কোনোদিনই এখানে শ্রমিক-মালিক তথাকথিত বিরোধ, তথাকথিত জঙ্গি ট্রেড-ইউনিয়ন কিছুই ছিল না, যা কিছু আলাপ-আলোচনার মধ্যে দিয়ে হত। কিন্তু সম্প্রতি অত্যন্ত সন্দেহজনকভাবে কোম্পানিটাকে রুগ্‌ণ করে দেওয়া হচ্ছে। স্যার, এই কোম্পানিটা ১৯৯৯-২০০০ সালে ৪ কোটি টাকা লাভ করেছে। সেই কোম্পানিটা ২ বছর বাদে ২৬ কোটি টাকা লোকসান করেছে। এটা একটা ফিনান্স কোম্পানি করেছে—জেনসন্

ফিনান্স কোম্পানি। এই জেনসন্ ফিনান্স কোম্পানি ১২ কোটি টাকা আত্মসাৎ করেছে, আমানতকারীরা মামলা করেছে, কিন্তু গ্রেপ্তারের ভয়ে তারা পালিয়ে বেড়াচ্ছে। রেজিস্টার্ড অফিসটা বন্ধ করে দিয়েছে, পাশে মিড্‌লটন স্ট্রিটে একটা ছোট অফিস করে চালাবার চেষ্টা করছে। নেপালের ফ্যাক্টরিটা তারা বন্ধ করে দিয়েছে, মুম্বাইয়ের ফ্যাক্টরিটা বিক্রি করার চেষ্টা করছে। গুরগাঁওতে যে ফ্যাক্টরি আছে সেখানে প্রোডাকশন করছে। সংকট যেটা বলা হচ্ছে সেটা তৈরি করা সংকট, সমস্ত টাকা আত্মসাৎ করার জন্য সংকট তৈরি করেছে। কারণ এদের যে উৎপাদন, বাজার সেগুলোর কোনোটাই কমে যায়নি। জেনসনের যে উৎপাদন নৈহাটির ফ্যাক্টরিতে হত তার পুরোটাই তারা বাইরে চালান করে দিয়েছে, বাইরের ছোট ছোট ফ্যাক্টরি থেকে তারা প্রোডাকশন নিচ্ছে, গুরগাঁও-এর ফ্যাক্টরিতে তারা উৎপাদন করছে, এইভাবে তারা মার্কেট বজায় রাখার চেষ্টা করছে। তারা চক্রান্ত করে কোম্পানিটা বন্ধ করে দিতে চাইছে, একটা সর্বনাশ করে দিতে চাইছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, কনসিলিয়েশন প্রসিডিওর যা লেবার ডায়রেক্টরেট ডেকেছেন, সেখানে দায়িত্বশীল কেউ আসবে বলে আমাদের মনে হয় না। সেখানে একজন অফিসারকে পাঠিয়ে দেবেন, তিনি কিছুই বলতে পারবেন না। সেজন্য যারা ডায়রেক্টর বোর্ডে আছে তাদেরকে নিয়ে এসে তাদের কাছ থেকে ভালোভাবে বোঝার দরকার যে, কেন্দ্রীয় সরকারের সাহায্য নিতে হতে পারে কিনা। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু ভাবছেন কিনা সেটা যদি দয়া করে বলেন তাহলে ভালো হয়।

শ্রী মহম্মদ আমিন : আগামীকাল যে ত্রিদলীয় মিটিং আছে তাতে কে আসবে সেটা আমরা আগে থেকে বলে দিতে পারি না। আমরা ম্যানেজমেন্টকে ডাকি, তারা যাদের উপযুক্ত মনে করে তাদেরকে পাঠায়। তবে এটা ঠিক মামুলি কেউ আসলে সেই বিষয়ে সে কিছু বলতে পারবে না। কিন্তু মাননীয় সদস্য যেটা বললেন যে, অ্যারেস্ট করার ওয়ারেন্ট বেরিয়েছে এবং সেই ভয়ে সে পালিয়ে গিয়েছে, তাহলে সেই লোককে আমি পাবো কি করে ? আমি শুনেছি, আপনি বললেন, অ্যারেস্ট ওয়ারেন্ট আছে, সে ভয়ে পালিয়ে গেছে। এই অবস্থায় আমরা যদি তাকে কনসিলিয়েশনে ডাকি তাহলে সে বলবে, 'আমাকে তো পুলিশ ধরবে, তাই আমি যাব কি করে' ? সেজন্য কে আসে, কি বলে, সেটা আগে শুনি। সরকার গুরুত্ব দিয়ে বিষয়টি দেখবেন এবং এটা যাতে খোলা যায় তার চেষ্টা করবে।

মিঃ স্পিকার : রণজিৎবাবু রুল ১৯৮(২) প্রোভাইসোতে একটা দরখাস্ত করে দেবেন।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Fourteenth Report of the Committee on Public Accounts (2002-2003)

Shri Abdul Mannan : Mr. Speaker Sir, with your kind permission, I beg to present the Fourteenth Report of the Committee on Public Accounts (2002-2003) on Para 4.13 of the Report of the Comptroller and Auditor General of India (Civil-I) for the year 1999-2000 relating to Public Health Engineering Department.

Presentation of the Fifteenth Report of the Committee on Public Accounts (2002-2003)

Shri Abdul Mannan : Mr. Speaker Sir, with your kind permission, I beg to present the Fifteenth Report of the Committee on Public Accounts (2002-2003) on Para 3.18 of the Report of the Comptroller and Auditor General of India (Civil-I) for the year 1999-2000 relating to the Housing Department.

Presentation of the Sixteenth Report of the Committee on Public Accounts (2002-2003)

Shri Abdul Mannan : Mr. Speaker Sir, with your kind permission, I beg to present the Sixteenth Report of the Committee on Public Accounts (2002-2003) on Para 6.02 of the Reports of the Comptroller and Auditor General of India (Revenue Receipt) for the years 1997-98 and 1998-99 relating to the Finance Department.

Presentation of the Seventeenth Report of the Committee on Public Accounts (2002-2003)

Shri Abdul Mannan : Mr. Speaker Sir, with your kind permission, I beg to present the Seventeenth Report of the Committee on Public Accounts (2002-2003) on Para 3.7 and 3.12 of the Report of the Comptroller and Auditor General of India (Civil-II) for the year 1999-2000 relating to the Urban Development Department.

Presentation of the Fourth Report of the Standing Committee on Power & Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology (2002-2003)

Shri Abu Ayes Mondal : Mr. Speaker Sir, I beg to present the Fourth Report of the Standing Committee on Power & Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology (2002-2003).

MENTION

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ করছি তামিলনাড়ু রাজ্য সরকার সে রাজ্যের ধর্মঘটী সরকারি কর্মচারী এবং শিক্ষকদের উপর নির্মম অত্যাচার চালিয়ে যাচ্ছে আন্দোলন ভাঙার জন্য। মাদ্রাজ হাইকোর্টের স্থগিতাদেশ গতকাল ডিভিশন বেঞ্চ নাকচ করার পর এই কর্মচারী এবং শিক্ষকদের উপর ওই রাজ্যের সরকার আক্রমণ আরও তীব্র করেছে। এসমা জারি করে প্রায় ১ লক্ষ ধর্মঘটী কর্মচারী এবং

শিক্ষককে বরখাস্ত করেছে। শুধু তাই নয়, তার সঙ্গে চলছে হাজার হাজার কর্মচারীকে গ্রেপ্তার করা। বরখাস্ত করার পরে সেই জায়গায় বেকার যুবকদের সরাসরি কাজে নিযুক্ত করছে এবং এই বেকার যুবকদের ৪ হাজার টাকা মাসিক বেতনে কাজ করার জন্য নিয়োগ করা হচ্ছে এবং তাদের নির্দিষ্ট কয়েকটি শর্ত আরোপ করা হচ্ছে। তাতে বলা হচ্ছে যে, স্থায়ী কর্মচারী হিসেবে তারা দাবি করতে পারবে না, কোনোভাবে ট্রেড ইউনিয়ন আন্দোলনের সাথে যুক্ত হতে পারবে না। তামিলনাড়ু সরকারের এই অগণতান্ত্রিক কাজের তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং দেশব্যাপী ধর্মঘটী কর্মচারীদের ঐক্যবদ্ধভাবে তামিলনাড়ুর শ্রমিক-কর্মচারীদের আন্দোলনের পাশে দাঁড়ানোর জন্য আহ্বান জানাচ্ছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে শ্রীরামপুর-উত্তরপাড়া ব্লকের রাজ্যধরপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার আছে এবং ওই ব্লকেরই পিয়ারাপুর গ্রাম পঞ্চায়েতের চাঁপসাড়া গ্রামে একটি সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার আছে। এই সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার দুটিতে দীর্ঘদিন যাবৎ কোনো ডাক্তার না থাকার জন্য চিকিৎসা বন্ধ হয়ে গেছে এবং এই স্বাস্থ্যকেন্দ্র দুটিকে তুলে দেওয়ার একটা চেষ্টা চলছে। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে এই স্বাস্থ্যকেন্দ্র দুটিতে ডাক্তার নিয়োগ করার জন্য এবং স্বাস্থ্যকেন্দ্র দুটিতে যাতে চিকিৎসা এবং অন্যান্য পরিষেবা চালু থাকে তার আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

[12.10—12.20 p.m.]

শ্রী সুব্রত ভাওয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার পূর্বস্থলী বিধানসভা কেন্দ্রের পাটুলি-কৈচর রোডটি ১০ কিলোমিটার দীর্ঘ রাস্তা। কিন্তু বর্তমানে ওই রাস্তা দিয়ে যান চলাচল সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গেছে। ওই এলাকার ওটাই একমাত্র প্রধান সড়ক। কিন্তু রাস্তাটি একদম ভেঙে গেছে। বাস-সহ কোনো যানবাহন চলাচল করতে পারছে না। দীর্ঘদিন ধরে এই অবস্থা চলছে। এখন রাস্তাটি হেঁটে চলার অবস্থাতেও নেই। তাই আমি বিষয়টা পূর্তমন্ত্রীর নজরে আনছি। তিনি অবিলম্বে ওই রাস্তাটিকে অন্তত মানুষের চলাচলের যোগ্য করে তুলুন। যাতে ওই রাস্তা দিয়ে যানবাহন চলাচল করতে পারে তার জন্য একটা কিছু ব্যবস্থা গ্রহণ করা হোক। আপনার মাধ্যমে আমি আর একবার রাস্তাটির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা পরিস্থিতি যে একেবারে তলানিতে গিয়ে ঠেকেছে, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। চুরি-ডাকাতির পরিসংখ্যান দিতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলেন, 'সংখ্যাটা কখনো কমছে, কখনো বাড়ছে।' আমি অপানার মাধ্যমে এখানে উল্লেখ করছি যে, ইদানীং এই সংখ্যাটা ভীষণভাবে বাড়ছে। পুলিশের চোখের সামনে ডাকাতি হচ্ছে পুলিশ কিছু করতে পারছে না। স্যার,

গতকাল কলকাতার উত্তরাংশে বরানগরে একটা গয়নার দোকানো ডাকাতি হয়েছে। চারটি ছেলে একটা ট্যাক্সি চেপে এসে বরানগরের একটা সোনার গয়নার দোকানে ঢুকে গয়না কেনার নাম করে রিলভবার দোকানের লোকদের বুকে ঠেকিয়ে ডাকাতি করে। সবচেয়ে বড় কথা হচ্ছে যেখানে ঘটনাটি ঘটেছে সেখান দিয়ে পুলিশ সব সময়ই আনাগোনা করে। পুলিশের যাতায়াতের পথের ওপরেই দোকানটি অবস্থিত। মাননীয় মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন কলকাতার সর্বত্র সাদা পোশাকে, কালো পোশাকে, নানা রকম পোশাকে পুলিশ সব সময় ঘুরছে চোর-ডাকাত ধরতে। কিন্তু এই অবস্থায় আজকে এই ঘটনার কথা বলতে আমার লজ্জা হচ্ছে। এই সভায় দাঁড়িয়ে খুব লজ্জার সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে, যে ছেলেগুলো ডাকাতি করল পুলিশ তাদের গিয়ে ধরবার চেষ্টা পর্যন্ত করল না ; জনসাধারণ এগিয়ে গিয়ে তাড়া করে চারজনের একজনকে ধরে ফেলল। জনসাধারণ যখন ক্রুদ্ধ হয়ে তাকে মারধোর করছিল তখন পুলিশ তাড়াতাড়ি গিয়ে তাকে বাঁচালো। তাকে মারতে দিল না। বাকি তিনটি ছেলে ট্যাক্সি করে লাল কাপড় নাচাতে নাচাতে 'পেসেন্ট পেসেন্ট' বলে চিৎকার করতে করতে চলে গেল। শুধু এই ঘটনাই নয়, রাজ্যে সর্বত্র আজকে প্রায় এই জিনিস ঘটছে। অথচ পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন, 'আমাদের রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি গোটা দেশের মধ্যে সবচেয়ে ভালো।' আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি কলকাতা শহর ও শহরতলির বিভিন্ন অংশে দিনের পর দিন যে ডাকাতির ঘটনা ঘটছে সে সম্বন্ধে কতগুলো ফানুস ওড়ানো কথা না বলে প্রতিরোধের সঠিক ব্যবস্থা করুন। ধন্যবাদ।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উত্তর ২৪-পরগনা জেলার বনগাঁ মহকুমার বাগদা ব্লকের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতির প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি আমি এর আগেও একবার বলেছিলাম, আবার বলছি। বিগত পঞ্চায়েত নির্বাচনে টি.এম.সি. গ্রামাঞ্চলের মানুষের সমর্থন না পেলেও বাগদা ব্লকে তাদের অস্তিত্ব বজায় রাখতে পেরেছে এবং সেই সুযোগের তারা গোটা ব্লকে চুরি, ডাকাতি, ছিনতাই শুরু করে দিয়েছে এবং আমাদের লোকজনদের ঘর থেকে বের হতে দিচ্ছে না। একটা সন্ত্রাসের পরিস্থিতি সৃষ্টি করেছে। আমাদের লোকজনেরা মাঠে গিয়ে কাজ করতে পারছে না। পটল, করলা, কাঁকরোল প্রভৃতি সবজি তারা মাঠ থেকে বাজারে আনতে পারছে না। সে সমস্ত ফসল মাঠেই বড় হয়ে নষ্ট হয়ে যাচ্ছে। ওই এলাকার সাধারণ মানুষ খুবই বিক্ষুব্ধ। এই অবস্থায় বাগদা ব্লকে তৃণমূল যে সন্ত্রাস চালাচ্ছে তার বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তাঁকে অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রী কমল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃটি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্দননগর শহরে বেশ কিছুদিন যাবৎ চন্দননগর উত্তর এবং মধ্যভাগে ব্যাপক লোডশেডিং হচ্ছে। বিশেষ করে সন্ধ্যা ৭টা থেকে ১০টার মধ্যে একদম নিয়মিত ২ ঘণ্টা করে লোডশেডিং

হচ্ছে। কিন্তু চন্দননগরের দক্ষিণদিকে এবং আমার বিধানসভার মধ্যে লাগোয়া ভদ্রেশ্বর শহরে কোনো লোডশেডিং নেই। এর ফলে উত্তর এবং মধ্যভাগে যেসব ছোট ছোট ব্যবসাদাররা আছেন তাঁরা সন্ধ্যা বেলায় কোনো কেনা-বেচা করতে পারছে না। অপরদিকে যারা পড়ুয়া চন্দননগরের উত্তর এবং মধ্যভাগে থাকে তাদের পড়াশুনার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। আমি এই বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই লোডশেডিং-এর হাত থেকে দয়া করে চন্দননগরবাসীদের বাঁচান।

শ্রী রতন দাস : মাননীয় উপাধ্যক্ষ মবহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরগুলির দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নাদনঘাট বিধানসভা এলাকার পূর্বস্থলী ১ নম্বর পঞ্চায়েত সমিতি এলাকায় এই বছরের গোড়ার দিকে পর পর দু-দুবার ঝড় এবং শিলাবৃষ্টির ফলে চাষিদের সফল ক্ষতিগ্রস্ত হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত চাষিরা তাদের বীমার টাকা পায়নি। অথচ কৃষি সমবায় সমিতি থেকে ঋণ দেবার সময়ে ২ পারসেন্ট ইনস্যুরেন্স চার্জ বাধ্যতামূলকভাবে কেটে নেওয়া হয়। বীমা কোম্পানি এবং ব্যাংকের শর্তবলী এতই জটিল যে সারা রাজ্যের কৃষকরা ক্ষতিগ্রস্ত হওয়া সত্ত্বেও এই টাকা পায়নি। এগ্রিকালচার ডিপার্টমেন্টের রিপোর্ট, গভর্ণমেন্টের রিপোর্ট, ইনস্যুরেন্স কোম্পানির ক্রপ কাটিং অ্যাভারেজ রিপোর্ট সব মিলে এক জটিল প্রক্রিয়া, অর্থাৎ না দেওয়ার জন্য না পাবার প্রক্রিয়া। আমি মনে করি এই ২ পারসেন্ট ইনস্যুরেন্স চার্জ এবং এত রকমের সারচার্জ এগুলি চাষিদের উপর আর এক বোঝা। আমার দাবি, নির্দিষ্ট জমির নির্দিষ্ট বীমা এবং নির্দিষ্ট ক্ষতিপূরণ চাষিরা যাতে পায় এবং এটা যদি নাও হয় তাহলে নিদেনপক্ষে মৌজাভিত্তিক যাতে ভাগ করা যায় তার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া থেকে রাঁচি রোড একটি গুরুত্বপূর্ণ রাস্তা। কিন্তু দুঃখের বিষয়, ওই রাস্তাটি এতই খারাপ যে গাড়ি চলাচলের অনুপযুক্ত হয়ে পড়েছে। ওই রাস্তা দিয়ে গাড়ি চলাচলের খুবই অসুবিধা হচ্ছে এবং অ্যাকসিডেন্ট নিত্য বাড়ছে। আরও দুঃখের কথা—আমার বলতে লজ্জা লাগে—ঝাড়খণ্ড গঠিত হওয়ার পর সেই রাজ্যের রাজধানী রাঁচি হওয়ায় ওই ঝাড়খণ্ডের মন্ত্রীরা এবং এম এল এ-রা ওই রাঁচি রোড দিয়ে যাতায়াত করেন। অবিলম্বে ওই রাস্তাটির কাজ যাতে ভালোভাবে করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী মজিবর রহমান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার ৫৬ নম্বর ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের কতকগুলি গুরুত্বপূর্ণ রাস্তার সমস্যা নিয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ষাকালে এই এলাকার মানুষজনের যাতায়াত সংক্রান্ত নানা সমস্যা দেখা দেয়। জল-কাদায় তারা নাজেহাল হয়ে পড়ে। মানুষজন তাদের নিজ নিজ এলাকা থেকে হাসপাতাল কিংবা কেনাবেচা করার ক্ষেত্রে শহরে আসতে পারে না, নিকটবর্তী শহর থেকে তারা সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে পড়ে। তাই এলাকার মানুষজনের স্বার্থে নিম্নলিখিত রাস্তাগুলির অতি সত্বর নির্মিত একান্ত হওয়া প্রয়োজন। রাস্তাগুলি হল :

(১) রানিতলা থেকে সরলপুর,

(২) দেবাইপুর থেকে হরিরামপুর ছাতাই,

(৩) বড়বড়িয়া থেকে 'ও'ড়াহার মোড়, এবং

(৪) ভগবানগোলা থেকে চরবাবুপুর।

আগামীদিনে যাতে উক্ত এলাকার মানুষজন বর্ষাকালেও স্বাভাবিকভাবে যাতায়াত করতে পারে তার জন্য আমি অনুরোধ রাখছি, অতি সত্বর উক্ত রাস্তাগুলি পূর্ত দপ্তর থেকে নির্মাণ করা হোক।

[12.20—12.30 p.m.]

Smt. Shanta Chhetri : Hon'ble Deputy Speaker, Sir, I would like to draw the special attention to the Hon'ble Minister for Power through you. The workers of the Margaret's Hope Tea Garden under my Constituency have been provided electricity under bulk-meter system to 250 houses and the consumtpion of energy is recorded in two meters attached to each transformer. The system of bulk-meter has been proved very much troublesome for the consumers as well as the garden management. Further, due to slab system of billing the cost per unit charged is very high which is somewhere near to commercial cost per unit in urban area which is not affordable easily by the workers of any tea garden. In past one year only more than five such instances of disturbances noticed severly hampering the functioning of the tea garden. Taking into consideration the serious problem in bulk metering system the workers of Margaret's Hope Tea Garden and also other tea garden of Darjeeling hills and some tea gardens of Dooars area, I would like to request the Hon'ble Minister concerned to kindly conversed the present bulk-meter system to individual metering system for supply of electricity to the consumers of Margaret's Hope Tea Garden under Kurseong Constituency.

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ইদানীংকালে বিদ্যুৎ বিভাগ এমন কতকগুলি নিয়ম-কানুন চালু করেছে যে বিশেষ করে গ্রামাঞ্চলের ট্রান্সফরমার খারাপ হয়ে গেলে বা বিকল হয়ে গেলে বোনাফাইড কনজিউমাররাও বিদ্যুৎ পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন। ধরুন একটা জায়গায় ১০০ জন কনজিউমার আছেন, তাদের মধ্যে ৭০/৮০ জন কনজিউমার ঠিকমতন বিল পেমেন্ট করে যাচ্ছেন, বাকিরা হয়তো করছেন না, সেখানে ট্রান্সফরমার হয়তো পুড়ে গেল বা বিকল হয়ে গেল, বিদ্যুৎ দপ্তরের কাছ থেকে ট্রান্সফরমার চাইতে গেলে বলা হচ্ছে সমস্ত কনজিউমাররা বিল পেমেন্ট করলে তবেই ট্রান্সফরমার দেওয়া হবে। এর ফলে স্যার, যারা বোনাফাইড কনজিউমার, যারা ঠিকমতন এবং সময়মতন বিল পেমেন্ট করছেন তারাও বিদ্যুৎ থেকে বঞ্চিত হচ্ছেন। আমার

দাবি, যারা ঠিকমতো বিল পেমেন্ট করছেন না তাদের লাইন ডিসকানেক্ট করা হোক কিন্তু বোনাফাইড কনজিউমারদের স্বার্থ সুরক্ষিত রেখে তারা যাতে ঠিকমতো বিদ্যুৎ পায় তার জন্য ট্রান্সফরমার বিকল হলে ট্রান্সফরমার দেওয়া হোক।

শ্রী সরেশ আঁকুরে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাঁকসা বিধানসভা এলাকার অন্তর্গত দুর্গাপুর মুচিপাড়া থেকে শিবপুর পর্যন্ত রাস্তাটি নষ্ট হয়ে গিয়েছে। ওই রাস্তাটিতে যানবাহন চলাচল করতে পারছে না। এর ফলে এলাকার ছেলেমেয়েরা সেইভাবে যাতায়াত করতে পারছে না। এতে এলাকার মানুষরা প্রচণ্ড ক্ষুব্ধ। অবিলম্বে ওই রাস্তাটি যাতে মেরামত করা হয় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

শ্রীমতী মীনা সনাতনী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পর্যটনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শালপিয়ালির জঙ্গলে ঘেরা ঝাড়গ্রাম একটি মনোরম জায়গা। এই জায়গাটি প্রাকৃতিক সম্পদেও সমৃদ্ধ। ওই এলাকায় কয়েকটি প্রাচীন মন্দিরও আছে। মাননীয় পর্যটনমন্ত্রীর কাছে আমার অনুরোধ, ঝাড়গ্রামকে কেন্দ্র করে যদি একটি পর্যটন কেন্দ্র গড়ে তোলা যায় তাহলে ভ্রমণপিপাসু মানুষরা সেখানে ভ্রমণ করে ভ্রমণের ক্ষুধা মেটাতে পারবেন কাজেই সেখানে একটি পর্যটনকেন্দ্র অবিলম্বে গড়ে তোলা হোক।

শ্রী মোহন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়ার উত্তর কেন্দ্রের মধ্যে উলুবেড়িয়া ব্লকে তেহট্ট কাঁটাবেড়িয়া গ্রাম পঞ্চায়েতে একটা নদী আছে। এই নদীটির নাম হল কানা দামোদর। সেই নদীর উপর ১০০ ফুটের একটি কাঠের ব্রিজ ছিল সেটা সম্পুর্ণ ভেঙে গেছে। সেই জন্য ধুমকি বুধুল গ্রামের মানুষের যাতায়াতের অসুবিধা হচ্ছে। তেহট্ট-এ একটা হাইস্কুল আছে, এই বুধুল গ্রামের ছাত্রছাত্রীরা তেহট্ট হাই স্কুলে পড়াশোনা করতে আসে। ব্রিজটি ভেঙে যাওয়ার জন্য সেই স্কুলে ছাত্রছাত্রীরা আসতে পারছে না, এই গ্রামের লোকজন শহরের দিকে আসতে অসুবিধা হচ্ছে। সেই জন্য যাতে তাড়াতাড়ি এই কাঠের ব্রিজটি মেরামত করা হয় আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রতন পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুৎ ব্যবস্থার উন্নতির জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে বিদ্যুৎ বিভাগে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মস্থান বীরসিংহ গ্রামে ১৩২ কে.ভি. সাব-স্টেশনের কাজ শুরু হয়েছে। সেই কাজে এতো স্লথ গতিতে হচ্ছে যে ভাবা যায় না। ঠিকাদারের গড়িমসির জন্য এটা হচ্ছে। তার ফলে এলাকার মানুষের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। আমরা জেনেছিলাম এই কাজ গত মার্চ মাসে শেষ হওয়ার কথা, কিন্তু আজ পর্যন্ত হয়নি। ঠিকাদারের গড়িমসির ফলে কাজটি বিলম্বিত হচ্ছে। কাজটি যাতে দ্রুত সম্পন্ন হয় তার জন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল চটকলে। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, উলুবেড়িয়ার ল্যাডলো জুট মিল যেটা এখন কানোরিয়া

কেমিক্যাল, সেখানে ১০ দিন ধরে সাড়ে ৫ হাজার শ্রমিক মিলের দরজা খোলা থাকা সত্ত্বেও ঢোকেনি। এই অপরাধে আজকে মালিক পক্ষ বেআইনিভাবে চার্জসিট দিচ্ছে। সেই লড়াই-এ নেতৃত্ব দিয়েছিল টি.ইউ.সি.সি.-র নেতা রেজ্জাক হালদার। আজকে দীর্ঘ ১ বছরের উপর তাকে চার্জসিট দিয়ে রেখে দিয়েছে এই অপরাধে যে তার মেডিক্যাল লিভ থাকা সত্ত্বেও ছুটিতে ছিল এবং সে একটা মিটিং করেছিল শ্রমিকদের নিয়ে। এই অপরাধে তাকে চার্জসিট দেওয়া হল। এনকোয়ারি হচ্ছে না, তাকে বাইরে রাখা হয়েছে। চার্জসিটের উত্তর দেওয়া হয়েছে কিন্তু আজ পর্যন্ত কোনো ফায়সালা হয়নি। ম্যানেজমেন্টকে লেবার দপ্তরে ডাকলে আসে না। শ্রমমন্ত্রীর একটা দপ্তর নিউ সেক্রেটারিয়েটে খোলা রয়েছে তাকে ম্যানেজমেন্ট পরোয়া করে না। তাহলে এই দপ্তর খুলে রেখে লাভ কি ? মাননীয় মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপে ল্যাডলো জুট মিলের ১০ দিনের মধ্যে সমস্যার সমাধান হয়েছিল। আমার বক্তব্য হল রেজ্জাক হালদার শ্রমিকদের হয়ে লড়াই করেছিল, তার চার্জসিট যাতে তুলে নেওয়া হয় তার ব্যবস্থা করা হোক। আপনি বলেছিলেন শ্রমিকদের ঐক্যবদ্ধ হয়ে লড়াই করতে হবে। তারা লড়াই করেছে, ৫ হাজার শ্রমিক মিলের দরজা খোলা থাকা সত্ত্বেও তারা ঢোকেনি। তার বিনিময়ে তাদের চার্জসিট দেওয়া হয়েছে। কোনো এনকোয়ারি হচ্ছে না। ম্যানেজমেন্টকে ডাকা হলেও দপ্তরে আসছে না। এই যাদের চার্জসিট দেওয়া হয়েছে, রেজ্জাক হালদার অ্যান্ড ব্রাদার্স, এই ব্যাপারে সুষ্ঠু সমাধানের জন্য আপনি বৈঠক করুন। কাজের ব্যাপারে তারা ২১ সিফ্‌ট চালাবার কথা বলেছে, এইভাবে তারা নানা চক্রান্ত করছে। এই ব্যাপারে আপনি একটু দায়িত্ব নিয়ে শ্রমিকদের স্বার্থে সমস্যার সমাধান করার চেষ্টা করুন। আজকে পুলিশ মালিকদের পক্ষ নিয়ে শ্রমিকদের উপর অত্যাচার করছে। শ্রমিকদের গণতান্ত্রিক অধিকার দিয়েছে বামফ্রন্ট সরকার। কিন্তু তাদের লড়াই করবার অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। প্রকারান্তরে পুলিশ ম্যানেজমেন্টের হয়ে শ্রমিকদের বিরুদ্ধে যাচ্ছে। আমি আশা করব যাতে চার্জসিট উইথড্র হয় সেই ব্যবস্থা আপনি করবেন।

[12.30—12.40 p.m.]

শ্রী ভবানীশংকর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গোপীবল্লভপুর বিধানসভার অন্তর্গত গোপীবল্লভপুর ২নং ব্লক, সাঁকরাইল ব্লক এবং ঝাড়গ্রাম ব্লকে চারটি অঞ্চল আছে। এখানে ২৭৫টি মৌজা এখনও বিদ্যুতায়িত হয়নি। আগামী দু-তিন বছরের মধ্যে পর্যায়ক্রমে ওইসব এলাকায় বিদ্যুৎ পৌঁছে দেবার জন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া গোপীবল্লভপুর ব্লকের চিংড়া মৌজায় একটি ১৩২ কেভি সাব-স্টেশন যেটি হয়েছে—আমি গত বছরে বিধানসভার জুন মাসের অধিবেশনে বিষয়টি উল্লেখ করেছিলাম, বিদ্যুৎ দপ্তর থেকে যথারীতি জানিয়েছিল জুলাই মাসে চালু করা হবে—সেটি এখনও পর্যন্ত চালু হয়নি। তাই আমি ওই সাব-স্টেশনটি চালু করার জন্য আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী পরেশনাথ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মুর্শিদাবাদ জেলায় জলাতংক রোগ প্রতিরোধের জন্য

যে অ্যান্টি র‍্যাভিস ভ্যাকসিন প্রয়োজন তা প্রয়োজন মতো সরবরাহ করা হচ্ছে না। যার ফলে অনেক লোককে জলাতংক যাতে না হয় তার প্রতিষেধক নিতে গিয়ে হয়রানি হতে হচ্ছে। আমার এলাকা সাগরদিঘিতে দেখা যাচ্ছে, যেখানে ৯৫০ এম-এল-ডোজ প্রয়োজন, সেখানে ২০০, ৩০০ ডোজ সরবরাহ করা হচ্ছে। এর ফলে জলাতংক রোগ হওয়ার বিষয়টা থেকে যাচ্ছে। জলাতংক রোগ প্রতিরোধের জন্য যাতে ওষুধটি সরবরাহ করা হয় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শেখ জাহাঙ্গীর করিম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, আপনি জানেন, বর্ষাকাল শুরু হয়েছে, গ্রামে-গঞ্জে সাপের উপদ্রব বাড়ছে। সাথে সাথে দলবদ্ধভাবে কুকুরও ঘুরছে। সাপের কামড়ে আক্রান্ত হয়ে কয়েকজন রোগী আমার এলাকায় হাসপাতালে ভর্তি আছেন। দুঃখের বিষয়, এই রকম একটা সময়ে ব্লক পর্যায়ের হাসপাতালে পর্যাপ্ত এভিএস বা এআরভি সাপ্লাই নেই। হাসপাতালে কোনো রোগী গেলে তাকে বলা হচ্ছে শহর থেকে ওষুধ আনতে হবে। কলকাতা থেকে ওষুধ আনতে হবে। অদ্ভুত ব্যাপার, গ্রামে সাপে কামড়ালো, আর কলকাতা থেকে ওষুধ আনতে হবে। এটাকে সরলীকরণ করা দরকার। আমার দাবি হচ্ছে, বর্ষাকালে মহকুমা এবং ব্লক হাসপাতালগুলিতে পর্যাপ্ত পরিমাণে এভিএস এবং এআরভি সাপ্লাইয়ের ব্যবস্থা করা হোক এবং সেখানে চিকিৎসার ব্যবস্থা করা হোক। এটা হলে গ্রাম-গঞ্জের মানুষ জলাতংকে আক্রান্ত হওয়ার এবং সাপে কামড়ানো রোগীরা প্রাণহানির হাত থেকে রক্ষা পাবে। তারা হাসপাতালে চিকিৎসা করাতে পারবে।

শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে উদ্বাস্তু ও পুনর্বাসন দপ্তরের মন্ত্রী শ্রী নয়ন সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অশোকনগরে ১৯৫০ সালে ছিন্নমূল উদ্বাস্তুদের জন্য যে কলোনি তৈরি হয়েছিল, সেখানে অন্যান্য কলোনির যাঁরা স্বামী পরিত্যক্তা অথবা স্বামী নিরুদ্দেশ হয়ে গেছেন, তাঁদের নিয়ে 'হাবড়া কম্পোজিট হোম' তৈরি করা হয়েছিল। আজকে ৫৩ বছর পার হয়ে গেছে। কিন্তু তাঁদের অনেকেই এখনও পর্যন্ত পুনর্বাসন পাননি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এই অবস্থায় মহিলারা যাতে পুনর্বাসন পেতে পারেন তার ব্যবস্থা নিতে। ধন্যবাদ।

শ্রী তপন হোড় : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি খুবই সাংঘাতিক। আমার বোলপুর এলাকার নানুর গ্রামের একটি অংশে অ্যানথ্রাক্স অ্যাফেকটেড হয়েছে, এটা আদিবাসী ভিলেজ মূলতঃ কিছুদিন আগে অ্যানথ্রাক্স অ্যাফেকটেড হওয়ার পর সেখানে সমস্যা তৈরি হয়, সেই সমস্যা মোকাবিলা করার ক্ষেত্রে স্বাস্থ্য দপ্তর সাব-ডিভিশনাল হসপিট্যালে একটা প্রক্রিয়া নিয়েছিল। আবার নতুন করে পরশুদিন দুজন অ্যাফেকটেড হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে সোস্যাল ওয়েলফেয়ার থেকে এবং পঞ্চায়েত দপ্তর প্রত্যেকটির দপ্তরের মধ্যে এই ব্যাপারে কো-অর্ডিনেশন থাকার দরকার এই ব্যাপারে যদি উপযুক্ত ব্যবস্থা না নেওয়া যায় তাহলে এই অ্যানথ্রাক্স রোগ ৫০ কি.মি. পর্যন্ত লাভপুর তথা ইলামবাজার, বর্ধমানের ভেদিয়া এবং আউশগ্রাম পর্যন্ত ছড়িয়ে যাবে। এটা একটা ভয়ংকর রোগ এবং এটা নিয়ে একটা সংকটে পরিণত হয়েছে। কাজেই স্বাস্থ্যমন্ত্রী এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। তা না হলে এই রোগ বিস্তীর্ণ এলাকায় ছড়িয়ে পড়বে।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যেহেতু এই ব্যাপারে অনেকগুলো দপ্তর জড়িত এবং কেন্দ্রীয় সরকারের এন এইচ এ আই জড়িত, তাই বিশেষ কোনো দপ্তরের দৃষ্টি আকর্ষণ না করে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, আমার ডোমজুড় কেন্দ্রে ন্যাশনাল হাইওয়ে (২) এবং ন্যাশনাল হাইওয়ে (৬) বোম্বে.রোড এই ডোমজুড় কেন্দ্রের উপর দিয়ে গেছে। এই রোডের রাস্তা চওড়া এবং প্রশস্ত হচ্ছে। এর ফলে এন এইচ (২) এবং এন এইচ (৬) রাস্তার উপরে যে জল নিকাশি ব্যবস্থা আছে সেটা ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং বিধ্বস্ত হচ্ছে। বিশেষ করে বোম্বে রোড এবং দিল্লি রোড যেখান থেকে শুরু হয়েছে সেখানে উত্তর জয়পুর বিল যেটি বালি থানার অন্তর্গত সেই জায়গাগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে। তারপরে হাওড়া ড্রেনেজ রয়েছে তার বিভিন্ন জায়গা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিশেষ করে সরস্বতী নদীর যে বাই ক্যানাল তারও জল ধারণের ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই ব্যাপারে আমরা মিটিং করেছি, ওই মিটিংয়ের ডি এম ছিলেন, ইরিগেশন দপ্তরের লোক ছিলেন, এন এইচ এ আইয়ের লোক ছিলেন, পি.ডব্লিউ.ডি-র লোক ছিলেন, আমাদের সভাধিপতি ছিলেন এবং সাংসদ ছিলেন। সেখানে সিদ্ধান্তও নেওয়া হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও দেখা যাচ্ছে প্রবল বৃষ্টিপাতের ফলে ডোমজুড় কেন্দ্রের ব্যাপক অংশ জলের তলায় চলে যাচ্ছে। অবিলম্বে এর ব্যবস্থা নেবেন।

ZERO HOUR

Smt. Shanta Chhetri : Hon'ble Deputy Speaker, Sir, I would like to draw the kind attention of the Hon'ble Minister of Technical Education. Sir, there is only one Polytechnic Institute at Kurseong in the Darjeeling hill having Civil, Electrical and Computer Science streams but I regret to inform in the august House that the efficient Contractual Principle of the said Institute has been terminated on 31st May, 2003.

I had requested several times to the Hon'ble Minister at Writers' Buildings as well as the departmental heads of Technical Education for the continuation of the Principal on contract basis but till now no action has been taken by the Government.

I, again, request the Hon'ble Minister to kindly take serious initiative to absorb the Principal as early as possible.

[12.40—12.50 p.m.]

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ২৭শে ফেব্রুয়ারি গুজরাটে দাঙ্গা শুরু হয়েছিল। গুজরাটের দাঙ্গা সবচেয়ে ভয়ঙ্কর এবং নির্মম ও নৃশংস ঘটনাগুলির মধ্যে অন্যতম ওই বেস্ট বেকারির হত্যাকাণ্ড বজরং দল এবং ভি এইচ পি উগ্র হিন্দু সাম্প্রদায়িক দাঙ্গাবাজরা সংখ্যালঘু মুসলিম বেস্ট বেকারির পরিবারসহ ১৪ জনকে রুটি তৈরি কারখানায় জীবন্ত দগ্ধ করে মারে। এই ঘটনায় ওই পরিবারের ১০ জন নিহত হয়।

প্রত্যক্ষদর্শী হিসাবে বেস্ট বেকারির স্ত্রী এবং তাঁর কন্যা জীবিত আছেন। তাঁরা প্রকৃত সাক্ষী। এই সাক্ষ্য প্রমাণকে লোপাট করার জন্য ভি এইচ পি এবং বজরং দলের পক্ষ থেকে ভীতি প্রদর্শন করা হয় এবং প্রকৃত সাক্ষ্য, যাতে দিতে না পারে তার জন্য বাধ্য করা হয়, আদালতে প্রকৃত সাক্ষ্য না দিতে পারার ফলে ২১ জন দাঙ্গাবাজ প্রমাণের অভাবে ছাড়া পেয়েছে। আমাদের দেশের ধর্মনিরপেক্ষতার বিষয়ে আমরা এতে আতঙ্কিত এবং যারা দাঙ্গাবাজ তারা এতে উৎসাহিত হয়েছে। স্বাভাবিকভাবে আমাদের দেশের কেন্দ্রীয় সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করে কোনো লাভ নেই, কারণ তাদের মদতেই প্রত্যক্ষ দাঙ্গা হয়েছে। স্বাভাবিকভাবে গোটা পরিস্থিতিতে ধর্মনিরপেক্ষ মানুষকে সমবেত হতে হবে এবং দাঙ্গাবাজদের বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তুলতে হবে। যাতে এই কেস অন্যত্র সরিয়ে নিয়ে গিয়ে বিচারের ব্যবস্থা করা হয় তার দাবি আমি করছি।

শ্রী রবীন্দ্র ঘোষ : আমি বলছি না (নট রেসপন্স)।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মা আমি উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ইউ জি সি যেটা কেন্দ্রীয় সরকারি সংস্থা তারা বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি পাস করে। তারা সম্প্রতি সিদ্ধান্ত নিয়েছে যে, বিশ্ববিদ্যালয়ের যারা ভাইস চ্যান্সেলর বা বিশ্ববিদ্যালয়ের যারা কর্মকর্তা এ ডি এ কে বিভিন্ন ডিপার্টমেন্টে তারা সরাসরি টাকা প্রদান করবেন। ফলে এর ভিতর দিয়ে কেন্দ্রীয় সরকারের দ্বারা কোনো মতলব বা স্বাধিকারকে হরণ করার প্রক্রিয়া হচ্ছে কিনা সেটা গভীরভাবে ভাববার বিষয় আছে। সেই কারণে আমরা দেখছি কেন্দ্রীয় সরকার তাদের শিক্ষ ব্যবস্থায় ক্রমান্বয়ে কেন্দ্রীয় সরকারি সংস্থা যেগুলি আছে, সেখানে গৈরিকীকরণ করছে এবং স্বাধিকার হরণ করার চেষ্টা করছে। ইউ জি সি যে সিদ্ধান্ত নিচ্ছেন গ্রান্ট দেওয়ার নাম করে সরাসরি ডিপার্টমেন্টকে টাকা দেওয়ার কথা ভাবছেন, সেই ব্যাপারে আমাদের মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীকে বলব, তিনি সুচিন্তিত চিন্তা-ভাবনা করে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে জানানো দরকার, এইটা আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারা পশ্চিমবাংলায় নদীবাঁধগুলির অবস্থা অত্যন্ত ভয়ংকর। কিছুদিন আগে পঞ্চায়েত নির্বাচন হয়েছে, গতকাল আজ এবং আগামীকাল পঞ্চায়েত সমিতি গঠিত হচ্ছে, এরপরে জেলা পরিষদ হবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে বারবার বলেছি, যেসব জায়গায় বাঁধগুলির অবস্থা বিপন্ন, সেখানে অবিলম্বে মেরামত করা দরকার। আমি উদাহরণস্বরূপ কয়েকটি জেলার নাম বলছি, শুধুমাত্র মালদা বা মুর্শিদাবাদ জেলা নয়, যেখানে গঙ্গা অথবা পদ্মার ভাঙন আছে, একটা ধারাবাহিক সমস্যা আছে, যে সমস্ত বাঁধ ভেঙে বিপন্ন অবস্থা হয়, যেমন হাওড়া, হুগলি, মেদিনীপুর, বর্ধমান এবং অন্যান্য জেলা, এই সমস্ত জেলায় অনেকগুলি বাঁধ আছে, সেই বাঁধগুলিকে এখনি যুদ্ধকালীন ভিত্তিতে মেরামত করা দরকার।

আমার বিধানসভা কেন্দ্র হাওড়া জেলার কল্যাণপুর, সেখানে দীপমালিকা বাঁধ গত বৎসরেও ভাঙার মতো অবস্থা হয়েছিল। মাননীয় সেচমন্ত্রী জানেন এবং ওই দপ্তরের সমস্ত কর্তারা জানেন, সামান্য কটা টাকা দিয়ে গতবার যখন ওই বাঁধ মেরামত করতে গিয়েছিল ওই

দপ্তরের কর্মীরা, তখন ওখানকার মহিলা-পুরুষ সবাই মিলে বাঁধা দিয়েছিল। তাদের বক্তব্য ছিল প্রতি বৎসরই তালি মেরে এই বাঁধের কাজ করা হচ্ছে, আমরা আর তালিমারা কাজ করতে দেব না। তখন মাননীয় মন্ত্রীমহাশয়, এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, চিফ ইঞ্জিনিয়ার সবাই আশ্বাস দিয়েছিল আগামী বৎসরে আমরা এর কাজ ভালোভাবে করব। আমি মন্ত্রীমহাশয়কে এই বৎসরে যখন বিষয়টা বললাম, তখন তিনি বললেন জেলা পরিষদ গঠন হল আমরা এই ব্যাপারে তাদের সঙ্গে কথা বলব। জেলা পরিষদ চার্জ নেবে, মাননীয় মন্ত্রীমহাশয় তাদের সঙ্গে কথা বলবেন ততদিনে অবস্থা ভয়ংকরের দিকে চলে যাবে। তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে আমার অনুরোধ, দীপমালিকা সহ অন্যান্য বাঁধ যেগুলো ভয়ংকর অবস্থায় রয়েছে, সেগুলো ভেঙে বন্যা যাতে না হয় এবং পশ্চিমবাংলার মানুষকে বাঁচানোর জন্য আপনি চেষ্টা করবেন।

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্যায় যখন শুরু হচ্ছে তখন আমরা দেখলাম যে, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে তৃণমূল কংগ্রেসীরা এই বিধানসভা বয়কট করলেন। আজকে এই বয়কট কথাটা ক্রমশ হাস্যকর অবস্থায় জনমানসে প্রতিফলিত হচ্ছে। অর্থাৎ তৃণমূল নেতৃত্ব বা সুপ্রীমো সম্পর্কে অনেকে অনেক কিছু বলেছেন। একটা বহুল প্রচলিত লোকসংগীত তার ক্ষেত্রে বিবেচিত করা যায় "জলে নামিব, সাঁতার কাটিব, বেণী ভেজাবো না"। তিনি বেণী একই রকম রেখেছেন। জলে নেমেছেন, সাঁতার কাটছেন, তার বিধায়করা বিধানসভার আশেপাশে ঘুরঘুর করছেন, কেউ রেলের কুপন তুলছেন, কেউ বঙ্গভবনে থাকছেন, কেউ গেস্ট হাউসে থাকছেন, সমস্ত সুযোগ-সুবিধা তাঁরা নিচ্ছেন, কিন্তু বেণী ভেজাননি। অর্থাৎ বয়কট চলছে এবং এই বয়কট চালাতে চালাতে একটা আপশোস, হা-হুতাশায় পরিণত হয়েছে। অবস্থা হল নতুন কমিটি গঠন হচ্ছে, কিন্তু তারা যোগদান করতে পারছেন না, কারণ তারা বিধানসভা বয়কট করছে। তারা সংবাদ মাধ্যমের কাছে বলেছেন, আমাদের কমিটিতে না রাখলে, আগামী দিনে আমরা বাংলা বন্ধ করব। আমার সসেমীরের গল্প মনে পড়ছে, রাজপুত্র ভালুকের হাতে চড় খেয়ে সসেমীরা বলতে শুরু করেছিলেন, জানি না আমি কার চড় খেলাম। যতদূর মনে হয় পশ্চিমবাংলার জনগণের চড় খেয়ে সেই যে ৩৫৬ ধারা শুরু করেছে, এখনো কোনো পণ্ডিত পাওয়া গেল না, যে এই ৩৫৬ ধারা শ্লোক বন্ধ করবে। জানি না আদবানীজি তাকে কি উপহার দিয়ে গেলেন। মাননীয় চিফ হুইপ আমাকে একটা কবিতা দিয়েছেন, সেটা আমি পড়ছি—

আদবানীজি এসেছিলেন কলকাতায়,
রবিবার সকালবেলায়।
সুদীপ নিয়ে গেলেন গঙ্গাবক্ষে,
মমতাও নিয়েছিলেন কথিত বে-আইনী দলীয় কক্ষে
বুঝিয়ে দিলেন আদবানীজি কার পক্ষে।
মমতা হয়েছেন হতাশ,
করছেন হা-হুতাশ,
বিধানসভা বয়কট প্রত্যাহার করেই
ডুবন্ত দলকে করুন রক্ষে।

আসলে ওদের হর্স ট্রেডিং নয়, প্র্যাকটিকালি ডাঙ্কি ট্রেডিং চলছে। তাদের নির্বাচিত হয়ে আসার জায়গা থেকে তারা দূরে সরে যাচ্ছে, বাংলার জনমানসের কাছে। সেই জায়গায় দাঁড়িয়ে তাদের এই হতাশার আমি নিন্দা করছি।

[12.50—1.45 p.m. (Including Recess)]

শ্রী তপন হোড় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভাকে একটা মর্মান্তিক দুঃখজনক ঘটনার কথা বলছি। সেটা হচ্ছে—আমাদের শ্রদ্ধেয় কবি সুভাষ মুখোপাধ্যায় আজ সকালে এস.এস.কে.এম. হাসপাতালে মারা গেছেন। আমি আপনার মাধ্যমে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছি সভার পক্ষ থেকে। তাঁর দীর্ঘ কবি জীবনে যে এতবড় কীর্তি রেখে গিয়েছেন, তার প্রতি সভার পক্ষ থেকে যেন আমরা শ্রদ্ধা জানাতে পারি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইমাত্র মাননীয় সদস্য শ্রী তপন হোড় মহাশয় যে কথা বললেন, যে সংবাদ দিলেন, তাতে আমরা সভার সকল সদস্য স্তম্ভিত। কবি সুভাষ মুখোপাধ্যায় যৌবনের কবি, সংগ্রামের কবি। আমরা যারা তাঁর কাব্যগ্রন্থ পড়েছি, তারা জানি তিনি তাঁর সামগ্রিক রচনায় সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লিখে গিয়েছেন এবং লিখেছেন শোষণহীন সমাজব্যবস্থার কথা। আমি আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে মুখ্য সচেতক হিসাবে—যদিও তাঁর শেষকৃত্য এখনও হয়নি—তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করছি এবং তাঁর পরিবারবর্গকে সমবেদনা জানাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি, আমরা আবার মিলিত হব ১.৪৫ মিনিটে।

(At this stage the House was adjourned till 1.45 p.m.)

[1.45—1.55 p.m.]

(After Recess)

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND NO. 35

Mr. Deputy Speaker : There are 50 cut motions to Demand No. 50. All the cut motions are in order. Cut motions No. 1, 2, 10.16, 19, 27-28 are taken as moved. The remaining cut motions are not moved.

Shri Kamal Mukherjee (Amendment No. 1)	:	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1
Shri Gyan Singh Sohanpal (Amendment No. 2) Shri Kamal Mukherjee (10-16) Shri Deba Prasad Sarkar (19) Shri Abdul Mannan (27-28)		Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী আবদুল মান্নান : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, তার ৩৫ নম্বর যে দাবি পেশ করেছেন, আমি সেই ব্যয়বরাদ্দের দাবির বিরোধিতা করে আমাদের দলের আনা কাটমোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এই লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বইটা থেকে রাজ্যের এই দপ্তরের চিত্রটা কিছুটা পাই। যদিও সেটা সরকারের তৈরি একটা রিপোর্ট। একটা ডকুমেন্টস। এই ডকুমেন্টসের উপর ভিত্তি করেই আমাদের বক্তব্য রাখতে হবে। আজকে আমি এই লেবার ইন ওয়েস্ট বেঙ্গল থেকে একটু পড়ে শোনাই। প্রথম পাতায় Chapter on Industrial Relations, General Review. In 2002 lockouts still dominate the industrial relations scence আপনার দপ্তর যে ডকুমেন্টস প্লেস করছেন তাতে বলছেন লাস্ট দু হাজার সালে lock-outs still dominate the industrial scene. There was a rise in the number of cases of lock-outs accompanied by an increase in the number of persons involved with increased loss of mandays. যে পরপর বাড়ছে, লক-আউটের পরিমাণ বাড়ছে। ম্যানডেজ লস হচ্ছে। সেই তুলনায় স্ট্রাইক কম বলছেন। During the year lock-outs coverd 94.72 percent of the total loss of mandays. এটা হয়েছে। এই লাস্ট ইয়ারে দু হাজার দুই সালে টোটাল যে ম্যানডেজ লস, তার ৯৪.৭৫ পারসেন্ট হচ্ছে লক-আউটের জন্য হয়েছে। বলছেন, There were twenty nine cases of strikes involving 81.96 thousand workmen with a loss of 1.18 million mandays. There were 342 cases of lock-out involving 148.53 thousand workmen resulting in 21.15 million loss of mandays. 'These cases are inclusive of cases brought forward from previous years.'

এই যে একটা চিত্র যেটা রাজ্য সরকার তার ডকুমেন্টে বলেছে। ২০০২ সালে লক-আউট ডকুমেন্ট করেছেন। তাহলে আমরা কোথায় আছি। নতুন শিল্প কারখানা তো হচ্ছেই না তার উপর যে কারখানা চালু আছে সেগুলোও লক-আউট হয়ে যাচ্ছে তাহলে শ্রমিকদের মধ্যে তো হতাশা আসবেই। স্বাভাবিক কারণেই শ্রমিকরা হতাশার মধ্যে আছেন। আপনি একটু আগে মাননীয় সদস্য শ্রী আশুতোষ মুখোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে বললেন যে, মালিকপক্ষ ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট মানছে না। মাত্র দুটো জুট মিলের কর্তৃপক্ষ মেনেছে। আপনার কিছু করার নেই। ২০০২ সালের ৫ই জানুয়ারি যে ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট করেছেন সেই এগ্রিমেন্ট মানছে না, আপনি আবার ১৭ আগস্ট মিটিং ডেকেছেন, যে কেন মানছে না। তাহলে লক-আউট প্রত্যাহার করার ব্যাপারে আপনার ডিপার্টমেন্টের ফেলিওর সব থেকে বেশি। আমরা যদি ইন্ডাস্ট্রি ওয়াইজ দেখি তাহলে দেখব আপনার রাজত্বে কিভাবে লক-আউটের সংখ্যা বেড়েছে। '৯৬ থেকে ২০০২ পর্যন্ত যদি হিসাবটা দেখি তাহলে দেখব যে—সবই লেবার ইন ওয়েস্ট বেঙ্গল থেকেই দেওয়া তথ্য, আপনার দেওয়া তথ্য, আমার নয়, লেবার ইন ওয়েস্ট বেঙ্গল কি বলছে, '৯৬ সালে লক-আউট স্ট্রাইক মিলে সংখ্যা হচ্ছে ১৬১, '৯৭-তে ১৯০, '৯৮—২৩৮, '৯৯—২৯৮, ২০০০—৩১৩, ২০০১—৩২৯, ২০০২—৩৭১। সংখ্যাগুলো প্রতি বছর বেড়েছে। তাহলে আপনার রাজত্বে দিনের পর দিন

স্ট্রাইক এবং লক-আউটের সংখ্যা বাড়ছে। সেগুলো খোলার ব্যাপারে আপনার কোনো ব্যবস্থা নেই। সেখানে সরকারের টোটাল ফেলিওর। ইন্ডাস্ট্রি ওয়াইজ যদি চলে যাই চা-বাগান থেকে শুরু করি, সংখ্যাটা কিভাবে বেড়েছে। উত্তরবঙ্গে সেখানে দেখছি '৯৮ সালে চা-বাগানের লক-আউটের সংখ্যা হচ্ছে ৫টা, '৯৯-তে ৯টা, ২০০০-এ ১০টা, ২০০১—১৫, ২০০২—৩০, তার মানে আগেরগুলো খোলার ব্যবস্থা করছেন না বলেই সংখ্যাটা বেড়ে যাচ্ছে। আপনি সেখানে কমাবার কোনো ব্যবস্থা করতে পারলেন না। আমাদের পশ্চিমবাংলায় জুট-এর কি অবস্থা, সেখানে দেখছি লক-আউটের সংখ্যা '৯৮—১৩, '৯৯—২১, ২০০২—২৯ কিছু খুলেছে বলে ২০০১-এ সংখ্যাটা নেমেছে, ২০০১-এ ২০, ২০০২-তে একই স্ট্যাটিসটিক্স তাহলে এই চিত্রটা আশাব্যঞ্জক নয়, হতাশাব্যঞ্জক। আপনার ইঞ্জিনিয়ারিং মেজর, এমনিতেই ইঞ্জিনিয়ারিং শিল্পে আপনি পিছিয়ে আছেন। সেখানে দেখা যাচ্ছে আমরা যদি দেখি '৯৯ সাল থেকে দেখি, '৯৯—১৮টা লক-আউট, ২০০০—২৩, ২০০১-এ ২৪, ২০০২—২৮ প্রতিটি ক্ষেত্রে, একটা সেক্টরে আপনার সাফল্য নেই। আজকে শুধু জুট বলবেন। ইঞ্জিনিয়ারিং মেজর, ইঞ্জিনিয়ারিং মাইনর সব ক্ষেত্রে একই অবস্থা।

[1.55—2.05 p.m.]

১৯৯৮ সালে ৪২, ১৯৯৯ সালে ৮০, ২০০০ সালে ৮৮, ২০০২ সালে ৯৩ হয়েছিল, সেখানে আপনাদের সাফল্য নেই। কোথায় আছে কটনে ? কটনে দেখুন, তবে কটন বেশিরভাগই সরকারি, এন.টি.সি.-র বেশি, সেখানে পশ্চিমবঙ্গে ৫-৬টা আছে। সেখানে ২০০০ সালে ১১, ২০০১ সালে ১৭, ২০০২ সালে ২১, তাহলে এই চিত্রটা হতাশার কিনা বলুন ? আপনাদের রাজত্বে দিনের পর দিন স্ট্রাইক এবং লক-আউটের সংখ্যা বেড়ে যাচ্ছে, আর বামফ্রন্ট সরকার ঘুমিয়ে যদি কাটান তাহলে কী হবে ? এটা দুঃখের বিষয়। আজ পর্যন্ত যতগুলি শ্রমমন্ত্রী এসেছেন সেই কৃষ্ণপদ ঘোষ মহাশয় থেকে শুরু করে আপনি পর্যন্ত প্রত্যেক শ্রমমন্ত্রীকে আমি শ্রদ্ধা করি, কারণ ব্যক্তিগতভাবে শ্রমিক আন্দোলনের মধ্যে দিয়ে এসেছেন, তাঁরা শ্রমিক আন্দোলনের প্রোডাক্ট, তাঁরা শ্রমিকদের দুঃখ-দুর্দশা বুঝতেন। আপনি মন্ত্রী হলেন, কিন্তু আপনি শ্রমিক আন্দোলনে যে ভূমিকা পালন করেছিলেন আজকে মন্ত্রী হওয়ার পরে সেই ভূমিকা দেখতে পাচ্ছি না। আপনি শ্রমিকদের লড়াইয়ে যে ভূমিকা নিতেন সেই মালিকদের বাধ্য করতেন, আজকে কিন্তু সেই ভূমিকা দেখতে পাচ্ছি না। আমার বলার পরে জগদীশবাবু বক্তব্য রাখবেন। জগদীশবাবু নিজে একটা রিপোর্ট দিয়েছেন। আপনি গত বছরের রিপোর্ট দিয়েছেন, এ বছরেও আপনি রিপোর্ট দিয়েছেন অ্যাজ এ চেয়ারম্যান অফ স্টান্ডিং কমিটি অন লেবার, গত ২ বছরের রিপোর্ট দেখলাম, তাতে দেখছি শ্রমিকদের কল্যাণের জন্য বিভিন্ন রকম স্কিম নেওয়া হয়েছে, সেইখানে যে সমস্ত স্কিম নেওয়ার কথা ২৭টা স্কীম নেওয়ার তার মধ্যে ১৮টা ইমপ্লিমেন্ট করতে পারেননি। এবারেও দেখছি একই রিপোর্ট, গত বছরে যা বলেছিলেন এবারেও সেই একই রিপোর্ট। তার মানে ডেভেলপমেন্ট কিছুই হয়নি। আমি গতবারের স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট নিয়ে এসেছি, আপনার সুবিধা হবে বলে আমি ইংরেজিটা পড়ছি, এখানে শুধু ইয়ারের তফাৎটা আছে, গত বছরের রিপোর্ট ৬ পাতায় দেখুন—"In the previous year (2001-2002) there was a budget

provisions of Rs. 49.6500 crores for 27 Plan Schemes out of which 8 Plan Schemes should not be materialised at all." তাও ৮টি প্ল্যানকে ইমপ্লিমেন্ট করতে পারেননি স্ট্যান্ডিং কমিটির যে রিপোর্ট তাতে বলছে "The rest 18 Plan Schemes had been materialised by spending a sum of Rs. 11.6064 crores, only which is near about 23% of the original budget provisions." যা বাজেটে প্রভিশান ছিল তার ২৩ পারসেন্ট অ্যাচিভমেন্ট। ৮টি প্ল্যান হয়েছে, বাকিগুলি ইমপ্লিমেন্ট করতে পারেননি। বাংলাতেও ঠিক একই কথা বলছেন, আপনার সুবিধার জন্য আমি ইংরেজিটা বললাম। এটা আমার কথা নয়। আপনি বাজেট নিয়ে এসেছেন কিসের জন্য ? এখানে বলা হচ্ছে—"To a query about non-utilisation of the major part of the last year's budgetary allocations it was intimated to the Committee that owing to non-approval to the creation of posts and non-sanction of funds by the Finance Department in some cases and owing to non-finalisation of some proposals moved by the Labour Department the entire budget provisions could not be utilised." কেন্দ্রের দোষ নয়, কেন্দ্রীয় সরকারের দোষ নেই। আপনাদের স্ট্যান্ডিং কমিটি বলছে আপনাদের ফিন্যান্স ডিপার্টমেন্টের নন-অ্যাপ্রুভ্যাল, নন-কোঅপারেশনই লেবারদের স্বার্থে স্কিমগুলি ইমপ্লিমেন্ট করতে পারেননি। এর জন্য দায়ী কে ? এর জন্য আপনিই দায়ী। আপনার বাইরে বড় বড় শ্লোগান দেন আন-অর্গানাইজ্‌ড সেক্টর স্ট্রাইক করে। আন-অর্গানাইজ্‌ড সেক্টরের জন্য নাকি আপনারা সরকার থেকে অনেক সাফল্য অর্জন করেছে বলে দাবি করেন। আপনারা বাইরে বক্তৃতা দিতে গিয়ে নানা কথা বলছেন। আপনাদের মাননীয় মুখ্যমন্ত্রী আজকাল আবার খুব ভাষা শিখেছেন, আমাদের চোখে নাকি ন্যাবা হয়েছে আমরা দেখতে পাই না। এটা আপনাদের কালচার হতে পারে কিন্তু তার পরিপ্রেক্ষিতে আমরা বলতে পারি না 'আপনাদের সাইক্রিয়াটিস্ট দেখানো উচিত।' বিরোধীদের যাঁরা এই সব বলেন তাদের আমরা ওই রকম বলতে পারি না। তা আমাদের চোখে ন্যাবা হোক আর যাই হোক আপনাদের চোখ তো পরিষ্কার। তাহলে আপনাদের রিপোর্ট কী বলেছে একটু দেখুন।

আন-অর্গানাইজ্‌ড সেক্টর স্কিমে ১লা জানয়ারি ২০০১ সালে অ্যানাউন্স করলেন যে ৪ লক্ষ বেনিফিসিয়ারি তৈরি করবেন। যেটাকে বলা হচ্ছে 'স্টেট অ্যাসিসটেড স্কিম অফ প্রভিডেন্ট ফান্ড ফর আন-অর্গানাইজ্‌ড ওয়ার্কারস' সংক্ষেপে এস.এ.এস.পি.এফ.ইউ.ডবলু.। এই স্কিমে প্রতি বছর ৪ লক্ষ করে টার্গেট অ্যানাউন্স করলেন। কিন্তু আপনাদের রিপোর্ট বলছে, গত বছর এবং এ বছরের স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট বলছে এটা ইমপ্লিমেন্ট করতে পারেননি। ওয়ান থার্ড, ওয়ান ফোর্থও করতে পারেননি। ৪ লক্ষের মধ্যে ৬৩ হাজার ২৯, মানে ভাগ করলে অনেক কম হয়, ৬ ভাগের এক ভাগ মতো হয়। করতে পেরেছেন। ২০ শতাংশও করতে পারেননি। বাইরে শুধু ফাটিয়ে বলে বেড়াচ্ছেন যে, আন-অর্গানাইজ্‌ড সেক্টরে আপনাদের বিরাট অ্যাচিভমেন্ট, বিরাট সাফল্য। কিন্তু আমরা এই তো দেখতে পাচ্ছি অবস্থা। রাজ্যের আন-এমপ্লয়মেন্ট সল্‌ভ করার ক্ষেত্রে সেসরু স্কিমে আমাদের রাজ্য

পিছিয়ে। অথচ, ওখানে দাঁড়িয়ে আপনাদের অর্থমন্ত্রী দুটো মাইক নিয়ে লাফিয়ে লাফিয়ে স্লোগান দিচ্ছেন যে, সব কেন্দ্রের দোষ, সেসরু করতে পারা যাচ্ছে না ব্যাংক দিচ্ছে না বলে। কিন্তু গত বছর তো স্ট্যান্ডিং কমিটি রাজ্য কো-অপারেটিভ ব্যাংককে কাজে লাগাতে বলেছে সেসরুর লোন দেওয়ার ক্ষেত্রে। বলেছিল, ওই ব্যাংকগুলো এক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিতে পারে। তাদের বিরুদ্ধে আপনারা কোনো অ্যাকশন নিতে পেরেছেন ? পারেননি। এটা আপনাদের রিপোর্ট বলছে। এক্ষেত্রে গভর্নমেন্ট টোট্যালি ফেলিওর হয়েছে। আপনারা এগিয়ে যেতে পারেননি। আপনাদের সাফল্য এক্ষত্রে খুব কম, ব্যর্থতা বেশি প্রকট।

আপনারা যখন রাজ্যে ক্ষমতায় এসেছিলেন তখন ওই রাজ্যে বেকারের সংখ্যা কত ছিল ? বেকারের সংখ্যা ছিল ১২ লক্ষের মতো। আজকে সেই সংখ্যাটা কত হয়েছে ? ৬৮ লক্ষ ৩৩ হাজার ১৩৭ জন ৩১ ডিসেম্বর ২০০২ সাল পর্যন্ত। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্টারে বেকারের সংখ্যা ৬৮ লক্ষ ৩৩ হাজার ১৩৭। আপনি আমার এবং জ্ঞান সিংজীর একটা লিখিত প্রশ্নের উত্তরে জানিয়েছেন এবং 'লেবার ইন ওয়েস্ট বেঙ্গল' বলে যে বইটা আমাদের পড়তে দিয়েছেন তার ১৪৫ পাতাও আপনি বলেছেন 'টোট্যাল নাম্বার অফ জব সিকার্স, রেজিস্টার্ড দেয়ার নেমস ডিউরিং দি ইয়ার ২০০২' সেটা হচ্ছে ৬৪ লক্ষ ৩৩ হাজার ১৩৭। তাহলে চাকরি দেওয়ার সংখ্যা কত ? এক একটা চাকরি কেমন দিতে পেরেছেন ?

[2.05—2.15 p.m.]

সেখানে দেখা যাচ্ছে সংখ্যাটা খুবই কম। আপনি চাকরি দিতে গিয়ে একেকটা ইয়ার ১১-১২ হাজারের বেশি চাকরি দিতে পারেননি। তাহলে আপনার সাফল্য কোথায় দেখাচ্ছেন ? এক মাসে এখানে নাম রেজিস্টার্ড হয় ২১ হাজারের মতো—শুধু ২০০২ সালের জানুয়ারি মাসে নাম রেজিস্টার্ড হয়েছে ২১ হাজার সামথিং, আর একেকটা ইয়ারে ম্যাকসিমাম চাকরি দিতে পেরেছেন ১১৫৭-এর বেশি দিতে পারেননি। আমি আপনাকে ব্রেক-আপটা দিচ্ছি। ১৯৯৭ সালে সমস্ত সংস্থা, সেন্ট্রাল গভর্নমেন্ট অফিস, সেন্ট্রাল গভর্নমেন্ট আন্ডারটেকিংস, স্টেট গভর্নমেন্ট অফিস, স্টেট গভর্নমেন্ট আন্ডারটেকিংস, লোকাল বডিস, প্রাইভেট সেক্টর এস্টাব্লিশমেন্ট অ্যান্ড আদার নন-এস্টাব্লিশমেন্ট এসব নিয়ে আপনার এমপ্লয়মেন্ট কত ? আপনি ৩০.৩.৯৮-তে জানিয়েছেন যে, ১৯৯৭ সালে আপনি চাকরি দিয়েছেন ১০,৯৭১ জনকে—এটা ওই বছরের ১৯ ফেব্রুয়ারির হিসেব। ১৯৯৯ সালে আপনার চাকরি দেওয়ার সংখ্যা ১৪,৪৬৫। লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে, জানিয়েছেন, ২০০০ সালে চাকরি দিয়েছেন ১৭,২৪১ জনকে, ২০০১ সালে চাকরি দিয়েছেন ৯৭১৩ জনকে, ২০০২ সালে চাকরি দিয়েছেন ৯২১৬ জনকে। আপনি এমপ্লয়মেন্ট মিনিস্টার, আপনাকে তো চাকরি করতে হবে না, আপনার চাকরির কোনো সমস্যা নেই, জনগণের দয়াতে আপনি সুখে-শান্তিতে আছেন। দেখা যাচ্ছে, বছরে আপনি ম্যাকসিমাম ১০ হাজারের বেশি কর্মসংস্থান করতে পারেন না। এটা সমস্ত সেক্টরগুলো মিলিয়ে হচ্ছে—সেন্ট্রাল গভর্নমেন্ট অফিস, স্টেট গভর্নমেন্ট অফিস, সেন্ট্রাল গভর্নমেন্ট আন্ডারটেকিংস, স্টেট গভর্নমেন্ট আন্ডারটেকিংস এই সমস্ত দিয়ে এই যদি আপনার চাকরির ব্যবস্থা হয় তাহলে আপনি কী করে সাফল্য অর্জন করবেন ? আপনি বেকারদের মুখে হাসি ফোটাবেন কী করে ? বছরের পর বছর ধরে ৬৪ লক্ষ বেকার তৈরি করে আপনি

বেকারদের মুখে হাসি ফোটাবেন কী করে ? বেকারদের তালিকাটা দেখুন—১৪ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত রেজিস্টার্ড বেকারের সংখ্যা ১০ লক্ষ ৬৯ হাজার ৮৪৩, ২০ থেকে ২৪ বছর বয়স পর্যন্ত রেজিস্টার্ড বেকারের সংখ্যা ২৩ লক্ষ ৮০ হাজার ৩২১, ২৫ থেকে ২৯ বছর বয়স পর্যন্ত বেকারের সংখ্যা ১৯ লক্ষ ১১ হাজার ৯৩, ৩০ থেকে ৩৪ বছর বয়স পর্যন্ত বেকারের সংখ্যা ৭ লক্ষ ৭৪ হাজার ৬০, ৩৫ থেকে ৩৯ বছর বয়স পর্যন্ত বেকারের সংখ্যা ২ লক্ষ ৫২ হাজার ৮০০, ৪০ বছর এবং তার পরে বয়স পর্যন্ত বেকারের সংখ্যা ৪৫ হাজার ২০। আপনি এখানে যদি পপুলেশন রেশিওটা দেখেন তাহলে দেখা যাবে যে, ২০০১ সালের সেনসাস অনুযায়ী পপুলেশন ৮ কোটি ২ লক্ষ, আর ১৪ থেকে ৪০ বছর বয়স পর্যন্ত পপুলেশন হচ্ছে ৪ কোটির কাছাকাছি হবে, কারণ ৬ বছরের নীচে আমাদের জনসংখ্যা ১৩.৮৮ পারসেন্ট। এগুলো বাদ দিলে ৪ কোটির মধ্যে আপনি ৬৪ লক্ষ বেকার তৈরি করে ফেলেছেন। হতাশা নেই ? এখানে হায়ার এডুকেশনের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, এম.এস.সি., এম.এ. অনার্স পাশ করে মেরিটোরিয়াস স্টুডেন্টরা চাকরি পাচ্ছে না। এমনকি বি.টেক. পাশ করা স্টুডেন্টরাও চাকরি পাচ্ছে না। বি.টেক., বি.ই. পাশ করে ৭৭২৭ জন ছেলেমেয়ে চাকরির জন্য ঘুরে বেড়াচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ১০৯৫ জন ডাক্তার চাকরির জন্য ঘুরে বেড়াচ্ছে। আপনার সাফল্য কোথায় ? সেখানে আপনার ব্যর্থতা। এখানে যে লিস্ট আছে বলতে গেলে অনেক সময় লেগে যাবে। ১৯ হাজার ৪৩৫ জন এম.এস.সি. পাস ছেলে ঘুরে বেড়াচ্ছে, চাকরি পাচ্ছে না। এই যদি অবস্থা হয় মন্ত্রী মহাশয়ের মুখে হাসি থাকে কী করে ? বেকার ছেলেদের কথা একটু চিন্তা করুন, তাদের জন্য চোখের জল না ফেলতে পারেন অন্তত আপনার হাসিটা একটু বন্ধ করুন। এই হাসিটা তাদের কাছে ব্যাঙ্গের হাসি হয়ে যাচ্ছে। তাদের জন্য আপনার চোখের জল ফেলতে হবে না সেটা তারা আশা করে না কিন্তু ব্যঙ্গের হাসি হাসবেন না বেকার ছেলেদের দিকে তাকিয়ে। আপনারা খুব সাফল্য দেখাচ্ছেন সব ব্যাপারে। আমার একজন বন্ধু মন্ত্রী আছেন। সব কিছুতেই ছোটবেলা থেকে কেন্দ্রবিরোধী স্লোগান দেন। মন্ত্রী হয়েও সেই মনোভাবের পরিবর্তন হয়নি। ই.এস.আই-এর ব্যাপারে দেখতে পাচ্ছি একই রকম চিত্র। স্যার, বেঙ্গল চেম্বার অফ কমার্সের সেমিনার হয়েছিল গত ২৬ জুন তারিখে। সেখানে ই.এস.আই. নিয়ে রিজিওনাল ডায়রেক্টার ই.এস.আই.—তিনি কী বললেন—ই.এস.আই. প্রকল্পে চিকিৎসার নির্দিষ্ট টাকা রাজ্য সরকার অন্য খাতে ব্যয় করছে। সাধারণ কর্মীদের কাছ থেকে ই.এস.আই. বাবদ টাকা কেটে নেওয়া সত্ত্বেও রাজ্য সরকারের ওই কর্মীরা উপযুক্ত চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। ই.এস.আই.-এর আওতায় থাকা কর্মচারীদের চিকিৎসার জন্য আমরা রাজ্য সরকারের কাছ প্রতি ৩ মাস অন্তর আগাম টাকা জমা দিই। ওই টাকা কর্মচারীদের বেতন থেকে কেটে নেওয়া হয়। সম পরিমাণ টাকা শিল্পসংস্থার মালিকরাও জমা দেন। কিন্তু রাজ্য সরকার ওই টাকার পুরোটা খরচ না করে অন্য খাতে খরচ করেন। আর এর ফলেই উপযুক্ত মানের চিকিৎসার থেকে রাজ্যের কর্মীরা বঞ্চিত হচ্ছেন। আর ওই ঘটনা না জানার ফলে সাধারণ মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন এবং আমাদের বিনা কারণে দোষী করছেন। ই.এস.আই.-এর টাকা অন্য খাতে খরচ করছেন এই চিত্রটা কি খুব ভালো ? বাজেট স্পিচে আপনি দু রকম বলেছেন। লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ৩১শে মার্চ ২০০০ সালে আই.পি. সংখ্যা ৬ লক্ষ ১৭ হাজার ৯ শত বলেছেন আবার বাজেট

স্পিচে বলেছেন অ্যাজ অন ৩১শে ডিসেম্বর ২০০১ আই.পি. সংখ্যা ৯ লক্ষ ৯৮ হাজার ৬ শত ২৫। এটা একটু ক্ল্যারিফাই করবেন। লেবার ইন ওয়েস্ট বেঙ্গল অ্যাজ অন ৩১ মার্চ ২০০২-তে আই.পি. সংখ্যা ৬ লক্ষ ১৭ হাজার ৯ শত বলেছেন। এটা লেবার ইন ওয়েস্ট বেঙ্গলের ১৬৮ পাতায় বলেছেন। আপনি বাজেট স্পিচে বলেছেন ২০০০ সালের অ্যাজ অন ৩১ ডিসেম্বর আই.পি. সংখ্যা ৯ লক্ষ ৯৮ হাজার। এটা তো অনেক কম হচ্ছে। এটা তো বাড়বে। কমে যাচ্ছে কেন ? যেখানে কারখানা বন্ধ হয়ে গেছে। আপনারা খুব বড় বড় কথা বলেন, খুব সাফল্য দেখান আমাদের মন্ত্রী মহাশয়। ১৯৬৪ সাল থেকে ই.এস.আই.-এর হাসপাতাল তৈরি হচ্ছে। আমরা কংগ্রেস আমলে ১৯৬৪ সালের ২৬ মার্চ কামারহাটি ই.এস.আই. হাসপাতাল দিয়ে শুরু করেছিলাম।

[2.15—2.25 p.m.]

মানিকতলা, কামারহাটি, বেলুড়, বাল্‌টিকুড়ি, উলুবেড়িয়া, শ্রীরামপুর, কল্যাণী, বজবজ এবং গৌরহাটিতে ১৯৬৪ সাল থেকে ১৯৭৩ সালের মধ্যে, ৯/১০ বছরে ৯টা ই.এস.আই. হাসপাতাল হয়েছিল। কংগ্রেস আমলে এগুলো হয়েছিল। আর আপনারা ১৯৭৭ সালে ক্ষমতায় এসে আজ পর্যন্ত মাত্র ৪টে হাসপাতাল করেছেন। তাহলে ২৬ বছরে এই হচ্ছে আপনাদের অ্যাচিভমেন্ট ! ই.এসআই. হাসপাতালগুলোর আজকে কী অবস্থা ? ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি আর.এন. গোয়েঙ্কা বলছেন, "ই.এস.আই. হাসপাতালে সাধারণ এক্স-রে করতে গেলেও ঘুষ দিতে হয়।" এই হচ্ছে পশ্চিমবাংলার ই.এস.আই. হাসপাতাল ! এই হচ্ছে ই.এস.আই. হাসপাতাল সম্বন্ধে মানুষের ধারণা। এর পরেও কি মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর দপ্তরের সাফল্যের খতিয়ান তুলে ধরবেন ? একটু লজ্জা পাওয়া উচিত, অবশ্য যদি লজ্জা থাকে—লজ্জা না থাকলে আর কি করবেন বলুন ! রাজ্যে ১৩টা ই.এস.আই. হাসপাতাল, অথচ ই.এস.আই. অন্তর্ভুক্ত সব মানুষকেই মানিকতলার ওপর নির্ভরশীল হতে দেখছি। উত্তরবঙ্গের শিলিগুড়িতে একটা ডিসপেনসারি করেছেন। উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় আজ পর্যন্ত একটা ই.এস.আই. হাসপাতাল করতে পারেননি। সব ক্ষেত্রেই আপনারা কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে দিচ্ছেন। আপনারা কী বলছেন ? বিশ্বায়ন, অমুক তমুক ইত্যাদি। আগে দেখতাম কমিউনিস্টরা বাঁধাধরা কতগুলো কথা বলতেন—প্রতিক্রিয়াশীল, বুর্জোয়া, ব্যুরোক্রাট ইত্যাদি। এই সব স্লোগান দিতে পারলেই ভালো কমিউনিস্ট হওয়া যায় বলে জানতাম। এখন বিশ্বায়ন ইত্যাদি স্লোগান শুরু হয়েছে। আপনারা একটু অন্তত বলুন যে, ই.এস.আই. হাসপাতালের ক্ষেত্রে আপনাদের অ্যাচিভমেন্ট কী ? তারপর আর একটা জিনিস দেখছি, সেটা হচ্ছে চাইল্ড লেবার। জগদীশবাবু, চাইল্ড লেবার নিয়ে আপনি কী বলেছেন ? এ সম্বন্ধে আপনি আপনার কমিটির পক্ষ থেকে রিপোর্ট দিয়েছেন এবং আগের বছরও দিয়েছিলেন। এটা কি কেন্দ্রীয় সরকার করবে ? ১৯৯৬ সালের পরে এ বিষয়ে কোনো সার্ভে পর্যন্ত হয়নি। গোটা দেশ যখন এগিয়ে যাচ্ছে, গোটা পৃথিবী এগিয়ে চলেছে, চাঁদে যাচ্ছে, মঙ্গল গ্রহে যাবার স্বপ্ন দেখছে তখন আমাদের পশ্চিমবাংলায় শিশু শ্রমিকের সংখ্যা বাড়ছে। এমনিতেই রাজ্যের শিশুরা শিক্ষার আলো পাচ্ছে না, তারপর তাদের বিভিন্ন পেশায় নিযুক্ত করা হচ্ছে। রাজ্যকে মাননীয় মন্ত্রী মহোদয় এমনই এগিয়ে নিয়ে যাচ্ছেন যে, ১৯৯৬ সালের পরে শিশু শ্রমিকের কোনো সার্ভে

পর্যন্ত হয়নি। The survey work was last undertaken by the Department in the year 1996 to ascertain the number of child labourers in the hazardous and non-hazardous industries to take follow up actions thereon as per instruction of the Union Government. ইউনিয়ন গভর্নমেন্ট আপনাদের বলেছিল, কিন্তু আপনারা সে কাজে ফেলিয়োর। আপনারা কোনো বিষয়েই সাকসেসফুল হলেন না। আপনারা যে কেউ একবার রাইটার্স বিল্ডিংস ক্যান্টিনে যান শিশু শ্রমিকদের দেখতে পাবেন। এই যদি অবস্থা হয় তাহলে আপনারা কী করে শিশুশ্রম বন্ধ করবেন ? সরকার পরিচালিত সব ক্যান্টিনেই শিশু শ্রমিকরা কাজ করছে। আমাদের বিধানসভা নিয়ে এখানে বলা যায় না, তা না হলে আমি দেখিয়ে দিতাম যে, এই বিধানসভার ক্যান্টিনেও শিশু শ্রমিকরা কাজ করছে। শিশু শ্রম কী করে বন্ধ করবেন ? সর্বত্র সরকার নিয়ন্ত্রিত ক্যান্টিনে, গেস্ট হাউসে শিশু শ্রমিকরা কাজ করছে সকাল ৬টা থেকে রাত ১২টা পর্যন্ত। কোনো ছুটি নেই, কোনো অফ-ডে নেই। মানবিকতা বোধ বলে একটা জিনিস আছে। আপনাদের সরকার মানবিকতা বোধ হারিয়ে ফেলেছে। ১৯৯৬ সালের পরে যে সরকার একটা সার্ভে পর্যন্ত করতে পারেনি সে সরকার শিশু শ্রম বন্ধ করার জন্য কী ব্যবস্থা নেবে ? আপনি এখানে ঢালাও করে বলেছেন শিশু শ্রমিক বন্ধ করার জন্য এই করেছি, অমুক করেছি, তমুক করেছি। কিন্তু বাস্তবে এর সঙ্গে কোনো মিল নেই। এই সরকার অনেক ভুল তথ্য দেন। আমরা তো আপনাদের বিরোধী দল, আমরা আপনাদের বিরুদ্ধে বলি। স্বাভাবিকভাবেই মানুষের মনের কথা, মানুষের প্রতিবাদের ভাষাকে তুলে ধরার চেষ্টা করি, আপনাদের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করি যদি দৃষ্টি আকর্ষণ করতে পারি না, কিন্তু আপনাদের যখন শরিক দলের নেতারা বলছেন, এ.আই.টি.ইউ.সি. বলছে—আই.এন.টি.ইউ.সি নয়, ট্রেড ইউনিয়ন তৃণমূল কংগ্রেস নয়, বি.এম.এস. নয়, হিন্দ মজদুর সভা নয়—যে এ.আই.টি.ইউ.সি. আপনারা তৈরি করেছেন, আমিন সাহেব করেছেন—সুশান্তবাবু আপনি করেননি, কারণ তখন আপনার জন্ম হয়নি—জগদীশবাবু করেছেন, রঞ্জিৎবাবু, মোর্সালিন সাহেব করেছেন—সেই এ.আই.টি.ইউ.সি.-র সিদ্ধান্ত হচ্ছে, এই রাজ্য সরকারের আমলে সব থেকে বেশি কারখানার মালিকরা প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি প্রভিডেন্ট ফান্ড অফিসে। মাননীয় শ্রমমন্ত্রী এখানে দাঁড়িয়ে বলুন, আপনি ক-টা মালিককে গ্রেপ্তার করেছেন প্রভিডেন্ট ফান্ডের টাকা না জমা দেবার জন্য ? আপনি এখানে দাঁড়িয়ে বলুন, এতগুলি মালিককে আমি গ্রেপ্তার করেছি। তা না হলে বলুন, আপনাদের শাসনকালে কেউই অর্থাৎ কোনো মালিকই প্রভিডেন্ট ফান্ডের টাকা আত্মসাৎ করেনি। শ্রমিকদের বঞ্চিত না করে, প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিয়ে তারা আইন মতে কাজ করেছেন। আর তা যদি না হয় তাহলে বলুন, আপনাদের সরকারের সাফল্য দেখাবার জন্য, আপনাদের সরকারের কৃতিত্ব দেখাবার জন্য যে, আমরা এতগুলি মালিককে গ্রেপ্তার করেছি। আর যদি জানতে চান কতগুলি মালিক প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি, তাহলে আমি আপনার কাছে তার একটি লিস্ট পাঠিয়ে দেব। অবশ্য এর আগেও আপনার কাছে এই লিস্ট পাঠানো হয়েছে বিভিন্ন ট্রেড ইউনিয়নের কাছ থেকে। আপনার সরকার প্রভিডেন্ট ফাণ্ডের টাকা আত্মসাৎ করার অপরাধে কোনো মালিককে গ্রেপ্তার করতে পারেননি। এই সরকার ব্রুট মেজরিটি হয়ে আছে রিগিং করে হোক আর যাই করে হোক।

এই সরকার মালিকদের হুমকিতে ভয় পান। অথচ কংগ্রেস আমলে ভাবতে পারেন কোনো মন্ত্রী একটা মালিককে ডাকলে আসে না ? এই শ্রমমন্ত্রী কতগুলি কনসিলিয়েশন করেছেন, কতগুলি ট্রাইপার্টাইট মিটিং করতে পেরেছেন ? বেশিরভাগ মালিকতো পালিয়ে যায়। তাদের যেন ডোন্ট কেয়ার ভাব। তাদের আপনারা গ্রেপ্তার পর্যন্ত করেননি—এই অবস্থা আজকে আপনি তৈরি করেছেন গোটা পশ্চিমবাংলায়। আপনারা স্লোগান দিয়েছিলেন, ''বামফ্রন্ট সরকার শ্রমিকের সংগ্রামের হাতিয়ার''। আজকে সেই বামফ্রন্ট সরকার হয়েছে শ্রমিকদের শোষণের হাতিয়ার, মালিকদের নাফা লোটার হাতিয়ার। তাই আজকে মালিকরা শ্রমিক শোষণের হাতিয়ার হয়ে দাঁড়িয়েছে। সেই জন্যেই আমি আপনাদের বিরুদ্ধে বক্তব্য রাখছি। এর পরেও বলতে বলেন এই বাজেটকে সমর্থন করব ? যেখানে আপনাদের হতাশার চিত্র তুলে ধরেছেন বিধানসভার স্ট্যান্ডিং কমিটি। সেই কমিটিতে আপনাদের মেজরিটি আছে, কনসেনসাসের ভিত্তিতে যেখানে রিপোর্ট তৈরি হয় সেই কমিটি বলছে এই সরকারের চিত্র এতই খারাপ। তারপরেও এই বাজেটকে সমর্থন করব ? আর আপনার কাছে আমি আবার অনুরোধ করছি, তুলনা যেখানে করবেন বাস্তব অভিজ্ঞতার দিক থেকে বিচার করে দেখবেন। কংগ্রেস আমলে কোনো মিল লক-আউট করলে সেই মিল মালিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হত। বেআইনি ক্লোজার করলে ব্যবস্থা নেওয়া হত। আমি একবার মহারাষ্ট্রে গিয়েছিলাম একটা স্ট্যান্ডিং কমিটির হয়ে, সেই কমিটিতে মোর্সালীন সাহেবও ছিলেন, আপনাদের দলের অনেকেই ছিলেন। সেখানে গিয়ে শুনলাম, বেআইনি কিছু করলে মহারাষ্ট্র সরকার সেই মালিকের বিরুদ্ধে অ্যাকশন নেয়, কেস করে। আর পশ্চিমবাংলায় এই সরকারের আমলে শ্রমিকরা সবেচেয় বেশি শোষিত, সব থেকে বেশি বঞ্চিত। এখানে মালিকপক্ষ শ্রমিকদের সব থেকে বেশি শোষণ করছে। সেই শোষণের বিরুদ্ধে আপনারা প্রতিবাদ না জানিয়ে মালিকদের তোষামোদ করছেন। দীর্ঘ ২৭ বছর ধরে তার জন্যই আমাদের প্রতিবাদ। শ্রমিক সংগ্রামকে পুলিশ দিয়ে দমন করার যে চেষ্টা আপনারা করেন তার জন্যই আমাদের প্রতিবাদ। আপনি একটা তথ্য দিয়ে বলেছেন, ইন্ডিয়ান জুট মিল কনসিলিয়েশন করে বন্ধ হয়ে যাবার পর খুলে দিয়েছেন, লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে সেকথা বলেছেন। কিন্তু আপনি কি জানেন, ইন্ডিয়ান জুট মিলের শুধু কার্পেট ডিভিশনটা চালু ছিল, তাও পরশু দিন বন্ধ হয়ে গেছে। ভুল তথ্য দিয়ে সভাকে মিসলিড করছেন। সেই জন্য আপনার বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

[2.25—2.35 p.m.]

শ্রী জগদীশচন্দ্র দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী ২০০৩/৪ সালের জন্য ৩৫নং দাবির অধীনে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। আমার সময় মাত্র ১৫ মিনিট, সমস্ত বিষয় আলোচনা করা যাবে না, আমি কয়েকটি পয়েন্টের উপর আমার আলোচনা সীমাবদ্ধ রাখব। মাননীয় বিরোধী দলের সদস্য আবদুল মান্নান যেসব কথা বলেছেন আমি তার জবাব দিচ্ছি না, তার জবাব মাননীয় মন্ত্রী মহাশয় দেবেন, আমি আমার নিজের বক্তব্য রাখছি। '৯১ সালে কংগ্রেস সরকার তিনটি নীতি প্রবর্তন করেছেন—লিবারালাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবালাইজেশন। এই

বাজেট নিয়ে আলোচনা করার আগে এই তিনটি নীতি নিয়ে আমাদের ভাবতে হবে। কারণ এই তিনটি নীতির প্রতিফলন ঘটেছে আমাদের সমাজে বিশেষ করে শ্রমজীবী মানুষের মধ্যে। এই নীতিগুলি শ্রমজীবী মানুষদের স্বার্থের বিরুদ্ধে গিয়েছে। এমনকি ছোট ছোট শিল্পপতি তাদেরও বিরুদ্ধেও গিয়েছে। এই পটভূমিতে দাঁড়িয়ে গোটা বিষয়টি আমাদের ভাবতে হবে এবং বক্তব্য রাখতে হবে। কংগ্রেস সরকারের অর্থমন্ত্রী হিসাবে মনমোহন সিং মহাশয় এই নীতিগুলি চালু করেছিলেন। ওদের সময় অবশ্য খুব একটা জোরের সঙ্গে এটা চালু করা হয়নি, কিন্তু বর্তমানে বি.জে.পি.-তৃণমূল জোট সরকার যা কেন্দ্রে রয়েছে তারা এটা খুব তীব্রভাবে কার্যকরী করেছেন। এর ফলে সমাজের সমস্ত স্তরের মানুষরা বিশেষ করে শ্রমজীবী মানুষরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। শিল্পের ব্যাপারে প্রোটেকশন বা রক্ষাকবচ যেটা ছিল মনমোহন সিং-এর আমলে আগে পণ্ডিত নেহরুর সময় এই তিনটি নীতির উপর দাঁড়িয়ে ওরা সেটা তুলে দিলেন। সেই রক্ষাকবচ তুলে দিয়ে ওরা বাইরে থেকে অবাধ আমদানির ব্যবস্থা করে দিয়েছেন এবং আমাদের দেশে তৈরি মাল বিদেশে গেলে সেখানে ট্যাক্স বেশি করে দিয়েছেন এবং বিদেশ থেকে আমদানি করা মালের উপর শুল্ক কমিয়ে দিয়েছেন। এই অবস্থার ফলে আমাদের দেশীয় শিল্পগুলি ধুঁকছে। একমাত্র বৃহৎ পুঁজির শিল্পগুলি কিছুটা দাঁড়িয়ে আছে কিন্তু মাঝারি ও ছোট শিল্পগুলি ধুঁকছে। এই অবস্থায় শিল্প শ্রমিকদের সংখ্যা দিনের পর দিন কমছে। রুগ্ন কারখানাগুলি ওরা বন্ধ করে দিচ্ছেন এবং তাতেও মোট শ্রমিকের সংখ্যাটা কমে যাচ্ছে। চটশিল্পে আগে একটা প্রোটেকশন ছিল। '৮৪ সালে মাননীয় সদস্য কমল সরকারের নেতৃত্বে এই বিধানসভা থেকে একটি ডেলিগেশন গিয়েছিল দিল্লিতে চটশিল্পের সংকট নিয়ে কথা বলার জন্য। সেটা ছিল শ্রীমতী ইন্দিরা গান্ধীর আমল। তার সঙ্গে দেখা করে চটশিল্পের সংকটের বিষয়টি তাকে বোঝান হয় এবং কিছু পরামর্শও দেওয়া হয়। তাকে বলা হয় যে এই শিল্পের জন্য কিছু প্রোটেকশন দরকার। কারণ বস্তা এবং হেসিয়ান এই দুটি হচ্ছে এর প্রধান উৎপাদন। তাছাড়া কার্পেট ব্যাকিং যেটা ছিল, বিদেশে যেত, আমেরিকাতে যেত সেটা বন্ধ হয়ে গিয়েছে। ওকে বলায় উনি কিছু প্রোটেকশনের ব্যবস্থা করেন। ওর অর্ডারে প্রথমে ছিল সিমেন্ট এবং ফার্টিলাইজার প্যাকেজিং-এর ব্যাপারটা। পরবর্তীকালে কংগ্রেস আমলে সেটাও তুলে দেওয়া হয়।

ইন্দিরা গান্ধীর পরে যখন মনমোহন সিং-এর সময় থেকে তুলে দেওয়া হয়। তারপর এই সরকার এসে খাদ্যদ্রব্যের উপর যে প্রোটেকশন ছিল ফুড প্যাকেজিং-এর জন্য সেটা কমিয়ে সেন্ট পারসেন্ট করতে চেয়েছিল, পরে তাকে ডাইলিয়ুট করে ২৫ পারসেন্টে নামিয়ে এনেছে। আই.জে.এম.এ.-র কেসে প্রথমে তাঁরা হেরেছেন, পরে হাইকোর্টের ডিভিশন বেঞ্চে জিতেছেন। তার ফলে যেটা দাঁড়াচ্ছে তা হল, চটশিল্পে যে প্রোটেকশন ছিল সেটা না থাকার জন্য শ্রমিক ছাঁটাই হয়েছে। এটাও কত দিন টিকবে আমি জানি না। সুপ্রিম কোর্টে জিতেও ওদের অবস্থাটা স্টেবেল নয়। এই শিল্পে ২০০১ সালে আড়াই লক্ষর মতো শ্রমিক ছিল। সেটা ক্রমশ কমছে। এই শিল্পে মালিক লাভ করছে, এর পরও লাভ করছে। ২০০১ সালে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছে, সেটা তারা কার্যকরী করছে না। কারণ হচ্ছে চটশিল্পের প্রধান দায়-দায়িত্ব যেটা কেন্দ্রীয় সরকারের, তারা সেই সম্পর্কে আস্তে আস্তে ডাইলিয়ুটের দিকে যাচ্ছে, ২৫ পারসেন্ট থেকে সেন্ট পারসেন্ট নামিয়ে আনার প্রস্তাব দিয়েছিল। সেই প্রস্তাব যদি কার্যকরী হয়, চটশিল্প

সেই দিন উঠে যাবে। পশ্চিমবাংলার শিল্পের দিক থেকে যে ব্যবস্থা গ্রহণ করছে তাতে পশ্চিমবাংলায় শিল্প উঠে যাওয়ার দিকে যাচ্ছে। কাজেই এই অবস্থায় শ্রমিকের সংখ্যা কমবে এটা খুব স্বাভাবিক। সেটা কমছে। দ্বিতীয় হচ্ছে একটু আগে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা বলা হয়েছে। এটা ঠিক যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ৬৪ লক্ষ ৩৪ হাজার বেকার রয়েছে। বেকার মানে কর্মহীন, যাদের কাজ নেই তাদের বেকার বলা হয়। এটা কি ঠিক ৬৪ লক্ষ ৩৪ হাজার লোকের কাজ নেই ? আমি মনে করি এই কথা ঠিক নয়। বাস্তবে এই কথাটা ঠিক নয় বলে আমার ধারণা। তার কারণ কতকগুলো প্রত্যক্ষ অভিজ্ঞতা আমার আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যারা চাকরি পেয়ে যাচ্ছে তারা নাম কাটায় না। তারা আরো ভালো কাজ পাওয়ার আশায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেখে দেয়, নাম কাটায় না। আবার এদের মধ্যে কিছু লোক কৃষি কাজে নিযুক্ত, আজকাল বহু গ্রামের লোক কৃষির কাজ করে, তাদের নাম রয়ে গেছে। ' 'সেসরু'-তে কাজ করে, কলে-কারখানায় কাজ করে, তাদের নাম রয়ে গেছে। অনেকে চাকরি পেয়ে গেছে, ভালো কাজ পাওয়ার আশায় নাম কাটায়নি, তাদের নাম রয়ে গেছে। চুক্তির ভিত্তিতে যারা চাকরি করছে তাদের নাম রয়ে গেছে। চাকরির বয়স পার হয়ে গেছে তাদের নাম রয়ে গেছে। ব্যবসা করছে তাদের নাম রয়ে গেছে। দোকানের কর্মচারী, তাদের নাম রয়ে গেছে। কাজ করছে না তা নয়, অনেকে কাজ করে। তবে নিশ্চয়ই বেকার আছে এই বিষয়ে কোনো সন্দেহ নেই। কাজেই রেজিস্টার যেটা আছে সেটা সেই রেজিস্টার ঠিক করার প্রশ্ন আছে। এটা কেন্দ্রীয় সরকারের আইন, কেন্দ্রীয় সরকার যদি আইনটা না পাল্টায়, সময়োপযোগী না করে তাহলে এটা বাড়তে থাকবে। রাজ্য সরকারের কাজ দেবার প্রশ্নটা উঠেছে। কাজ দেওয়ার ক্ষেত্রে আমাদের রাজ্য সরকারকে ভাবতে হয়। আমাদের রাজ্যে প্রাদেশিকতা নেই। প্রত্যেকেই কম-বেশি চাকরি দেওয়া হয়। রাজ্য সরকারের শ্রম দপ্তর থেকে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে সেটা যদি আপনারা একটু দেখেন তাহলে দেখতে পাবেন ফ্যাক্টরীতে কাজ করে, বিভিন্ন কল-কারখানায় কাজ করে এমন লোকের মধ্যে বাঙালি কাজ করে ৪৮.৪০ শতাংশ, বিহারের লোকেরা কাজ করে ২৪.২০ শতাংশ, উত্তরপ্রদেশের লোকেরা কাজ করে ১৭.৫৬ শতাংশ, উড়িষ্যার লোকেরা কাজ করে ৫.৮৩ শতাংশ এবং অন্যান্য রাজ্যের লোকেরা কাজ করে ৪.১ শতাংশ। বাঙালি বাদ দিয়ে সমস্ত রাজ্যের লোক কাজ করছে ৫১.৬০ শতাংশ। ফলে বাঙালির চেয়ে বাইরের লোকেরা এখানে কাজ করছে বেশি।

[2.35—2.45 p.m.]

বিভিন্ন কলকারখানা থেকে ওদের সরিয়ে দিয়ে বাঙালিদের যদি চাকরি দেবার ব্যবস্থা করা হয়, তাহলে সেটা চূড়ান্তভাবে প্রাদেশিকতার পরিচায়ক হবে। এটা ঠিক না। স্বভাবতই কিছু বেকার থেকে যাচ্ছে। কিন্তু এখানে যে অফিসগুলো আছে সেখানে এবং নন-কমার্শিয়াল অফিসগুলোতে যারা কাজ করে, সেখানে বাঙালির সংখ্যা বেশি আছে। পশ্চিমবাংলায় যারা কাজ করে তাদের সংখ্যা শতকরা ৮১.৫৬ ভাগ। বিহারের লোক হচ্ছে শতকরা ১০.২৮ ভাগ, উত্তরপ্রদেশের লোক হচ্ছে ৪.২৯ শতাংশ, ওড়িশার ১.৬১ শতাংশ আর অন্যান্য রাজ্যের লোক আছে ২.২৮ শতাংশ। এটা বাস্তব পরিস্থিতি। বাস্তবে এটা রয়েছে। সেজন্য

চাকরির সংখ্যাটা বাড়ছে না। যা আছে তার সংখ্যাটা বরং কমছে। স্বভাবতই চাকরির সংখ্যা কমছে। এই পরিস্থিতিতে সমস্ত মানুষকে চাকরি দেওয়াও সম্ভব না। এই অবস্থার মধ্যে যদি এই নীতির পরিবর্তন না হয়, কেন্দ্রীয় সরকারের যে নীতি আছে তার যদি পরিবর্তন না হয়, তাহলে এই সমস্যা সমাধানের কোনো রাস্তা নেই। এরপরে আমি আসছি ই.এস.আই. সম্পর্কে। আমাদের রাজ্যে ১৩টি ই.এস.আই. হাসপাতাল আছে। এই ১৩টি ই.এস.আই. হাসপাতালে স্যাংশন্ড বেড সংখ্যা হচ্ছে ৩,৪৩০। এর মধ্যে চালু আছে ৩,২৯৯টি, আর অল্পকিছু চালু হয়নি। এই ৩,২৯৯টি বেড যখন করা হয়েছিল তখন আই.পি.'র সংখ্যা ছিল ১০ লক্ষ ৬৪ হাজার। এখন সেটা কমে দাঁড়িয়েছে ৫ লক্ষ ৬৭ হাজারে। আই.পি.'র সংখ্যা কমে গেছে। আজকে এটা কমে দাঁড়িয়েছে ৩ হাজার ২৯৯-তে। ফলে এখানে অনেক বেড খালি পড়ে থাকে। আমার সাজেসান হচ্ছে, আমাদের যে হাসপাতালগুলো আছে, সরকারি হাসপাতাল, সেখানে রোগীর ভিড় খুব বেশি। কোনো কোনো বেডে দুজন করে রোগী থাকে। অথচ এই ই.এস.আই. হাসপাতালে রোগীর অভাবে বেড খালি পড়ে আছে। আমার প্রস্তাব, এটি কেন্দ্রীয় সরকারের আইন, কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে, আইনের পরিবর্তন ঘটিয়ে এইসব অব্যবহৃত সিটগুলিতে যদি অন্য হাসপাতাল থেকে রোগীদের আনা যায়, তাহলে এগুলিকে কাজে লাগানো যেতে পারে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে পদক্ষেপ নিতে অনুরোধ করব। দ্বিতীয় হচ্ছে শ্রম আদালত। আমাদের রাজ্যে যে শ্রম আদালতগুলি আছে, তার সংখ্যা হচ্ছে ৯টি। সবগুলি কলকাতাতে নয়, একটি আছে শিলিগুড়িতে এবং একটি আছে দুর্গাপুরে। কলকাতায় যেগুলি আছে তার মধ্যে চারটিকে, দুটি ব্যারাপকুরে এবং দুটি হাওড়াতে বদলি করা যেতে পারে। কারণ মুর্শিদাবাদ, নদিয়া এবং উত্তর ২৪-পরগনার জন্য ব্যারাকপুরে ব্যবস্থা করা যায়, আর মেদিনীপুর, হুগলি এবং হাওড়ার জন্য হাওড়াতে ব্যবস্থা করা যেতে পারে। এটা করা গেলে শ্রমিকদের সুবিধা হয়। এর আগে এটা নিয়ে প্রস্তাব হয়েছিল। কিন্তু লোক নিয়োগের জন্য কিছু করা যায়নি। এখন ওখানে সরিয়ে দেওয়া যেতে পারে। ওখানে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং করা আছে। ওখানে যদি সরিয়ে দেওয়া হয় তাহলে ওই জায়গার শ্রমিকদের বারে বারে কলকাতায় আসতে হবে না। শ্রমিকরা ওখানে তাদের অভিযোগ রাখতে পারবে। এটি হচ্ছে আমার প্রস্তাব। এগুলো করার মধ্যে দিয়ে কিছু উপকার অন্তত করা যাবে। এই ক'টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রী আপনি জানেন যে, পশ্চিমবঙ্গের হুগলি নদীর এ পারে হাওড়া, ওপারে ২৪-পরগনা এবং অপরদিকে হুগলি। প্রায় সাড়ে ৫ লক্ষ শ্রমিক জুট মিলে কাজ করত। আপনি এক সময়ে চটকল শ্রমিকদের বন্ধু ছিলেন। হাওড়া, হুগলি এবং ২৪-পরগনার গেটে গেটে আপনি মিটিং করেছেন। জুট মিলে স্ট্রাইক হয়েছে তখন আপনি সেখানে পুঁজিবাদী নীতির বিরুদ্ধে, মালিক নীতির বিরুদ্ধে লড়াই করেছেন। ধর্মঘট ডেকেছেন, আন্দোলন করেছেন, সমস্ত শ্রমিক শ্রেণি সংগঠনের সঙ্গে ঐক্যবদ্ধভাবে লড়াই করেছেন। ১৯৬৭ সালে আপনারা যখন যুক্তফ্রন্ট সরকারে আসেন তখন

শ্রমিক শ্রেণিরা খুব আনন্দ পেয়েছিল। সেই শ্রমিক শ্রেণি যুক্তফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠা করেছিল পুঁজিবাদী সরকারকে উৎখাত করে। সেই সময়ে দেখেছি জুট মিলের সমস্ত শ্রমিকরা মিছিল নিয়ে এসেছিল এবং আমি নিজেও মিছিল নিয়ে এসেছিলাম লাল ঝাণ্ডা নিয়ে। তেরঙ্গা ঝাণ্ডার, যারা বিদ্বেষী ছিলেন তারাও দেখেছেন আমাদের ওই মিছিলে আমাদের ডেপুটি চীফ মিনিস্টার তখন জ্যোতিবাবু ছিলেন, তিনিও এসেছিলেন। ট্রেড ইউনিয়নের ডাকে লক্ষ লক্ষ শ্রমিক জমায়েত হয়েছিল, একটা আনন্দ পেয়েছিল যে, আমাদের সরকার, খেটে খাওয়া মানুষের সরকার প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৬৭ সাল থকে ১৯৬৯ সাল, তারপরে সরকার চলে গেল এবং ১৯৭২ সালে আবার একটা সরকার এল। আমরা যে অধিকার শ্রমিকদের দিয়েছিলাম, লড়াই সংগ্রামের অধিকার তার আর কোথাও ছিল না। শুধু পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষে তখন শ্রমিকদের জন্য কোনো আইন ছিল না, সেদিন ছিলেন লেবার মিনিস্টার সুবোধ ব্যানার্জী। শ্রমিক শ্রেণির হয়ে তিনি বলেছিলেন দাবি আদায় করতে হলে ঘেরাও কর। এই ঘেরাওয়ের কথাতে মালিকরা ভয় পেয়েছিল, তখন ছাঁটাই, লক-আউট, চার্জশিট এত সহজে করতে পারত না। জরুরি আইনের সময় শ্রমিকদের যে গণতান্ত্রিক অধিকার সেটা কেড়ে নেওয়া হল। ১৯৭৫ সালে শুধু চটকল নয়, সুতাকল, ইঞ্জিনিয়ারিং শিল্প শুধু নয়, সারা ভারতবর্ষে রেল কর্মচারীদের অধিকার কেড়ে নিয়েছিল। তখন অনেকেই শুনেছেন মিসায়, টাডায় গ্রেপ্তার করা হয়েছে। সেই সময়ে সবার প্রতিবাদে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে, অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু আজকে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় আমি আপনাকে বলব আজকে যে ম্যানেজমেন্টের জন্য আস্তে আস্তে চটকলগুলো বন্ধ হয়ে যাচ্ছে এর কারণ কি ? আগে ৪০ লক্ষ পাট চাষি পাট উৎপাদন করত এবং জুট কর্পোরেশন এই পাট কিনত এবং মালিকরা সেই পাট কিনে তার থেকে চট তৈরি করে চটের থলে তৈরি করত এবং সেই চটের থলে সারা ভারতবর্ষে ব্যবহৃত হত। তখন সিমেন্ট থেকে, গম থেকে, চাল থেকে, বাজারের ব্যাগ থেকে সব কিছু চটের থলেতে পাওয়া যেত। তারপরে কেন্দ্রীয় সরকার হঠাৎ করে সিনথেটিক ব্যবহার আরম্ভ করলেন এবং আস্তে আস্তে সিনথেটিক ব্যাগ চালু হয়ে গেল।

[2.45—2.55 p.m.]

সেই জুট শিল্পের চাহিদা কমতে আরম্ভ করল। আমার মনে আছে, '৮৬ সালে ৪০ লক্ষ পাটচাষির পাটের ন্যায্য দামের জন্য, একটা মূল্য নির্ধারণের জন্য আমরা লড়াই করেছিলাম। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা সমস্ত বামপন্থী সংগঠন, কৃষক সংগঠন পার্লামেন্টে ধর্না দিয়েছিলাম। আজও সেই সিন্থেটিক বন্ধ হয়নি। আগে এই সমস্ত কারখানায় যে সমস্ত শ্রমিক কাজ করত, সেই শ্রমিকের সংখ্যা মালিকরা আজকে কমাতে কমাতে ২৫ শতাংশয় নামিয়ে এনেছে, আজকে জুটমিলে দেখা যাবে ২৫ শতাংশ শ্রমিক কাজ করছে। জুটমিলে যে চুক্তি হচ্ছে ট্রাইপার্টাইট চুক্তি, বাইপার্টাইট চুক্তি, সেই চুক্তিকে তারা মানছে না, কোনোমতেই তারা আমল দিচ্ছে না। উপরন্তু কাজের বোঝা বাড়াবার জন্য তারা চেষ্টা করছেন। ফলে শ্রমিকদের মধ্যে বিক্ষোভ দেখা দিচ্ছে, শ্রমিকের মধ্যে আন্দোলন হচ্ছে, আন্দোলন করলে ছাঁটাই, চার্জশিট ধরিয়ে দিচ্ছে, আবার মালিকপক্ষ শ্রমিকের নামে

দোষারোপ করে কারখানায় বেআইনি লক-আউট করে দিচ্ছে। এই জায়গায় দেখছি, পুলিশের পক্ষ থেকে প্রশাসনের পক্ষ থেকে—তখন ছিল কি, শ্রমিক তোমার বাঁচার পথ লড়াই আর ধর্মঘট—শ্রমিক আন্দোলন করলে, শ্রমিকের উপর অত্যাচার চলছে। জুটমিলগুলিতে এখন শ্রমিক কাজ করছে সব মিলিয়ে প্রায় দেড় লক্ষ থেকে ২ লক্ষ। সুতাকল বন্ধ হয়ে গেছে। একটা ভালো সুতাকল ছিল বাউড়িয়া কটন মিল, সেটা বন্ধ। ফুলেশ্বর কটন মিল সেটাও বন্ধ, ফাউন্ড্রি তাও বন্ধ—হাওড়ায় ছিল। হাওড়া হচ্ছে ইঞ্জিনিয়ারিং শিল্পের জায়গা। আপনার নিশ্চয় মনে আছে, '৪৬ সালে সংসদীয় গণতন্ত্রে আমাদের মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রমিক প্রতিনিধি হিসাবে নির্বাচনে জয়যুক্ত হয়ে সংসদীয় গণতন্ত্রের মধ্যে প্রবেশ করেছিলেন। আজকে সেই হাওড়ার শিল্প অধিকাংশ বন্ধ হয়ে গেছে। জুটমিলগুলি ধুঁকছে। ২৪-পরগনা, বজবজ-এর দিকে যান, ২৪-পরগনা, জগদ্দল, হুগলির অধিকাংশ জুটমিল আজকে বন্ধ হয়ে গেছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, আমরা যখন লেবার কমিশনের দপ্তরে আসি, তখন আশা ছেড়ে দিই, কারণ আজকে যে ম্যানেজমেন্ট আছে, যারা কারখানা চালাচ্ছে, তারা শ্রম দপ্তরের কথা মানে না। চার্জশিট নিয়ে আলোচনা করলেও তারা আসে না। আমি আজকে সকালে মেনশান আওয়ারে বলেছি, ল্যাডলো জুটমিল সেখানে সাড়ে ৫ হাজার কর্মী কাজ করে, তারা চার্জশিট তোলার দাবিতে ১০ দিন কারখানায় ঢোকেনি, দরজা খোলা ছিল। আপনি দিল্লি থেকে ফিরে এসে সেই কারখানা খুলেছিলেন, এই কথা তো অস্বীকার করলে হবে না। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, শ্রমিক প্রতিনিধিদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের একটা দপ্তর আছে, কেন্দ্রও একটা দপ্তর খুলে বসে আছে, দিনে কত কারখানা বিক্রি হচ্ছে, লিস্ট চলছে, এটা নূতন, কংগ্রেস আমলে এটা ছিল না। আপনার কাছে আমার অনুরোধ, বামফ্রন্ট সরকার সংগ্রামের হাতিয়ার। আপনি শ্রমমন্ত্রী এবং শ্রমিক শ্রেণিকে নেতৃত্ব দিয়ে, কারোর দয়ায় নয়, আপনি এই জায়গায় এসে উপস্থিত হয়েছেন, আমাদের আশা এবং বিশ্বাস আছে, আপনি কিছু একটা করতে পারবেন। পশ্চিমবঙ্গে সরকার ভারতবর্ষের একটা অঙ্গ সরকার, সেই আইনকে পরিবর্তন করতে পারেন কিনা, আইন পরিবর্তন করতে হলে, সেটা লোকসভার মধ্যে করতে হবে, কেন্দ্রীয় সরকারকে করতে হবে। শ্রমিক শ্রেণির স্বার্থ রক্ষার জন্য। আপনি একটা জিনিস করতে পেরেছেন, যেসব কারখানা বন্ধ হয়ে যাচ্ছে তাদের শ্রমিকদের রিলিফ হিসাবে ৫শত টাকা করে দেবার ব্যবস্থা করেছেন, এটা খুবই কম। আজকে সেই চটকল, সুতাকল এবং ছোট ছোট ইঞ্জিনিয়ারিং শিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে। এই সমস্ত কারখানাগুলো আজকে উঠে যেতে বসেছে। আজকে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার উঠে যেতে বসেছে, কেবল মাত্র ফলতা বাণিজ্য কেন্দ্র চলছে। আজকে চটকল শ্রমিকের সংখ্যা সাড়ে পাঁচ লক্ষ থেকে কোথায় গিয়ে পৌঁছেছে। একজন বক্তা একটা হিসাব দিলেন, পশ্চিমবাংলায় যখন কংগ্রেস ক্ষমতায় ছিল তখন বেকারের সংখ্যা কম ছিল, এখন তা অনেক বেড়ে গিয়েছে। সেদিনকার জনসংখ্যার চেয়ে আজকের জনসংখ্যা কত বেড়েছে সেই হিসাবটাও তো আপনাকে দেখতে হবে। আজকে সেই জনসংখ্যার অনুপাতে বেকারের সংখ্যা

বেড়েছে, তার চাকরির সংখ্যা কমছে। তার উপর আবার যে কারখানাগুলো খোলা ছিল সেগুলো লক-আউট, ক্লোজার হয়ে যাচ্ছে। কয়েকদিন আগে বাউড়িয়া ক্লাস্টার কেবলস্-এ সাসপেনশন অফ ওয়ার্ক হল, মালিকপক্ষ বলছে মাসে ১৫ দিন কারখানা চলবে। আগে যেখানে কারখানায় আড়াই হাজার শ্রমিক ছিল, এখন সেখানে দেড় হাজার শ্রমিক এসে দাঁড়িয়েছে, মালিক পক্ষ আরও বলছে আরও ৪০০ শ্রমিক ছাঁটাই করতে হবে। আমরা আলোচনা করে, লড়াই করে আবার কারখানা খুলেছি। আমাদের দেশে আমরা জানি, যারা কারখানায় কাজ করত, তারা ধান কাটবার সময়, ধান রোয়ার সময় ছুটি নিত। সেই সময় এক শ্রেণির বদলিওয়ালারা কাজ করত এবং তারা ৫০ টাকা করে পেত, আপনি তাদের ১০০ টাকা করে পার-ডে দেওয়ার ব্যবস্থা করেছেন। আজকে আমরা যারা ট্রেড ইউনিয়ন করি, তারা আজকে আন্দোলন করতে ভয় পাই, ভয় পাই এই কারণে মালিক পক্ষ যে কোনো কারণে লক-আউটের বা ক্লোজারের নোটিশ দিয়ে দেবে এবং শ্রমিকদের ঘাড়ে দোষ চাপিয়ে দেবে। লেবার কমিশনারের অফিসে কোর্টের মতো একটা দিন ধার্য হয় আলোচনার জন্য, কিন্তু বেশির ভাগ ক্ষেত্রেই ম্যানেজমেন্ট সেই আলোচনায় আসে না। এই ব্যাপারে আপনাকে আইন করতে হবে। এভাবে যদি পর পর মিটিঙে না আসে তাহলে সেই ম্যানেজমেন্টের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া যায় সেটা ভেবে দেখতে হবে। শ্রমিক সংগঠনগুলো যদি খারাপ হত তাহলে ম্যানেজমেন্ট কারখানায় ঢুকতে পারত না এবং এক শ্রেণির প্রশাসন ম্যানেজমেন্টকে সাহায্য করছে। আজকে কোনো ব্যাপারে ডি.এম., এস.ডি.ও.-দের কাছে গেলে তারা বলছে, কারখানা নিয়ে আলোচনা করা যাবে না। আগে কারখানায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য ডি.এম., এস.ডি.ও-রা একটা ভূমিকা পালন করতেন। আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার শ্রমিক শ্রেণির খেটে-খাওয়া মানুষের সরকার।

আমি অনেকদিন ট্রেড ইউনিয়ন করেছি। আমি আশা করব এমন একটা আইন করবেন, যাতে শ্রমিকদের স্বার্থ রক্ষা হবে। পি.এফ.-এর টাকা যারা জমা দিচ্ছে না, তাদের বিরুদ্ধে কোনো আইন করা যাচ্ছে না। তাদের যাতে গ্রেপ্তার করা যায়, এমন আইন করতে হবে। অনেকে রিটায়ার করে ইউ পি, বিহার, উড়িষ্যায় চলে গেছে, তারা রিটায়ার্ড বেনিফিট পাচ্ছে না। তা দেওয়ার ব্যবস্থা করতে হবে। সুশান্তবাবু আছেন, ই.এস.আই. হাসপাতালগুলোতে শ্রমিক এবং তার পরিবারের লোকজন যাতে সুচিকিৎসা পান, তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। আজকে কারখানাগুলোতে ইচ্ছে মতো লক-আউট করছে, ইচ্ছে মতো চার্জশিট দিচ্ছে, ইচ্ছে মতো বন্ধ করে দিচ্ছে। আবার লাডলো জুটমিল বলছে এতগুলো শিফট চালাও, নাহলে কারখানা বন্ধ করে দেব। শ্রমিকদের মধ্যে বিদ্রোহ দেখা দিচ্ছে। আমি আশা করব, শ্রমিকদের স্বার্থে এমন কিছু আইন করুন যাতে ম্যানেজমেন্টকে বাধ্য করা যায় যাতে শ্রমিকদের উপর ইচ্ছেমতো চার্জশিট, ইচ্ছেমতো ছাঁটাই না করতে পারে। কিছু সংযোজন করে, এই আইনকে পরিবর্তন করে শ্রমিকস্বার্থে আইন করা যায় তার ব্যবস্থাটুকু করবেন, এই আশা করে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.55—3.05 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী ৩৫নং দাবির যে বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং আমাদের আনা, বিরোধীদের আনা কাটমোশানগুলোকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি।

মাননীয় শ্রমমন্ত্রী এই বছর যে ব্যয় বরাদ্দ রেখেছেন তা ১৫৭ কোটি ৬৪ লক্ষ টাকার, যা আগের বারের ব্যয়বরাদ্দের থেকে শতকরা ৬২ ভাগ কম এবং তার মধ্যে ৯৭ ভাগ নন-প্ল্যানে, যা কর্মচারীদের মাইনে দিতে চলে যাবে। মাত্র ২ ভাগ তিনি প্ল্যান বাজেটে রেখেছেন। পশ্চিমবাংলার শ্রমিকদের কি উন্নয়ন এই বাজেট থেকে হবে, সেটা খুবই পরিষ্কার হয়ে গেছে। পশ্চিমবাংলায় ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার আসীন হয়, তার প্রথম মুখ্যমন্ত্রী শপথ নেওয়ার পর বলেছিলেন যে, পশ্চিমবঙ্গ সরকার শ্রমিক আর কৃষককে চোখের দুটো মণির মতো দেখবেন এবং তাদের সেইভাবেই রক্ষা করবেন। কিন্তু আজকে শ্রমিকদের অবস্থা কি ? সেটা আজকের বিধানসভার অধিবেশনের প্রথম দিনে শ্রমমন্ত্রী নিজেই বলেছেন— পশ্চিমবঙ্গের শ্রমিকদের আন্দোলন করার যে ক্ষমতা, সেই ক্ষমতাটাই আর নেই। আজকে সেটাই বিশ্লেষণ হওয়া বেশি দরকার। আমরা কি দেখলাম ? ২০০২-০৩ সালে ২৯টি কারখানায় ধর্মঘট হয়েছে আর ৩৪২টি ক্ষেত্রে লক-আউট হয়েছে। লক-আউট আর ধর্মঘটের পার্থক্য কেন এত হচ্ছে ? রবীনবাবু জিনিসটা বলেছেন। কেননা আজকে মালিকরা বুঝে গেছে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের দুটো মণির মধ্যে একটা মণি হচ্ছে এই মালিকরা। তাদের স্বার্থ রক্ষা করতে গিয়ে বামফ্রন্ট সরকার আজকে শ্রমিকদের যে জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন, যার ফলে যখন তখন লক-আউট ঘোষণা করতে পারছে। আগে লক-আউট করার পরে সরকার পক্ষ থেকে যে ধরনের ব্যবস্থা গ্রহণ করা হত, মালিকদের বিরুদ্ধে এখন তা করা যাচ্ছে না। শ্রমমন্ত্রী নিজেই বললেন যে, ২০০২ সালের জানুয়ারি মাসে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছে এবং সেই চুক্তির পর আজকে দেড় বছর কেটে গেছে। এই দেড় বছর পর তিনি স্বীকার করছেন যে, মাঝারি ছোট চটকল মালিক যারা, তারা সেই ত্রিপাক্ষিক চুক্তি মেনে চলছেন। বাকি মালিকরা মানছেন না। তার বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করবেন, সেটা বলতে গিয়ে তিনি বললেন যে, আবার আগস্ট মাসে একটা সভা করে মালিকরা যে ত্রিপাক্ষিক চুক্তি মানছেন না, তার একটা পর্যালোচনা করা হবে। দু বছর অন্তর যদি পর্যালোচনাই করা হয়, তাহলে মালিকরা আগামীদিনে সরকারের ত্রিপাক্ষিক চুক্তি মানবেন কেন ? এখন সেই প্রশ্নই আসছে। যদিও ত্রিপাক্ষিক চুক্তি সম্পর্কে অন্য কোনো কনফিউশন আছে। ১৮টা শ্রমিক ইউনিয়নের মধ্যে ১৫টা শ্রমিক ইউনিয়ন এই ধর্মঘটের মধ্যে থাকবে না। ৩টি শ্রমিক ইউনিয়ন ধর্মঘটের ডাক দিয়েছে। তার বিরোধিতা করবেন। কেন করবেন। আপনি যখন ত্রিপাক্ষিক চুক্তি করলেন, সেই চুক্তির মধ্যে রাজ্য সরকার শ্রমিকদের স্বার্থ অনেক ক্ষুণ্ণ করে দিয়েছে। আগে চটকল শ্রমিকদের অধিকার ছিল। এখন সেই অধিকার ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে খর্ব করে দেওয়া হয়েছে। তাদের ন্যূনতম মজুরি দেওয়ার ক্ষেত্রেও ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে অনেক কম করে দেওয়া হয়েছে। কাজের গতিপ্রকৃতি খর্ব করে দেওয়া হয়েছে।

মালিকদের সুবিধা সামনে এনে দেওয়া হয়েছে। এখন শ্রমিকরা বাধ্য হয়েছে এটা মেনে নিতে। এইসব কারণেই শ্রমিকরা মালিকদের বিরুদ্ধে আন্দোলন সংগঠিত করেছে। সেই আন্দোলনকে আপনার সরকার দমন করার চেষ্টা করছেন। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে ১৫টি শ্রমিক ইউনিয়ন মানতে বাধ্য হয়েছেন। আগামীদিনে এটা আরও ভয়ংকর হবে। আপনার বক্তব্য থেকে পরিষ্কার যে, রাজ্য সরকার এক্ষেত্রে হতাশ এবং উদাসীন। তারা কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারবেন না। আমরা দেখলাম শুধুমাত্র চটকল নয়, পশ্চিমবঙ্গের চা-শিল্প একসময়ে গর্ব ছিল এবং এই চা-শিল্প-এর উপর পশ্চিমবঙ্গে অর্থনীতি নির্ভরশীল এবং উত্তরবঙ্গ এই চা-শিল্পের উপর নির্ভরশীল, সেই চা-শিল্পের ক্ষেত্রে দেখছি যে, বেশ কয়েকটা চা-বাগান লক-আউট হয়ে গেছে। শুধু লক-আউট হয়ে গেছে তা নয় যে চা-বাগানগুলি চলছে, সেগুলির যে সুযোগ-সুবিধা, সেই সুযোগ-সুবিধাগুলি বিভিন্নভাবে মালিকরা ছাঁটাই করছেন এবং সরকার সেখানে মদত দিচ্ছেন। এটার প্রমাণ হচ্ছে চাঁপদানি চা-বাগান। এটাকে রক্ষা করতে গিয়ে সেই বাগানের বেশ কিছুটা অংশ সেখানে গাছ উপড়ে আবাসন তৈরি করা হল। যার বিরুদ্ধে শ্রমিকরা বিক্ষোভ করল। তাই বলছি রাজ্য সরকারের সহযোগিতায় পশ্চিমবঙ্গের শিল্পের কিভাবে উন্নতি হবে, শ্রমিকদের কিভাবে উন্নতি হবে সেটা নতুন করে চিন্তা করার দিন এসেছে।

[3.05—3.15 p.m.]

রবীনবাবু বলছিলেন যে ১২ লক্ষ থেকে ৬৪ লক্ষ বেকার বেড়ে গেছে জনসংখ্যার ভিত্তিতে কিন্তু স্ট্যাটিসটিক্স অন্য কথা বলে। স্ট্যাটিসটিক্স বলছে যে জনসংখ্যা বেড়েছে কিন্তু পশ্চিমবাংলার সংগঠিত, অসংগঠিত ক্ষেত্রে ৮৫ সালের তুলনায় এর মধ্যে দেড় লক্ষ শ্রমিকের সংখ্যা কমে গেছে। জনসংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে শ্রমিকের সংখ্যা বাড়া উচিত ছিল সেখানে আজকে সংখ্যা কমে গেছে। '৭৭ সালে ১২ লক্ষ রেজিস্টার্ড বেকার ছিল সেখানে আজকে ৬৪ লক্ষ রেজিস্টার্ড বেকার অর্থাৎ ২৬ বছরে ৫২ লক্ষ বেকার বেড়েছে। বছরে দু লক্ষ করে বেকার বেড়েছে। তাহলে চাকরি দেওয়ার গতি কোথায় গিয়ে দাঁড়াবে ? এটা দেখে বলবেন। গত বছরে সাত থেকে সাড়ে সাত হাজার লোককে চাকরি দিয়েছেন। বেকার বাড়ার সঙ্গে সঙ্গে চাকরি দেওয়ার সংখ্যা অনেক কম। আপনাদের রাজত্বে দু হাজার সালে ১৪ হাজার লোককে চাকরি দেওয়া হয়েছে, ২০০৩ সালে মাত্র ৭ হাজার জনকে চাকরি দিয়েছেন। এর থেকেই বলুন এই বাজেটকে সমর্থন করা যায় কিনা ? আমি আপনাদের এই বিষয়ে চিন্তা করার জন্য বলব। শুধুমাত্র চটশিল্পের কথা নয় আজকে বস্ত্রশিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে। এক সময়ে বস্ত্রশিল্প পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের কাছে একটা বড় জীবিকার উপায় ছিল। আমরা একটা কথা বারবার শুনছি যে জুটমিলগুলো বন্ধ হয়ে যাচ্ছে, তার মূল কারণ হচ্ছে সিন্থেটিকের ব্যবহার। সিন্থেটিক বেশি করে বাজারে আসছে। এটা একটা কথা কিন্তু আমরা কিছুদিন ধরে লক্ষ করছি যে কিছুদিন আগে পর্যন্ত রেয়ন বা অন্যান্য কৃত্রিম বস্ত্রের ব্যবহার যে বেশি ছিল সেটা কমে এসেছে। সুতীবস্ত্রের ব্যবহারের দিকে মানুষের ঝোঁক বাড়ছে। সেখানে পশ্চিমবাংলায় সরকারি এবং বেসরকারি মিলের প্রায় ১৮টার মতো

সুতীবস্ত্রের কারখানা বন্ধ হয়ে আছে সেগুলো খোলার ব্যাপারে রাজ্য সরকারের কোনো ভূমিকা তারা গ্রহণ করছেন না। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা কি ঠিক করতে পারি যে এই শ্রম দপ্তরের কাছ থেকে প্রকৃতপক্ষে কারখানার মালিকরা তারা কারখানাগুলোকে বন্ধ করে দিয়ে সেই কারখানার জমিগুলোকে প্রোমোটিং-এর কাজে লাগাচ্ছে। অন্যান্য কাজে লাগাচ্ছে, বেশি অর্থ মুনাফা করছে। শ্রমিক স্বার্থকে ক্ষুণ্ণ করছে। আমাদের শ্রম দপ্তর কোনো ব্যবস্থা করতে পারছেন না। এর থেকে মানুষের মনে সন্দেহ দেখা দিয়েছে যে শ্রম দপ্তর সত্যিই মানুষের কল্যাণ চান কিনা। ইঞ্জিনিয়ারিং শিল্পর কথা আমরা সকলেই জানি, ওয়াগনের বরাত কমে যাওয়ার জন্য ইঞ্জিনিয়ারিং শিল্প মার খেয়েছে। শুধুমাত্র ওয়াগনের বরাত আমরা দেখছি কিন্তু হাওড়া জেলায় যে সমস্ত ছোট ছোট শিল্পগুলো ছিল, যে শিল্পগুলোর মাধ্যমে ওই এলাকায় কুটির শিল্প গড়ে উঠেছিল, বহু শ্রমজীবী মানুষ যার মাধ্যমে জীবিকা নির্বাহ করতেন সেগুলো সব বন্ধের মুখে এসে দাঁড়িয়েছে। আপনারা শুধুমাত্র ওয়াগনের বরাতের কথা বলেন। আইনের কথা অনেক বললেন। মিনিমাম ওয়েজেস অ্যাক্টের কথা আমরা জানি যেটা রাজ্য সরকার চালু করেছিলেন। আর এই মিনিমাম ওয়েজেস অ্যাক্ট দেখার জন্য, শ্রমজীবী মানুষের স্বার্থরক্ষা করার জন্য পশ্চিমবাংলায় প্রত্যেকটা ব্লকে কতজন মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টর আছেন ?

আমরা জানি যে, যে সংখ্যায় মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টর আছে তাতে প্রত্যেক ব্লকে একজন করে ওয়েজেস ইন্সপেক্টর নেই। এরা জনগণনা থেকে শুরু করে ভোটের কাজ পর্যন্ত করে থাকেন। তার ফলে এদের যে মূল কাজ সেটা হত বছরে ৩ মাস, তাহলে তাদের কাজের গতি কিরকম সেটা আমরা বুঝতে পারছি। কৃষিক্ষেত্রে এর আগে গত বছরে মিনিমাম ওয়েজ অ্যাক্টে ১০,৯০২টি ক্ষেত্রে অনুসন্ধানের কথা আপনি বলেছেন, যার মধ্যে ৭৬টা ক্ষেত্রে পানিশমেন্ট হয়েছে। পানিশমেন্ট কি হয়েছে ১১,৪০৫ টাকা ফাইন করা হয়েছে। আপনার একজন মিনিমাম ওয়েজ অফিসারের এক মাসের যে মাহিনা সেই টাকাটাও আপনি তুলতে পারেননি। আপনি কি ধরনের মিনিমাম ওয়েজ অ্যাক্ট রক্ষা করেছেন সেটা দেখুন। অকৃষিক্ষেত্রে আপনি ১৭,৪২০টি ক্ষেত্রে অনুসন্ধান করেছেন, যার মধ্যে ৩৩৯টি ক্ষেত্রে আপনি ব্যবস্থা নিতে পেরেছেন, সেখানে ১২,৫৮২ টাকা আপনি এই মিনিমাম ওয়েজ ভঙ্গকারীদের কাছ থেকে আদায় করেছেন তা তাদের শাস্তি হিসাবে আপনার দপ্তর আদায় করেছেন। আপনার দপ্তরের কার্যকারিতা কতটুকু সেটা আপনার বাজেট বক্তব্যে পরিষ্কার করে দিয়েছেন। আমাদের এই বিধানসভায় মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছিলেন লক-আউটের ফলে যে সমস্ত শ্রমিক বেকার হয়ে যাচ্ছে তাদের সরকার থেকে ৫০০ টাকা করে ভাতা দেওয়া হবে। আমরা এতে আশান্বিত হয়েছিলাম। তাহলে সেই শ্রমিকরা বাঁচবে। কিন্তু ২০০২ সালের জুন মাসের পর থেকে সেই অর্থ আপনি বরাদ্দ করতে পারেননি। তাহলে আপনাদের যে ঘোষণা সেটা কার্যকরী করতে পারছেন না। সেই জায়গায় দাঁড়িয়ে আপনার এই বাজেটকে সমর্থন করা যায় কিনা সেটা আপনিই চিন্তা করে দেখুন ? এর সঙ্গে সঙ্গে অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকদের চাকরি সেটা তো বলতে গেলে ঈশ্বরের হাতে ন্যস্ত আছে। এর জন্য আপনার দপ্তর কোনো ব্যবস্থা ঘোষণা করতে পারেননি। অসংগঠিত ক্ষেত্রে যে সমস্ত শ্রমিকরা কাজ করেন বামফ্রন্ট সরকার ২৬ বছর

ধরে তাদের চাকরির নিয়োগপত্র দেওয়ার কথা ঘোষণা করা সত্ত্বেও নিয়োগপত্র দেননি। কোনো কোনো সময় পরিবহন ক্ষেত্রে এই ব্যাপারে আইন সংশোধন করার পরে এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গের কোথাও এই অসংগঠিত শ্রমিকদের নিয়োগপত্র দেওয়ার কোনো ব্যবস্থা হয়নি। স্বাভাবিকভাবে এদের চাকরি সম্পূর্ণভাবে মালিকদের উপর নির্ভরশীল এবং আমরা দেখছি অসংগঠিত ৪ত্রে একজন শ্রমিক ৫৫ বা ৬০ বছর বয়স পর্যন্ত কাজ করার পরে তিনি যখন কাজ করতে অক্ষম হন তখন তার সংসার অথৈ জলে পড়ে। তার কোনো সুরাহা এই সরকার করতে পারেনি। আপনারা ২০০১ সালে এই সুরে কথা বলতে গিয়ে ভবিষ্যনিধি প্রকল্পের কথা ঘোষণা করেছিলেন এবং বলেছিলেন প্রত্যেক বছরে ৪ লক্ষ করে অসংগঠিত শ্রমিককে এর আওতায় আনবেন এবং আপনারা বললেন এই শ্রমিকদের মাসে ২০ টাকা করে দিতে হবে এবং সরকার থেকেও এদের জন্য ২০ টাকা করে মাসে দেওয়া হবে। আমরা কি দেখলাম ? আপনাদের টার্গেট ছিল বছরে ৪ লক্ষ কিন্তু গত বছর পর্যন্ত ৫ লক্ষ শ্রমিককে এর আওতায় আনতে পেরেছেন ? এই ৫ লক্ষ শ্রমিকদের জন্য যদি রাজ্য সরকারকে মাসে ২০ টাকা করে দিতে হয় তাহলে কত টাকা প্রয়োজন। এবারের বাজেটে এর জন্য বরাদ্দ করা আছে ১ কোটি ১৫ লক্ষ টাকা। তাহলে ভবিষ্যনিধি প্রকল্পের ভবিষ্যৎ কি সেটা আপনার জবাবী ভাষণে বলবেন। আপনি সেসরুর কথা বলেছেন, এর মাধ্যমে বেকার ছেলেদের চাকরির ব্যবস্থা করবেন। পরিসংখ্যান বলছে গত বছরে এই সেসরু স্কীমে পশ্চিমবঙ্গে ১০০ জন বেকারের লোন স্যাংশন আপনারা আদায় করতে পারেননি।

[3.15—3.25 p.m.]

যদিও সেই লোন ১০০ জন বেকারও পাননি। এই সেসরুর ভবিষ্যৎ আগামীদিনে কি হবে তা মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় তাঁর জবাবী ভাষণে বলবেন।

ই.এস.আই. হাসপাতাল সম্বন্ধে মাননীয় মান্নান সাহেব বলেছেন। ১৯৭৭ সালের আগে পশ্চিমবঙ্গে ৯টা ই.এস.আই. হাসপাতাল ছিল। আপনারা ১৬ বছরে মাত্র ৪টে করতে পেরেছেন অর্থাৎ বেড়ে হয়েছে ১৩টা। মাননীয় জগদীশবাবু বললেন হাসপাতালগুলোতে রোগী থাকে না। সাধারণ রোগীদের এখানে ভর্তি করতে পারলে ভালো হয়। জগদীশবাবুকে বলছি, স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট অনুযায়ী দেখা যাচ্ছে ডাক্তার এবং যন্ত্রপাতির অভাবে ব্যান্ডেল ই.এস.আই. হাসপাতালের ম্যাটারনিটি ওয়ার্ড বন্ধ হয়ে গেছে। বেড আছে কিন্তু চিকিৎসা ব্যবস্থা না থাকার জন্য শ্রমিকরা চিকিৎসার সুযোগ পাচ্ছে না। বেড আছে কিন্তু রোগী ভর্তি হওয়ার পরিস্থিতি সেখানে নেই। এই জায়গায় দাঁড়িয়ে ই.এস.আই. হাসপাতালগুলোর ভবিষ্যৎ আগামীদিনে কি হবে তা নিশ্চয় মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবী ভাষণে বলবেন।

আপনি শিল্প শ্রমিকদের কথা বলেছেন। আমরা যেখানে বাস করি তার পাশে মুর্শিদাবাদ এবং মালদার বিস্তীর্ণ অঞ্চলে বিড়ি শিল্পে বহু শ্রমিক কাজ করে। এরা যক্ষ্মা রোগে ভোগে। এদের চিকিৎসার জন্য বহু বড় বড় প্রতিশ্রুতি দেওয়া হলেও বাস্তব ক্ষেত্রে তা রক্ষিত হয় না। শুধু তাই নয় এই বিড়ি শিল্পের শ্রমিকদের জন্য বাসস্থানের কথা বলা

হয়েছে। কিন্তু আপনার পরিসংখ্যান থেকে দেখতে পাচ্ছি এতদিন পর্যন্ত মাত্র ১৯৬ জন বিড়ি শ্রমিককে ঘর তৈরি করে দিতে পেরেছেন। এই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের সমস্ত শিল্প ক্ষেত্রে শ্রমিকদের অবস্থা কোথায় আছে তা নিশ্চয় মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন।

আপনি বিভিন্ন ধরনের সচিব বা পদাধিকারীকে শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য রেখেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সি.আই.এফ-এর বিরুদ্ধে ভিজিলেন্স আছে। অভিযোগ থাকার পরেও আপনার দপ্তর তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছে না। তাঁর দপ্তরের একজন মহিলা কর্মী ক্যান্সার রোগে আক্রান্ত হওয়া সত্ত্বেও বিভিন্ন সময়ে সুবিধাজনক ট্রান্সফারের আবেদন গ্রাহ্য করা হয়নি।

এই জায়গায় দাঁড়িয়ে আমি আপনাদের আনীত বাজেট বরাদ্দ বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানকে সমর্থন করে আমাদের বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী নির্মল দাস : মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় শ্রমমন্ত্রী 'শ্রম ও কর্মনিয়োগ খাতে' যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় তার বাজেট বক্তৃতার একেবারে শেষ পাতায় উল্লেখ করেছেন যে, 'ভারত সরকারের কিছু ভ্রান্ত নীতির ফলে চিত্রটি আরও ভয়াবহ আকার ধারণ করেছে। অভ্যন্তরীণ সম্পদের প্রতি বিন্দুমাত্র তোয়াক্কা না করেই যাঁরা ভুবনীকরণের পিছনে দৌড়াচ্ছেন আমরা আশা রাখি, তাদের মধ্যে একদিন শুভবুদ্ধির উদয় হবে।' মাননীয় চেয়ারম্যান মহোদয়, ওদের শুভবুদ্ধির উদয় হবে বলে মাননীয় মন্ত্রী মহাশয় আশা করেছেন। কিন্তু এক্ষেত্রে শ্রমিক শ্রেণির অভিজ্ঞতা ভিন্ন। শ্রমিক শ্রেণি লক্ষ করেছে লিবারালাইজেশন, গ্লোবালাইজেশন এবং প্রাইভেটাইজেশনর নাম করে প্রকৃতপক্ষে কেন্দ্রীয় সরকার যে ব্যবহার করে চলেছে তার সবটাই শ্রমজীবী মানুষের স্বার্থের বিরুদ্ধে। শ্রমিক-স্বার্থ বিরোধী তো বটেই। আমি আমাদের বিরোধী দলের এবং কংগ্রেস নেতাদের বক্তব্য শুনলাম, তাঁরা অনেক ভালো কথা বললেন। কিন্তু আমাদের দেশে ৫৫ বছর ধরে যে শ্রমনীতি অনুষ্ঠিত হয়েছে তার প্রধান উদ্যোক্তা কংগ্রেস। কংগ্রেস প্রকৃতপক্ষে অনেক ভালো কথা বলেছে কিন্তু কাজটা তারা উল্টো করেছেন। বিশেষ করে উত্তরবঙ্গের চা-শিল্প— আমাদের ভারতবর্ষের যে ফরেন এক্সচেঞ্জ, যে বৈদেশিক মুদ্রা আসে তার একটা বিরাট অংশ ফরেন এক্সচেঞ্জ আর্ণ করার ইন্ডাস্ট্রি হচ্ছে চা-শিল্প। সেই চা-শিল্পে গত ২ বছর ধরে মহা সংকট চলছে। এই সংকট শুরু হয়েছিল এর আগে আমাদের দেশের কেন্দ্রীয় সরকার যে পলিসি নিয়েছেন, তাঁরা যে বাণিজ্য নীতি, শিল্পনীতি গ্রহণ করেছেন তার ফলে আজকে এই বিড়ম্বনা দেখা দিয়েছে এবং কিছুদিন আগে পর্যন্ত প্রায় ৫০ হাজার শ্রমিক সরাসরি ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনেকবার চিঠি লিখেছি। সেই চিঠির পরিপ্রেক্ষিতে গত ১০.৬. তারিখে মহাকরণে একটা মিটিং ডেকেছিলেন, সেখানে আমাকে ইউ.টি.ইউ.সি.-র প্রতিনিধি হিসেবে আমন্ত্রণ করেছিলেন। চা-বাগানের পরিস্থিতি খুবই সঙ্গীন। ২১টি চা-বাগানের মধ্যে কিছু সংখ্যক অ্যাবানডান আছে, লক-আউট আছে, কোনটাতে ওয়ার্ক সাসপেনশন আছে, আবার কোনোটাতে মালিক পালিয়ে চলে গেছে, কাজ

নেই—এরকম একটা অবস্থা চলছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের কোনো হেলদোল নেই। টি-বোর্ডের কোনো হেলদোল নেই—এই অবস্থা আমি দেখছি। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় অসহায়, রাজ্য সরকার অসহায়। যদিও মন্ত্রী মহোদয়ের উদ্যোগ আছে, মাননীয় মুখ্যমন্ত্রী বিদেশে যাচ্ছেন—একটা চেষ্টা হচ্ছে যে, কি করে আরও বেশি নিয়োগ করা হবে, কি করে শিল্প হবে ইত্যাদি। কিন্তু কাকস্য পরিবেদনা। এগোচ্ছে না। মাঝে মাঝে সংবাদপত্রে লক্ষ করছি যে, মাননীয় মুখ্যমন্ত্রীর শ্রমনীতি হচ্ছে—আন্দোলন করা যাবে না, ইত্যাদি। আসলে শ্রমিক শ্রেণি কখন আন্দোলন করে ? আমি চা শিল্পের ট্রেড ইউনিয়ন কর্মী হিসাবে বলতে চাই যে, রহিমাবাদ চা-বাগান থেকে শুরু করে যোগেশচন্দ্র চা-বাগান—এই সমস্ত চা-বাগানগুলোতে স্টারভেশন এবং বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ৪০০ শ্রমিক মারা গেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তাদের নাম, বাবার নাম, কখন কোথায় মারা গেছে সব জানানো হয়েছে। যে সমস্ত মালিকরা পালিয়ে গেছে তাদের ধরা যায়নি, তারা চা-বাগানের শ্রমিকদের পি.এফ., গ্র্যাচুয়িটি, গ্রুপ ইন্সুরেন্সের কোটি কোটি টাকা মেরে দিয়েছে। কিন্তু যারা এই টাকা মেরে দিয়েছে তাদের বিরুদ্ধে লেবার ডিপার্টমেন্ট কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারেনি। গত কয়েকদিন আগে একটি চা-বাগানের ম্যানেজারকে হুকিং করার অপরাধে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু আমরা দেখলাম তাতে চা-বাগানের ম্যানেজমেন্ট অখুশি, এমনকি আমাদের কিছু কিছু অফিসার তারাও অখুশি। অথচ যে ম্যানেজমেন্টের জন্য শ্রমিকদের কর্মচ্যুতি হয়, ৪০০ শ্রমিক মারা যায়, লক্ষ লক্ষ মানুষকে বিড়ম্বনার মধ্যে পড়তে হয়েছে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়, রহিমাবাদ চা-বাগান, কাঠালগুঁড়ি চা-বাগান, ঢেকলাপাড়া চা-বাগান, রামঝোড়া চা-বাগান, মালনুডি চা-বাগান, যোগেশচন্দ্র চা-বাগান—এই সমস্ত চা-বাগানে একই অবস্থা চলছে। এটা বন্ধ হওয়া দরকার। আপনাকে উদ্যোগ নিতে হবে। ২৬ তারিখের মিটিং-এ বলেছিলেন, ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু আপনি ব্যবস্থা নিচ্ছেন না। তারা কোনোরকম কথা শুনছে না। ব্যবস্থা নেওয়ার সময় এসেছে, ব্যবস্থা নেওয়া দরকার। আপনি জানেন যে, ডানকান কোম্পানির যে চা-বাগানগুলো আছে সেই চা-বাগানে অনুন্নত মানের রেশন দেওয়া হচ্ছে, সেখানে কোনোরকম ব্যবস্থা তারা করতে পারছে না। যে সমস্ত চা-বাগানগুলো মালিকরা বন্ধ করে দিয়েছে সেখানকার শ্রমিকদের হেলথ হ্যাজার্ড চলছে। কোনোরকম স্বাস্থ্য পরিষেবা নেই। পঞ্চায়েত নানা কারণে কাজ করতে পারছে না। তারা এই অবস্থা সৃষ্টি করে টি ইন্ডাস্ট্রির সর্বনাশ করছে। মাননীয় চেয়ারম্যান মহাশয় এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা একটা রাজ্যের বাজেট বিশেষ করে শ্রম দপ্তরের বাজেট আলোচনা করছি। সেখানে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, অসহায়তা আমাদের আছে, কিন্তু যে সমস্ত প্রতিশ্রুতি রাজ্য সরকার দিয়েছেন শ্রমিক শ্রেণিকে। শ্রমিকদের সমর্থনে এই সরকার, সেই সরকার আজকে লক্ষ করছেন যে, মালিকরা চ্যাটার অফ ডিমান্ড দিচ্ছে।

[3.25—3.35 p.m.]

শ্রমমন্ত্রী স্বীকার করেছেন, বলেছেন সপ্তাহের ৩ দিনের বেতন দেবে ৬ দিনের কাজ করতে হবে। বলেছেন লোক ছাঁটাই করা হবে, ছাঁটাই করার দাবি করেছেন এবং

ছাঁটাই-এর বিরুদ্ধে যদি লড়াই হয়, সংগ্রাম হয় সেটা তারা মেনে নেবেন না। শ্রমিক শ্রেণি কি আন্দোলন করবে না, যেখানে তাদের দেওয়ালে পিঠ ঠেকবে সেখানে শ্রমিক শ্রেণিরা কি করবে ? তারা আন্দোলন করবে না ? তাই ইউ.টি.ইউ.সি.-র পক্ষ থেকে আমি বলতে চাই এই অবস্থায় শ্রমিক শ্রেণির সামনে আন্দোলন করা ছাড়া কোনো রাস্তা নেই। আপনারা কমপ্রোমাইজের কথা বলেছেন, এখানে কোনো কমপ্রোমাইজ চলে না, কমপ্রোমাইজ হতে পারে না। কেননা শ্রমিক শ্রেণির সমর্থনে আমরা সরকারে এসেছি, সরকারের পক্ষ থেকে যদি আমরা বলি যে কোনো উচ্ছৃংঙ্খলতা বরদাস্ত করা হবে না। ন্যায্য দাবি করলে লক-আউট হবে এটা চলতে পারে না। মাননীয় চেয়ারম্যান সাহেব তাই আমরা আবেদন জানাব যে পাটশিল্প থেকে শুরু করে বস্ত্রশিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প ওই সমস্ত শিল্পে যে অব্যবস্থা চলছে সেই অব্যবস্থার জন্য দায়ী কেন্দ্রীয় সরকারের পলিসি। গোটা ভারতবর্ষব্যাপী আজকে কেন্দ্রীয় সরকারের শ্রমনীতির বিরুদ্ধে ১৪ কোটি মানুষ ধর্মঘটে অংশগ্রহণ করেছেন। সেই অবস্থায় আজকে এখানে বিতর্ক করছি, আজকে শ্রম দপ্তরের বাজেট বিতর্ক করছি। আমি আবেদন জানাব যে শিশু শ্রমিকদের জন্য অনেক কিছু করার আছে। তাদের জন্য কিছু করুন। আমি ২-৩টি ওয়ার্কসপে অংশগ্রহণ করেছি। সেখানে অনেক কিছু করার সুযোগ আছে। যে সমস্ত লক-আউট হয়েছে। সেই সমস্ত শ্রমিকদের চা-বাগানে যে ৫শত টাকা করে আর্থিক অনুদান দেওয়ার কথা আপনি বলেছিলেন কিন্তু সেই অনুদান তারা পাচ্ছেন না। সেটা অনুসন্ধান করার জন্য আমি আবেদন জানাব। আর মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর আছে তারা কিন্তু গতানুগতিকভাবে চলছে। শ্রমিকদের মিনিমাম ওয়েজ পাচ্ছে না। ফ্রিজ হয়ে গেছে হাইকোর্ট সুপ্রীম কোর্টের নির্দেশ। সেখানে চ্যালেঞ্জ কারা করবে ? রাজ্য সরকার করবে না ? পশ্চিমবঙ্গ সরকার করবে না ? কেন করছে না ? আজকে হাসপাতাল হওয়ার কথা ছিল, হচ্ছে না। আজকে মুর্শিদাবাদের বিড়ি শ্রমিকদের যে ৭-৮ লক্ষ বিড়ি শ্রমিক ইউ.টি.ইউ.সি. করছেন, টিটাগড় এবং বহরমপুরের যে প্রভিডেন্ট ফান্ডের অফিস আছে, সেটা একটু দেখুন। কাশিমবাজারে যে বি.টি. মিল আছে সেটা পুরনো অবস্থায় চলছে। সেখানে বহুদিনের পুরনো মিল—সেটা বন্ধ ! সেটা দেখা দরকার। শুধু চা শিল্প নয়, গোটা শিল্প ব্যবস্থায় আজকে কেন্দ্রীয় সরকারের, এন.ডি.এ. সরকারের যেন বেসরকারিকরণ করা হয়েছে। আমেরিকার নির্দেশে কেন্দ্রীয় সরকারকে বেসরকারিকরণ হয়ে গেছে। ডুয়ার্সে আজকে শ্রমিকরা আত্মহত্যা করছে। শ্রমিকদের নির্মমভাবে ছাঁটাই করছেন। আজকে আপনারা বিলগ্নীকরণ দপ্তর খুলেছেন। এই অবস্থায় দাঁড়িয়ে যখন আমরা আলোচনা করছি তখন মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন জানাই এবং আহ্বান জানাই, আমি কিছুক্ষণ আগে আমাদের ত্রাণমন্ত্রীকে বলেছিলাম যে বর্ষা, সাংঘাতিক বর্ষায় ডুয়ার্সে শ্রমিকদের থাকার জন্য কোনো ছাউনি নেই। আমি ত্রাণ সচিবকে বলেছিলাম, মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, তিনি বলেছেন যে আমি নিজে যাব। ত্রাণমন্ত্রী নিজে গিয়ে সেই সমস্ত শ্রমিক পল্লীতে, যেখানে তাদের ঘরবাড়ি ভেঙে গেছে, সেখানে তাদের জন্য তার্পোলিনের ব্যবস্থা করুন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে সব শ্রমিক ১ বছরের বেশি কর্মচ্যুত অবস্থায় তারা টাকা পাবে। কিন্তু সেটা তারা পায়নি। আমি আশা করব ওই বেকার ভাতা, ওই সমস্ত কর্মচ্যুত লোকদের দেওয়ার জন্য। ডাই ইন হারনেস—এ বহু মানুষ আজকে দিন গুনছে

কবে তাদের ছেলেমেয়েরা চাকরি পাবে। এখানে যে পরিসংখ্যান আমরা পেয়েছি সেই পরিসংখ্যান বলছে যে সেটা সিন্ধুর মধ্যে বিন্দুর মতো। যে লোক কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম লিখিয়েছে তারা সামান্য সংখ্যায় কাজ পেয়েছে। এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। তাই মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের যে ঘোষণা, বামফ্রন্ট সরকারের যে ঘোষণা, সেই শ্রমিক শ্রেণির স্বপক্ষে থেকে যে ঘোষণা করেছেন, সেগুলি বাস্তবায়িত করার পথে কিছু পদক্ষেপ গ্রহণ করবেন। এই আবেদন জানিয়ে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সমর হাজরা : মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী শ্রম এবং কর্মনিয়োগ খাতের যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব রেখেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করছি। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণের মধ্যে রাজ্যের সার্বিক সাফল্যের কথা উল্লেখ করেছেন এবং সাথে সাথে শ্রমিকদের কথাও বলেছেন। এ বিষয়ে আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্যরা বিস্তারিত ব্যাখ্যা করেছেন। আমি এই প্রসঙ্গে মাননীয় শ্রমমন্ত্রীকে বলতে চাই যে, শ্রমিকরা এ রাজ্যে যাতে কোনোভাবেই শোষিত হতে না পারে তার জন্য আমাদের শ্রম দপ্তরকে তিনি সব সময় সজাগ রাখুন। মাননীয় শ্রমমন্ত্রী এখানে খুবই দুঃখের সঙ্গে উল্লেখ করেছেন যে, অর্থনৈতিক অনটনের কারণে শিশু শ্রমিকদের সংখ্যা বাড়ছে। এটাকে রোধ করার জন্য আমাদের রাজ্য সরকার সব রকম ব্যবস্থা নিয়েছে। বিশেষ করে এক্ষেত্রে প্রচারের ওপর জোর দেওয়া হয়েছে। শিশু শ্রমিকের সংখ্যা রাজ্যে যাতে আর না বাড়ে তার জন্য তিনি ব্যবস্থা করছেন বলেছেন। আমরা জানি কেন্দ্রীয় সরকারের গৃহীত নয়া শিল্পনীতি এবং উদার নীতির ফলেই গোটা দেশে দিনের পর দিন একের পর এক কলকারখানা বন্ধ হচ্ছে, শ্রমিকরা কাজ হারাচ্ছে। ওই নীতির প্রভাব আমাদের রাজ্যের ওপর এসে পড়ছে। কলকারখানা যাতে বন্ধ না হয় তার জন্য আমরা শ্রমিকদের আন্দোলনে সামিল হতে বলছি। আমরা বামপন্থীরা শ্রমিকদের দাবি আদায়ের জন্য শ্রমিকদের আন্দোলন করার পরামর্শ দিয়ে থাকি। আজকের পরিবর্তিত পরিস্থিতিতে কলকারখানা যাতে বন্ধ হয়ে না যায় তার জন্যও তাদের আন্দোলন করতে বলেছি। এটাই আমাদের বামফ্রন্টের বক্তব্য। আজকে কৃষি শ্রমিক থেকে শুরু করে সর্বক্ষেত্রের অসংগঠিত শ্রমিকদের জন্য—যেসব অসংগঠিত শ্রমিকরা বছরে সাড়ে তিন হাজার টাকা পর্যন্ত আয় করেন বা যেসব অসংগঠিত শ্রমিক পরিবারের বাৎসরিক আয় সাড়ে তিন হাজারের মধ্যে এবং যাদের বয়স ১৮ বছর থেকে ৫৫ বছরের মধ্যে তাদের জন্য পি.এফ. খোলার ব্যবস্থা হয়েছে। শ্রমিকরা যে পরিমাণ টাকা পি.এফ-এ জমা দেবেন, তার সম পরিমাণ টাকা সরকার থেকেও দেওয়া হবে। এই প্রসঙ্গে আমার সরকারের কাছে তথা শ্রমমন্ত্রীর কাছে একটা আবেদন আছে—পি.এফ. ভুক্ত কোনো অসংগঠিত শ্রমিক, সে রিকশাওয়ালা হতে পারেন, একজন কৃষি শ্রমিক হতে পারেন, যদি মাঝপথে শারীরিক কারণে বা অন্য কোনো কারণে আর্থিক দুরবস্থার মধ্যে পড়েন তাহলে তিনি যাতে পি.এফ. থেকে টাকা তুলতে পারেন, সে ব্যবস্থা করা দরকার। সেই ব্যবস্থা যাতে করা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। চিকিৎসার জন্য বা অন্য কোনো প্রয়োজনে সে যাতে তার টাকা পেতে পারেন সেটা দেখা দরকার। একটা রিপোর্টে দেখছি আমাদের যে ই.এস.আই. হাসপাতালগুলি

আছে সেগুলিতে বেডসংখ্যা চিকিৎসাধীন শ্রমিকের চেয়ে অনেক বেশি। সাধারণ সরকারি হাসপাতালে একটা বেডে যেখানে দুজন রোগীকে রেখে চিকিৎসা করতে হচ্ছে সেখানে ই.এস.আই. হাসপাতালে চিকিৎসার জন্য অসুস্থ শ্রমিকরা বিশেষ যাচ্ছে না। এর কারণ কী ? এটা একটু দেখা দরকার। আমরা দেখছি ই.এস.আই. হাসপাতালে অ্যাম্বুলেন্স রয়েছে, কিন্তু সেই অ্যাম্বুলেন্স চালাবার জন্য যে ড্রাইভার এবং অন্যান্য কর্মী যাদের সেখানে সেই কাজের জন্য থাকা দরকার তাদের দেওয়া হচ্ছে না। এই বিষয়গুলির প্রতি একটু নজর রাখতে হবে। সর্বশেষে আমি বলব বিড়ি শ্রমিকদের কথা। মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা একটা কথা শুনতে পাই—বিড়ি খাওয়ার চেয়ে দুটো বিস্কুট খাওয়া ভালো। অথচ আমাদের রাজ্যে এখনো প্রচুর সংখ্যায় বিড়ি শ্রমিক আছেন এবং তাঁরা খুবই কষ্টের মধ্যে আছেন। তাদের আইনমাফিক সুযোগ-সুবিধা দেওয়া হয় না। তাঁরা প্রায়ই যক্ষ্মায় আক্রান্ত হন। যদিও সরকার তাঁদের সব রকম সুযোগ-সুবিধা দেবার চেষ্টা করছে, কিন্তু এক শ্রেণির মালিকরা দিনের পর দিন তাঁদের বঞ্চিত করে চলেছে। ব্যাপক সংখ্যক বিড়ি শ্রমিকের কাছে ওই সমস্ত মালিকরা বিড়ি পাতা এবং মশলা দিয়েই খালাস। তারপর আর তারা বিড়ির ধার-কাছে আসে না। বিড়ি শ্রমিকরা তাদের কাছ থেকে বিভিন্নভাবে বঞ্চিত হচ্ছে। আমরা বলছি, বিড়ি খাওয়া চলবে না, বিড়ির বদলে অন্য কিছু খান। কিন্তু তথাপি বিড়ি মানুষ খাচ্ছে এবং বিড়ি শ্রমিকরা দিনের পর দিন নানান দুর্ভোগ ভোগ করে বিড়ি প্রস্তুত করছেন, নানাভাবে বঞ্চিত হচ্ছে, যক্ষ্মায় আক্রান্ত হচ্ছেন এবং মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছেন। তবুও তাঁরা দিনের পর দিন বিড়ি বাঁধছেন। আমরা সব রকম চেষ্টা করছি, কিন্তু সেটা রদ করা যাচ্ছে না। তাই এই বিষয়গুলি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি তার জবাবি ভাষণে বলবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3.35—3.45 p.m.]

শ্রী সেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহঃ আমিন সাহেব শ্রম ও কর্ম-বিনিয়োগ বিভাগের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন সেই ব্যয়-বরাদ্দকে আমি সমর্থন করছি। মাননীয় বিরোধী দলের সদস্যরা যে কাট-মোশানগুলি নিয়ে এসেছেন সেই কাট-মোশানের আমি বিরোধিতা করছি। প্রথমেই বলতে হয় বিরোধী দলের মাননীয় নেতা শ্রী আবদুল মান্নান সাহেব যদি উপস্থিত থাকতেন তাহলে ভালো হত। ভালো হত এই জন্য যে, আজকে পশ্চিমবাংলায় শ্রমিক শ্রেণির উপর যে চরম আঘাত এসেছে তার জন্য দায়ী কারা ? কারা বেসরকারিকরণের পথ, কারা উদারীকরণের পথ অবলম্বন করেছেন সেটাই আজকে আলোচ্য বিষয়ের মধ্যে অন্যতম হওয়া উচিত ছিল। আজকে আমরা ভুলে যাইনি ১৯৯১ সালের সেই ঐতিহাসিক সন্ধিক্ষণের কথা। কেন্দ্রীয় সরকারের মনমোহন সিং-এর মনমোহিনী বাজেটের কথা। সেই মনমোহিনী রাজনীতির সন্ধিক্ষণে উদারীকরণের পথ ধরে শ্রমজীবী মানুষের উপর, শ্রমিক শ্রেণির উপর চরম আঘাত হেনেছে। ফলে আমরা আজকে কী দেখছি ? সারা ভারতবর্ষে অসংখ্য কলকারখানা, রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি বন্ধ হয়ে আছে। এর মূল কারণ হচ্ছে উদারীকরণ, এর মূল কারণ হচ্ছে

বেসরকারিকরণ। কংগ্রেস শুরু করেছিল আর ভারতীয় জনতা পার্টির নেতৃত্বে যে জোট তারা সব শেষ করতে চাইছে। ইত্যবসরে কেন্দ্রীয় সরকার একটা বিলগ্নী দপ্তর করেছে ; প্রখ্যাত সাংবাদিক শ্রীঅরুণ শৌরীকে সেই দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। এটা ঠিকই, আমাদের দেশের লাভজনক সংস্থাগুলিকে একের পর এক বহুজাতিক সংস্থাগুলির হাতে তুলে দেবার চেষ্টা করা হচ্ছে। বাইলেডিলা, কয়লা শিল্প, লৌহ শিল্প এবং ইস্পাত শিল্পগুলিকে বহুজাতিক সংস্থার হাতে তুলে দেবার চেষ্টা করা হচ্ছে। এছাড়া আমরা দেখছি, এদের রাজত্বে শ্রমিক শ্রেণি গাঢ় অন্ধকারে নিমজ্জমান। সেই প্রেক্ষাপটে দাঁড়িয়ে আজকে শ্রমিক শ্রেণি হতাশাগ্রস্ত। আমরা দেখেছি, এই প্রেক্ষাপটে দাঁড়িয়ে আমাদের রাজ্যের প্রধান প্রধান যে শিল্পগুলি ছিল যে শিল্পগুলি কেন্দ্রীয় সরকার পরিচালনা করতেন সেগুলি প্রধানত বন্ধ হয়ে গেছে। আর রাজ্য সরকার যেগুলি পরিচালনা করতেন সেগুলি বন্ধ হওয়ার মুখে দাঁড়ালেও সেগুলি খোলার জন্য শ্রম দপ্তর বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন। ২২২টি কারখানায় লক-আউটের ঘটনা ঘটলেও শ্রম দপ্তর সেগুলি খোলার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। পাট শিল্পে লক্ষ লক্ষ শ্রমিক সংযুক্ত। সেই পাট শিল্প আজকে সংকটজনক অবস্থায় এসে দাঁড়িয়েছে। কারা এর জন্য দায়ী ? কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতিই এর জন্য দায়ী। এই নীতির বিরুদ্ধে আজকে মানুষকে সমবেত করা প্রয়োজন। আজকে অনুভব করতে পারছেন ইঞ্জিনিয়ারিং শিল্প আজকে সংকটজনক অবস্থায় এসে দাঁড়িয়েছে। এইসব ইঞ্জিনিয়ারিং শিল্পগুলি আগে রেল ওয়াগনের বরাত পেত। ফলে এইসব ইঞ্জিনিয়ারিং শিল্পের কাজকর্মের গতি প্রসারিত হত। কিন্তু আমাদের দুর্ভাগ্য, রেল দপ্তর এইসব ইঞ্জিনিয়ারিং শিল্পগুলিকে আজকে কোনো ওয়াগন তৈরি করার জন্য বরাত দেয় না। ফলে এইসব শিল্পগুলি আজ ধুঁকছে। তবে রাজ্য সরকার চেষ্টা করছে এইসব শিল্পগুলিকে বাঁচিয়ে রাখার জন্য। তেমনি বস্ত্র শিল্পের একই অবস্থা। উত্তরবঙ্গের চা-শিল্প অর্থনৈতিক শিল্প হিসাবে পরিগণিত। আমরা দেখেছি, বিগত ২ বছর যাবৎ উত্তরবঙ্গের চা-শিল্পের শ্রমিকরা হতাশায় আচ্ছন্ন হয়ে আছে। এক শ্রেণির মালিক তারা প্রভিডেন্ট ফান্ড এবং ই.এস.আই.-এর টাকা চা-শিল্পের শ্রমিকদের দিচ্ছে না, তারা লক-আউট ঘোষণা করে দিয়ে বেরিয়ে যাচ্ছে। আমাদের দেশে আইন-কানুনের যে ফাঁক-ফোকর রয়েছে সেই ফাঁক-ফোকর মালিক গ্রহণ করে চলেছে।

মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে বলব, পশ্চিমবাংলার যে শ্রমনীতি সারা ভারতবর্ষের শ্রমজীবী মানুষেরা সেই দিকে তাকিয়ে আছেন। শুধু শ্রমজীবী মানুষরাই নন, সারা ভারতবর্ষের সব স্তরের মানুষরাই সেই দিকে তাকিয়ে আছেন। সেখানে নতুন পথের সন্ধান করতে হবে এবং তার জন্য প্রয়োজন হলে বিধানসভায় আইন প্রণয়ন করতে হবে। পশ্চিমবঙ্গকে সারা ভারতবর্ষের মানুষরা একটা নতুন পথের দিশারী হিসাবে, পথপ্রদর্শক হিসাবে দেখতে চাইছে কাজেই সেইভাবেই সারা ভারতবর্ষের শ্রমজীবী মানুষদের আমাদের পথ দেখাতে হবে। একথা ঠিক যে আমাদের রাজ্যে ধর্মঘট, লক-আউটের জন্য যে সমস্ত শ্রমিকরা ক্ষতিগ্রস্ত হয়েছেন তারা একটা আর্থিক অনটনের মধ্যে রয়েছেন এবং ঋণের ভারে জর্জরিত হয়ে যাচ্ছেন। আমাদের রাজ্য সরকারের তাদের প্রতি পূর্ণ মমত্ববোধ রয়েছে কারণ আমাদের বামফ্রন্ট সরকার শ্রমদরদী সরকার। তাই এত আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও ওই

সমস্ত দুস্থ শ্রমিকদের জন্য রাজ্য সরকার কিছু ভাতার ব্যবস্থা করেছেন। গত বছর তিন মাসে ৩২ হাজার ৩৩২ জন শ্রমিক এতে উপকৃত হয়েছেন। মাসে ৫০০ টাকা করে ভাতা তারা পেয়েছেন এবং এতে সরকারের ৫ কোটি ১৫ লক্ষ টাকা খরচ হয়েছে। আগামী তিন মাসেও দেওয়া হবে। এইভাবে অতন্দ্র প্রহরীর মতন বামফ্রন্ট সরকার এখানকার শ্রমিকদের যেভাবে রক্ষা করে চলেছেন আমি আশা করি ভবিষ্যতেও সেইভাবে এই দায়িত্ব সরকার পালন করে যাবেন। এই প্রসঙ্গে আমি ব্লকে ব্লকে মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টরদের অভাবের কথাটা বলব। আমাদের সারা রাজ্যে ৩৪১টি ব্লক রয়েছে এবং এই সমস্ত ব্লকে লক্ষ লক্ষ খেতমজুর, কৃষি শ্রমিক মাথার ঘাম পায়ে ফেলে যে ফসল ফলাচ্ছে তা খেয়ে আমরা বেঁচে আছি, কিন্তু সেই সমস্ত কৃষি মজুররা ন্যায্য মজুরি সব জায়গায় পাচ্ছেন না, ফলে তারা অর্ধাহারে, অনাহারে থাকতে বাধ্য হচ্ছেন। কায়েমি স্বার্থের লোকরা তাদের ন্যায্য মজুরি থেকে বঞ্চিত করছে। ব্লকে ব্লকে মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টর থাকলে তারা তাদের কাছে নালিশ জানাতে পারতেন। কাজেই ৩৪১টি ব্লকেই যাতে মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টররা থাকেন সেটা মাননীয় মন্ত্রীমহাশয় অবশ্যই দেখবেন। এই প্রসঙ্গে বলি খেত মজুরদের বাঁচানোর জন্য খেত মজুর কল্যাণ তহবিল গঠন করা যায় কিনা মন্ত্রীমহাশয়কে দেখতে অনুরোধ করছি। এখানে বেকারদের কথা বলা হয়েছে। ৬৪ লক্ষ ৩৩ হাজার ১৩৭ জন বেকারের কথা বলা হয়েছে। এদের সকলকে চাকরি দেওয়ার সংস্থান আমাদের নেই। কিন্তু আমরা যে কর্মসংস্থানের ব্যবস্থা করেছি তাতে অনেকে উপকৃত হয়েছেন। বিরোধী দলের সদস্যরা কিন্তু কর্মসংস্থান ও চাকরি এই দুটি ব্যাপার বুঝেও বুঝতে চাইছেন না। ভারতবর্ষে চাকরির পথ রুদ্ধ তবুও আমাদের রাজ্যে কিছু চাকরি দেওয়া হয়েছে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে, কাট-মোশানগুলির বিরোধিতা করে শেষ করছি।

শ্রী লগন দেব সিংহ : माननीय डिपुटि स्पीकार सर, माननीय श्रम मंत्री एवं माननीय इ०एस०आइ० मंत्री द्वारा पेश डिमान्ड न० 35 जो हाउस मे पेश किया गया है ओर इसपर बहस चल रहा है। विभिन्न दलों के वक्ताओं ने अपने-अपने विचार इस पर रखें है। मै समझता हूँ कांग्रैस के वक्ता ने हाउस के सामने जो विचार रखे है, इससे लगता है कि वेलोग लेवर डिपार्टमेन्ट के बजट स्पीच को पूरी तरह से पढ़ भी नही पाए है और यही कारण है कि वे इस तरह की बाते कर सदन को गुमराह करने की कोशिश कर रहे है। एक बात जो मै पिछले बार भी बजट स्पीच के दौरान कहा था हिन्दी मे एक कहावत है कि एक बाल्टी गरम पानी मे एक लोटा ठण्ढ़ा पानी डालकर अगर कोई कोशिश करे कि अब इससे ठण्ढ़ा पानी निक्लेगा तो यह नामुमकिन है। यह संभव नही है। ठीक इसी तरह मौजुदा जो देश की परिस्थिति है, पिछले 1951 से देश जो विभिन्न समस्याओ में केन्द्रीय सरकार का जो रवैया रहा है वह किसी से छिपा हुआ नही है। जिस तरह से उदारीकरण एवं विकेन्द्रीकरण के नाम पर जो नाटक कर रहे है उसका नतीजा हो रहा है कि उधोग-धन्धो नष्ट हो रहे है। ग्लोबालाइजेशन ने पूरे देश को झकझोर दिया है। आज कोई भी राज्य सरकार चाहकर भी मजदूरों के लिए बहुत अधिक सहुलियते मुहैया नही करा पा रही है। वो भी एक बन्धन के नीचे काम करने को बाध्य है। फिर भी राज्य सरकार, वामफ्रन्ट सरकार मजदुरो के हितो के लिए प्रयासरत है। आज पूरे देश की जो परिस्थिति है उसपर विचार

किया जाए तभी वास्तविक होगा परन्तु हमारे कांग्रेस के साथी ने इस इमानदारी से वेइमानी का रास्ता ही चुना और लोगों को गुमराह करना अपना फर्ज समझ रहे हैं। पशिचम बंगाल में जो क्ल-कारखाने है और वह जिस परिस्थिति मे चल रहे है या बन्द हैं। इसके लिए सरकार विशेष प्रयास कर रहो हैं। पिछले कई सालों में जो इण्डस्ट्रीयोल रिलेशन है इसमें काफी सुधार हुआ है। समस्याए हैं लेकिन लगातार इन मुश्किलो मे भी सरकार द्वारा हस्तक्षेप जारी है और यह हमारा सौभाग्य है कि हमारे श्रम मंत्री मजदूर आन्दोलन से जुड़े रहे हैं और उन्होने नीजी तर्जुबं से चाय वगान एवं अन्य जगहो पर समस्याओं को सुलझाने मे अहम रोल अदा क्किए है। विभिन्न समस्याओं को बात-चीत से सुलझा लिया जा रहा है। यदि इकोनोमीक रिभ्यू पर ध्यान दे तो पाएगे लेबर इन वेस्ट बंगाल मे देखों, पहले के मुकाबले ऑकड़ो मे कभी आई है पर इस ओर हमारे विरोधी वन्धु गौर नही क्किए है। मै यह कहना चाहता हुँ कि यहाँ का सेन्सस इम्पलाइमेन्ट देखोगे जहाँ 1991 से 2001 साल में पूरे देश में मजदूरों की संख्या मेकमी आगे है। वही हमारे यहाँ जो मजदुरों की संख्या 219.5 लाख मजदुर थे जो 293.03 लाख मजदूर हो गए है। ये पिछले 75.33 लाख मजदुर संख्या से बढ़कर यहाँ 34.4% के बराबर है, जबकि पोपुलेशन ग्रोथ 17.8% है। आप खुद देख लिजिए, पूरे हिन्दुस्तान मे जहाँ करीब 28.14 लाख वर्करों की संख्या है बढ़ने के बाद थी आज 21.34% हुआ है। इस देश मे मजदूरों की संख्या मे बढ़ोतरी 7.66% ही

[3.45—3.55 p.m.]

मजदूरों की संख्या में बढ़ीतरी हुआ है। कुछ संख्या में बढ़ोतरी के बाबजुद इसके असुरक्षा के तरह-तरह की घटना होती है। रुरल एरिया में मजदूरी की अवस्था ज्यादा सोचनीय है। केन्द्र सरकार इनके ओर बिल्कुल ही नजर नही दे रही है। संगठित उधोग के हालात को जगदीश दा ने बताया है। चाय वगान के जन-प्रतिनिधी है, ट्रेड युनियन के नेता है। सब अच्छी तरह उनके हालात को जानते है। उनके बदहाली के लिए केन्द्र सरकार और उनकी मजदूर विरोधी नीति है। असंगठित श्रेत्र के मजदुरों की हालत पर गम्भीरता पूर्वक विचार करने की आवश्यकता है। कांग्रेस का तो बोलने का कोई एक ही नही है। केन्द्र मे वर्षो तक आपकी सरकार थी। टी०एम०सी० और बी०जे०पी० की सरकार है। पिछले दिनों केन्द्रीय श्रम मंत्री साहिव सिंह वर्मा ने असंगठित मजदूरों के लिए कुछ कारगर नीति बनाने की घोषणा क्किए। ट्रेड युनियन के नेताओं से विचार-विमर्श क्किए। किन्तु अभी थी सरकार कोई भी एसा फैसला नही ले पाई है जिससे मजदूरों में सिकुरिटी बहाल किया जा सके। आज भी सरकार उन लोगों के लिए, मजदूरों के लिए भविष्य नीधि के तहत इकट्ठे हो रहे है। इसके बावजूद विरोधी तरह-तरह से गुमराह करने की कोशिश कर रहे है। मै पूछता हुँ इन असंगठित मजदुरों की हितों के लिए कदम उठाने मे समस्या कहाँ पर आ रही है।

हमारे विरोधी वन्धु अब्दुल मान्नान कह रहे थे कि इम्पलाइमेन्ट एक्सचेन्ज में दर्ज संख्या मे कमी नही आ रही है। कांग्रेस के जमाने में इतना संख्या नही था। मै जानना चाहता हुँ कि कांग्रेस के जमाने में इम्पलाइमेन्ट एक्सचेन्ज का कीई मतलव था। आज लोगों को

इम्पलाइमेन्ट इक्सचेन्ज के प्रति भरोसा है। बेरोजगार लोग नाम दर्ज कराते है। उन्हे उम्मीद होता है कि इसके माध्यम से रोजगार मिलेगा। हालाँकि इसमें कुछ सुधार की आश्यकता है। जैसे मै एक उदाहरण देता चाहता हुँ अभी पिछले दिनो परम्परा अनुसार स्कुल शिक्षकों का एपोआइन्टमेन्ट होने जा रहा है। इन्टरभ्यू हुआ है। हमारे हावड़ा जिले मे 29 सौ भैकेन्सी थी, जिसमे पर भैकेन्सी 20 आदमी को बुलाना चाहिए था। इसके लिए जिला की ओर से पत्र भी भेजा गया था। परन्तु इम्पलाइमेन्ट एक्सचेन्ज उतना उम्मीदवार नही भेज सका। उसके पास उतना उम्मीदवार नही था। डिस्ट्रीक के पास जितना नाम भेजना चाहिए था, नही भेज सका। कहने का मतलव है उनके पास उतना सुयोग्य नाम था ही नही। आज जो संख्या है इम्पलाइमेन्ट एक्सचेन्ज मे उसमें काफी कमी आ सकती है। बहुत से ऐसे नाम भी है जो आँल-रेडि जाँब मे है, उनका नाम भी दर्ज है। वो भी अच्छे ऑफर की आशा में अपना नाम कटवाते नही है। मै माननीय मंत्री से आग्रह करुगा कि इसमे दो तरह के लिस्ट बनाने की जरुरत है। बहुत से एसे भी नाम है जिनका उम्र 40 वर्ष से उपर हो गया है। तो एक लिस्ट ४० वर्ष के नीचे एवं एक लिस्ट 40 वर्ष के उपर का होना चाहिए। एवं जो किसी थी तरह के रोजगार मे शामिल है उनका पता लगाकर नाम कटवाने की व्यवस्था होनी चाहिए। लोगों मे नाम दर्ज कराने की तो होड़ रहता है लेकिन जो अच्छे खासे रोजगार कर रहे है या नौकरी भी कर रहे है उनको नाम कटवाने के प्रति उदासीन देखा जाता है, इस ओर नजर देने की आवश्यकता है। इसी तरह इ०एस०आई० के बारे मे भी तरह-तरह से लोगों को गुमराह करने को कोशिश की जा रही है। विरोधी सदस्यो द्वारा जो तथ्य पेश किया गया है इसका वास्तविकता से कोई मेल नही है। सिर्फ विरोध करने के लिए विरोध यह नीति ठीक नही है। आप के नजर मे ई०एस०आई० की की हालत खराव है। लेकिन मै कहना चाहता हुँ वैसी बदहाली की स्थिति नही है। पिछले दिनों के मुकावले ई०एस०आई० की स्थिति मे सुधार हुआ है और यह सब सरकार के प्रयास से किया जा रहा है। अभी मजदुरों के परिवार के लोग मेडिक्ल ट्रीटमेन्ट के लिए निश्चिन्त होकर आते है। मजदुर के परिवार की महिलाए प्रसुति लाभ ले रही है, उन्हे किसी प्रकार की तक्लीफ न हो लगातार कोशिश की जा रही है। मेटरनिटी विभाग को और आधुनिक बनाने की कोशिश हो रही है। हमारे विरीधी वन्धु को ए०आइ०डी०एम०के० करतुत अच्छा लगता हे और सरकार द्वारा किया जा सराहनीय काम मे खोट नजर आता है यह आपको नजर का दोष है। आज जहाँ आपकी हमारे मजदुर नेता श्रम मंत्री द्वारा पेश बजट का समर्थन करना चाहिए था वही आप विरोधी का डंका पीट रहे है। यही कहते हुए, माननीय श्रम मंत्री द्वारा पेश प्रस्ताव का समर्थन करते हुए अपना वक्तव्य समाप्त करता हुँ।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শ্রম ও কর্মবিনিয়োগ দপ্তরের মন্ত্রী মাননীয় মহম্মদ আমিন এবং শ্রী সুশান্ত ঘোষ ১৫৭ কোটি ৬৪ লক্ষ ৫২ হাজার টাকা এই দপ্তরের জন্য যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন, যার মধ্যে ভোট অন অ্যাকাউন্টের ৫২ হাজার ৫৪ লক্ষ ৮৪ হাজার টাকা ধরা আছে, আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবগুলিকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি।

[3.55—4.05 p.m.]

স্যার, আমি একটি কথা বিভিন্ন বিষয়ে আলোচনার সময়ে শুনতে পাই। বিশেষ করে অর্থনৈতিক ক্ষেত্রে এবং শ্রম দপ্তর বা সংশ্লিষ্ট এই ধরনের দপ্তরের ক্ষেত্রে যে, বিশ্বায়নের ফলে আমরা এর সমস্যার সম্মুখীন হচ্ছি। মাননীয় শ্রমমন্ত্রী এককালে ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত ছিলেন এবং এখনো আছেন হয়ত। কিন্তু রাজ্য মন্ত্রীসভার সদস্য হওয়াতে অনেক বেশি সময় দিতে হয় বলে ট্রেড ইউনিয়নের সঙ্গে একসঙ্গে যোগ রাখা সম্ভব কিনা সেই বিষয়ে সন্দেহ আছে। আমার মনে হয় এই ধরনের উপযুক্ত মানুষ দায়িত্বে থাকার সময়ে তিনি যে কথাগুলো বলবেন সেগুলো বাস্তবে কিভাবে প্রযোজ্য করা যায় এই সম্পর্কে ভাববেন। তবে এই যে কথা হয় যে, বিশ্বায়নে আমরা সরাসরি, মোটামুটি প্রতিদ্বন্দ্বিতা করতে পারি না। এখানে আবার তাঁরই দপ্তরের বাজেট পেশ করতে গিয়ে ওঁরা 'বিশ্বায়ন' এই শব্দটি রাখেন নি, শেষ পাতায় এসে বলেছেন—নতুন বাংলা শব্দ সংযুক্ত করেছেন, নতুন বাংলা শব্দ 'ভূবনীকরণ'। নতুন নতুন বাংলা কথা শুনলে চাকরির যাইহোক, চাকরি থাকুক আর নাই থাকুক, বাংলা নতুন কথা শুনলে ভালো লাগবে। আমি সবার আগে জানতে চাইছি তাহলে এই আমাদের বন্দোবস্তটা কি হবে ? শুধুমাত্র কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে আমি শ্রমমন্ত্রী হিসাবে আলোচনা শেষ করব এটা হতে পারে না। তবে আমি কিছু কিছু ব্যাপারে আপনাদের সঙ্গে একমত। কিন্তু আমরা কি এটা বাদ দিয়ে কিছু করতে পারব ? আপনারা তো নতুন বিকল্প অর্থনীতির কথা বলেন ওই বিকল্প অর্থনীতি দিয়ে কোনো পথ কি স্থাপন করতে পারবেন ? আপনাদের অসীমবাবু, তো অর্থনৈতিক দিক থেকে বিকল্প অর্থনীতির কথা বলেন, সেখান থেকে কোনো বিকল্প ব্যবস্থা নিয়ে এসে কোনো পথ দেখাতে পারবেন যে আমরা বিশ্বায়নকে ঢাকতে গিয়ে এই পথ আমরা নিয়েছি। এবং এই নতুন পথ দিয়ে আমাদের কারখানার উৎপাদিত দ্রব্যগুলো আমরা চ্যালেঞ্জের সামনে নিয়ে আসতে পারব—এই ধরনের নতুন কোনো পদক্ষেপ গ্রহণ করতে পারবেন কিনা এবং শ্রমিকদের জন্য নতুন কোনো ভাবনা-চিন্তা করবেন কিনা। তাদের জন্য কিছু প্রস্তাব রেখেছেন কিন্তু বারেবারে এই কথা বলে আমার মনে হয় কিছুটা শান্তি পেতে পারেন, কিছুটা অজুহাত এড়াতে পারেন কিন্তু তার বাস্তবতা কি ? হাউ টু ফেস দি চ্যালেঞ্জ, কিভাবে মোকাবিলা করবেন তার কোনো কথাই আপনার বাজেটে নেই। হাওড়ার ব্যাপারে রবীনবাবু বললেন যে হাওড়া এককালে শিল্পাঞ্চল ছিল। আমিও হাওড়ার মানুষ, তখনও বিশ্বায়নের এই পরিকল্পনা হয়নি, ১৯৭৭ সাল আপনাদের সরকারে আসার পরে একটা নতুন ঝোঁক দেখা গেছে যে, শ্রমিক সংখ্যা কমেছে, শ্রমিক সংখ্যা বাড়েনি। আমার হাতে একটা বই আছে—ইকোনমিক রিভিউ, স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সের থেকে একটা ছোট উদাহরণ দেব তাতে শ্রমিকের সংখ্যা কমছে তাতে একটা নতুন সমস্যা দেখানো হয়েছে। সেখানে ছোট-বড় কারখানা উঠে গিয়ে থাকায় কত শ্রমিক গেছে, কত শ্রমিকের কাজ উঠে গেছে—সেখানে বালি থেকে শুরু করে শিবপুর অথবা পদ্মনিধিবাবুর জায়গা ডোমজুড় পর্যন্ত যেখানে শিল্পের জায়গা ছিল, সেখানে ১৯৭৭ সালের পরে ওইসব কারখানা উঠে গিয়ে একেবারে মরুভূমিতে পরিণত হয়েছে। এবং ওখানে বড় বড় মাল্টি স্টোরেড বিল্ডিং হয়েছে অথবা বসতী স্থাপন করে শিল্পকে দূরে

সরিয়ে রাখা হল। এইভাবে একটা শিল্পের সম্ভাবনাকে নস্যাৎ করা হয়েছে। কবি সুভাষ মুখোপাধ্যায় মারা গেলেন, তাঁকে শ্রদ্ধা জানিয়ে তাঁরই কবিতার একটা অংশ তুলে আপনার কাছে বলতে চাই—আগে যারা দুর্গাপুরে কাজ করত লোহার কারখানায়, তারা গ্রামে গিয়ে কোদাল দিয়ে মাটি কাটছে, না হয় লাঙল টানছে।

অবস্থাটা এই। অথচ তাঁর কথায় বলতে গেলে বলতে হয়, যার হাত আছে, তার কাজ নেই। যার কাজ আছে, তার ভাত নেই। যার ভাত আছে তার হাত নেই। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় আপনার সম্পর্কে সুভাষ মুখোপাধ্যায়-এর এই কবিতাটি সবচেয়ে বেশি প্রযোজ্য। যার হাত আছে, তার কাজ নেই অর্থাৎ বেকার যুবকরা তারা কাজ পাচ্ছে না। যার কাজ আছে, তার ভাত নেই, অর্থাৎ সে যে কাজ করছে, সেখানে এত কম মজুরি পাচ্ছে, সে ভাত জোগাড় করতে পারছে না। যার ভাত আছে, তার হাত নেই। ওই বড় লোকের দল যারা আপনাদের সঙ্গে সবচেয়ে বেশি সংযুক্ত হয়ে আছেন, তাদের কাজ করবার মতন হাত নেই, তারা আরামে বিলাস করে দিন কাটাচ্ছে। এটাই বোধহয় মহঃ আমিন সাহেব আপনার সম্পর্কে সবচেয়ে বেশি প্রযোজ্য। আমি আপনাকে একটা কথা বলি, '৮০ সালে, আপনার দপ্তরের স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স, অর্গানাইজড প্রাইভেট সেক্টর—শ্রমিকের সংখ্যা ছিল ২৬ লক্ষ ৬৪ হাজার। আর ২০০২ সালে সেটা নেমে গিয়ে দাঁড়িয়েছে ২৪ লক্ষ ৭২ হাজার অর্থাৎ প্রায় ২ লক্ষ শ্রমিক কমে গিয়েছে।

(ভয়েস—লোকসংখ্যা তো বেড়েছে)

লোকসংখ্যা বাড়তে পারে, কিন্তু শ্রমিকের সংখ্যা কমবে কেন। '৮০ সালে যে লোকসংখ্যা ছিল আপনি এটা ভালো করেই জানেন—জগদীশবাবু আপনি ট্রেড ইউনিয়ন করেন, আপনি এই দপ্তরের স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যানও। '৮০ সালে ২৬ লক্ষ ৬৪ হাজার শ্রমিকের সংখ্যা ছিল, তখন লোকসংখ্যা ছিল কম। ২০০২ সালে যখন লোকসংখ্যা বেড়েছে তখন এটা ৩০ লক্ষের উপরে হওয়া উচিত ছিল। কিন্তু সংখ্যাটা নেমে গিয়েছে, ১ লক্ষ ৯২ হাজার অর্থাৎ প্রায় ২ লক্ষের কাছাকাছি। এই সংখ্যাটা বাড়ল না কমল ? এটার কি উত্তরটা দিতে পারবেন ? মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি, আমি আপনার কাছে যে কথাটা বলতে চাই, সেটা হল, এই পশ্চিমবাংলায় ২টি শিল্প খুব নামকরা শিল্প ছিল। যেখানে অনেক হাজার হাজার মানুষ কাজ করতেন। সেই ২টি শিল্প আজকে এখান থেকে চলে গিয়েছে। ছাপাখানা আজকে পশ্চিমবাংলায় নিকৃষ্ট শিল্পের মধ্যে পড়েছে। যাঁরা ভালো পোস্টার করতে চান, যাঁরা ভালোভাবে বই ছাপাতে চান, যাঁরা ভালো প্রিন্টিং টেকনোলজির সাহায্যে অন্য কিছু করতে চান, তাঁরা কোথায় যান—তামিলনাড়ুতে। পূর্বতন মাদ্রাজে, তামিলনাড়ুতে যাচ্ছেন, অনেক বছর পরে, আপনারা আসারও পরে। হোসিয়ারি শিল্প, এই শিল্পের কিছু অবশিষ্ট আছে কি ? এটাও ছাপাখানা শিল্পের মতো ধুঁকছে, যদিও আজকে উঠে যাওয়ার মুখে। কত হাজার শ্রমিক বেকার হয়েছে। পশ্চিমবাংলার শিল্পের অবস্থা রুগ্‌ণ, এখানে কাজ করবার মতো কোনো রকম বন্দোবস্ত নেই। এই বন্দোবস্ত সম্বন্ধে আমি আপনার কাছে যে কথাটা বলতে চাই, তার একটাও নতুন

করে সংযোজন করছি না। শুধুমাত্র ইঞ্জিনিয়ারিং শিল্পে, ঢালাই কারখানায়, অন্য কোথাও এই শিল্প হয়ে গেছে তা নয়, এই কারখানাগুলি উঠে গেল। সবচেয়ে বড় কথা, আপনারা যে স্লোগান দিয়েছিলেন, যে কথা মান্নানবাবু বলেছেন, রবীনবাবুও বলেছেন, তার সঙ্গে আজকে আপনার বক্তব্যের কোনো মিল নেই। যে মানুষ একদিন এ আই টি ইউ সি এবং সিটুর পতাকা ধরে দুনিয়ার মজদুর এক হও, মালিকের বিরুদ্ধে লড়তে হবে, শ্রমিককে কাজের অধিকার দিতে হবে, এই কথা যাঁরা বলেছিলেন, তাঁদের সেই কথার সঙ্গে আজকের কাজের কোনো মিল নেই। এই বাজেট সেসান এর প্রথম দিকে আমি একটা প্রশ্ন করেছিলাম, আমিন

[4.05—4.15 p.m.]

সাহেব আপনি বলেছিলেন যে, ২০০১ থেকে ২০০৩ এই সময়ের মধ্যে যে কারখানাগুলো বন্ধ হয়ে গেছে, তার মধ্যে লক-আউট হয়ে বন্ধ হয়ে যাওয়ার সংখ্যা বেশি, ধর্মঘটের কারণে কারখানা বন্ধ হওয়ার সংখ্যা কম। আমি আপনার কাছ থেকে এই প্রশ্নের জবাব পাব কি? আপনি চাইল্ড লেবার নিয়ে আলোচনা করেছেন এবং এখানে একটা তথ্য দিয়েছেন। আমি সম্পূর্ণ এর বিরোধিতা করছি। "লেবার ইন ওয়েস্ট বেঙ্গল" এখানে ১৩৩ পাতাতে বলেছেন— "The officers of this Directorate paid 3995 visits during the year 2002 in connection with the administration of the provisions relating to Child Labour Employment along with the provisions of the Factories Act, 1948. However, no violation of Child Labour Act was detected."

আপনি মানেন এটা ? বড় বড় কারখানায় গিয়ে আপনারা চাইল্ড লেবার খোঁজার চেষ্টা করেছেন, বড় কারখানায় ১৮ বছরের নীচের ছেলেদের নেবে কেন। চাইল্ড লেবার খুঁজতে হলে আপনারা হাওড়ার জড়ির কারখানাগুলোতে যান। ডোমজুড়ে পদ্মনিধিবাবুর এলাকায় যান, ওনারা যতই বড় বড় কথা বলুন না কেন, ওই এলাকায় অনেক বেশি জড়ির কারখানা আছে এবং সেখানে চাইল্ড লেবাররা কাজ করে। হাওড়া জেলার পাঁচলা, বাগনান সর্বত্র যেখানে জড়ির কাজ হয় সেখানে আপনি চাইল্ড লেবার পাবেন। শুধু এখানে নয়, এখান থেকে বহু শিশু শ্রমিককে ওস্তাগররা মুম্বাই, গুজরাটে নিয়ে যাচ্ছে জড়ির কারখানায় কাজ করার জন্য। মান্নান সাহেব বলেছেন, চায়ের দোকান থেকে শুরু করে বড় বড় হোটেল খুঁজলে এই শিশু শ্রমিকদের আপনি দেখতে পাবেন। আপনারা শিশু শ্রমিক বন্ধ করতে পারেননি। কয়েক বছর আগে বাগনানে বাজির কারখানায় বেশ কিছু শিশু শ্রমিক মারা গিয়েছিল এবং তাদের ছিন্নভিন্ন দেহ বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছিল এবং গাছের ডগায় আটকে গিয়েছিল। সেই বীভৎস দৃশ্য দেখতে প্রত্যেকটি রাজনৈতিক দলের নেতারা গিয়েছিলেন, এম.পি. গিয়েছিলেন, সংবাদপত্রের প্রতিনিধিরা গিয়েছিলেন, তারা চোখের জল ফেলেছিলেন। অনেক সাহিত্যিকও তা দেখে চোখের জল ফেলেছিলেন, সাহিত্য রচনা করেছিলেন। কিন্তু সেই শিশু শ্রমিক প্রথা আজও বন্ধ করা যায়নি। সুতরাং শিশু শ্রমিক প্রথার অস্তিত্ব আগে যা ছিল বরঞ্চ এখন তার থেকে সংখ্যাটা বেড়েছে, আপনারা কমাতে পারেননি, সেই শিশু শ্রমিকদের ব্যাপারে আদৌ কোনো বন্দোবস্ত গ্রহণ করতে পারেননি।

মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় ই.এস.আই. হাসপাতাল সম্পর্কে অনেক কথা বলেছেন। আপনারা টাকা নিয়ে তাদের চিকিৎসা দেন এবং সরকার থেকেও তাদের সাহায্য করা হয়। এই বন্দোবস্ত কংগ্রেস আমলেও ছিল, এখনও চলছে। কিন্তু জগদীশবাবু তার রিপোর্টে বলেছেন, গত বৎসরে ১ কোটি ৫২ লক্ষ ৫০ হাজার টাকা পেয়েছে, তার মধ্যে মাত্র ৫৮ হাজার টাকা আপনারা খরচ করতে পেরেছেন। বাকি টাকা আপনারা খরচ করতে পারেননি। অর্থ দপ্তর থেকে নয় লক্ষ টাকা রিলিজ করা হয়েছে বছরের শেষ দিনে, সেই টাকা আপনারা খরচ করতে পারেননি। রিপোর্টটা হচ্ছে জগদীশবাবুর।

রিপোর্ট কার ? জগদীশবাবুর—আমি পড়ছি। এর মধ্যে নিশ্চয় কোনো মিথ্যা ভাষণ নেই, সততার অভাব নেই। এই যদি একটা দপ্তরের কার্যকারিতা হয়, তাহলে আপনি আশা করেন কি করে যে, আপনার অসুস্থ, আহত শ্রমিকরা ই.এস.আই. হাসপাতালে চিকিৎসিত হয়ে আগামী দিনে সুস্থ হয়ে কারখানার কাজে ফিরে যাবে ? আজকাল ছোট হাসপাতালে, একটা অ্যাম্বুলেন্স পাওয়া যায়, সরকারি বন্দোবস্ত আছে—প্রাইমারি হেলথ্ সেন্টার, ব্লক লেভেলে আছে, যদি নাও থাকে তাহলে অনেক বেসরকারি প্রতিষ্ঠান অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি ই.এস.আই. হাসপাতালে চিকিৎসার বন্দোবস্ত করেছেন, কিন্তু আজ পর্যন্ত অ্যাম্বুলেন্স পরিষেবা চালু করতে পারেননি, যা অত্যন্ত প্রয়োজন। আমার জানা একটা ঘটনা। একজন অসুস্থ হয়ে পড়েছিল। আমি তাকে উলুবেড়িয়া ই.এস.আই.-তে নিয়ে যাই। তারা বলে, এখানে হবে না, হাওড়ার দাশনগরে নিয়ে যান। সেখানে গেলে বলল, এখানে হবে না, আপনি মানিকতলাতে নিয়ে যান। যে-কথা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন—মানিকতলাই ভরসা, সেখানেই মানিক খুঁজে পাবেন—সেখানে নিয়ে যেতে হয়েছে। আপনার দপ্তরের অ্যাম্বুলেন্সে নয়, প্রাইভেট কারে করে। এই ব্যবস্থা এখনও করতে পারেননি। জগদীশবাবুর টিম, এই দপ্তরের স্ট্যান্ডিং কমিটির অনুসন্ধান করে দেখেছে আপনাদের ব্লাড ব্যাংক নেই। আপনাদের ১৩টি সেন্টারের একটাতেও ব্লাড ব্যাংক নেই। মিনি ব্লাড ব্যাংক করতে গেলে পারমিশন লাগে, সেটা বাদ দিয়ে শুধু ব্লাড ব্যাংক করলে পারমিশন লাগে না। বিড়ি শ্রমিকদের টি.বি., ক্যান্সারের কথা বলা হয়েছে। শুধু বিড়ি শ্রমিকই নয়, হাজার হাজার লক্ষ লক্ষ শ্রমিকের মধ্যে অনেকেই ক্যান্সার রোগে আক্রান্ত হন। ই.এস.আই. হাসপাতালে একটা ক্যান্সার ওয়ার্ড-এর ব্যবস্থা করা খুবই জরুরি। চিফ ইন্সপেক্টর অফ ফ্যাকটরিস—মাননীয় মন্ত্রী জানেন, এদের ভিজিলেন্সের ফাইল, এদের বিরুদ্ধে অভিযোগ এসেছিল। এই ভিজিলেন্সের ফাইলটা স্থগিত রাখা আছে এখনও পর্যন্ত, চিফ ইন্সপেক্টর অফ ফ্যাকটরিস-এর ফাইলটা খুঁজে বার করেছেন কি এবং এর সম্পর্কে সত্যাসত্য কি আছে এই হাউসকে মাননীয় মন্ত্রী জানান, এবং কি ব্যবস্থা নিয়েছেন, কি বন্দোবস্ত করছেন জানান। আমি আপনার কাছে অনুরোধ করব, বন্ধ কলকারখানার শ্রমিকদের যে ভাতা দিচ্ছেন, সেটা যেন নিয়মিত দেওয়া হয় তার বন্দোবস্ত করতে। বহু জায়গা থেকে বহু শ্রমিক এসে আমাকে বলেছে পাচ্ছে না। আপনারা দিনের পর দিন স্লোগান দিয়েছেন, মিটিং করেছেন, অথচ শ্রমিকদের সংখ্যা কমেছে, কারখানা বন্ধ হয়েছে। সর্বোপরি যেটা বলেন—নতুন শিল্প গড়ার কথা। এটা করে কতজন শ্রমিককে কাজ দেবেন, তার কোনো পরিকল্পনা আপনার কাছে আছে ? নেই। তাই, এই যে বাজেট বরাদ্দ

পেশ করেছেন, তাকে সমর্থন করার কোনো যুক্তি খুঁজে পাচ্ছি না, তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.15—4.25 p.m.]

PRESENTATION OF THE THIRTY-NINTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the Thirty-ninth Report of the Business Advisory Committee. The Committee met in my chamber and recommended the following programme of Business for the 10th and 11th July, 2003.

10.7.2003, Thursday	:	Demand No, 27 Home Department	... 4 hours
11.7.2003, Friday	:	(i) Resolution for ratification of the Constitution (Ninety-fifth Amendment) Bill, 2003	... ½ hours
		(ii) The Bengal Excise (Amendment) Bill, 2003 (Introduction, Consideration & Passing)	... ½ hours
		(iii) Demand No. 20 Fisheries Department	... 1 hours
		(iv) Demand No. 25 Public Works Department	... 3 hours

Now the Minister-in-Charge of the Parliamentary Affairs may move the motion for acceptance of the House.

Shri Probodh Chandra Sinha : Sir, I beg to move that the Thirty-ninth report of the Business Advisory Committee as presented in the House be accepted.

The Motion was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANT

শ্রী সুশান্ত ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রম দপ্তরের বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে। সেই প্রস্তাবের উপর আমাদের বিরোধী দলের বন্ধুরা, সরকারি দলের বন্ধুরা আলোচনা করেছেন। প্রধান বিরোধী দলের বন্ধুরা এখানে অনুপস্থিত। দু নম্বর বিরোধী দলের সদস্য বন্ধুরা যাঁরা আলোচনা করেছেন তাঁরা শ্রম দপ্তরের উপর আলোচনা করতে গিয়ে যা বলেছেন তাতে দেখছি এর আগে দুবার যে বক্তব্য তাঁদের কাছ থেকে শুনেছি

সেই একই বক্তব্যের প্রতিধ্বনি শুনছি। নতুন করে আমাদের আলোচনা, নতুন করে কোনো শব্দ, কোনো বাক্য তাঁরা এখানে উপস্থিত করেছেন বলে মনে হয় না। আমাদের সরকার পক্ষের সদস্যরা কিছু কথা বলেছেন, কিছু পরামর্শ দিয়েছেন, বিরোধী বন্ধুরা কিছু পরামর্শ দিয়েছেন। আমরা নিশ্চিতভাবেই তাঁদের সে পরামর্শ, সে কথা গ্রহণ করব। আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য বন্ধুবর তিনি তাঁর আলোচনা শুরু করলেন। আমাদের রাজ্য সরকারের লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বইটির কিছু পাতা উল্লেখ করেছেন। তিনি বলেছেন কিন্তু তাতে এই সত্যই প্রমাণিত হয় যে আমাদের রাজ্যের প্রকৃত অবস্থার কথা ঘোষণা করেছি। আমরা কোনো তথ্যকে গোপন করে সত্যকে আড়াল করতে চাইছি না। বিগত দিনগুলোতেও সেই একই কথা প্রমাণ হয়। আজকে আমাদের দেশে—সেই একই কথা আবার বলতে হয়, বিশ্বায়ন, উদারীকরণ, বেসরকারিকরণের ধাক্কা শিল্পের উপর এসে পড়েছে, তার আঘাত এসে পড়ছে শ্রমিকদের উপর, আমাদের রাজ্যের সর্বস্তরের মানুষের উপর। আজকে সমস্ত মানুষ উৎকণ্ঠিত, দলমত নির্বিশেষে সমস্ত মানুষ আমাদের শ্রমিকদের ভয়াবহ পরিণতির কথা অনুভব করছে। তাই একটা দেশের অঙ্গরাজ্য হিসেবে আমাদের পশ্চিমবাংলায় আমরা কোনো তথ্যকে আড়াল করতে চাইনি। এই আর্থিক সীমাবদ্ধতার মধ্যে, সাংবিধানিক সীমাবদ্ধতার মধ্যে আমরা চেষ্টা করছি শ্রমিকদের স্বার্থ রক্ষা করতে। সেখানে বিরোধী বন্ধুরা আমাদের যেভাবেই বলুন না কেন। যাইহোক আমি আর আমার বক্তব্য দীর্ঘ করব না। আমাদের শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় আমিন সাহেব তাঁর বক্তব্য বলবেন। এই দপ্তরের দুটো অধিকারের দায়িত্ব আমার উপর ন্যস্ত, দুটো অধিকার আমি দেখছি প্রত্যক্ষভাবে। এই দপ্তর সম্পর্কে যে আলোচনা, সমালোচনা, পরামর্শ এসেছে সেই সম্পর্কে আমার অভিজ্ঞতার নিরিখে এই দপ্তরের কাজ করতে গিয়ে যা প্রত্যক্ষ করেছি, তার উপর ভিত্তি করেই বলি, '৭৭ সালে আমরা যখন ক্ষমতায় আসি তখন কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ছিল ১২ লক্ষ। আজকে সেই সংখ্যা অনেকাংশে বৃদ্ধি হয়েছে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার আগে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কোনো গুরুত্ব ছিল কি ছিল না, সাধারণভাবে বেকাররা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখানোর কোনো তাগিদ অনুভব করতেন না। এই কথা বলে আমি বিরোধী বন্ধুদের বিব্রত করব না কিন্তু যে কথা বলতে চাই আমাদের রাজ্যে কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম লেখানোর প্রবণতা আমরাই তৈরি করার চেষ্টা করেছি। কিন্তু আমাদের দেশে যদি ন্যাশনাল এমপ্লয়মেন্ট পলিসি না তৈরি হয়, তাহলে একটা রাজ্যের রাজ্য সরকারের পক্ষে কখনও এমপ্লয়মেন্ট পলিসি তৈরি করা এবং সঠিকভাবে এগিয়ে নিয়ে যাওয়া কি সম্ভব ? আজকে সরকার পক্ষের সদস্য বলছিলেন হাওড়ার প্রাইমারি স্কুলে চাকরি নিয়োগ সংক্রান্ত প্রশ্নে চিঠি পাঠানো হয়েছিল, তার বিনিময়ে কতজন উত্তর দিয়েছেন এবং প্রোফরমা পূরণ করে জমা দিয়েছেন। এই বেকার নিয়েও অনেক কথা হয়েছে। যাঁরা সম্পূর্ণরূপে বেকার, তাঁরাই কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখান ? না, শুধু এঁরাই নন, যাঁরা কৃষির কাজ করেন, তাঁরাও নাম লেখান। ব্যবসার কাজে যাঁরা যুক্ত তাঁরাও নাম লেখান। আধা-সরকারি সংস্থায় যাঁরা কাজ করেন, বেসরকারি সংস্থায় যাঁরা কাজ করেন, তাঁরাও নাম লেখান। এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে চাকরি দেওয়া হবে ঠিক করা হল। কিন্তু দিল্লির সরকারের নেতাদের আইন, সর্বোচ্চ

আদালতের রায় ইত্যাদি অনেক আইনি জটিলতা এড়াতে গিয়ে অনেকগুলি সার্ভিস কমিশন তৈরি হল। আমাদের রাজ্যে পাবলিক সার্ভিস কমিশন তৈরি হল। চাকরিতে নিয়োগের জন্য এই পাবলিক সার্ভিস কমিশন তৈরি হল। কিন্তু এই পাবলিক সার্ভিস কমিশন তৈরি হওয়ার পরে যাঁরা চাকরি পেয়েছেন, তার কোনো প্রতিফলন এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নেই। নিয়ে আসা সম্ভবও নয়। আজকে এই কথা আমরা বলতে চাই যে, স্বাধীন হওয়ার পর কেন আমাদের দেশে ন্যাশনাল এমপ্লয়মেন্ট পলিসি আজকেও তৈরি হল না ? তার উত্তর কে দেবে ? দিল্লিতে যাঁরা এতদিন ধরে সরকার চালাচ্ছেন, নিশ্চয় তাদের কাছে আমরা বলেছি যাঁরা এতদিন ছিলেন তাঁদের কাছে এই বলা না বলারই সামিল। আজকে অন্য আলোচনার মধ্যে যাব না। আমি তাই বলব যে, আজকে এই রকম একটা জায়গায় দাঁড়িয়েছে যে, বিগত ৪ বছর ধরে যে নীতি, ডঃ মনমোহন সিং যেটা তৈরি করছিলেন, তাঁর সেই অর্থনীতি আজকে কার্যকরী করতে গিয়ে আমাদের গোটা দেশে নতুন করে কর্মসংস্থানের যে সুযোগ ছিল, যাঁরা কাজে আছেন, তাঁদেরকে বেকার করে দেওয়ার ব্যবস্থাকে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। যাঁরা কাজের সঙ্গে যুক্ত আছেন, তাঁদেরকে কি করে রক্ষা করতে পারব, তাঁদের জন্য নতুন করে চিন্তা-ভাবনা করতে হবে। প্রতি বছর যে, লক্ষ লক্ষ বেকার হচ্ছে, তাঁদের জন্য নতুন চিন্তা-ভাবনা করা দরকার। সেই জন্য আজকে সম্মিলিতভাবে প্রচেষ্টা গ্রহণ করা দরকার। এই কারণে সম্মিলিতভাবে এই কথা উচ্চারিত হওয়া দরকার যে, আজকে দেশে যে কোটি কোটি নতুন প্রজন্ম, বেকার যে যুবক-যুবতী তাদের জন্য একটা নতুন নীতি অন্তত এতদিন যা হয়নি তা তৈরি করা হোক। তার মধ্য দিয়ে হয়ত আমাদের রাজ্যের যে বেকার যুবক-যুবতী নাম লিখিয়েছিলেন, তাঁদের ভবিষ্যৎ পথ বের করার ক্ষেত্রে একটা আশার আলো আমরা পেতে পারি। আজকে বন্ধুবর বলছিলেন যে, '৬৪ সাল থেকে '৭৩ সালের মধ্যে ৯টা হাসপাতাল করা হয়েছে।

[4.25—4.35 p.m.]

'৬৪-'৭৩ সাল স্বাধীনতার পরে যৌবনকাল, আমার মনে হয় বন্ধুবর মাননীয় সদস্যকে আমি বিব্রত করব না—তিনি সংসার ধর্ম করেননি, যৌবনকালে যা সৃষ্টি হয় তা উত্তরকালে রক্ষা করা তার দায়িত্ব, তাকে এগিয়ে নিয়ে যাওয়া, তাকে আরও বেশি করে সৃষ্টি করাটা বোধহয় খুব বেশি যুক্তিসঙ্গত। আমার মনে হয় এর চেয়ে বেশি ব্যাখ্যা দেওয়ার প্রয়োজন নেই। দিল্লির সরকারের নীতি হল প্রতি হাজারে শ্রমিক আই.পি. পিছু ৩টি মাত্র সাধারণ বেড এবং ১টি টি.বি. বেড যেটা সংরক্ষণ করা যাবে। আমরা আমাদের রাজ্যে আপনাদের সময়ে ৯টা হসপিটালে ২২০০ মতো বেড আপগ্রেড তৈরি করেছিলাম। আমাদের রাজ্যে আই.পি.-র সংখ্যা যে জায়গায় দাঁড়িয়েছে ১০ লক্ষ ৪০ হাজার, তার উপরে ভিত্তি করে সর্বোচ্চ ১০ লক্ষ ৪০ হাজার। আমরা আমাদের ইচ্ছামতো হাসপাতাল তৈরি করতে পারি না। আমরা আমাদের শ্রমিকদের চিকিৎসার জন্য ব্যবস্থা সম্প্রসারণ করতে পারি না। এই ব্যবস্থাটা পুরোপুরি যৌথ কর্তৃত্বাধীন, ডুয়েল ম্যানেজমেন্ট বলতে যা বোঝায় তাই। আর ডুয়েল ম্যানেজমেন্ট যদি কোনো সংস্থায় থাকে তাহলে তার পরিণতি কি হয়—আমাদের

এখানে যাঁরা আছেন আমাদের বিধানসভার সদস্য বন্ধুরা মন্ত্রিসভার সদস্য বন্ধুরা জানেন একটা পরিবারের দুই জন কর্তা হলে কি করে উন্নতি হয় এবং সেখানে কর্তার মধ্যে যদি একজন হয় দিল্লির সরকার এবং আরেকজন হয় রাজ্য সরকার। এখানে বলেছিলাম সেই কথা, আমরা চেষ্টা করছিলাম। কিন্তু আজকে দিল্লির শিল্পনীতির ফলে ১০ লক্ষ ৪০ হাজার থেকে ৬ লক্ষ ১৭ হাজার যে কথাটা বলেছেন—আমরা সঠিকভাবেই বলেছি যে যা ছিল তার সংখ্যা কমেছে। কেন কমেছে ? যদি শিল্পনীতির জন্য শিল্প বন্ধ হয় তাহলে শ্রমিকের সংখ্যা কমে। শ্রমিকরা তাদের দেয় অর্থ যদি না দিতে পারে এবং মালিকরা যদি তাদের দেয় অর্থ না দেয়, তার কারখানা যদি বন্ধ হয় তাহলে আই.পি.-র সংখ্যা কমে। আজকে কর্মচারী রাজ্য বিমা নিগম যার কর্তৃত্বাধীনে আমাদের এই ব্যবস্থা পরিচালিত হয় তারা পরিষ্কারভাবে এ কথা বলেছেন যে ১০ লক্ষ ৪০ হাজারের উপরে যে পরিকাঠামো তৈরি হয়েছিল, যার ভিত্তিতে যে চিকিৎসা ব্যবস্থা এবং যাঁরা নিয়োগ হয়েছিলেন আজকে তা কমে ৬ লক্ষ ১৭ হাজার। এই ৬ লক্ষ ১৭ হাজারের অর্থ আমরা পাচ্ছি। এর বিনিময়ে যেটা প্রাপ্য সেটা আমরা দেব। বাকি রাজ্য সরকার যদি পারে চালাক, নাহলে বন্ধ করে দিন। আমরা শ্রমিকদের প্রতি দায়বদ্ধ, তাই আমরা বন্ধ করিনি। কিন্তু আমরা দেখতে পাচ্ছি হাসপাতালের যে পরিকাঠামো আছে সেটা ব্যবহার হচ্ছে না। শ্রমিকদের কারখানা বন্ধ হচ্ছে, তাদের অর্থ মালিকরা দেন না, আই.পি. নেই। আই.পি.-র সংখ্যা কমে যাবার জন্য মানিকতলার মতো গুরুত্বপূর্ণ হাসপাতালের বেড অকুপেন্সী কত জানেন? শতকরা ৭০ ভাগ। সে জন্য বিধানসভার স্ট্যান্ডিং কমিটি তারা সঠিভাবেই একটা পরামর্শ দিয়েছিলেন এবং আমরাও ভাবনা-চিন্তা করেছিলাম। তার পরিপ্রেক্ষিতে পরিকাঠামোটা ব্যবহার করার জন্য আমরা রাজ্য স্বাস্থ্য দপ্তরকে বলেছিলাম তাদের এটা ব্যবহার করার জন্য। কিন্তু তাদের একটা অর্থ দিয়ে ব্যবহার করতে হবে। তারা সম্মতি দিলেন। আমাদের রাজ্য বীমা নিগমকে দিল্লির সরকারের কাছে ছাড়পত্র নিতে হবে। আমরা সেই প্রক্রিয়ার মধ্যে আছি। আমরা জানি আমাদের হাসপাতালগুলি যদি এইভাবে ব্যবহার করতে পারি তাহলে অসুস্থ শ্রমিক এবং সাধারণ মানুষরা কিছুটা সুবিধা পাবে। আপনারা বলেছিলেন অ্যাম্বুলেন্সের কথা। জেনে নিন অ্যাম্বুলেন্স নেই। একটা ইট গাঁথার ক্ষমতাও আমাদের নেই। রাজ্য সরকার প্রয়োজন হলে একটা ইটও গাঁথতে পারবে না। এই নীতি নিয়ে আমাদের বলতে হয়, যখন আমরা নর্থ বেঙ্গলে সার্ভিস ডিসপেনসারী করেছিলাম, সেই সার্ভিস ডিসপেনসারী তৈরি করতে গিয়ে ১ বছর লাগল শুধু বিদ্যুৎ দপ্তরের ছাড়পত্র বের করতে। উত্তরবঙ্গের শিলগুড়ির বিকাশ করতে গিয়ে হয়তো ভবিষ্যতে আমরা একটা জায়গায় পৌঁছবো, কিন্তু এখনই আমরা সেই জায়গায় যেতে পারিনি। কিন্তু যাতে শ্রমিকদের কোনো অসুবিধা না হয়, সেখানে বেসরকারি চিকিৎসা কেন্দ্রের সঙ্গে যৌথ উদ্যোগে সেখানকার শ্রমিকরা যাতে আই.পি.রা যাতে চিকিৎসা পায়, তার ব্যবস্থা আমরা করছি। এই ধারণাটা আমাদের সকলের মধ্যে স্বচ্ছ নয়। কারণ একটা সাধারণ চিকিৎসা ব্যবস্থার সাথে আমাদের ই.এস.আই. যে চিকিৎসা ব্যবস্থা কর্মচারী রাজ্য বিমা নিগম এবং আমাদের কর্মচারী রাজ্য বিমা দপ্তরের চিকিৎসা ব্যবস্থার যে জটিলতা সেটা এখন আমরা শ্রমিকদের মধ্যে এবং সাধারণ মানুষের মধ্যে স্বচ্ছ ধারণা তৈরি করতে পারিনি। তবে আমরা আমাদের যেটুকু সাধ আছে এবং সাধ্য আছে তাই দিয়েই করছি।

আমরা দরবার করেছি আমাদের এই ব্যবস্থাকে উন্নত করার জন্য কি করা যায়। আমরা এই রাজ্যে জোকাতে একটা কর্মচারী রাজ্য বিমা নিগম—তারা একটা হসপিটাল তৈরি করবেন, বললেন, আমাদের উত্তর-পূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ হসপিটাল তৈরি করবেন। কিন্তু দেখা গেল এটা তৈরি হল না। আমাদের এই রকম একটা বিড়ম্বনার মধ্যে থাকতে হচ্ছে। আমার সময় অল্প, আমি অল্প সময়ের মধ্যে আমার দুটি বিভাগ সম্পর্কে আমার যতটা অভিজ্ঞতা সেই অভিজ্ঞতার কথা এবং যে বক্তব্য আপনারা উপস্থিত করেছেন তার প্রত্যুত্তরে আমি বলেছি। এর বাইরে যদি আপনাদের কোনো পরামর্শ থাকে, আপনারা নিশ্চয়ই দেবেন, আমরা সেটা গ্রহণ করব। হয়তো দিল্লিতে যৌথ দরবার করে আরও বেশি বরাদ্দ আদায় করতে পারব, আপনরাও নিশ্চয় আমাদের পাশে থাকবেন। যদি বেশি আদায় করতে পারি তাহলে আমাদের ব্যবস্থাকে আরও উন্নত করতে পারব। আধুনিক চিকিৎসার সুযোগ যাতে আই.পি. পেতে পারে সেটা আমরা কিছুটা ত্বরান্বিত করেছি এটা বলব না, কিছুটা সম্প্রসারণ করতে পেরেছি। কিন্তু সেখানে নানা ধরনের সমস্যা রয়েছে। তাই আপনাদের পরামর্শ গ্রহণ করে এবং কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মহঃ আমিন : মিঃ ডেপুটি স্পীকার স্যার, লেবার ডিপার্টমেন্টের ব্যয়-বরাদ্দের উপর যে আলোচনা হল তা আমি মন দিয়ে শুনেছি। যে সমস্ত মাননীয় সদস্য এই ব্যয়-বরাদ্দে অংশ নিয়েছেন আমি তাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি তারা তাদের মনের কথা খুলে বলেছেন। ই.এস.আই. এবং এমপ্লয়মেন্ট সম্বন্ধে আমার সহকর্মী সুশান্ত ঘোষ মহাশয় জবাব দিয়েছেন। আমি তার মধ্যে যাচ্ছি না।

আমরা এখানে দুটো দলিল হাজির করেছি—লেবার ইন ওয়েস্ট বেঙ্গল এবং লেবার মিনিস্টারের বাজেট বক্তৃতা। এগুলো লিখিতভাবে আছে। তাতে গত বছর কি হয়েছে সেই চিত্র আমরা তুলে ধরেছি এবং একথা বলেছি যে, গত বছর ইন্ডাস্ট্রিয়াল রিলেশনের ক্ষেত্রে শান্তিপুর্ণ ছিল, কোনো বিব্রতকর ঘটনা ঘটেনি, স্ট্রাইকের সংখ্যা কমেছে, লক-আউট বেড়েছে। তার মানে হচ্ছে শ্রমিকদের উপর মালিকদের আক্রমণ বেড়ে গেছে। এটাই হচ্ছে প্রকৃত অবস্থা। এখন এর কারণ কি তাও বলা হয়েছে। গ্লোবালাইজেশন আছে, ইমপিরিয়ালিস্ট পাওয়ারের ফিয়ার্স কমপিটিশন আছে। কমপিটিশন এমন পর্যায়ে চলে গেছে যে এখন আফগানিস্তান এবং ইরাকের উপরও আক্রমণ করতে হচ্ছে। সবটার পেছনেই তো অর্থনৈতিক কারণ বিদ্যমান। আর, সেই নীতির অংশীদার হয়ে কেন্দ্রীয় সরকার সাম্রাজ্যবাদী শক্তির তাঁবেদারি করছে যার ফলে আমাদের দেশের অর্থনীতির সর্বনাশ হয়ে গেছে।

বস্ত্রশিল্প ভারতবর্ষের সবচেয়ে গুরুত্বপূর্ণ শিল্প ছিল। উঠে গেছে। কেননা বিদেশ থেকে কাপড় আসছে। বিদেশের কাপড় আটকানোর দায়িত্ব রাজ্য সরকারের না কেন্দ্রীয় সরকারের ? তারা দরজা খুলে দিয়েছেন। এখন যদি বলেন, আপনারা তো শুধু কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন তাহলে এই যে বস্ত্র শিল্প উঠে গেল এর জন্য রাজ্য সরকারকে দায়ী করবেন ? যদি করেন করুন। কিন্তু মানুষ ঠিক বিচার করে নেবে।

আমার সময় সীমিত, সব বিষয়ে বলতে পারব না। আমরা যেটা বলেছি সেটা হচ্ছে, যে কটা স্কীম চলছে তার সম্বন্ধে বলেছি। কারখানা যাতে বন্ধ না হয় তার জন্য সব প্রচেষ্টা

করা হয়। কিন্তু যখন বন্ধ হয়ে যায় এবং ১ বছর বন্ধ হয়ে থাকলে তখন শ্রমিকদের ৫০০ টাকা করে দিই। প্রতি বছর ৩২-৩৩ কোটি টাকা এজন্য আমাদের দিতে হয়। কোনো উপায় থাকলে কি এই টাকা আমরা দিতাম ? দিতাম না। আর, কারখানা তো সারা ভারতবর্ষে বন্ধ হচ্ছে কিন্তু কোনো রাজ্য সরকারই এই টাকা দেয় না। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দিচ্ছে। গত বছর কেন্দ্রীয় শ্রমমন্ত্রী আমায় ডেকে বললেন, 'আপনাদের স্কীম খুব ভালো হয়েছে শুনেছি, ওর একটা কপি দেবেন'। আমি নিজের হাতে কপি দিয়েছিলাম। উনিও ভাবছেন এটা করা যায় কিনা। আমি বললাম, যদি করেন ভালো হয়। তাহলে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার মিলে শ্রমিকদের বাঁচানোর ক্ষেত্রে ভালো কাজ করা যায়।

[4.35—4.43 p.m.]

কিন্তু এক বছর হয়ে গেল কিছুই হল না। কোথাও নেই। এখানে আনঅর্গানাইজড ক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ডের আওতায় ৪ লক্ষ লোককে আনতে পেরেছি। এই বাজেট বরাদ্দ নিয়ে আপনাদের কোনো দুশ্চিন্তার কারণ নেই। কারণ টাকা-পয়সা যা দরকার হবে আমরা তার ব্যবস্থা করব। সেসরু সম্বন্ধে একটা প্রশ্ন তুলেছেন। সেসরুতে মূলত ব্যাংক টাকা দিচ্ছে না বলে এটা অচল হয়েছে। আমরা রাজ্য সরকারকে পরামর্শ দিয়েছি, ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ ব্যাংকের মাধ্যমে এটা যেন চালানো হয়। কিছু লোকের কর্মসংস্থান হচ্ছে। পশ্চিমবঙ্গে শিল্পায়ন হচ্ছে, এর প্রচেষ্টা চলছে, এর ডিটেইলস আমি বলতে পারব না। তার ডিটেইলস কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির বাজেট যখন আলোচনা হবে তখন বলা হবে। জেনে নেবেন। কিন্তু পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার, ডিসেন্ট্রালাইজেশন অফ পাওয়ার, পঞ্চায়েত সিস্টেম—এই ৩টে কাজ পশ্চিমবঙ্গের আবহাওয়ার পরিবর্তন করে দিয়েছে। ইনভেস্টমেন্ট হচ্ছে, এর প্রভাব বাড়ছে। কয়েকদিন আগে পঞ্চায়েতের ইলেকশন হল, তাতে বুঝতে পারেননি, হাওয়া কোন দিকে যাচ্ছে ? এখনও বুঝতে না পারলে কোনোদিনই বুঝতে পারবেন না। সেজন্য আমাদের নীতি আমরাই ঠিক করব। পুঁজিবাদী সমাজ ব্যবস্থার জন্য যে সংকট তৈরি হয়েছে, তার সমাধান আমরা করতে পারব না—একথা প্রথম দিন থেকে বলছি। কারণ এই ব্যবস্থায় মানুষের জন্য যে যন্ত্রণার সৃষ্টি হয় সেটা আমরা লাঘব করতে পারব না। আপনাদের মধ্যে কেউ কেউ মনে করছেন যে, লেবার মিনিস্টার এবং বামফ্রন্ট সরকার ইচ্ছা করলেই সব দুঃখ-কষ্ট চলে যাবে। না, যাবে না। যতদিন পুঁজিবাদী সমাজ ব্যবস্থা আছে, ততদিন বেকারি থাকবে, বন্ধ থাকবে, মানুষের দুঃখ-কষ্ট থাকবে। আমরা চেষ্টা করছি শ্রমিকদের ঐক্যবদ্ধ করে সংগ্রামের ময়দানের দিকে এগিয়ে নিয়ে যেতে। আমরা শ্রমিকদের পাশে থেকে তাদেরকে এগিয়ে নিয়ে যাওয়ার সেই কাজ আমরা করে যাচ্ছি। এখানে একজন মাননীয় সদস্য মন্তব্য করলেন, আমাদের চীফ ইন্সপেক্টর অফ ফ্যাকটরি সম্বন্ধে। তবে আমি এটা জানি না, আমার কাছে এরকম কোনো খবর নেই, কিন্তু একজন মাননীয় সদস্য বললেন যে, তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে। দুর্নীতির কোনো অভিযোগ থাকলে সেটা জানানোর একটা প্রক্রিয়া আছে, সেটা জানানোর একটা জায়গা আছে—তার মাধ্যমে সেটা নিষ্পত্তি হবে। কিন্তু এ হাউসে দাঁড়িয়ে সেই অফিসারের সম্বন্ধে একটা কথা বললেন, তাঁর সম্মান ক্ষুণ্ণ হল, তাঁর তো আত্মপক্ষ সমর্থনের কোনো সুযোগ এখানে নেই। তাই এখানে এই মন্তব্য না করলেই ভালো হত। তাঁর

সম্মান আছে, এখানে শালীনতার বিষয় আছে, যতক্ষণ দোষ প্রমাণ না হচ্ছে, ততক্ষণ কাউকে দোষী বলা যায় না। তাই আমি বলব যে, বাজেট বরাদ্দের আলোচনায় এটা কি প্রয়োজন ছিল ? আরও অনেক কথা বলেছেন। আমার কথা হচ্ছে আজকে পশ্চিমবঙ্গে শিল্পায়নের পরিস্থিতি ভালো। হ্যাঁ, শিল্পে সংকট আছে, অসুবিধা আছে। অ্যাক্ট হয়, আইন ভায়োলেটেড হয়। কারখানা বন্ধ হয়, আবার চালু হবে। চা-বাগান সম্পর্কে বলি, একসময় সেখানে ২১টি চা-বাগান বন্ধ ছিল, এখন কমে ৭-৮টিতে এসে গেছে। আমি চেষ্টা করছি, আমি আবার নর্থ বেঙ্গলে যাব। ইঞ্জিনিয়ারিং শিল্প সম্পর্কে একজন মাননীয় সদস্য বললেন, আপনারা বলেছেন ওয়াগনের অর্ডার নেই বলে ইঞ্জিনিয়ারিং শিল্পে সংকট রয়েছে। এছাড়া কি অন্য কোনো কারণ নেই ? আপনারা পরিসংখ্যান দেখুন। ওয়াগনের অর্ডার আগে কত পাওয়া যেত, আর এখন কত পাওয়া যাচ্ছে, তাহলেই বুঝবেন। যে কারণ সেটা না বললে মানুষ কি করে বুঝবে যে, কি হয়েছে ? বর্তমানে দিল্লিতে এন.ডি.এ. সরকারে যাঁরা রয়েছেন, তাঁদেরও অনেক আগে থেকে, কংগ্রেস আমল থেকে এই সংকট চলে আসছে, এখন আরও বেড়ে গিয়েছে। যার জন্য সর্বনাশ হবে। পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারের যে কারখানাগুলো রয়েছে সেগুলোকে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছে। সেগুলোকে চালানোর মতো আমাদের রিসোর্স নেই, ইনফ্রাস্ট্রাকচার নেই, তাই পারিনি। কেন্দ্রীয় সরকারের এই নীতির জন্য মানুষের কষ্ট বাড়বে। তা সত্ত্বেও বলছি কত কর্মসংস্থান হয়েছে, কত জনসংখ্যা, কত শ্রমিক সংখ্যা, সেটা আপনাদের সামনে আমরা রেখে দিয়েছি। এইজন্য যে কোনো জিনিস গোপন করার কোনো কারণ নেই। সত্যি কথা বলছি বুঝবেন, আমাদের যদি কোনো দোষ থাকে, কোনো ঘাটতি থাকে সেটা আপনি বলবেন, সমালোচনা করবেন, আমি খোলা মনে গ্রহণ করব। এমনকি আমি এটাও বলছি যে লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে অনেক তথ্য আছে সেটা পড়ে যদি কোনো সময় মনে হয় কিছু বেঠিক কথা আছে, এটা ঠিক না, আমি দেখে নেব। আমাদের দৃষ্টিভঙ্গি খুব পরিষ্কার। যতটা সম্ভব শ্রমিক শ্রেণির উপর যে আক্রমণ তাকে প্রতিহত করার আন্দোলনে তাদের পাশে থাকব এবং যতটা সম্ভব তাকে রিলিফ দেব। এইভাবে আমাদের আন্দোলন চলবে। স্যার .....

سر! میں آپ کو اردو کے شعر سنا کر اپنی بات ختم کرنا چاہتا ہوں۔

وقت کے ساتھ زمانہ بھی بدل جاتا ہے
بدلے دشمن تو نشانہ بھی بدل جاتا ہے
زندگی اپنے تجربے سے یہ سمجھاتی ہے
ساز بدلے تو ترانہ بھی بدل جاتا ہے

এই কটি কথা বলে সমস্ত কাট-মোশানের বিরোধিতা করে এই ব্যয়বরাদ্দের দাবিকে আপনারা মঞ্জুরী দেবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

The motions that the amount of the demand be reduced to Re. 1/- and the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

Demand No. 35

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 157,64,52,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads : "2014-Administration of Justice, 2210-Medical and Public Health, 2216-Housing, 2230-Labour and Employment, 2235-Social Security and Welfare, 2251-Secretariat-Social Services and 4250-Capital Outlay on Other Social Services" during the year 2003-2004. (This is inclusive of a total sum of Rs. 52,54,84,000/- already voted on account) was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4-43 p.m. till 11 a.m. on Wednesday, the 9th July, 2003, Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 9th July, 2003 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 05 Ministers of State and 119 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY

Mr. Speaker : Hon'ble members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Subhas Mukhopadhyay, eminent post and Smt. Ketaki Dutta, renowned actress who died yesterday.

Shri Subhas Mukhopadhyay, a scholar-poet breathed this last on the 8th July, 2003 at a nursing home in Kolkata. He was 84.

Shri Mukhopadhyay was born on the 12th February, 1919 at Krishnagar in the district of Nadia of undivided Bengal. He had his education at Bhawanipur Metropolitan School in Kolkata. In his early life he came in contact with Buddhadeb Basu, renowned writer and started writing. He was recognised as a poet when his poems were brought out in the poem-magazine of Buddhadeb Basu. His creation 'Padatik', a volume of verse made him more eminent as a talented writer. In his student life he was attracted to Marxism and joined the Communist Party. He wrote many poems based on socialistic realism and rational outlook. In his poems he created a romance impregnating the idea of socialism. As a worker of Communist Party he expressed his vast experience and idealistic thought in his writings.

He was equally versatile in composing prose and juvenile literature in a poetic style. Besides, he made a valuable contribution in Bengali journalism. He was associated with 'Swadhinata', an organ of the Communist Party. As a Bengali journalist he alongwith Somnath Lahiri and Golam Kuddus played a key role in publishing 'Reportaz' first. At that time he wrote many articles on peasants and workers movement successively in 'Swadhinata' which are remarkable.

Shri Mukhopadhyay was the Fellow of Sahitya Academy and the Deputy Secretary of Progressive Writers Academy. He became Organiser General of Afro-Asian Writers Association in 1983 and Member of Executive Council of Sahitya Academy in 1987. He travelled abroad many times.

Shri Mukhopadhyay got the Rabindra Puraskar and the Sahitya Academy Puraskar in 1964. Afterwards he was honoured with so many awards like Afro-Asian Lotus Prize in 1977, Kumarun Aasan Prize and Soviet Union Mirjo Tursun Jadey award in 1982, Soviet Land Nehru award and Gyanpith Puraskar in 1991. He was also, conferred on 'Deshikottam', the highest award of the Bishwabharati University in 1993.

At the demise of Shri Mukhopadhyay the state has lost one of its most reverred scholar i.e. hard to fill.

Smt. Ketaki Dutta, renowned actress breathed her last on the 8th July, 2003 at her residence in Kolkata following a massive heart attack. She was 69.

Smt. Dutta was born on the 9th July, 1934 in Kolkata. As a promising actress she started acting at Shroorangem Mancha (now known as Biswarupa Theatre) in Kolkata. A talented actress Smt. Dutta acted with full command in so many films, T.V. Serials, Theatre and Yatra Palas. In her career she earned an enviable reputation by virtue of her superb perfoemance in acting. She brought a new dimension in acting with her sparkling wit and artistic temperment. The most challenging roles she had to play were those in the films 'Haar Mana Haar', 'Nagarik' and in the dramas 'Baarbadhu', 'Antony Kabiyal', etc. She also worked in a number of T.V. Serials like 'Nayan Tara', 'Banalata Boarding', etc. which left a deep impression on the movie-viewere. She was genius in dancing, singing and reciting too. Smt. Dutta got the Sangeet Natak Academy Award as the recognition of her excellent talent in acting.

At the demise of Smt. Dutta the State has lost a versatile actress that is hard to fill.

Starred Questions
(to which oral replies were made)

Held Over *145 : Not Called.

Regular Questions

ঘোড়দৌড় বাবদ সরকারের আয়

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮) **শ্রী আব্দুল মান্নান :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার রেসকোর্স ময়দানে ঘোড়দৌড় বাবদ ১৯৯৮-১৯৯৯ থেকে ২০০২-২০০৩ আর্থিক বছর পর্যন্ত রাজ্য সরকারের কত আয় হয়েছে (বছর অনুযায়ী) ; এবং

(খ) এ রাজ্যে শিলিগুড়ি বা অন্যত্র কোথাও এ ধরনের ঘোড়দৌড় প্রতিযোগিতা চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী অসীম কুমার দাশগুপ্ত :

(ক) ১৯৯৮-১৯৯৯ ৪.৯৮ কোটি টাকা
১৯৯৯-২০০০ ১.১৩ কোটি টাকা
২০০০-২০০১ ৫.৯৫ কোটি টাকা
২০০১-২০০২ ৫.২৩ কোটি টাকা
২০০২-২০০৩ ৭.৬৬ কোটি টাকা
(ফেব্রুয়ারি, ২০০৩ পর্যন্ত বিভাগীয় হিসাব)

(খ) নাই।

শ্রী আব্দুল মান্নান : অতিরিক্ত প্রশ্ন, মাননীয় অর্থ মন্ত্রিমহোদয় বললেন, ১৯৯৮-৯৯ সালে ৪.৯৮ কোটি টাকা কালেকশন হয়েছে, আবার ১৯৯৯-২০০০ সালে ১.১৩ কোটি টাকা আদায় হয়েছে এবং ২০০০-২০০১ সালে ৫.৯৫ কোটি টাকা এবং ২০০১-২০০২ সালে ৫.২৩ কোটি টাকা আদায় হয়েছে। আদায়ের এই তারতম্য কেন ? ১৯৯৮-৯৯ সালে যা আদায় হয়েছে ১৯৯৯-২০০০ সালের ফিনানসিয়াল ইয়ারে অনেক কম আদায় হয়েছে। আবার এদিকে দেখা যাচ্ছে, লাস্ট ইয়ারে অর্থাৎ কারেন্ট ইয়ারে ২০০২-২০০৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ৭.৬৬ কোটি টাকা আদায় হয়েছে। এই যে ভ্যারি করছে এর কারণ কী ?

ড: অসীম কুমার দাশগুপ্ত : হ্যাঁ, এটা নিয়ে আমরা নিজেরা পরীক্ষা করেছি। তাতে আমরা দেখতে পাচ্ছি, আমি এখানে এ.জি.র অ্যাকচুয়াল্‌স তথ্যটা দিয়েছিলাম, কিন্তু আমাদের দপ্তরে যে বিভাগীয় তথ্য-ডিপার্টমেন্টাল ফিগার্স রয়েছে ওইগুলি প্রতি সপ্তাহে জমা পড়ে। ডিপার্টমেন্টাল ফিগার্স আর রিজার্ভ ব্যাঙ্কের ফিগারস এক নয়, আবার এ.জি.র অ্যাকচুয়াল্‌স এবং ডিপার্টমেন্টাল ফিগার্স এক নয়। ডিপার্টমেন্টাল ফিগার্স কী সেটা আমি দিচ্ছি। ১৯৯৮-৯৯ সালে ৭.৮৬ কোটি টাকা। ১৯৯৯-২০০০ সালে ৭.৮৪ কোটি টাকা। ২০০০-২০০১ সালে ৮.২৮ কোটি টাকা। ২০০১-২০০২ সালে ৮.৬৩ কোটি টাকা। ২০০২-

২০০৩ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৬.৪৯ কোটি টাকা। এই তফাতের কারণটা বের করেছি। আপনি জানেন, ব্লু বুকে যে বুকিং হয় তার রিসিটের মেজর হেড ও মাইনর হেড আছে। ঘোড়দৌড়ে যা আদায় হয় তার ৩টে খাত আছে।

[11.10–11.20 a.m.]

একটা হচ্ছে টট ট্যাক্স, একটা হচ্ছে বেটিং ট্যাক্স এবং আর একটা হচ্ছে বিনোদন বা এন্টারটেনমেন্ট ট্যাক্স। এই এন্টারটেনমেন্ট ট্যাক্সের যে মাইনর হেড সেটা অন্য দপ্তরের যে এন্টারটেনমেন্ট ট্যাক্স আদায় হয়—সিনেমা ইত্যাদি তার সঙ্গে একত্রিত হয়ে সেখানে বুকিংটা হচ্ছে তাই এখানে এ.জি.র অ্যাকচুয়ালসের বুকিং-এর সঙ্গে একটা অসম্পূর্ণতা আছে। এটা আমরা এ.জি.র সঙ্গে টেক আপ করেছি কারণ আমরা দেখছি রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে আমাদের তথ্যটা মিলে যাচ্ছে। এটা মেলালে আপনি দেখবেন রেখচিত্রটা মোটামুটি ঊর্ধ্বগামী থাকছে।

শ্রী আব্দুল মান্নান : আপনি বলছেন আপনার ডিপার্টমেন্টাল তথ্যটা রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে মিলে যাচ্ছে। এটা তো কারেন্ট ইয়ারের ব্যাপার নয়, '৯৮/৯৯ সালের ব্যাপার, তার মানে ৫/৬ বছর আগের ব্যাপার। আমার প্রশ্ন, এতদিন হয়ে গেলেও আপনারা সিস্টেমটা ঠিক করতে পারেননি কেন এবং এটা ঠিক করতে কতদিন সময় লাগবে ?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আমরা মনে করছি এই আর্থিক বছরে এর পরের মোশান যেটা হবে তার মধ্যে এটা আমরা করতে পারব।

শ্রী আব্দুল মান্নান : অন্যান্য রাজ্যে যেখানে এই ঘোড়দৌড়টা চালু আছে মাননীয় মন্ত্রীমহাশয় কি বলতে পারবেন তুলনীয়ভাবে তাদের আদায় এবং আমাদের আদায়টা এ ক্ষেত্রে কী রকম ?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আমি দুটি বড় জায়গায় কথা বলছি যারা আমাদের সঙ্গে কমপিট করছে। এই দুটি জায়গা হল চেন্নাই এবং ব্যাঙ্গালোর। তাদের সঙ্গে কলকাতাকে মেলালে ভালো হবে। চেন্নাই এবং কলকাতা দুটি হচ্ছে পুরনো ঘোড়দৌড়ের জায়গা। এখন কলকাতাতে গড়ে ৫১টি ঘোড়দৌড় হয় বা হত ৯৮/৯৯ সালে, এখন একটু কমেছে—৪৪টি। আর চেন্নাইতে অনেক বেশি হয়—২৬৮টি। আমাদের গড় আদায়টা বললাম ৭/৮ কোটি টাকার মতন থাকে আর চেন্নাইতে হচ্ছে ৭.০১ কোটি—তুলনীয়। চেন্নাইয়ে রেটটা কম। এখানে বলা দরকার দুটি জিনিস হয়। বসে ঘোড়দৌড় দেখছে, বেটিং করছে এটা একটা এবং আর একটা হচ্ছে আন্তঃরাজ্য বেটিং। বাঙ্গালোর ইত্যাদিতে ঘোড়দৌড়ের সংখ্যাটা অনেক বেশি। ৪৬৯টি ঘোড়দৌড় হয়েছে একটি তুলনীয় বছরে কিন্তু আন্তঃরাজ্য, মানে অন্য রাজ্য থেকে কলকাতাতে করছে—আমাদের ১৫২টি হয়েছে আর বাঙ্গালোরে ১৩৭টি হয়েছে। এদের কিন্তু কর আদায়টা আমাদের যেটা ৮ কোটি তার আশেপাশে, ওদের ১১ কোটি, আমাদের থেকে ঈষৎ বেশি। পরে এ সম্পর্কে অন্য প্রশ্ন থাকলে উত্তর দেব।

শ্রী আব্দুল মান্নান : আমার লিখিত প্রশ্নের দ্বিতীয় অংশে ছিল শিলিগুড়ির ব্যাপারটা। আপনি জানেন যে শিলিগুড়ি শহরের অনেক এক্সটেনসান হয়েছে এবং শিলিগুড়ি আজকে গেটওয়ে অব নর্থ জোন হিসাবে ডেভেলপ করেছে। আপনি বলেছেন যে শিলিগুড়িতে এটা চালু করার কোনো পরিকল্পনা নেই। আমরা জানি আগে আপনাদের সরকারের এই ঘোড়দৌড়ের ব্যাপারে একটা অনীহা ছিল কিন্তু অর্থমন্ত্রী হিসাবে যখন দেখতে পাচ্ছেন যে এর থেকে ভাল কালেকশান হচ্ছে তখন দেখছি একে এনকারেজ করছেন। এ ব্যাপারে আগে বামপন্থীদের যে ছুঁতমার্গ ছিল এখন আর সেটা নেই। আমার প্রশ্ন শিলিগুড়িতে কারুকে এনকারেজ করবেন কি এটা সেখানে চালু করার জন্য ?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : স্যার, আমি আপনার অনুমতি নিয়ে মান্নান সাহেবের প্রশ্নটা একটু রিফরমুলেট করে দিচ্ছি। প্রথমত বাজি ধরার উপর বা জুয়া খেলার উপর খুব বেশি প্রবণতা বৃদ্ধি পাক এটা আমরা চাই না, নীতিগতভাবেই চাই না। এতদসত্ত্বেও রাজ্য সরকারের হাতে সংবিধান অনুযায়ী সীমিত যে কতকগুলি কর আদায়ের জায়গা আছে তার মধ্যে এই বেটিং একটি। এখানে আমরা দেখছি সংযমটা রেখে কতটা বৃদ্ধি করা যায়। যে প্রস্তাবটা আমাদের কাছে এসেছে এবং যার থেকে মনে হয় আপনার প্রশ্নটা এসেছে সেটা কিন্তু অন্য কোনো শহরে ঘোড়া ছোটানো নয়। আন্তঃরাজ্য বেটিং যেগুলি হয়, ঘোড়া অন্য জায়গায় ছুটছে এখানে বসে বেটিং করতে পারবেন কিনা—এই একটা প্রস্তাব এসেছে। আরও কয়েকটি জায়গা থেকেও এসেছে। আর.সি.টি.সি. তারা এটা কনডাক্ট করতে চাইছে। সেটা বিবেচনাধীন আছে। আমরা দেখি। আর.সি.টি.সি. কয়েকটি ক্ষেত্রে অনুসন্ধান করে, সেখানে সেই প্রক্রিয়া শেষ হলে আমরা কী সিদ্ধান্ত নেব জানতে পারবেন।

শ্রী আবু আয়েস মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় মূল প্রশ্নের উত্তরে কলকাতা রেসকোর্সের আয়ের কথা বলেছেন। বিগত আর্থিক বছরে আয় সব থেকে বেশি হয়েছে, উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ৭ কোটি ৬৬ লক্ষ টাকা হয়েছে। জানুয়ারি মাসে রাজস্ব আয়ের ক্ষেত্রে, নিজস্ব কর এবং কর বহির্ভূত রাজস্ব আদায়ের ক্ষেত্রে আয় বৃদ্ধির জন্য পদক্ষেপ নিয়েছেন বলে বলেছিলেন। এই পদক্ষেপের পরিণতি হিসাবে কি এই উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে ? ২০০২-২০০৩ সালে ৭ কোটি ৬৬ লক্ষ টাকা আয় হয়েছে যা বিগত বছরের তুলনায় বেশি, এটা এই পদক্ষেপের প্রতিফলন কিনা দয়া করে বলবেন ?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আপনার প্রশ্নটা এইভাবে উত্তর দেবার চেষ্টা করছি। ঘোড়দৌড় খাতে আর.সি.টি.সি.-র কিছু বকেয়া ছিল, তারা সেইগুলো দিচ্ছিল না। এই বকেয়া আদায় করার ক্ষেত্রে কতকগুলি নির্দিষ্ট পদক্ষেপ নেওয়া হয়েছে। তাতে কিছুটা উন্নতি হয়েছে। দুটি বড়ো মাপের বকেয়া আছে। একটা হচ্ছে, নভেম্বর ১৯৯১ সাল থেকে অক্টোবর ১৯৯৩ সাল, এই সময়ে আমরা হিসাব করে দেখেছি যে আমাদের যা প্রাপ্য ছিল তার থেকে ৬.৯৭ কোটি টাকা আর.সি.টি.সি. কম দিয়েছে। আমরা যে প্রশাসনিক নির্দেশগুলো দিয়েছি সেই নির্দেশগুলো কার্যকরী হতে শুরু করে। তার জন্য ৬.৯৭ কোটি টাকার মধ্যে ৫.৪২ কোটি টাকা তারা দিয়ে দিয়েছে। তারপর যে নির্দেশ দিয়েছি সেটা আর একটু কড়া নির্দেশ। এই ১.৫৫ কোটি টাকা বাকিটাও প্রতি বছর ৫২ লক্ষ টাকার মতো করে দিয়ে শেষ করতে

হবে। তাতে গত বছর অতিরিক্ত ৫২ লক্ষ টাকা আমরা পেয়েছি, আগামী ২ বছরে যদি ওরা শেষ করতে পারে তাহলে অতিরিক্ত বকেয়া টাকা আদায় হবে। আর একটা জায়গায় আর.সি.টি.সি.-র বকেয়া আছে, সেটা ওরা ভুল করেছিল। ১৯৮৬ সাল থেকে ৪.৮.১৯৯১ সাল, এই সময় বেটিং ট্যাক্সের হারটা কমিয়ে দিই, ২০ শতাংশ ছিল ১০ শতাংশ করা হয়। কিন্তু ওরা ইনটার স্টেট বেটিং ট্যাক্স এটাও ওরা ১০ শতাংশ আদায় করে যেটা ২০ শতাংশ আদায় করা উচিত ছিল। আমরা দেখেছি সত্যিই ওরা এটা আদায় করেনি। ওদের একটা সম্পত্তি আছে ১৪-১ ডি. এল. খান রোডে, সেখানে ওরা একটা বাণিজ্যিক কমপ্লেক্স করছে, তার থেকে কিছু অংশ নিয়ে এই টাকাটা আদায় করার চেষ্টা করছি। তাহলে আরও একটা বড় মাপের টাকা পাব। এইগুলোর মাধ্যমে আদায় বৃদ্ধি পাচ্ছে।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে একটা প্রশ্ন করছি। রেসকোর্স মানে এটা একটা জুয়া খেলা। সেই জুয়া খেলার ব্যাপারে আপনি কি পদক্ষেপ নিচ্ছেন ? যদি নিয়ে থাকেন তাহলে কি পদক্ষেপ নিয়েছেন সেটা একটু বলুন।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : আপনি ফিরে এসেছেন, দেরি করে এলেও আপনি ভালো করেছেন। আমি এর উত্তর আগে দিয়ে দিয়েছি, তাতে যেটা বলেছি সেটা বলছি। দুর্ভাগ্যের বিষয় হল কেন্দ্র রাজ্য সম্পর্ক যা—আপনি এখনও কেন্দ্রের দলগুলোর সঙ্গে আছেন কিনা জানি না—ওনারা জুয়া খেলা থেকে আমাদের তুলতে বলেন। আমি বলেছি চেন্নাই, ব্যাঙ্গালোর থেকে আমরা অনেক কম সংখ্যায় রেস করি। আমরা বছরে ৫০টার বেশি করি না, ওরা সেখানে বছরে ৩০০টা করে করে। আর.সি.টি.সি.-র কিছু ত্রুটি ছিল সেটা আমরা কড়া হাতে আদায় করছি। নতুন কিছু চিন্তা-ভাবনা বিবেচনার স্তরে আছে।

[11.20–11.30 a.m.]

কোনো নতুন খেলা বৃদ্ধি করা নয়। কিন্তু আন্তঃরাজ্য বেটিং তো চালু আছে। অন্য রাজ্যের লোক তো জুয়া খেলে, তারা নির্দিষ্ট মাধ্যমে জুয়ায় অংশগ্রহণ করে। আর.সি.টি.সি. তারা যদি বকেয়াগুলো দেন তাহলে সেটা আমরা ঠিক করব। তবে আমাদের ইচ্ছা আছে ফাইনাল স্টেপ নেওয়ার আগে একটু কথা বলে ঠিক করার।

শ্রী কমল মুখার্জী : আমরা বর্তমানে দেখতে পাচ্ছি যে, শহরাঞ্চলে বিশেষ করে ছোট ছোট ঘর করে কম্পিউটারে 'ফরচুন, প্লে উইন' নাম দিয়ে নানা রকম—প্র্যাকটিক্যালি জুয়া খেলা চলছে এবং টি.ভি.-তে খেলাগুলো দেখাচ্ছে। এই ব্যাপারে রাজ্য সরকার কোনো প্রতিবাদ করেছে কিনা ; এবং এ থেকে রাজ্য সরকার পয়সা-কড়ি পাচ্ছে কি না ?

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটি ঘোড়দৌড়ের সঙ্গে যুক্ত নয়। আপনি যদি অনুমতি দেন তাহলে বলি। এখানে এক ধরনের অন লাইন লটারি বা ইন্সট্যান্ট লটারি চলছে। যে নামগুলোর কথা আপনি বললেন তারাই চালাচ্ছে। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টে মামলা করেছি যে, এগুলো বন্ধ

করা হোক। এই ধরনের লটারি আমরা চলতে দেব না। সুপ্রিম কোর্ট এবং হাইকোর্টে আমরা যে মামলা করেছি তা বর্তমানে বিচারাধীন আছে। ওঁরা কী রায় দেন তার জন্য আমরা অপেক্ষা করে আছি। রায় না পাওয়া পর্যন্ত কোনো পদক্ষেপ নিতে পারছি না। এইজন্য আমরা অসুবিধার মধ্যে আছি। যেদিন হাইকোর্ট থেকে আদেশ পাব, তারপর আমরা বিবেচনা করব। আমরা হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টে মামলা করে বন্ধ করার কথা বলেছি।

পঞ্চায়েত এক্সিকিউটিভের পদ

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১) শ্রী তপন হোড় : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চায়েত এক্সিকিউটিভের প্রস্তাবিত পদটি বর্তমানে পূরণ করা সম্ভব নয় বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পদ পূরণে বাধা কোথায় ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :

(ক) পঞ্চায়েত এক্সিকিউটিভ নামে কোনো পদ পঞ্চায়েতের ত্রিস্তরে নেই। তবে, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট নামে একটি করে পদ প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে আছে। এই পদগুলি পূরণের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে দীর্ঘদিন ধরে বামফ্রন্টের সাফল্য এসেছে, তার মধ্যে অন্যতম ক্ষমতার বিকেন্দ্রীকরণ। ক্ষমতার বিকেন্দ্রীকরণ শুধু ব্লকস্তরে নয়, তৃণমূল স্তরে যেভাবে বিকেন্দ্রীকরণ করা হয়েছে—পঞ্চায়েত স্তরে আরও বিকেন্দ্রীকরণের প্রস্তাব আছে। যাই হোক, এর ফলে এক একটা পঞ্চায়েতে এবং জেলা পরিষদে কাজের যে স্ফিয়ার তা অস্বাভাবিকভাবে বেড়ে গেছে। বিশেষ করে গ্রাম পঞ্চায়েত স্তরে যে ইনফ্রাস্ট্রাকচার আছে তাকে স্ট্রেনদেন করার জন্য আরও বেশি বেশি লোক যাতে সেখানে নিয়োগ করা যায়, আরও বেশি করে কাজ যাতে তুলে আনা যায় তার জন্য এই এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদটি পূরণ করার কথা উঠেছে। আজ পর্যন্ত কিন্তু তা পূরণ করা যায়নি। আপনার উত্তরে দেখছি—'...এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট নামে একটি করে পদ প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে আছে....' বলে উল্লেখ করেছেন। তাহলে কতকগুলি পঞ্চায়েতে আছে আর কতকগুলি পঞ্চায়েতে নেই প্রশ্নটা যেভাবে এসেছে, সেই হিসাবে আমার জেলাতে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট এখনও দেওয়া হয়নি বলে আমি জানি, এখানে আপনি যদি বলেন, এই পদগুলি পূরণের ক্ষেত্রে কতদিন সময় লাগতে পারে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্টের পদ সব গ্রাম পঞ্চায়েতের জন্য তৈরি হয়েছিল। ৩ হাজার ৩১৪টি গ্রাম পঞ্চায়েতের জন্য '৯৬ সালে তৈরি হয়। তারপরে এই পদগুলি কিছু আইনগত জটিলতার জন্য পূরণ করা যায়নি, মামলা মোকদ্দমা ইত্যাদি

ছিল। তারপরে আমরা মামলা মোকদ্দমায় জয়ী হয়েছি, সরকার পক্ষ জয়ী হয় এবং আমরা এই নির্বাচনের ঠিক আগে এইগুলি পূরণ করার জন্য আদেশনামা প্রকাশ করি। সেই কাজ অনেকটাই এগিয়েছে এবং নির্বাচন পড়ে যাওয়ার জন্য কিছু জায়গায় নিযুক্তি দেওয়া যায়নি। কারণ নির্বাচনের ব্যাপার আমাদের যে বিধি আছে, আমরা সবাই জানি সেই সময়ে নতুন করে লোক নিয়োগ করা যায় না। এখন আবার নিয়োগ ইত্যাদি হচ্ছে। আমি এখনি ঠিক সংখ্যাটা বলতে পারব না। তবে কতজন কাজে যোগ দিয়েছেন, প্রতিদিন আমরা রিপোর্ট পাচ্ছি, তবে এটা শুরু হয়ে গেছে, আমি জানি। আমার যেটা জানা আছে, আমি যে জেলা থেকে এসেছি, সেখানে শুনেছি ১০০-র বেশি হয়েছে। অন্যান্য সব জেলার রিপোর্ট পেলে আপনাদের বলতে পারব, তবে প্রত্যেকদিন কিছু না কিছু কাজে যোগদান করছেন। এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্টের ৬০ শতাংশ ওই গ্রামসেবক থেকে যাবেন আর বাকি ৪০ শতাংশ এর মধ্যে ২০ শতাংশ জব অ্যাসিস্ট্যান্ট আর ২০ শতাংশ গ্রাম পঞ্চায়েতের সেক্রেটারি তাদের মধ্যে থেকে পরীক্ষা করে প্রমোশানে যাবে। গ্রামসেবকদের থেকে ৬০ শতাংশ যদি ফিল আপের জন্য লোক না পাওয়া যায় তাহলে ডাইরেক্ট রিক্রুটমেন্ট হবে, এটা গেজেট নোটিফিকেশানে আছে। সেই অনুযায়ী কাজ এগোচ্ছে। আমার বিশ্বাস, এই নতুন গ্রাম পঞ্চায়েতগুলি তারা আগামী ১ মাসের মধ্যে বেশিরভাগই পেয়ে যাবেন।

শ্রী তপন হোড় : আমার অতিরিক্ত প্রশ্ন। আমি শেষের দিকটা ঠিক ফলো আপ করতে পারিনি। গ্রাম পঞ্চায়েতে জব অ্যাসিস্ট্যান্ট এবং সেক্রেটারি যে আছেন তার মধ্যে থেকে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট হবেন না তার মধ্যে থেকে কত অংশ হবেন ? নাকি বাইরে থেকে, অর্থাৎ পি এস সি থেকেই হোক বা এই ধরনের কোনো ইন্সটিটিউট থেকে এর ইন্টারভিউ-এর মাধ্যমে আপনারা নিয়োগ করবেন ? এটা যদি পরিষ্কার করে দেন, এটা নিয়ে বিতর্ক হচ্ছে বলে আমার ধারণা।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : গ্রামসেবক যাঁরা আছেন, গ্রামসেবকরা সরকারি কর্মচারী, তারা পঞ্চায়েতের নয়। সেই গ্রামসেবকদের মধ্যে থেকে তাদের অপশনের ভিত্তিতে ৬০ শতাংশ অর্থাৎ শতকরা ৬০ ভাগ আমাদের এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট হবেন। মোট যা পোস্ট আছে সেইগুলি পূরণ করা হবে। আর বাকি যে ৪০ শতাংশ থাকল তার অর্ধেক ২০ শতাংশ জব অ্যাসিস্ট্যান্টদের মধ্যে থেকে আর বাকি ২০ শতাংশ গ্রাম পঞ্চায়েতের সেক্রেটারির মধ্যে থেকে তাদের পরীক্ষা দিয়ে প্রমোশানের মাধ্যমে হবে। এটা সিলেকশান কমিটির পরীক্ষার ভিত্তিতে হবে। আর প্রথমে যেটা বললাম ৬০ শতাংশ, গ্রামসেবক যারা ১০ বছর সার্ভিস করেছেন এবং অপশান দিয়েছেন, এদের মধ্যে থেকে যদি ৬০ শতাংশ পূরণ করা সম্ভব না হয় কোনো কারণে তাহলেই—গ্রামসেবকের কিছু পোস্ট খালি আছে, সেইজন্য যদি ৬০ শতাংশ ওখান থেকে না পাওয়া যায় তাহলে বাকি যা থাকবে, সেটা যদি ফিল আপ করা না যায় তাহলে—সরাসরি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম নিয়ে সেখানে নিয়োগ করা যাবে।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, আমার অতিরিক্ত প্রশ্ন, তিনি বললেন, জব অ্যাসিস্ট্যান্ট

এবং সেক্রেটারি ২০, ২০ = ৪০% এবং গ্রামসেবক ৬০ শতাংশ, অপশনের ভিত্তিতে সেখানে আসবেন এবং এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট হবেন।

[11.30–11.40 a.m.]

ধীরে ধীরে কি জব অ্যাসিস্ট্যান্ট, সচিব এবং গ্রামসেবকের পদগুলো অবলুপ্ত করা হবে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না, অবলুপ্ত করার কোনো ব্যাপার নেই। গ্রাম পঞ্চায়েতের যারা সচিব আছেন তাদের প্রোমোশান হলে, সেখানে আরেকজন সচিব আসবেন। আর জব অ্যাসিস্ট্যান্টের ব্যাপারে আমাদের ঘোষিত নীতি আপনারা জানেন, আমরা পর্যায়ক্রমে যেখানে যেখানে খালি আছে সেখানে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নিয়োগ করব। কারণ গ্রাম পঞ্চায়েতে কাজের গুরুত্ব বেড়েছে, সেখানে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার দরকার, ফলে পদটা আপ-গ্রেডেড হচ্ছে। এই দুটো পদ যেমন ছিল তেমনই থাকবে। গ্রামসেবক নতুন করে আর রিক্রুট করা হচ্ছে না। তাদেরকেই এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগ করা হচ্ছে এবং এর পরে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট আমরা ডাইরেক্টলি রিক্রুট করব, আমাদের গ্রামসেবক রাখার আর দরকার হচ্ছে না।

শ্রী সমর হাজরা : বর্তমানে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির কাজের গুরুত্ব বেড়েছে, কেউ জন্মালে তার রেকর্ড তাদের কাছে রাখতে হবে এবং কেউ মারা গেলে তার রেকর্ড রাখতে হবে। আজকে সভাপতির কাজের দায়িত্ব অনেক বেড়ে গেছে, সেই কাজ দেখভাল করার জন্য তাদের কোনো আপ্ত-সহায়ক আপনি দিচ্ছেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সভাপতিদের আমরা কোনো আপ্ত-সহায়ক দিচ্ছি না।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : স্যার, অতিরিক্ত প্রশ্ন, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট যে জায়গায় নেই, সেখানে অ্যাকাউন্টগুলো অপারেট করার দায়িত্ব প্রধান বা সচিবের। যেখানে সচিব নেই সেই অ্যাকাউন্টগুলো অপারেট করার জন্য অন্য কোনো ব্যবস্থা আপনি নিচ্ছেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কোথাও এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্টের পোস্ট যদি ফিল আপ না হয়ে থাকে বা তিনি ছুটিতে যান তাহলে সেখানে সচিব কাজ করবেন, আর সচিব না থাকলে সেখানে জব অ্যাসিস্ট্যান্ট কাজ করবেন।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রশ্ন, অ্যাসিসটেন্ট এক্সিকিউটিভদের পাওয়ার এবং ফাংশান কী ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভদের পাওয়ার এবং ফাংশান তো রুলে আছে এবং সেটা হাউসে লেইড করাও হয়েছিল। জেলা পরিষদ স্তরে এক্সিকিউটিভ অফিসার, এ.ডি.এম-দের যে ক্ষমতা ও কার্যাবলী, ব্লক স্তরে, ব্লক ডেভেলপমেন্ট অফিসারের যে ক্ষমতা ও দায়িত্ব পালন করেন, অনুরূপভাবে গ্রাম পঞ্চায়েত স্তরে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্টদের সেই ক্ষমতা থাকবে। অর্থাৎ তারা হিসাবপত্র রাখবেন, টাকা তুলবেন, খরচ করতে পারবেন, সমস্ত কিছু দায়বদ্ধতাই তাদের উপরে বর্তাবে।

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন—গ্রাম পঞ্চায়েত স্তরে সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে। এই নিয়োগ কতদিনের মধ্যে করা যাবে এবং তার পদ্ধতিটা কী হবে জানাবেন কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এটা ধাপে ধাপে করা হবে। এখন ঠিক হয়েছে, যেখানে জব অ্যাসিস্ট্যান্ট নেই বা রিটায়ার করেছে, সেসব জায়গায় হবে। পদ্ধতি ইত্যাদি যেটা বললেন—অন্যান্য গ্রাম পঞ্চায়েতের যেসব পোস্ট আছে, সেখানে যেভাবে হয়, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম নিয়ে, পরীক্ষা নিয়ে করতে হয়, সেইভাবেই হবে।

শ্রী শান্তিরাম মাহাতো : এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট এই যে গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে নিয়োগ করা হবে—তাতে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে যেভাবে এক্সিকিউটিভ অফিসাররা ক্যাশ হ্যান্ডলিং করেন, এক্ষেত্রে আপনি নাকি যৌথভাবে ক্যাশ হ্যান্ডলিংয়ের দায়িত্ব দিয়েছেন ? এটা সরাসরি এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্টদের হাতে দিলেন না কেন ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ক্যাশ হ্যান্ডলিং করার দায়িত্ব প্রধানদেরও নেই, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্টদেরও নেই। দুজনই চেক সই করতে পারেন। নিয়মমতো এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট বা প্রধান সরাসরি ক্যাশ নিয়ে কাউকে দেবেন, তা তো হয় না। প্রত্যেকটা কাজেই সুনির্দিষ্টভাবে—কাকে পেমেন্ট করবেন বা কী করবেন সেটা—করবে। চেক সই করার দায়িত্ব প্রধানদের ছিল, এখন যৌথভাবে হয়েছে।

ইলেকট্রিসিটি ডিউটি

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৪) **শ্রী শংকর সিংহ এবং আব্দুল মান্নান :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-২০০২ আর্থিক বছরে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কাছ থেকে 'ইলেকট্রিসিটি ডিউটি' বাবদ প্রাপ্য অর্থের পরিমাণ কত ; এবং

(খ) বকেয়া অর্থ আদায়ে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত :

(ক) ১২২.৮১ কোটি টাকা।

(খ) সরকারি সিদ্ধান্ত অনুসারে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এবং কলকাতা ট্রামওয়েজ কোম্পানির বিদ্যুতের বিলগুলি কলকাতা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের থেকে আদায়কৃত ইলেকট্রিসিটি ডিউটির সঙ্গে সমন্বয় করার পর বাকি টাকা নগদে আদায়ের জন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন—শুধু একটা আর্থিক বছরে, ২০০১-২০০২ সালে সি.ই.এস.সি.র কাছ থেকে ১২২.৮১ কোটি টাকা পাওনা আছে এবং

সেটা কলকাতা কর্পোরেশন, হাওড়া কর্পোরেশন, এইচ.আই.টি., ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানির ইলেকট্রিক বিল থেকে যা পাওয়া যাবে সেটা অ্যাডজাস্ট করবেন। আপনারা কি খতিয়ে দেখেছেন যে, ওদের থেকে সি.ই.এস.সি.-র কত টাকা পাওনা আছে ওই সময়ের জন্য এবং সেই পরিমাণটা কত ?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : আমি আপনাকে বছর ধরে ধরে পুরোটা বলে দিচ্ছি। ২০০১-২০০২ সালে আমাদের ইলেকট্রিক ডিউটি বাবদ প্রাপ্য—১২২.৮১ কোটি টাকা। সি.ই.এস.সি. যা রিটার্ন দাখিল করেছে ওরই কাছাকাছি—১২২.৩৮ কোটি টাকা। আমি সেখান থেকেই শুরু করছি। ইলেকট্রিক বিল বাবদ ওই বছরে এই সংস্থাগুলোর—যেটা ওরা দেননি সি.ই.এস.সি.-কে সেটা ৭৩.৯৮ কোটি টাকা। এর মধ্যে সবচেয়ে বেশি হচ্ছে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের কাছ থেকে, প্রায় ৬৩ কোটি টাকার মতো। হাওড়ার কাছ থেকে ৪ কোটি, বাকিটা সি.টি.সি. এবং এইচ.আই.টি. নিয়ে। এটা বাদ দেওয়া যাক। আমরা একটা অ্যাডজাস্টমেন্টের জন্য সরকারি নিয়মে বলেছি ওদের, ঠিক আছে, বাদ দিয়ে করুন, না হলে একই জিনিস হয় অথচ সময় বেশি লাগবে। এটা বাদ দিয়ে ইলেকট্রিসিটি ডিউটি চার্জ, বিধিবদ্ধ যা আছে, সেটা ১ শতাংশ নিতে পারে—যেটা ওরা কালেকশন করে দেয়। এই ১ শতাংশ বাদ দিলে নিট অর্থ যা পাওনা থাকে, সেটা ৪৭.১৯ কোটি টাকা—ওই বছর থেকে। কিন্তু আগের বছর থেকেও বকেয়া আছে, আমরা সেই হিসেবটাও করেছি।

[11.40–11.50 a.m.]

আমরা সেই হিসাবটা ১৯৮৫-৮৬ সাল থেকে শুরু করে ওই সমস্ত অ্যাডজাস্টমেন্ট করে করেছি। এটা করার পর দাঁড়িয়েছে ৭৪.৮৬ কোটি টাকা। তাহলে ওই অ্যাডজাস্টমেন্টের পরেও যদি যোগ করা যায় তাহলে দেখব যে, আমাদের প্রাপ্য হচ্ছে ১২২.০৫ কোটি টাকা। এটা যদি আগের সঙ্গে যোগ করেন ৪৭.১৯ এবং ৭৪.৮৬, তাহলে ১২২.০৫ হয়। এটা হল দু হাজার এক দুইয়ের। দুই হাজার দুই তিন হয়ে গেছে। তার রিটার্ন পেয়েছি ডিসেম্বর পর্যন্ত। এস্টিমেট করে যা পাওয়া উচিত সেটা হচ্ছে ৬০ কোটি টাকা। তাহলে যোগ করলে আমাদের নেট প্রাপ্য হয় এগুলি অ্যাডজাস্টমেন্টের পরেও ১৮৯.০৫ কোটি টাকা। ইতিমধ্যে আমরা ১০৫.৪১ পেয়েছি। সি.ই.এস.সি.-কে বলে দিয়েছি যে, বকেয়া কমে হল ৭৬.৬৪ কোটি টাকা মতো। সদ্য পেয়েছি ১২ কোটি টাকা। তার ফলে হাফ অর্থাৎ ৬৪.৬৪ কোটি টাকা বাকি আছে। কিন্তু এরপরে এই সিদ্ধান্ত নিয়ে জানিয়ে দিয়েছি যে, আমরা অ্যাডজাস্টমেন্ট প্রসেসের মধ্যে যাব না। দুটি বড় কর্পোরেশান কে.এম.সি:, এইচ.এম.সি.-কে এবং এইচ.আই.টি.-কে, সি.টি.সি.-র ক্ষেত্রেও একই কথা বলে দিয়েছি যে, যা বিল আছে, সেটা দিয়ে দিন। শুধু কে.এম.সি. বলে নয়। এদের কর্মী বাবদ ৮০ শতাংশ অর্থ দিই। এদের কর্মীদের ডি.এ., বেতন, পেনশন রিলিফ-সহ ৮০ শতাংশ গ্র্যান্ট দিই। আমার কাছে হিসাব আছে ২৫৫ কোটি টাকা। নন প্ল্যান গ্র্যান্ট কে.এম.সি. পেয়েছিল। হাওড়া ২৫ কোটি টাকা। আমরা বলে দিয়েছি যে, বিদ্যুতের বিল নিজে মেটান। অন্যথায় সি.ই.এস.সি.-কে ধরতে পারছি না। এইভাবে আমরা ১ এপ্রিল দু হাজার তিন থেকে নতুন নির্দেশ লাগু করে

দিয়েছি। আমরা সি.ই.এস.সি.-কে বলেছি যে, এরিয়ার ৬৪ কোটি ৬৪ লক্ষের মতো যেটা আছে, সেটা ক্লিয়ার করে দিতে হবে। প্রতি মাসে যে ইলেকট্রিসিটি ডিউটি গ্রাহকদের কাছ থেকে নিচ্ছেন, নিয়মের মধ্যে আছে আপনাদের সেটা ৬০ দিনের মধ্যে জমা দিতে হবে। আমরা সেটা পুরোপুরি চাইছি, তা নাহলে যে পেনাল রেট অফ ইন্টারেস্ট আগে যা ছিল, সেটা আগে চাপবে। সেটা আমরা জানিয়ে দিয়েছি।

শ্রী আব্দুল মান্নান : মন্ত্রী মহাশয় আপনি নিজে স্বীকার করলেন যে কে.এম.সি.-সহ কর্পোরেশানগুলির ফিনানসিয়াল কন্ডিশান খারাপ। তার কর্মচারীদের মাইনে দিতে পারছে না। এরপরে টাকাটা যদি কেটে নেন তাহলে এরা অনেক সমস্যায় পড়বে।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : আমার প্রথমে মনে হয় যে, এই অ্যাডজাস্টমেন্ট প্রসেস থেকে বেরিয়ে আসা উচিত। যার যেটা দেওয়া দরকার সেটা দেওয়া উচিত। তারপরে তার যদি সমস্যা থাকে, তখন সে রাজ্য সরকারের কাছে আসবে। এটা আপনার জানা আছে যে, ভারতবর্ষের কোনো রাজ্য সরকার মিউনিসিপ্যালিটির বা লোকাল বডিগুলিকে এইভাবে মাইনে দেয় না। সম্পদ করের উপর আদায় করার অধিকার আছে। কিন্তু যেটা আদায় হওয়া উচিত ততটা হচ্ছে না। যখন আমরা সি.ই.এস.সি.-র কাছে যাই, তখন ওরা বলে যে, ওদের টাকা বাকি আছে। তাই আমরা বলেছি যে, যে যারটা দিন। তাতে স্বচ্ছতা থাকবে। এরপরে যদি কোনো প্রবলেম দেখা দেয় তখন তারা রাজ্য সরকারের কাছে আসবে।

শ্রী আব্দুল মান্নান : দেখা গেল এখনও বকেয়া রয়েছে ৬৪ কোটি ৬৪ লক্ষের মতো আগের এরিয়ার নিয়ে। দীর্ঘদিন ধরে বিধানসভাতেও আলোচনা হয়েছে। সি.ই.এস.সি. জনগণের টাকা নিয়ে সরকারকে দিচ্ছে না। তাই তাদের কাছ থেকে কি কোনো ইন্টারেস্ট ক্লেম করেছেন ? কত টাকা ইন্টারেস্ট করেছেন। যে টাকা করেছেন তার মধ্যে ইন্টারেস্ট কত ?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : ৯৮-৯৯ সালে আমাদের, রাজ্য সরকারের ১৩২.৩১ কোটি ছিল তার মধ্যে ১১০.৩৭ হচ্ছে মূল, বাকিটা ইন্টারেস্ট। তার পরের বছর ১২০.২৬ কোটি আমাদের মূল দাবি ছিল। ১০৭.৮৮ হচ্ছে মূল বাকি হচ্ছে ইন্টারেস্ট। তার পরের বছর ১৪২ কোটি ১০ লক্ষের মধ্যে ১২৯ কোটি হচ্ছে মূল, বাকিটা ইন্টারেস্ট। ২০০২-২০০৩ পুরোটা হয়নি। ঠিক একইভাবে হচ্ছে। আমরা সুদ আসল নিয়েই করছি। ইলেকট্রিসিটি ডিউটিতে যা আইন আছে ঠিক সেই আইন মোতাবেক।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য সি.ই.এস.সি.-র কাছে ইলেকট্রিসিটি ডিউটি যা বকেয়া আছে আপনি তার তথ্য দিয়েছেন। আমি আপনার কাছে জানতে চাই যে এমনিই তো রাজ্য সরকারের ফিনানসিয়াল ক্রাইসিস। নানা দিক থেকে ব্যয়সংকোচ করতে হচ্ছে। আপনি সমস্ত ডিপার্টমেন্টের উপর খবরদারি রেখেছেন। আমার কথা হচ্ছে এই যে এস.ই.বি. যাকে, আপনাকে টানতে হয়, ভর্তুকি দিতে হয়। এই এস.ই.বি.-র কাছে সি.ই.এস.সি.-র একটা বিরাট অঙ্কের টাকা পড়ে আছে, সেটা আপনি নিশ্চয়ই জানেন। এই টাকা সি.ই.এস.সি. দীর্ঘদিন ধরে বকেয়া রাখছে এস.ই.বি.-র উপর।

আবার আপনার সরকারের অর্থে সেখানে ভর্তুকি দিতে হচ্ছে বা জনসাধারণের উপর মাশুল চাপাতে হচ্ছে। তো এই টাকা পরিশোধ করার জন্য আপনার অর্থ দপ্তর থেকে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টকে কোনো নির্দেশ দিয়েছেন কিনা বা কোনো তাগাদা গেছে কি ?

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একেবারে বিদ্যুৎ দপ্তরের প্রশ্ন। যেহেতু জিজ্ঞাসা করেছেন আমি সরাসরি বলে দিচ্ছি। একই, আমরা যেভাবে ইলেকট্রিসিটি ডিউটি অর্থ দপ্তর আদায় করে, ঠিক আমরা যেভাবে আদায় করছি, না দিলে পেনাল রেট ইন্টারেস্ট, তা নাহলে পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট প্রত্যেকটা পদ্ধতি চালু করা, না চাপালে কেউ তার বকেয়া দেয় না। বিদ্যুৎ দপ্তরকে বলেছি আদায় করতে হবে তাদের কাছ থেকে। তারপর তাদের যদি পাওনা থাকে তখন সরকারের কাছে আসবে। এও ক্লিনসিং হাউস হয়ে গেল আর আর বসে গেলাম বিচার করতে এটা আমি কিছুতে অ্যালাউ করব না অর্থ দপ্তর থেকে।

শ্রী দেবপ্রসাদ সরকার : হাজার কোটি টাকার মতো পাওনা রয়েছে অনেকদিন ধরে।

ডঃ অসীমকুমার দাশগুপ্ত : আমি তো আপাতত ইলেকট্রিসিটি ডিউটিটা বললাম যে এটা ১২২ ছিল কেটে ৬৪ করা হয়েছে এবং এই বছর ৬৪টাকে শূন্য করা হবে। বিদ্যুৎ দপ্তরের প্রশ্ন বিদ্যুৎ মন্ত্রী করবেন। ওদের কি বলেছি। উত্তরটা দিয়ে দিলাম।

ওয়েস্ট বেঙ্গল ইনসেন্‌টিভ স্কিম '৯৯

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০২-২০০৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ওয়েস্ট বেঙ্গল ইনসেন্‌টিভ স্কিম '৯৯-এর আওতায় রুগ্ন ও দুর্বল শিল্প সংস্থাকে পুনরুজ্জীবনের জন্য অর্থ সাহায্য করা হয়েছে ;

(খ) সত্যি হলে, মোট কতগুলি শিল্প সংস্থাকে উক্ত ক্ষেত্রে অর্থ সাহায্য করা হয়েছে ; এবং

(গ) সেগুলির নাম কী ?

শ্রী নিরুপম সেন :

(ক) ওয়েস্ট বেঙ্গল ইনসেন্‌টিভ স্কিম, ১৯৯৯ অনুযায়ী কোনো রুগ্ন ও দুর্বল সংস্থাকে পুনরুজ্জীবনের জন্য অর্থ সাহায্যের প্রতিশ্রুতি নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

[11.50–12.00 Noon]

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ওয়েস্ট ইনসেনটিভ স্কিম '৯৯-এর আওতায় নির্দিষ্ট সময়ের মধ্যে কোনো রুগ্ন দুর্বল শিল্প সংস্থাকে পুনর্গঠনের জন্য অর্থ দেননি বা তার পরিস্থিতি ছিল না। আমি আপনার মাননীয় মন্ত্রী বললেন রেমিশানের কথা যে দুটি শিল্প সংস্থাকে দিয়েছেন। আমি জানতে চাইছি আমাদের রাজ্যে 'পশ্চিমবঙ্গ শিল্প পুনরুজ্জীবন সংস্থা ২০০১' এর যে উৎসাহদান প্রকল্প আছে যাতে যথাযথ প্রকল্পগুলিকে সহায়তা দান করা যায়, এ ক্ষেত্রে কি সহায়তা দান করেছেন বলবেন ?

শ্রী নিরুপম সেন : ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল রিনুয়াল স্কিম ২০০১, এই স্কিম চালু করা হয়েছে এবং এটা চালু হওয়ার পর এ পর্যন্ত আমরা যে সাহায্য করেছি জুন ২০০৩ পর্যন্ত তাতে মোট ২৭টি ইউনিটকে এই স্কিমে আমরা সাহায্য করেছি। গ্র্যান্ট অফ ব্রিজিং লোন ১১টি ইউনিটকে আমরা করেছি তার পরিমাণ ২১ কোটি ৮৫ লক্ষ টাকা। আর যেটা এখনও করা হয়নি কিন্তু স্যাংশান করা হয়েছে এই রকম ৪টি ইউনিট আছে তার অর্থের পরিমাণ হচ্ছে ৮ কোটি ৬৪ লক্ষ টাকা। এছাড়াও সফট্ লোন দেওয়া হয়েছে যাতে করে তাদের বকেয়া যে সেল ট্যাক্স তাতে তারা যাতে কিছু করতে পারে তার জন্য ১০টি ইউনিটকে দেওয়া হয়েছে ২২ কোটি ৫৯ লক্ষ টাকা। ক্যাপিটাল ইনভেস্টমেন্ট সাবসিডি ওয়েভার অফ ইলেকট্রিসিটি, ওয়েভার অফ স্ট্যাম্প ডিউটি ইত্যাদি বাবদ এই স্কিমে ৩টি ইউনিটকে টাকা দেওয়া হয়েছে তার পরিমাণ হচ্ছে ২ কোটি টাকা।

শ্রী আবু আয়েশ মণ্ডল : শিল্প পুনর্গঠন দপ্তরে ইনসেনটিভ স্কিমে বিশেষ সহায়তা দান এবং পশ্চিমবঙ্গ শিল্প পুনরুজ্জীবন ২০০১ যে উৎসাহদান প্রকল্প আছে তার মাধ্যমে বর্তমানের এই সংকটজনক পরিস্থিতিতে শিল্পকে বাঁচাবার চেষ্টা করা হচ্ছে। এছাড়াও এই সমস্ত রুগ্ন এবং দুর্বল শিল্পকে বাঁচাবার জন্য অর্থ সংগ্রহের জন্য আর কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা যদি দয়া করে বলেন ?

শ্রী নিরুপম সেন : না, এখন বর্তমানে যেটা করার চেষ্টা করছি আমাদের বিভাগ থেকে সেটা হচ্ছে আমাদের রাজ্যে যে সব রুগ্ন শিল্প আছে তাদের একটা ডাটা বেস তৈরি করার জন্য একটা কনসালটেন্সি ফার্মকে এনগেজ করেছি, এই শিল্পগুলি কেন রুগ্ন এবং এখন কী অবস্থায় আছে সে সম্বন্ধে তারা অনুসন্ধান করছেন। আমরা আশা করছি এই বছরের মধ্যে আমরা সেই রিপোর্ট পাব। সেই রিপোর্ট পাওয়ার পরে আমরা যদি দেখি যে রাজ্য সরকারের এ ক্ষেত্রে কিছু করার আছে তখন আমরা সেটা বিবেচনা করব।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রী রুগ্ন এবং দুর্বল শিল্পসংস্থাকে পুনরুজ্জীবিত করার জন্য চেষ্টা করছেন। কিন্তু উত্তরবঙ্গের চা শিল্পের সংকট দীর্ঘদিনের। গত কয়েক বছর ধরে গ্লোবালাইজেশান, লিবারালাইজেশান, ক্যাপিটালাইজেশানের চক্করে আমরা পড়েছি। আমি এটা আগেও বলেছি, মুখ্যমন্ত্রীকে বলেছি, আপনাকে বলেছি, শ্রমমন্ত্রী চেষ্টা করছেন, কিন্তু

ব্যাধিটা খুব গভীরে তাই কিছু করা যাচ্ছে না। ওখানে যেগুলি দুর্বল, রুগ্ন তার অনেকে ভেগে গেছে, ম্যানেজমেন্ট চলে গেছে। ওখানে ১১টি চা বাগানের প্রায় ৩০, ৩৫ হাজার শ্রমিক এক অনিশ্চিত ভবিষ্যতের মধ্যে পড়ে আছে। এই অবস্থায় ওই রুগ্ন এবং দুর্বল চা বাগানগুলির পুনরুজ্জীবনের জন্য কোনো চিন্তা-ভাবনা আছে কি না ? কেন্দ্রীয় সরকার এতে ফরেন এক্সচেঞ্জ আর্ন করছে ৫৫ বছর ধরে কিন্তু কোনো উদ্যোগ নেয়নি। এই অবস্থায় আপনার দপ্তর এদের কিভাবে সহায়তা করতে পারে সে ব্যাপারে অনুগ্রহ করে বললে বাধিত হব।

শ্রী নিরুপম সেন : আপনি চা শিল্পের সংকটের কথা উল্লেখ করেছেন। এই বিষয়টা নিয়ে আমার দপ্তর ওয়াকিবহাল এবং আমরা ইতিমধ্যে আমাদের চা শিল্পের সঙ্গে যারা যুক্ত আছেন—টি বোর্ড, প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশন, আমাদের যারা ছোট ছোট ইদানীং কিছু মটলি ফ্যাক্টরি হয়েছে, যারা পাতা কিনে চা প্রসেস করে বিক্রি করে এবং তাদের সঙ্গে সঙ্গে ছোট ছোট কৃষক যারা চা পাতা নিজেদের জমিতে চাষ করে—এদের সবাইকে নিয়ে আমরা ইতিমধ্যে দু-দুটো বৈঠক করেছি এবং সেই বৈঠকের উপর ভিত্তি করে রাজ্য সরকারের পক্ষ থেকে জমির উপরের সেলামি আগে যা নির্ধারিত হয়েছিল সেটা আমরা কমিয়েছি। তা সত্ত্বেও আন্তর্জাতিক বাজারে চায়ের দাম পড়ে যাওয়া, আমাদের চা বিদেশে বিক্রির পরিমাণ কমে যাওয়া, আমাদের এখানে যে ধরনের চা হচ্ছে সব মিলিয়ে আমাদের এখানকার চা-বাগানগুলো নিয়মিত পরিচর্যার অভাবের কারণে এবং পুরনো চা-বাগান ও নতুন মটলি ফ্যাক্টরি হওয়ার ফলে তাদের মধ্যে প্রায় প্রতিযোগিতা শুরু হয়েছে। সব কিছু মিলিয়ে চা-শিল্পে একটা সংকট রয়েছে। এটা নিয়ে রাজ্য সরকার নিয়মিতভাবে এদের সঙ্গে যোগাযোগ করছে। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকেও কিছু কিছু পদক্ষেপের কথা তারা বলছেন। ইতিমধ্যে 'টি মার্কেটিং কন্ট্রোল অর্ডার'-এ তারা কিছুটা পরিবর্তন করেছেন। এছাড়া, কয়েকটা কনসালটেন্সি ফার্মকেও নিয়োগ করা হয়েছিল। ফার্গুসন্‌স অ্যান্ড কোম্পানি। তারা একটা রিপোর্ট দিয়েছে। সব মিলিয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে আলোচনা হচ্ছে। আমরা ভাবছি আর একবার সবাইকে নিয়ে বসে কী করা যায় সেটা আলোচনা করব। ইতিমধ্যে পাকিস্তানের সঙ্গে ভারতের চা ব্যবসা যদি খুলে যায় তাহলে সেখানে চা রপ্তানির সুযোগ বাড়বে। সমস্ত পরিস্থিতিটা নজরে আছে। এছাড়াও, আর কী কী ব্যবস্থা গ্রহণ করা যায় তা বিবেচনার মধ্যে আছে, এখনও কোনো সুনির্দিষ্ট সিদ্ধান্ত আমরা গ্রহণ করিনি।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয় জেশপ বিলগ্নীকরণের ব্যাপারে আজকের কাগজে একটা খবর দেখলাম। এ সম্বন্ধে যদি আপনি একটু বলেন।

শ্রী নিরুপম সেন : এর জন্য তো আলাদা প্রশ্ন করতে হয়। যাই হোক, জেশপ কেন্দ্রীয় সরকার বিলগ্নীকরণের সিদ্ধান্ত করেছে। তার বিরুদ্ধে ওখানে ট্রেড ইউনিয়নগুলো মামলা দায়ের করে এবং সেই মামলা দায়ের করার পরে প্রথমে তারা তাদের পক্ষে রায় পায় কিন্তু ডিভিশন বেঞ্চে গিয়ে তাদের আবেদন খারিজ হয়ে যায়। এই মুহূর্তে এটুকুই আমি বলতে পারি, এর বাইরে আর কোনো তথ্য আমার কাছে নেই।

হাসপাতালে দালাল চক্র

*২২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৩) শ্রী কমল মুখার্জী : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন হাসপাতালে 'দালাল চক্র' রোধে সরকারের চিন্তাভাবনা কী ;

(খ) এই চক্রের কার্যকলাপ বন্ধ করার জন্য সরকারের কোনো নজরদারির ব্যবস্থা আছে কি না ; এবং

(গ) থাকলে, তা কীরূপ ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :

(ক) 'দালাল চক্র' বিষয়ে কোনো নির্দিষ্ট খবর বা অভিযোগ পেলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যায়।

(খ) আছে।

(গ) অভিযোগ পেলে বা নির্দিষ্ট কর্তৃপক্ষের কাছে নির্দিষ্ট অভিযোগ পেলে তদন্তপূর্বক যথাযথ পদক্ষেপ নেওয়া ও নজরদারির ব্যবস্থা করা হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, মুখ্য স্বাস্থ্য আধিকারিকের (প্রশাসন) তত্ত্বাবধানে একটি অভিযোগ সেল এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের সচিবালয়ে একটি জন-অভিযোগ সেল আছে।

শ্রী কমল মুখার্জী : দালাল-চক্রের ঘটনাটা বাস্তব সত্য। আমাদের রাজ্যে বিশেষ করে বড় বড় হাসপাতালগুলোতে মানুষ প্রতিনিয়ত এই দালাল-চক্রের শিকার হচ্ছে। আপনি এই দালাল-চক্র বন্ধ করার জন্য হাসপাতালের ডাক্তার, চিকিৎসা-কর্মীদের পোশাকের ব্যবস্থা করেছেন, আইডেন্টিটি কার্ডের ব্যবস্থা করেছেন। কিন্তু প্রকৃত বাস্তব ঘটনা হচ্ছে হাসপাতালের ডাক্তার বা অন্যান্য চিকিৎসা-কর্মীরা এগুলো ব্যবহার করেন না।

[12.00–12.10 p.m.]

যার ফলে দালালদের সঙ্গে স্বাস্থ্যকর্মীদের তফাৎ বোঝা যায় না। আমার বক্তব্য, এই দালালদের ব্যাপারে আপনি যে নজরদারির কথা বলেছেন, তাতে গত ১ বছরে এই দালালদের কতজনকে আপনারা গ্রেপ্তার করতে পেরেছেন ? আপনি স্বীকার করেছেন নজরদারির ব্যবস্থা আছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : দালালদের কাউকে গ্রেপ্তার করা হয়নি। এই চক্র যাতে গড়ে উঠতে না পারে সেদিকে আমরা নজর দিয়েছি এবং নিয়ত নজরদারির ব্যবস্থা থাকছে। আর হাসপাতালে যারা বেআইনি দখলদার ছিল, আমাদের কাছে যে রিপোর্ট ছিল, তাতে আমরা তাদের ব্যাপারে খানিকটা ব্যবস্থা নিতে পেরেছি এবং এগুলো দখলমুক্ত করতে পেরেছি,

এখানে যারা থাকত তারা চলে গেছে, বাইরে থেকে কেউ ঢুকছে কিনা সে ব্যাপারে, নজরদারির ব্যবস্থা আছে। চিকিৎসক থেকে স্বাস্থ্যকর্মী—তাদের আইডেনটিটি কার্ড, পোশাক এগুলো চালু আছে, আগের চেয়ে এখন ভালভাবে আছে। কিন্তু এগুলোর ব্যতিক্রম যদি হয়, তাহলে সেই ব্যতিক্রম কোথায় হচ্ছে সেটা চিহ্নিত হচ্ছে এবং তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে—অ্যাবসেন্ট করা হচ্ছে, ইত্যাদি ব্যবস্থা নেওয়া হচ্ছে। তাছাড়া যারা রোগীর অ্যাটেনডেন্ট তাদেরও আইডেনটিটি কার্ড মানে গ্রিন কার্ড দেওয়ার ব্যবস্থা হয়েছে—এটাও করা হয়েছে এবং সেটা মোটামুটি কড়াকড়িভাবে আমরা চালু করেছি। সিকিউরিটিতে বেশিরভাগ ক্ষেত্রে প্রাক্তন সৈনিক, জেলা সৈনিক বোর্ড এবং রাজ্য সৈনিক বোর্ড থেকে ওদের সঙ্গে কথা বলে তাদের থেকে লোক নিয়েছি। সিকিউরিটিতে—যাতে সিকিউরিটি লেভেলে গোলমাল না হয় তাই এই ব্যবস্থা করেছি। তা সত্ত্বেও আমি বলেছি যদি সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া যায়, যদি প্রমাণ পাওয়া যায় তাহলে সে ব্যাপারে আমরা যথাযথ ব্যবস্থা নেব। কিন্তু সুনির্দিষ্টভাবে অভিযোগ পাওয়া যায় না—এটাই মুশকিল। সুনির্দিষ্টভাবে অভিযোগ পাওয়া না গেলে, প্রমাণ না থাকলে সে ব্যাপারে আমরা ব্যবস্থা নিতে পারি না।

শ্রী কমল মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—বহু মানুষ হাসপাতালের সুপারের কাছে অভিযোগ করে। আমি একটি দুঃখজনক ঘটনার কথা বলছি। একজন রোগী হাসপাতালে ভর্তি ছিল, তার বাড়ি অনেক দূরে। সেই রোগী হাসপাতালে ভর্তি হওয়ার একদিন পর তার বাড়ির লোক তাকে হাসপাতালে দেখতে আসে, রোগীর বাড়ির লোকেরা ওয়ার্ড মাস্টারকে রোগীর নাম বলে, তখন ওয়ার্ড মাস্টার বলে যে সেই রোগী অমুক ওয়ার্ডে ভর্তি আছে এবং সেই ওয়ার্ড মাস্টার নিজে না গিয়ে তার পরিচিত একজন লোকের সঙ্গে সেই রোগীর বাড়ির লোকদের পাঠিয়ে দেয় রোগী যে ওয়ার্ডে ভর্তি আছে সেখানে। এরপর রোগীর বাড়ির লোকেরা রোগী দেখে যখন ফিরে আসে তখন ওয়ার্ড মাস্টার যে লোকটিকে রোগীর বাড়ির লোকের সঙ্গে পাঠিয়েছিল সেই লোকটি রোগীর বাড়ির লোকদের বলে যে, 'আমাকে ৫০ টাকা দিতে হবে'। হাসপাতালে এই যে দালাল, অসাধু ব্যক্তিরা রয়েছে—এদের রেসট্রিকশন করতে হবে, এই সব অসাধু লোকরা হাসপাতালে ইনডাইরেক্টলি ব্যবসা করছে—এ ব্যাপারে হাসপাতালের সুপারকে অভিযোগ করলে বেশিরভাগ ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হয় না। সুপারের কাছে অভিযোগ করলে সুপার প্র্যাকটিক্যালি এই অভিযোগগুলো আপনার কাছে নিয়ে আসে না। এ ব্যাপারে অভিযোগ জানানোর জন্য নির্দিষ্ট জায়গা কোথায় আছে সেটা যদি বলেন তাহলে ভাল হয়। আইন আছে, কিন্তু সেটার বাস্তব প্রয়োগের ক্ষেত্রে নজরদারির ব্যবস্থা খুবই দুর্বল—এ ব্যাপারে আপনাকে চিন্তা-ভাবনা করতে হবে। যাতে দালালরা হাসপাতালে ঘুরে না বেড়ায় সেটা দেখা দরকার।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় সদস্যদের কোনো অভিযোগ থাকলে সেই অভিযোগ আমাকে করবেন, আপনারা তো সুপারের কাছে করতে যাবেন না। হাসপাতালে নজরদারির ব্যবস্থা আছে, সরাসরি আমরা জানতে পারলে আমরা হস্তক্ষেপ করি। এছাড়া আপনি

অভিযোগ জানানোর জন্য যে নির্দিষ্ট জায়গাগুলোর কথা জানতে চেয়েছেন সেগুলো হল— জয়েন্ট ডাইরেক্টর অ্যাডমিনিস্ট্রেশন—যিনি আছেন, তাঁর কাছে একটা সেল আছে, সেখানে অভিযোগ জানাতে পারেন। আরেকটা হল, সেক্রেটারিয়েটে সি.এমের কাছে যেখানে ইনফরমেশন সেন্টার আছে সেখানে গ্রিভান্স সেল আছে, সেখানে কমপ্লেইন করতে পারেন। তৎপরতার সঙ্গে হস্তক্ষেপ করলে, তাৎক্ষণিক যে ঘটনা ঘটে সেটাতে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নিলে অনেক ফলপ্রসূ হবে। আপনি ঠিকই বলেছেন যে, হাসপাতালের ভিতরের লোক ছাড়া আর কেউ এগুলো করতে পারে না। তবে সুনির্দিষ্ট প্রমাণ পেলে, সুনির্দিষ্ট অভিযোগ পেলে আমাদের ডিপার্টমেন্ট তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। আর সুনির্দিষ্ট অভিযোগ না পেলে ব্যবস্থা নেওয়া যায় না, কারণ ওটা প্রমাণ করা খুব সহজ নয়।

Mr. Speaker: No more, please. The Questions' Hour is already over.

Starred Questions
(to which answers were laid on the Table)

পর্যটক আকর্ষণে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৮) শ্রী জ্যোতির্ময় কর : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পর্যটন কেন্দ্রের গুরুত্ব ও পর্যটক আকর্ষণের ক্ষমতা অনুযায়ী পর্যটন কেন্দ্রের তালিকা প্রণয়নের জন্য পর্যটন দপ্তর একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করেছিল ; এবং

(খ) সত্যি হলে, উক্ত তালিকা প্রস্তুত করা হয়েছে কী ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) তালিকা প্রস্তুতির কাজ শুরু হয়েছে এবং এখনও তা সম্পূর্ণ হয়নি।

সরকারি জমির অপব্যবহার

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫) শ্রী রামপদ সামন্ত : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারের কাছে জমি নিয়ে বেশ কিছু শিল্প প্রতিষ্ঠান শিল্প স্থাপন না করে সেই জমি দীর্ঘদিন ধরে ফেলে রেখেছেন অথবা প্রোমোটারদের কাছে বিক্রি করে দিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, কোথায় কোথায় কোন কোন প্রতিষ্ঠান এরূপ বেআইনি কাজ করেছেন ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) শিল্প ও বাণিজ্য বিভাগের অধীন বিভিন্ন সংস্থার কাছে যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান জমি নিয়েছেন, সেই জমিতে শিল্প স্থাপন না করে প্রোমোটারদের কাছে বিক্রি করে দিয়েছেন, এমন কোনো ঘটনা নেই। তবে কিছু শিল্প প্রতিষ্ঠানের বিভিন্ন কারণে শিল্প স্থাপনে বিলম্ব হচ্ছে।

(খ) শিল্প দপ্তরের অধীন সংস্থায় জমির বেআইনি হস্তান্তরের কোনো ঘটনা নেই।

Privatisation of Great Eastern Hotel

*223. (Admitted Question No. *476) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Tourism Department be pleased to state—

(a) whether the State Government has decided to lease out Great Eastern Hotel to private parties ;

(b) if so, progress made in this regard so far ; and

(c) the reasons for privatising the Hotel ?

Minister in-Charge of the Tourism Department :

(a) Yes, the State Government decided to lease out Great Eastern Hotel to private parties for a period of at least thirty years.

(b) In response to advertisement in Newspapers in October/ November, 2002, 11 parties had submitted expression of interest. Ultimately 3 (three) parties viz., Badsha Hotel, Manish Financial Corporation and Hotel Singapora submitted the bid document in March, 2003. The committee constituted for the purpose on examination of the Bid Documents did not consider any party suitable for the purpose as either they did not fulfil the criteria for leasing ou the hotel in their favour or did not satisfy the conditions of the Bid. Hence the Bid was rejected.

(c) Due to recurring financial loss incurred for running the Hotel, decision for long term lease has been taken.

Supplementary :

1. In response to advertisement in Newspapers in October/ November, 2002, 11 parties had submitted expression of interest.

Out of 11 parties, 7 parties were short listed after preliminary scrutiny. Out of them 4 parties had purchased the Bid Document on payment of Rs. 2.00 lakh each. They were Bharat Hotels, Badsha Hotel, Manish Financial Corporation and Hotel Signapora. Subsequently, Bharat Hotel did not submit the Bid Documents. Remaining 3 (three) parties viz., Badsha Hotel, Manish Financial Corporation and Hotel Singapora submitted the bid documention 28.3.2003. The committee constitued for the purpose on examination of the Bid Documents did not consider any party suitable for the purpose as either they did not fulfil the criteria for leasing out the hotel in their favour or did not satisfy the conditions of the Bid. Hence the Bid was rejected.

2. Yearwise net losses incurred by the Great Eastern Hotel during a period of 5 (five) years upto 2001-2002 are mentioned below.

1997-1998	—	Rs. 181.38 lakh
1998-1999	—	Rs. 227.34 lakh
1999-2000	—	Rs. 318.49 lakh
2000-2001	—	Rs. 336.28 lakh
2001-2002	—	Rs. 336.43 lakh

রাজ্যে বৃহৎ ও মাঝারি শিল্পের সংখ্যা

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৪) শ্রী সামসুল ইসলাম মোল্লা : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত এ রাজ্যে কতগুলি বৃহৎ ও মাঝারি শিল্প গড়ে উঠেছে ;

(খ) উক্ত শিল্পগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ কত ; এবং

(গ) তন্মধ্যে বিদেশি পুঁজির বিনিয়োগ কত ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৪৪১ (চারশো একচল্লিশ)টি।

(খ) ১৫২২৬.৫৬ (পনেরো হাজার দুইশত ছাব্বিশ দশমিক ছাপ্পান্ন) কোটি টাকা।

(গ) ১১২৫ কোটি টাকা।

জাল ওষুধ কারবারিদের বিরুদ্ধে ব্যবস্থা

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২) **শ্রীমতী সোনালী গুহ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার জাল ওষুধ ব্যবসার বিরুদ্ধে কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জাল ওষুধ ব্যবসার বিরুদ্ধে রাজ্য সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ভেষজ দপ্তরের অধীনস্থ নিয়ন্ত্রণ অধিকারের মাধ্যমে নিয়মিতভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। এই অধিকারে কর্মরত ভেষজ পরিদর্শকবৃন্দ ধারাবাহিকভাবে অনুসন্ধান ও তল্লাশীর মাধ্যমে জাল ওষুধ উৎপাদন ও বিক্রি বন্ধ করার ব্যাপারে সচেতন ও তৎপর।

স্বাস্থ্য বিধান প্রকল্প

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৬) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে স্বাস্থ্য বিধান প্রকল্পের একটি কর্মসূচি 'প্রতিটি পরিবারে শৌচাগার'-এর উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে রাজ্যে কতগুলি ব্লক 'শৌচাগার পূর্ণ ব্লক' হিসাবে স্বীকৃত হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) দুইটি (পূর্ব মেদিনীপুর জেলায় নন্দীগ্রাম-২ নং ব্লক ও হলদিয়া ব্লক)

শিল্প সংস্থা বন্ধ করার সিদ্ধান্ত

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৪) **শ্রী দীপক কুমার ঘোষ :** রাষ্ট্রায়ত্ত উদ্যোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার পরিচালিত কোন্ কোন্ শিল্প সংস্থা একেবারে বন্ধ করে দেবার চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে ;

(খ) এগুলো বন্ধ করে দেবার কাজ কতদূর অগ্রসর হয়েছে ; এবং

(গ) এর ফলে কর্মচ্যুত শ্রমিকদের কীভাবে ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে ?

সরকার পরিচালনাধীন সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) যে দুটি সরকার পরিচালিত সংস্থা বন্ধ করে দেবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সেগুলি হল :

১। সুন্দরবন সুগারবীট প্রসেসিং কোং লি:।

২। ইন্ডিয়া পেপার পাল্প লি:।

(খ) সংশ্লিষ্ট সংস্থা দুটিতে কর্মরত কর্মচারীদের জন্য সরকার প্রণীত ই.আর.এস. (আগাম অবসর প্রকল্প) চূড়ান্ত করা হয়েছে এবং তা রূপায়ণের জন্য সংস্থা কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

(গ) এই লক্ষ্যে যে প্রকল্পটি প্রস্তুত করা হয়েছে তা পরিশিষ্ট 'ক' হিসাবে সংযোজিত হল।

পরিশিষ্ট 'ক'

প্রতিশ্রুতিমত সংস্থাগুলির শ্রমিকদের স্বার্থ সুরক্ষিত করেই একটি আগাম অবসর প্রকল্প রচিত হচ্ছে। এই প্রকল্পে চিকিৎসা, দুর্ঘটনা, অক্ষমতার সামাজিক সুরক্ষা বীমাসহ আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা থাকছে। আমরা একটি সামাজিক সুরক্ষা প্রকল্পেরও রূপরেখা স্থির করছি যার ফলে কর্মচ্যুত দক্ষ শ্রমিকরা আবেদন ও মূল্যায়ন ভিত্তিতে বিভিন্ন ব্যবসায় বা চাকরিতে পুনর্নিয়োজিত হতে পারেন। বয়স্ক কর্মচারীদের ক্ষেত্রে পুনর্নিয়োগের প্রকল্পটি আশানুরূপভাবে কার্যকরী না হবার সম্ভাবনা রয়েছে। এই ক্ষেত্রে ওই কর্মচারীদের বেকার সন্তান-সন্ততিদের এই প্রকল্পের আওতাভুক্ত করা যেতে পারে যাতে তারা সংসারের আর্থিক দুর্বলতা কাটিয়ে উঠতে সাহায্য করতে পারে।

ডাক্তার ও নার্সদের স্বেচ্ছাবসর

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৫) **শ্রী জানে আলম মিঞা ও শ্রী আবুল হাসনাৎ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, স্বাস্থ্য বিভাগের ডাক্তার ও নার্সদের স্বেচ্ছাবসরের ব্যবস্থা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, গত এক বছরে কতজন এভাবে অবসর গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারি বিধি [৭৫ (এএএ)] অনুযায়ী কর্মীদের স্বেচ্ছা অবসর গ্রহণের প্রক্রিয়া চালু আছে।

নতুন কোনো স্বেচ্ছাবসরের ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

(খ) এ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১ বছরে ১২ জন ডাক্তার ও ২৩ জন নার্স উপরোক্ত বিধিমতে স্বেচ্ছাবসর গ্রহণ করেছেন।

শিল্প বিলগ্নীকরণ

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪৮) **শ্রী শিবপ্রসাদ মালিক** : রাষ্ট্রায়ত্ত উদ্যোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার নিয়ন্ত্রণাধীন কোন্ কোন্ শিল্প বিলগ্নীকরণ করার বিষয় বিবেচিত হচ্ছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এ পর্যন্ত মোট ১০টি অলাভজনক উৎপাদনক্ষম সরকারি সংস্থা চিহ্নিতকরণ করা হয়েছে।

নিম্নে ১০টি সংস্থার নাম উল্লেখিত হল :

১। শালিমার ওয়ার্কস (১৯৮০) লি:
২। ওয়েস্ট বেঙ্গল কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লি:
৩। ন্যাশানাল আয়রন অ্যান্ড স্টীল কো: লি:
৪। কৃষ্ণা সিলিকেট অ্যান্ড গ্লাস (১৯৮৭) লি:
৫। লিলি বিস্কুট কোম্পানি প্রাইভেট লি;
৬। নিও পাইপ অ্যান্ড টিউবস কোং লি:
৭। এঞ্জেল ইন্ডিয়া মেসিন্স অ্যান্ড টুলস (১৯৮৭) লি:
৮। ওয়েস্ট বেঙ্গল প্লাইউড অ্যান্ড অ্যালায়েড প্রোডাক্টস লি:
৯। অ্যাপোলো জিপার কোম্পানি (প্রাইভেট) লি:
১০। কার্টার পুলার অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কোং লি:

উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫৮) **শ্রী নির্মল দাস** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ব্রহ্মপুত্র বোর্ডের সদস্য হওয়ার জন্য রাজ্য সরকার উদ্যোগ গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনকে বন্যা নিয়ন্ত্রণের জন্য কোনো অর্থ ব্রহ্মপুত্র বন্যা নিয়ন্ত্রণ বোর্ড প্রদান করেছেন কি না ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এ বিষয়ে রাজ্য সরকার উদ্যোগ গ্রহণ করেছেন।

(খ) না, ব্রহ্মপুত্র বন্যা নিয়ন্ত্রণ বোর্ড উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনকে বন্যা নিয়ন্ত্রণের জন্য আজ পর্যন্ত কোনো অর্থ প্রদান করেননি।

টি.বি. হাসপাতালের সংখ্যা

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৪) **শ্রী কমল মুখার্জি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) এই রাজ্যে মোট কতগুলি টি.বি. হাসপাতাল আছে ; এবং

(খ) ওই সমস্ত হাসপাতালের মোট শয্যা সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১২টি।

(খ) ৪০৮২টি।

ট্যুরিস্ট পুলিশ বাহিনী

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৫) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পর্যটকদের জন্য আলাদা 'ট্যুরিস্ট পুলিশ' বাহিনী গঠনের কথা ভাবা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে কোনো নির্দিষ্ট প্রকল্প রূপায়ণ করা হয়েছে কি ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পর্যটন দপ্তরের তরফে আলাদা ট্যুরিস্ট পুলিশ বাহিনী গঠনের কথা এখনও ভাবা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

সংযোজনী

এ প্রসঙ্গে অবশ্য বলা যেতে পারে যে পশ্চিমবঙ্গ পুলিশ অধিকারের তরফে পর্যটন স্থানগুলিতে পর্যটকদের সহায়তার কথা মাথায় রেখে পুলিশ প্যাট্রোলিং ও পুলিশ সহায়তার জন্য পর্যটন স্থানগুলির থানাগুলিতে অতিরিক্ত পুলিশ নিয়োগের প্রস্তাব রয়েছে।

গ্রামাঞ্চলে সংযোগকারী রাস্তা

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪১) শ্রী শংকর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান : পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামীণ সংযোগ প্রকল্পের অন্তর্গত গ্রামাঞ্চলে সংযোগকারী রাস্তা নির্মাণের জন্য কোনও মাস্টার প্লান তৈরি করা হয়েছে কি না ; এবং

(খ) হলে, এজন্য মোট কী পরিমাণ ব্যয়িত হবে (জেলাওয়ারী) ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) 'গ্রামীণ সংযোগ প্রকল্প' নামের কোনো প্রকল্প এখন চালু নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

চিকিৎসা গবেষণা

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) শ্রী তপন হোড় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি চিকিৎসা গবেষণা ক্ষেত্রে খড়গপুর আই.আই.টি. রাজ্য সরকারের সঙ্গে সমঝোতা পত্র স্বাক্ষর করেছে ; এবং

(খ) সত্যি হলে, কী কী বিষয় উক্ত সমঝোতার অন্তর্ভুক্ত হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এই সমঝোতা পত্রে একটি ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি স্থাপনের বিষয় অন্তর্ভুক্ত হয়েছে। এ ধরনের একটি শিক্ষাকেন্দ্র স্থাপনের লক্ষ্য হল চিকিৎসা বিজ্ঞান ও কুশলতার ক্ষেত্রে গবেষণামূলক কাজে উৎসাহপ্রদান এবং স্বাস্থ্য পরিষেবার জন্য সঠিক বিজ্ঞানসম্মতভাবে লোকবল তৈরি, আপৎকালীন ও আঘাতজনিত চিকিৎসা ব্যবস্থার উন্নতিসাধন যা পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের স্বাস্থ্য সমস্যাসমূহ দূরীকরণে সাহায্য করবে।

সুবর্ণরেখা সেচ প্রকল্প

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬) শ্রী আব্দুল মান্নান : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুবর্ণরেখা সেচ প্রকল্পের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) উক্ত প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এক্সিলারেটেড ইরিগেশন বেনিফিট প্রোগ্রাম বাবদ কী পরিমাণ অর্থ পাওয়া গেছে ; এবং

(গ) ওই প্রকল্পের অধীনে খরিফ ও রবি সেচে কত হেক্টর জমি সেচসেবিত হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সুবর্ণরেখা সেচপ্রকল্পের পরিকাঠামো নির্মাণের সমস্ত কাজ প্রায় সমাপ্ত। প্রকল্পের অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল (প্রশাসনিক অনুমোদন) না পাওয়ায় প্রকল্পের মূলকাজ এখনও শুরু করা যায়নি। প্রশাসনিক অনুমোদন পাওয়ার জন্য প্রকল্পটি উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরে পাঠানো হয়েছে। বিষয়টি বর্তমানে উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরের বিবেচনাধীন অবস্থায় আছে এবং আশা করা যায় যে ওই অনুমোদন খুব শীঘ্রই পাওয়া যাবে।

(খ) পশ্চিমবঙ্গের সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের এক্সিলারেটেড ইরিগেশন বেনিফিট প্রোগ্রামে অন্তর্ভুক্ত হয় ২০০১-০২ সালে। ওই বছরে ২.০৫ কোটি টাকা কেন্দ্রীয় ঋণ সহায়তা বাবদ পাওয়া যায়। পরবর্তী বছরে (অর্থাৎ ২০০২-২০০৩ সালে) এ.আই.বি.পি. খাতে এই প্রকল্পে কোনো টাকা পাওয়া যায়নি।

(গ) এই প্রকল্পের অধীনে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার কয়েকটি নির্দিষ্ট ব্লকে মোট ৯৯,২৪৮ হেক্টর জমি খরিফ মরশুমে এবং ৩০,৭৬৬ হেক্টর জমি রবি মরশুমে সেচসেবিত হবে বলে আশা করা যায়।

ভ্রূণ হত্যা

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৩) **শ্রী রামপদ সামন্ত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে বিশেষভাবে বড় বড় শহরে ভ্রূণে লিঙ্গ নির্ণয় করে কন্যা ভ্রূণ হত্যার নৃশংস চেষ্টা শুরু হয়েছে ;

(খ) সত্যি হলে, গত দু'বছরে ওইরূপ কতগুলি ঘটনা ঘটেছে ; এবং

(গ) এর প্রতিকারে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এরূপ কোনো সুনির্দিষ্ট অভিযোগ সরকারের কাছে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) (১) এরূপ ঘটনা যাতে না ঘটে সেজন্য প্রতিষেধমূলক ব্যবস্থা হিসাবে রাজ্য সরকার উপযুক্ত প্রচার মাধ্যম দ্বারা পি.এন.ডি.টি. অ্যাক্ট-এর

মূল উদ্দেশ্য এবং বিভিন্ন বিধি-নিষেধ সম্পর্কে জন সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করেছেন।

(২) এই আইন রূপায়ণের জন্য রাজ্য স্তরে এবং জেলা স্তরে অ্যাপ্রোপ্রিয়েট অথরিটি গঠন করেছেন।

(৩) এই আইনের সঠিকভাবে রূপায়ণের জন্য রাজ্য স্তরে সুপারভাইজরি বোর্ড গঠন করা হয়েছে।

(৪) এই আইনের রেজিস্ট্রেশনের বিভিন্ন ধারা এবং বিধি ভঙ্গ করার জন্য ১৬০টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received two notices of Adjournment Motions. The first one is from Shri Asit Mitra on the subject of reported land slide at different hill areas of Darjeeling, Kurseong and Kalimpong resulting in death of some people. And the second one is from Shri Asit Kumar Mal on the subject of non-availability of medicines in some hospitals in Birbhum district.

The subject matter of both the motions are not such that may call for adjournment of the business of the House. The Members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grants of the concerned departments which is now going on. Members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question etc. I, therefore, withhold my consent to both of the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত মিত্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল :

গত কয়েকদিন আগে দার্জিলিং, কার্সিয়াং, কালিম্পং-সহ অনেক জায়গায় ধ্বস নামার ফলে ১০ জন মারা যায়। বহু ঘর-বাড়ি নষ্ট হয় এবং সমস্ত রাস্তা বন্ধ হয়ে যায়। গতকাল ভোরে আবার ধস নামায় ১৮ জনের মৃত্যু হয় এবং মিরিক, কালিম্পং, কার্সিয়াং-সহ পাশের রাজ্য সিকিমের সঙ্গে সড়কপথে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। সব থেকে দুঃখের কথা রাজ্য সরকার সঠিক কোনো ব্যবস্থা না নেওয়ার ফলে দ্বিতীয়বার এই দুর্ঘটনা ঘটল। অবিলম্বে যুদ্ধকালীন ভিত্তিতে ত্রাণ-উদ্ধার কার্য এবং সড়কগুলিকে যান চলাচলের উপযোগী করার দাবি জানাচ্ছি।

শ্রী অসিতকুমার মাল : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল :—

সারা রাজ্যসহ বীরভূমের রামপুরহাট মহকুমা হাসপাতাল, বোলপুর ও সিউড়ি হাসপাতালে দীর্ঘদিন ধরে ঔষধপত্র নেই বললেই চলে। গরিব রোগীদের হাসপাতালে গেলেই অধিকাংশ ঔষধপত্র বাইরে থেকে কিনে আনতে হয়, যার মূল্য প্রচুর। যার ফলে গরীব মানুষের চিকিৎসা সরকারি হাসপাতালে করা কঠিন হয়ে পড়ছে। তাই জীবনদায়ী ঔষধসহ সাধারণ ঔষধপত্র যাহাতে হাসপাতালগুলিতে পাওয়া যায় তার ব্যবস্থা করতে অনুরোধ করছি স্বাস্থ্য দপ্তরের কাছে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received three notices of Calling Attention on the following subjects, namely :

Subjects	Name
(i) Reported landslide and flood in Darjeeling and Jalpaiguri districts causing loss of lives and properties	: Shri Abdul Mannan Shri Nirmal Das Shri Tapan Hore Shri Asit Mitra Shri Asit Kumar Mal & Smt. Santa Chhetri
(ii) Withdrawal of Higher Secondary course from degree colleges	: Shri Nepal Mahato
(iii) Reported suspension of toll collection at Durgapur-Kolkata Expressway from 1.7.03	: Shri Tapas Chattopadhyay & Shri Bhaktaram Pan

I have selected the notice of Shri Abdul Mannan, Shri Nirmal Das, Shri Tapan Hore, Shri Asit Mitra, Shri Asit Kumar Mal & Smt. Santa Chhetri on the subject of reported landslide and flood in Darjeeling and Jalpaiguri districts causing loss of lives and properties.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 15th July, 2003.

[12.10–12.20 p.m.]

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of Health & Family Welfare Department to make a statement on the subject of steps taken by the State Government regarding recent death of Children and others from an unknown disease and Kala-azar in several districts including Murshidabad and Birbhum in the State.

(Attention called by Shri Tapan Hore, Shri Asit Mitra and Shri Abdul Mannan separately on the 2nd July, 2003.)

Dr. Surjya Kanta Mishra :

Report on 'unknown disease' amongst the children below 5 years of age in the district of Murshidabad in May-June, 2003.

The information about the death of children in so called 'unknown disease' came to the notice of the Block Medical Officer of Health, Krishnapur Rural Hospital under Lalgola P.S. when one of the Health Assistants of Nasipur Gram Panchayat under Lalgola Development Block apprised him on 2.6.2003 about the affliction of a large number of children of Janardanpur, Natundearh, Kadamtala, Kunchidanga and Riyanpur villages. However, on enquiry it has been found that the first attack of the said 'unknown disease' could have occurred a couple of days earlier. The cases were initially being treated mainly in the said Rural Hospital. On 5.6.2003 a Medical Team was formed with the Dy. CMOH-II and other Officers of District Epidemic Cell who visited the affected areas and initiated necessary steps. On 7.6.2003 a Medical Camp was set up at Nasipur Gram Panchayat Office under the charge of a Medical Officer for 24 hours-treatment of patients. Subsequently two more Medical Camps were opened on 15.6.2003.

2. The Director of Health Services, West Bengal visited the affected area on 7th and 8th June, 2003. On 9.6.2003 the District Team and Block Team visited the affected villages and the camps. The National Institute of Cholera and Enteric Diseases (NICED) team visited Jangipur Sub-Divisional Hospital and collected blood

from patients admitted at SDH. On 10.6.2003 District Team and Block Team again visited the affected villages and the camp. On 11.6.2003 the team from National Institute of Virology (NIV), Pune visited Jangipur SDH and Krishnapur Rural Hospital and collected samples. On 12.6.2003 NIV team visited the affected villages and collected samples for laboratory tests. On 13.6.2003 a team from National another team from School of Tropical Medicine (STM), Kolkata visited the affected villages on 8th and 9th June, 2003.

3. From detailed enquiry it has been ascertained that during the period from 1.5.2003 to 22.6.2003 the death toll from the so called 'unknown disease' in those five villages of Lalgola Development Block was 23 in total out of total attack of 460 nos. of children.

4. The Chief Minister, West Bengal visited Murshidabad on 19th June, 2003. A meeting was held with the District Magistrate, Shabhadipati, CMOH and other officials of the district where the Principal Secretary, Health & Family Welfare Deptt. and the Director of Health Services were also present. He emphasized on immediate deployment of more number of Medical Personnel and also some Lady Medical Officers to combat the situation.

5. There were 24 different medicines in the stock of Chief Medical Officer of Health of Murshidabad. In addition, there were medicines of West Bengal State Health System Development Project. Again medicines were purchased for Rs. 20 lakh in the months of April-May, 2003 and also for another Rs. 20 lakh in the month of June, 2003. There was no shortage of medicine to combat the situation. 26 Doctors were sent from the Head Quarters in addition to the available Doctors of the Rural Health Centres, Sub-Divisional Hospitals and the District Hospitals. Most of these 26 Doctors attended the camp.

6. It is reiterated that the situation at Murshidabad is presently under control. The stock of medicines in the hospitals even in the Sub-centres has been made considerably adequate. The number of Medical Officers have been increased and they are attending the patients regularly in the Camps and in the Sub-centres also.

7. National Institute of Virology, Pune, after testing 30 samples of throat swab collected by them from the affected villages of

Murshidabad, has reported 16 of those 30 samples to be positive for **Influenza-A** type virus. Isolation of the said virus in tissue culture is, however awaited.

8. Administrative actions have been taken against the delinquent Doctors according to the Rules in vogue. Shri Adhir Ranjan Chowdhury, MP has filed a Writ Petition bearing No. 9768 (W)/2003 in the Hon'ble High Court at Kolkata. The matter being sub-judice at present, it is not desirable to go into further details.

Report on Kala-azar

In our State Kala-azar is prevalent in 11 districts viz. (1) Darjeeling, (2) Uttar Dinajpur, (3) Dakshin Dinajpur, (4) Malda, (5) Murshidabad, (6) Nadia, (7) North 24-Parganas (8) South 24-Parganas, (9) Hooghly, (10) Burdwan and (11) Birbhum. The total affected patients in those 11 Districts during the period from January to May, 2003 are 559 in total. Out of which 4 (four) deaths occurred during the said period 1 (one) person of Birbhum District, 2 (two) persons of Murshidabad District and another person of Uttar Dinajpur died of Kala-azar. In addition, one person of Birbhum District died in the month of June, 2003 raising the death toll to 2 (two) in the district of Birbhum.

2. The Deputy CMOHs of those 11 (eleven) districts have been supplied with Sodium Stibo Gluconate adequately from the National Anti-Malaria Programme, Government of India and from the Government of West Bengal both. 2538 vials have been distributed to those 11 districts during the period of January to June, 2003 for Kala-azar patients. The treatments are being made at BBHC level, in different hospitals of the Government and also in some referral hospitals of Kolkata.

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ৩ পাতার একটা বিবৃতি দিলেন সেটা ইংরাজিতে। উনি ইংরাজি এবং বাংলা দুটোই দিয়েছেন। কিন্তু ইংরাজি এবং বাংলায় ট্রানসেলেশনের একটু ডিফারেন্স আছে, হুবহু ট্রানসেলেশন করা নেই। উনি যেটা পড়লেন আমি সেটা থেকেই বলছি, উনি বলেছেন, মুর্শিদাবাদের শুধু লালগোলা ব্লকে ২৩ জন মারা গেছে আর কালাজ্বরে মারা গেছে ৪ জন অর্থাৎ টোটাল ২৭ জনের উনি হিসাব দিয়েছেন সারা রাজ্যের। মাননীয় মন্ত্রীমহাশয় যদিও মুর্শিদাবাদে যাননি, মাননীয়

মুখ্যমন্ত্রী গিয়েছিলেন, উনি মুর্শিদাবাদে গিয়ে ওখানকার সাংসদ শ্রী অধীর চৌধুরীর সঙ্গে কথা বলেছিলেন এবং ওনার কাছ থেকে একটা তালিকা চেয়েছিলেন। সেই তালিকার সঙ্গে আপনার দেওয়া যে সংখ্যা সেই সংখ্যাটা মিলছে না। আপনি যে সংখ্যার কথা বললেন সেই সংখ্যাটা কিসের ভিত্তিতে বলছেন ? কারণ লালগোলার বিধায়ক শ্রী আবু হেনা এখানে আছেন, উনি জানেন। আপনি যদি তাঁকে জিজ্ঞাসা করেন তাহলে তালিকা ধরে নাম দিয়ে উনি বলতে পারবেন যে সংখ্যাটা বেশি। কিসের উপর ভিত্তি করে এই সংখ্যাটা আপনি বলছেন ? সংবাদপত্রে দেখলাম, আপনি বলেছেন, এই রোগের কোনো ওষুধ বেরোয়নি। আপনি একজন ডাক্তার আবার স্বাস্থ্যমন্ত্রী হয়েছেন। আপনি আয়ুর্বেদ চিকিৎসার কথা বলেছেন সংবাদপত্রে দেখেছি। এটা কতটা সত্য এবং এর প্রতিকারের জন্য সত্যিকারের কি কোনো ওষুধ নেই সেই সম্পর্কে আপনি বলুন ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : প্রথম কথা, আপনি দুটো প্রশ্ন করেছেন। একটা হচ্ছে, তালিকা নিয়ে। এটা ঠিকই, অধীরবাবু একটা তালিকা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছিলেন। আমরা সেই তালিকাটা পুঙ্খানুপুঙ্খভাবে মিলিয়ে দেখেছি এবং সেই তালিকা দেখেই স্টেটমেন্ট দিয়েছি যে ২৩ জন মারা গেছে। এর সঙ্গে কালাজ্বরটা মেশাবেন না। কারণ যে ৪ জন কালাজ্বরে মারা গেছে তারা বিভিন্ন জেলার, সুতরাং এটার সঙ্গে সেটা মেশাবেন না। আমি ২৩ সংখ্যাটাই স্টিক করেছি। উনি নানারকম রোগ বিভিন্ন সময়ের বিভিন্ন বয়সের সব মিশিয়ে তালিকা দিয়েছেন। সেই তালিকায় এমন নাম আছে একই নাম দু-বার আছে, একাধিক আছে। এমন নাম আছে যার কোনো অস্তিত্ব নেই, এই রকম ঠিকানায় কোনো কিছু নেই। যাই হোক, আমি বিশদে যাচ্ছি না যেহেতু মামলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলছি, বিশদে এই বিষয়ে আলোচনায় যাওয়া উচিত হবে না, আদালতে যা বলার তা বলা হবে।

[12.20–12.30 p.m.]

শ্রী তপন হোড় : আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, মুর্শিদাবাদ বা বীরভূম এই যে কালাজ্বর বলুন বা আননোন ডিজিজ বলুন, এর মোকাবিলা করার জন্য প্রত্যন্ত গ্রামগুলিতে দেখা যাচ্ছে পরিকাঠামো ডেভেলপমেন্ট করার ক্ষেত্রে কিছু কিছু সমস্যা এখনও থেকে গিয়েছে, সেখানে রিচ করার কতকগুলি সমস্যা এখনও থেকে গিয়েছে। আর ডাক্তারদের সমস্যার কথা আপনারাও জানেন, আমরাও জানি যে ডাক্তারদের ব্যাপারে সমস্যা আছে কাজেই সে কথা বলে লাভ নেই। এই সমস্ত সমস্যার সমাধানের জন্য বেস লেভেলে মাল্টিপারপাস ওয়ার্কাস বলুন, সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের কর্মী যেমন আই.সি.ডি.এস. প্রজেক্টের কর্মী এদের বলুন, সব মিলিয়ে এই পরিকাঠামোটা ডেভেলপ করার ক্ষেত্রে কোনো ব্যবস্থা নিতে পারেন কিনা এবং ডাক্তার যেখানে পাওয়া যাচ্ছে না সেখানে আয়ুর্বেদ বা হোমিওপ্যাথি ডাক্তার এদের প্রত্যন্ত গ্রামগুলিতে বা হেল্‌থ সেন্টারগুলিতে দিতে পারেন কিনা দেখুন যাতে প্রতিরোধের ক্ষেত্রটাকে আরও ব্যাপক করা যায়। এ সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয়ের কোনো চিন্তা-ভাবনা আছে কি ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মুর্শিদাবাদে আমাদের সি. এম. ও. এইচের রিপোর্ট অনুযায়ী ৫১ জন ডাক্তার খালি ছিল, ২৬ জনকে পাঠিয়েছি। আমি আমার স্টেটমেন্টে সে কথা বলেছি। তারা ক্যাম্প করে ওখানে কাজ করছেন। যে এলাকায় এই আননোন ফিভার যেটাতে ইনফ্লুয়েঞ্জা এ ভাইরাস-এর কিছু সোর্স পাওয়া গিয়েছে—৩০টার মধ্যে ১৬টিতে—সেই এলাকায় আমরা পাঠিয়েছি, তারা ক্যাম্প করে কাজ করছেন। আমরা হেল্‌থ ওয়ার্কার্স ইত্যাদি সেখানে মবিলাইজ করেছি। কিন্তু আপনি যেটা বলছেন তার সঙ্গে সঙ্গে প্রতিরোধের ব্যাপারটা, ইনফ্লুয়েঞ্জা এ ভাইরাসের জন্য আমাদের দেশে কোনো প্রতিরোধ ব্যবস্থা চালু নেই। ইনফ্লুয়েঞ্জা কার এ হবে, কার বি হবে, না সি হবে, আরও অনেক স্টেন আছে, আমি সেসব টেকনিক্যাল ব্যাপারে যাচ্ছি না। মান্নান সাহেব আমাকে জিজ্ঞাসা করছিলেন, এর ট্রিটমেন্ট আছে কিনা, এর ট্রিটমেন্ট সম্পর্কে আপ টু ডেট জার্নালে কি আছে, মেডিসিন কি আছে এসব তো এখানে আলোচনা করা যায় না কাজেই আমি সে দিকে যাচ্ছি না। কিন্তু তার প্রতিষেধক কোনো টিকা আমাদের দেশে চালু নেই। বিদেশে আছে, ইংল্যান্ডে আছে। ৬০ বছরের বেশি লোকদের দেয়। আমি এসব কথায় যাচ্ছি না এখন। সাধারণভাবে রোগ প্রতিষেধক ক্ষমতা যেটার উপর আমরা বিশেষ গুরুত্ব আরোপ করি—পুষ্টি, স্যানিটেশানের স্ট্যাটাস, নিরাপদ পানীয় জল, যেসব রোগের টিকা আছে সেইসব টিকা দেওয়া বা স্বাস্থ্য সচেতনতা এইসব যে কাজ এই কাজের উপর আমরা বেশি গুরুত্ব ও অগ্রাধিকার আরোপ করি, করছি এবং করতে থাকব।

শ্রী অসিত মিত্র : মান্নান সাহেব এবং তপন হোড় মহাশয়ের প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রীমহাশয় কয়েকটি কথা বলেছেন। এই ঘটনাটা আপনার দপ্তরে আসে ৫ই জুন কিন্তু আসলে ঘটনাটা ঘটতে শুরু করেছে ২৭শে মে থেকে। লালগোলার নসিপুর গ্রামপঞ্চায়েতের বিভিন্ন গ্রামে এই জ্বর শুরু হয় যখন, তখন তারিখটা ছিল ২৭শে মে। কাগজে আমরা দেখেছি, আপনি যে কমিটি তৈরি করেছেন তারাও বলছে যে হ্যাঁ, মে মাসের শেষের দিক থেকে এটা শুরু হয় কিন্তু ৫ই জুন আমাদের কাজটা শুরু হয়। সেখানে আপনি নিজে গেলেন না কারণ আপনি বুঝতে পেরেছিলেন আপনার দপ্তরের ব্যর্থতা এমন একটা জায়গায় গিয়েছে যে সেটা আপনি ফেস করতে পারবেন না। পরে মাননীয় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন। আমাদের দলের লালগোলার মাননীয় সদস্য এ ব্যাপারে বাজেট আলোচনার সময় বিস্তারিতভাবে বলবেন। আমার প্রশ্ন, ২৭শে মে থেকে এটা শুরু হল আর ৫ই জুন আপনাদের কাজ শুরু হল, চিকিৎসা শুরু হল—এটা কেন ? আপনারা ঢক্কানিনাদ করে যেটা বলেছেন এবং আপনার রিপোর্টেও যেটা বলেছেন ডাক্তারবাবুদের ও সহকারী অন্যান্য কর্মচারীদের গাফিলতির জন্যই এটা হয়েছে এবং এই শিশু মৃত্যুর ঘটনা ঘটল। তা যদি ঘটে থাকে তাহলে সেই ডাক্তারদের বিরুদ্ধে এবং অপদার্থ সহকারী কর্মচারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা করেছেন ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনার অধিকাংশ কথার সঙ্গেই আমি সহমত পোষণ করি না। আমি সব কথার মধ্যে যাচ্ছি না কিন্তু এটা ঠিক নয় যে ৫ তারিখে চিকিৎসাটা আরম্ভ হল। যাঁরা সেন্টারে এসেছেন তাঁরা চিকিৎসা পেয়েছেন, আগেও পেয়েছেন। জ্বর হয়েছে, হঠাৎ করে

একটা জ্বরে বেশি সংখ্যক শিশু কয়েকটি জায়গাতে আক্রান্ত হওয়া এবং তার মৃত্যুহার বেড়ে যাওয়া এটা উদ্বেগের বিষয় একটা—এটা দু তারিখে বোঝা যায়। কারণ জ্বরটা শেষ পর্যন্ত কি সেটা আমরা বুঝতে পারিনি। ২ তারিখে বোঝা গিয়েছে, ৫ তারিখে যেটা বলছেন, ওইদিন টিম ওখানে গিয়েছে এবং সেখানে ক্যাম্প হয়েছে ইত্যাদি। সেখানে ডি.এইচ.এস গিয়েছেন এবং বিভিন্ন টিম গিয়েছে। প্রথমে তো বোঝা যায়নি কি ভাইরাস কি ব্যাপার। এটা তো পরে রিপোর্ট থেকে বোঝা গিয়েছে। তবে এটা ইনফ্লুয়েঞ্জা এ ভাইরাস, তবে বি-ও হতে পারে, এন.আই.সি.ই.ডি.-র রিপোর্টে সেটা নিশ্চিত নয়। তবে ৩০টির মধ্যে ১৬টি এ ভাইরাস পজেটিভ। তবে ভাইরাস এখনও আইসোলেট হয়নি হয়ত। ভাইরাস আইসোলেট হতে সময় লাগে। সেটা আমরা অপেক্ষা করছি, কারণ এইরকম একটা অজানা ব্যাপার। তবে যে প্রক্রিয়ায় দেখা উচিত সেটা দেখা হয়েছে। ২-১টি জায়গায় ঘাটতি থাকতে পারে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। তদন্ত করে সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই ব্যাপারে যা করবার সেটা আইনসম্মতভাবেই করছি। আমি বললাম এই ব্যাপার নিয়ে মামলা রুজু আছে, সেইজন্য বিশদ তথ্যে যেতে চাচ্ছি না।

মিঃ স্পীকার : Now, the Minister-in-charge of Public Works Department will make a statement on the subject of proposed construction of bridge over the river Bhairab connecting Karimpur, Nadia and Damkals Murshidabad.

(Attention called by Shri Prafulla Kumar Bhowmick on the 3rd July 2003.)

শ্রী অমর চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলায় ডোমকল এবং নদীয়া জেলায় করিমপুরের মধ্যে ভৈরব / জলঙ্গী নদীর উপরে সেতু নির্মাণ ও সেতুর উভয় পার্শ্বে সংযোগকারী রাস্তা নির্মাণ প্রকল্পটি ২৩.৫.২০০২ তারিখের ৯৪১-আর / পি এল নং সরকারি আদেশনামায় ৮,৫৮,৩৮,৩০০.০০ টাকা প্রাক্কলিত মূল্যে প্রশাসনিকভাবে অনুমোদিত হয়েছে এবং জুন-জুলাই ২০০২ সালে দরপত্র আহ্বান করা হয়। সেচ ও জলপথ দপ্তরের মতামত অনুযায়ী সেতুর উচ্চতা বৃদ্ধি পাওয়ায় সেতুর উভয় প্রান্তে সংযোগকারী রাস্তা নির্মাণ করতে হবে।

মজুরিকৃত প্রাক্কলনের মধ্যে ৪০.০০ লক্ষ টাকা ভূমি অধিগ্রহণ ক্ষতিপূরণ অন্তর্ভুক্ত করা আছে। মুর্শিদাবাদ জেলার দিকে ভূমি অধিগ্রহণ ক্ষতিপূরণ হিসাব ভূমি অধিগ্রহণ কালেক্টারের কাছ থেকে পাওয়া গেছে, যার মূল্য ৩৬.০০ লক্ষ টাকা এবং তাছাড়া প্রায় ১৮ লক্ষ টাকা এককালীন অর্থ জমা চেয়েছে। নদীয়া জেলার দিকে ভূমি অধিগ্রহণের জন্য নদীয়া ভূমি অধিগ্রহণ কালেক্টারের ৫০ শতাংশ অর্থ সরবরাহ করা না হলে ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করবে না বলায়, এই দপ্তর থেকে করিমপুরের দিকে ৭১.০০ লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসেবে আনুমানিক ব্যয় ধার্য করা হয়েছে। সুতরাং ভূমি অধিগ্রহণ ক্ষতিপূরণের মোট মূল্য ১০৭ লক্ষ টাকার মধ্যে প্রাক্কলনের ধার্য ৪০ লক্ষ টাকা মঞ্জুরীকৃত মূল্যের চেয়ে ৬৭.০০ লক্ষ টাকা বৃদ্ধি পাবে।

দরপত্র মূল্যের মধ্যে মূল্যবৃদ্ধির প্রস্তাবনা আছে—যেটা ওয়ার্ক অর্ডার দেওয়ার আগে অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন। এ ব্যাপারে প্রস্তাব অর্থ বিভাগে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

[12.30–12.40 p.m.]

LAYING OF REPORTS

Audit Certificate, Certified Accounts and Audit Reports on the accounts of the Commissioners for the Rabindra Setu for the years 1995-96, 1996-97, 1997-98, 1998-99, 1999-2000, 2000-01 and 2001-02

Shri Amar Chowdhury : Mr. Speaker, Sir, with your kind permission I beg to lay the Audit Certificate, Certified Accounts and Audit Reports on the accounts of the Commissioners for the Rabindra Setu for the years 1995-96, 1996-97, 1997-98, 1998-99, 1999-2000, 2000-01 and 2001-02.

Annual Report and Accounts of the Greater Calcutta Gas Supply Corporation Limited for the year 2001-2002

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Report and Accounts of the Greater Calcutta Gas Supply Corporation Limited for the year 2001-2002.

Annual Reports and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the years 2000-01 and 2001-02

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Reports and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the years 2000-01 and 2001-02.

Twenty Second Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 1994-1995

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Twenty Second Annual Report

and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 1994-1995.

Twenty third Annual Report and Accounts of the Infusions (India) Limited for the year 2000-01

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the 23rd Annual Report and Accounts of the Infusions (India) Limited for the year 2000-01.

Annual Accounts & Audit Reports of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the years 1998-99 and 1999-2000

Shri Prabodh Chandra Sinha : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Accounts & Audit Reports of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the years 1998-1999 and 1999-2000.

Mr. Speaker : I like to inform the Hon'ble Members that the House will adjourn at 1 O'clock and meet again at 1.45 p.m. Because, this morning the former Minister of State, Shri Abdul Bari has expired and his deadbody will arrive in the Assembly, Members who would like to pay their last respect, those who wish to show their last respect, they can do so. The House will adjourn at 1 O'clock and meet again at 1.45 p.m. I shall try to accomodate as many Mention cases as possible by that time. Members are requested to be brief.

MENTION

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া-ঝালদা থানায় প্রাথমিক শিক্ষার অবস্থা ভয়াবহ। পুরুলিয়ায় ১৩৭টি স্কুলে শিক্ষক নেই। ঝালদাতে ১২২টি স্কুলে শিক্ষক নেই। শিক্ষকের অভাবে স্কুলে পড়াশুনা হচ্ছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করব, অবিলম্বে সেখানে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করুন। দীর্ঘদিন ধরে শিক্ষক নেব নেব করে অনেকদিন পার করেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে শিক্ষক নিয়োগ করে পড়াশুনার পরিবেশ যাতে ফিরে আসে তার ব্যবস্থা করুন।

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসে একটি বিষয় উল্লেখ করছি। আজকে সকালে এখানে পদাতিক কবি সুভাষ মুখোপাধ্যায়-এর স্মৃতিতে শোক প্রস্তাব গ্রহণ করে আমরা তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছি। গতকাল তিনি বেলভিউ নার্সিংহোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। পদাতিক কবি ১৯৪১ সালে কমিউনিস্ট পার্টির সদস্য হয়েছিলেন। যিনি আমাদের দেশের মান সম্মান, সারা পৃথিবীর সামনে আমাদের বাংলার মান মর্যাদাকে তুলে ধরেছিলেন তাঁর লেখনীর মধ্যে দিয়ে, সেই পদাতিক কবির স্মৃতির প্রতি শ্রদ্ধা আমরা জানাই। গতকাল তিনি মারা যান—তাঁর মৃত্যুর আগে '৮২ সালে তিনি কমিউনিস্ট পার্টি থেকে সংযোগ বিচ্ছিন্ন করেন এবং শেষের দিকে শেষ পর্যন্ত তিনি তৃণমূল কংগ্রেসের সঙ্গে সম্পর্ক করেছিলেন। তিনি ২৮শে জুন হাসপাতালে ভর্তি হন। তাঁর জীবদ্দশায়, তিনি ঠিক করেছিলেন '৯৩ সালের ৮ই মার্চ, স্বেচ্ছাসেবী সংস্থা গণদর্পণের অঙ্গীকারপত্রে, স্ত্রী গীতা দেবী এবং মেয়ে কৃষ্ণকলি রায়কে সাক্ষী রেখে মরণোত্তর দেহ দান করবেন বলে সই করেছিলেন। তাঁর মৃত্যুর পরে গণদর্পণের সেই ব্রজবাবু সেখানে তিনি ছুটে গিয়েছিলেন। আমরা লক্ষ করলাম, সেখানে গীতা বন্দ্যোপাধ্যায় তিনিও অসুস্থ, তিনিও চিকিৎসার জন্য হাসপাতালে আছেন, সুভাষবাবু যখন অসুস্থ অবস্থায় এস এস কে এম হাসপাতালে ভর্তি ছিলেন, আমিও সেখানে দেখতে গিয়েছিলাম।

তৃণমূল নেত্রী,—সুভাষবাবু যে অঙ্গীকার করে গিয়েছিলেন, '৯৩ সালের ৮ই মার্চ,—সেই মৃতদেহকে নিয়ে যে রাজনীতি করলেন, তিনি কয়েকটি জায়গায় নিয়ে গিয়েছিলেন। সাধারণত রাজ্য সরকার থেকে যে ব্যবস্থা করেন বাংলা আকাদেমিতে নিয়ে যাওয়ার প্রস্তাব করেন তিনি বলেছিলেন না। একবার গীতা বন্দ্যোপাধ্যায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম বলছেন, আবার মমতা বন্দ্যোপাধ্যায় গীতা বন্দ্যোপাধ্যায়ের নাম বলছেন, এই নিয়ে তিনি যা করলেন এবং শেষ পর্যন্ত তাঁর দেহ কেওড়াতলা মহাশ্মশানে নিয়ে যাওয়া হয় এবং সেখানে দাহ করা হয়। এই ব্যাপারে বলি, তাঁর প্রতি যে অবমাননা এতবড় কবি, এতবড় লেখক, তিনি বহু কবিতা লিখেছিলেন, তিনি এক জায়গায় বলেছিলেন, 'ফুলগুলি সরিয়ে নাও, আমার লাগছে'। যারা তাঁর মৃতদেহ বহন করছিলেন, তিনি যদি বেঁচে থাকতেন, তাহলে বলতেন, এদেরকে সরিয়ে নাও, এদের নিঃশ্বাসেও আমার ব্যথা লাগছে। আমাদের দেশের একজন মানুষের প্রতি এইরকম একটা কাজ যারা করল, তাদের প্রতি নিন্দা করার কোনো ভাষা আমার নেই। তাঁর স্ত্রী এবং তাঁর পরিবারবর্গের প্রতি শ্রদ্ধা জানাই এবং এরা যে কাজ করল তার প্রতি আমি নিন্দা জানাচ্ছি, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৭ তারিখে কৃষ্ণনগর কোতোয়ালি পুলিশ স্টেশনের একজন অফিসার ইনচার্জ, যিনি এগারো মাস আগে ওখানে ছিলেন এবং ওখান থেকে বদলি হয়ে গিয়েছিলেন ব্যারাকপুর ট্রেনিং স্কুলে। একটা সাক্ষ্যর জন্য তিনি সেখানে যান এবং সেখানে তিনি রাত্রিবাস করার জন্য পুলিশ আবাসিক স্থলে ছিলেন। কিন্তু ৮/৭/০৩ তারিখে সকাল ১১টার সময় জানা যায়, তার নাকমুখ দিয়ে রক্ত

বেরুচ্ছে এবং দরজা বন্ধ করে রয়েছেন। একজন পুলিশ, অফিসার ইনচার্জ সে সাক্ষ্য দেবার জন্য নদীয়া জেলার হেডকোয়ার্টার কৃষ্ণনগরে পুলিশের আবাসস্থলে ছিলেন এবং তিনি সেখানে মারা গিয়েছেন। বর্তমানে পুলিশের অফিসার যারা রয়েছেন তারা কেউ কেউ বলছেন তিনি আত্মহত্যা করেছেন, কেউ কেউ বলছেন না তাঁকে খুন করা হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, অনতিবিলম্বে, যিনি এগারো মাস আগে কৃষ্ণনগর কোতোয়ালি পুলিশ স্টেশানের অফিসার ইনচার্জ ছিলেন, তিনি সেখানে একটা মামলায় সাক্ষ্য দিতে এসে, কৃষ্ণনগর শহরের মধ্যস্থলে পুলিশ আবাসিকের জায়গায় আত্মহত্যা করেন নাকি খুন হন, এই ব্যাপারে উপযুক্ত তদন্ত করার জন্য আমি দাবি জানাচ্ছি। স্যার, পুলিশের যদি নিরাপত্তা না থাকে, তাহলে পশ্চিমবঙ্গে খুন সন্ত্রাস আজকে কোন জায়গায় পৌঁচেছে এটা আমরা বুঝতে পারছি না। একজন পুলিশ অফিসার সাক্ষ্য দিতে গিয়ে তিনি কিসের দ্বারা মৃত্যুমুখে পতিত হলেন, এই সন্ত্রাস বন্ধ করার জন্য আমি বলছি। এটা সন্ত্রাস নাকি খুন, একটা কোয়ার্টারের মধ্যে যেখানে অনেক পুলিশ অফিসার থাকেন, সেখানে কি করে তিনি খুন হলেন ?

[12.40–12.50 p.m.]

বিভিন্ন পুলিশ অফিসার যারা বাইরে থেকে ওখানে যান তারা সেখানে থাকেন। কৃষ্ণনগর শহরে, ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে একজন খুন হন বা আত্মঘাতী হন। মাননীয় মুখ্যমন্ত্রী, তথা পুলিশমন্ত্রীর কাছে আমার অনুরোধ অনতিবিলম্বে এই ব্যাপারে তদন্ত করা হোক এবং দোষীদের খুঁজে বার করা হোক। যদি তিনি আত্মহত্যাও করে থাকেন, কার জন্য আত্মহত্যা করল সেটাও তদন্ত করে দেখা হোক। শুনেছি সেখানে একটা সুসাইডাল নোট পাওয়া গেছে, সেটা ওনার হাতের লেখা কিনা জানি না। অনতিবিলম্বে এর তদন্ত করে তা জনগণকে জানানো হোক।

শ্রী মানিকলাল আচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০১ সালে অভিযোগ করা হয়েছিল কুলটি পৌরসভায় কোটি কোটি টাকা তছনছ করা হয়েছে এবং বে-আইনিভাবে ফান্ড ডাইভারশান করা হয়েছে এই ব্যাপারে তখন তদন্তও করা হয়েছিল। এই ব্যাপারটি নিয়ে আমরা বার বার পৌরমন্ত্রীর সঙ্গে দেখা করেছি, চিঠিপত্র দিয়েছি। কিন্তু এখনো পর্যন্ত কুলটি পৌরসভার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। অবিলম্বে সেখানে ব্যবস্থা গ্রহণের জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং গভর্নমেন্ট চিফ হুইপের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা বিধায়করা যখন বিভিন্ন জেলায় যাই কোনো কাজে, তখন সেখানকার সার্কিট হাউসে ঘর খালি থাকলে থাকি এবং তার জন্য একটা মিনিমাম চার্জ আমাদের দিতে হয়। কিন্তু কিছুদিন আগে আমি এবং আমার পাশে বসা শ্রী সৌমেন্দ্রনাথ মিত্র মহাশয় কোচবিহারে গিয়েছিলাম। সেখানকার তিক্ত অভিজ্ঞতার কথা আমি আপনাকে বলছি।

সেখানে গিয়ে দেখলাম সেই জেলার দুজন মন্ত্রী সার্কিট হাউসে দুটো ঘর পার্মানেন্টলি নিয়ে রেখেছেন এবং তার বাড়ির লোকেরা সেখানে রান্না করে খাচ্ছেন। এদিকে সেখানে এম.এল.এ-রা গিয়ে জায়গা পাচ্ছেন না। জেলায় মন্ত্রীদের মিটিং থাকলে নিশ্চয় তারা সার্কিট হাউসে গিয়ে থাকবেন। কিন্তু জেলার মন্ত্রীরা দয়া করে সার্কিট হাউসের ঘর দখল করে রাখবেন না। আমি সেই মন্ত্রীদ্বয়ের নাম হাউসে বলছি না, তারা নিজেরাই ব্যাপারটা বুঝতে পারছেন। স্যার, এই ব্যাপারে আমি আপনার হস্তক্ষেপ চাইছি এবং ভবিষ্যতে যাতে এই ধরনের ঘটনা না ঘটে সেটা দেখার জন্য অনুরোধ করছি।

শ্রী জয়ন্ত চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষ্ণুপুর ঘরানার কিংবদন্তি কবি, যার নাম সারা ভারতবর্ষ জুড়ে রয়েছে এবং যিনি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম সংগীত গুরু ছিলেন, তার নাম যদু ভট্ট। তার জন্মস্থানটি আজকে অবহেলায়, জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছে। ওই স্থানটির সংরক্ষণ এবং তার একটা সৌধ নির্মাণ করার জন্য আমি অনুরোধ করছি। তাছাড়া বিষ্ণুপুরের আরেকজন ভারত বিখ্যাত সংগীতজ্ঞ গোপেশ্বর মহাশয়ের কথা আপনারা জানেন। তার স্ত্রী গৌরী দেবী এবং তার এক পালিত কন্যা আজকে অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছেন। তারা সামান্য মাসিক অনুদান পেয়ে থাকেন, সেই মাসিক অনুদান যাতে বর্ধিত হারে পান তার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী সুভাষ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র ভাতার। সেখানে দুটি গুরুত্বপূর্ণ রাস্তা ভাতার-মালডাঙা এবং বলগণা-চন্দ্রপুর, এই রাস্তা দুটির অবস্থা খুবই খারাপ। ভাতারের এক চতুর্থাংশ মানুষ সেখান দিয়ে যাতায়াত করে। তাছাড়া মন্তেশ্বর এবং কাটোয়া এলাকার মানুষও ওখান দিয়ে যাতায়াত করেন। বর্ষা হলে পরে ওই রাস্তাটির অবস্থা খুবই খারাপ। অবিলম্বে ওই রাস্তা দুটি মেরামত করার জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কমল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চন্দননগর পৌর নিগম এলাকায় জল-কর নেওয়া শুরু হয়ে গেছে এবং সর্বোচ্চ হারে। চন্দননগরে বিভিন্ন ওয়ার্ডে পানীয় জলের অভাব দীর্ঘদিন ধরে চলছে। মানুষ ডেমনেস্টেশনও দিচ্ছে—যাতে নিয়মিত এবং পর্যাপ্ত পরিমাণে পানীয় জল দেওয়া হয়। যারা এই কাজ তদারক করছে, সেই কর্তৃপক্ষরা একটাই কথা বলে—চন্দননগর কোন্দলপাড়ায় ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু না হওয়া পর্যন্ত এই সমস্যা থাকবে। এই ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টটি যাতে চালু হয় সত্বর এবং জল-কর যা সর্বোচ্চ হারে চালু হয়েছে, সেটা যেন বাড়ির ট্যাক্সের থেকে বেশি না হয়, সেই ব্যবস্থা করবেন, এই দাবি করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ সাহেব, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় অজানা রোগে বেশ কিছু শিশু মারা যায়।

তারপর মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে গিয়ে ব্যবস্থা নেওয়ায় সারা জেলায় একটা পরিবেশ তৈরি হয়েছে। কিন্তু সূতি বিধানসভা এলাকায় আয়রন ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও মহেশ ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চিকিৎসার পরিবেশ এখনও গড়ে ওঠেনি। সেখানে সাপে ও কুকুরে কামড়ানোর ওষুধ পাওয়া যাচ্ছে না। ইতিমধ্যে কয়েকজন ওষুধবিহীন অবস্থায় মারা গেছে। গ্রামের মানুষও নন-রেজিস্টার্ড গ্রামের চিকিৎসকদের হাতে চিকিৎসিত হয়ে মারা যাচ্ছে। এই অবস্থায় মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ, ওই হাসপাতালদ্বয়ে রোগীদের উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করুন।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলার 'নন্দীগ্রাম ১ ব্লকে ৭নং জলপাইগড়চক্রবেড়িয়া অম্বিকা গোলাপ স্মৃতি বিদ্যাপীঠ' একটি জুনিয়ার হাইস্কুল। সেখানে সংখ্যালঘু ও তপশিলি জাতির বসবাস, তারা সেখানেই পড়াশোনা করে। ওই জুনিয়ার হাইস্কুলটিকে মাধ্যমিক স্কুলে উন্নীত করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

শ্রী রতন দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কালনা মহকুমায় সরকারিভাবে একটিমাত্র জুনিয়ার বেসিক কলেজ, বিদ্যানগরে অবস্থিত। বহুদিন পূর্ব থেকেই সেখানে মেয়েরা পড়াশোনার সুযোগ হারিয়েছে। কলেজটির এমন অবস্থা হয়েছে যে, যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। পুনরায় সেখানে মহিলাদের পড়াশোনার ব্যবস্থা চালু করার জন্য আবেদন করছি।

[12.50–1.00 p.m.]

শ্রী গুরুপদ দত্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা ঠিকই যে আমাদের রাজ্য শিক্ষার বাতাবরণের জন্য ব্যাপক ছাত্রছাত্রী বিদ্যালয়গুলিতে ভিড় করছে। এতে একটা সমস্যা তৈরি হয়েছে। উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীরা বাণিজ্যবিভাগে পড়তে যাচ্ছে। কিন্তু এখন হায়ার সেকেন্ডারি স্কুলগুলিতে কমার্স স্ট্রিম উঠে যাওয়ার মুখে। তাছাড়া আমাদের রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলিতে বহু শূন্যস্থান রয়েছে। শিক্ষকপদে নিয়োগ হচ্ছে না। তাই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, শিক্ষাবিভাগে কমার্সে চাকরি পাওয়ার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করুন। মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়ায় ব্যাপকভাবে লোডশেডিং হচ্ছে। প্রত্যেকদিন ৮ থেকে ১০ ঘণ্টা লোডশেডিং থাকার কারণে সন্ধ্যার সময় ছাত্রছাত্রীরা পড়াশোনা করতে পারছে না। বিদ্যুৎ সরবরাহ যাতে ভালোভাবে হয়, তারজন্য বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কালিগঞ্জ ব্লকের জগৎখালি বাঁধের ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করুন। দু হাজার সালের বন্যায় জগৎখালি বাঁধ বিধ্বস্ত হয়ে পড়েছে। জেলা পরিষদের হাতে সেচ দপ্তর এই বাঁধের প্রশস্তিকরণ এবং দৃঢ়করণের কাজ দিয়েছে। কিন্তু সেই বাঁধের প্রশস্তিকরণ এবং দৃঢ়করণের কাজ হয়নি। এটা না হলে উত্তরবঙ্গে বন্যা হলে জগৎখালি বাঁধের অবস্থা শোচনীয় হবে। তাই এটা জরুরিকালীন ভিত্তিতে এই বাঁধের দৃঢ়করণ এবং প্রশস্তিকরণ করা দরকার।

শ্রী মুজিবর রহমান : স্যার, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের তিনটি গ্রামীণ হাসপাতাল, তিনটি প্রাথমিক হাসপাতাল আছে। সেখানে ঠিকমতো ওষুধ সরবরাহ হয় না। কানাপুকুর, খড়িবোনা, নসিপুর এই তিনটি গ্রামীণ হাসপাতালে চিকিৎসা হওয়ার পরে গরিব মানুষরা ওষুধ পায় না। তাদের বাইরে থেকে কিনে আনতে হয়। সুন্দরপুর অঞ্চলের রুরাল হাসপাতাল বন্ধ হওয়ার মুখে। ওই হাসপাতালে স্থায়ীভাবে ডাক্তার নেই। গরিব মানুষরা যাতে সঠিকভাবে চিকিৎসা পায়, তার ব্যবস্থা করবেন। আর ফুলপুর, রুইমারি, হাবাসপুর এই তিনটি প্রাথমিক হাসপাতালে ঠিকমতো ডাক্তার থাকে না। সপ্তাহে দু একদিন আউটডোরে ডাক্তার বসে। এই ব্যাপারে দেখবেন এবং মানুষ যাতে সঠিকভাবে চিকিৎসা পায় তার জন্য দাবি জানাচ্ছি।

শ্রীমতী শামপিয়ারী মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় তিন বছর হল পুরুলিয়া জেলার যানবাজার এক এবং দু নাম্বার ব্লকে ৪টি ১৫০ এইচ পি পাম্প এবং পাইপ পড়ে রয়েছে। বারবার বলা সত্ত্বেও কোনো কাজ হয়নি। এই পাম্পগুলি অনতিবিলম্বে বসানো হয় তার জন্য সেচ দপ্তরের কাছে দাবি রাখছি। এতে চাষিরা উপকৃত হবে এবং ১১৮টি মৌজার চাষিরা দু তিনবার চাষ করতে পারেন।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতবারও এই বিষয়ে বলেছি। কাটোয়া কলেজ থেকে উচ্চমাধ্যমিক স্তরে লেখাপড়া বন্ধ করে দেওয়া হয়েছে। পরবর্তী সময়ে ছেলেদের পড়াশোনার সুযোগ হলেও উচ্চমাধ্যমিক স্তরে পড়াশোনার জন্য নতুন কোনো বিদ্যালয় স্থাপিত হয়নি। তার মধ্যে আবার বিজ্ঞান বিভাগে পড়াশোনার স্কুল আরও কমে গেছে। যে সমস্ত কলেজে বিজ্ঞান পড়ার সুযোগ পেত সেগুলোও বন্ধ হয়ে গেছে, মেয়েরা বিজ্ঞান পড়ার সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। এই বছর যাতে অবিলম্বে বিজ্ঞান বিভাগে মেয়েদের পড়াশোনার সুযোগ করে দেওয়া হয় তার জন্য মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্র

ওন্দাতে নবাঁধা, জয়কেষ্টপুর রাস্তাটি দীর্ঘদিন ধরে বাস চলাচলের, গাড়ি চলাচলের অযোগ্য হয়ে আছে। ওই রাস্তাটি মেরামতের জন্য জেলাপরিষদ কর্মাধ্যক্ষ এবং প্রশাসনের কাছে দরবার করেছে। আজ পর্যন্ত সে রাস্তাটি সংস্কারের কোনো ব্যবস্থা হয়নি। সেজন্য বাধ্য হয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই রাস্তাটি সত্বর মেরামত করে ওই এলাকার গরিব চাষিদের মাল দুর্গাপুর বাঁকুড়ায় চলাচল করতে পারে।

Shri Badal Jamadar: Mr. Speaker Sir, I draw the attention of our Hon'ble Health Minister. Sir, the scheme, Community Health Guide has come to a moribund condition due to the negligence of the Union Government. I draw the attention of the Hon'ble Health Minister and ask him to rejuvenate this scheme for our beloved slogan 'Health for All' by increasing allowance of this component upto Rs. 500. Thank you, Sir.

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলায় রায়না থানার অন্তর্গত সড়গাই থেকে কয়লাঘাটা, শ্যামসুন্দর থেকে পহলান এবং রায়না থেকে দামুন্না এই রাস্তাগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। যানবাহন চলাচল করতে পারছে না। যে কোনো মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। তাই অতি সত্বর এই রাস্তাগুলো মেরামত করার দাবি রাখছি।

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমের ব্রাহ্মণী নদীতে রায়পুর বাঁধ গত কয়েক বৎসর আগে সেচ দপ্তর কয়েক লক্ষ টাকা খরচ করে করেছিল। সেই বোল্ডার পিচিং বাঁধে ধ্বস নেমেছে। অতি সত্বর সেই বাঁধ যদি সেচ দপ্তর মেরামতের ব্যবস্থা না করে তাহলে রায়পুর, মকরমপুর, কালুপুর, বেড়াশিমূল কল্যাণপুর, কামালপুর, বালসা ২০ খানা গ্রাম ধুলিসাৎ হয়ে যাবে। এখানকার গ্রামবাসী অত্যন্ত আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে। অতি সত্বর সেচ দপ্তর যদি এই বাঁধ বাঁধার ব্যবস্থা করেন, এই দাবি রাখছি।

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : স্যার, আপনি জানেন, "কত না হাজার ফুল, ফোটে ধরণীতে, কিছু ফুলে গাঁথা হয় মালা, বাকি ফুল ঝরে যায় ধরণীতে অনাদরে"। আমার পাঁশকুড়া এক নম্বর, দু নম্বর ব্লকের ফুল রাজ্যের বাইরে যায়। আমাদের ওখানে গ্ল্যাডিওলা, চন্দ্রমল্লিকা বিদেশে রপ্তানি করার যথেষ্ট সম্ভাবনা আছে। আমি স্যার দাবি জানাচ্ছি যে পাঁশকুড়া এক নম্বর, দু নম্বর ব্লককে এক্সপোর্ট জোন হিসাবে ঘোষণা করা হোক। রাজ্যের উদ্যানপালন মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এই ব্যাপারে তিনি উদ্যোগ গ্রহণ করুন।

[1.00–1.45 p.m. (including adjournment)]

শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোপীবল্লভপুর

ঝাড়খণ্ড রাজ্য এবং ওড়িশা রাজ্যের সীমান্ত এলাকায়, ওই এলাকায় তফসিলি জাতি ও উপজাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষের বসবাস। শিক্ষা সম্প্রসারণের স্বার্থে ওই এলাকায় আরও কয়েকটি উচ্চবিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করার জন্য শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ জাহাঙ্গীর করিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বি.পি.এল. কার্ড দেওয়া হচ্ছে ৪২,৫১,৮২৩। আগে আর্থিক অবস্থার উপরে ভিত্তি করে বি.পি.এল. কার্ড প্রাপকদের নির্ধারণ করা হত। এখন কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছে ২৭৪.৩৫ টাকার কম যারা রোজগার করে তাদের এই তালিকায় আনতে হবে। আয় যদি প্রাপক নির্ধারণের ভিত্তি হয় তাহলে এই আর্থিক অবস্থাটা পরিবর্তনশীল, এটা প্রতিনিয়ত চেঞ্জ হচ্ছে। তাই এই বি.পি.এল. কার্ড দেওয়ার প্রক্রিয়াকে ধারাবাহিকভাবে যদি রাখা হয় তাহলে আসল প্রাপককে ঠিক করতে পারব। এই প্রক্রিয়া সারা বছরই ধারাবাহিকভাবে রাখার জন্য আবেদন জানাচ্ছি।

মিঃ স্পীকার : এখন বিরতি, আমরা আবার ১.৪৫ মিনিট সময়ে মিলিত হব।

(After Adjournment)

LEGISLATION

The West Bengal Panchayat (Amendment) Bill, 2003.

Dr. Surya Kanta Mishra : Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 2003.

(Secretary then read the Title of the Bill)

Mr. Deputy Speaker : There is one motion for circulation of the Bill by Shri Deba Prasad Sarkar. I would now call upon Shri Deba Prasad Sarkar to move his motion.

শ্রী দেবপ্রসাদ সরকার : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st october, 2003. স্যার, আমি এই মোশান মুভ করতে চাই এইজন্য যে, অ্যাকচ্যুয়ালি এই ডেমোক্র্যাটিক উপায়ের মাধ্যমে কতগুলো ক্ষেত্রে বাড়ানো হয়েছে। এটার মধ্যে কতগুলো প্রভিশন রয়েছে যেমন, স্টেটমেন্টস অফ অবজেক্টস অ্যান্ড রিজনসের ক্লজ টু সি-তে বলা হয়েছে provide for levy of additional fees on village produce sold in the village market organised by the Gram Panchayat and fees on display of commercial advertisement by hoarding, wall paintings etc. এই একটা ব্যাপার আছে। যেটা ক্লজ ফাইভে আছে। ফলে লেভি ট্যাক্সেশনের কতগুলো আশঙ্কা দেখা যাচ্ছে। এগুলো পরিষ্কার হওয়া দরকার।

দ্বিতীয়ত, গ্রাম পঞ্চায়েতের অনেকগুলো উপ-সমিতি করা হচ্ছে। মানে, স্ট্যান্ডিং কমিটি। তাতে ফিন্যান্সিয়াল কিছু এক্সট্রা বার্ডেন এসে যাচ্ছে কিনা এবং তাতে পঞ্চায়েতের উন্নয়নের কাজ করার ক্ষেত্রে আর্থিক কোনো কাট-ছাট করতে হবে কিনা, ইত্যাদি নানান বিষয় আছে। তাই বলছিলাম, 'টু এলিসিট পাবলিক ওপিনিওন'। এটা যদি সার্কুলেট করা হয় তাহলে সমস্ত দিক থেকে বিষয়গুলো দেখা যেতে পারে। সেইজন্য বিলটাকে সার্কুলেট করতে বলছি ২০০৩ সালের ৩১শে অক্টোবরের মধ্যে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয়, যেটা বললেন তার সঙ্গে আমি সহমত পোষণ করতে পারছি না। কারণ, আমাদের পঞ্চায়েত নির্বাচন হয়েছে, কর্মকর্তারা দায়িত্ব গ্রহণ করছেন। আমরা চাই তারা এবার থেকে কাজ শুরু করতে পারেন। আমরা জনগণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। উনি কয়েকটা বিষয়ে সংশোধনের ব্যাপারে বললেন। তার পরিপ্রেক্ষিতে বলছি, আমাদের ফিন্যান্সিয়াল মেমোরেন্ডামে আছে যে এক্ষেত্রে টাকা-পয়সা কিছু খরচ হবে না। বাকি বিষয়গুলো আমি আলোচনার সময় বলব। তবে এটাকে আমি সিলেক্ট কমিটিতে রেফার করার বিষয়টা গ্রহণ করতে পারছি না, এটা আজকেই সেটেল করতে হবে।

The motion of Shri Debaprasad Sarkar that the Bill be circulated for the purpose of eleciting public opinion by 31st October, 2003 was then put and last.

[1.50–2.00 p.m.]

Dr. Surja Kanta Mishra : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 2003 be taken into consideration.

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিলটি আজকে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহাশয় আমাদের সামনে উপস্থাপিত করেছেন—উনি একটু আগে বললেন যে, এটা এত জরুরি যে, আজকের মধ্যে এটা এখানে পাশ করাতে হবে। যাই হোক এই বিলের মধ্যে অনেকগুলো প্রভিশন রাখার চেষ্টা করেছেন উনি। তার মধ্যে কতকগুলো ব্যাপারে আমাদের যথেষ্ট আপত্তি আছে, সেগুলো আমি আমার বক্তব্য রাখার সময় বলব। প্রথমে উনি যেটা করতে চেয়েছেন, সেকশন—১৬(এ), প্রোভাইসো সাব-সেকশন—৪(এ)—যদি কোনো কোরাম না হয় একটা মিটিং-এ, তাহলে ৭ দিন পর একই জায়গায়, একই সময়ে সেই মিটিং হতে পারে। আমি জানিনা, উনি এটা কেন আনলেন। এই প্রভিশন, এটা ১৯৭৩ সালের অ্যাক্টে অলরেডি আছে। এটা কেন উনি আনলেন ? এটা পুরোনো অ্যাক্ট-এর পেজ-২১এ, ৪(এ)তে রয়েছে "One tenth of the total number of members shall form a quorum for a meeting of a Gram Sansad provided that no quorum shall be necessary for an adjourned meeting which shall be held as the same place after seven days" এই উদ্দেশ্যে উনি এখানে প্রভিশন আনতে

চেয়েছেন। জানিনা, কি উদ্দেশ্য নিয়ে এটাকে নতুন করে ওয়ার্ডিং করে আনতে চেয়েছেন সেটা আমি বুঝতে পারছি না। নিশ্চয় উনি বক্তব্য রাখার সময় বলবেন। দ্বিতীয়ত যেটা আপত্তি করছি সেটা হচ্ছে যে, উনি বলেছেন—গ্রামপঞ্চায়েত, একটা গ্রামসংদদের উন্নয়নের জন্য গ্রামোন্নয়ন সমিতি তারা করতে পারে। কি বলেছেন ? constitute a Gram Unnayan Samiti with such number of functional committees. আমি এর অর্থ বুঝতে পারলাম না। 'সাচ নাম্বার অফ ফাংশনাল কমিটি' বলতে তিনি কি বলতে চেয়েছেন—এটা মাননীয় মন্ত্রী মহাশয় তিনি জবাব দেওয়ার সময় নিশ্চয়ই বলবেন। "as may be required, having jurisdiction over the area of the Gram Sansad for ensuring active participation of the people in implementation, maintenance and equitable distribution of benefits in respect of such subjects, as may be prescribed. তাহলে এখানে এই যে গ্রামোন্নয়ন সমিতি করতে চাইছেন, গ্রাম সংসদে যে ডিসিশন হবে, সেগুলোকে ইমপ্লিমেন্ট, মেইনটেইন করার জন্য, ইকুইটেবল ডিসট্রিবিউশনের জন্য—এটা কে করবে ? কতজন মেম্বার সেখানে থাকবেন ? এটা নিশ্চয়ই মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, পুরোনো অ্যাক্টে একটা প্রভিশন আছে, সেকশন—১৬(সি)তে আগে প্রভিশন ছিল বেনিফিসিয়ারি কমিটি তৈরি করার। তাতে বলেছে, 'constitute one or more beneficiary committees comprising not more than nine persons who are not members of the Gram Panchayat, for ensuring active participation of the people in implementation, maintenance and equitable distribution of benefits of one or more schemes in its area.' যাই হোক উনি বোধহয় সন্তুষ্ট নন বেনিফিসিয়ারি কমিটি করার। সেজন্য জানিনা, নাম পরিবর্তন করে গ্রামোন্নয়ন সমিতি করছেন। কিন্তু গ্রামোন্নয়ন সমিতি কতজনকে নিয়ে করা হবে, কারা কারা সেটা গঠন করবেন—সেটা উনি পরিষ্কার করে বলেননি। আমরা নিশ্চয়ই জানতে চাই যে, এই গ্রামোন্নয়ন সমিতির কম্পোজিশন কি হবে ? কতজনকে নিয়ে গঠিত হবে এবং কারা সেটা গঠন করবেন ? যাতে দলমত নির্বিশেষে এটা গঠিত হয় তার জন্য তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? এগুলো আমরা জানতে চাইছি ওঁনার বক্তব্যে। এই বিলে কিছুটা গণতান্ত্রিক পরিবেশ আনার চেষ্টা করেছেন, কিন্তু সেই গণতান্ত্রিক পরিবেশ কতখানি আসবে সেটা আমি জানি না। তার কারণ, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে, গোটা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ—এই সমস্ত পঞ্চায়েত ব্যবস্থা—ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা পার্টি নির্ভর। পার্টি যা করে তাই শেষ পর্যন্ত সবাইকে মেনে নিতে হয় এবং আপনি এটাও জানেন যে, বহু গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে অডিট হয় না। যে কথা আমরা বারবার উল্লেখ করেছি এবং এটা চুরির রাজত্ব হয়ে গেছে। মাননীয় মন্ত্রী স্বীকার করবেন কি করবেন না, কিন্তু এ কথাটা বাস্তব সত্য যে আজকে একটা অবাধ চুরি করবার স্বাধীনতা মানুষকে বা গ্রাম পঞ্চায়েতের সদস্য, পঞ্চায়েত সমিতির সদস্য বা জেলা পরিষদের সদস্যদের দেওয়া হয়েছে, একটা উদাহরণ দিলে আপনি বুঝতে পারবেন, কি রকম ধরনের হচ্ছে। আমি নাম বলতে চাইছি না। গত জেলা পরিষদে

মুর্শিদাবাদ জেলা পরিষদের একজনের উপর দায়িত্ব ছিল বোল্ডার সাপ্লাই করার। যার নামও হয়েছিল বোল্ডারউদ্দিন। এবারে অবশ্য সে নির্বাচনে হেরে গিয়েছে। স্যার, এইরকম যার অবস্থা, তাতে আপনি বুঝতে পারছেন, মাননীয় মন্ত্রীর যদি সদিচ্ছা থাকত যে, একটা বিল তৈরি করে পঞ্চায়েত ব্যবস্থাকে পরিচ্ছন্নতর অবস্থায় নিয়ে যাওয়া। তাহলে তার সর্বাগ্রে চেষ্টা করা উচিত ছিল, এই যে একটা অবাধ চুরির ব্যবস্থা চারিদিকে হচ্ছে, সেই চুরির বিষয়টা যাতে বন্ধ করা যায়। শক্ত কাজ, নিঃসন্দেহে খুব শক্ত কাজ। উনি হয়ত তার উত্তরে বলবেন যে, আমরা তো মাঝে মাঝে শাস্তি দিয়ে থাকি কিন্তু যে জায়গায় শাস্তি আপনারা দেবেন সেই শাস্তিটা এতই সামান্য যে, তাতে কোনো লোক ভয় পায় না। তাতে কোনো সদস্য, সে পঞ্চায়েতের হোক, পঞ্চায়েতের সমিতিতে হোক, তারা ভয় পায় না যে, আমরা চুরি করলে আজকে আমরা ধরা পড়ব, আমার শাস্তি হবে, কেউ মনে প্রাণে ভাবে না। গ্রামে একটা প্রবাদ হয়ে গেছে যে, আজকে একটা পঞ্চায়েত প্রধান যে ৫ বছরের পঞ্চায়েত প্রধান থাকে, যদি সে ২-৩ তালা বাড়ি করতে না পারে তাহলে আজকে গ্রামের লোকেরা বলে 'তুমি একটা অপদার্থ'। ২০-৩০ বছর আগেও আপনারা স্বীকার করবেন যে চুরি করাটাকে মানুষ ঘৃণা করত। যে চুরি করত তাকে সমাজের একটা নিকৃষ্ট শ্রেণির মানুষ বলে সবাই গণ্য করত। আজকে এমনই বাতাবরণ সৃষ্টি হয়েছে, গোটা পশ্চিমবাংলায় এটা একটা জল-ভাতের মতো অবস্থা হয়ে গেছে যে চুরি করাটা কোনো অপরাধের ব্যাপার নয়, এইরকম একটা স্বীকৃতি লাভ করেছে। এই যে বাতাবরণ সৃষ্টি হয়েছে, এই বাতাবরণকে পরিবর্তন করার জন্য সর্বাগ্রে চেষ্টা করা উচিত ছিল সেটা কিন্তু পঞ্চায়েত মন্ত্রীর এত বড় বিলের মধ্যে যেটা উনি বলেছেন যে আজকের মধ্যে এই বিল পাশ না করলে সর্বনাশ হয়ে যাবে, সেই বিলের মধ্যে আমরা কিন্তু দেখতে পেলাম না। যাই হোক, এই সব কথা ছেড়ে দিয়ে আমি বিলের মধ্যে আসছি। উনি তারপর বলেছেন ক্লজ ৩-এ A Gram Panchayat shall not omit or refuse to act upon any recommendations of a Gram Sansad unless it decides in a meeting supported by the majority of existing members that it is beyond the competence of the Gram Panchayat. Under the provisions of the Act and rules framed there under so as to act up on the recommendations.' ধরুন যে পঞ্চায়েত আপনাদের দখলে আছে, সেগুলি যে পার্টির আছে, হতে পারে যে গ্রাম সংসদের মিটিং হচ্ছে, সে গ্রাম সংসদ আপনাদের দলের নয়, অন্য বিরোধী দলের সদস্য—তাদের দখলে আছে, সেখানকার মানুষ রেকমেন্ড করলেন যে, এখানে একটা কালভার্ট করতে হবে, সে রেকমেন্ডেশান গ্রাম পঞ্চায়েতের এলো, এবারে সেই গ্রাম পঞ্চায়েতে আপনার এই নির্দেশ মতো দেখাতে হবে—Under the provisions of the Act and rules framed there under it is not possible to accept the recommendation of the Gram Sansad. কি করে করবে সে ? সে কি বলবে ? সে কি বলবে যে, না, আমার টাকা নেই বলে এটা করতে পারছি না, সে তো মুখে বলতে পারছে না, বা লিখিতভাবে বলতে পারছে না, তোমরা অন্য দলের লোক বলে করছি না। কিন্তু কার্যক্ষেত্রে তাই হচ্ছে। অন্য দলের লোক যখন বলে যে ওখানে একটা টিউবওয়েল দরকার, একটা রাস্তা দরকার, এইরকম ৯৯.৯ পারসেন্ট কেসগুলি রিজেক্টেড হয়ে যাচ্ছে।

সুতরাং এই যে অবস্থা, এই যে আপনি বিলে প্রভিশন করলেন এটা কি করে বাস্তবে রূপায়িত করবেন ? গ্রাম পঞ্চায়েতগুলো রেকমেন্ডেশান অফ দি গ্রাম সংসদ সেটা কিভাবে নালিফাই করবেন সেটা আমার যথেষ্ট সন্দেহের অবকাশ আছে।

[2.00–2.10 p.m.]

কিভাবে করবে এবং করলে কি সব হবে, সেটা নিশ্চয়ই মাননীয় মন্ত্রী আমাদের জানাবেন। আমরা লক্ষ করছিলাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ পার্টি ভিত্তিতে চলছে। অন্য পার্টির কোনো কথা অ্যাকসেপটেড হয় না, সে যে দলই ক্ষমতায় থাক না কেন। অধিকাংশ ক্ষেত্রেই তা হয় না। সুতরাং আপনার যতই সদিচ্ছা থাকুক না কেন—আপনি সদিচ্ছা নিয়ে কিছু কিছু আইন এনেছেন—আপনার সদিচ্ছা বাস্তবে রূপায়িত হবে না। আপনি বলতে পারেন, 'অপোজিশন থেকেও লোক নেওয়ার ব্যবস্থা করেছি।' পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে পাঁচ জনের সমিতি হলে আপনি বলছেন সেখানে বিরোধী দল থেকে একজনকে নেওয়া হবে—অবশ্য আপনি সরাসরি সে কথা বলছেন না এবং আমি পরে সে কথায় আসব। এখন আমি আপনার কাছে জানতে চাইছি পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে, ম্যাকসিমাম নাম্বার অফ এ পঞ্চায়েত সমিতি পাঁচজন সদস্যের মধ্যে একজন বিরোধী দলের হবে, না পাঁচজনের ওপরে ষষ্ঠ ব্যক্তি অন্য দলের হবে ; সেটা আপনি বলছেন না ! সেটা পরিষ্কার করে বলা দরকার ; কিন্তু গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে সেটা বলছেন না। বিভিন্ন উপ-সমিতির ব্যাপারটা আগে ছিল না। আমি অবশ্য ব্যক্তিগতভাবে এটার বিরোধিতা করছি না। উপ-সমিতি করছেন, ভাল করছেন। কিন্তু আমার মনে হয় এতে বাস্তবে আরো কমপ্লিকেশন বাড়বে। এখানে যাঁরা গ্রামে বিধায়ক আছেন তাঁদের নিশ্চয়ই বাস্তব অভিজ্ঞতা আছে। এই যে উপ-সমিতি করেছেন এর নিশ্চয়ই মিটিং হবে। এই কমিটির ক্ষেত্রে পঞ্চায়েত সমিতির বা জেলা পরিষদের অনুরূপ—কর্মাধ্যক্ষ নামটা পরিবর্তন করে এ ক্ষেত্রে সঞ্চালক করেছেন—সঞ্চালকরা থাকবেন। উপ-সমিতিগুলির সদস্যদের ক্ষেত্রে আপনি বলেছেন, In such number of members as may be appointed by the State Govt. by any general or special order. আপনি সরকার থেকে বলে দিলেন বি.ডি.ও.-র নমিনেটেড থাকবে এবং সে এস.এ.ই. হতে পারে বা বি.ডি.ও.-র অফিসের অন্য কেউ হতে পারে। আপনি বলে দিলেন সে উপ-সমিতির সদস্য হয়ে গেল ; কিন্তু তাকে ভোটাধিকার দেননি। এ জাতীয় অন্য ক্ষেত্রেও ভোটাধিকার নেই। কিন্তু এখানে যা বলছেন তা বাস্তবে রূপায়িত করা শক্ত। এমনিতেই বি.ডি.ও. অফিসে লোকের অভাব আছে। তারপর তারা যদি বিভিন্ন উপ-সমিতির মিটিং অ্যাটেন্ড করতে যায় তাহলে কিভাবে তারা কাজ করবে ? আমি বুঝতে পারছি না তারা তাদের অফিসের কাজকর্ম করার পরে আর কিভাবে উপ-সমিতির মিটিং অ্যাটেন্ড করবেন ! অ্যাটেন্ড করতে পারবে বলে আমার মনে হয় না। যে সদস্যরা এখানে গ্রাম থেকে এসেছেন তাঁদের বাস্তব অভিজ্ঞতা আছে, তাঁরা এই বিষয়টা একটু চিন্তা-ভাবনা করে দেখুন। বি.ডি.ও. অফিস থেকে একজনকে দায়িত্ব দেওয়া হল ; ৫/৬টি উপ-সমিতির মিটিং অ্যাটেন্ড করা সম্ভব হবে কিনা আমার সন্দেহ আছে। একজনকে পঞ্চায়েত সমিতিতে দিয়েছেন, ভোটাধিকার দেননি। এটা বাস্তবে রূপায়িত হবে কিনা, যথেষ্ট সন্দেহ আছে। তারপর জেলা

পরিষদ বা পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষদের কিছু রেমুনারেশন বা অনোরারিয়াম দেওয়া হয়। যদিও সেটা বেশি নয়, তাহলেও দেওয়া হয়। এই উপ-সমিতির যারা সঞ্চালক হবে—এখানে নাম পরিবর্তন করে সঞ্চালক করেছেন—তারা কোনো টাকা পয়সা পাবে কি ? সামান্য হলেও তাদের জন্য কোনো অর্থ বরাদ্দ কি করেছেন ? আমি এটা আপনার কাছ থেকে পরিষ্কার করে জানতে চাই। যদি না করে থাকেন তাহলে এই সঞ্চালকরা মোটেই উৎসাহিত হবে না। অনেকগুলো উপ-সমিতি হচ্ছে—অর্থ, পরিকল্পনা, কৃষি, বন সম্পদ, প্রাণী সম্পদ ইত্যাদি—এই উপ-সমিতির যারা সঞ্চালক হবে তাদের যদি কোনো রেমুনারেশন বা অনোরোরিয়াম ছাড়াই কাজ করতে হয় তাহলে নিশ্চয়ই খুব একটা উৎসাহ নিয়ে কাজ করবে না। সুতরাং তাদের আপনি কি টাকা পয়সা দেবেন—সেটা আপনি রুলসের মধ্যে দিয়েই করুন না কেন—সেটা উত্তর দেওয়ার সময় আমাদের বলুন। আমি আশা করব সেটা নিশ্চয়ই আপনি আমাদের কাছে বলবেন। এখানে ৫নং ক্লজে একটা সংযোজন চাইছেন। ইন ক্লজ ১৫, ফর দি ওয়ার্ডস শ্যালো টিউবওয়েল—এখানে শ্যালো টিউবওয়েল রেজিস্ট্রেশনের জন্য একটা পয়সা ধার্য করার ব্যবস্থা আছে, সেখানে আপনি বলেছেন শ্যালো টিউবওয়েলের জায়গায়—ওয়ার্ডস শ্যালো আর ডিপ-টিউবওয়েল এটা সংযোজিত হবে। এতে আপত্তি করার কিছু নেই। ডিপ-টিউবওয়েল থাকলেও রেজিস্ট্রেশনের জন্য টাকা ধার্য করবেন। এর আগে দেবপ্রসাদবাবু বলেছিলেন, বিভিন্নভাবে কর চাপিয়ে আপনি টাকা আদায় করার ব্যবস্থা করেছেন। কিন্তু একটি কথা সবাই জানেন—সে গ্রাম পঞ্চায়েত বলুন, পঞ্চায়েত সমিতি বলুন আর জেলা পরিষদ বলুন—এগুলি কখনই আর্থিক দিক থেকে স্বনির্ভর হতে পারে না। মানুষের যে চাহিদা সেই চাহিদা অনুসারে তাদের যতই আপনি বিজ্ঞাপনের উপর বা কোনো বাজারে জিনিস বিক্রি করার উপর কর চাপান না কেন ওরা কখনই স্বনির্ভর হবে না, হতে পারে না। সুতরাং ওরা অধিকাংশ ক্ষেত্রে শতকরা ৯৯ ভাগই টাকার জন্য আপনার সরকারের উপর নির্ভরশীল, সেই টাকা কেন্দ্রীয় সরকার থেকে আসুক আর আপনারা আপনাদের পোরশন দিন সেই টাকা ছাড়া এই ত্রিস্তর পঞ্চায়েত চলে না, চলছে না এবং আগামীদিনে চলবে না। এইসব গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদকে স্বনির্ভর কি করে করা যায় তারজন্য আপনাকে গভীরভাবে চিন্তা-ভাবনা করতে হবে। আপনি জানেন, গ্রাম পঞ্চায়েতের টাকা আদায় করার প্রধান সোর্স সেখানে পঞ্চায়েত কর আদায় করা। সেই পঞ্চায়েত করের হার বাড়িয়ে দেননি, যা ছিল তাই আছে। আপনি খুব ভাল করেই জানেন, পঞ্চায়েত কর আদায় করতে গ্রাম পঞ্চায়েতের প্রধানরা মোটেই উৎসাহিত নন, তার কারণ, যদি কোনো গ্রাম পঞ্চায়েতের প্রধান গ্রামের কোনো লোককে গিয়ে বলে যে, তোমার ৫ টাকার ট্যাক্সটা ৫০ টাকা দিতে হবে, তখনই ওই লোকটি পরোক্ষভাবে বলবে, এখন করছ করো, পরের বার ভোটের জন্য এসো, তোমাকে দেখে নেব। সুতরাং কোনো গ্রাম পঞ্চায়েতের প্রধানই—সে যে দলেরই হোক না কেন—ওই পঞ্চায়েত কর আদায় করার জন্য উৎসাহিত হবে না, যদিও যারা কর আদায়কারী তাদের একটা কমিশন দেবার ব্যবস্থা ছিল, এখন আছে কিনা জানি না। এই পঞ্চায়েত কর আদায়ের হিসাব যদি থাকে তাহলে দেখবেন, গত ৫ বছরে বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে বাড়েনি, বরঞ্চ কমে যাচ্ছে। সুতরাং যেভাবে আপনি ভাবছেন যে বিভিন্ন আইন করে গ্রাম পঞ্চায়েতের কর আদায় করার জন্য বিভিন্নভাবে কর আরোপিত করে আর্থিক দিক

থেকে যাতে এগিয়ে নিতে যাওয়া যায়, যাতে স্বনির্ভর হতে পারে তার জন্য ব্যবস্থা করব, কিন্তু বাস্তবে ওই সমুদ্রে এক বিন্দু জলের মতো, হবে না, হতে পারে না। অনেক ভেবে-চিন্তে যদি অন্য কোনো রাস্তা বাতলাতে পারেন তাহলে মানুষ নিশ্চয়ই উপকৃত হবে। এ ব্যাপারে আপনি জানেন একটা বিরাট ডিফারেন্স আছে বিটুইন পঞ্চায়েত ব্যবস্থা এবং মিউনিসিপ্যাল ব্যবস্থা। মিউনিসিপ্যাল ব্যবস্থায় আপনি জানেন, পপার্টি ট্যাক্স আদায় করার ব্যবস্থা আছে এবং সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড করে সেই পপার্টি ট্যাক্স অনেক বৃদ্ধি হয়েছে। তা সত্ত্বেও আপনি জানেন, সেই ট্যাক্স আদায় হয় না, শতকরা মাত্র ২০ ভাগ টাকা আদায় হয়। তা সত্ত্বেও মিউনিসিপ্যালিটিগুলি অনেক বেশি টাকা আদায় করে অন্যান্য ক্ষেত্রে। গ্রাম পঞ্চায়েতগুলি কিন্তু স্বনির্ভর নয়, ওই চাতক পাখির মতো আকাশের দিকে চেয়ে থাকতে হয় কখন সরকারের কাছ থেকে অনুদান আসবে। সুতরাং এটা নিয়ে আপনাকে ভাবনা-চিন্তা করতে হবে। এর পর আমি সংক্ষেপে আরো দু-একটি কথা বলব। আপনি পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে একটা ব্লক সংসদ তৈরি করতে বলেছেন। কে হবে ব্লক সংসদের সদস্য, All members of the Gram Panchayats partaining to the Block and all members of that Panchayat Samiti. তার মানে একটি ব্লকে সাধারণত ১০টি গ্রাম পঞ্চায়েত থাকে, এই ১০টি গ্রাম পঞ্চায়েতের ১০ জন প্রধান এবং পঞ্চায়েত সমিতির ২৫ জন কিংবা ২৬ জন বা ৩০ জন সদস্যকে নিয়ে আপনি একটা ব্লক সংসদ তৈরি করতে চেয়েছেন।

[2.10–2.20 p.m.]

এবং জেলা পরিষদের ক্ষেত্রে সেটা আরও সাংঘাতিক। সেখানে বলছেন সব গ্রাম পঞ্চায়েতের প্রধানরা থাকবেন, সভাপতি, সহকারী সভাপতি, কর্মাধ্যক্ষরা থাকবেন এবং জেলা পরিষদের সব সদস্যরা থাকবেন। এতে দেখবেন ২৫০/৩০০ সদস্য হয়ে যাবেন। জেলা সংসদে মিটিং করে যদি সিদ্ধান্ত করতে হয় তাহলে একটা মাঠের দরকার হবে কারণ কোনো ঘরের মধ্যে সব সদস্যদের অ্যাকোমোডেশান হবে না। আপনারা মুখে বলছেন গণতন্ত্রীকরণ করছি, দুশো/তিনশো সদস্য নিয়ে করছি এসব শুনতে ভাল কিন্তু আমি বলব, বাস্তবসম্মত যেটা সেটা করুন। কারণ মূলত জেলা পরিষদ যে দলের দখলে তারা যে সিদ্ধান্ত নেবে সেটাই কার্যকরী হবে, পঞ্চায়েত সমিতি যে দলের দখলে সেখানে তাদের কথাটাই কার্যকরী হবে, গ্রাম পঞ্চায়েত যে দলের দখলে সেখানে সেই দলের কথাই কার্যকরী হবে। সেখানে অন্য দলের কথা কার্যকরী হবে না। সেইজন্য আপনাকে বলব, বাস্তবসম্মত চিন্তাভাবনা করে নতুন বিল আনুন।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয় ক্ষমতার বিকেন্দ্রীকরণের ইচ্ছা নিয়ে যে দুঃসাহসিক অ্যামেন্ডমেন্ট বিল এখানে উপস্থাপিত করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বিল প্রসঙ্গে বলতে গিয়ে আমি প্রথমেই সংখ্যাতত্ত্ববিদ শ্রীসত্যব্রত সেন "পরিকল্পনার এক দৃষ্টিভঙ্গী" এই শিরোণামে ১৯৭৭ সালের সেপ্টেম্বর মাসে যে প্রবন্ধটি লিখেছিলেন তার থেকে একটি অংশ আপনাদের পড়ে শোনাব।

তিনি লিখেছিলেন, "পশ্চিমবঙ্গের ৩৮ হাজার গ্রামের লোকের কোথায় কি উন্নয়ন দরকার তা কলকাতা বা জেলা শহরে বসে খোঁজ পাওয়া সম্ভব নয়। যারা ভাবেন ধরা যায় তারা অবাস্তব স্বপ্ন দেখেন। গ্রামের লোকের কি দরকার তা তাদের কাছ থেকেই শুনতে হবে। তাদের ভুল হতে পারে কিন্তু কলকাতায় বসে মন্ত্রী বা আমলারা অগ্রাধিকার ঠিক করে দিলে ভুল হবে আরও বেশি। সেইজন্য গ্রামে প্রতিনিধিতত্বমূলক প্রতিষ্ঠানের দরকার যারা গ্রামের হয়ে বিচার বিবেচনা করতে পারে।" খুব প্রাসঙ্গিকভাবেই তাই স্যার, আজকে এই বিল হাউসে আনা হয়েছে। এটা আনা হয়েছে ক্ষমতার বিকেন্দ্রীকরণের জন্য, কারণ আমরা ক্ষমতার কেন্দ্রীভবন চাই না। ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়েই পঞ্চায়েত ব্যবস্থায় ২৫ বছর ধরে পশ্চিমবঙ্গে একটি গুরুত্বপূর্ণ অধ্যায় তৈরি হয়েছে যা ভারতবর্ষের কোথাও নেই। এই পঞ্চায়েতকে আরও গতিশীল, আরও ডেমোক্র্যাটিক, এর ফাংসানারিসদের আরও দায়িত্বশীল করার জন্য এবং এর প্রগ্রেসকে আরও নিশ্চিত করার জন্যই এই বিল আনা হয়েছে। ডিসেনট্রালাইজেসান অব পাওয়ার—শুধু প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানে নয় এই পাওয়ার বা ক্ষমতাটাকে মানুষের মধ্যে নিয়ে যাওয়াটাই হচ্ছে এই বিলের গুরুত্বপূর্ণ দিক। এই উদ্দেশ্য নিয়েই এই বিল আনা হয়েছে তাই এই বিলকে আবার আমি সমর্থন করছি। প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানেই শুধু নয়; এর মধ্যে দিয়ে মানুষকে আরও বেশি অংশীদার যাতে করা যায় অর্থাৎ পঞ্চায়েতের কাজের মধ্যে যুক্ত করা যায় তার জন্যই এই বিল আনা হয়েছে। এখানে বলা হয়েছে একটি গ্রাম উন্নয়ন সমিতি করতে হবে।

এই উন্নয়ন সমিতি তৈরি করতে গেলে মানুষকে যুক্ত করতে হবে। গ্রামের মধ্যে যারা সেল্ফ হেল্ফ গ্রুপ তাদের মধ্যে থেকে প্রতিনিধি করা, বিভিন্ন গণতান্ত্রিক মানুষকে সমিতির মধ্যে যুক্ত করা, তার মানে হচ্ছে একজন প্রধান একটা অঞ্চলে ছড়ি ঘোরাবে এটা হবে না, এই ক্ষমতাটা গ্রামের মানুষের মধ্যে নিয়ে যেতে চাইছেন। এটা যদি নিয়ে যাওয়া যায় তাহলে প্রপার ইউটালাইজেশান অফ রিসোর্স হবে। গ্রামে যে সম্পদ আছে সেই সম্পদ সামগ্রিক মানুষের মধ্যে কিভাবে প্রয়োগ করা যাবে এটা দেখার ব্যাপার আছে। আর মানুষ যদি অংশগ্রহণ করেন, মতামতে তাঁদের যদি অংশীদারি করা যায়, ইমপ্লিমেন্ট করার সময় তাঁদের যদি অংশগ্রহণটা সুনিশ্চিত করা যায় তাহলে মানুষ অনেক উপকৃত হবেন। শুধু তাই নয়, সরকারি পরিকল্পনা যখন রূপায়ণ করতে যাচ্ছে কোনো প্রকল্প যখন রূপায়ণ করতে যাচ্ছে তখন আমরা দেখতে পাচ্ছি, সরকারি নানা রকম বিধি-নিষেধের মধ্যে দিয়ে নানা নিয়ম-কানুন মেনে করতে গিয়ে সেই প্রকল্প রূপায়ণ করা যায় তাহলে অনেক কম খরচে আমরা সেই প্রকল্প রূপায়ণ করতে পারি। স্বাভাবিকভাবে মানুষকে যুক্ত করে যদি প্রকল্প রূপায়ণ করা যায় তাহলে সরকারের খরচ অনেকখানি কমবে। দ্বিতীয় বিষয় হচ্ছে, গ্রামের মধ্যে যে সমস্যাগুলো আছে গ্রামের মধ্যে যে জলন্ত সমস্যা আছে সেটা কিভাবে নিশ্চিন্ন করা যাবে সেটা গ্রাম পঞ্চায়েতে বসে সিদ্ধান্ত নেওয়া যায় না। গ্রামের মানুষকে যুক্ত করার প্রপার সমস্যা চিহ্নিতকরণ করে তাকে কার্যকরী করার পরিকল্পনা এই বিলের মধ্যে দিয়ে গ্রহণ করা হয়েছে। মাননীয় অতীশবাবু উদ্বেগ প্রকাশ করেছেন, জোরালো বিরোধিতা তিনি করতে পারেননি,

তিনি জানতে চেয়েছেন এই কমিটির সদস্য কারা হবে এবং কতজন এই কমিটিতে থাকবেন। অ্যামেন্ডমেন্ট পাশ হওয়ার পর রুল ফ্রেম হবে, তখন নিশ্চয়ই বলা হবে এই কমিটি কাদের নিয়ে হবে এবং কারা কতজন থাকবেন। এখানে যে ব্যবস্থাটা করা হয়েছে অত্যন্ত ভালো ব্যবস্থা। গ্রাম সংসদ প্রকল্প পাশ করবে, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের যেমন স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ আছেন সেই রকম এখানে এই ৬টি উপ-সমিতিতে একজন করে সঞ্চালক থাকবেন, এই সঞ্চালকের মাধ্যমে পাশ হওয়া গ্রাম সংসদের প্রকল্প প্রধানের কাছে যাবে। প্রধান তখন সেটাকে রূপায়ণ করবার প্রচেষ্টা গ্রহণ করবেন। সরাসরি প্রধানের ক্ষমতা থাকছে না যে কোনো বুথে গিয়ে নিজে ইচ্ছামতো প্রকল্প গ্রহণ করার। গ্রামের মানুষের তৈরি করা প্রকল্প তাঁকে গ্রহণ করতে হবে। সেই জন্য এই অ্যামেন্ডমেন্ট প্রাসঙ্গিক এবং যুক্তিযুক্ত। সারা ভারতবর্ষের মধ্যে নজিরবিহীন একটা সিদ্ধান্ত পশ্চিমবাংলার পঞ্চায়েত দপ্তর সংগঠিত করতে যাচ্ছে। তাই এই বিলকে পুর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তারাপদ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয় এই বিলের মাধ্যমে বিকেন্দ্রীকরণ, পঞ্চায়েতের দায়-দায়িত্ব এবং হিসাব নিকাশ করা সুনিশ্চিত করতে চাইছেন। সেই জন্য আমি এই বিলকে পূর্ণ সমর্থন করছি। এই বিলে উনি ১৬(এ) সাব-সেকশান ৪, তাতে বলেছেন কোরাম যদি গ্রাম সংসদের না হয়, পরবর্তী ৭ দিন বাদে কোরামের কথা বলেছেন। এটা ভাল প্রস্তাব। উনি একটা গ্রাম উন্নয়ন কমিটি করেছেন। সেই গ্রাম উন্নয়ন কমিটির সদস্য কাদের নিয়ে হবে সেটা পরিষ্কার করে বলা হয়নি। আমার মনে হয় যে সকল মানুষ গ্রাম উন্নয়নের সঙ্গে যুক্ত হবার ইচ্ছা প্রকাশ করেন তাদের নিয়ে হয়ত উনি করবেন। আমি যেটা বলতে চাই গ্রাম উন্নয়ন কমিটির সদস্য এবং পঞ্চায়েতের নির্বাচিত সদস্যদের মধ্যে তিক্ততার সৃষ্টি যেন না হয়। গ্রাম উন্নয়ন কমিটির সদস্যরা একটা সিদ্ধান্ত নিল, গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে সেই সিদ্ধান্ত নিয়ে যেন মনোমালিন্য না হয়। যদি তা হয় তাহলে সেখানে অসন্তোষ বৃদ্ধি পাবে।

[2.20–2.30 p.m.]

এমন একটা সমিতি উনি করবেন, আপনি সেইভাবে নির্দেশিকা দেবেন যাতে এই কনফ্লিকটটা তৈরি না হয়। দ্বিতীয়ত আমি যে কথা বলতে চাই, আপনি ৩২এ-তে যেটা বলেছেন, জি.পি. উপ-সমিতির কথা বলেছেন। এটা ভাল প্রস্তাব। বিগত দিনে এটা ছিল, তবে সরকারিভাবে অফিসিয়াল রেকগনিশন থাকেনি। এবারে আপনি ক্ষমতাটা দিচ্ছেন। নারীদের জন্য একটা সমিতি করছেন—শিশু নারী উন্নয়ন সমিতি—সেখানে নারীরা থাকবে এবং তারাই হবে সঞ্চালক। নারী এবং শিশুদের উন্নয়নমূলক কাজে তারাই সিদ্ধান্ত নেবে। এটা খুব ভাল কাজ। মাননীয় বিরোধী দলের অতীশ সিন্‌হা মহাশয় যে কথা বলেছেন, রেমুনারেশনের ব্যাপারে, এটা যদি দু'শ টাকা করা যায়, এটা আপনি ভেবে দেখবেন। জেলা সংসদ হচ্ছে মতামত বিনিময়ের একটা জায়গা। এটা একটা ভাল জিনিস। এর ফলে স্থায়ী সমিতি এবং সভাপতির মধ্যে সমন্বয় সৃষ্টি হবে এবং প্রধানদের মধ্যে সমন্বয় সৃষ্টি হবে। তাঁদের মতামত বিনিময় হবে।

সেখানে কর্মাধ্যক্ষরা যাঁরা থাকবেন, তাঁরা সব শুনবেন এবং তাঁরা বুঝতে পারবেন যে প্রধানরা উন্নয়নের জন্য কি বলতে চাইছেন। আর একটা জিনিস হল জেলা সংসদ—এটা আপনি করছেন। জেলা সংসদে একটা জিনিস পাশ হবে। কিন্তু এর পাশাপাশি জেলা পরিকল্পনা কমিটি আছে। জেলা সংসদ একটা জিনিস, আর জেলা পরিকল্পনা কমিটি যেটি আছে—এর মধ্যে পরিকল্পনার বিষয়গুলি কোথায় থাকবে ? জেলা সংসদ প্রায় তিনশো জনের প্রতিনিধি নিয়ে হবে। জেলা সংসদ 'এ যে পরিকল্পনা সভাপতি, কর্মাধ্যক্ষরা নিচ্ছেন, তাঁদের মধ্যে মতামত বিনিময় হবে। আমি মনে করি এটি দু'তিন দিন ধরে চলা উচিত। আমাদের বাঁকুড়া জেলাতে ১৯০টি গ্রাম পঞ্চায়েত এবং ২২টি পঞ্চায়েত সমিতি আছে, তার কর্মাধ্যক্ষরা আছেন। ওদের ওখান যে যে পরিকল্পনাটা উঠে আসবে, পরিকল্পনা যেটি স্থিরীকৃত হবে এবং জেলা পরিকল্পনা কমিটি যে সিদ্ধান্ত নেবে—এদের মধ্যে যদি কোনো ডিফারেন্স থাকে, তাহলে কি হবে—এটা একটু ক্লিয়ার করে বলে দেওয়ার দরকার আছে। অপরদিকে, আপনি সমন্বয় সমিতি তুলে দিচ্ছেন, যেহেতু অর্থ স্থায়ী সমিতির মধ্যে এটি যুক্ত হয়েছে। এটি একটি ভাল প্রস্তাব যে আপনি বিরোধী দলের সদস্যকে যুক্ত করছেন। এটা গণতান্ত্রিক ক্ষেত্রে প্রযোজ্য হবে। আপনি গ্রাম পঞ্চায়েত স্তরে একজিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট নিযুক্ত করতে চাইছেন এবং তাদের হাতে ক্ষমতা দিতে চাইছেন। এর ফলে কিন্তু উপ-প্রধানদের ক্ষমতা খর্ব হচ্ছে, তাদের হাতে আর্থিক ক্ষমতাটা থাকছে না। আগে কিন্তু প্রধান এবং উপ-প্রধান জয়েন্টলি অপারেট করতেন। আপনি এটা ভেবে দেখবেন। সভাপতি বা সহকারী সভাপতি, তাদের নিজস্ব ক্ষমতা থাকছে না। তাদের যদি নির্দিষ্ট ক্ষমতা দেওয়া যায়, এটা ভেবে দেখার জন্য আমি আপনাকে অনুরোধ করছি। এই কতকগুলো সাজেসান রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এখানে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন, 'ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩'—রাজ্য সরকার পঞ্চায়েতকে যেভাবে দেখছেন, সর্বাত্মসাধক করে গড়ে তোলার যে উদ্যোগ নিচ্ছেন, আমি তাকে স্বাগত জানাচ্ছি। সেখানে বিরোধী দলের প্রতিনিধিরা, সরকারপক্ষের সদস্যরা, আমরা (আর.এস.পি.) প্রতিনিধিত্ব করছি। আমাদের কিছু অবজারভেশন, ফাইন্ডিংস এখানে রাখছি। হাউসেও এই কথা বলতে চাই, আমরা যেন ডিসেন্ট্রালাইজেশান-এর নাম করে অনেক বেশি জটিলতা না সৃষ্টি করি। সময়াক্ষেপ যাতে না হয়। যে পদ্ধতি প্রকরণ করা হচ্ছে সেটা নিশ্চয় ভাল। কিন্তু আমাদের অতীতে কিছু অভিজ্ঞতা আছে, পঞ্চায়েত সমিতি জেলা পরিষদের ক্ষেত্রে যেখানেই হোক নানান জটিলতা দেখা দিচ্ছে, সেটা যেন না হয়, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় আপনি লক্ষ করবেন।

"In the Panchayat (Amendment) Bill, 2003 the constitution of "Gram Unnayan Samity" in each Samsad within a Gram Panchayat has been proposed. The concept of Gram Unnayan Samity is no doubt a novel one from the standpoint of extending and strengthening

the root of democracy to the bottommost level and making the governnance of Panchayats more responsible, transparent and accountable ; but it suffers from a very serious lacuna. In the second page of the Bill, in the first ten lines of clause 3, it is proposed that the recommendations of the Gram Unnayan Samity shall be binding on each Gram Panchayat. It is to be borne in mind that the Gram Panchayat is an elected body, whereas the Gram Unnayan Samity is a nominated only. The decisions of Gram Unnayan Samity can never be binding on obligatory for an elected body like Gram Panchayat. It will not only create confusion, invite legal complications but also create dualism, dichotomy, diarchy (two parallel power centre) in the system. The well-thought decisions or recommendations of the Gram Unnayan Samity should be given adequate weightage and seriously considered by the Gram Panchayat. But the responsibility of taking the final decision will rest on the elected body i.e. Gram Panchayat. এটা আমরা অনুরোধ করছি, ইলেকটেড বডিকে পরিহার করে যেন না ঘটে।

So our proposed amendment in clause 3 is as follows ;

(1) The various recommendations of the GUS (Gram Unnayan Samity) are to be given due weightage and seriously considered, but the responsibility of taking final decision will rest on the elected body i.e. Gram Panchayat. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরো দু-একটি কথা বলব। তাহল এই

(2) The names of local MLAs and MPs are to be included in the list of members of IPC and DPCC of every district. এটা আমি এই প্রসঙ্গে আলোচনার সুযোগ নিয়ে বলছি :

(3) In the proposed amendment Bill there is no mention of any specific responsibility alloted to UPA PRODHAN, SAHAKARI SABHAPATI and SAHAKARI SABHADHIPATI. Our specific proposal is

(4) Specific responsibility or power should be given to Upa Prodhan, Sahakari Sabhapati and Sahakari Sabhadhipati. এই আবেদন আমি জানাচ্ছি এবং আশা করব সর্বাত্মক সাধক পঞ্চায়েত ব্যবস্থা তৈরি করার জন্য সৃষ্টি

করার জন্য যে উদ্যোগ বামফ্রন্ট সরকার নিচ্ছেন এবং যেভাবে আমাদের অর্থের, বাজেটের ৫০ ভাগ টাকা আমরা ব্যয়িত করছি এই পরিষেবার জন্য, সেটাকে আরো অর্থবহ করার জন্য, সেটাকে পরিচ্ছন্নভাবে চালানোর জন্য এবং নিরুপদ্রবভাবে চলে যাতে মানুষের কাছে পৌঁছে যেতে পারে, সেটা সফল হোক এবং যে প্রস্তাবগুলি আপনার কাছে দিলাম সেটা গ্রহণ করবেন, এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় পঞ্চায়েতের যে সংশোধনী বিল আমাদের সামনে পেশ করেছেন, যার মধ্যে দিয়ে আমাদের রাজ্যের পঞ্চায়েত ব্যবস্থার ক্রমাগত সাফল্যকে আরো সুসংগঠিত করতে আরো গতিশীল করতে আরো বিকেন্দ্রীকরণ ঘটাতে যে গ্রামোন্নয়ন সমিতির প্রস্তাব দিয়েছেন তা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য এবং সমর্থনযোগ্য। তবে এই সমিতিটা ঠিক কতজনকে নিয়ে গঠিত হবে, এই বিষয়ে তিনি পরবর্তীকালে যে নির্দেশিকাবলী দেবেন, সেখানে নিশ্চয় বলবেন, এটা আমি আশা রাখি। সেই সঙ্গে সঙ্গে তিনি এও ব্যবস্থা করেছেন, গ্রাম সংসদ-এর যে তালিকা প্রস্তুতকরণ সেটাকে যেন অগ্রাধিকার দেওয়া হয়। এই মর্মে একটা সাধারণ নিয়মাবলী চালু ছিল, তার একটা বিধিবদ্ধ রূপ দেওয়ার প্রস্তাব এই বিলের মধ্যে আপনি রেখেছেন, তার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাই। এই অবসরে একটা কথা বিনয়ের সঙ্গে আপনার কাছে বলতে চাই, মাননীয় সদস্য তারাপদবাবু যে বিষয়টি এখানে বলেছেন, আগে উপ-প্রধানদের হাতে অর্থনৈতিক ক্ষমতা ছিল জয়েন্ট অপারেটারের মধ্যে দিয়ে, আপনার নতুন ব্যবস্থায় কিন্তু সেটা নেই। আমি আশা করব, মাননীয় মন্ত্রী মহাশয় প্রশাসনিক নির্দেশাবলীর মধ্যে দিয়ে, যাদের হাতে এই ক্ষমতা ছিল, তাদের হাতে যদি এই ক্ষমতা অর্পণ করা না হয় তাহলে এই অলঙ্কৃত পদগুলো বাস্তবিক পক্ষে গুরুত্বহীন এবং অর্থহীন হয়ে পড়বে। যদি এই বিলে সেই সংস্থান রাখা না যায় তাহলে আগামীদিনে এটা রাখার ব্যবস্থা করবেন, এই আশা রেখে এবং এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে 'দি ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ড) বিল, ২০০৩' মাননীয় পঞ্চায়েতমন্ত্রী যা পেশ করেছেন তার উদ্দেশ্যটা কি এবং কি কি সমস্যা হচ্ছিল সেগুলো পর্যালোচনা করলে ভালো হত। আজকে গ্রামেগঞ্জে পঞ্চায়েতের কাজ কিভাবে হচ্ছে সেটা যদি পর্যালোচনা করি, তাহলে দেখতে পাব, যে পার্টি যেখানে মেজরিটি সেই পার্টিই কাজ করছে। সেখানে অপোজিশান পার্টির সদস্যদের কোনো রেকমেন্ডেশান তারা গ্রহণ করছে না এবং তারা যদি কোনো কাজ করতে চায়, সেই কাজ তারা মানতে পারছে না। বাস্তবিক পরিস্থিতি এখানেই লুকিয়ে আছে। এর ফলে কোরাপশান বাড়ে এবং যে কাজ হওয়া উচিত ছিল সেই কাজ হচ্ছে না। এই যে কনভেনশান চালু আছে সেটাকে প্রোটেকশান দেওয়ার কোনো ব্যাপার এই বিলের মধ্যে আমরা দেখলাম না। এই বিলের ক্লজ থ্রি (থ্রি)-তে আপনি যেটা বলেছেন সেটা কিন্তু কন্ট্রাডিকশান হয়ে

যাচ্ছে। আপনি বলেছেন A Gram Panchayat shall not omit or refuse to act upon any recommendations of a Gram Sansad unless it decides in a meeting supported by the majority of existing members that it is beyond the competence of the Gram Panchayat. এখানে আপনি গ্রামে যে উপ-সমিতি করেছেন বা গ্রাম সংসদ করেছেন, এর রেজিলিউশানে বা রেকমেন্ডেশানে কোনোভাবেই ওমিট করা যাবে না, যদি না মেজরিটি মেম্বার সেটা বাতিল করে। আবার আরেক জায়গায় বলেছেন Provided that when a Gram Sansad prepares any priority list of schemes, programmes or beneficiaries relating to its areas, neither the Gram Panchayat nor any of its office bearers shall alter or disturb in any manner what so ever the prioritisation shown in such list so far as it relates to the area of the Gram Sansad এই দুটো পার্ট আছে। প্রথমে আপনি বলছেন মেজরিটি মেম্বার দিয়ে সেটা আপনি বাতিল করতে পারেন, আবার তার পরে বলছেন, না কোনোভাবেই এটা অল্টার বা ডিস্টার্ব করতে পারবে না। আর একটা কথা ক্লজ ৪-সি.-তে আছে, যেখানে উপ-সমিতি করছেন—"Such number of members as may be appointed by the State Government by any general or special order. এখানেও যে সংসদ গঠন করতে চলেছেন, সেটা গণতান্ত্রিক প্রক্রিয়াতে করার কথা বললেও আপনি বলছেন—সরকার দ্বারা তারা মনোনীত হবে। এটা থাকা উচিত নয়—যখন বলছেন গণতন্ত্রের উপর ক্ষমতা দেবেন। এক্ষেত্রে খারাপ লক্ষণ বা খারাপ গন্ধ পাওয়া যাচ্ছে। আর একটা অ্যামেন্ডমেন্ড আমি দিয়েছিলাম, কিন্তু পরে এসেছে বলে মুভ হয়নি। সেখানে দিয়েছিলাম, সমস্ত গ্রাম পঞ্চায়েত সদস্যকে তাদের এরিয়ার কাজের ব্যাপারে তাদের যে ক্ষমতা থাকবে সেটা সুনিশ্চিত থাকতে হবে। পূর্বের তিক্ত অভিজ্ঞতায়, দেখেছি—পঞ্চায়েতের বিভিন্ন স্কিমের অনেক রকম আইন-কানুন আছে, সেইগুলো পার হতে হতে অনেক সময় লেগে যায়, অনেক টাকা-পয়সা খরচ করা যায় না। ক্লজ ৬, পেজ ২০, এখানে লিখেছেন—"Provided that the Pradhan shall not sanction any fund for a scheme, programme or projects without considering the views of the members of the Upa-Samiti". এই জায়গাতে যদি একটুও কন্ট্রাডিক্ট হয়, তাহলে পুরোপুরি কাজের ধারা বা উন্নয়নের কাজ বন্ধ হয়ে যাবে—এই অ্যাক্ট অনুযায়ী। এটাকে আরও গণতন্ত্রমুখী করতে হবে এবং কি কাজ হচ্ছে, সেটা বিরোধীপক্ষ সহ সবাই যাতে জানতে পারে এই ব্যাপারে একটা কথা রেখেছেন, সেটা মেইন অ্যাক্টেও ছিল এর পাবলিকেশন হওয়া উচিত। এখানে আগের জিনিসটাই ঢুকিয়ে দিয়েছেন। ক্লজ ৭/৮, পেজ ২১, সেকেন্ড প্যারার ৫নং লাইনে আছে—Annual Action Plan and on receipt of such demand the Executive officer with the consent of the Sabhapati." সভাপতি যদি কনসেন্ট দেয় তাহলে এক্সিকিউটিভ অফিসার স্কিমটা বা যে স্কিমগুলো আছে তার তালিকা প্রকাশ করতে পারবে। অর্থাৎ, সভাপতি যদি কনসেন্ট না দেয় তাহলে এক্সিকিউটিভ অফিসার প্রকাশ করতে পারছে না।

অর্থাৎ, সভাপতির হাতেই পাওয়ারটা থেকে গেল। কোথায় কি কাজ হচ্ছে, কি পরিমাণ হচ্ছে, কোথায় সঠিকভাবে টাকা খরচ হয়নি, তার তালিকা সঠিকভাবে প্রকাশ করলে আমার মনে হয় অন্তত কিছু করাপশান বন্ধ হবে। তালিকা প্রকাশ করবার অথরিটি দিয়েছেন এক্সিকিউটিভ অফিসারকে, আবার বলছেন সভাপতি যদি কনসেন্ট না দেয় তাহলে তালিকা দিতে পারবেন না। এখানে অ্যামেন্ডমেন্ডের উদ্দেশ্যটা ঠিক থাকছে বলে আমার মনে হচ্ছে না। এটা দেখতে বলব। পরবর্তীকালে পঞ্চায়েতের যে নির্বাচন করেছেন, অনেক জায়গাতেই বিরোধীশূন্য পঞ্চায়েত হয়েছে। জেলা-পরিষদ হোক, পঞ্চায়েত সমিতি হোক বা গ্রাম-পঞ্চায়েত হোক, গ্রাম সভা হোক, যেখানে বিরোধীশূন্য সেখানে কিভাবে কি করা যাবে, এই নিয়ে কিছু সেকসনে ইনসার্ট করেননি। পঞ্চায়েত সমিতির কাজের তালিকা দেওয়ার ব্যাপারে যেটা বলেছেন, জেলা-পরিষদের ক্ষেত্রেও সিমিলার সেকসনে দিয়েছেন—যেটা ক্লজ ১৩-তে আছে—'উইথ দা কনসেন্ট অফ দা সভাপতি', মনে হয় এখানে প্রিন্টিং মিস্টেক হয়েছে, এটা সভাধিপতি হবে, সভাপতি নয়।

[2.40–2.50 p.m.]

with the consent of the Sabhapati shall place such documents in the meeting for deliberation', with the consent of Sabhadhipati. এই জায়গাতে উইদ এই ওয়ার্ডটাকে আমি ডিলিট করতে বলছি। আজকে যে জেলা পরিষদ, যে সংসদ তৈরি করেছেন—clause 12 Every Zilla Parishad shall have a Zilla Sansad consisting of the following members :

(a) Pradhans of all Gram Panchayats, and members of all Zilla Parishad এই জায়গাতে আমি একটা ইনসার্ট করতে বলছি। এক্স, এম এল এ এম পি-রা আছেন, যাদের নাম এখানে ইনক্লুড করা হয়নি, তাদের নাম ইনক্লুড করবেন।

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ নেপাল মাহাতো আপনি পরে মুভ করবেন।

শ্রী নেপাল মাহাতো : স্যার, আমি তাই এখানে এই প্রশ্নগুলি রাখলাম এর উপর আপনি বিবেচনা করুন এবং আমার মনে হয় যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে তা বাস্তবে প্রতিফলিত হবে না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট বিল দু হাজার তিন যেটা আজকে এখানে আলোচনা হচ্ছে, আমি প্রথমে বলতে চাই যে, এটা আমরা নির্বাচনের আগে বামফ্রন্ট সরকার আমরা মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, আমরা এই পঞ্চায়েতকে কিভাবে চালাতে চাই, কিভাবে আরও বিকেন্দ্রীকরণ করতে চাই, মানুষকে সেই কাজের সঙ্গে যুক্ত করতে চাই, তাদের অংশগ্রহণকে সুনিশ্চিত করতে চাই, তার জন্য আমাদের সুনির্দিষ্টভাবে কি কি করতে হবে—আমরা একথা বলেছি। দরকার হলে তার জন্য যা আইন সংশোধন করার দরকার হবে, তা আমরা করব। মানুষ তার পক্ষে রায়

ঘোষণা করেছেন এবং আমরা বিশ্বাস করি ইস্তেহার কর্মসূচি এই রকম একটা বিষয়, এটা গুরুত্বপূর্ণ। কিন্তু বেশ কিছু লোক মনে করেন এগুলি নির্বাচনের আগে দেওয়া হয়, তারপর সেটা ভুলে গেলেই হয়। আমরা সে রকম নই। আমরা যে কর্মসূচি রেখেছিলাম, মানুষ তার পক্ষে রায় ঘোষণা করেছে। আমরা এটা দ্রুততার সঙ্গে বাস্তবায়িত করতে চাই। নতুন পঞ্চায়েতের মাধ্যমে করতে চাই। যেটা এখানে বলা হয়েছে, বেশিরভাগ একটা যুক্তি এসেছে, যেটা দু নম্বর ক্লজে অর্থাৎ মূল আইনের সাব সেকশান ১৬এ-তে যে সংশোধনী আনা হয়েছে, সেটা সম্পর্কে গ্রাম উন্নয়ন সমিতি সম্পর্কে তার মুখ্য উদ্দেশ্য হল যে, গ্রাম সংসদ স্তরে যারা আসেন, সভায় যোগ দিতে, আমাদের নির্বাচকমণ্ডলী তারা কিছু কথা বলেন, কিন্তু তারা একটা পরিকল্পনা তৈরি করেন, অগ্রাধিকার তালিকা তৈরি করেন, তারা কিছু ব্যাপারে তাদের বক্তব্য বলতে চান, এবং তা যদি গৃহীত হওয়ার কোনো একটা বাধ্যবাধকতা কিছু না থাকে, তাহলে তারা আসবেন কেন, তারা বলবেন কেন ? একটা দায়বদ্ধতা তাদের কাছে আমাদের থাকতে হবে এবং সেজন্য আমরা গ্রাম সংসদকে আরও একটু বেশি ক্ষমতা দেব, আমরা বলেছিলাম পঞ্চায়েতের হাতে ক্ষমতাই যথেষ্ট নয়, পঞ্চায়েতের হাতে ক্ষমতা আমাদের জনগণের হাতে ক্ষমতার স্তর পর্যন্ত বিকেন্দ্রীভূত করতে হবে। বিকেন্দ্রীকরণের লক্ষ্য হচ্ছেন মানুষ এবং মানুষকে যদি ক্ষমতায়ন করতে হয়, এমপাওয়ারমেন্ট করতে হয়, তাহলে তার জন্য আইনগত কাঠামোর ব্যবস্থা করতে হবে। মূল উদ্দেশ্য সেটাকে রেখেই এবং দলমত নির্বিশেষে সমস্ত মানুষকে রেখে আমরা কি করে যুক্ত করতে পারি। এই কাজে ঠিকই— সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্তই গণতন্ত্র। কিন্তু আমরা তার চাইতে বেশি এগিয়ে বলতে পারি যে, সংখ্যাগরিষ্ঠের সব সময়েই সিদ্ধান্ত নিতে হবে কেন। অনেক বিষয়ে তো আমরা একমত হতে পারি। একমত হওয়ার আমাদের চেষ্টা করতে হবে। সেটা নিশ্চয় গণতন্ত্র খর্বিত হবে না তাতে। তাতে গণতন্ত্র আরও বিকশিত হবে। শক্তিশালী হবে। আমরা সেই লক্ষ্য নিয়ে এই ১৬এ অ্যামেন্ডমেন্ট করেছি। কিন্তু আমি জানি এখানে কয়েকটা কথা উঠেছে সরকারপক্ষের অনেক সদস্য এখানে বলেছেন, যে যদি কোনো একটা জটিলতা হয়, যদি দুটো ক্ষমতার কেন্দ্র হয় ইত্যাদি। দুটো ক্ষমতার কেন্দ্র হওয়ার কোনো কারণ নেই। কারণ গ্রাম সংসদ স্তরে আমরা বলছি তারা কি বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার এক্তিয়ার তাদের আছে, তা আমরা আইনে সুনির্দিষ্ট করে দিয়েছি। সেখানে আমরা চাই না যে, উপরের স্তর থেকে হস্তক্ষেপ করা হোক। আমরা সেরকম চাই না যে রাজ্যের বিষয়ে কেন্দ্র হস্তক্ষেপ করুক। আমরা চাই না যে জেলার বিষয় নিয়ে রাজ্য হস্তক্ষেপ করুক। আমরা চাই না যে ব্লক পঞ্চায়েত সমিতির এক্তিয়ারভুক্ত বিষয় নিয়ে জেলা হস্তক্ষেপ করুক, আমরা অনুরূপভাবে চাই না যে গ্রাম পঞ্চায়েত গ্রাম সংসদ তাদের জনগণের হাতে আমরা যে ক্ষমতা দিয়েছি সেই ব্যাপারে হস্তক্ষেপ করুক। প্রত্যেকের এক্তিয়ার আলাদা করে নির্দিষ্টভাবে আইনে লিপিবদ্ধ করা হয়েছে। তা সত্ত্বেও ভুল বোঝাবুঝির যাতে সৃষ্টি না হয় তার জন্য সরকারপক্ষের চীফ হুইপ যে একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন, যখন অ্যামেন্ডমেন্টটা মুভ হবে, আমি এই কথা বলতে পারি যে সেটা আমরা গ্রহণ করতে চাই এবং তার মধ্যে দিয়ে যে সমস্ত আশঙ্কা প্রকাশ পেয়েছে, আমি মনে করি আমরা সেগুলো দূর করতে পারব। আর বাকি যে সমস্ত কথা বলা হয়েছে, মানে গ্রাম সংসদ,

গ্রামোন্নয়ন সমিতি সম্পর্কে, সেটা আমরা বলেছি অ্যাজ প্রেসক্রাইব, মানে তো রুলে প্রেসক্রাইব করতে হয়, কাদের নিয়ে হবে, তাদের কি হবে তাই সেগুলোতে যাচ্ছি না। রুল যখন হবে, হাউসে রুল লে করা হবে। সেই সময়ে আপনাদের মতামত দেওয়ার অধিকার আছে, ক্লেমস, অবজেকশন ইত্যাদি করার অধিকার থাকবে তখন জানাবেন। ক্লজ (৪)-এর আমাদের যেটা আছে উপ-সমিতি করা তার উদ্দেশ্য হচ্ছে যে গ্রাম পঞ্চায়েতের প্রধান খালি তার হাতে সমস্ত ক্ষমতা যেন কেন্দ্রীভূত না হয়। উপ-সমিতিগুলো এবং তাদের সঞ্চালক তারা সংশ্লিষ্ট বিষয়ে যেন সিদ্ধান্ত নিতে পারেন, একটা যৌথ নেতৃত্ব, একটা যৌথ দায়িত্ব, যৌথ সিদ্ধান্ত, একটা বিকেন্দ্রীভূত ব্যবস্থা এটা সুনিশ্চিত করার লক্ষ্যে আমরা এটা করছি। আমরা মনে করি যে এটা আমাদের গ্রাম পঞ্চায়েতে গণতন্ত্রে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ এবং এটা যৌথ কর্মতৎপরতা গড়ে তুলতে সহায়ক হবে। আর এখানে বলা হয়েছে যে সঞ্চালকরা টাকা পাবে কিনা এটা আইনের বিষয় নয় আমি তাই যাচ্ছি না। আর বাকি হচ্ছে ক্লজ (৫) এ আমরা যেটা বলছি, সেকশন ৪৭-এর প্রিন্সিপ্যাল অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট সাব সেকশন ওয়ানে আমরা এনেছি। সেটা হচ্ছে আমাদের গ্রাম পঞ্চায়েতের আয় বাড়াবার জন্য। এই হাউসে রাজ্য অর্থ কমিশন তার রিপোর্ট পেশ করেছে। গ্রাম পঞ্চায়েতের নিজস্ব আয় বাড়াবার উপর।

মি: ডেপুটি স্পীকার : (আমাদের সময় শেষ হয়ে গেছে, সভার অনুমতি নিয়ে আরও আধঘন্টা সময় বাড়িয়ে দেওয়া হল।)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : তাই আমরা আয় বাড়াবার জন্য কয়েকটি বাড়তি ব্যবস্থা করেছি। আয় বাড়ছে কিন্তু আশানুরূপ নয়। আমরা কি করে তাদের নিজস্ব আয় বাড়াতে পারি স্বনির্ভরতা ইত্যাদির কথা এসেছে। অতীশদা ভালোই বলেছেন স্বনির্ভরতার কথা। দেশটাই স্বনির্ভর থাকছে না, দেশের স্বনির্ভরতা বিক্রি হয়ে যাচ্ছে। অতীশদা বললেন যে ২০ বছর আগে দুর্নীতির কথা বললে, কেউ দুর্নীতির কথা বললে লোকে তাকে ঘৃণা করত। এখন এইরকম হয়। কিন্তু আপনাকে বলি খালি নীচের দিকে তাকাবেন না একটু উপরের দিকে, একটু দিল্লির দিকে তাকান। একদিকে সেখানে তো সাবমেরিন থেকে কামান পর্যন্ত, কফিন পর্যন্ত সবই আছে। আমরা তো সেই দেশের মধ্যে আছি, তার থেকে অনেক ভালো আছি আর আপনারা সেটাকে আড়াল করার জন্য ওপরেরটা আড়াল করার জন্য নীচের দিকে তাকাবেন না। যাই হোক আর বাকি থাকে ব্লক সংসদ, ক্লজ সিক্সে আমরা বলেছি তারপর জেলা সংসদ, এতে আপত্তি করার কি থাকতে পারে আমি বুঝতে পারলাম না। ২৫ বছর আগে হয়তো এরকম ছিল। কিন্তু এখন এইরকম কোনো জেলা সংসদ নেই যেখানে তিনশো জন নিয়ে মিটিং করার জন্য প্যান্ডেল করতে হবে আর মাঠে যেতে হবে। প্রত্যেক জেলা সদরে তিনশো লোক কেন ৯শো লোক নিয়ে বসার মতো হল আছে। কাজেই সেটা খুব একটা আটকাবে না। ব্লকে ও ব্লক সংসদদের মিটিংয়ে হলের অভাবে আটকে যাবে না। এটা করার উদ্দেশ্য হচ্ছে এই যে গ্রাম পঞ্চায়েত হিসাব দেয় গ্রাম সংসদকে কিন্তু পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদকে তো কোনো হিসাব দিতে হয় না, তাছাড়া তাদের বাজেট বিশদভাবে

কারো কাছে পেশ করার সুযোগ থাকে না। তারা এক বছরে কি করছে না করছে তার বিবরণ দেওয়ার কোনো আইনগত বাধ্যবাধকতা ছিল না। এমনি কিছু প্রথা কোথাও হয়তো ছিল। আমরা করছি যদি করার আইনগত বাধ্যবাধকতা থাকে একটা কাজের রিপোর্ট হয়, সবাই একটা আলোচনা করতে পারে, নীচের স্তরের লোকেরা একটু আলোচনায় অংশগ্রহণ করতে পারে। দুটো কথা বলতে পারে। কিন্তু এর সঙ্গে ডি.পি.সি বা ডি.পি.সি.সি-র কোনো বিবাদ হওয়ার সুযোগ নেই কারণ ডি.পি.সি., ডি.পি.সি.সি. এটা হচ্ছে, ডি.পি.সি. এটা হচ্ছে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, জেলা পরিকল্পনা কমিটি। এটা আলাদা একটা আইন। নির্মলবাবু বলেছেন ওই অ্যাক্টের বিষয়ে। এটা এই আইনের বিষয় নয়। এটা আলাদা আইন আছে।

[2.50–3.00 p.m.]

এটা আইনের বিষয় নয়, এটা আলাদা আইন আছে। সেটাও আবার দুর্ভাগ্যবশত আমাদের দেশে ওই যে সংবিধান সংশোধন করে তৈরি হয়েছে। আমাদের পরিকল্পনা কমিশন সংবিধানের বিষয় নয়। রাজ্য পরিকল্পনা পর্ষদ সংবিধানভুক্ত বিষয় না। কিন্তু ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি হচ্ছে সংবিধানের বিষয়। ওরা উপর থেকে কেন্দ্রীভূত, বিকেন্দ্রীকরণ করেছেন এবং কি হবে সেটা ওরাই ঠিক করে দিয়েছেন। ৭৪তম সংবিধান সংশোধন, আইনে তদনুযায়ী আমাদের আইন করতে হয়েছে। কাজেই সেটা মেনে আমাদের চলতে হচ্ছে। আমি এই কথায় যাচ্ছি না এখানে। কিন্তু তাদের সঙ্গে সংঘাতের কোনো ক্ষেত্র থাকবে না বলেই মনে হয়। এই হচ্ছে মোটামুটি কথা। আমরা বিশদ কথায় যাচ্ছি। মাননীয় সদস্যরা, আপনারা বলেছেন, তাদের আশঙ্কার কথা। আমি তাঁদের এই প্রতিশ্রুতি দিতে পারি, আশঙ্কার কোনো কারণ নেই। আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে দাঁড়িয়ে মানুষের কাছে প্রতিশ্রুতি পালনের জন্য আমরা এই বিল এনেছি। আপনাদের সকলের সহযোগিতা নিয়ে আমরা তাকে বাস্তবায়িত করতে সক্ষম হব। আমি এই বিলকে সমর্থন করে পুরো হাউসকে সমর্থন করার জন্য আবেদন জানাচ্ছি।

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal Panchayat (Amendment) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clause–1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause–2

Mr. Deputy Speaker: There is Amendment No. 2 in List I in Clause 2 by Shri Robin Deb. Now, I call upon Shri Deb to move his amendment.

Shri Robin Deb : Sir, I beg to move that in Clause 2, for Sub-Clause (2) the following Sub-clause be substituted :

"(2) for clause (c) of sub-section (6) the following clause shall be substituted :

(c) constitute a Gram Unnayan Samiti with such number of functional committees as may be required, in such manner as may be prescribed, having jurisdiction over the area of the Gram Sansad for ensuring active participation of the people in implementation, maintenance and equitable distribution of benefits with respect to such subjects, as may be prescribed ;

Provided that the Gram Unnayan Samiti shall be accountable for its functions and decisions to the Gram Sansad and the Gram Sansad shall exercise its power and authority in this behalf in such manner, as may be prescribed."

Mr. Deputy Speaker : Dr. Mishra, do you accept the amendment ?

Dr. Surjya Kanta Mishra : Yes, Sir, I do accept it.

The motion (Amendment No. 2) of Shri Robin Deb was then put and agreed to.

The question that Clause 2 (as amended) was do stand Part of the Bill was then put and agreed to.

Clause–3

Mr. Deputy Speaker : There is Amendment No. 1 in List II to Clause 3 by Shri Nepal Mahato. Now, I call upon Shri Mahato to move his amendment.

Shri Nepal Mahato : Sir, I beg to move that after proviso to clause 3, the following new sub-clause be inserted :

"a) Each and every development scheme should be distributed equally to each area of Gram Sabha and the concerned elected

member of that Gram Sabha shall sign the recommendation of the schemes of that particular area and the utilisation of funds must be confirmed by the concerned Gram Sabha member and this elected member must sign the utilization certificate."

Mr. Deputy Speaker: Dr. Mishra, do you accept the amendment ?

Dr. Surjya Kanta Mishra: No, Sir, I do not accept it.

The motion (Amendment No. 1) of Shri Nepal Mahato was then put and lost.

Mr. Deputy Speaker: There is Amendment No. 3 in List I to Clause 3 by Shri Robin Deb. Now, I call upon Shri Deb to move his amendment.

Clause–3

Mr. Deputy Speaker: There is an amendment to Clause 3 given by Shri Rabin Deb. The Amendment is in order and I now request Shri Rabin Deb to move his amendment.

Shri Rabin Deb: Sir, I beg to move that Clause 3 be substituted as follows :

"3. In section 19 of the principal Act, after sub-section (2), the following sub-section shall be inserted :

"(3) A Gram Panchayat shall not omit or refuse to act upon any recommendations of a Gram Sansad relating to prioritization of any list of beneficiaries or scheme or programme so far as it relates to the area of the Gram Sansad unless it decides in a meeting for reasons to be recorded in writing that such recommendation or recommendations are not acceptable or implementable under the provisions of the Act or any rule, order or direction thereunder; such decision of the Gram Panchayat shall be placed in the next meeting of the Gram Sansad".

Shri Surjya Kanta Mishra: Sir, I accept the amendment.

The motion of Shri Rabin Deb (Amendment No. 3) was then put and agreed to.

The question that clause 3 do stand part of the Bill then put and agreed to.

Clause–4

Mr. Deputy Speaker : There is an amendment to Clause 4 List II given by Shri NEPAL MAHATO. The amendment is in order and I now request Shri Mahato to move his amendment.

Shri Nepal Mahato : Sir, I beg to move that in Clause 4, in sub-clause 3, after item (e) the following new items be inserted :

"(f) number of Upa-Samities members shall be fixed according to the size of the Gram Panchayat.

(g) member of Upa-Samiti shall be selected by the villagers that particular Gram Sabha."

Shri Surjya Kanta Mishra : Sir, I do not accept the amendment.

The motion of Shri Nepal Mahato that in Clause 4, in the List II in Sub-clause 3, after item (e) the following new items be inserted.

"(f) number of Upa-Samaties members shall be fixed according to the size of the Gram Panchayat.

(g) member of Upa-samati shall be selected by the villagers that particular Gram Sabha." was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause–5

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause–6

Mr. Deputy Speaker : There is an amendment to Clause 6 List II given by Shri NEPAL MAHATO. The amendment is in order and I now request Shri Mahato to move his amendment.

শ্রী নেপাল মাহাতো : Sir, I beg to move that clause 6 (i) in the first provisio to sub-clause (5), in line 5 and 6 the words" with the

consent of the Sabhapati" be omitted. (ii) after sub-clause (5) the following new sub-clause by inserted :

এটা অ্যাকসেপ্ট না করার কি আছে ? আপনি তো অনেক বেশি স্বচ্ছ করতে চেয়েছেন তাহলে এটা অ্যাকসেপ্ট না করার কিছু নেই। দু'নম্বরে আছে, All development scheme must be equally to each Panchayat Samity area and the concerned Panchayat Samiti-member shall recommend this and utilization certificate of the scheme of that concern area must be signed by the concerned elected Panchayat Samity members. এটা না বলার কি আছে ? এতে তো বিষয়টা আরো বেশি স্বচ্ছ হবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে এগুলো গ্রহণ করতে অনুরোধ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Sir, I do not accept the amendment. এটা নীতিগত কারণে গ্রহণ করা যাচ্ছে না। সভাধিপতির সম্মতি ছাড়া কোনো গণতান্ত্রিক ব্যবস্থায় এগুলো হওয়া উচিত ? আপনি কি করে বলছেন ? সমান করে ভাগ করা নয়, ভাগেরও একটা নিয়ম আছে। কাজেই এটা করা যাচ্ছে না।

The motion of Shri Nepal Mahato (Amendment No. 3) in the List II was then put & lost.

The question that clauses 6 do stand part of Bill was then put and agreed to.

Clauses–7 to 11

There is no amendment. The question that Clauses 7 to 11 do stand part of the Bill was then put and agreed to.

[3.00–3.10 p.m.]

Clause–12

Mr. Deputy Speaker : There are 3 amendments on this clause given by Shri Nepal Mahato. Now, I request Shri Nepal Mahato to move his amendments.

Shri Nepal Mahato : Sir, I beg to move that—

(i) in the proviso to sub-clause (5), in line 5, the words "with the consent of the Sabhapati" be omitted ;

(ii) after sub-clause (5) the following new sub-clause be added :

"(d) ex-officio member of the Zilla Parishad, M.P., M.L.A. or their nominee should be included as member" ;

(iii) after clause 12 the following new clause be inserted :

"12A. All development work should be equally distributed to each Zilla Parishad Area and concerned Zilla Parishad member shall recommend the scheme of his area and also utilization of fund must be confirmed by the concerned Zilla Parishad member and the utilization certificate must be signed by the concerned Zilla Parishad member".

Shri Surjya Kanta Mishra : Sir, I do not accept the amendments.

The motions of Shri Nepal Mahato were then put and lost.

The question that clause 12, do stand part of the Bill, was then put and agreed to.

Clauses–13 to 22

The question that clauses 13-22 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 2003, as settled in the Assembly, be passed.

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, আপনি গ্রামপঞ্চায়েতের ক্ষেত্রে সংসদের যে পাওয়ার এতদিন ছিল না সেটা দিয়েছেন—সেটা ভাল করেছেন। কিন্তু এতে পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের ক্ষেত্রে এই মণিটরিং পাওয়ার ঠিক অনুরূপভাবে দেওয়া হল না কেন ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : পঞ্চায়েত সমিতি—সেখানে ব্লক সংসদ এবং জেলা পরিষদে জেলা সংসদকে আমরা কিছু ক্ষমতা দিয়েছি। আশা করি আপনি বিলটা নিশ্চয় দেখেছেন।

শ্রী দেবপ্রসাদ সরকার : সেভাবে বাধ্যতামূলকভাবে ওদের ক্ষেত্রে সেটা করা হয়নি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : গ্রামের ক্ষেত্রে গ্রাস-রুট লেভেলে যেভাবে করা সম্ভব, একটা জেলা জুড়ে সেভাবে করা সম্ভব নয়। তবে ওঁরা পরামর্শ দিলে কনসিডার করবে, বাজেট দেবে, হিসেব দেবে, অডিট দেবে—এসব বলে দিয়েছি।

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal Panchayat (Amendment) Bill, 2003, as settled in the Assembly be passed was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

Demand No. 24

Mr. Deputy Speaker : There are 131 cut motions to Demand No. 24. All the cut motions are in order. Cut Motion Nos. 1-2, 53, 54-73, 108, 109 and 124-127 are taken as moved and the remaining cut motions are not moved.

শ্রী আবু হেনা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডিম্যান্ড নং ২৪-এ অন্তর্গত বিভিন্ন খাতে মোট ১৩৫২ কোটি ৫১ লক্ষ ৫৮ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দ সেখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং সঙ্গে সঙ্গে বিরোধীদলের যারা কাট-মোশান এনেছেন সেই কাট-মোশানের সমর্থন করছি। স্যার, এখানে মাননীয় মন্ত্রীর যে বক্তব্য—তার বক্তৃতায় রেখেছেন, তা পড়ে মনে হচ্ছে যে পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবা অত্যন্ত ভাল এবং উনি এইজন্য গর্ব বোধ করেন। কিন্তু আমরা যদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার করি, তাহলে আমরা আসল চিত্রটা দেখতে পাব। ইনফ্যাক্ট গত বছরে যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছিল, তার থেকে এবারে ২৩৪ কোটি টাকা প্রায় উনি কম করেছেন। হয়তো পশ্চিমবঙ্গ সরকারের যে আর্থিক দৈন্যদশা, তার জন্য এটা করতে বাধ্য হয়েছেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তাঁর বইয়ে অনেক কিছু বলেছেন, অনেক ব্যাপারে নতুন নতুন প্রোজেক্টের কথাও উনি বলেছেন। ডিটেলস্-এ নিশ্চয়ই সবটাই যাওয়া যাবে না কিন্তু আজকের যে স্বাস্থ্য পরিষেবা কোথায় এসে দাঁড়িয়েছে সেটা প্রথমে বলতে গেলে প্রথমেই আমাকে বলতে হয় যে আমার জেলা মুর্শিদাবাদ এবং সেখানকার একটা বিধানসভা কেন্দ্র লালগোলা। সেই লালগোলা বিধানসভা কেন্দ্রের মধ্যে একটি গ্রামপঞ্চায়েত হচ্ছে নশিপুর, সেই নশিপুর গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৫টি গ্রাম কদমতলা, কুচিডাঙা, জনার্দনপুর, নতুনদিয়াড়, রিয়ানপুর এই ৫টি গ্রামে শিশু মৃত্যুর কথা আমি বলতে চাই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আমাদের দলের আব্দুল মান্নান, অসিত মিত্র-র কলিং অ্যাটেনশানের জবাব দিয়েছেন। আমি সেটাও পড়েছি। আমি শুধু এটুকু বলতে চাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে যে আপনার বইয়ের ছত্রেছত্রে এখানকার স্বাস্থ্য পরিষেবার কথা উল্লেখ করা হয়েছে। কিভাবে কোথায় উন্নতি করেছেন, না করেছেন। কিন্তু আজকে স্বাস্থ্য পরিষেবা কোথায় এসে দাঁড়িয়ে আছে সেটার যদি পর্যালোচনা আমরা করি তাহলে আমরা দেখতে পাব অল্পসময়ের মধ্যে ডিটেলস্-এ আলোচনা করা যাবে না, অনেক পরিসংখ্যান দেওয়া যাবে না। কিন্তু আমরা যদি ডিটেলস্-এ আলোচনা করতে চাই, তাহলে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবা যে পুরোপুরি ভেঙে গেছে সেটা বোঝা যায়। ২৭শে যে ঘটনা আরম্ভ হয়েছে, ৩ মাসের শিশু থেকে আরম্ভ করে ৫ বছরের শিশু, ৪ বছর পর্যন্ত, ৩ বছর পর্যন্ত অন্তত ২২ জন মারা গেছে।

[3.10–3.20 p.m.]

যেহেতু ঘটনাটা আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে ঘটেছে সেহেতু আমি দায়িত্ব নিয়ে বলছি, ওখানে স্বাস্থ্য বিভাগের যে ডাক্তাররা আছেন তাঁরা কেউ ঘটনা শুরুর ১৫ দিনের মধ্যে কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। আমরা চেয়েছিলাম স্বাস্থ্য বিভাগ তাঁদের ভূমিকা ওখানে সঠিকভাবে পালন করুন। কিন্তু মুর্শিদাবাদ জেলার স্বাস্থ্য ডিপার্টমেন্টের সি.এম.ও. (এইচ) থেকে শুরু করে সাব-ডিভিশনাল মেডিকেল অফিসার, ব্লক মেডিকেল অফিসার এবং অন্যান্য মেডিকেল অফিসার যাঁরা আছেন তাঁরা যে ভূমিকা সেখানে দেখিয়েছেন তাতে আমরা লক্ষ্য করেছি তাঁদের মধ্যে কো-অর্ডিনেশন গ্যাপ আছে এবং সে ব্যাপারেই আমি আপনাকে বলছি। ১ তারিখে পাল্‌স পোলিও প্রোগ্রাম হয়েছে। সে সময় কিছু হেলথ অ্যাসিস্ট্যান্ট জানতে পারেন সঙ্গে সঙ্গে তাঁরা বি.এম.ও.(এইচ)-কে জানান। উনি সঙ্গে সঙ্গে সি.এম.ও.(এইচ)-কে বলেন। ৩ তারিখ আমার এখানে মিটিং ছিল, আমি ওখানকার ঘটনা জানার সঙ্গে সঙ্গে এখান থেকেই সি.এম.ও.(এইচ)-কে ফোন করি। কিন্তু ওঁকে ওঁর অফিসে বা বাড়িতে পাওয়া যায় না। ওঁর নাম বিজন মণ্ডল। ওই সি.এম.ও.(এইচ)-এর ভূমিকা অত্যন্ত খারাপ। তারপর ৪ তারিখ আমি ওখানে যাই। গিয়ে দেখি ওখানে শুধুমাত্র ব্লক মেডিকেল অফিসারের আন্ডারে একটা টিম গিয়েছে। তার আগেই সারা ভারতবর্ষ ব্যাপারটা জেনে গিয়েছিল, সারা বিশ্ব জেনে গিয়েছিল। কিন্তু ওখানে যাঁরা স্বাস্থ্য পরিষেবা নিয়ে ব্যস্ত আছেন তাঁরা কেউ—সি.এম.ও.(এইচ) থেকে আরম্ভ করে বি.এম.ও.(এইচ) পর্যন্ত—৪ তারিখের আগে কিছুই জানতে পারলেন না। ৩ তারিখে আমি ডি.এম-কে ফোন করেছিলাম, তিনি কিছুই জানতেন না। থানাকে ফোন করেছিলাম, থানা কিছুই জানত না। তাঁদের কাছে কোনো খবর ছিল না। এই অবস্থায় তারপর স্বাস্থ্য দপ্তর থেকে যে ডাক্তারদের ওখানে পাঠানো হল তাঁরা খালি হাতে ওখানে গেলেন। প্যারাসিটামল ছাড়া আর অন্য কোনো ওষুধ তাঁদের কাছে ছিল না। আমি ফোন করে জানতে পারি তাঁদের কেউ বলছেন রোগাক্রান্ত শিশুদের বংকো-নিমিউনিয়া হয়েছে ; কেউ বলছেন ডেংগু হয়েছে ; কেউ বলছেন ক্রিমি থেকে হয়েছে ; কেউ বলছেন পরিবেশের জন্য, অপুষ্টির জন্য, অভাবের জন্য হয়েছে। হ্যাঁ, তারা গ্রামের গরিব মানুষ, তাদের অভাব আছে। ওই এলাকার ৮০ ভাগ মানুষই প্রান্তিক এবং ক্ষুদ্র চাষী, গরিব মানুষ, তাদের ওষুধ কেনার পয়সা নেই। কিন্তু ওখানে তো রোগই ধরা পড়ল না। ট্রপিক্যাল মেডিসিনের বিশেষজ্ঞরা রোগ ধরতে পারলেন না, দে হ্যাভ ফেলড। নাইসেড গিয়েছিল, তারাও কিছুই করতে পারল না। আমার সঙ্গে তাঁদের দেখা হয়েছিল। তাঁদের সঙ্গে আমি কথা বলেছি, তাঁরা অ্যাডমিট করেছেন যে, ওখানে কোনো চিকিৎসাই হয়নি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, তাঁদের দ্বারা এটা অ্যাডমিটেড যে, স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে চিকিৎসা হচ্ছিল না। আমি ডাইরেক্টর অব হেল্‌থ সার্ভিসকে ফোন করি। উনি বলেছিলেন, 'ওষুধ পাঠিয়ে দেওয়া হয়েছে।' কিন্তু ওখানে কোনো ওষুধ যায়নি। ওখানে ওষুধের পরিবর্তে চিরকুটে, দোকানের নাম লেখা রসিদে, ক্যাশ মেমোর পেছনে ওষুধের নাম লিখে দেওয়া হয়েছে without mentioning name of the Patient and signature of the doctor. That has already been communicated to the

Chief Medical Officer Health. কমিউনিকেট করা হয়েছে, আপনি নিশ্চয়ই জানেন। আর আপনার কথা কি বলব ! আই অ্যাম সরি টু সে মি: হেল্‌থ মিনিষ্টার, আপনি স্বাস্থ্যমন্ত্রী হয়ে ব্যাপারটা ইগনোর করেছেন ; ইউ হ্যাভ ইগনোর্ড। আপনি শুধু স্বাস্থ্যমন্ত্রীই নন, আপনি একজন ডাক্তারও। আপনি সমস্ত জেনে-শুনে ব্যাপারটা ইগনোর করেছেন। ১৫ দিনের মধ্যে ওখানে যাওয়া দূরের কথা ইউ ডিড নট গিভ এনি রি-অ্যাকশন টু দ্যাট। যখন আপনাকে আর.জি. কর মেডিকেল কলেজ হাসপাতালে ধরা হয় তখন আপনি বলেন, 'আমি কি করব গিয়ে।' তাহলে হোয়াই আর ইউ দেয়ার ; আপনি স্বাস্থ্যমন্ত্রী হিসাবে বসে আছেন কেন ? Why are you there ? Why you didn't go there ? Why didn't you speak, interact to other personnel as a minister of Health ? মুখ্যমন্ত্রী ছিলেন না, তিনি ইতালি থেকে ফিরে দু' দিনের মধ্যেই ওখানে চলে গেলেন, কথা বললেন, কিছু অ্যাকশন হল। আমি এখানে যা বলতে চাই তা হচ্ছে এই বই'টার মধ্যে আপনি যে সব কথা লিখেছেন তার কোনোটাই ঠিক নয়। একটার পর একটা আমি আপনাকে সেটাই দেখাতে চাই। রাজ্যের স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে জেলা হাসপাতাল থেকে আরম্ভ করে, সাব-ডিভিশনাল হাসপাতাল, রুরাল হাসপাতাল, ব্লক হেল্‌থ সেন্টার, কোথাও মানুষ চিকিৎসা পাচ্ছে না। আমার বিধানসভা কেন্দ্র থেকে ১৫/২০ কিলোমিটার দূরে কৃষ্ণপুর রুরাল হাসপাতালটি অবস্থিত। আপনি জেলা হাসপাতালের কথা বলুন, আপনি গ্রামীণ হাসপাতালের কথা বলুন, যেখানে ৭ জন ডাক্তার থাকার কথা, সেখানে ৩/৪ জন ডাক্তার আছে, তাও আবার ২ জন প্রোজেক্ট ডাক্তার। এদের জন্য আপনি ৬/৭ হাজার টাকা মাহিনা ধরে দিচ্ছেন, বাট দে আর নট ডুয়িং এনিথিং। ওইসব হাসপাতালে যেসব ডাক্তাররা আছে সেইসব ডাক্তারদের সঠিকভাবে যে দায়িত্ব পালন করার কথা সেই দায়িত্ব তারা পালন করছে না। আপনি জানেন এবং আমরাও জানি, It is mandatory that during the working hours. সেই ডাক্তারকে হাসপাতালে যেতে হবে। আউটডোর যদি থাকে বা কোনো কেস থাকে বা এমারজেন্সি যদি কিছু থাকে বা না থাকলেও They must have to go to the hospitals. কিন্তু আমি দেখেছি—আই হ্যাভ সিন মাইসেল্ফ—যার আউটডোর আছে যাকে সাড়ে ১০ কিংবা ১১টার সময়ে আসতে হবে, যে ডাক্তারের সঙ্গে কথা বলার জন্য সকাল ৯টা থেকে লাইন দিয়ে বসে আছে গরিব মানুষরা যারা দূর-দূরান্ত থেকে এসেছে, এসে কিউ দিয়ে দাঁড়িয়ে আছে—সেখানে কোনো ডাক্তার নেই ১১টা পর্যন্ত। তিনি তখন তার চেম্বারে বসে তখন সেখানে ১৩ জন রোগী দেখছে। Ultimately I had to go to his chamber. আপনারা যাঁরা জেলা থেকে এসেছেন তাঁরা সবাই জানেন, ডাক্তাররা তাদের কোয়ার্টারে বসে প্র্যাকটিস করে। তাঁদের ক্ষেত্রে কোনো অ্যাকশন আপনি নিতে পারেননি, কোনো শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেননি। You did not take any action. আজকে আপনি যে স্বাস্থ্য পরিষেবার কথা বলছেন—ডাক্তারদের সঙ্গে আজকে যে আনহোলি অ্যালায়েন্স ল্যাবরেটরির সঙ্গে যেখানে প্যাথোলজি, রেডিওলজি, যেখানে আল্ট্রা-সোনোগ্রাফি বা সিটি-স্ক্যান করা হয় সেক্ষেত্রে আপনি কি শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন ? আপনি গত বছর বিরাট একটা চার্ট করে দিলেন—ইভিনিং ক্লিনিক, ডায়েট চার্ট প্রভৃতির

ক্ষেত্রে, কিন্তু আসল কথা হচ্ছে, আমাদের রাজ্যে ৮ কোটি ২০ লক্ষ মানুষ আছে, তার মধ্যে ৮০ ভাগ গ্রামে বাস করে, আবার এই ৮০ ভাগের মধ্যে ৬০ ভাগ বিলো দি পভার্টি লাইনে বাস করে, সেইসব মানুষরা বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে যে পরিষেবা পাবার কথা সেটা তারা পাচ্ছে না। একটার পর একটা কেসে দেখছি রেফার করে দিচ্ছে। এমারজেন্সি অপারেশন জেলা-হাসপাতালে হচ্ছে না। ওখান থেকে বলে দিচ্ছে, এই হাসপাতালে যদি করতে হয় তাহলে যে কিউ আছে তাতে ৬ মাস লেগে যাবে, তুমি প্রাইভেটে করো, ১০/১৫ হাজার টাকায় করে দেব, নার্সিংহোমে চলো। সুতরাং জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল কিংবা গ্রামীণ হাসপাতালের কথা বুঝতে পারছেন। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র যেগুলি আছে সেখানে ডাক্তার থাকে না। গ্রামীণ হাসপাতাল যেগুলি আছে—আমি জানি—শনি এবং রবিবারে কোনো ডাক্তারকে সেখানে খুঁজে পাওয়া যায় না। সেখানে ১ জন ডাক্তার থাকে, সে অন্যান্য ডাক্তারদের কাজগুলি করে আর বাকি ডাক্তাররা প্র্যাকটিস করছে, দে আর নট ডুয়িং দেয়ার ওয়ার্ক। আমি প্রত্যেকটি জেলায় দেখেছি এই অবস্থা চলছে। সুতরাং আপনি যে বাজেট বক্তৃতা রেখেছেন তাতে ১ হাজার ৩৫২ কোটির বেশি টাকা ব্যয়-বরাদ্দের যে দাবি করেছেন, কিন্তু যাদের জন্য সরকারি হাসপাতাল, যাদের জন্য পরিষেবা সেইসব গরিব মানুষদের সেই পরিষেবা তারা ঠিকমত পাচ্ছে কিনা আপনি তার জবাব দিতে পারবেন ? আপনি বলেছেন, ৩ জনকে সাসপেন্ড করেছেন বা শো-কজ করেছেন লালগোলার ব্যাপারে। এই ব্যাপারে আপনি Why did you not take any action against the CMOH who is equally responsible for this ? He is not available there. He is equally responsible for this and you should take action against him. তারপর এখানে ডাক্তার নিয়োগের অনেক কথা বলেছেন। পরিষেবা দিতে গেলে ডাক্তার নিশ্চয়ই লাগবে। কিন্তু যেসব ডাক্তার আপনি নিয়োগ করেছেন তারা কিন্তু জয়েন করছে না। আপনি ৬৭৩ জনকে সিলেক্ট করেছেন থ্রু পি.এস.সি.। সেখানে ১২৫ জন কাজে যোগদান করেছেন, বাকি ৬০ পারসেন্ট যোগদান করেনি। এই সমস্ত গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলিতে তারা কি ঠিক সময়ে জয়েন করবে ? যদি জয়েন না করে, সেখানে যদি স্পেশালাইজ্‌ড ডাক্তার না থাকে তাহলে কি করে তারা পরিষেবা পাবে যাদের জন্য এই সমস্ত সরকারি হাসপাতাল। প্রাইভেট সেক্টরে যেসব হাসপাতাল হচ্ছে সেইসব হাসপাতাল গরিব মানুষদের জন্য নয়। সুতরাং গ্রামীণ হাসপাতালে এই সমস্ত লোকদের যেখানে পরিষেবা দেওয়া দরকার সেখানে ডাক্তাররা যেতে চাইছেন না।

[3.20–3.30 p.m.]

আপনারাও তাঁদেরকে পারছেন না জয়েন করাতে। বারবার তাঁদের রিকোয়েস্ট করছেন কিন্তু তাঁরা জয়েন করছেন না। এরমধ্যে দাঁড়িয়ে আমরা বুঝতে পারছি না যে গ্রামবাংলার স্বাস্থ্য পরিষেবা সেটা কি করে রক্ষিত হবে। আপনি এখানে অনেক কথা বলেছেন। বলেছেন বিভিন্ন মেডিক্যাল কলেজে সি.টি. স্ক্যান, এম.আর.আই এসবের ব্যবস্থা করেছেন। এটা সত্যি কিন্তু সেসব করা হচ্ছে ক্যালকাটা বেসড মেডিক্যাল কলেজগুলিতে। গতকালও আর.জি.করে একটা উদ্বোধন করেছেন যৌথ উদ্যোগে ইকোর সঙ্গে

কোলাবোরেশানে। কিন্তু বলছেন সেখানে মাসে ৩৫ জনের বেশি গরিব মানুষকে দেওয়া যাবে না। গত সপ্তাহে একটি প্রশ্নের উত্তরে আপনি বলেছিলেন এই সংখ্যাটা যাতে বাড়ানো যায় তার ব্যবস্থা করবেন। কিন্তু আমরা দেখছি সে সব ব্যবস্থা হচ্ছে না। এখন তো দেখছি ডাক্তাররা রোগ ধরতেই পারছেন না। তারা খালি বলছেন সি.টি. স্ক্যান করুন, আলট্রা-সোনোগ্রাফি করুন, এম.আর.আই করুন, নানান প্যাথোলজিক্যাল টেস্ট করুন তারপর চিকিৎসা হবে। এসব গ্রামের মানুষরা করবেন কি করে ? যেসব গ্রামের মানুষের মাসে রোজগার ৫/৬শো টাকা বা হাজার টাকা তারা এসব করাবেন কি করে ? তারপর মফস্বলের হাসপাতালের ডাক্তারবাবুদের দেখি একটু দেখেই তারা রেফার করে দেন। They did not take any action. তাঁদের হাত থেকে চলে গেলেই তাঁরা যেন বেঁচে যান এই রকম মনোভাব তাঁদের। এটা তাঁরা ইচ্ছাকৃতভাবে করেন। এখন তো আবার অনেক নতুন নতুন রোগের প্রাদুর্ভাব হয়েছে—থ্যালাসেমিয়া, আর্সেনিকের রোগ ইত্যাদি। মুর্শিদাবাদ জেলাতে আর্সেনিকের সমস্যার কথা সকলেই জানেন। ফরাক্কা থেকে আরম্ভ করে গোটা ওই রেঞ্জটা পদ্মার আশেপাশের গ্রামের মানুষরা আর্সেনিকযুক্ত জল খাওয়ার ফলে তাদের আর্সেনিকোসিস বলে চামড়ার একটা রোগ হচ্ছে কিন্তু মুর্শিদাবাদ জেলার জেলা বা মহকুমা হাসপাতালে তার চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। গরিব মানুষরা বাধ্য হয়েই এই জল খাচ্ছেন কারণ তাদের মিনারেল ওয়াটার খাওয়ার পয়সা নেই আবার অপরদিকে তাদের জন্য পাইপ ওয়াটারেরও ব্যবস্থা নেই। পঞ্চায়েত থেকে ২/৩ পাইপের যেসব টিউবওয়েল বসিয়ে দেওয়া হয়েছে বাধ্য হয়ে সেই জলই খায় ফলে মানুষ আর্সেনিকের রোগে ভুগছে। আমাদের এখানে পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং দপ্তরের জন্য যে সাবজেক্ট কমিটি আছে সেই কমিটি থেকে আমরা সেখানে ভিজিট করেছি, ডোমকলে গিয়েছি, অন্যান্য জায়গায় গিয়েছি এবং গিয়ে দেখেছি এমন সব চামড়ার রোগ হয়েছে যে মানুষরা তাতে খুব কষ্ট পাচ্ছেন এবং এমন কি অনেকে তাতে মারাও গিয়েছেন। এই ব্যাপারটি অত্যন্ত গুরুত্ব সহকারে দেখার জন্য আমি আপনাকে অনুরোধ করব। এইভাবে চললে ভবিষ্যতে মুর্শিদাবাদ, নদিয়া, ২৪ পরগনা, মালদহে এই আর্সেনিকের রোগ এপিডেমিক আকারে দেখা দেবে। এস.এস.কে.এম. হাসপাতালে শুনেছি এর নাকি সপ্তাহে একদিন চিকিৎসা হয় কিন্তু জেলা বা মহকুমা হাসপাতালে এর কোনো চিকিৎসার ব্যবস্থা নেই, সে ব্যবস্থা অবিলম্বে করা দরকার। আপনি মেডিক্যাল ইউনিভার্সিটি করেছেন। বলছেন এস.এস.কে.এম হাসপাতালে ৫০ সিটের আন্ডারগ্রাজুয়েট চালু হবে, মেদিনীপুরেও হবে। আমার বক্তব্য হচ্ছে, মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া এর অ্যাপ্রুভাল দিয়েছে কি ? জয়েন্টের রেজাল্ট বেরিয়ে গিয়েছে, হায়ার সেকেন্ডারির ফলও বেরিয়ে যাবে, ছাত্ররা ভর্তি হবে অথচ কাগজে দেখছি মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া এখনও ফাইনাল জবাব দেয়নি। মাননীয় মন্ত্রীমহাশয় আশা করি এর জবাব দেবেন। তারপর ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রজেক্টে যে সমস্ত ইক্যুইপমেন্টস কেনা হয়েছে সেগুলি দেখছি হাসপাতালে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। সেগুলি যাতে ব্যবহৃত হয় এবং তারজন্য যাতে টেকনিক্যাল লোক বা স্পেশালাইস্ট লোক নেওয়া হয় সেটা দেখবেন। এই প্রজেক্টে অলরেডি ৫০০ কোটি টাকা খরচ হয়ে গিয়েছে। এটাও দেখবেন। (এই সময় লালবাতি জ্বলে

ওঠে) স্যার, আমাকে আর এক মিনিট সময় দেবেন। হোমিওপ্যাথি, আকুপাংচার, আয়ুর্বেদ এবং ইউনানি এই সব বিভাগে আপনার বরাদ্দ অত্যন্ত কম। আপনি এইগুলোকে ইগনোর করছেন, ইমপর্টেন্স-ই দিচ্ছেন না। কোথায় আপনি ১০ লক্ষ কোথায় ২০ লক্ষ কোথায় ৩০ লক্ষ দিচ্ছেন এখন ওয়েস্টার্ন ঔষধের দাম অনেক বেশি, সেইজন্য সাধারণ মানুষ গরিব মানুষ এইগুলো বেয়ার করতে পারবে না। এই সব বিষয়ে কোথাও ১০ লক্ষ টাকা কোথাও ২০ লক্ষ টাকা, কোথাও ৩০ লক্ষ টাকা ধরে রেখেছেন, কেন ধরেছেন আমি জানি না, ধরতে হয় তাই ধরেছেন নাকি আমি জানি না। আপনার উদ্দেশ্যটা কি আমি জানি না। আপনি এই ব্যাপারে বলবেন। এই বিষয়ে বরাদ্দ বাড়ানোর জন্য আমি অনুরোধ করব। এই সমস্ত হোমিওপ্যাথি, আয়ুর্বেদ, আকুপাংচার, ইউনানি জেলা হাসপাতালগুলোতে সরকারি ব্যবস্থাপনায় যাতে হয় সেটা দেখবেন। কমিউনিটি হেলথ গাইড ১৯৭৭ সাল থেকে আরম্ভ হয়েছে। ৫০ টাকা দিয়ে শুরু হয়েছিল, এখন ১০০ টাকা হয়েছে। সারা পশ্চিমবাংলায় ৩৩ হাজার লোক আছে, তাদের আপনি ইউজ করছেন। তাদের আপনি ১০০ টাকা মাইনে দিচ্ছেন, তাদের অনাররিয়াম বাড়ানোর ব্যবস্থা করুন। তাদের এবজর্ব করার প্রতিশ্রুতি দিন। ২৪-২৫ বছর ধরে তারা কাজ করে যাচ্ছে কিন্তু দে আর নট বিইং এবজর্ব। তাদের কথা আপনি সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন। আমি ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় চেয়ারম্যান স্যার, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রীদ্বয় ডাঃ সূর্যকান্ত মিশ্র এবং প্রত্যুষ মুখার্জি মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলোর বিরোধিতা করছি। প্রথমে মাননীয় বিরোধীদলের সদস্য যেটা বললেন যে স্বাস্থ্য দপ্তরের বরাদ্দ অনেক কম করা হয়েছে। হ্যাঁ, আমি এটা স্বীকার করছি। মাননীয় বিরোধীদলের সদস্যের অনুশোচনা হওয়া উচিত। ১৯৯১ সাল থেকে কেন্দ্রীয় সরকার পরিকাঠামোগত সংস্কারের নাম করে উদারীকরণ প্রক্রিয়া চালু করে পরবর্তীকালে বেসরকারিকরণ এবং বিশ্বায়ন করার ফলে শুধু আমরা নয় সারা ভারতবর্ষে সমস্ত রাজ্যগুলি সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। এই পটভূমিতে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর স্বাস্থ্য পরিষেবা যা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেবার জন্য নানা ধরনের কর্মসূচি নিয়েছে তা ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে নেই। এটা বিরোধীদলের সদস্যদের জানা উচিত। একমাত্র পশ্চিমবাংলাতেই শতকরা ৭০ ভাগ মানুষ সরকারি চিকিৎসার উপর নির্ভর করে। তামিলনাড়ুতে ৫০ ভাগ মানুষ সরকারি চিকিৎসার উপর নির্ভর করে। আর কোনো রাজ্যে এই রকম আছে ? মাননীয় সদস্য কি আর কোনো রাজ্য দেখাতে পারবেন ? পশ্চিমবাংলা বাদ দিয়ে আর কোনো রাজ্য আছে ? এখানে যে কোনো রাজ্যের তুলনায় অত্যন্ত সুলভ মূল্যে, বিনামূল্যে এবং কম মূল্যে চিকিৎসা হয়, যা ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে নেই। এটা আপনাদের জেনে রাখা উচিত, কলকাতা শহর থেকে আরম্ভ করে গ্রামস্তর পর্যন্ত যা স্বাস্থ্য পরিকাঠামো বিন্যস্ত আছে তা ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে নেই।

(এ ভয়েস : তামিলনাড়ুতে আছে)

তামিলনাড়ুতে আছে কিন্তু সেখানে পয়সা দিয়ে চিকিৎসা করাতে হয়। সাধারণ মানুষ, গরিব মানুষ, খেটেখাওয়া মানুষ ক্ষেতমজুর নিম্নমধ্যবিত্ত মানুষের জন্য চিকিৎসা ব্যবস্থা পশ্চিমবাংলার মধ্যে যা আছে তা ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে নেই। মাননীয় বিরোধীদলের সদস্য এই সমস্ত কিছু নস্যাৎ করে দিয়ে কিছু আষাঢ়ে গল্প ফেঁদে বসলেন। আমার বক্তব্য নয়, ন্যাশানাল স্যাম্পেল সার্ভে যা রিপোর্ট দিয়েছে তাতে স্বাস্থ্য ব্যবস্থার যে মৌলিক সূচকগুলো আছে তাতে পশ্চিমবাংলার অবস্থান কোন জায়গায় সেটা একটু জানিয়ে দেওয়া উচিত। মৃত্যুর হার পশ্চিমবাংলায় ৬.৮ শতাংশ। পশ্চিমবাংলা কেরালার পরেই, কেরালা হচ্ছে ৬.৬। জন্মহার পশ্চিমবাংলায় হচ্ছে ২০.৫, কেরালা হচ্ছে ১৭.২ আর তামিলনাড়ু হচ্ছে ১৯। আমরা তৃতীয় স্থানে আছি।

[3.30–3.40 p.m.]

আর শহর এলাকাতে এই হার ১৩.৮। আমরা প্রথমে আছি। শিশুমৃত্যুর হার নিয়ে এতক্ষণ অনেক কথা বলা হল। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় বিবৃতি দিয়েছেন। এটা নিয়ে কোর্টে কেস হয়েছে, তবুও উনি বলেছেন। পশ্চিমবাংলায় হাজারে ৫১ জন শিশু মারা যায়। কেরালাতে মারা যায় ১১ জন এবং মহারাষ্ট্রে মারা যায় ৪৫ জন। এখানে আমরা দ্বিতীয় স্থানে রয়েছি। এই সূচকগুলো কি বলে—আমরা এগিয়ে যাচ্ছি, না পিছিয়ে যাচ্ছি ? আমাদের এখানে রোগ প্রতিষেধকের যে ব্যবস্থাগুলো আছে—যেখান থেকে রোগ সৃষ্টি হয়, সংক্রামক রোগ সৃষ্টি হয়, তা হচ্ছে জল—এটা আমার কথা নয়, অমর্ত্য সেন তাঁর রিপোর্টে উল্লেখ করেছেন, পশ্চিমবাংলায় ৮৪ ভাগ গ্রামে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা রয়েছে। আর শহরে আছে ৯৪ ভাগ। সারা ভারতবর্ষে এটাতে আমরা দ্বিতীয় স্থানে রয়েছি। আমাদের এই যে অবস্থা, এ সম্পর্কে 'হু'-এর দক্ষিণ-পূর্ব অঞ্চলের অধিকর্তা ডঃ ওটন মোক্তা রাফি তিনি কলকাতার বুকে এই কথাগুলো বলে গেছেন। এই ব্যবস্থা নেওয়ার আগে কলেরা, কুষ্ঠ এবং পোলিও, এর মধ্যে বিশেষ করে কলেরা—আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন এতে ৬০ ভাগ শিশু মারা যেত। আর এখানে আপনারা সামান্য এই ব্যাপার নিয়ে হইচই করছেন। এখন কলেরায় মৃত্যুর হার হচ্ছে ০.০১ শতাংশ। ০.০১ শতাংশ শিশু বর্তমানে মারা যায়। এছাড়া গত কয়েক বছর ধরে পশ্চিমবাংলায় আমাদের স্বাস্থ্য দপ্তরের বিশেষ করে গ্রামীণ যে পরিষেবা, তার উন্নতিসাধনের জন্য নানা ধরনের উদ্যোগ নিয়েছেন। আমি আপনাদের সামনে শুধু কয়েকটি বিষয় উল্লেখ করছি। আমাদের এই যে স্বাস্থ্য পরিষেবা, আমাদের যে কাঠামো আছে—প্রাইমারি, সেকেন্ডারি এবং টার্সিয়ারি, ওপরের দিকে মেডিকেল কলেজগুলিকে বাদ দিলে গ্রামে প্রাইমারি এবং সেকেন্ডারি যে স্বাস্থ্যকেন্দ্রগুলি আছে, সেগুলিতে গ্রামের মানুষ বেশি করে স্বাস্থ্য পরিষেবা পায়। আর নিচের দিকে যে সাব-সেন্টার আছে, সেখানে নানা কার্যক্রম চলে। এটা কেউ অস্বীকার করতে পারবেন না, সেখানে আমাদের যে ফিমেল এবং মেল ওয়ার্কার যাঁরা আছেন, তার ওপরে আছে সুপারভাইজার, সেখানে মাসে একবার করে মনিটারিং হয়। সেখানে পালস্ পোলিওর পারফরম্যান্স হচ্ছে ২৫ পার্সেন্ট। সেখানে নানা ধরনের কর্মসূচি রয়েছে। সেখানে নানা ধরনের কর্মসূচির কাজ

চলছে, তাকে আরও উন্নত করবার জন্য আমাদের রাজ্য সরকার বিভিন্ন প্রতিষ্ঠানের সাহায্য নিয়ে কাজ শুরু করেছে। ৫৫৯টি স্বাস্থ্যকেন্দ্রের মধ্যে আছে পি.এইচ.সি., বি.পি.এইচ.সি.। এগুলিতে রাজ্য সরকার কে.এফ.ডবলু, জি.টি.জেড, ডি.এফ.আই.বি. এবং ন্যাবার্ডের আর.আই.ডি.এফ-৮'-এর সাহায্যে—সাব-সেন্টার এবং প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্রগুলিতে উন্নতি-সাধনের কাজ শুরু করেছে। সেখানে শুধু বাড়িঘর নয়, ওষুধপত্র, যন্ত্রপাতি, আসবাবপত্র, আসা-যাওয়ার জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা ইত্যাদি কাজ শুরু হয়েছে। আমরা দেখছি, এইসব কার্যক্রম নেওয়ার ফলে, যে কাজ শুরু হয়েছে—উনি যে কথা বলছিলেন, সরকারের কি অবস্থা—এর দ্বারা কি বোঝায় ? সরকার পি.এস.সি.র কাছে এক হাজার ডাক্তার চেয়েছিল, ওরা ৬৭৬ জনকে পাঠিয়েছেন। সরকার তাঁদের নিয়েছেন। এতে সরকারের কি দোষ ? মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন এক বছরের মধ্যে ডাক্তার নিয়োগ করবেন, তা তিনি করেছেন। ১৪০০ ডাক্তার নিয়োগের জন্য এর মধ্যে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এইক্ষেত্রে আরও কি প্রস্তাব আসতে পারে তা সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছে। প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্রগুলির উন্নতিসাধনের জন্য, হাসপাতালগুলিতে মা এবং শিশুদের জন্য লেবার রুম এবং ও.টি. যেগুলি আছে সেগুলির উন্নতিসাধন যাতে করা যায় তার জন্য সরকার উদ্যোগ নিয়েছে। এর একটা ধারাবাহিক প্রচেষ্টা এই সরকারের পক্ষ থেকে, দপ্তরের পক্ষ থেকে নেওয়া হয়েছে। সেকেন্ডারি স্তরে আমাদের যে হাসপাতালগুলি আছে, তার মধ্যে ২১৪টি হাসপাতাল ধরা আছে, এর মধ্যে রুরাল হাসপাতাল, সাব-ডিভিশনাল হাসপাতাল, জেলা হাসপাতাল, স্টেট জেনারেল হাসপাতাল। তার মধ্যে ২০২টির কাজ শেষ হয়ে গেছে, আর বাকি যেগুলি সেইগুলি ২০০৪ সালের মার্চ মাসের মধ্যে সেইগুলির কাজ শেষ হয়ে যাবে। এবং সেখানে উনি যে কথা বলছিলেন ইনভেস্টিগেশান করার জন্য যে নানান ধরনের যন্ত্রপাতি দরকার, ওই সমস্ত স্তরে সেইগুলি কেনা হয়েছে এবং যেসব জায়গায় বাড়িঘরের কাজ কমপ্লিট হয়েছে, সেখানে ইনস্টল করে বসানো হয়েছে। যেখানে সিভিল ওয়ার্ক-এর কাজ শেষ হয়নি, সেখানে ওই ডিস্ট্রিক্ট হেলথ সোসাইটি যা তৈরি হয়েছে, সেখানে আমাদের প্রজেক্টের যে লোকজনরা রয়েছেন তাঁদের হাতেই টাকা পয়সা সব রয়েছে,তারাই সেইসব যন্ত্রপাতি কিনে দেবেন। রাজ্য স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের কাজে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় ২০০৪ সালে যে কাজটা শেষ হওয়ার কথা সেটা শেষ হলে গ্রামের মানুষ স্বাস্থ্য পরিষেবার সুযোগ পাবে ও অনেক মানুষ এতে উপকৃত হবেন। আমি এখানে আর একটি ঘটনার কথা বলতে পারি, আমাদের বিরোধী দলের মাননীয় সদস্যরা যাঁরা স্ট্যান্ডিং কমিটি অন হেলথ-এর সঙ্গে ছিলেন, তাঁরা জানেন, মানুষকে বিভ্রান্ত করার জন্য যে সমস্ত কথাবার্তা কাগজে বলা হয়, তার মধ্যে কোনো কোনো সময়ে কিছু কিছু বিশেষ ঔষধের সমস্যা থাকে। কিন্তু আমরা দেখেছি কয়েকটি জায়গায় সেখানে ঔষধ যে পাওয়া যায়নি, সেই ঘটনা সেখানে নেই, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি ডাক্তারদের সম্পর্কে যে কথা কাগজে বলা হচ্ছে, আমরাও হঠাৎ করে অনেক জায়গায় গিয়ে দেখেছি, আমাদের যে ব্যবস্থা আছে, তাতে ফাঁকি দেওয়া, সময়ে না আসা, এটা আমরা অস্বীকার করি না, কিন্তু আমাদের দপ্তর, আমাদের সরকার, আমাদের দপ্তরের সচিব থেকে ডাইরেক্টার যাঁরা আছেন তাঁরা ক্রমাগত মনিটারিং করার চেষ্টা করছেন। উপর থেকে নীচের স্তরে গিয়ে দেখাশুনা করছেন। কিন্তু এই দেখভালটাকে আরো ভালভাবে

দেখাশুনা করার জন্য উপর থেকে না করে সেটাকে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। জেলায়, জেলা স্বাস্থ্য পরিবার কল্যাণ সোসাইটি করা হয়েছে, তার চেয়ারম্যান হচ্ছেন জেলা পরিষদের সভাধিপতি, ডি.এম. হচ্ছেন ভাই চেয়ারম্যান, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং অন্যান্য অফিসাররা আছেন। এছাড়া ন্যাশানাল লেবেলে যাঁরা কাজকর্ম করেন তাঁরা আছেন এবং এন.জি.ও.রা আছেন। এছাড়া অল পলিটিক্যাল পার্টির লোকজনও যুক্ত আছেন, এম.এল.এ. আছেন, এই সোসাইটির উপর তদারকির দায়িত্ব দেওয়া হয়েছে। নির্দিষ্টভাবে যে ঘটনাগুলি আমরা দেখছি, এখন সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত আউটডোরে টিকিট করতে পারেন, যেটা আগে ছিল না। এখন এটার পরিবর্তন করা হয়েছে ; ডাক্তারদের ৪টে পর্যন্ত রোগী দেখার কথা। এই ব্যবস্থাগুলি করা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও যে দুর্বলতা আছে, তার পরিবর্তন করার জন্য নজরদারি করা হচ্ছে। এবং সত্যিকারের যাঁরা সরকারি নিয়মনীতির বিরুদ্ধে কাজ করছেন তাঁদের বিরুদ্ধে শাস্তি দেওয়ার কথা বলা হচ্ছে, তেমনি যাঁরা ভাল কাজ করছেন তাঁদের পুরস্কৃত করা হচ্ছে। যেমন লেডি ডাফরিন হাসপাতাল সেখানে যারা ভাল কাজ করেছেন, ডাক্তার, নার্স, কর্মচারি যাঁরা আছেন তাঁরা পুরস্কৃত হয়েছেন। আমি একটা ঘটনার কথা বলছি, গ্রামের মানুষ রাধানগর হাসপাতালের এম.ও.কে ট্রান্সফার করা চলবে না বলে তাঁরা দলবল বেঁধে এলেন। মানুষের জন্য যে ডাক্তার কাজ করে, খবরের কাগজে সেটা বেরোয় না, সেইজন্য বলব, সবটা জেনে বলা উচিত। আজকে মেডিকেল শিক্ষার উৎকর্ষ সাধনের জন্য আমাদের সরকার চেষ্টা করছেন, দপ্তরও চেষ্টা করছেন, মেডিকেলের পড়াশুনা আরো বেশি করে বাড়ানো যায় কিনা তার জন্য মেদিনীপুর মেডিকেল কলেজে সেখানে প্রফেসার, স্টাফ নিয়োগ করা হয়েছে, ঘরদোর তৈরি করা হয়েছে। আমাদের সরকার আন্তরিক, তাদের সদিচ্ছা আছে। এস.এস.কে.এম হাসপাতালে ১০০টা ডাক্তারের সিট বাড়াবার জন্য আমাদের সরকার, দপ্তর থেকে তারা মরিয়া হয়ে চেষ্টা করছেন এখানে সরকারের সদিচ্ছার কোনো ঘাটতি আছে কিনা ভাববেন। অনেকে বলেছেন, কেন এটা সরকার করছে না, সরকার তার সামর্থ্য অনুযায়ী চেষ্টা করছেন। আজকে সরকারি হাসপাতালে ১১টি জায়গায় সিটি স্ক্যান মেশিন বসানো হয়েছে। আজকে বিভিন্ন জেলা হাসপাতালে এই মেশিনগুলো বসানো হয়েছে। ৩৫টা ফ্রিতে তারা করবে, তারজন্য এক পয়সাও লাগবে না, বাকিরা ৮০০ টাকায় সিটি স্ক্যান করতে পারবেন। এখন বেসরকারি সংস্থাগুলোও ৮০০ টাকায় সিটি স্ক্যান করছে এবং কিছু কিছু বেসরকারি সংস্থা ৭০০ টাকাতেও করছে। সরকারি উদ্যোগে এম.আর.আই দুটো জায়গায় বসানো হয়েছে, গতকাল মেডিকেলে একটার উদ্বোধন হয়েছে এবং তার আগে একটা বাঙ্গুর হাসপাতালে বসেছে। সরকারি স্বাস্থ্য পরিষেবায় আধুনিক বৈজ্ঞানিক প্রযুক্তিকে কাজে লাগাবার চেষ্টা করা হচ্ছে এবং সুষ্ঠু স্বাস্থ্য পরিষেবা পৌঁছানোর জন্য যে উদ্যোগ নেওয়া হয়েছে তার জন্য আমি এই বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের আনীত কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহঃ ইয়াকুব : মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ২৪ নম্বর দাবির অধীন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ খাতে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন

জানিয়ে দু-একটি বিষয় এখানে উল্লেখ করতে চাই। স্বাস্থ্য পরিষেবার মান উন্নত করার জন্য এবং সাধারণ নাগরিকেরা যাতে সুষ্ঠুভাবে চিকিৎসার সুযোগ পায় সেইজন্য ভারপ্রাপ্ত মন্ত্রীদ্বয় এবং তার দপ্তর সক্রিয়ভাবে চেষ্টা করে যাচ্ছে। নানারকম প্রতিকূল অবস্থা এবং বাঁধা থাকা সত্ত্বেও তিনি কাজ করার চেষ্টা করছেন, সেইজন্য তাঁকে আমি ধন্যবাদ জানাই। বিশেষ করে এস.এস.কে.এম হাসপাতালে বিগত দিনে যে পরিবেশ ছিল, তার একটা বিরাট পরিবর্তন হয়েছে। সেখানকার যাঁরা ডাক্তার আছেন, বিশেষ করে বিশেষজ্ঞ ডাক্তাররা রোগীকে ভালো করে চিকিৎসার চেষ্টা করছেন এবং নতুন নতুন আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে, পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে রোগ নির্ণয় করার চেষ্টা করছেন। সেই রকম এন.আর.এস হাসপাতালে আগেকার যে পরিবেশ ছিল, এখন তার অনেক পরিবর্তন হয়েছে। সেখানে আধুনিক যন্ত্রপাতি এসেছে এবং কাজের সুষ্ঠু পরিবেশ গড়ে তোলার জন্য ভারপ্রাপ্ত চিকিৎসকরা সক্রিয়ভাবে চেষ্টা করে চলেছেন। আজকে আর.জি. কর হাসপাতালেও অবস্থা পরিবর্তন হয়েছে, মেডিকেল কলেজেও অবস্থার পরিবর্তন হয়েছে। কিন্তু রোগীর চাপ শহর কলকাতায় অনেক বেশি করে বাড়ছে। এই বাড়ার প্রথম কারণ হল, কলকাতা শহরের কাছাকাছি যেসব জেলা আছে, যেমন উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, এই জেলাগুলো থেকে প্রচুর রোগী কলকাতা শহরে আসছে। কারণ জেলা হাসপাতালগুলোতে আধুনিক যন্ত্রপাতি এবং চিকিৎসা পরিকাঠামো এখনও সেইভাবে গড়ে ওঠেনি। আমি একটা উদাহরণ দিচ্ছি, উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত সাব-ডিভিশন হাসপাতালকে জেলা হাসপাতালের মর্যাদা দেওয়া হয়েছে। এটা হল কাগজে-কলমে, প্র্যাকটিক্যালি আজ পর্যন্ত সেখানে আধুনিক যন্ত্রপাতি দেওয়া হয়নি বা সেরকম ব্যবস্থা হয়নি। রোগীর চাপ এস.এস.কে.এম., এন.আর.এস., আর.জি. কর হাসপাতালে বাড়ছে। আজ থেকে ৬/৭ বছর আগে লোকসভার সদস্য প্রয়াত চিত্ত বসু তার এম.পি. কোটা থেকে টাকা বরাদ্দ করেছিলেন বারাসাত হাসপাতালে একটা হার্ট ইউনিট করার জন্য, যাতে কার্ডিওলজির একটা আলাদা ডিপার্টমেন্ট হয়। বাড়ি তৈরি হলেও আজ পর্যন্ত সেটা হয়নি। বারাসাত হাসপাতালে আউটডোর পেশেন্টদের জন্য একটা কমপ্লেক্স করা দরকার, জায়গা প্রচুর আছে, অথচ হচ্ছে না। একইভাবে দক্ষিণ ২৪-পরগনা এবং হাওড়ার হাসপাতালগুলোতেও আধুনিক যন্ত্রপাতি দরকার, সেখানেও লোকসংখ্যা প্রচুর। আমি মনে করি এটা হলে কলকাতা শহরের হাসপাতালগুলোতে রোগীর চাপ কমতে পারে এবং একটা সুস্থ পরিবেশে চিকিৎসকরা চিকিৎসা করতে পারেন। একজন ডাক্তারকে যদি আড়াইশো, তিনশো রোগীকে দেখতে হয়, তাহলে ঠিকভাবে চিকিৎসা করা খুব কঠিন হয়ে পড়ে। ডাক্তাররা প্রেসক্রিপশন লিখে দেন, ইউ.এস.জি. করুন, এম.আর.আই. করুন, হেন করুন, তেন করুন। তাঁরা যে প্রকৃতভাবে ডায়াগোনেসিস করে, কেস হিস্ট্রি ঠিক করে চিকিৎসা করবেন, সেটা আর হয়ে ওঠে না। এখন একটা চালু হয়েছে—যত দোষ সব ডাক্তারদের। কিন্তু কোনো ডাক্তারই কোনো রোগীকে মারতে চায় না। তাঁরা চায় রোগী সুস্থ হয়ে উঠুক। তাঁরা চায় ঠিকমত ডায়াগোনেসিস করে, রোগ নির্ণয় করে চিকিৎসা করতে, যথাযথ ওষুধ প্রয়োগ করতে। কোনো কোনো ক্ষেত্রে হয়তো কিছু গাফিলতি থাকতে পারে—যেমন মুর্শিদাবাদ জেলায় অজানা রোগে শিশুমৃত্যুর ঘটনা ঘটেছে—তাঁদের পরিবারের প্রতি আমি সহানুভূতি জানাই। হয়তো কিছু নেগলিজেন্স হয়ে থাকতে পারে। জেলা হাসপাতালগুলোতে

যাতে আধুনিক যন্ত্রপাতির ব্যবস্থা করা যায়, মেইনটেন্যান্স ব্যবস্থা যাতে ভালো হয়, যেখানে যেখানে স্টাফ কম আছে, সেইগুলোকে পূরণ করার চেষ্টা করবেন এই আশা করি। পাশাপাশি গরিব মানুষ, তাঁরা হোমিওপ্যাথি আয়ুর্বেদ, ইউনানি চিকিৎসা, পেতে পারেন কম খরচে, তার জন্য গ্রামাঞ্চলে এক একটা সেন্টার করা যেতে পারে। এদিকটা নজর দিতে অনুরোধ করি। এছাড়া আপনি জানেন, ৭০০ বছরের পুরনো চাঁদসি চিকিৎসা, যা বাংলার বরিশাল জেলার চাঁদসি গ্রামে আরম্ভ হয়েছিল, এবং আপনি জানেন উত্তরপ্রদেশে আমাদের বাংলার বহু চাঁদসি চিকিৎসক রয়েছেন, সেখানে চিকিৎসা করছেন। আমাদের এখানে যাতে চাঁদসি চিকিৎসার গবেষণা কেন্দ্র হতে পারে, চিকিৎসকরা তার সুযোগ পেতে পারে, তাদের সরকারি অনুদান দেওয়া যায় কিনা, এটা দেখতে অনুরোধ করছি। হোমিওপ্যাথি চিকিৎসা গ্রামাঞ্চলে আরও প্রসারিত যাতে করা যায়, সেদিকে দৃষ্টি দিতে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[3.50–4.00 p.m.]

তার পাশাপাশি বিভিন্ন জেলায়, তাঁরা দিচ্ছেন এবং তাঁরা মাননীয় মন্ত্রীর কাছে, ডিপার্টমেন্টের কাছে আসতে চাইছেন। সাক্ষাৎ করতে চাইছেন। এই চিকিৎসার মাধ্যমে বহু ডাক্তার আছেন, যাঁরা গরিব মানুষের চিকিৎসা করছেন তাঁদের স্বীকৃতির জন্য তাঁরা বারবার বলছেন। তাঁরা চাইছেন সাধারণ মানুষের কাছে পৌঁছতে। কিন্তু সরকারি অনুমোদন সরকারি স্বীকৃতি পেলে তারা আরও বেশি করে চিকিৎসা করতে পারেন। আরও বেশি করে এগিয়ে যেতে পারবেন। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ এই সম্পর্কে তিনি যেন তাঁর জবাবী ভাষণে বলেন যে কেন অনুমোদন দেওয়া যাবে না। পাশাপাশি এই কথা বলতে চাই যে, আমাদের যাঁরা গরিব মানুষ বি.পি.এলের অন্তর্ভুক্ত তাঁদের এম.আর.আই বলুন, সিটি স্ক্যান বলুন বা অন্যান্য ক্ষেত্রে সরকারি রেট ফিক্সড্ করে দেওয়া হয়েছে। কিন্তু সেই অর্থ যদি তাঁদের কাছে না থাকে, তাহলে তাঁদের উপায় কি হবে এবং রোগীদের কি চিকিৎসা হবে না ? তিনি কি চিকিৎসা ছাড়াই মারা যাবেন। যাতে তাঁদের বিনা খরচে চিকিৎসা করা যায় সেদিকে নজর দেবার জন্য আমি অনুরোধ করব। পাশাপাশি আরও কিছু কথা বলব সেটা হচ্ছে প্রাইমারি হেল্‌থ সেন্টারগুলিকে জেনারেল হসপিটালে রূপান্তরিত করার চিন্তা-ভাবনা করুন। আর একটা কথা বলি খিদিরপুরে শিশুদের চিকিৎসার জন্য সি.এম.সি.-র যে দ্বিতল বাড়ি আছে, সেটাকে শিশু হাসপাতাল করা যায় কিনা একটু ভাববেন। এই প্রস্তাব রেখে এই যে দাবি সনদ পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, তাকে বিরোধিতা করে আমার কয়েকটি বক্তব্য রাখছি। উনি প্রথম শপথ নেবার পরে পশ্চিমবঙ্গের মানুষের কাছে আশার আলো দেখিয়েছিলেন যে, স্বাস্থ্য বিভাগ উন্নত থেকে উন্নততর হবে। কয়েকদিন ঠিক পথে উনি চলতে চেয়েছিলেন। কিন্তু পরবর্তী ক্ষেত্রে ওঁনার দলের বিভিন্ন সংগঠনের চাপে বিশেষ করে ডাক্তারদের সংগঠনের চাপে ওনাকে

মাথা নিচু করতে হয়েছে বা সারেন্ডার করতে হয়েছে। আমি এই কারণে বলছি যে, আমার যতদূর মনে পড়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতালে বিশেষ করে নদিয়া জেলার বিভিন্ন হাসপাতালে যে ডাক্তাররা আছেন, বিশেষ করে কৃষ্ণনগর সদর হাসপাতালে ২০ থেকে ২২ বছর ধরে যে ডাক্তাররা আছেন, তাঁদের এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে এত বছর ধরে বদলি হয়নি। তাঁরা নার্সিংহোমের সঙ্গে যুক্ত আছেন। কোনো মুমূর্ষু রোগী হাসপাতালে ভর্তি হলে হাসপাতালে কল বুক পাঠালেও ডাক্তাররা আসেন না। দুটো ঘটনার কথা আমি উল্লেখ করছি। কৃষ্ণনগর সদর হাসপাতালে কৃষ্ণনগর হাইস্কুলের ক্লাস ইলেভেনের এক ছাত্র, বাবা মায়ের একমাত্র সন্তান তাকে ভর্তি করেছিলেন, একজন ডাক্তার ফিজিশিয়ান তাঁকে কল বুক দেওয়া হল, তিনি সময়মতো গেলেন না, ছাত্রটি মারা গেল কিন্তু ডাক্তার অনেক পরে গেলেন। ছাত্ররা ধর্মঘট করল। সি.এম.ও.এইচ তদন্ত কমিশন করলেন, কমিশন করার পর রায় দিলেন ডাক্তারের কোনো দোষ নেই। সেই ডাক্তার কৃষ্ণনগরে থাকেন। বিগত ১৬ বছর হয়ে গিয়েছে তাঁকে বদলি করা হয়নি, তাঁকে বদলি করা হবে না। তাঁর বাড়ির লোক নৈহাটি লোকাল কমিটির সদস্য। ব্যারাকপুরে তিনি নতুন বাড়ি করেছেন। পেল্লায় বাড়ি। কৃষ্ণনগরে নার্সিংহোমের সাথে যুক্ত আছেন। ঠিক একইরকমভাবে এস.এস.কে.এম হাসপাতালে, নামকরা হাসপাতাল, মফস্বল থেকে লিখে দেওয়া হয় এমন তিনজন ব্যক্তির চিকিৎসা হল এস.এস.কে.এমে। একজন হচ্ছে রজনীশ প্যাটেল যিনি ক্রিকেট জগতের নক্ষত্র হয়ে উঠতে পারতেন, তিনি বিনা চিকিৎসায় মারা গেলেন। কয়েকজন ডাক্তারকে বদলি করা হল কিন্তু পরিকাঠামোর কোনো পরিবর্তন করা হল কি ? মাননীয় মন্ত্রী কিছু করবেন না। আরেকজন ক্রিকেটার—জয়দীপ রায়চৌধুরী তাঁর দেড় লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে। আমরা সংবাদপত্রে দেখলাম। এই পশ্চিমবাংলার রাজ্যদলের হয়ে তিনি প্রতিনিধিত্ব করেছেন। তাঁর চিকিৎসা হয়েছিল এই নামজাদা হাসপাতালে। তাঁর বাঁ-হাতটি আজকে পঙ্গু হয়ে গিয়েছে। নামকরা কবি সুভাষ মুখোপাধ্যায় কলকাতার পি.জি. হাসপাতালে তাঁর চিকিৎসা হল সেখান থেকে তাঁকে রাতারাতি নার্সিংহোমে নিয়ে যেতে হল। হাসপাতালের ডাক্তাররা পারলেন না চিকিৎসা করতে অদ্ভুত ব্যাপার। কলকাতার বুকে তিনজন মানুষ যার একজন বেঁচে আছেন কিন্তু তাঁর বাঁ-হাতটা পঙ্গু হয়ে গেছে। বাঁহাতি ব্যাটসম্যান এবং বোলার। কি সঙ্কটময় অবস্থা ? আমি তাই আপনাকে বলতে চাইছি যে, যে সততা, যে দক্ষতা নিয়ে আপনি আরম্ভ করেছিলেন সেই জিনিস রাখার জন্য আপনি প্রক্রিয়া শুরু করুন, সেই প্রক্রিয়া আপনি চালু রাখুন। কয়েকটা কথা আপনাকে বলছি, সমস্ত মফস্বল হাসপাতালে বিশেষ করে কৃষ্ণনগর হাসপাতালে, আমি আজকে এখানে আসার আগে সি.এম.ও.এইচের সঙ্গে দেখা করে এসেছি তাঁকে জিজ্ঞাসা করেছি, হাসপাতালে সাপে কামড়ানোর যে ওষুধ প্রয়োজন সেই ওষুধ ইনজেকশন মফস্বল হাসপাতালে নেই, তার থেকে কম আছে। তার থেকেও কম আছে কুকুরে কামড়ানোর ওষুধ। নদিয়া জেলায় এই ইনজেকশন পাওয়া যাচ্ছে না। মাননীয় মন্ত্রীর কাছে আমি ব্যক্তিগতভাবে আবেদন করছি, আমি ওই কেন্দ্রের বিধায়ক কৃষ্ণনগরে যাতে কুকুরে কামড়ানোর ওষুধ যায়, ইনজেকশন যায় তার বন্দোবস্ত করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে বাধ্য হচ্ছি একটা হাসপাতাল ছিল, ১২শোর উপর বেড ছিল, বিধানচন্দ্র রায়ের নামে,

ডা: বিধানচন্দ্র রায় চেস্ট স্যানাটোরিয়াম ধুবুলিয়া। সেখানে সুপার নাকি আছে, ডাক্তার আছে এবং সেখানে টি.বি. রোগীর চিকিৎসা হয় কিন্তু আমি আপনাকে বলছি সেখানে রোগীর সংখ্যা কমতে কমতে গতমাসে স্বাস্থ্যবিভাগ থেকে একটা সার্কুলার গেছে সেখানে আড়াইশো/ তিনশোর বেশি রোগী রাখা যাবে না। ১২শো বেডের হাসপাতাল কমতে কমতে একেবারে তিনশোতে এসে দাঁড়াল। এমন কি ঘটনা ঘটল যে এত বড় একটা হাসপাতাল যেখানে মানুষের চিকিৎসা চলত সেই হাসপাতালটা তুলে দেওয়ার বন্দোবস্ত চলছে।

[4.00–4.10 p.m.]

আমি মনে করি এই ধুবুলিয়া টি.বি. হাসপাতালে ঠিক সময় মতো ডাক্তার থাকে না, নার্সরা রাত্রের দিকে থাকে কিন্তু সকালের দিকে থাকে না। সেখানে পরিকাঠামো নষ্ট হয়ে যাচ্ছে, রাতের অন্ধকারে দরজা-জানালা চুরি হচ্ছে। সেখানে ওষুধ ঠিকমতো পাওয়া যায় না। রোগীরা নিজেদের উদ্যোগে উনুন তৈরি করে খাবারের ব্যবস্থা করছে। ওষুধ বাইরে থেকে কিনে নিয়ে আসতে হয়। আমি মাননীয় মন্ত্রীকে বলব আপনি একটু এদিকে নজর দিন। ধুবুলিয়া টি.বি. হসপিটাল যেটা সবাই জানেন যে বাংলার রূপকার বিধান রায়ের নামে এটা আছে, এটাকে যাতে পুনরুজ্জীবিত করা যায় তাহলে সেখানে যে পরিকাঠামো রয়েছে সেটা নষ্ট হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে বলতে বাধ্য হচ্ছি যে কৃষ্ণনগর হাসপাতাল থেকে শিশু চুরি গেছে। আমরা অবাক হলাম যে কলকাতা হাইকোর্টে মামলা চলছে, মামলার ফল কি হচ্ছে সেটা সরকার জানাচ্ছে না। সেখানে একটা নয় দুটো শিশু চুরি গেছে। যে শিশু চুরি গেল তার জন্য কতজন ডাক্তারকে সাসপেন্ড করা হল, ওয়ার্ড মাস্টার যিনি দায়িত্বে ছিলেন তার বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আমরা তা জানতে পারছি না। কলকাতার মেডিকেল কলেজ থেকেও শিশু চুরি গেছে এবং তারজন্য যে তদন্ত কমিটি করা হয়েছিল তার ফল আজ পর্যন্ত প্রকাশিত হয়নি। সেই শিশুকে আজও পাওয়া যায়নি। আজকে পশ্চিমবঙ্গে শিশু চুরি, শিশুমৃত্যু থেকে আরম্ভ করে চারিদিকে যে ভয়াবহ অবস্থা তাই বলছি আপনি প্রথমে যেভাবে শুরু করেছিলেন সেইভাবে যদি চলেন তাহলে ভালো নাহলে এই স্বাস্থ্যের অবস্থা বেহালই থাকবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা এবং বর্ধমানে মেডিকেল কলেজে সিটি স্ক্যান মেশিন বসেছে। বিভিন্ন জায়গা থেকে মানুষকে কলকাতায় আসতে হয়। মাননীয় মন্ত্রী গিয়েছিলেন কল্যাণীতে একটা বেসরকারি উদ্যোগে সিটি স্ক্যান মেশিন উদ্বোধন করতে। নদীয়া জেলার রানাঘাটে, কৃষ্ণনগরে বেসরকারি সংস্থায় সিটি স্ক্যান মেশিন বসানো হয়েছে, নার্সিংহোমগুলিতে সিটি স্ক্যান মেশিন বসানো হয়েছে এবং যে বিপুল টাকা খরচ করে সেই সংস্থাগুলিতে সিটি স্ক্যান মেশিন বসানো হয়েছে যার খরচ তোলবার জন্য সাধারণ রোগীদের সেখানে স্ক্যান করার জন্য বলা হচ্ছে। অথচ সেই রোগীর সেই অর্থ নেই বা সামর্থ্য নেই। ডাক্তাররা লিখছেন কিন্তু তাদের সেই সামর্থ্য নেই। সাধারণ মানুষের রোগ নির্ণয়ের ক্ষেত্রে সরকারিভাবে সিটি স্ক্যান ব্যবস্থা না থাকার জন্য গরিব মানুষ অসুবিধায় পড়ছে। তাই আমি অনুরোধ করব বিভিন্ন সদর হাসপাতালে সরকারি খরচে সিটি স্ক্যান মেশিন বসানো সম্ভব না হলেও সেখানে বেসরকারি উদ্যোগকে সাথে নিয়ে সিটি স্ক্যান মেশিন

বসানোর চেষ্টা করা হোক। তা নাহলে কৃষ্ণনগর থেকে কল্যাণী এবং রানাঘাটে গরিব সাধারণ মানুষকে এই সব বেসরকারি সংস্থাগুলিতে সিটি স্ক্যান করতে আসতে হয় প্রচুর পয়সার বিনিময়ে। আমি বিধায়ক হিসাবে চিঠি লিখলে হয়তো তাদের থেকে ২০০, ৩০০ টাকা ভিক্ষা দেওয়ার মতো কম করা হয়। আজকে আধুনিক প্রযুক্তিবিদ্যার মাধ্যমে চিকিৎসা ব্যবস্থাকে উন্নত করার চেষ্টা করুন এবং সিটি স্ক্যান মেসিন বসানোর ব্যবস্থা করুন। এম.আর.আই তো দূরের কথা। কলকাতায় আসতে হয়। কলকাতার বিভিন্ন হাসপাতালে এটা করতে গেলে যে টাকা লাগে সেই টাকা খরচ করতে হলে নিম্নমধ্যবিত্ত বা মধ্যবিত্ত মানুষের বাঁচবার কোনো অধিকার থাকবে না এই পৃথিবীতে। তাই এই সিটি স্ক্যান মেসিন যাতে বসানো যায়, কলকাতায় এসেও কম পয়সায় যাতে এম.আই.আই মানুষ করতে পারে তার ব্যবস্থা করা দরকার। কারণ, মানুষ বাঁচতে চায়, রোগ হলেও বাঁচতে চায়। করিমপুর থেকে কৃষ্ণনগর ১১০ কি.মি., স্বীকারপুর আরো দূরে। কৃষ্ণনগর থেকে কলকাতায় এসে হাজার হাজার টাকা খরচ করে তারা চিকিৎসা করাতে পারে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে এদিকে নজর দেওয়ার জন্য অনুরোধ করছি।

আজকে রাজ্যে বিভিন্ন হাসপাতালে বিভিন্ন প্রোজেক্টের মাধ্যমে, বিশ্বব্যাঙ্কের টাকায় লক্ষ লক্ষ টাকার যন্ত্রপাতি পড়ে রয়েছে। আপনি এক্ষেত্রে শিক্ষণ-প্রাপ্ত লোকেদের নিয়োগ করুন যাতে তারা যন্ত্রপাতিগুলো চালাতে পারে, রোগীরা পরিষেবা পেতে পারে। প্রোজেক্টের মাধ্যমে, বিশ্বব্যাঙ্কের টাকায় যে যন্ত্রপাতিগুলো পড়ে রয়েছে সেগুলো ব্যবহার করার দিকে নজর দিন। এই যন্ত্রপাতিগুলো যেন নষ্ট হয়ে না যায়।

যাই হোক, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে বাজেট প্লেস করেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ যে প্রস্তাবগুলো রাখলাম সেগুলোর প্রতি নজর দেবেন।

শ্রী অসিতকুমার মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ২০০৩-০৪ সালের জন্য যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলো সমর্থন করে আমার বক্তব্য রাখছি। প্রতি বছর এই বাজেটের বিরোধিতা করি এবং সরকারপক্ষের লোকেরা সমর্থন করে। এটা একটা আনুষ্ঠানিক উৎসব হয়ে দাঁড়িয়েছে। কারণ, সরকারে যারা আছেন তাদের সমর্থন করতে হবে, আর বিরোধীদলে যারা আছেন তাদের কিছু বিরোধিতা করে কথা বলতেই হবে এবং যেটা আছে সেটা আছে এর পরিবর্তন কিছু হবে না। এটা খুব দুঃখজনক ঘটনা যে সারা রাজ্যের স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে না স্বাস্থ্য পরিষেবার উন্নতি ঘটছে এটা বোঝা যায় রাজ্যে শিশুমৃত্যু থেকে আরম্ভ করে কিভাবে অন্যান্য রোগীদের মৃত্যু ঘটছে বিনা পয়সায়, অবহেলায়, বিনা ওষুধে। সারা রাজ্যের স্বাস্থ্য পরিষেবা শুধু ভেঙেই পড়েনি একটা মর্মান্তিক ঘটনার ইতিহাস হয়ে থাকবে রাজ্য স্বাস্থ্য দপ্তর। আমরা আগে অনেক কথা বলেছি, এলাকার কথা বলেছি, রাজ্যের কথা বলেছি, রাজ্যের স্টেট হাসপাতালের কথা বলেছি। কিন্তু আজকে আপনাকে পরিষ্কার করে বলতে চাই এবং আপনার কাছে শুনতে চাই রাজ্য স্বাস্থ্য দপ্তরকে সাজানোর জন্য

আপনার যে হুংকার তা কিভাবে সফল হয়েছে আজকে হাউজকে বলবেন। আমার মনে হয় রাজ্যের স্বাস্থ্য পরিষেবাকে উন্নত করতে হলে আপনাকে প্রথমে প্রাথমিক লেভেল থেকে, বিশেষ করে মহকুমা হাসপাতাল এবং জেলা হাসপাতালগুলোর উন্নতিসাধন করতে হবে। কারণ, গ্রামগঞ্জ থেকে রাজ্যের বড় বড় হাসপাতালগুলোতে ভিড় হয়। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র যেগুলো খুলে রেখেছেন সেখানে যদি চিকিৎসা ব্যবস্থা ঠিক না থাকে, ওষুধ না থাকে অটোমেটিক সব রোগী মহকুমা হাসপাতালে আসবে।

[4.10–4.20 p.m.]

মহকুমা হাসপাতালে ন্যূনতম যে সমস্ত চিকিৎসা হওয়ার কথা সেটাও তারা করছে না। সেখানে গেলে তারা বলেন, জেলা হাসপাতালে যাও। জেলা হাসপাতালে গেলে তারা বলেন, আমাদের কোনো পরিকাঠামো নেই। সেখান থেকে রোগীকে স্টেট হাসপাতালে ট্রান্সফার করা হচ্চে। তাহলে সারা পশ্চিমবঙ্গে যে সমস্ত স্টেট হাসপাতালে আছে সেখানে চাপ বাড়বে। আপনারা কোনটাতে চাপ নেবেন ? আর.জি. কর মেডিকেল হসপিটাল, এস.এস.কে.এম. হসপিটাল, কলকাতা মেডিকেল কলেজ হাসপাতাল, নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতালকে, না কি সেই সঙ্গে সঙ্গে জেলায় জেলায় জেলা হাসপাতালগুলোতে, সেই সঙ্গে সঙ্গে মহকুমা হাসপাতালগুলোতে—আপনারা কোনটাতে চাপ নেবেন ? আমি এর আগে দ্ব্যর্থহীন ভাষায় বলেছি যে, আমরা গ্রামের মানুষ, প্রতিনিয়ত গ্রামের হাসপাতালে আমাদের যেতে হয়, সাধারণ মানুষের সঙ্গে, রোগীদের সঙ্গে কথা বলতে হয়, আমাদের যে বাস্তব অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে যদি আপনারা কাজ করতে পারেন তাহলে উপকার হয়। তা নাহলে কাজটা করা যাবে না। বিশ্বব্যাঙ্কের টাকায় লক্ষ লক্ষ কোটি কোটি টাকা খরচা করে হাসপাতালের বিল্ডিং তৈরি করবেন, অনেক যন্ত্রপাতি কিনবেন—তাতে কিন্তু স্বাস্থ্য পরিষেবার উন্নতি ঘটবে না, আপনি কাগজে ইতিহাস হয়ে থাকবেন। আপনি এগুলো করছেন, অনেক ভাল ভাল কাজ করছেন। আমি আপনাকে বলতে চাই যে, স্বাস্থ্য পরিষেবার উন্নতি আপনাকে আর করতে হবে না। আপনি দয়া করে একটা প্রতিশ্রুতি দিন যে, সারা পশ্চিমবঙ্গে যত হাসপাতাল আছে—প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে শুরু করে মহকুমা হাসপাতাল, জেলা হাসপাতাল, স্টেট জেনারেল হাসপাতাল, এই প্রত্যেকটি হাসপাতালে ন্যূনতম ওষুধের যেটা প্রয়োজন সেটা যেন রোগীরা পায়। অনেক বিল্ডিং হয়েছে, অনেক হাসপাতাল হয়েছে, নতুন ডিপার্টমেন্ট খুলেছেন, অনেক ব্যবস্থা নিয়েছেন—৫ বছর এগুলো বন্ধ রাখুন। গরিব মানুষ হাসপাতালে গিয়ে চিকিৎসা পাচ্ছে না—বিনা পয়সায় যেখানে চিকিৎসা পাওয়ার কথা—চিকিৎসা বলতে শুধু ডাক্তারের প্রেসক্রিপশন নয়, বাইরে থেকে ওষুধ কেনা নয়, সেখানে সরকার রোগীর ন্যূনতম ওষুধ দিতে সমর্থ হচ্ছে না। আপনি সেই ওষুধের দিকে লক্ষ রাখুন। গত ৫ দিন আগে আমার ছোট ভাইয়ের স্ত্রী-ডেলিভারি পেশেন্ট, তাকে রামপুরহাট মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। ভর্তির পর ডাক্তার বলেছেন তাকে সিজার করতে হবে। আমি সেই বৌমাকে দেখতে গিয়েছি ডাক্তার বললেন তাকে সিজার করতে হবে। আমি বললাম, সিজার করতে হবে তো করতে হবে, কেন করা হয়নি ? ডাক্তার বললেন তার স্বামী মত দেয়নি। কেন

মত দেয়নি ? কারণ পেশেন্টের জন্য বাইরে থেকে ১০০০-১২০০ টাকার ওষুধ কিনে দিতে হবে। কেন একজন সিজার পেশেন্টকে বাইরে থেকে ১২০০ টাকার ওষুধ কিনতে হবে ? এটা আপনাকে আমি জিজ্ঞাসা করছি। একটা মানুষের ডায়েরিয়া হলে কেন তাকে ৫০০ টাকার স্যালাইনের বোতল বাইরে থেকে কিনে দিতে হবে ? এটা আপনাকে জিজ্ঞাসা করছি। একটা হাইড্রোসিল অপারেশন হতে ১০ মিনিট সময় লাগে, একটা অ্যাপেনডিক্স অপারেশন হতে আধ ঘণ্টার বেশি সময় লাগে না। কেন তাকে ১০০০-২০০০-৩০০০ টাকার ওষুধ বাইরে থেকে কিনে দিতে হয় ? আপনি বলেন, 'আমরা ১৬৫ রকমের ওষুধ রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেকটি হাসপাতালকে পাঠিয়ে দিই'। যদি ওষুধগুলো সঠিকভাবে সাপ্লাই থাকে, সেই ওষুধগুলো দিয়ে যদি ন্যূনতম চিকিৎসার ব্যবস্থা থাকে তাহলে গরিব মানুষের সেই ওষুধগুলো কিনতে হয় না। তাহলে এমনটাই ধরে নিতে হয় যে, আপনার সরকার, আপনার ডিপার্টমেন্ট ওষুধ সাপ্লাই দিতে পারছে না। যেগুলি আপনি দেওয়ার কথা বলছেন এবং যদি আপনি সাপ্লাই দিয়ে থাকেন তা অসৎ পথে যাচ্ছে, তার সঠিক ব্যবস্থা হচ্ছে না, আপনি ব্যবস্থা নিতে পারছেন না কেন তা আপনাকে বের করতে হবে। ওষুধ যে আজকে একটা ফ্যাক্টর হয়ে দাঁড়িয়েছে। গরিব মানুষের চিকিৎসার জন্য এই ওষুধের জন্য মানুষকে বিভ্রান্ত হতে হচ্ছে। মহকুমা হাসপাতালগুলিতে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আপনি ডাক্তার রেখেছেন বিভিন্ন রকমের। বর্তমানে আপনি ই এন টি রেখেছেন, আপনি অর্থোপেডিক রেখেছেন, গাইনি রেখেছেন, আপনি বাচ্চাদের ডাক্তার রেখেছেন কিন্তু সামান্য কিছু হয়ে গেলে তাদের স্টেট হাসপাতালে ট্রান্সফার করে দেয়। কেন দিতে হয় ? কারণ এখানে নাকি সেই পরিকাঠামো নেই যা দিয়ে তাকে অপারেশান করা যায়, চিকিৎসা করা যায়। তাই, এটা আমরা পারব না। আমরা প্রফেশান ডাক্তার নই, তাই চ্যালেঞ্জ করতে পারি না, মেনে নিতে হয় তার কথা। কিন্তু আপনাকে এই বিধানসভায় দাঁড়িয়ে জিজ্ঞাসা করতে চাই বিশ্বব্যাঙ্কের টাকায়, রাজ্য সরকারের টাকায় যে কোটি কোটি টাকার যন্ত্রপাতি কিনছেন, সেই যন্ত্রপাতিগুলো শুধু কি এস.এস.কে.এম হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল, আর.জি. কর হাসপাতাল, নীলরতন সরকার হাসপাতাল, বর্ধমান স্টেট হাসপাতাল, বাঁকুড়া স্টেট হাসপাতাল-এর জন্য না, জেলায় যে সমস্ত হাসপাতালগুলি আছে মহকুমা-ব্লকে যে সমস্ত হাসপাতালগুলো আছে তাদের জন্য ? তাদের জন্য আপনি কি ব্যবস্থা রেখেছেন ? আপনাকে আমি বলতে চাই রাজ্যের স্বাস্থ্য পরিষেবাকে উন্নত করতে গেলে মহকুমা হাসপাতাল থেকে জেলা হাসপাতালেও আপনাকে কিছু ব্যবস্থা রাখতে হবে। সেটা কি ব্যবস্থা ? আপনি পারেন না, আমি বলতে পারি না আপনাকে যে ইউরোলজির ডাক্তারের জন্য ইউরো ডিপার্টমেন্ট রাখা জেলা হাসপাতালে বা নিউরোলজির জন্য একটা ডাক্তার রাখতে পারেন, একটা জেলা হাসপাতালে সার্জিকালের ক্ষেত্রে যেটা অসুবিধা হতে পারে, কেন আপনি জেলায় জেলায় কার্ডিওথেরাসিস ডাক্তার, কেন জেলায় জেলায় নিউরোর ডাক্তার, কেন আপনি ইউরোর ব্যাপারে ডাক্তার অন্ততপক্ষে জেলাতে মেডিসিনের ডাক্তার রাখতে পারেন না। আপনাকে অনেকে জ্ঞান দিচ্ছে। আপনি বলুন যে আপনার বক্তৃতায় যে এর আগে কুকুরের কামড়ানো ইঞ্জেকশানের কথা বলতে গিয়ে আপনি বলেছেন যে ওষুধ সাপ্লাই নেই। এরপর আপনি একটা ভাল কথা বলছেন যে, কুকুর যাতে না কামড়ায় তাই তার থেকে সাবধান হোন।

তাহলে সমস্ত সমস্যার সমাধান মিটে যাবে। আপনি এটাও বলেছেন সঠিক বলেছেন এটাকে অস্বীকার করা যায় না। রোগ যাতে না হয়, তার থেকে আপনি বিশেষভাবে সাবধান থাকুন বলবেন। কিন্তু মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আপনি তো অনেক জায়গা ঘুরেছেন, আপনি বিশ্বের অনেক জায়গায় উপমা দিয়ে বক্তব্য আপনি রেখেছেন। কিন্তু পৃথিবীর এমন একটি দেশ আছে যে সেই দেশে অসুখ করে না ? পৃথিবীর এমন একটি দেশ আছে যেখানে রোগী মৃত্যু ঘটে না ? আপনি বলতে পারবেন ? সাবধান হওয়ার দরকার ঠিকই, কিন্তু রোগ হবে এবং রোগ নির্ণয় করতে হবে। আজকে তাই আপনাকে বলছি, আপনি বলেছিলেন যে জরুরি ব্যবস্থা নেব ডাক্তারদের বিরুদ্ধে। সকাল ৬টা থেকে রাত ৯টা, ১০টা পর্যন্ত জমিয়ে প্র্যাকটিস, ১১টা পর্যন্ত প্র্যাকটিস তারপর সে ডাক্তার হাসপাতালে রোগীর লোকেদের সঙ্গে সঠিকভাবে ব্যবহার করে না। রোগী দেখতে দেখতে মাথা গরম হয়ে যায়। আর কতক্ষণে হাসপাতাল থেকে চলে গিয়ে আবার প্র্যাকটিসে বসবে কিছু ইনকাম হবে সেই চেষ্টা। আপনি কোনো ব্যবস্থা নিতে পেরেছেন ? ওই ১ ঘণ্টার হাসপাতালে এসে তার জন্য ২২ হাজার, ২৫ হাজার, ৩০ হাজার টাকা বেতন গুনছেন। অনেক ডাক্তার আছে বিভিন্ন ডিপার্টমেন্টে খবর নেবেন, আপনি কোনো ব্যবস্থা নিতে পেরেছেন ? সপ্তাহে ১ দিন আসে তারপর কলকাতায় চলে আসে মফস্বল থেকে। পিয়ারলেস থেকে বড় বড় হাসপাতাল থেকে কনট্রাক্টে আসছেন, নার্সিংহোম করছেন, কোনো খবর নেই আপনার কাছে ? ২৫ বছর ধরে এক-আধজন ডাক্তার আছেন এক-আধটা হাসপাতালে আসেন। কেমন করে ? তাই আপনাকে বলতে চাই যে রাজ্যের স্বাস্থ্য পরিষেবাকে উন্নত করতে হলে অপারেশান সিস্টেমটাকে বদলে দিতে হবে।

[4.20–4.30 p.m.]

রাজ্য স্বাস্থ্য পরিষেবা উন্নত করতে হলে অবিলম্বে গ্রামাঞ্চলের হাসপাতালগুলির অপারেশন সিস্টেম বদলাতে হবে। জেলা এবং মহকুমা হাসপাতালগুলিতে যাতে ভালভাবে রোগীদের বিভিন্ন ধরনের অপারেশন হতে পারে তার জন্য সব রকম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সব যন্ত্রপাতির অভাব আছে সেসব অবিলম্বে ওই সমস্ত হাসপাতালে সরবরাহ করতে হবে—এক্স-রে, অ্যানাসথেসিয়া ইত্যাদির সঠিক ব্যবস্থা করতে হবে। হাসপাতাল কর্তৃপক্ষ যাতে কোনো রোগীকে বলতে না পারে যে, অমুক অমুক ব্যবস্থা ঠিক না থাকার জন্য অপারেশন হবে না। পরিশেষে আমি একটা বিষয়ে বলে আমার বক্তব্য শেষ করব, হাসপাতালে চিকিৎসার জন্য যাবার পরে যে সব রোগীদের স্ক্যান করার প্রয়োজন হয় তাদের বেশিরভাগ ক্ষেত্রেই স্ক্যান করার জন্য ৪/৫ দিন অপেক্ষা করতে হয়। এ বিষয়ে যে সিস্টেম বর্তমানে চালু আছে তার জন্যই এই অবস্থা হচ্ছে। অবিলম্বে সিস্টেম চেঞ্জ করা প্রয়োজন। ডাক্তারবাবু একজন রোগীকে যখন বলেন স্ক্যান করতে হবে, তখন রোগীকে একটা ফর্ম ফিলাপ করে হাসপাতালে জমা দিতে হয়, সেই ফর্ম জমা দেবার পরে আর একদিন গিয়ে রোগীকে স্ক্যানের ডেট জানতে যেতে হয়, তারপর হাসপাতাল থেকে রোগীকে যে ডেট দেওয়া হয় সেই ডেটে তাকে আবার স্ক্যানের জন্য যেতে হয়। এইভাবে সময় নষ্ট হওয়ার ফলে অনেক রোগীর অনেক ক্ষতি হয়ে যেতে পারে। সেজন্য এ বিষয়ে আমার পরামর্শ হচ্ছে,

যেদিন ডাক্তারবাবু স্ক্যান করার সুপারিশ করবেন সেই দিনই ফর্ম ফিলাপ করে জমা দিয়ে ডেট নিয়ে নেবার ব্যবস্থা করা উচিত। রাজ্যে স্বাস্থ্য পরিষেবা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। শিশুমৃত্যু থেকে আরম্ভ করে প্রতিটি হাসপাতালে যেভাবে রোগীদের মৃত্যু সংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাতে এই স্বাস্থ্য খাতের বাজেটের বিরোধিতা করতে আমি বাধ্য হচ্ছি। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে, বিরোধীদের আনা কাট-মোশানের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ, স্যার।

[4.20–4.30 p.m.]

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ২০০৩-২০০৪ সালের ২৪নং দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ এই হাউসে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কিছু কথা বলছি। স্যার, আমরা সামাজিক এবং অর্থনৈতিক দিক দিয়ে একটা পুঁজিবাদী রাষ্ট্র কাঠামোর মধ্যে অবস্থান করছি। সারা বিশ্বকে আজ বিশ্বায়ন এবং উদারীকরণ যেভাবে গ্রাস করছে তার মধ্যে দাঁড়িয়ে ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্যের স্বাস্থ্য বাজেট নিয়ে আমরা আজকে আলোচনা করছি। এই পুঁজিবাদী রাষ্ট্র কাঠামোর মধ্যে বর্তমান সামাজিক এবং আর্থিক পটভূমিকায় অন্যান্য সমস্ত রকম পণ্যের মতো স্বাস্থ্য পরিষেবাও একটা পণ্যে পরিণত হয়েছে। আজকে মানুষকে স্বাস্থ্য সেবা টাকা দিয়ে কিনতে হচ্ছে। অন্যান্য পণ্যের মতো স্বাস্থ্য সেবা তথা চিকিৎসা মানুষকে টাকা দিয়ে কিনতে হচ্ছে। এই পরিপ্রেক্ষিতের মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার একটা বিপরীত দৃষ্টিভঙ্গি নিয়ে চলবার চেষ্টা করছেন। বিপরীত দৃষ্টিভঙ্গিটা হচ্ছে, আমাদের সরকার তাঁর সীমিত ক্ষমতার মধ্যেও যতদূর সম্ভব স্বাস্থ্য পরিষেবা তথা চিকিৎসার সুযোগ সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে চাইছেন। এই চিন্তা-ভাবনার পরিপ্রেক্ষিতে সঠিক নীতি গ্রহণ করে আমাদের স্বাস্থ্য দপ্তর পরিচালিত হচ্ছে। সেজন্যই আজকেও আমরা গর্ব করে বলতে পারি ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলির মধ্যে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি মানুষের কাছে বিনা পয়সায় চিকিৎসা পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে। আজকের এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করে আমাদের বিরোধী বন্ধুরা বিভিন্ন কথা বলেছেন। রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রে আমাদের রাজ্য সরকারের নীতি হচ্ছে—রোগ প্রতিরোধ ব্যবস্থাকে রোগ নিরাময়ের চেয়ে বেশি গুরুত্ব দেওয়া। সে কারণে জনস্বাস্থ্যের সঙ্গে যুক্ত পি.এইচ.ই. ; পি-ডাবলিউ-ডি প্রভৃতি ডিপার্টমেন্টের মধ্যে একটা সমন্বয় সাধন করা হচ্ছে। কারণ, বিশুদ্ধ পানীয় জল গ্রামের মানুষের কাছে যদি না পৌঁছায়, আর্সেনিকমুক্ত জল যদি না পৌঁছায় তাহলে জলবাহিত রোগ হবে, উপযুক্ত পরিবেশ যদি তৈরি করতে না পারা যায় তাহলে রোগ হবে। সেইজন্য একদিকে যেমন সচেতনতা ক্যাম্প এবং সমস্ত দপ্তরকে সমন্বয় করার জন্য রাজ্যস্তরে যেমন রাজ্য স্বাস্থ্য সমিতি আছে, তেমনি জেলায় জেলা স্বাস্থ্য সমিতি হয়েছে, আগামীদিনে ব্লক স্বাস্থ্য সমিতি হবে যার ভিতর দিয়ে স্বাস্থ্য সম্পর্কিত সমস্ত দপ্তরগুলিকে এক ছাতার তলায় এনে চটজলদি সমস্যার সমাধান করা যায় তার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। এর ফলে হবে, যে বিষয়গুলি আছে সেগুলি যাতে আমরা ভালভাবে ধরতে পারি সেইদিকে লক্ষ রাখা হয়েছে এবং সেইদিকে লক্ষ রেখে যে সুফল পাওয়া যাচ্ছে তা হচ্ছে ভারতবর্ষের মধ্যে আমরা আমাদের রাজ্যে জন্ম এবং মৃত্যুর হার কমাতে পেরেছি এবং একটা

উল্লেখযোগ্য ভূমিকায় এসে গেছে। কিন্তু সমস্যা হচ্ছে, গ্রামের ক্ষেত্রে মূল রোগের যে জায়গা সেটা হচ্ছে দূষণ এবং এটাও আমরা জানি, এই দুষণ যদি বলতে হয় তাহলে দরিদ্র্যতাই সবচেয়ে বড় দূষণ। দরিদ্রতা মুক্ত যদি না করা যায় তাহলে দূষণ দূর হবে না আর দূষণ হলেই রোগী আসবে এবং ভয়াবহ আকার নেবে। সুতরাং মানুষের যে উন্নয়ন ঘটানো তার জন্য রাজ্য সরকারের প্রাথমিক দায়িত্ব গ্রামে সচেতনতা ক্যাম্প করা এবং সাব-সেন্টারগুলিকে গুরুত্ব দিয়ে কাজ শুরু করা এবং সেই কাজ শুরু হয়েছে। কিন্তু সাব-সেন্টারগুলিকে গুরুত্ব দেওয়ার সঙ্গে সঙ্গে কারো রোগ হলে সে যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা করাবে সেক্ষেত্রে দেখা যাচ্ছে, সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই। ডাক্তার না থাকার কারণ বা স্বাস্থ্য কেন্দ্রে অনেক জায়গায় ডাক্তার থাকা সত্ত্বেও তারা কনট্রাক্ট ডাক্তার। ফলে তারা ঠিকমতো ডিউটি করছে না। তারা কনট্রাক্ট নিয়েছে কিন্তু কাজ ঠিকমত করছে না। যে নজরদারি থাকা দরকার সেটা নেই। যার ফলে রোগীরা ভিড় করছে সেকেন্ডারি লেভেলে। ডিস্ট্রিক্ট লেভেলে যখন যাচ্ছে তখন প্রচুর রোগীর চাপ। ডাক্তারবাবুদের একটা অংশ তারা ঠিক ঠিকমতো না দেখে রেফার করে দিচ্ছে ট্রারসিয়ারি লেভেলে অর্থাৎ মেডিকেল কলেজ হাসপাতালে। গ্রামের মানুষ তারা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা পাচ্ছে না আবার জেলা হাসপাতালেও তাদের চিকিৎসা হচ্ছে না। ফলে তারা চলে আসছে কলকাতায়। কিন্তু সেখানেও চিকিৎসা হচ্ছে না। ফলে এই যে অবস্থা এই অবস্থায় দাঁড়িয়ে—আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব—রেফারেল সিস্টেমকে আরো উন্নত করা দরকার। প্রাইমারি হেলথ সেন্টার থেকে যে রেফারেন্স হচ্ছে ডিস্ট্রিক্ট হাসপাতালে সেখানে ভর্তি করা দরকার। ডিস্ট্রিক্ট লেভেল থেকে যারা মেডিকেল কলেজে রেফারেল হচ্ছে সেখানে কোনোরকম না ঘুরিয়ে, অযথা হয়রানি না করে তাদের ভর্তি করা দরকার। কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যাচ্ছে, গ্রামের মানুষ দিনের পর দিন, মাসের পর মাস ঘুরছে তাদের রোগী ভর্তি করার জন্য। এটা একটা অসুবিধার কারণ হয়ে দাঁড়িয়েছে এবং গ্রামের দিকে বর্ষাকালে সাপে কাটা এবং কুকুরে কামড়ানো প্রতিষেধক পাওয়া যাচ্ছে না। যাও বা পাওয়া যাচ্ছে তা প্রয়োজনের তুলনায় কম। আমরা বিধানসভার সদস্যরা এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের কাছে মেনশন করেছি, কিন্তু তার সুষ্ঠু নিষ্পত্তি হয়নি। সুতরাং এই বিষয়টি দেখা দরকার, বিশেষ করে স্ট্যান্ডিং কমিটির মেম্বার হিসাবে আমি বলতে চাই, আজকে অ্যালোপ্যাথি এতই ব্যয়-বহুল হয়ে দাঁড়িয়েছে যে সেখানে আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, ইউনানি এবং আকুপাংচার চিকিৎসার উপর গুরুত্ব দিয়ে তার বাজেট বরাদ্দ বৃদ্ধি করা দরকার। কারণ, আকুপাংচার চিকিৎসায় পার্শ্ব-প্রতিক্রিয়া কম, সেইজন্য ব্লক লেভেলে যদি করা যায় তাহলে গরিব মানুষরা ভাল চিকিৎসা পাবে।

[4.30–4.40 p.m.]

পরিশেষে আমি নদীয়া জেলার নাম করা টি.বি. হাসপাতাল ধুবুলিয়া টি.বি. হাসপাতালের কথাটা একটু বলব। ডট প্রোগ্রামের মধ্যে দিয়ে এ রাজ্যে টি.বি. রোগীর সংখ্যা কমেছে এটা বাস্তব ঘটনা কিন্তু তারজন্য ওই হাসপাতালে ডাক্তার, নার্স কমানোর প্রয়োজন নেই। এইসব ডাক্তার, নার্সদের অন্য রোগের চিকিৎসার কাজে ব্যবহার করা হোক এই অনুরোধ রেখে পুনরায় বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় ২০০৩-০৪ সালের জন্য ২৪নং দাবির অধীন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন এবং তাতে হিল এরিয়ার জন্য যে অর্থ বরাদ্দ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন, ২০০১-০২ সালে ডি.জি.এইচ.সি. হেলথ ডিপার্টমেন্ট থেকে ১ কোটি ১০ লক্ষ টাকা পেয়েছিল। ২০০২-০৩ সালে পেয়েছিল মাত্র ৩৩ লক্ষ টাকা। ২০০৩-০৪ সালের জন্য হিল এরিয়ার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে জানি না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, হিল এরিয়ার জন্য বেশি টাকা যাতে বরাদ্দ হয় সেদিকে লক্ষ্য রাখবেন। স্যার, হিল কাউন্সিলে হেলথ ডিপার্টমেন্ট ট্রান্সফার করা হয়েছে মাত্র কিন্তু দুঃখের বিষয় দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ ১৫ বছর হয়ে গেলেও হেলথ ডিপার্টমেন্টের ফ্যামিলি ওয়েলফেয়ার, নার্সিং ট্রেনিং, ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোরস এই ডিপার্টমেন্টগুলি আজও দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের হাতে হস্তান্তর করা হয়নি। রাজ্য সরকার বিকেন্দ্রীকরণের কথা বলেন কিন্তু দুঃখের বিষয় এখনও ফ্যামিলি ওয়েলফেয়ার, ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোরস, নার্সিং ট্রেনিং ডিপার্টমেন্ট ডি.জি.এইচ.সি-র হাতে হস্তান্তর করা হয়নি। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ, এই ডিপার্টমেন্টগুলি দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের হাতে পুরোপুরিভাবে ট্রান্সফার করুন। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি, বহু বছর বাদে আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি চিকিৎসা যা পাহাড় অঞ্চলে অচলাবস্থায় ছিল বিগত দু-বছর ধরে সেই আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি চিকিৎসা পাহাড়ের মানুষরা পাচ্ছেন কিন্তু সময়মত তার ওষুধপত্রগুলি পাওয়া যাচ্ছে না। তা যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করুন। এই সঙ্গে বলছি, ইউনানী চিকিৎসা অন্যান্য জেলাতে চালু হয়েছে কিন্তু দার্জিলিং-এর পাহাড়ি অঞ্চলে ইউনানী চিকিৎসার ব্যবস্থা নেই। এর ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। স্যার, আপনি জানেন, দার্জিলিং-এর পাহাড়ি অঞ্চল খুব দুর্গম এলাকা, ট্রপোগ্রাফিক্যালি ডিফারেন্ট প্লেনস থেকে সেখানে প্রাইমারি হেলথ সেন্টার যা রয়েছে তা সাফিসিয়েন্ট নয়, সেই প্রাইমারি হেলথ সেন্টার যেমন সেখানে বাড়াতে হবে তেমনি সাব-সেন্টারও বাড়াতে হবে। কার্সিয়াং সাব-ডিভিশনাল হাসপাতালে ২১/২ মাস ধরে সার্জেন নেই, এখানকার মানুষদের অপারেশান করানোর জন্য বাইরে যেতে হচ্ছে বা শিলিগুড়িতে যেতে হচ্ছে। গরিব মানুষ চিকিৎসা পাচ্ছে না, সেখানে অপারেশানের অভাবে ওনারা বসে আছেন। আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে রাইটার্স বিল্ডিং-এ বলেছিলাম আমাদের ওখানে একজন সার্জেন দরকার। গ্রামে যতগুলো ব্লক হাসপাতাল আছে এখানে ডাক্তারের খুবই শর্টেজ আছে। তাই দাবি করছি আমাদের ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টারে এবং তার সাথে সাথে কার্শিয়াং সাব-ডিভিশনাল হসপিটালে তাড়াতাড়ি সার্জেন দেওয়া হোক। কারণ গরিব মানুষ খুবই কষ্ট পাচ্ছে। ওরা শিলিগুড়ি নার্সিংহোম বা নর্থ বেঙ্গল মেডিকেল কলেজে যেতে পারে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণে দেখলাম প্রাইমারি স্কুলে স্কুল স্বাস্থ্য কর্মসূচি নিয়েছেন। কিন্তু দুঃখের বিষয় হল দার্জিলিংয়ে এই কর্মসূচি হয়নি। আপনি জানেন ব্রিটিশ আমলের তৈরি কার্শিয়াং এস.বি.দে স্যানিটোরিয়াম এটা খুবই জীর্ণ অবস্থায় আছে। এখানে ৭-৮ বছর ধরে কোনো ভিজিটিং টিম যায়নি। স্ট্যান্ডিং কমিটির পক্ষ থেকে ভিজিট করেছিলেন। আপনাকে আবেদন করছি, আপনি

এই এস.বি.দে স্যানিটোরিয়ামে আসুন, দেখবেন নিজের চোখে কি অবস্থা। আমার আরো বলার ছিল, সময়ের অভাবে বলতে পারছি না। মাননীয় মন্ত্রী মহাশয় হিলে স্বাস্থ্য ব্যাপারে, স্বাস্থ্য পরিষেবার ব্যাপারে নিজে একটু দেখবেন এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রমথনাথ রায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীদ্বয় ২০০৩-০৪ সালের স্বাস্থ্য দপ্তরের জন্য যে বাজেট অনুমোদন চেয়েছেন এই বিধানসভায় আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলি সমর্থন করে খুব সংক্ষেপে দু-চারটি কথা বলব। আমি একটু অন্য প্রসঙ্গে যাচ্ছি। গত ৩ তারিখ বৃহস্পতিবার কর্মীবর্গ প্রশাসনিক বিষয়ে আলোচনা হয়েছিল এই বিধানসভায়। সেইদিন আমাদের মান্নান সাহেব পশ্চিমবাংলায় শিল্প হবে না শিল্প হচ্ছে না মাননীয় মুখ্যমন্ত্রীর ইটালি সফরের পরবর্তীকালে এই কথাগুলো বলেছিলেন। জবাবী ভাষণে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এমনভাবে অ্যাটাক করলেন আমাদের মান্নান সাহেবকে, উনি বললেন মান্নান সাহেবের জন্ডিস হয়েছে। মান্নান সাহেবের যদি জন্ডিস হয় তাহলে তাঁর চিকিৎসা করা দরকার, আপনি তার চিকিৎসার ব্যবস্থা করবেন। উনি বললেন যে আপনারা না চাইলেও পশ্চিমবাংলায় শিল্প হবে, এখানে নাকি ২৫০০ কোটি টাকা বিনিয়োগ হচ্ছে। সেইদিন রাইটার্স বিল্ডিংয়ে কৃষিমন্ত্রী কমল গুহ মহাশয় একটা কথা বলেছিলেন। তিনি বলেছিলেন যে রাজ্যে শিল্পই হবে না, বিনিয়োগকারীরা রাজ্যে আসবেন, সব কিছু দেখবেন এবং ফিরে যাবেন। কোনো শিল্প হচ্ছে না হবে না। সরকারি একজন ক্যাবিনেট মন্ত্রী রাইটার্স বিল্ডিংয়ে বসে এই কথা বলেছেন সেটা ৪ তারিখের কাগজে বার হয়েছিল। তাহলে কমলবাবুর কি হয়েছে ? ম্যালেরিয়া হয়েছে, নাকি কালাজ্বর হয়েছে নাকি ডেঙ্গু হয়েছে ? যে জ্বরগুলো আবার পশ্চিমবাংলায় ফিরে এসেছে। আমি এই ব্যাপারটা বিবেচনা করার জন্য অনুরোধ করছি।

[4.40–4.50 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ইন্ডিয়া টু-ডে পত্রিকা গোষ্ঠী ভারতবর্ষের ১৯টি রাজ্যের একটা তুলনামূলক মূল্যায়ন করেছিল ২০০৩ সালের ১৯শে মে সেই মূল্যায়নটি প্রকাশিত হয়েছিল। আমি অন্যগুলো নিয়ে বলছি না। আমি শুধু স্বাস্থ্য বিভাগের কথাটা বলছি। স্বাস্থ্য বিষয়ক কমিটির মাননীয় চেয়ারম্যান বলছিলেন এখানে—আমি তাঁর সব রিপোর্ট পড়েছি—যে, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে কোথাও থার্ড, কোথাও ফোর্থ, কোথাও সেকেন্ড। কিন্তু ইন্ডিয়া টু-ডে'র স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে যে মূল্যায়ন প্রকাশিত হয়েছিল, তাতে তারা উল্লেখ করেছে যে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান দ্বাদশ। এটা আপনি মানবেন কিনা জানি না। আপনি আপনার রিপোর্টে বারেবারে বলেছেন, চরম আর্থিক সংকট চলছে। এই অবস্থার মধ্যে যতটা পারা যায়, আমরা চেষ্টা করছি। আমাদের সরকার চেষ্টা করছে, করবে। প্রায় সব ক'টি প্যারাতেই এই কথা আছে। সেখানে আপনি বলেছেন, যন্ত্রপাতি যা আছে, ম্যান-পাওয়ার যা আছে তাকে কিভাবে ইউটিলাইজ করা যায়, তা আমরা দেখব।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে টাকার ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন, তার সব টাকা কি আপনি পাবেন ? আমাদের কাছে যা খবর আছে, পুরো টাকা আপনি পাবেন না। অধিকাংশ দপ্তরকে ওয়ান থার্ড টাকা দেওয়া হবে। অর্থাৎ এক কোটি থাকলে তিরিশ লক্ষে এসে দাঁড়াবে। এই অবস্থায় আপনি কতটা পাবেন, জানি না। আপনি গতবার যখন উত্তরবাংলার দিনাজপুরে গিয়েছিলেন, আপনি বলেছিলেন, আমার নির্দেশ আছে, স্বাস্থ্য বিভাগে বিকেন্দ্রীকরণ করবেন। আপনি শুরু করেছিলেন ভাল। সব তালগোল পাকিয়ে গেল। সূর্যবাবু, বিডিও অফিসে কর্মসংস্কৃতি যদি না থাকে, এস.ডি.ও. অফিসে ওয়ার্ক কালচার যদি না থাকে—স্বাস্থ্য দপ্তরেও যদি এটা চলতে থাকে, তাহলে স্বাস্থ্য পরিষেবা কখনও চলতে পারে না। এস.এস.কে.এম হাসপাতালে রজনীশ প্যাটেল চারমাস ভর্তি ছিল। একজন উদীয়মান ক্রিকেটার মারা গেল। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সেখানে কি ব্যবস্থা নিয়েছেন ? আপনার পক্ষে ব্যবস্থা নেওয়া সম্ভব নয়। সেখানে যে দোষী তার শাস্তি হবে কিনা জানি না। মাননীয় মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদে গেলেন। সেখানে শিশুমৃত্যুর ঘটনা ঘটেছিল। কিন্তু তারপর কি ঘটল—আপনার স্বাস্থ্য সচিব বলেছিলেন, ডাক্তাররা ডিউটি করেননি। মাননীয় মুখ্যমন্ত্রী তখন ছিলেন না। ডিউটি ফাঁকি দিয়ে ডাক্তারবাবুরা ছুটি কাটিয়েছেন। তাঁরা ক্রিমিন্যাল অপরাধ করেছেন। ক্রিমিন্যালদের আপনারা শাস্তি দিতে পারবেন না। আজকে পশ্চিমবাংলা এই রকম অবস্থায় চলে গেছে। ডাক্তারদের অ্যাসোসিয়েশনের একটা মিটিং ডাকা হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে ভাষণ দিলেন—বললেন, শো-কজ মানে শাস্তি নয়। ডাক্তাররা হুমকি দিয়েছিল তারা ধর্মঘট করবে। স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যারা যুক্ত, তৃতীয়, চতুর্থ শ্রেণির কর্মী যাদের থাকার কথা, তারা থাকে না কেন ? তাদের মধ্যে যোগাযোগ না থাকলে, কর্মচেতনা না থাকলে সূর্যবাবু, আপনি কেন, স্বয়ং ঈশ্বর, গড কেউ পারবেন না। পশ্চিমবাংলা যে জায়গায় চলে গেছে, সেখান থেকে ফিরিয়ে আনা সম্ভব নয়। অসুবিধা আছে, আমরা জানি। এবারে আমি আমার জেলার কথায় আসছি। আপনি বিকেন্দ্রীকরণের কথা বলেছেন। দু-তৃতীয়াংশ প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র থেকে ইনডোর ব্যবস্থা তুলে দেওয়া হবে। এক তৃতীয়াংশ রাখা আছে পশ্চিমবাংলায় তার জন্য জেলা স্বাস্থ্য সমিতি বা কমিটি রিপোর্ট দেবেন, সেই ভিত্তিতে আপনি ব্যবস্থা নেবেন। আমি এর আগেও বলেছি, আমার জেলাতেও বলেছি, আবারও বলছি, এক বছর পরে আবারও বলছি উত্তর দিনাজপুর জেলায় এই প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র থেকে ইনডোর ব্যবস্থা অনেক আগেই বন্ধ হয়ে গেছে। আমাদের জেলা সম্পর্কে, আপনাদের দলের বিধায়ককে খবর নিতে বলুন, এর পরিসংখ্যান আছে। আমাদের জেলা স্বাস্থ্যকেন্দ্রে সেখানে ৮৪ জন স্টাফ অতিরিক্ত আছেন। তাঁরা গত ৫/৭ বছর ধরে বসে আছেন, সেখানে কোনো কাজকর্ম নেই, তাঁরা বসে বসে মাহিনা পেয়ে যাচ্ছেন। এঁদের মাহিনা বিয়াল্লিশশো থেকে পঁয়তাল্লিশশো টাকা, মাসে খরচ হয় ৮৪ জন স্টাফের জন্য ৪ লক্ষ টাকা। বছরে ৪৮ লক্ষ টাকা। এই যে একটা ব্যবস্থা আমাদের জেলাতে চলছে, স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যাঁরা যুক্ত তাঁদের কেউ কিছু করছেন না। আবার সি এম এইচ সাহেবকে বলেছি, ডি.এম.-কে বলেছি তারা কোনো কাজ না করে মাহিনা নিয়ে যাচ্ছেন। অথচ আমাদের জেলায় অনেকগুলি ক্লারিকাল পোস্ট খালি পড়ে আছে, সেখানে কাজ হচ্ছে না। কোনো ব্যাপারে

সি এম ও এইচ-কে বললে তিনি বলেন, বড়বাবু নেই, কাজ করব কি করে। তিনি বলেন, আমার স্টাফ নেই। একজন মেডিকেল স্টাফ-এর কাজ ক্লার্ককে করে দিতে হয়। একজন ফার্মাসিস্টের কাজ ক্লার্ককে করতে হয়, কোনো ফিল্ড স্টাফ কাজ করতে চায় না। জেলা স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যারা যুক্ত আছেন তাঁদেরও বলেছি, এই যে ৮৪ জন স্টাফ যাঁরা অতিরিক্ত, বসে বসে মাহিনা নিচ্ছেন, তাঁদের ব্যাপারে ভাবুন। আমি বাজেটের বিরোধিতা এমনি এমনি করছি না। টাকার ক্রাইসিস, ম্যান পাওয়ারের অভাব, সেখানে ৮৪ জন স্টাফকে বিনা কাজে মাহিনা দেওয়া হচ্ছে। এটা বলা সত্ত্বেও কোনো কিছু হচ্ছে না। অনেকেই বলেছেন, কলকাতা হাসপাতালে এত চাপ কেন। এতই যদি বিকেন্দ্রীকরণ হয়ে থাকে, জেলা হাসপাতাল থেকে কলকাতার হাসপাতালে এত ভিড় কেন ? মানুষ স্বাস্থ্য পরিষেবার জন্য হন্যে হয়ে আছে, কেন তাহলে আজকে এই জিনিস হচ্ছে। এটা হওয়ার একটাই কারণ আছে, সত্যিকারের বিকেন্দ্রীকরণ হচ্ছে না। প্রাইমারি হেল্‌থ সেন্টারে ডাক্তার নেই। ঔষধ নেই। ডাক্তার নির্দিষ্ট সময়ে আসে না। নার্স ঠিকমতন ডিউটি করে না। আমার নির্বাচনী কেন্দ্র বাঙালবাড়ি প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র সেখানে যা চলছে, সেখানে ২৩ জন স্টাফ আছে, আমি দু-তিনবার সেখানে গিয়েছি, ৫/৬ জনের বেশি সেখানে কাউকে দেখা যায় না। কিন্তু খাতায় কলমে ২৩ জন স্টাফ আছেন। চতুর্থ শ্রেণির কয়েকজন স্টাফ আছেন, যাঁরা লেখাপড়া জানেন, এঁদের কাজ নেই, এদের যদি বিভাগীয় পরীক্ষার মাধ্যমে চতুর্থ শ্রেণি থেকে তৃতীয় শ্রেণিতে উত্তীর্ণ করা যায় তাহলে বিনা কাজে মাহিনা দিতে হয় না। অন্যদিকে বলব, যেখানে স্টাফ শর্টেজ আছে, যেখানে স্বাস্থ্য দপ্তরের কাজ হচ্ছে না ব্লক স্বাস্থ্য দপ্তরে কাজ ঠিকমতন হচ্ছে না, পেন্ডিং থাকছে, সেখানে ক্লার্ক দিলে কিছুটা সুরাহা হয়। আমার জেলাতে ২৯১টি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে, ২৯১টি উপ-স্বাস্থ্যকেন্দ্রের, ৫০ শতাংশ কেন্দ্রের সাব-সেন্টারে কোনো স্টাফ নেই—শুধু ফিমেল মেল নেই—না থাকার ফলে সত্যিকারের পরিষেবা সেখানে দেওয়া যাচ্ছে না। পরিষেবা সেখানে হচ্ছে না। আমাদের জেলায় সি.এইচ.জি যাদেরকে দাই বলা হয়, তাদের ১০০ থেকে ৫০ টাকা মাহিনা দেওয়া হয়, সেই মাহিনাটাও তারা ঠিকমতন পাচ্ছেন না।

[4.50–5.00 p.m.]

হ্যাঁ, সেই মাইনেও তারা ঠিকমত পাচ্ছে না। তাদের অ্যালোটমেন্টটা যাতে ঠিকমত হয়, তাদের কাছ থেকে যাতে আমরা পুরোপুরি পরিষেবা পেতে পারি সেটা আপনাকে দেখতে হবে। তাদের ৫০ টাকা, ১০০ টাকা যাতে ঠিকমত আসে সেটা আপনি দেখবেন। আমাদের জেলায় স্বাস্থ্য বিভাগের পাঁচ, সাতটি গাড়ি পড়ে আছে ড্রাইভারের অভাবে। ড্রাইভার পদে লোক নেওয়া যাচ্ছে না বলেই সেই গাড়িগুলো পড়ে আছে এবং নষ্ট হচ্ছে। এইভাবে যদি গাড়িগুলো পড়ে থাকে তাহলে একেবারে নষ্ট হয়ে যাবে। আরেকটি বিষয় যেটা অনেকেই বলেছেন, আমিও সেই বিষয়টা বলছি, আমাদের কালিয়াগঞ্জে এক্স-রে মেশিন, ফ্যাক্স মেশিন গো-ডাউনে পড়ে পড়ে নষ্ট হচ্ছে, সেগুলোকে ব্যবহার করা হচ্ছে না। এইগুলো যাতে ব্যবহার করা যায় সেটা আপনাকে দেখতে হবে। উত্তরবঙ্গের অনেক জায়গায় বন্যা দেখা দিয়েছে,

আমাদের জেলাতেও যদি বন্যা দেখা দেয়, তাহলে স্বাস্থ্য দপ্তরের কর্তারা বলছেন, জরুরি ভিত্তিতে তার মোকাবিলা করার জন্য কোনো ওষুধই আমাদের স্টকে নেই। এই অবস্থার যাতে সুরাহা হয় সেটা আপনি দেখবেন। স্বাস্থ্য পরিষেবার আরেকটি নমুনা আমি আপনাকে বলব, এস.এস.কে.এম হাসপাতালে রাহুল শেখ নামে একটি শিশু সাত মাস ধরে পড়ে আছে, ফ্রি বেডে, তার বেড নাম্বার হচ্ছে সি.ইউ-৫৭, হার্ট স্পেশালিস্ট ডা: উদয় সরকার, সেই ছেলেটির অপারেশানের জন্য তিন, চার বার ডেট দিয়েও তার অপারেশান হয়নি। তার অপারেশানের জন্য বিভিন্ন জায়গা থেকে যে সাহায্য এসেছিল তার সব টাকায় আজকে শেষ হয়ে গেছে। এইভাবে চলতে থাকলে হয়তো ছেলেটাকে বাঁচানো যাবে না। যত তাড়াতাড়ি সম্ভব এই ব্যাপারে আপনি ব্যবস্থা গ্রহণ করবেন, এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে, আমাদের দলের আনীত কাট-মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : স্যার, মাননীয় মন্ত্রী ডা: সূর্যকান্ত মিশ্র স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ২৪ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনীত কাট-মোশান-এর বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। সারা ভারতবর্ষে যখন উদারীকরণ এবং খোলা বাজারের অর্থনীতি চলছে, ভারতবর্ষে মনমোহন সিং যে নীতি প্রবর্তন করেছিলেন, আর এখানে কংগ্রেসী বন্ধুরা চিৎকার করে বলছেন পশ্চিমবাংলায় নাকি স্বাস্থ্য পরিষেবা একেবারে ভেঙে পড়েছে। ভারতবর্ষের প্রত্যেকটি অঙ্গরাজ্যেই স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে এক বেহাল অবস্থা চলছে। কেবলমাত্র আমাদের রাজ্যেই স্বাস্থ্য পরিষেবা এবং স্বাস্থ্য ব্যবস্থা উন্নতির দিকে যাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার এদিকে অধিক গুরুত্ব দিয়েছেন। একটা রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির মূল সূচক নির্ভর করে সেই রাজ্যের জন্ম-মৃত্যুর হার, শিশু মৃত্যুর হার, প্রসূতি মৃত্যুর হার ইত্যাদির উপরে। সারা ভারতবর্ষের যে কোনো অঙ্গরাজ্যের চেয়ে আমাদের রাজ্যে প্রত্যেকটি ক্ষেত্রেই এই মৃত্যুর হার কম। পশ্চিমবাংলায় শতকরা সত্তর জন মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে। এই বিষয়ে বিরোধীপক্ষের আর কিছু বলার নেই। আমরা দৃঢ়তার সঙ্গে বলি, আজকে দিনের পরিবর্তন ঘটেছে এবং সেই পরিবর্তন আমাদের স্বাস্থ্য দপ্তরেও ঘটেছে। আগে গ্রামের মানুষ ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টারে যেত। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর আমরা দেখছি সাব-সেন্টারের উপরে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে। আজকে গ্রামের নিরন্ন গরিব মানুষরা এর সুফল পাচ্ছে। আজকে সি.এইচ.জি-রা গ্রামে কাজ করছে। কি রাজ্য, কি জাতীয় স্তরে স্বাস্থ্য বিভাগ তাদের দায়িত্ব পালন করে চলেছে। আমাদের সাব-সেন্টারে দায়িত্বপ্রাপ্ত মহিলা কর্মীরা আজকে সমানভাবে তাদের দায়িত্ব পালন করে চলেছে। দুর্ভাগ্যের বিষয় সি.এইচ.জি.-রা মাসে ৫০ টাকা পেত, বর্তমানে ১০০ টাকা পান, তাও প্রতিমাসে পান না, কেন্দ্রীয় সরকারের অ্যালোটমেন্ট এলে পান, না এলে পান না। আমাদের মহান বামফ্রন্ট সরকার এবং এই স্বাস্থ্য দপ্তর একটা মহৎ উদ্দেশ্য নিয়ে কাজ করছে। মাননীয় মন্ত্রীকে বলব, তাদের সেবাকে মমত্ববোধে দেখা উচিত এবং তাদের ভাতা কিছুটা অন্তত বাড়ানো উচিত।

গ্রামবাংলায় যখন বৃষ্টি নামে, তখন বাংলার চাষীরা হাসতে হাসতে মাঠে যান, কিন্তু এই সময় সাপের উপদ্রব বাড়ে। ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টারে পর্যাপ্ত পরিমাণে সাপে কামড়ানো, কুকুরে কামড়ানো ওষুধ থাকে না। সেটা যাতে পর্যাপ্ত পরিমাণে দেওয়া যায় সেটা দেখবেন। মেদিনীপুর যখন ভাগ হ'ল, তখন তমলুক সাব ডিভিশনাল হাসপাতাল জেলা হাসপাতালে পরিণত হ'ল, কিন্তু সেখানে কোনো পরিকাঠামো নেই, অত্যাধুনিক যন্ত্রপাতি নেই। এদিকে দৃষ্টি দেওয়ার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব। এই কটি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে মাননীয় মন্ত্রী স্বাস্থ্য, পরিবার কল্যাণ খাতে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, এই বাজেটের উপর আলোচনা করতে উঠে আমি প্রথমেই সরকারি স্বাস্থ্য নীতির বিরোধিতা করে এই বাজেটের বিরোধিতা করছি এবং আমার কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

মি. ডেপুটি স্পীকার স্যার, স্বাস্থ্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে তৃণমূল স্তর পর্যন্ত স্বাস্থ্য পরিষেবাকে মজবুত করার কথা বলে ইন্দো-জার্মান পরিকল্পনার কথা বলেছেন। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, ব্লক স্বাস্থ্যকেন্দ্র, এইগুলোর ধাপে ধাপে আধুনিকীকরণ করা হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সরকারের যে বাজেট, তা গত বছরের তুলনায় ২৩৩ কোটি ৯৯ লক্ষ ৬১ হাজার টাকা কম করা হয়েছে। এই কম ব্যয়-বরাদ্দে গ্রামবাংলার স্বাস্থ্য পরিষেবাকে কিভাবে উন্নত করবেন আমি জানি না। বাস্তবে গ্রামীণ স্বাস্থ্য পরিষেবার অবস্থাটা কি ? সেখানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, এমনকি ব্লক স্বাস্থ্যকেন্দ্রও ছেড়ে দিলাম, সাব ডিভিশনাল স্বাস্থ্যকেন্দ্রগুলোতেও, সামান্য জ্বর হলে যে প্যারাসিটামল দেওয়া হয়, তাও সেখানে পাওয়া যায় না। এই জিনিস চলছে। উনি বলেছেন, জেলাগুলোতে ওষুধ কেনার টাকা দেওয়া হয়েছে—ট্রেজারি বেঞ্চ থেকেও প্রতিদিন আসে—সাপে কামড়ানো, কুকুরে কামড়ানোর ওষুধ পাওয়া যায় না এবং কলকাতার হাসপাতালগুলোতে রেফার করা হচ্ছে। সরকারি স্বাস্থ্য পরিষেবা, গ্রামীণ স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়ছে। যেটা খুবই মর্মান্তিক—মুর্শিদাবাদে শিশুমৃত্যুর ঘটনা। তার আগে বিধানচন্দ্র রায় শিশু হাসপাতালে শিশুমৃত্যুর ঘটনা ঘটেছে, নদিয়ায় ঘটেছে। এ তো শিশুমৃত্যু নয়, শিশু হত্যার ঘটনা বলব। যেভাবে এইসব ঘটনা ঘটছে, তাতে স্বাস্থ্য পরিষেবার অবস্থা বোঝা যাচ্ছে। এই যে শতাধিক শিশু মারা গেল, তাদের সম্পর্কে যদি এতটুকু সহানুভূতি থাকত, তাহলে অন্তত নিজেদের ত্রুটি কোথায়, সরকারের ত্রুটি কোথায় সেটা খোঁজার চেষ্টা করতেন।

[5.00–5.10 p.m.]

কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, সেগুলি তাঁরা চাপা দেওয়ার চেষ্টা করছেন। যে শিশুগুলি মারা গেল সেই ব্যাপারে কোনো ময়না তদন্ত হল না। অজানা জ্বর ইত্যাদি নানা কথা বলছেন। কিন্তু কিসের ভিত্তিতে এটাতে আসলেন। আমরা দেখলাম যে, সেখানে নিষেধাজ্ঞা জারি করা হল। শিশুমৃত্যুর প্রকৃত ঘটনা কি। হাসপাতালের প্রকৃত অবস্থার চিত্র

কি। নিষিদ্ধ করে দেওয়া হল। হাসপাতালের সুপাররা বিবৃতি দিতে পারবে না। বিধানচন্দ্র রায় হাসপাতালে শিশুমৃত্যুর কারণ বলতে গিয়ে হাসপাতালের পরিকাঠামোর দুরবস্থার কথা বলেছিলেন সুপার। তাঁকে শাস্তি দেওয়া হল। তাঁকে ট্রান্সফার করে দেওয়া হল। সরকার কতখানি অমানবিক হলে এটা করতে পারেন। স্বাস্থ্যকেন্দ্রগুলিতে সামান্যতম চিকিৎসার ওষুধ নেই। কথায় আছে না—"ঢাল নেই, তরোয়াল নেই, যেন নিধিরাম সর্দার।" এতগুলি শিশু মারা গেল। আজকে স্বাস্থ্য দপ্তরের যাঁরা দায়িত্বে আছেন, তাঁদের বিরুদ্ধে অভিযোগ আনা উচিত। আজকে এই সরকার কিভাবে মেডিকেল শিক্ষা দিচ্ছে ? রাজ্যের মেডিকেল শিক্ষা কার্যত এরা শেষ করে দিতে চাইছেন। বিভিন্ন জায়গায় মেডিকেল কলেজের ইনফ্রাস্ট্রাকচার নেই। উত্তরবঙ্গ বর্ধমান বাঁকুড়ায় ৫০টা করে সিট বাড়িয়েছিল। কিন্তু মেডিকেল কলেজ অফ ইন্ডিয়া সেটা বাতিল করে দেয়। বারবার মেডিকেল কলেজ করবার জন্য রেকগনিশান চাইছেন মেডিকেল কাউন্সিল থেকে। সেখানকার দুজন সদস্য পরিদর্শনও করতে এসেছিলেন। তাই হাসপাতালগুলিকে একটু সাজানো গোছানোর ব্যবস্থা হয়েছিল। পরিদর্শনের পর দু-দিনের মধ্যেই আবার পুরানো যে অবস্থা সেই অবস্থাতেই ফিরে গিয়েছিল। সি.এম.ও.এইচকে জিজ্ঞাসা করলে বলেছিলেন যে, মেয়েকে দেখতে এলে মেয়েকে সাজাতে হয়। কিন্তু প্রত্যেকদিনই কি মেয়েকে সেজে থাকতে হবে ? এই তো মেডিকেলের অবস্থা। আজকে হসপিটাল চার্জ বাড়িয়ে দিচ্ছেন। মেডিকেল ফিজ ছিল ১২ টাকা। সেখান থেকে এক হাজার টাকা করেছেন। শুনতে পাচ্ছি ক্যাপিটেশান ফি দিয়ে ডাক্তারিতে ভর্তির সুযোগ পাবে। অর্থাৎ যাদের টাকা আছে, তারা ভর্তির সুযোগ পাচ্ছে। এমনিতেই মেডিকেল এডুকেশানের স্ট্যান্ডার্ড কমানো হয়েছে। এরপরে যদি এই ব্যবস্থা নেওয়া হয়, তাহলে এর স্ট্যান্ডার্ড আরও নামবে। সরকার সেল্ফ ফিনান্সিং-এ যাচ্ছে অর্থাৎ শিক্ষাকে বেসরকারিকরণ করা হচ্ছে এবং মেডিকেল শিক্ষাকে বেসরকারিকরণ করা হচ্ছে এবং বাণিজ্যিকরণের দিকে যাচ্ছে। ক্যাপিটেশন ফিজের দিকে যাচ্ছে। আজকে পাবলিক হেল্‌থ প্রোগ্রাম একটা গুরুত্বপূর্ণ প্রোগ্রাম। আজকে ন্যাশনাল টি.বি. কনট্রোল প্রোগ্রামে সেখানে টি.বি. হাসপাতালগুলোর কি অবস্থা ? কে.এস রায় টি.বি. হাসপাতাল, ধুবুলিয়া টি.বি. হাসপাতাল। এই টি.বি. হাসপাতালগুলোর রক্ষণাবেক্ষণের কোনো ব্যবস্থা নেই। এইরকম মারাত্মক অবস্থা। আবার হসপিটাল প্রাইভেটাইজেশনের কথা বলছেন। ন্যাশনাল মেন্টাল হেল্‌থ প্রোগ্রামে সেখানে দেখুন কি অবস্থা। মানকুন্ডু মানসিক হাসপাতাল—বিরাট হাসপাতাল বিশাল ইনফ্রাস্ট্রাকচার। ৮২ সালে সরকার এর প্রশাসনিক দায়িত্ব গ্রহণ করেছিলেন। এতবড় হাসপাতাল আজকে বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। অথচ ন্যাশনাল মেন্টাল হেল্‌থ প্রোগ্রামের মর্যাদা দিচ্ছেন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী প্রায়ই বলেন গ্রামে ডাক্তার পাওয়া যায় না, ডাক্তার গ্রামে যেতে চায় না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি পি.এস.সি.র চেয়ারপার্সন লীনা চক্রবর্তী অভিযোগ করে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছেন যে, স্বাস্থ্য দপ্তরে তাঁরা পি.এস.সি.-কে দায়ি করেছে যে পি.এস.সি. ডাক্তার দিচ্ছে না, এটা ঠিক নয়। ওয়ার্ল্ড ব্যাঙ্ক চাপ দিয়েছে যে প্রায় দেড় হাজার চিকিৎসকের পদ শূন্য। এখনই ডাক্তার নিয়োগ করতে হবে। অ্যাড-হক বেসিসে ডাক্তার নিয়োগের চেষ্টা করেছিলেন। হঠাৎ করে এক বছর চুপচাপ থেকে পি.এস.সি.র কাছে দেড় হাজার ডাক্তার

চাইছেন পি.এস.সি.কে স্কেপগোট করতে চাইছেন। পি.এস.সি.-র চেয়ারম্যান মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছেন যে অহেতুক পি.এস.সি.কে দায়ি করা হচ্ছে। আগে থেকে সময় দিয়ে তারা এটা করেনি। ফলে নিজেদের ব্যর্থতার দায় তারা পি.এস.সি.র উপর চাপিয়ে দিচ্ছেন। আজকে গোটা রাজ্য জাল ওষুধে ছেয়ে গেছে। সেখানে ড্রাগ কন্ট্রোল ডিপার্টমেন্ট, ড্রাগ কন্ট্রোল ডাইরেক্টর তারা গিয়ে দেখে আসুন যে জাল ওষুধে ছেয়ে গেছে। সেখানে গিয়ে দেখুন যে এই জাল ওষুধ ধরার জন্য তাদের কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই। ড্রাগ কন্ট্রোলার যে ভেজাল ওষুধের খবর পেয়ে সেখানে যাবে তার জন্য কোনো ভেহিকল নেই। তারা বলে আমরা কি বাসে করে যাব ? এইরকম একটা ভিসাস সার্কেল চলছে। এইসবের প্রতি সরকার কোনো নজর দিচ্ছে না। আমি জানতে চাইছি ওয়ার্ল্ড ব্যাঙ্কের যে ইন্দো জার্মান যে স্বাস্থ্য প্রকল্প সেই প্রকল্পের শর্তগুলো কি যার ভিত্তিতে সরকার এই প্রকল্প গ্রহণ করেছে। দেখা যাচ্ছে যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের যে সমস্ত স্বাস্থ্যপরিকাঠামোগুলো করা হয়েছে, সেই সমস্ত বিল্ডিংগুলো, যন্ত্রপাতিগুলো ভেঙে পড়ছে, আনইউটিলাইজড হয়ে পড়ে আছে। জয়নগর বিধানসভা কেন্দ্র সেখানে পদ্মের হাটি হাসপাতাল সেখানে দীর্ঘদিন এই বিল্ডিংগুলো পড়ে আছে, সমস্ত পেশেন্ট সেখানে মাটির উপর পড়ে থাকে। এইরকম অবস্থা।

[5.10–5.20 p.m.]

বেড দিন, রোগীদের ব্যবস্থা করুন। এইভাবে পরিকাঠামো পড়ে আছে। জিজ্ঞাসা করলে বলেন হ্যাঁ করব। আমি মাননীয় মন্ত্রীর নজরে এনেছি। এই ৫, ৭ দিন আগে ওয়ান ফাইন মর্নিং শুনলাম যে কোথা থেকে হয়তো ইন্সপেক্শানের ব্যবস্থা হয়েছে তাই তাড়াতাড়ি সেখানে কিছু রোগীকে তুলে দেওয়া হল। আমি বিধানসভা কেন্দ্রের একজন জনপ্রতিনিধি টাইমস উইদাউট নাম্বার আমি সেই সংবাদ পেলাম না। আমি বারেবারে সরকারি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি। হয়তো কোথা থেকে কোনো ইন্সপেক্শান কিছু হবে, হয়তো কিছু জানতে চেয়েছে তাই এই পঞ্চায়েত নির্বাচনের কয়েকদিন আগেই এটা হয়েছে। কত টাকার যে যন্ত্রপাতি কেনা হয়েছে কিন্তু সেগুলি সব আন্ইউজড অবস্থায় পড়ে আছে। এইভাবে বেসরকারিকরণের দিকে যাচ্ছে, এটা উদ্বেগজনক। কিভাবে হাসপাতালের চার্জ বাড়ানো হচ্ছে এবং সিটি স্ক্যান হচ্ছে। সরকারি পরিষেবা জনগণ কি পাচ্ছে ? জনগণের টাকায় সরকারি হাসপাতালগুলিতে বেসরকারি মালিকদের ব্যবসা করবার সুযোগ করে দিচ্ছেন। সরকারি পরিষেবা তাদের হাতে তুলে দিচ্ছেন কিন্তু তার বিনিময়ে সরকার কি পাচ্ছে ? জনগণ কি পাচ্ছে ? এইভাবে বেসরকারিকরণ চলছে। অথচ আপনি বলবেন এটা বেসরকারিকরণ নয়, এটা যৌথ উদ্যোগ। আমি জিজ্ঞাসা করছি এটা কি ভাষা ? যৌথ উদ্যোগ মানে কি ? যেখানে সরকারি উদ্যোগের খানিকটা অংশে বেসরকারি উদ্যোগ হয় তাহলে কি আংশিক বেসরকারিকরণ হল না ? এটা কি অস্বীকার করা যায় ? তার মানে সরকারি উদ্যোগের মধ্যে বেসরকারি উদ্যোগ ঢুকছে। আপনি বলবেন যৌথ উদ্যোগ। এটা ভাষার মার-প্যাঁচ। গোটা স্বাস্থ্য পরিষেবাটাতে এমন একটা পরিস্থিতির সৃষ্টি করা হচ্ছে আপনারা বলবেন পশ্চিমবঙ্গের ৭০ শতাংশ মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবায় কভার হয়। দেখা যাচ্ছে সেখানে পেয়িং বেডের

পারসেন্টেজ ক্রমাগত বাড়িয়ে দিচ্ছেন। সরকারি কাগজে-কলমে ওষুধের তালিকা আছে, কিন্তু সেই ওষুধ পাওয়া যাচ্ছে না, ওষুধের ব্যবস্থা করতে পারছেন না। তাহলে কোথায় ৭০ পারসেন্ট মানুষ সরকারি পরিষেবা পাচ্ছে ? আজকে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত, গরিব মানুষদের অসহায় অবস্থা, তারা তাদের সব কিছু বন্ধক দিয়ে নার্সিংহোমে যেতে বাধ্য হচ্ছে। আজ থেকে ১০, ২০ বছর আগে সরকারি হাসপাতালে যেটুকু চিকিৎসার সুযোগ ছিল সেটাও আজকে শেষ করে দিয়েছেন। আপনারা বাধ্যতামূলকভাবে গরিব মানুষগুলিকে নার্সিংহোমের দিকে নিয়ে যাচ্ছেন। আর আপনারা মুখে বলছেন স্বাস্থ্য পরিষেবার উন্নতি করছেন। তাই আমি এই স্বাস্থ্য বাজেটের বিরোধিতা করে এবং আমার কাট-মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডা: কামরে ইলাহী : মি: ডেপুটি স্পীকার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডা: সূর্যকান্ত মিশ্র এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী প্রত্যুষ মুখার্জি ২৪ নম্বর দাবির অধীনে ২০০৩-০৪ সালের যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। স্যার, আপনি জানেন কোনো কিছু আলোচনা শুরু হলেই এর সাফল্যর চাইতে এর ব্যর্থতার দিকটা প্রকটভাবে দেখানো হয়। পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবা নিয়ে আলোচনার সময় কেউ কেউ ভ্রান্ত ধারণার বশবর্তী হয়ে মন্তব্য করেন যে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবার অবশিষ্ট কিছু নেই, আমি পরিসংখ্যানের উপর ভিত্তি করে বলতে পারি এই ধারণা ভ্রান্ত এবং এর বাস্তবতার কোনো ভিত্তি নেই। কিছু কিছু স্বাস্থ্য পরিষেবা বছরের পর বছর ধরে লক্ষ লক্ষ মানুষের কাছে পৌঁছে গেছে নীরবে। এর সাফল্যের দিকটা ঔজ্জ্বল্যের দিকটা মনে রাখি না যা দুর্যোগের সময় চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি জানেন ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় রাজনৈতিক এবং প্রশাসনিক পট-পরিবর্তন হল। ঠিক এক বছরের মধ্যে পশ্চিমবাংলা প্রত্যক্ষ করল ভয়ঙ্কর বন্যা। কত সম্পদের ক্ষতি হল, কত প্রাণহানি হল এগুলো মনে রাখতে ইচ্ছা করে না। কিন্তু কলকাতার কয়েকজন সমাজবিজ্ঞানী বিস্ময়ের সঙ্গে মন্তব্য করলেন এমন অসম্ভব কাণ্ড সম্ভব হল কি করে ? কলকাতার রাস্তায় কোনো ভিখারি দেখা গেল না, কলকাতার রাস্তায় গ্রাম থেকে লোক এসে ফুটপাথে স্থায়ী আস্তানা গাড়ল না, মহামারী হল না। ২০০০ সালের বন্যাকে প্রত্যক্ষ করে কেউ কেউ মন্তব্য করেছিলেন 'মনুষ্য সৃষ্ট বন্যা'। সম্মিলিত জনমত তার জবাব দিয়েছে। আজকে পশ্চিমবাংলার সমস্ত জেলায় পঞ্চায়েত ব্যবস্থা অটুট রয়েছে। স্বাক্ষরতা কর্মসূচির মধ্যে দিয়ে জনগণের চেতনা বেড়েছে। ভূমিসংস্কারের মধ্যে দিয়ে গ্রামে বুনিয়াদী শক্তি দৃঢ় হয়েছে। আজকে গ্রাম থেকে শহরে মানুষ আসেনি বলব না, অনেক কম এসেছে। ২০০০ সালের পরে মানুষ গ্রাম থেকে এল না, ভিখারি এল না, মহামারী হল না। এই দুটো বড় ধরনের বন্যায় উল্লেখ করছি এই কারণে যে, একটা স্বাস্থ্য পরিকাঠামোর সাথে যদি প্রাণের যোগ ঘটে তাহলে অসম্ভবকে সম্ভব করে দেওয়া যায়। ২০০০ সালের ভয়ঙ্কর বন্যার পরেও কোনো প্রাণহানির ঘটনা ঘটেনি। মহামারীর ঘটনা ঘটেনি কেবল পশ্চিমবাংলায় একটা সদর্থক স্বাস্থ্য ব্যবস্থা রয়েছে বলে। জনগণের চেতনা, মানুষের অক্লান্ত পরিশ্রম এবং তার সাথে রাজনৈতিক সদিচ্ছা—এই তিনটে মিলে পশ্চিমবাংলায় একটা সদর্থক স্বাস্থ্য ব্যবস্থা গড়ে

উঠেছে। একটা সদর্থক স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে, স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন করতে হলে, স্বাস্থ্য পরিকাঠামোকে সঠিকভাবে ব্যবহার করতে হলে অর্থের প্রয়োজন হয়। ১৯৯০ সালে এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছিল ১.৩ শতাংশ। ১৯৯৯ সালে বিশ্বায়নের ভয়ঙ্কর ফল ফলতে শুরু করেছে। ফলে তখন এটা গিয়ে দাঁড়াল ০.৯ শতাংশ। এতেও বিশ্বব্যাঙ্কের মহাজনরা খুশি নন। তাঁরা মন্তব্য করছেন ভারতবর্ষে স্বাস্থ্যখাতে খরচ বেশি হচ্ছে, স্বাস্থ্য পরিকাঠামোর উন্নতি হচ্ছে না। আমি প্রথমটা মানতে পারছি না, দ্বিতীয়টা মেনে নিচ্ছি। প্রথম বক্তব্যটা আমি সবিনয়ে প্রত্যাখ্যান করছি। ২০০০ সালের বিশ্ব-স্বাস্থ্য সংস্থার পরিসংখ্যান দেখলে দেখা যাবে ভারতবর্ষে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে যে খরচ হয় তার সরকারি ব্যয় ভাগ ১৬ শতাংশ। আর, অন্যান্য দেশে সরকারি ব্যয় ভাগ—ইংল্যান্ডে ৯৬ শতাংশ, জাপানে ৮০ শতাংশ, জার্মানিতে ব্যয় করা হয় ৭৮ শতাংশ, ফ্রান্সে ব্যয় করা হয় ৭৬ শতাংশ। বড়লোক দেশগুলো স্বাস্থ্য খাতে তাদের সরকারি ব্যয় কমায়নি কিন্তু গরিব দেশগুলোর দিকে ব্যয় কমানোর জন্য চোখ রাঙাচ্ছে। পরিসংখ্যানে দেখা যাচ্ছে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে ভারতবর্ষ ১৬ শতাংশ ব্যয়ভার বহন করছে আর বাকি ৮৪ শতাংশ বেসরকারি খরচের মধ্যে আছে ভারতীয় মালিকানা, আছে বহুজাতিক সংস্থার মালিকানা। আজকে ভারতবর্ষে বহুজাতিক সংস্থার অবাধ অনুপ্রবেশ ঘটছে। ১৯৮০ সালে ২০ কোটি টাকার যন্ত্রপাতি আসত। ১৯৮৫ সালে ৬৫ কোটি টাকার যন্ত্রপাতি আমদানি হল। আমরা ১৯৯৪ সালে ভারতবর্ষ বিশ্ব-বাণিজ্য সংস্থায় যোগ দেয়। কেন্দ্রীয় সরকার পেটেন্ট আইন নিয়ে দেশের স্বার্থ সাগর জলে বিসর্জন দিয়েছে। কেন্দ্রীয় সরকারের ওষুধের মূল্য নিয়ন্ত্রণের আর কোনো ক্ষমতা রইল না। ওষুধের দাম বেড়ে গেল হু হু করে নিষিদ্ধ ড্রাগে বাজার ছেয়ে গেল—টাকে চুল গজাবার ওষুধ, বৃদ্ধ বয়সে যৌবন ফিরে পাওয়া ওষুধ। অথচ অন্যদিকে জীবনদায়ী ওষুধের প্রয়োজন থাকলেও প্রয়োজনমতো পাওয়া যাচ্ছে না। ৪-৫ বছরের পরিসংখ্যান যদি তুলে ধরি তাহলে বিষয়টা পরিষ্কার হয়ে যাবে। এ্যান্টি টিউবারকিউলার ড্রাগের দাম বেড়েছে ১১৫ শতাংশ, এ্যান্টি-লেপ্রোটিক ড্রাগের দাম বেড়েছে ৩২৫ শতাংশ, এ্যান্টি ডায়াবেটিক ড্রাগের দাম বেড়েছে ১৪০ শতাংশ। এই যেখানে অবস্থা। সেখানে বিশ্বায়ন, উদারীকরণ এবং বেসরকারিকরণের ভয়ঙ্কর প্রয়োগ চলছে।

[5.20–5.30 p.m.]

যেখানে ক্রমহ্রাসমান কেন্দ্রীয় স্বাস্থ্য বাজেট, যেখানে ভারতীয় পেটেন্ট আইনকে সাগরজলে বিসর্জন দেওয়া হয়েছে, যেখানে বিদেশি বেনিয়াদের লক্‌লকে জিহ্বার সামনে ভারতের বাজারকে হাট করে খুলে দেওয়া হয়েছে, যেখানে স্বদেশি বিশ্বাসঘাতকতা বিষাক্ত ছোবলে দেশকে উদোম করে দেওয়া হয়েছে সেইরকম একটা দেশের অঙ্গরাজ্যে একটা সদর্থক স্বাস্থ্য ব্যবস্থাকে গড়ে তোলার একটা বিকল্প দৃষ্টিভঙ্গি নেওয়া যে কত কঠিন কাজ, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি তা সহজেই অনুমান করতে পারছেন। তবু আমরা যদি সূচকগুলোর দিকে তাকাই—স্বাস্থ্য পরিষেবার যে সমস্ত সূচকগুলো রয়েছে—জন্মহার, মৃত্যুহার, শিশুমৃত্যুর হার—এসবগুলো যদি আমরা সর্বভারতীয় গড়ের সাথে তুলনা করে দেখি তাহলে আমরা দেখব যে, কোনো জায়গায় আমরা প্রথম, কোনো জায়গায় আমরা দ্বিতীয়, কোনো জায়গায়

আমরা তৃতীয়। এগুলোকে অস্বীকার করার উপায় নেই। আমাদের একটা বিরাট স্বাস্থ্য পরিকাঠামো রয়েছে—একদম ভিলেজ, গ্রাসরুট লেভেল থেকে সাব-সেন্টার, প্রাইমারির হেল্‌থ সেন্টার, ব্লক হেল্‌থ সেন্টার, রুরাল হসপিটাল, সাব-ডিভিশনাল হসপিটাল, স্টেট জেনারেল হসপিটাল, ডিস্ট্রিক্ট হসপিটাল এবং টার্সিয়ারি হসপিটালগুলো—এগুলো উন্নত করার চেষ্টা হচ্ছে। পঞ্চায়েতকে সরাসরি নিযুক্ত করা হয়েছে প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে। কারণ আমরা বিশ্বাস করি, জনগণের স্বাস্থ্য জনগণের কাছে সবচাইতে বেশি সুরক্ষিত। সেজন্য প্রাথমিক স্বাস্থ্য পরিষেবাকে পঞ্চায়েতের হাতে ছেড়ে দেওয়া হয়েছে, এন.জি.ও.-কে ইনভল্‌ভড্ করা হয়েছে। রুরাল হসপিটাল, সাব-ডিভিশনাল হসপিটাল, ডিস্ট্রিক্ট হসপিটাল—এসব সেকেন্ডারি লেভেলের হসপিটালগুলোকে এইচ.এস.ডি.পি.-এর আওতায় এনে উন্নয়ন করা হয়েছে। রুরাল হসপিটালে এখন নতুন করে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, অ্যানেসথেসিস্ট, গায়নোকোলজিস্ট, চাইল্ড স্পেশালিস্ট দেওয়া হবে যাতে স্বাস্থ্য পরিষেবার মান অনেক উন্নত করা যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭২-১৯৭৭ সালে আমি একটা স্কুলের ছাত্র ছিলাম। আমি তখন দেখেছিলাম একটা হেল্‌থ সেন্টারে গেলে লাল শিশির ওষুধ, নীল শিশির ওষুধ ছাড়া কিছু পাওয়া যাচ্ছে না—এগুলো সর্ব রোগের মহা ঔষধ ছিল। কিন্তু আজকে একটা ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টারে, প্রাইমারি হেল্‌থ সেন্টারে যে ওষুধ পাওয়া যায়, সেই সময় কংগ্রেসীরা ভাবতেও পারতেন না যে এই ওষুধ তাঁরা সাপ্লাই দিতে পারবেন। যাই হোক, মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের ত্রুটি আছে, বিচ্যুতি আছে, খামতি আছে, লক্ষ্যপূরণে যেতে হবে অনেক দূর। তবু এটা অস্বীকার করা যাবে না যে, সদর্থক স্বাস্থ্য ব্যবস্থা গড়তে বামফ্রন্ট সরকার যে ভূমিকা নিয়েছেন সেটাকে অস্বীকার করা যাবে না। সেজন্য এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। (ধন্যবাদ)

[5.20–5.30 p.m.]

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০৩-২০০৪ সালের জন্য পশ্চিমবঙ্গের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীদ্বয় ২৪ নম্বর খাতে যে দাবি বরাদ্দ উপস্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর বিরোধিতা করছি। শাস্ত্রের একটা কথা আমরা অনেকেই জানি। শাস্ত্রে বলা হয়ে থাকে—''শরীরং ব্যাধি মন্দিরম্''। আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই শাস্ত্রীয় ব্যাপারটা নানাভাবে তাঁরা প্রমাণ করার চেষ্টা করছেন যে, ব্যাধি মন্দির থেকে অপসারণ করা যায়। প্রতিরোধ করা যায়, মানুষের স্বাস্থ্যের পরিবর্তন এবং উন্নতি করা যায় এবং মানুষের সম্পদ অর্থাৎ হেল্‌থ ইজ ওয়েল্‌থ। স্বাস্থ্যই সম্পদ। এই সম্পদকে বাড়ানো যায়। এই সম্পদকে জনকল্যাণমুখী, জনদরদী যে মানসিকতা সেই মানসিকতা নিয়ে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তর দীর্ঘদিন যাবৎ জনগণের কাছে সেই স্বাস্থ্য পরিষেবাকে তুলে ধরার চেষ্টা করেছেন। তাই আজকে আমরা দেখতে পাই, শতকরা ৭০ ভাগ মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবার সাহায্য নিচ্ছেন যা ভারতবর্ষের কোনো রাজ্যে পাওয়া যায় না। এখানেই প্রমাণ হচ্ছে যে, বিরোধীরা যা বলে থাকেন—স্বাস্থ্য পরিষেবা নাকি ভেঙে পড়েছে—এটা ঠিক নয়। কারণ আমাদের এখানে আজকে বিভিন্ন

হাসপাতালগুলোতে এখন বেড পাওয়া যাচ্ছে না—৭০ ভাগ মানুষ সেখানে চিকিৎসার সুযোগ নিচ্ছেন। তাঁরা কি এমনি চিকিৎসার সুযোগ নিচ্ছেন ? মোটেই তা নয়। শুধুমাত্র এই স্বাস্থ্য পরিষেবার উপর পশ্চিমবঙ্গ সরকার যে বিশেষ গুরুত্ব দিয়েছে তার প্রমাণ এই বর্তমান বছরের জানুয়ারি মাস থেকে একটা পৃথক স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয়েছে, যে স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ে চিকিৎসা সংক্রান্ত হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থা, অ্যালোপ্যাথি চিকিৎসা ব্যবস্থা, আয়ুর্বেদিক চিকিৎসা ব্যবস্থা প্রভৃতি সমস্ত ধরনের চিকিৎসা ব্যবস্থার একটা সমন্বয় সাধন করার চেষ্টা করা হয়েছে। শুধুমাত্র প্রত্যেকটি জেলাতে একটা জেলা স্বাস্থ্য কমিটি তৈরি করা হয়েছে এবং প্রতি ব্লকে এই কমিটিগুলো যাতে ঠিকমত গঠিত হয়, কিভাবে কাজ করে সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীদ্বয়ের কাছে আবেদন করছি। শুধু তাই নয়, বর্তমানে স্বাস্থ্য দপ্তর বয়ঃসন্ধিকালীন সময়ে ছেলেমেয়েদের যে নানাবিধ অসুখ দেখা দেয় সেগুলি প্রতিহত করার জন্য সেই ধরনের স্বাস্থ্য প্রশিক্ষণ কেন্দ্র করার জন্য এবং পরামর্শ দেওয়ার জন্য বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে যাতে প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা যায় তার ব্যবস্থা নিয়েছেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সাহায্য নিয়ে প্রায় ১ লক্ষ টাকা ব্যয় করে এই পরিকল্পনাকে বাস্তবায়িত করার জন্য তাঁরা সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তাই এই প্রস্তাবকে আমি অভিনন্দন জানাই এবং এই প্রস্তাবকে দ্রুত কার্যকরী করার জন্য আমি অনুরোধ করছি। এই সঙ্গে আমি বলি যে, আমাদের যে মেডিকেল কলেজ আছে সেখানে শিশু বিশেষজ্ঞ এবং স্ত্রী রোগ বিশেষজ্ঞ নিয়ে একটা বয়ঃসন্ধিকালীন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে সেই বিষয়ে জনগণ খুব বেশি জানে না। তাই আমি স্বাস্থ্য দপ্তরকে অনুরোধ করব এই ব্যাপারটা সম্বন্ধে যাতে জনচেতনা বাড়ানো যায় তারজন্য তারা চেষ্টা নেবেন। এইজন্য অবিলম্বে একটা প্রস্তাব দিয়েছেন। আমি কিছু কিছু মানুষের সঙ্গে আলোচনা করে জেনেছি যে তারা স্বাস্থ্য পরিষেবাতে কিছুর বিনিময়ে সাহায্য দিতে চান সরকারকে। তারা যে দিতে চান তা নেওয়ার মতো কোনো ব্যবস্থা নেই। সেখানে বিভিন্ন মেডিকেল হাসপাতালগুলিতে যদি কিছু লোকের দেওয়া টাকায় ফ্রি বেডের ব্যবস্থা করা হয় তাহলে বছরে বছরে দুঃস্থ মানুষেরা তার বিনিময়ে চিকিৎসার সুযোগ পাবে। এই ধরনের একটা চিন্তা-ভাবনা করে দেখুন। তাতে আর্থিক দুরবস্থা কাটিয়ে যদি কিছুটা উঠতে পারেন তাই অনুরোধ করছি। আমাদের প্রতি ব্লকে স্যানেটারি ইন্সপেক্টার ছিল। কিন্তু তারা রিটায়ার্ড হলে সেই পদ উঠে গেছে। বন্ধ হয়ে গেছে। এই পদ আবার নতুন করে চালু হচ্ছে কিনা বা সেই পদ রয়েছে কিনা এটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানাবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডক্টর সূর্যকান্ত মিশ্র এবং শ্রী প্রত্যুষ মুখোপাধ্যায়—মাননীয় রাষ্ট্রমন্ত্রী তাঁরা যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের বিরোধীদলের কাট-মোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, স্বাস্থ্য দপ্তর সম্পর্কে অনেক আলোচনা হয়েছে, যেসব বিষয়গুলি আলোচনা হয়েছে সেগুলির পুনরাবৃত্তি করতে চাইছি না। আমি শুধু একটা কথা বলতে চাইছি তা হল, পশ্চিমবঙ্গের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীরা তারা কি চান যে পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবার কোনো উন্নয়ন হোক ? কিছুক্ষণ আগে রামপদবাবু

বলছিলেন এবং যে পরিসংখ্যান এবং হিসাব দিয়েছেন তাতে দেখা যাচ্ছে এখানে স্বাস্থ্য পরিষেবা কত ভাল জায়গায় আছে। আমি স্যার একটা ছোট্ট পরিসংখ্যান আপনাদের কাছে দিতে চাই স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স—আপনাদের দেওয়া বই তাতে হেল্‌থ ফেসিলিটিস ইন ওয়েস্ট বেঙ্গল এই জায়গায় বলেছেন আপনারা যে ১৯৯৪-৯৫ সালে আমাদের এখানে হাসপাতালে বেড ছিল বিভিন্ন পর্যায়ে ৫৫ হাজার ৯০। ২০০১-০২ সালে ৫৮ হাজার ৭২১ অর্থাৎ ৩ হাজার—তার থেকে বেশি আপনারা বেড বাড়িয়েছেন হাসপাতালে। একথা বলেছেন। এটা কি ১৯৯৪-৯৫ সাল থেকে ২০০৩ প্রায় ৮ বছরে এটা কিন্তু খুব অল্প অগ্রগতি ঘটেছে। হেল্‌থ সেন্টারে আর.এইচ., বি.পি.এইচ.সি., পি.এইচ.সি-তে এর সংখ্যা আমি আপনাদেরকে বলছি। এখানে যে বেড আছে, তাতে ১২ হাজার ৪৮৬ ছিল ১৯৯৪-৯৫ সালে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই ১২ হাজার ৪৮৬ ছিল আর.এইচ., বি.পি.এইচ.সি., পি.এইচ.সি.-তে। আর ২০০১-০২-এ দাঁড়িয়েছে ১২ হাজার ৪ শত ৮৬ জায়গায় বাড়া তো দূরের কথা, এটা হয়েছে ১২ হাজার ৩৫৩।

[5.30–5.40 p.m.]

কত অগ্রগতি হয়েছে ! তথাকথিত শিক্ষিত, পণ্ডিত, ডাক্তার বামফ্রন্ট সদস্যদের কথা হচ্ছে—রাজ্যের স্বাস্থ্য পরিষেবার ভীষণ উন্নতি হয়েছে। কি উন্নতি হয়েছে ? আমি নিজে মনে করি স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে সাব-সেন্টার খুবই গুরুত্বপূর্ণ কেন্দ্র। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, আপনি গ্রামে বাস করেন, অতএব আপনি নিশ্চয়ই বিশ্বাস করেন যে সাব-সেন্টার খুবই গুরুত্বপূর্ণ। রাজ্যে সেই সাব-সেন্টারের সংখ্যা ১৯৯৪-৯৫ সালে ছিল ৮,১২৬টি, ২০০১-২০০২ সালেও সেই সংখ্যাটা হ'ল ৮,১২৬। গোটা রাজ্যে বিগত ৭ বছরে একটা সাব-সেন্টারও বাড়ল না। পশ্চিমবঙ্গের গরিব মেহনতী মানুষের কাছে, তাদের মা-বোন শিশুদের জন্য এই সব সেন্টারগুলির গুরুত্ব অপরিসীম। শিশুমৃত্যু নিয়ে আজ এত কথা হচ্ছে। সেই শিশুদের চিকিৎসার ব্যাপারে সাব-সেন্টার একটা খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। স্বাস্থ্য পরিষেবাকে শক্তিশালী করার ক্ষেত্রে সাব-সেন্টারগুলির একটা কার্যকরী ভূমিকা আছে। অথচ এ ক্ষেত্রে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, আপনি এক পা না এগিয়ে অন্য জায়গায় ছুটছেন। তাহলে কি করে স্বাস্থ্য পরিষেবার উন্নতি হবে ? আর একটা পরিসংখ্যান দিয়ে আমি অন্য জায়গায় যাব। আপনি বলেছেন, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যের এ ক্ষেত্রে অগ্রগতি অনেক বেশি। আপনি দেখুন, ০১.০১.১৯৯৯ সালের একটা হিসাব আমি আপনাকে দিয়েছি—পরবর্তী তিন-চার বছরে সেটা আরো বেড়েছে কিনা আমি জানি না। তবে যে রিপোর্ট থেকে এই হিসাব আমি এখানে উল্লেখ করছি, সেটা স্ট্যাটিসটিক্স অব ইণ্ডিয়া। সেখানে বলা হচ্ছে হাসপাতালের বেডের সংখ্যা ১৯৯৯ সালে অন্ধ্রপ্রদেশে ছিল ৭৬ হাজার, গুজরাটে ৭৯ হাজার, কেরালায়—যেখানে এক সময় আপনারা রাজত্ব করেছেন, বর্তমানে যেখানে এ.কে. অ্যান্টনি পরিচালিত কংগ্রেসী সরকার রয়েছে সেখানে ছিল ১ লক্ষ ৭ হাজার বেড। মহারাষ্ট্রে ছিল ১ লক্ষ ২৭ হাজার বেড। আর আমাদের পশ্চিমবাংলার ২০০০ সালে ছিল ৬৯ হাজার বেড। ইতিমধ্যে আমাদের রাজ্যে কেবলমাত্র বড় বড় মেডিকেল কলেজ হাসপাতালগুলিতে কিছু বেড বেড়েছে, অন্য কোথাও তা আর বাড়েনি।

শ্রী রবীন দেব : প্রাইভেটগুলো বলুন।

শ্রী অসিত মিত্র : প্রাইভেটের সঙ্গে অঙ্গীভূত নয়। এই হিসাবটা শুধুমাত্র সরকারি ক্ষেত্রের। অবশ্য আপনারা এখন প্রাইভেট নিয়েই ব্যস্ত—টাটা, বিড়লা, দেবী শেঠী, পিয়ারলেস প্রভৃতির কাছে চলে গেছেন। তাদের নিয়ে যদি আপনারা চলতে চান চলুন, আমাদের কিছুই বলার নেই। যাই হোক এ ক্ষেত্রে আমি দেখছি বামফ্রন্ট সরকার রাজ্যের স্বাস্থ্য পরিষেবাকে মোটেই এগিয়ে নিয়ে যেতে সক্ষম হননি, বরঞ্চ রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে পিছিয়ে দিয়েছেন। পরিসংখ্যান সেই কথাই বলছে। সূর্যবাবু নিজে একজন চিকিৎসক, তাঁর অনেক ধ্যান, ধারণা আছে। কিন্তু অন্য রাজ্যের সঙ্গে তুলনা ছেড়ে দিয়েও বলছি তিনি তাঁর রাজত্বকালে এবং বামফ্রন্ট সরকারের রাজত্বকালের মধ্যে ১৯৯৪-৯৫ সাল থেকে ২০০২-২০০৩ সালের মধ্যে বড় কলেজ হাসপাতালগুলিতে ৩ হাজার বেড বৃদ্ধি করা ছাড়া বাকি ক্ষেত্রগুলিতে একটা শয্যাও বাড়াতে পারেননি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, আজকে এখানে ডেথ অব রজনীশ সম্বন্ধে অনেকেই অনেক কথা বলেছেন। আমি তা এখানে বিশেষ ব্যাখ্যা করব না। কিন্তু ঘটনাটা কি ? ঘটনাটা হ'ল রজনীশ একজন ভাল তরুণ ক্রিকেটার। তার বাঁ পায়ে আঘাত লেগেছিল, সে সরকারি হাসপাতালে ভর্তি হয়েছিল। ৪ মাস ভর্তি থাকার পরে মৃত্যুর ২০ দিন আগে তার বাঁ পা দিয়ে রক্ত ঝরছিল। সে ডাক্তারবাবুকে বলেছিল। ডাক্তারবাবু তাকে বলেছিলেন, 'তোমার সঙ্গে আমি কোনো কথা বলতে চাই না।' তারপরে ছেলেটা মারা গেল। ইট ইজ এ লস্। কার লস্। স্পোর্টস ওয়ার্ল্ডের লস্, তার বাবা মায়ের লস্। একজন তরতাজা যুবক, একটা যৌবন এইভাবে চলে গেল। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, আপনার এস.এস. বললেন, 'আমাকে তো বলেনি।' কি বলবে ? কেন বলবে, ডাক্তারবাবু তো বলেছেন, 'না, ঠিক আছে।' এগুলি বলেছেন ঠিক আছে। এস.এস. বলেছেন আমার কাছে কেন এলেন না। তার মৃত্যু হল জানি এবং তদন্তও হয়েছিল এবং সেই তদন্তে যেটা প্রমাণিত হয়েছে সেটা ভাল কথা নয়। এর বিরুদ্ধে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কোনো ব্যবস্থা নিয়েছেন ? আমি একটি বিষয়ে আলোচনা করছি যে বিষয়ের উপর কেউ আলোচনা করেননি সেটা হচ্ছে, পশ্চিমবঙ্গে পোলিও টিকাকরণ। এই পোলিও টিকাকরণ নিয়ে প্রচার অনেক হয়েছে, আপনারা এটাকে গ্রাস রুট পর্যন্ত নিয়ে যাবার চেষ্টা করেছিলেন জানি, শিক্ষকদের ইনভল্ভ করার চেষ্টা করেছিলেন জানি, তা সত্ত্বেও এমন একটা ফাঁক থেকে গিয়েছিল যে সেই ফাঁক দিয়ে পোলিও টিকাকরণ আমাদের রাজ্যে সম্পূর্ণ তো দূরের কথা ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে পিছিয়ে গেছে আর নিচের দিক থেকে ধরলে পশ্চিমবঙ্গ একটি কি দুটি রাজ্যের উপরে আছে। এই পোলিও টিকাকরণ সম্পর্কে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক বলেছেন, এই রাজ্যে পোলিও টিকাকরণ কত হয়েছে—৬৫.৫৯ পারসেন্ট আর ইউনিসেফ বলেছেন তার থেকেও কম, শতকরা ৫০ ভাগ অগ্রগতি হয়েছে। ফলে এই পোলিও রোগ ব্যাপকভাবে ছড়াচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এক সময়ে পোলিও রোগ সব থেকে বেশি ছিল মুর্শিদাবাদ জেলায়। মাননীয় সদস্য শ্রী আবু হেনা সাহেব আজকে বাজেট বক্তৃতার উদ্বোধন করে বলেছেন সব থেকে বেশি ছিল মুর্শিদাবাদ জেলায় আর মালদার কিছু অংশে। এবারে—দুঃখজনক ঘটনা—দক্ষিণ ২৪-পরগনা

জেলায় সব থেকে বেশি পোলিও রোগ দেখা দিয়েছে এবং এই দক্ষিণ ২৪-পরগনা জেলায় পোলিও টিকাকরণ সব থেকে কম হয়েছে বলে আমার কাছে খবর আছে। ১৯৯৮ সালে ১২ জনের পোলিও রোগ ধরা পড়ে আর এই বছর ৫ মাসের মধ্যে আবার ১২ জনের ধরা পড়েছে। সুতরাং পোলিও টিকাকরণ কি সার্থকভাবে হচ্ছে ? এর বিরুদ্ধে আমরা যদি কথা বলি সেটা কি নেতিবাচক কথা হবে, না ইতিবাচক কথায় উত্তোরণ ঘটাবেন—কোনটা ধরবেন ? সুতরাং এই বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা দরকার। মেডিকেল শিক্ষা অধিকর্তা, মেডিকেল কলেজের সুপার এবং প্রিন্সিপ্যালদের নিয়ে একটা সভা করে আপনি বলেছিলেন যে সমস্ত ডাক্তাররা অন্যায় করবে—অনেক জায়গায় ডাক্তারবাবুরা যান না, তারা বসে থাকেন, ঘরে বসে চিকিৎসা করেন, রোগী এলে সামান্যতম অ্যাটেন্ড করে রেফার টু অমুক হসপিটাল। যদি বাইরে থেকে ওষুধ আনতে বলেন ঠিক আছে, আপনারা যদি ওষুধ না দিতে পারেন ঠিক আছে, কিন্তু মিনিমাম সিমপ্যাথিটিক্যালি যেটা অ্যাটেন্ড করার কথা সেটাও করে না। ফলে হাসপাতাল ভাঙচুর হয়, এই সমস্ত ঘটনা ঘটে কি শহরাঞ্চলে, কি গ্রামাঞ্চলে। মাননীয় মন্ত্রীমহাশয় শিক্ষা অধিকর্তাকে, সুপারদের এবং কলেজের প্রিন্সিপ্যালদের বলেছিলেন, আপনারা অন্যায়কারী ডাক্তারদের শাস্তি দেবেন, কর্মচারীদের শাস্তি দেবেন। এরজন্য আপনাদের রাইটার্স বিল্ডিংসের মুখাপেক্ষী হতে হবে না। একজন সুপারের হাতে ক্ষমতা থাকলে নিশ্চয়ই ডাক্তার এবং কর্মচারীরা ভয় করতেন, কিন্তু বাস্তবে একজন ডাক্তার বা ১ জন কর্মচারী এই ক্ষেত্রে শাস্তি পেয়েছেন ? না কেউ অন্যায় করেনি আপনার এই কথা বলার পর থেকে ? আপনি শিক্ষা অধিকর্তা বা সুপারদের যে নির্দেশ দিয়েছিলেন সেটা কিন্তু বাস্তবে রূপায়িত হচ্ছে না। আমি আপনাকে বলতে চাই, আপনার পাশে যিনি বসে থাকেন সেই নিরুপম সেন মহাশয় তাঁর একটি বক্তৃতায় একদিন বলেছিলেন—সংবাদপত্রে দেখেছিলাম—রাজ্যে স্বাস্থ্য এবং শিক্ষায় আশানুরূপ সুফল পাইনি। আমি শিক্ষার কথা বলছি না, আমি ওনার কথা অনুযায়ী বলছি, দরিদ্র মানুষের রোজগারের ১৯ ভাগ টাকা খরচ হয় এই স্বাস্থ্যের জন্য।

[5.40–5.50 p.m.]

যেখানে দারিদ্রসীমার নিচে বসবাসকারী মানুষদের বিনা পয়সায় এই পরিষেবাটা পাওয়ার কথা সেখানে নিরুপমবাবু নিজে বলছেন যে তাদের রোজগারের ১ টাকার ১৯ পয়সা চলে যায় চিকিৎসার খরচের জন্য এবং এই টাকা খরচ করে তাদের রোগমুক্তি ঘটাতে হয়। সুতরাং যাদের বিনা পয়সাতে এই পরিষেবা পাওয়ার কথা তাদের যদি ১০ ভাগ টাকা চিকিৎসা খাতে খরচ করতে হয় এবং তারপরেও যদি এখানকার স্বাস্থ্য দপ্তরের নির্দিষ্ট তথ্য ছাড়াই কেউ প্রশংসা করেন তাহলে বলব, তার সাইক্রিয়াটিক্ট প্রবলেম হয়েছে, তার মাথার চিকিৎসার প্রয়োজন। এর পর আমি শিশুমৃত্যু সম্পর্কে কয়েকটি কথা বলব। এই শিশুমৃত্যুর ঘটনাটি অত্যন্ত জঘন্য অপরাধ। আমাদের দলের তরফ থেকে মাননীয় সদস্যরা এ সম্পর্কে বিশদভাবে বলেছেন, আমি শুধু মন্ত্রীমহাশয় আপনাকে বলব, আপনি একজন সমাজ সচেতন মানুষ, মন্ত্রী হওয়ার আগেও দীর্ঘদিন আপনি সভাধিপতির পদে ছিলেন, আপনি জানেন

কিভাবে হাসপাতালে চিকিৎসা হয় তারপরও আপনি সময়মতো কোনো ব্যবস্থা করতে পারলেন না কেন তার জবাব তো আপনাকে দিতে হবে। যারা ঠিকমতো কাজ করছে না তাদের আপনি কি শাস্তি দিয়েছেন। একজন দুজন মারা গেল ঠিক আছে কিন্তু সঙ্গে সঙ্গে সেখানে কর্মী ও ডাক্তাররা গিয়ে ঝাঁপিয়ে পড়ে যদি ব্যবস্থা গ্রহণ করতেন তাহলে অনেক শিশুকেই বাঁচানো যেত। এটা করলে এখানে আমরা প্রশংসা করি বা না করি আমি আপনাকে হলফ করে বলতে পারি মুর্শিদাবাদের মা বোনেদের অনেক প্রশংসা আপনারা পেতেন। সেটা কিন্তু হল না এবং তার জবাব আপনাকে দিতে হবে। বিধানচন্দ্র শিশু হাসপাতালেরও একই অবস্থা। এই প্রসঙ্গে আপনাকে বলি, নবজাত শিশু সন্তানদের মৃত্যুহার সম্পর্কে আপনাকে আমি ২০০১ সালে একটি প্রশ্ন করেছিলাম, তার উত্তরে আপনি বলেছিলেন এস.এস.কে.এম. হাসপাতালে '৯৯ সালে নবজাত শিশুর মৃত্যু হয়েছিল ৪৮, ২০০০ সালে—৩৮, ২০০১ সালে ৩০। কেন এইভাবে শিশুমৃত্যু চলবে ? সংখ্যা একটু কমেছে বটে কিন্তু তা খুবই কম। এস.এস.কে.এম একটি আধুনিক হাসপাতাল, এক নম্বর হাসপাতাল সেই হাসপাতালে নবজাত শিশুরা মারা যাবে আর তার জন্য কোনো ব্যবস্থা হবে না এটা তো হতে পারে না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, যারা এরজন্য দায়ি তাদের বিরুদ্ধে আপনি কোনো ব্যবস্থা নিয়েছেন কি ? কোথাও নাড়ি কাটার দেরির জন্য মারা গিয়েছে, কোথাও শ্বাসকষ্টে মারা গিয়েছে—ইট ইজ ইয়োর রিপোর্ট, এই ছাপানো উত্তর আছে আমার কাছে, আপনি লিখিত প্রশ্নের উত্তর দিয়েছেন, চাইলে দিতে পারি কিন্তু এরজন্য কি ব্যবস্থা আপনি নিয়েছেন বলবেন। এর পর আমি ড্রাগ টেস্টিং ল্যাবোরেটরি সম্পর্কে কয়েকটি কথা বলব। এ সম্পর্কে দেবপ্রসাদবাবু বিস্তারিতভাবে বলেছেন, আমি অল্প কয়েকটি কথা বলব। আগে আমি জানি একটি মাত্র ড্রাগ টেস্টিং ল্যাবোরেটরি ছিল কিন্তু এখন কতগুলি আছে জানি না। এই ড্রাগ টেস্টিং ল্যাবরেটরিগুলি যদি শক্তিশালী না করেন এবং কর্মমুখী না করেন তাহলে পশ্চিমবঙ্গে যে ধরনের ওষুধগুলি আসবে তা খেয়ে মানুষ বাঁচবে না। বাজারে এক্সপায়ারি ডেট হয়ে গিয়েছে সেই ওষুধও বিক্রি হচ্ছে। এটা যে শুধু টি.ভি. সিরিয়ালে বা সিনেমাতে দেখাচ্ছে তাই নয় বাস্তবে আমরা দেখছি এক্সপায়ারি ডেট হয়ে গিয়েছে সেই ওষুধ বিক্রি হচ্ছে। এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আপনার দপ্তর কি করছে সেটা আশা করি জানাবেন। তারপর হোমিওপ্যাথি সম্পর্কে আমাদের হেল্‌থ সাবজেক্ট কমিটির চেয়ারম্যান তার রিপোর্টে বিস্তারিতভাবে বলেছেন। আমাদের রাজ্যে কিন্তু হোমিওপ্যাথি, আয়ুর্বেদ, আকুপাংচার চিকিৎসার ব্যাপারটা সঠিকভাবে দেখা হচ্ছে না। হোমিওপ্যাথি সম্পর্কে আমি প্রশ্ন করেছিলাম যে ২০০১ সালে কতগুলি হোমিওপ্যাথি ডিসপেনসারি হয়েছে ? আপনার উত্তর ছিল নিল। আমার প্রশ্ন ছিল নাম্বার অব ডক্টরস অ্যাপয়েন্টেড ? আপনার উত্তর ছিল ১২ জন। এতগুলি জেলা সেখানে মাত্র ১২ জন হোমিওপ্যাথি ডাক্তার নিয়োগ করেছেন। তারপর আপনার কাছে আমার প্রশ্ন ছিল নাম্বার অব কমপাউন্ডার অ্যাপয়েন্টেড ? আপনার উত্তর—নিল। এই হচ্ছে আমাদের রাজ্যে হোমিওপ্যাথি চিকিৎসার অবস্থা। কিছুক্ষণ আগে জি.এন.এল.এফ সদস্যা বলছিলেন পাহাড় এলাকাতে হোমিওপ্যাথি চিকিৎসা কার্যকরী হচ্ছে। সেখানে তার পরিধি বাড়ালে এবং সময়মতো এবং পরিমাণমতো ওষুধ সরবরাহ করতে পারলে মানুষের উপকার হত। আমি আপনাকে বলছি

হোমিওপ্যাথি সিস্টেম অফ মেডিসিন্স, যে মেডিসিন্স অনেক কার্যকরী হচ্ছে সেই বিষয়ে আরো কার্যকরী বন্দোবস্ত গ্রহণ করার ব্যবস্থা করবেন। আর একটা কথা আপনাকে বলতে চাই, এটা পশ্চিমবাংলায় আরো বাড়বে। বিষয়টা হচ্ছে, অত্যন্ত গুরুত্বপূর্ণ কুষ্ঠ ডিপার্টমেন্ট, কুষ্ঠ রোগ নিরাময় ডিপার্টমেন্ট, এটা তুলে দিলেন ? কুষ্ঠ রোগ নিরাময়ের জন্য সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারে কার্যকরী বন্দোবস্ত ছিল। সেই সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার থেকে কুষ্ঠ রোগীর ডিপার্টমেন্ট তুলে দিলেন। মালটিপারপাস স্কিমে ওরা ম্যালেরিয়া দেখবে, পোলিও দেখবে, থ্যালাসেমিয়া দেখবে, অন্যান্য জায়গা দেখবে। আপনি এই কুষ্ঠ রোগীর ডিপার্টমেন্ট তুলে দিচ্ছেন কেন ? এই রাজ্যে পুরুলিয়া বর্ধমান বাঁকুড়াতে কুষ্ঠ রোগীর সংখ্যা বাড়ছে। বাঁকুড়াতে ১০০০ জনে ১০ জন কুষ্ঠ রোগী এবং অন্যান্য জায়গায় ৪ জন ১০০০ জনে। এই ডিপার্টমেন্টকে আপনি রাখবেন না ? এই সম্পর্কে আপনি ব্যবস্থা নিন। তা না হলে কুষ্ঠ রোগীরা অসহায় হয়ে মারা যাবে। আমি আর একটা কথা বলতে চাই, মেডিকেল কলেজে ছাত্রদের টিউশান ফি ১২ টাকা থেকে বাড়িয়ে একটা জায়গায় ১০০০ টাকা করেছেন। এটা কি খুব সঠিক কাজ হল ? এটা কি প্রগতিশীল সমাজবাদী চিন্তা-ভাবনার মানুষের কাজ হল ? এই কথা বলে যাঁরা সরকার চালাচ্ছে, যারা গরিব মানুষের সরকার বলে নিজেদের বলে তাঁরা এই টাকাটা বাড়িয়ে ঠিক করেছেন ? সবচেয়ে বড় কথা হল ক্যাপিটেশান ফি নিয়ে ছাত্র ভর্তি করার বন্দোবস্তের আমি তীব্র বিরোধিতা করছি। ১৮ লক্ষ টাকা আর ৫০ ভাগ নাম্বার পায় তাহলে সে ভর্তি হতে পারবে। এখানে বড় লোকের ছেলেরা ভর্তি হতে পারবে টাকা দিয়ে। আপনি এক কাজ করুন, আপনি পড়ান, তাদের কাছ থেকে বন্ড নিয়ে পড়ান যে ৫ বছর অন্তত সরকারি হাসপাতালে কাজ করতে হবে এবং গ্রামে যেতে হবে। এইভাবে পড়াবার বন্দোবস্ত করতে পারেন এবং এই বন্দোবস্ত চালু করুন। ক্যাপিটেশান ফি-র বন্দোবস্ত ভারতবর্ষের অন্যান্য রাজ্যে থাক। পশ্চিমবাংলা এমন একটা রাজ্য যেখানে এই বন্দোবস্ত চলে না। সেইজন্য আমি কোনোমতেই এই বাজেট বরাদ্দকে সমর্থন করতে পারছি না। আপনারা দুজন মন্ত্রী, আপনি এবং প্রত্যুষবাবু যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন সেই বাজেট বরাদ্দের তীব্র বিরোধিতা করছি এবং বিরোধী দলের আনা কাট-মোশানগুলির সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রত্যুষ মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ২৪ নম্বর ব্যয় বরাদ্দ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। আমাদের সরকারের তরফ থেকে আপনাদের কাছে আমরা যে বাজেট বিবৃতি দিয়েছি তাতে নির্দিষ্ট করে কোনো কোনো বিষয়ে স্বাস্থ্য পরিষেবা এবং চিকিৎসা ব্যবস্থাকে গুরুত্ব দিতে চাইছি এবং কি করছি তা বোঝাবার চেষ্টা করেছি। আপনাদের দিক থেকে বিভিন্ন বিষয়ে যে আলোচনা এবং সমালোচনা হয়েছে তার সমস্তটা আমি শুনেছি। আপনারা যে কাট-মোশানগুলো দিয়েছেন অনেকগুলো কাট-মোশানে অনেকে একই কথা বলেছেন। সেই সম্পর্কে আমরা অবহিত হয়েছি। আপনারা জানেন যে আমাদের অনেক শত্রুও বলেন যে আমাদের রাজ্যে, না, এই রাজ্য অনেক বিষয়ে ভাল। আপনারা যেগুলো বলেছেন সেইগুলো

সম্পর্কে আমি শুনেছি এবং আমি তার উত্তর দেব। কিন্তু এই কথা ঠিক, এটা আমাদের কথা নয়, সমস্ত দেশের কথাই নয়, ইউনিসেফ বা 'হু' বা আরো যে সমস্ত আন্তর্জাতিক সংস্থা আছে তারা এখানে এসে বলছে যে না পশ্চিমবাংলার ক্ষেত্রে কতকগুলো বিষয় আছে নিশ্চিতভাবে স্বাস্থ্যের যে সূচক আছে যে মানদণ্ড আছে তার ক্ষেত্রে কিছুটা অগ্রগতি বা কিছুটা সন্তোষজনক অবস্থায় আছে এই বিষয়ে কোনো সন্দেহ নেই।

[5.50–6.00 p.m.]

আমি একই কথার পুনরুচ্চারণ করব না। কারণ আপনারা জানেন যে, আমাদের মাননীয় সদস্য কামরে ইলাহি তিনি অনেক কথা বলেছেন। আমরা জানি, আমাদের দেশে দু'হাজার সালে ন্যাশানাল পপুলেশান পলিসি গ্রহণ করা হয়েছে। আমাদের দেশে ২০০১ সালে ন্যাশানাল হেল্‌থ পলিসি গ্রহণ করার চেষ্টা করা হয়েছে। তার ড্রাফ্‌ট পলিসি দেওয়া হয়েছে। আমাদের বিষয়ে কেন্দ্রীয় যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, সেদিক থেকে প্রাথমিক চিকিৎসা পরিষেবার যেটা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ আমাদের মতো দেশে, এবং যে বিষয়গুলো প্রয়োজন, মানুষের খাদ্য, মানুষের বাসস্থান, মানুষের ন্যূনতম যে চাহিদাগুলো, তা কিন্তু আমাদের দেশে বেশিরভাগ রাজ্যে আমাদের কেন্দ্রীয় সরকার কোনোভাবেই নজর রাখেন না। তার প্রমাণ আপনারা জানেন, এই বিষয়গুলিকে নন-ডিটারমিনেন্ট ফ্যাক্টর বলা হয়েছে। ন্যাশানাল হেল্‌থ পলিসিতে আজকে তাঁরা এই কথা বলছেন। বেশিরভাগ টার্সিয়ারি সেক্টরে যন্ত্রপাতি, ডায়গনস্টিক থেরাপটিক প্রসিডিওরের ওপরে গুরুত্ব দিচ্ছেন। আমাদের দেশের মানুষের মৌলিক চাহিদাকে উপেক্ষা করা হয়েছে। এটা আপনারা যাঁরা ড্রাফ্‌ট হেল্‌থ পলিসি পেয়েছেন, তাঁরা পড়বেন। এইরকম একটা পরিপ্রেক্ষিতে গোটা দেশব্যাপী যেখানে বেসরকারিকরণের জোয়ার বইছে, আমাদের দেশের কেন্দ্রীয় সরকার যেখানে চাইছেন সামগ্রিকভাবে হেল্‌থ বাজেট যাতে সরকারের নিয়ন্ত্রণে না থাকে, যাতে সামগ্রিকভাবে বেসরকারি নিয়ন্ত্রণে চলে যায়। আমার সময় অল্প, আমি বেশি বলব না, তা সত্ত্বেও বলার চেষ্টা করব। আপনারা আমাদের ত্রুটি-বিচ্যুতি নিয়ে উল্লেখ করেছেন। আমরা তার উত্তর দেবার চেষ্টা করব। অসিতবাবু একটু আগে বললেন, পালস্‌ পোলিওর ব্যাপারে আপনারা কিছুই করেননি, যদিও আপনারা চেষ্টা করেছেন। কিন্তু পরিসংখ্যান তা বলছে না। আমাদের দেশের পরিসংখ্যান বলছে, গত ২০০২-'০৩ সালে আমাদের এস্টিমেটেড লেভেল অফ অ্যাচিভমেন্ট ছিল ১৭ লক্ষ ৩৫ হাজার ৩২২। তার বেশিরভাগ রুটিন পোলিও ইম্যুনাইজেশান যা আমরা করি, প্রায় ৯০ পারসেন্ট আমরা অ্যাচিভ করেছি। হ্যাঁ, এটা ঠিকই, ২০০১ সালে পোলিও ভাইরাস আইডেন্টিফায়েড হয়েছে। এটা আমাদের দুর্ভাগ্য। উনি বললেন, সাউথ ২৪-পরগনায় এটাতে আপনারা কিছু করছেন না। আমাদের হিসাব যা, তাতে বলছে, সাউথ ২৪-পরগনায় এস্টিমেটেড নাম্বার অফ চিলড্রেন জিরো থেকে ফাইভ হচ্ছে ৭ লক্ষ ৯০ হাজার ২৫। সেখানে আমরা ভ্যাকসিনেটেড করেছি ৮ লক্ষ ৭০ হাজার ১২২। অর্থাৎ ১০০.১৬ পার্সেন্ট। আমাদের যে দুর্বলতা ছিল সেটাকে আমরা প্লাগ্‌ড্‌ করার চেষ্টা করেছি, অন্যান্য জেলায় যা হয়নি। পুরুলিয়ায় হয়েছে ১০০ পার্সেন্ট, আর সাউথ

২৪-পরগনায় হয়েছে ১০০ পার্সেন্ট অ্যান্ড অ্যাবোভ। আমাদের ধারাবাহিকভাবে রুটিন ইম্যুনাইজেশানের কাজ ভালভাবে করতে হবে। আপনারা জানেন, এটা আমাদের প্রাথমিক কাজ। আমাদের টোটাল ফ্যামিলি ওয়েলফেয়ার অ্যাক্টিভিটি যেটা আছে সেটা ১৯৯৭ সালে আর.সি.এইচ. প্রোগ্রামের অন্তর্ভুক্ত করা হয়েছে, যেটা মেটারনিটি অ্যান্ড চাইল্ড হেল্‌থ প্রোগ্রামে ছিল। তারমধ্যে সমস্ত প্রোগ্রামকে যুক্ত করা হয়েছে। শুধু কি তাই, হাজার অসুবিধার মধ্যে দাঁড়িয়েও সমস্ত হেল্‌থ সেন্টার, প্রাইমারি হেল্‌থ সেন্টার, বি.পি.এইচ.সি. ওয়েল অর্গানাইজড। আমাদের সমস্ত বেনিফিসিয়ারিজ ভালনারেবল সেকশান অফ দি পপুলেশন সেখানে চিকিৎসার সুযোগ পায়। যেটা নিয়ে বেজিংয়ে লাস্ট কনফারেন্স হয়েছিল, সেখানে বলা হয়েছিল পপুলেশনের মধ্যে চাইল্ড এবং উমেন ৬৭.৭ পার্সেন্টের উপরে, এদের উপরে গুরুত্ব দেওয়া দরকার। এটার ওপর গুরুত্ব দেওয়ার দরকার। আপনারা জানেন যে, আমাদের যা পারসেন্টেজ অফ অ্যাচিভমেন্টগুলি আছে, সেইগুলি একটু ধারাবাহিকভাবে চেষ্টা না করলে কি কখনো আমরা এই পারসেন্টেজে পৌঁছাতে পারি। আপনারা হিসাবটা দেখুন যে টি.টি (পি ডাবলিউ)-র ক্ষেত্রে বলা হচ্ছে যা খুব গুরুত্বপূর্ণ। আমাদের মাদার সেফ, মাদার হুড এর ক্ষেত্রে, চাইল্ড সেফ-এর ক্ষেত্রে যা খুব গুরুত্বপূর্ণ, সেক্ষেত্রে আমাদের ই এল এ ছিল ১৯,৪৮,৮১৮। সেখানে আমাদের এক্সপেকটেড লেভেল, অ্যাচিভমেন্ট হয়েছে ৭৮.৮১ শতাংশ, প্রায় ৭৯ শতাংশ। আমরা ৭৯ পারসেন্ট টি টি (পি ডাবলিউ) দিতে পেরেছি। এটা আমাদের সংখ্যাতত্ত্বে এই কথা বলছে। আমি আপনাদের কাছে অন্য কোনো কথা বলছি না। ডি পি টি-র ক্ষেত্রে যেটা হচ্ছে (Diptheria Percussive Tetanus) ১৭ লক্ষ ৪৫ হাজার ৩২২ ছিল, টোটাল ও পি ভি শতাংশের হিসাবে ৮৯.০৯ শতাংশ। আমাদের বি সি জি যেটা টাইফয়েডের, আপনারা জানেন এটা ১২ দিনের মধ্যে দিতে হয়, তারও পারসেন্টেজ ১০০.৯৭ শতাংশ। তারপরে মিজিলস তার পারসেন্টেজ ৮৭.৬৫ শতাংশ। এখানে অসিতবাবু বলেছেন, পালস্ পোলিওর ব্যাপারে। অসিতবাবু আপনি তখন ছিলেন না, আপনাকে জানানোর উদ্দেশ্যে বলতে চাই সাউথ ২৪-পরগনায় পাল্‌স পোলিওর বেনিফিট পেয়েছে, আইডেন্টিফাই হয়েছে, সেটা হানড্রেড পারসেন্ট অ্যাচিভমেন্ট করেছে। এটা ধারাবাহিকভাবে হবে। কিছু কিছু জায়গায় আপনারাও জানেন, সবাই পুরো ডোজ নেয় না। জিরো ডোজ রয়ে যায়। সেটাকে কমপ্লিটলি আইডেন্টিফাই করা দরকার। এটা আমরা অত্যন্ত সতর্কতার সঙ্গে করছি। এই বিষয়টাও আমি আপনাদের জানালাম। আমরা দ্রুততার সঙ্গে ল্যাপসেসগুলি ওভারকাম করার চেষ্টা করছি। এছাড়া আমাদের কাছে যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, আমাদের ফ্যামিলি প্ল্যানিং প্রোগ্রাম ; যেটা গুরুত্বপূর্ণ পপুলেশান কন্ট্রোলের ক্ষেত্রে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের আই ইউ ডি অর্থাৎ (Insertion Ureteric Device) বলে যে ফ্যামিলি প্ল্যানিং মেথড আছে, তাতে আমাদের পারসেন্টেজ ৭৮ শতাংশ অ্যাচিভমেন্ট করতে পেরেছি লাস্ট ইয়ারে। ওরাল পিল ইউজার্স যারা ৫ লক্ষ ২২ হাজার ১২৮ জন ই এল এ আছেন, পারসেন্টেজ অফ অ্যাচিভমেন্ট হচ্ছে ৮১.২০। সি সি ইউজার্স যারা তাদের পারসেন্টেজ হচ্ছে ৯৩.৮১ শতাংশ। এটা আমার কথা নয়। অসিতবাবু হয়ত বলবেন, এটা কোথা থেকে বলছি, আমরা ন্যাশানাল ফ্যামিলি হেল্‌থ সার্ভিস, রিপোর্ট থেকে

বলছি যে, পশ্চিমবাংলায় মডার্ন কনট্রাসেপটিভ নিয়েছেন ৬৬.৬ শতাংশ এবং এটা গোটা ভারতবর্ষের ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ কথা। শুধু তাই নয়, আপনারা জানেন উনি বলেছেন, নিও ন্যাটালজির কথা। নিও ন্যাটাল ডেথ ওইটা ৩০ নয়, ওইটা ৩৬ হবে। আমাদের লেটেস্ট যে ফিগার সেটা ভারতবর্ষের ক্ষেত্রে ৪৭.৭ শতাংশ। ওইটা ৩৬ যেটা আছে, সেটা আমাদের রাজ্যে আমরা কমিয়ে আনার আপ্রাণ চেষ্টা করছি। আপনারা জানেন, আমাদের এস.এস.কে.এম হাসপাতালে নিওনেটাল পেডিয়াট্রিক্সে ব্যবস্থা করা হয়েছে। এর জন্য স্পেশাল ডিপার্টমেন্ট করা হয়েছে। অত্যাধুনিক যন্ত্রপাতি বসানো হয়েছে। এ আর আই ইনফেকশান ডিজিজ যা আসে সেইগুলি যাতে আমরা ঠিকমতন হ্যান্ডেল করতে পারি, তার চেষ্টা হচ্ছে। এটা ঠিকই যে সবাইকে সব সময় বাঁচানো যায় না। দুঃখজনক মৃত্যু বরণ করতে হয়। আপনারা ঠিকই বলেছেন, আমরা কোনো মৃত্যুতে খুশি হই না, আমরা বেদনাহত হই, আমরা শিশুদের সব সময় রক্ষা করতে চাই, যার জন্য এইসব বিষয়গুলি। নিউ-ন্যাটালজি ফোরাম আমরা তৈরি করেছি, পশ্চিমবাংলায় উইথ দি অ্যাসিসটেন্স অফ ইউনিসেফ, হু ; এবং একটা প্রজেক্ট রিপোর্টও আমরা তৈরি করেছি। আপনি চাইলে প্রজেক্ট রিপোর্ট আপনাকে দিয়ে দেব। সেই প্রজেক্ট রিপোর্টের মধ্যে কোন কোন ডিজিজে আক্রান্ত হচ্ছে শিশুরা, জন্মাবার পরে, কোন কোন নবজাতক শিশু রোগে আক্রান্ত হয়, সেটাকে কিভাবে মোকাবিলা করা যায়, আমাদের যে পেডিয়াট্রিক্স ডাক্তার, আমাদের গ্রামাঞ্চলে যে ডাক্তার আছেন তাদের আর সি এইচ-এর সঙ্গে ইনক্লুড করে তাদের ক্লিনিকে সেইভাবে দেখা হচ্ছে।

আমাদের গ্রামাঞ্চলে যে সমস্ত গ্রামীণ হাসপাতালগুলো আছে সেখানে আমরা গাইনোকোলজিস্ট, পেডিয়াট্রিক্স, অ্যানাসথেসিস্টস দেওয়ার চেষ্টা করছি। এবং আশা করি দিতে পারব। ১৪৬৩ জন ডাক্তারের মধ্যে আমরা ভাগে ভাগে দেব। বি.পি.এইচ.সি.-কে আধুনিকভাবে গড়ে তোলার চেষ্টা করছি। এখানে আমাদের কিছু অসুবিধা আছে, কিন্তু এগুলো আমরা করব। তেমনি আপনারা জানেন, স্কুলে আমরা 'হেল্‌থ চেপ আপ প্রোগ্রাম' খুবই গুরুত্ব দিয়ে করছি। এই কাজটা আমরা প্রথমে তিনটি জেলায় শুরু করেছি। পূর্ব মেদিনীপুর, হাওড়া, মালদহ ও মুর্শিদাবাদে স্টেজ বাই স্টেজ আমরা সমস্ত প্রাইমারি স্কুলে করব এবং এই বছরের মধ্যেই আমরা সমস্ত স্কুলকে এর আওতায় নিয়ে আসব। সি.এইচ.জি-দের ব্যাপারে দুজন সদস্য এখানে উল্লেখ করেছেন। ১৯৭৭ সালে রাজনারায়ণ যখন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন এটা চালু হয়। এটা ভলানটিয়ারি প্রোগ্রাম। সমস্ত কিছু তাদেরই দেওয়ার কথা ছিল এবং কেন্দ্রীয় সরকার তাদের কিছু মেডিসিনাল কিটস দিয়েছিল। তারপরে ২০০২ সালে বলল, আমরা আর এটা চালু রাখব না। ১৯৯৫ সালে পি. উমাশঙ্করের নেতৃত্বে একটা কমিটি হয়েছিল এবং তার পরিষ্কার বক্তব্য হচ্ছে—It is their considered opinion not be continue this scheme further এবং তিনটি রাজ্য পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং মহারাষ্ট্র এটাকে কন্টিনিউ করার জন্য বলেছিল। তাদের অপিনিয়ান এর ফেভারে ছিল, বাকি ১৫টা স্টেট এর ফেভারে ছিল না। তারা বন্ধ করে দেওয়ার পরেও, আমরা কিন্তু এই স্কিমটা বন্ধ করতে চাইনি। ৩৭ হাজার ৬৩ জন হেল্‌থ ওয়ার্কারের দায়িত্ব গ্রহণ করা খুব একটা সহজ কাজ নয়। ২০০২ সালের মার্চ পর্যন্ত আমরা

অনেকটা টাকায় তাদের দিয়েছি। তবে বেশ কিছুটা তাদের বাকি আছে। অন্য কোনোভাবে যদি এদের নিয়োজিত করা যায় সেই চেষ্টাই আমরা করছি। সাব-সেন্টারগুলোতে আমরা তাদের ইনভলভড্ করার চেষ্টা করছি, পি.এম.জি.ওয়াই স্কিমে তাদের কিভাবে ইনভলভড্ করা যায় সেটা আমরা দেখছি। এছাড়াও পশ্চিমবাংলায় বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সমস্যা এইচ.আই.ভি. সমস্যা, আর্সেনিক সমস্যা, স্কুল হেলথ চেক-আপ প্রোগ্রাম, ম্যালেরিয়া, লেপ্রোসি, থ্যালাসেমিয়া, কালাজ্বরের, ডায়েরিয়া মোকাবিলা আমরা করছি এবং এই ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সার্বিক জনস্বাস্থ্য বিধান কর্মসূচিকে দ্রুত পশ্চিমবাংলার সব বাড়িতে পৌঁছে দেওয়ার চেষ্টা করছি। জনস্বাস্থ্য পরিকল্পনার সঙ্গে সাধারণ মানুষকে যুক্ত করে, পঞ্চায়েতকে যুক্ত করে আমরা এগোবার চেষ্টা করছি এবং সেখানে ইনফ্রাস্ট্রাকচার দেওয়ার চেষ্টা করছি ফর্ম বিলো টু টপ।

[6.00–6.10 p.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার বাজেট প্রস্তাবের সমর্থনে এবং বিরোধীদের আনীত ছাঁটাই প্রস্তাবের বিরুদ্ধে কয়েকটি কথা আমি এখানে নিবেদন করতে চাই। এই দপ্তরের রাষ্ট্রমন্ত্রী জনস্বাস্থ্য কর্মসূচি, পরিবার কল্যাণ কর্মসূচি যেগুলো উনি দেখে থাকেন, সে সম্বন্ধে উনি বলেছেন, আমি তার পুনরাবৃত্তি করব না। আমি সাধারণভাবে কয়েকটি কথা বলতে চাই, এটা আগেও বলেছি, আবার আমি পুনরাবৃত্তি করছি। এই নয় যে, স্বাস্থ্যক্ষেত্রে আমাদের যে সমস্যা তার সমাধান করে তড়তড় করে আমরা এগিয়ে যাচ্ছি। এইকথা আমরা কখনোই দাবি করি না। তবে আমরা এগোবার চেষ্টা করছি। আমাদের অগ্রগতির কতগুলো তথ্য এখানে নির্দিষ্টভাবে পেশ করা হয়েছে, আমিও হয়তো কয়েকটি পেশ করতে পারি। আমাদের সদিচ্ছা আছে, তবে তড়তড় করে এগোনো সম্ভব নয়। কারণ স্বাস্থ্য ক্ষেত্রে সারা দুনিয়া, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলো গভীর সঙ্কটের মুখোমুখি হতে যাচ্ছে। গভীর সঙ্কটের মাঝামাঝি হতে যাচ্ছি আমরা। আমাদের দেশ এই দুনিয়ার বাইরে নয়, আমরা এই পৃথিবীতেই বাস করি, মঙ্গল গ্রহে বাস করি না। আমাদের রাজ্য এই ভারতবর্ষের মধ্যে, এখান থেকে আমরা আলাদা হয়ে যেতে পারি না। সামগ্রিকভাবে দেশ—দুনিয়ার যে নীতি, তার মধ্যেই আমাদের চলতে হবে। বিগত ১০/১২ বছরের যেসব নীতি—লিবারালাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবালাইজেশন, এসব যা বলা হচ্ছে, এর মধ্যে এগনো খুবই মুশকিল। তা সত্ত্বেও আমরা সাধ্যমত চেষ্টা করছি এবং আপনাদের বারবারই বলেছি যে, আপনাদের সহযোগিতা চাই। আমি আবারও বলছি, খুব সুস্পষ্টভাবেই বলছি—যদি আপনি জিজ্ঞেস করেন, এই রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা কি আমার হাতে নিরাপদ ? আমি বলছি—না। স্বাস্থ্য দপ্তরের হাতে নিরাপদ ? না। সবচেয়ে নিরাপদ কার হাতে ? জনগণের স্বাস্থ্য সবচেয়ে নিরাপদ জনগণেরই হাতে। মানুষই পারেন এটা করতে। আমাদের সীমিত আর্থিক সম্পদ, কিন্তু আমাদের সবচেয়ে বড় সম্পদ মানুষ। তাদের উন্নত চেতনা, সংগঠন, সংগ্রামের ঐতিহ্য, এসবের উপর আমাদের নির্ভর করতে হবে। শক্তিশালী আন্দোলনের মধ্যে দিয়ে মানুষের মধ্যে চেতনা বাড়াতে পারি। আমরা রোগ নিরাময়ের থেকে রোগ নিবারণ কি

করে করতে পারি তার উপর অগ্রাধিকার দেওয়ার চেষ্টা করছি। পুষ্টি কিভাবে দিতে পারি, নিরাপদ পানীয় জল দিতে পারি, স্যানিটেশন কি করে করতে পারি, এসব ক্ষেত্রে আমাদের রেকর্ড। আমি বিনীতভাবে বলতে পারি, ভারতবর্ষের সব রাজ্যের মধ্যে আমরা অগ্রগণ্য স্থানে রয়েছি। আমরা কয়েকটা ব্যাপারে এগিয়েছি, আমরা কখনো সেসব গোপন করিনি কিন্তু আমাদের আরও অনেক দূর যেতে হবে। কয়েকটি তথ্য আমি আপনাদের সুনির্দিষ্টভাবে দিতে পারি এখানে। সারা দেশের অবস্থা, অন্যান্য রাজ্যের অবস্থা কি আমরা দেখতে পারি। শেষতম তথ্য, যেসব দিয়ে স্বাস্থ্য মাপা হয়। স্বাস্থ্য মাপবার যতগুলো সূচক মানি, এর মধ্যে প্রধান জন্মহার। ভারতবর্ষের জন্মহার ২৫.৪, আমাদের এখানে ২০.৫। আমরা অনেক কম আছি। আমাদের উপরে আছে কেরালা এবং তামিলনাড়ু, আমরা তৃতীয় স্থানে আছি। আরবান বার্থ রেট—শহরাঞ্চলে—সারা ভারতবর্ষে ২০.২, আমরা ১৩.৮। আমাদের উপরে কেউ নেই। আমরাই ভারতবর্ষে সর্বনিম্ন আছি আরবান বার্থ রেটে। ডেথ্ রেট, মৃত্যু হার দেখুন। মৃত্যু, মৃত্যু করে অনেক গান আছে, আমি বলছি জীবনের জয়গান গাইতে। মানুষ মারা গেলে তার চাইতে শোকাবহ ঘটনা আর কি হতে পারে ? মৃত্যুহার সারা ভারতবর্ষে ৮.৪, আমাদের ৬.৮। আমাদের উপরে একমাত্র রাজ্য কেরালা, তাদের ৬.৬। বাকি সব রাজ্যে মৃত্যুহার আমাদের থেকে বেশি। শিশুমৃত্যু সম্বন্ধে বলছি—সারা ভারতবর্ষে হাজারে ৬৬, আমাদের ৫১। আমাদের উপরে কেরালা আছে, তামিলনাড়ু আছে। নিওন্যাটাল মর্টালিটি, অর্থাৎ প্রথম ১ মাসের মধ্যে মৃত্যু যেটা—সারা ভারতবর্ষে হাজারে ৪৫, আমাদের হাজারে ৩০। আমাদের চাইতে কম আছে মহারাষ্ট্র, কেরালা। আমরা তৃতীয়। পেরিন্যাটাল মর্টালিটি রেট—অর্থাৎ, প্রথম এক সপ্তাহের মধ্যে মৃত্যু, সারা ভারতবর্ষে ৪২, আমাদের ৩০। কেরালা একমাত্র রাজ্য, যারা আমাদের চেয়ে কম আছে। আর কোনো রাজ্য আমাদের চেয়ে কম নেই। আন্ডার ৫ মর্টালিটি, ৫ বছরের মধ্যে হাজারে মারা যাচ্ছে সারা ভারতবর্ষের ৯৪.৯, আমাদের ৬৭.৬। আমাদের উপরে কে আছে ? কেরালা, তামিলনাড়ু, মহারাষ্ট্র। ইমিউনাইজেশনের কথা বললেন—কোথা থেকে শুনেছেন জানি না, মাননীয় মন্ত্রী জবাব দিয়েছেন। পোলিওর কথা বলছি আপনাকে। ফুললি ইমিউনাইজড। সব কিছু ইমিউনাইজেশন। ইভ্যালুয়েশন এমন হয়—দুটো নিল, তিনটে নিল না, তিনটে নিল, চারটে নিল না।

[6.10–6.20 p.m.]

রাজ্যগুলো কি রিপোর্ট দিল তার উপর না, তারা ফিল্ডে ইভ্যালুয়েশন করে আমাদের ফুললি ইমিউনাইজড কত, ৭৮.৫ পার্সেন্ট। ভারতবর্ষের কত ৫৬.৬ শতাংশ। যে ফিগারটা আপনি বললেন সেটা সর্বভারতীয় ফিগার হবে। হ্যাঁ, আমরা কি প্রথম না, আমাদের চাইতে কেরালা ভালো। কর্নাটক, তামিলনাড়ু ভালো। আমরা চতুর্থ জায়গায় আছি। আমাদের কথা হচ্ছে যেখানে, যেখানে আমরা দু নম্বরে আছি আমাদের এক নম্বরে যাওয়ার চেষ্টা করতে হবে। যেখানে চারে আছি সেখানে তিনে যাওয়ার চেষ্টা করতে হবে। কিন্তু আমি বলছি যে আমরা ১২, ১৩ নম্বরে ছিলাম সেখানে ২, ৩, ৪এ এইসব জায়গায় এসেছি। আমাদের আরও যেতে হবে। আমাদের আত্মসন্তুষ্টির কোনো অবকাশ নেই। প্রাথমিকভাবে স্বাস্থ্যের যে ধারণা, যে

সূচকগুলো আমি বললাম। তিনটে স্তর আছে। মাধ্যমিক স্তর আছে। মিডল লেভেল যাকে বলা যায়। মিডল লেভেল মানে ডিস্ট্রিক্ট লেভেল হাসপাতাল, তারপর সাব-ডিভিশন হাসপাতাল, রুরাল হাসপাতাল, আর স্টেট জেনারেল হাসপাতাল, এইগুলো ১৭৮টা আছে। তার সঙ্গে সুন্দরবনের পি.এইচ.সি., বি.পি.এইচ.সি. মিলে ২১৪টাতে আমরা এস.এস.ডি.পি (২) যে কর্মসূচি নিয়েছিলাম রাজ্য স্বাস্থ্যব্যবস্থা উন্নয়ন প্রকল্প যে কর্মসূচি আমরা ঘোষণা করেছিলাম, আমি আবার ঘোষণা করছি যে আগামী মার্চের মধ্যে ৩১শে মার্চের মধ্যে আমরা এখানে কাজ আরম্ভ করে দেব। আর এই কাজ নিয়ে ৩১শে মার্চের পরে আমাদের কিছু কাজ বাকি থাকবে যেগুলো আমরা ইতিমধ্যে করব। এই ২১৪টা হাসপাতালের মধ্যবর্তী স্তরে যা ইক্যুইপমেন্ট ইত্যাদি যন্ত্রপাতি, ডাক্তার, লোকজন বিল্ডিং এই সব কিছু ট্রেনিং সব কিছু আমরা কমপ্লিট করে দেব এবং মধ্যবর্তী স্তরের আমি প্রায় হিসাব আপনাদের দিতে পারি। আপনারা বলেছেন যে ইক্যুইপমেন্টের ইউটিলাইজেশন হচ্ছে না। লক্ষ লক্ষ টাকার যন্ত্রপাতি পড়ে আছে। হ্যাঁ, ছিল, এখনও আছে কিন্তু এক্ষেত্রে অনেক অগ্রগতি ঘটেছে। ২০০২-এর হিসাবটা যদি ধরেন, ৯৭ সালে যখন শুরু হয়েছিল, ৯৭ সালের তুলনায় যদি ধরেন, এই ৪টে ক্যাটাগরি হাসপাতালে—জেলা, মহকুমা, স্টেট জেনারেল, রুরাল হাসপাতালে আউট ডোর পেশেন্ট কত বেড়েছে। ৪৩.৭১ শতাংশ বেড়েছে। ইনডোর অ্যাডমিশন কত বেড়েছে ৩০.৯১ শতাংশ বেড়েছে। মেজর সার্জিকাল অপারেশন কত বেড়েছে। প্রায় ৫০ শতাংশ বেড়েছে। দেড় গুণ বেড়েছে। ডেলিভারি ৩৯ শতাংশ বেড়েছে। আল্ট্রা-সোনোগ্রাম এটা শতাংশ হিসাব করলে ৩ হাজার ১৬ শতাংশ বেড়েছে। আল্ট্রা-সোনোগ্রাম মোট যেখানে হচ্ছিল ২ হাজার ১২০ সেখানে ৬৬ হাজার আল্ট্রা--সোনোগ্রাম হয়েছে এই গত বছরে। কেউ কখনো ভাবতে পেরেছিলেন হাসপাতালে ৬৬ হাজার আল্ট্রা-সোনোগ্রাম হবে ? মেডিকেলের কলেজের নীচে এক্স-রে ৪০ হাজার হয়েছিল এখন ৭৬ হাজার হয়। ৯০ শতাংশ বেড়েছে। ল্যাবরেটরি টেস্ট ৯৭ শতাংশ বেড়েছে। ইক্যুইপমেন্ট ইউটিলাইজেশন হচ্ছে তবুও আমরা অনেক জায়গায় সমস্যার কূল কিনারা করতে পারছি না। কিন্তু যেটা এগোচ্ছে সেটা তো স্বীকার করবেন। ২০০০-২০০২ এই দুই বছরে মোট আউটডোর পেশেন্ট কত ট্রিটমেন্ট হয়েছে সরকারি হাসপাতালে যদি একটা হিসাব দিই, তাহলে দেখবেন আউটডোর পেশেন্ট ৪ কোটি ৩১ লক্ষ ৩০ হাজার ১১৭। ২০০২-তে ৪ কোটি ৮২ লক্ষ ২৪ হাজার ২৩০। এই প্রায় সাড়ে চার কোটি পেশেন্ট আউট ডোরে ট্রিটমেন্ট নিতে যাচ্ছেন। ইনডোর পেশেন্ট কত ছিল। ২০০০-এ ইনডোর ট্রিটমেন্ট হয়েছে ২৮ লক্ষ ৭৮ হাজার ৪৮০। এটা গত বছরে দাঁড়িয়েছে ৩১ লক্ষ ৬২ হাজার ৭০৭-এ। সব ভালো হচ্ছে ? না, সব ভালো হচ্ছে না। কাজে গাফিলতি আছে ? হ্যাঁ, আছে কিন্তু তাই বলে সব এক করে দিতে হবে ? রজনীশ প্যাটেল বললেন। ঠিকই তো। লজ্জার কথা এইরকম একটা ঘটনা ঘটেছে। ওর বাবা-মা আমার সঙ্গে দেখা করতে এলেন, আমি বললাম আপনাদের কি জবাব দেব, আমার জবাব দেওয়ার ভাষা নেই। কি বলব ? কিন্তু আমি আপনাকে বলছি যে দোষীরা কেউ ছাড় পাবে না। তার সঙ্গে আপনারা গুলোচ্ছেন সুভাষ মুখার্জিকে ? আমি আপনাদের দায়িত্ব নিয়ে বলছি সুভাষ মুখার্জির খবর আমি পরশুদিন পর্যন্ত প্রত্যেকদিন খবর রেখেছি। উনি যদি হাসপাতালে

থাকতেন ভালো থাকতেন। উনি পরশুদিন সবচেয়ে ভালো ছিলেন। ওঁকে ওখান থেকে নিয়ে যাওয়া অপরাধ হয়েছে। বলছে ওঁকে খেতে দেয়নি। আই.সি.সি.ইউ-তে ছিলেন ১৪ দিন। আই.সি.সি.ইউ-তে কি ডাল, ভাত, মাংস খেতে দেবে ? ডাক্তাররা তো ঠিক করবেন কি খাওয়াবেন ? এটা খুব অন্যায় কাজ হয়েছে। দুটোকে মিশিয়ে ফেলছেন কেন ? যেটা ঠিক সেটা ঠিক বলুন, যেটা বেঠিক সেটা বেঠিক বলুন। যেটা সাদা সেটাকে সাদা বলুন আর যেটা কালো সেটাকে কালো বলুন। নিশ্চয়ই মানব আমি, কেন মানব না। এই হচ্ছে আমাদের অগ্রগতি, আমাদের সাফল্য। মধ্যবর্তী স্তর আমি বললাম। সর্বোচ্চ স্তর অর্থাৎ মেডিকেল কলেজ ইত্যাদি আপনারা যদি দেখেন, একটা হেল্‌থ ইউনিভার্সিটি করেছি আমরা। খুব অন্যায় কাজ করছি। ২০০৩ সালের জানুয়ারি মাসের ১লা তারিখে হেল্‌থ ইউনিভার্সিটি হয়েছে। অনেকে বলছেন এতদিন হয়ে গেল হেল্‌থ ইউনিভার্সিটি হয়েছে, কিছুই হল না। আরে এই বছর ১লা জানুয়ারি খুলেছে। ছিল নাকি আগে ? অন্যায় কাজ হয়েছে ? মেডিকেল কলেজ আরও দুটো করার চেষ্টা করছি। এই বছরই দুশো সিট আমরা বাড়াতে চাই। বাড়ানোর পক্ষে দাঁড়ান তা নয়, খালি বাগড়া দেওয়ার জন্য আছেন। খালি বিবৃতি দিচ্ছেন। আর লিখেছেন এখানে যেন না হয়। আর প্রাইভেট মেডিকেল কলেজ, আমি যে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে দেখা করি, কেন্দ্রীয় মন্ত্রীর সচিবের সঙ্গে দেখা করে বলেছিলাম কি স্ট্যান্ডার্ড ওইসব প্রাইভেট মেডিকেল কলেজের অন্যান্য রাজ্যে আমি জানি না, তারা অনুমোদন পেতে পারে আর আমার পি.জি.-তে আমি একশো সিট খুলতে পারি না ? কটা জায়গায় এই ইনফ্রাস্ট্রাকচার আছে ? পি.জি. হাসপাতালকে যদি আপনারা ভালোবাসেন, সত্যিই যদি রাজ্যের ভালো চান তাহলে সমর্থন করুন। নাকি প্রত্যেকদিন কাগজে বিবৃতি দেবেন আর ওদের গিয়ে বলতে হবে কি করে আটকাতে হবে। আমি বাড়াব, আমার পয়সা নেই কিছু ফীস আমাকে বাড়াতে হবে। অনেকে বলছেন কাগজে, অনেকে বলছেন ফোন করে আমি বললাম আমি তো কিছু বলব না, বিধানসভা চলছে, তার বাইরে আমি কিছু বলতে পারব না। আমি আপনাদের এখানে এই অবসরে বলতে চাই কেন্দ্রের কাছে বলছি কারণ মেডিকেল এডুকেশন যুগ্ম তালিকায় ভুক্ত প্রায় সব জিনিস ওরা ঠিক করে, কি করে অ্যাডমিনিস্ট্রেশন হবে, কটা সিট হবে, কটা আন্ডার গ্র্যাজুয়েট হবে, কটা পোস্ট গ্র্যাজুয়েট হবে এসবই ওরা ওখান থেকে ঠিক করেন। কাউন্সিল ওখানে। নার্সিং কাউন্সিল, হোমিওপ্যাথি কাউন্সিল, আয়ুর্বেদ কাউন্সিল, ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল এইগুলো সব পরিচালনা ওদের হাতে, আমাদের হাতে নেই। তার মধ্যে আমাদের করতে হচ্ছে। এই অসুবিধার মধ্যে আমরা চলছিলাম। আমাদের এইগুলো চলবে কি করে। অধিকার আপনি নিয়ে নিয়েছেন কনকারেন্ট লিস্টে কিন্তু কোনো দায়িত্ব পালন করছেন না। ঠিক আছে যদি আপনি টাকা না দিতে পারেন, বাইরে থেকে ধার করব। দু বছর আগের থেকে স্কীম জমা দিয়েছি। যেটা আপনাদের বারবার বলি আমি, এক একবার একজন মন্ত্রীকে বলি আমি আর দু বছর পর তিনি বদল হয়ে যান। প্রথম যিনি আসেন তাঁকে বলি আশা করি আপনি থাকবেন, কারণ বারবার করে বোঝাতে হয়, এক একজনকে নিয়ে এসে বোঝাই, তিনি বুঝে যান, তার পরের বার গিয়ে দেখি তিনি নেই, আরেকজন রয়েছেন। আমি ওদের দোষ দিই

না। ওরা কি করবেন, ব্যবস্থা তো এই রকমই। ওরা সাহায্য করার চেষ্টা করেছেন। লোন নেব, বিশ্বব্যাঙ্ক থেকে নিতে রাজি আছি। এর মধ্যে আমাদের করতে হবে। সেজন্য আমরা ঠিক করেছি যে, এখন যে মেডিকেল কলেজের প্রথম কথা হচ্ছে এই যে আমাদের টিউশন ফিসের ব্যাপারে ১০ শতাংশ ছাত্রছাত্রী তারা পুরো ফ্রি পাবে এটা ছিল না। আমরা বলছি এখন ১০ শতাংশ ফ্রি পাবে। একজন কি মেডিকেল কলেজে আটকে যাবে ? মেধাসম্পন্ন ছাত্র হয়ে, পয়সা নেই বলে মেডিকেল কলেজে পড়তে পারল না। এই জিনিস হবে না। প্রত্যেকটি ছেলেমেয়ে পড়তে পাবে। ১০ শতাংশ ফ্রি পাবে, ১০ শতাংশ আমরা ফ্রি করব তার নিম্নবিত্ত কিছু আছে তাদের জন্য, তার উপর ১০ শতাংশ আমরা হাফ ফ্রি করব। তার উপর ৬৫ শতাংশ আমরা টিউশন ফিস বাড়াব। আর সব এখানে বক্তৃতা হয়ে গেল বাড়িয়ে দিয়েছেন। বাড়িয়ে দিইনি আমরা। আপনাদের বলে বাড়াব আমরা। এটা যদি অন্যায় করে থাকি আমরা তাহলে খুব অন্যায় হয়েছে। আপনারা বলতে পারতেন আমাদের জিজ্ঞেস করলেন না। আমি তো আপনাদের যত সম্মান দিই আপনারা নিজেদের তা দেন না। যাই হোক আপনাদের বলছি যে এম.বি.বি.এস. এটা ৮৫০ টাকা হবে মান্থলি ফি। স্বাভাবিকভাবে ৪২৫ টাকা হাফ ফ্রি হবে। আর বি.ডি.এস মানে ডেন্টাল যেটা, সেটা সাড়ে সাতশো টাকা হবে। হাফ ফ্রি যেটা সেটা হবে ৩৭৫ টাকা। আয়ুর্বেদিক আর হোমিওপ্যাথিতে এইগুলো ৬৫০ টাকা হবে মাসে। সারা ভারতবর্ষের তুলনায় আমরা অনেক কম আছি। আর আমাদের ছেলেমেয়েরা যাচ্ছে বাইরে কিন্তু আমি আপনাদের বলছি যে এছাড়া আমরা এন.আর.আই. স্পনসর্ড ফরেন স্টুডেন্ট কোটা সেটা একটা আমরা করব।

[6.20–6.30 p.m.]

তাদের ফিজ নির্ধারণ করেছি, সেটা হচ্ছে ষাণ্মাসিক অর্থাৎ ৬ মাসের ২১০০ ডলার। এটা ভারতবর্ষে সর্বনিম্ন। আমি মোটামুটি টাকার অঙ্কে বলি একজনের মেডিকেল পাশ করতে সাড়ে ৪ বছরে প্রায় ১০ লক্ষ টাকার কিছু কম পড়ে। আপনারা জানেন বাইরে কি দাম। আমাদের রাজ্যের ছেলেরা বাইরের রাজ্যে গিয়ে পড়ছে অনেক বেশি দাম দিয়ে এবং সেখানে কিছু বেটার এডুকেশান নয়। আমাদের এখানে যে এডুকেশান স্ট্যান্ডার্ড আছে তার ধারের কাছে হবে না আমি দায়িত্ব নিয়ে এই কথা বলতে পারি। এখানে যে ৯০৫টা সিট আছে এই ৯০৫টা এটা বাড়বে বই কমবে না। এখানে এন.আর.আই. বা এন.আর.আই. স্পনসর্ড কোটা এর মধ্যে হবে না। আমাদের যে বাড়তি সিট তার মধ্যে যেটুকু পারি সেটা করব। এই জিনিসটা আমি আপনাদের এই উপলক্ষে বলতে চাইছিলাম, তার সঙ্গে চেষ্টা করছি উপরের স্তরে এটাকে আমরা মেডিকেল কলেজে টারসিয়ারি কেয়ার ইনস্টিটিউট সেগুলির উন্নতি বিধানের চেষ্টা করছি, সুপার স্পেশালিটি করার। কালকে মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছেন একটা ইনস্টিটিউটের হেমাটোলজি ব্লাড ট্রান্সফিউশানের, মানে রক্তের যত রকম রোগ হয় তার একটা যন্ত্র বসেছে ওখানে। ভারতবর্ষের কোথাও নেই ওই যন্ত্র। খারাপ কিছু হচ্ছে এখানে ? একটা ভালো ডিপার্টমেন্ট হচ্ছে, ডি.এম. পোস্ট খুলবে, আর কে একজন কাগজে লিখে দিয়েছেন ডিপ্লোমা কোর্স খুলবে। ডি.এম.টাকে ডিপ্লোমা বুঝবেন ? এম.ডি.র পরে যেটা

ডি.এম. মানে সুপার স্পেশালিটি আমরা করার চেষ্টা করছি। তারপরে আমরা ওখানে একটা এম.আর.আই বসালাম। আমাদের ২ বছর আগে একটাও এম.আর.আই ছিল না, এখন ২টো এম.আর.আই হয়েছে। ২ বছর আগে আমাদের একটা মাত্র সিটি স্ক্যান ছিল, এখন ১১টা সিটি স্ক্যান মেসিন বসছে। আপনারা বলছিলেন ৩৫, ৩৫কে আপনি ১১ দিয়ে গুণ করুন। বাড়াতে কেউ বলবেন ? ৪৫টা করে এখন ফ্রি হচ্ছে। ৪৫টা ফ্রি প্রতি মাসে সিটি স্ক্যান, ৩৫টা এম.আর.আই. ফ্রি প্রতি মেসিনে এটা কি খুব কম ? এ কখনও ছিল ? কেউ ভাবতে পারত ? ভারতবর্ষে কোথাও কোনো রাজ্যে করেছে ? ভারতবর্ষে কে কোথা দেবে এই জিনিস ? আমরা যেটুকু পারছি আমরা করছি। আমরা ক্যানসারের ট্রিটমেন্টে ব্যাকিথেরাপী, কোবাল মেসিন, লিনিয়ার এক্সিলেটার এই সব বিভিন্ন হাসপাতালে সমস্ত মেডিকেল কলেজে একটার পর একটা করবার চেষ্টা করছি। পি.জি.র নিওনেটাল রেট আপনি জিজ্ঞাসা করছিলেন। পি.জি. পূর্বভারতে একমাত্র গ্রেড টু নিওনেটাল কেয়ার। এটা ন্যাশনাল নিওনেটাল ফোরামের অনুমোদন লাগে। আপনারা বলছিলেন মুর্শিদাবাদ নিয়ে। মুর্শিদাবাদ নিয়ে আমি বেশি বলতে চাইছি না, কারণ আমি কলিং অ্যাটেনশানে জবাব দিয়েছি। তারপরে মামলা করেছেন তাই আমি বেশি কিছু বলতে চাইছি না। কিন্তু আমি আপনাদের বলছি যে মেসিন পুনে ইনস্টিটিউট অফ ভাইরোলজিতে রিপোর্ট দিয়েছে সেই পি.সি.আর. মেসিন আমরা বসিয়েছি পি.জি.তে। আমরা অনেক জিনিস এখানে করতে পারব আরও বড় আমাদের করতে হবে। কিন্তু ভাইরাস কালচার-ফালচার ও রকম কোনো রাজ্যে নেই। তাহলে ন্যাশানাল ইনস্টিটিউট আছে কেন ? ন্যাশানাল ইনস্টিটিউট আছে সব রাজ্যে ? ওখানে হয়, শুধু আমাদেরই নয় আর কারোর আছে তা নয়। ন্যাশানাল ইনস্টিটিউট আছে, একটাই আছে সারা দেশে। ভাইরাসের ব্যাপারে বড় কিছু হলে ওখানে যেতে হবে। তাদের মতামত আমাদের নিতে হবে, তারা কালচার ইত্যাদি করবেন, সেই সব ফেসিলিটিজ তাদের আছে। মুর্শিদাবাদ নিয়ে কথা হয়েছে। মুর্শিদাবাদ নিয়ে আমার বলা উচিত, আপনাদের এখানে যতবার বলছেন ততবারই জবাব দিচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী আছেন সেই সুযোগে আমি বলতে চাইছি নির্দিষ্টভাবে যে মুখ্যমন্ত্রী গেছিলেন, আমি কৃতজ্ঞ যে উনি ওখানে গেছেন। আমরা তো আলোচনা করেই করেছি, এই নয় যে উনি আলোচনা না করেই চলে গেছেন। এই সব বলার মানেটা কি ? উদ্দেশ্যটা কি ? উনি যেখানে গেলে হবে, আমি গেলে হবে না। সেই জন্যই উনি মুখ্যমন্ত্রী। উনি গেছেন তার কারণ একটা রাজনৈতিক পরিপ্রেক্ষিত ছিল। ওখানে বন্ধ ডেকেছেন, ওমুক ডেকেছেন। উনি গেছেন বন্ধটা উঠেছে। আমি গেলে হয়তো আটকাতে পারতাম না। কিন্তু দুঃখের বিষয় মামলাটা হয়েছে। কাজেই আমরা করছি আর কি। বিভিন্ন, সেন্টার অফ একসেলেন্স বলে, আমরা আরো অনেকগুলো করছি। এই লেথোট্রিপসি মেসিন স্টোন অপারেশন করতে লাগে, বাইরে থেকে ওয়েভ দিয়ে ভেঙে দেবে। ন্যাশনাল মেডিকেল কলেজে আমরা বসিয়েছি। খারাপ করছি নাকি ? আরো অনেক ক্ষেত্রে চেষ্টা করছি। আমরা নিউরোলজি, কার্ডিওলজি, নেফ্রোলজি এই সব মফস্বল মেডিকেল কলেজে, তিনটে মেডিকেল কলেজে খুলেছি। কিছু লোক চলে গেছে। আমরা সব জায়গায় ক্যাটালিক ডায়ালিসিস করতে চাই। এই যেগুলো আমরা করতে চাচ্ছি তার অনেকটা করেছি। গত বাজেট স্পীচ আপনি যদি দেখেন, গত বছর

আর এ বছর যদি দেখেন, যেটা করব করব বলেছিলাম তার ৯০ শতাংশ আমরা করেছি। এগোইনি আমরা ? আমরা যেখানে ছিলাম সেখানেই আছি ? তবে আমাদের সমস্যা আছে। একটা বড় সমস্যা হচ্ছে প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা। সেটার সমাধান না করতে পারলে আমরা কিছুতেই এই চাপ সামলাতে পারব না। এখানে আমাদের উন্নতিবিধানের দরকার আছে। মধ্যবর্তী স্তরটা আমরা করেছি এবং উপরের স্তরটা আমরা, সরকার, বেসরকারি, সব মিলিয়ে করবার চেষ্টা করছি কিন্তু প্রাথমিকেতে বেসরকারি ক্ষেত্র আসবে না। যা করতে হবে সরকারকেই করতে হবে। সরকারের উপর পুরো নির্ভরশীল। আমাদের বিনিয়োগের ব্যাপারে আপনারা শুনেছেন। দিল্লির কেন্দ্রীয় সরকারের বাজেট বরাদ্দ, বিনিয়োগ, সব কমে যাচ্ছে। তার মধ্যেও আমরা চেষ্টা করছি। বিশ্বব্যাঙ্কের কাছে গেছি, ডি.এফ.আই.ডি.-র কাছে গেছি, জার্মান হেল্‌থ প্রোজেক্টের কাছে গেছি, ইউরোপিও কমিশনের কাছে গেছি। সব এনে চেষ্টা করছি যে কি করে এটা করতে পারি। আমি আপনাদের বলতে পারি এই আগস্ট ১৫ তারিখে ডি.এফ.আই.ডি.-কে যে রকম বলেছি যে রানিংটা আরম্ভ হয়ে যেতে হবে অর্থাৎ এই যে ১৭৬ কোটি টাকার প্রকল্প, এর প্রথম ধাপের কাজ মাঠে শুরু হয়ে যেতে হবে আগস্টের ১৫ তারিখের মধ্যে। ডি.এফ.আই.ডি.-র আরো বেশি সময় লাগছে, ১১ই সেপ্টেম্বর হল তার পরে অসুবিধা হয়ে গেছে, যাতায়াত এইসব অসুবিধা হয়ে গেল। আমরা এখন পিছিয়ে গেছি। তারপরে আলোচনা হয়েছে, মাননীয় মন্ত্রী এসেছেন, মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে, এখন আবার আমরা চেষ্টা করছি। বিশ্বব্যাঙ্কে কিন্তু আমরা একটা স্কীম দিয়েছি। সেটা যাই হোক কেন্দ্রীয় সরকারকে বলে ক্লিয়ার হয়েছে, বিশ্বব্যাঙ্কের দপ্তরে পৌঁছেছে। তারপরে ওরা আলোচনা করতে চাইছে। আলোচনা আমরা করব। কি করব ? আমাদের যদি অন্য কিছু থাকত আমরা এই সব করতাম না। কিন্তু নেই তাই আমাদের চেষ্টা করতে হচ্ছে। যেখান থেকে হোক এনে আমাদের প্রাথমিক স্বাস্থ্যের যে পরিকাঠামো তা শক্তিশালী করতে হবে। শক্তিশালী মানে ঘর-বাড়ি নয়, শক্তিশালী মানে ডাক্তার দিতে হবে। এই তো দু'বছরে দু'বার পি.এস.সি. হয়েছে। আমরা ১ হাজার প্রথমে চেয়েছিলাম তাতে ৭০৩ জন পেয়েছিলাম, ৪০০ জনের বেশি জয়েন করেছিল। আর, এবারে অ্যাডভার্টাইজমেন্ট বেরিয়েছে ওরা কি করবেন ? পাবলিক সার্ভিস কমিশনকে তো অনেক কাজ করতে হয়। খালি ডাক্তার নিয়োগ করলে তা আর হবে না। তাদের সঙ্গে আমাদের কোনো বিতর্ক নেই। আপনারা বিতর্ক বাঁধাবার চেষ্টাও করবেন না। আমরা তাদের দোষী করছি না। এটা কোনো ব্যাপার নয়। আমরা আলাপ-আলোচনা করে চেষ্টা করছি কি করে দ্রুত হয়। আমরা শুধু এটা বলছি, যেটা আপনাদের এখানেও বলেছি যে, ওদের লিখিত পরীক্ষা-টরীক্ষা করার দরকার নেই, যারা যেতে চায় তাদের পাঠিয়ে দিন, যারা যাবে গ্রামে। যদি পাই আমি দেড় হাজার, প্রায় ১৪৬৩-কে চেয়েছি। আমি বলেছি, যদি দু হাজার, আড়াই হাজার প্যানেল হয় তাহলে আপনাদের দিয়ে দিতে পারব, আর কনট্রাক্ট-ফনট্রাক্ট লাগবে না। তারপর যদি না পারি তাহলে কনট্রাক্ট আছে থাকবে। তেমনি নার্সিং। আমরা করেছি, দ্রুত পায়ে ব্যবস্থা নিয়েছি। একটা স্থায়িভাবে, কিছু কনট্রাকচ্যুয়ালভাবে, ৫০০, সেটা আমরা নিয়েছি, অন্যান্য স্টাফও আমরা নিচ্ছি। খানিকটা পুনর্বিন্যাস করবার চেষ্টা করছি যে এই সব স্টাফ লাগবে কিনা। আমাদের বাজেটের কত অংশ পরিকল্পনাখাতে খরচ হচ্ছে ? পরিকল্পনা বহির্ভূত খাতে খরচ হচ্ছে ?

কতটা প্রাথমিকে হচ্ছে ? কতটা মাধ্যমিকে হচ্ছে ? কতটা উপরের স্তরে হচ্ছে ? তার কি পুনর্বিন্যাস লাগবে, এই সব জিনিস সামগ্রিক পরিপ্রেক্ষিত নিয়ে একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা এগোবার চেষ্টা করছি।

(ভয়েজ : কুষ্ঠের ব্যাপারে বলুন।)

হ্যাঁ। এটা কোথা থেকে আপনি শুনলেন জানি না, কুষ্ঠ নাকি আমরা সব তুলে দিয়েছি। সারা ভারতবর্ষে এখন সিদ্ধান্ত হয়েছে আমাদের কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, নির্মূলীকরণ কর্মসূচি, এন.এল.ই.পি., সেটা আছে। সেটা এই স্তরে এখন পৌঁছেছে যে আমাদের মাল্টি-ড্রাগ থেরাপীর যে ওষুধ দিতে হয় এটা ওই সেন্টারে না দিয়ে ৫ হাজারের সাব-সেন্টারে, এই লেবেলে যাতে পায়, ওই পর্যন্ত আমাদের নিয়ে আসতে হবে। এটা সারা ভারতবর্ষের সিদ্ধান্ত। আমাদের ১০ হাজারে ১৭ জনের বেশি রোগী ছিল আগে। যখন আমরা এটা শুরু করেছিলাম। আর, এখন ২/৩-এ এসে পৌঁছেছে। আমাদের ৩/৪টে জেলায় হয়ে গেছে। আর, ৩-৪যে জেলায় লক্ষ্যমাত্রা আমরা অর্জন করতে যাচ্ছি, এগোচ্ছি। এবং এই যে সিদ্ধান্ত হয়েছে.... (নয়েজ).... না না বাড়ছে না কমছে, আপনার হিসাব ভুল। এই হিসাব আপনি কোথা থেকে পেলেন ? আমাদের বই-পত্র একটু পড়ুন না, বাজেট বইতে লিখেছি। আপনি তো প্রয়োজনে অধিকার ভঙ্গের নোটিশ দিতে পারেন আমাদের। আর, আমরা হেল্‌থ আপডেট বের করি, হেল্‌থ অন মার্চ বের করি। কিন্তু ওটা আপনি কোথা থেকে পেলেন যে বেড়ে যাচ্ছে ? না বাড়ছে না, কমছে। আমি বললাম ১০ হাজারে ১৭ ছিল এখন ১০ হাজারে ২-৩-এ নেমে এসেছে।

[6.30–6.34 p.m. (including adjournment)]

যতগুলো কর্মসূচি আছে ন্যাশনাল ব্লাইন্ডনেস কন্ট্রোল প্রোগ্রাম—আমরা ১০৯ শতাংশ করেছি, তার আগের বছর ১০৪ শতাংশ করেছিলাম এবং ৯০ পারসেন্ট ক্যাটারাক্ট অপারেশন ইনট্রা অকুলার লেন্স লাগিয়েছি—আই.ও.এল. ৯০ পারসেন্ট অপারেশন করেছি। এখন ফেকো মেশিন এসেছে, ১০০ পারসেন্ট আমরা করতে চাইছি। সুতরাং সে জনস্বাস্থ্যের কর্মসূচি হোক, প্রাথমিক স্বাস্থ্য হোক, রোগ নিবারণমূলক স্বাস্থ্য হোক, আর রোগ নিরাময়ের চিকিৎসার ব্যাপার হোক—উপরের স্তর পর্যন্ত, সর্বোচ্চ স্তর পর্যন্ত সব ক্ষেত্রে আমরা এগোবার চেষ্টা করছি। আমাদের সাহায্য করুন, সহযোগিতা করুন। কোথায় কি অসুবিধা হচ্ছে বলছেন—ডাক্তাররা করছেন না, অমুক আসছে না, অমুক প্রাইভেট প্র্যাকটিস করছে। করছে তো—আপনারা দেখছেন, এতজন বললেন। এখানে নাম বলা উচিত নয়। নাম কেন বলবেন ? ঠিকই, এখানে তো আমাদের নিয়ম আছে যে, যে নেই তার নাম বলতে নেই। কিন্তু আমি আশা করি, প্রত্যেকের সৎ সাহস হবে। যাঁরা আপনারা বলছেন—অমুক দেখলাম, অমুক একজন, তমুক একজন। তাদের নাম, ধাম লিখে আমাদের দেবেন এবং আপনারা যদি দেন তাহলে আমরা ব্যবস্থা নেব, কেউ ছাড় পাবে না। এসব যাঁরা বলছেন যে, চিকিৎসকদের চাপের কাছে সরকার আত্মসমর্পণ করেছেন, আমি বলি যে—কখনই আত্মসমর্পণ করব না। চিকিৎসক হোক বা যে কেউ হোক, যে কেউ হন না, যত উচ্চপদেই হোন আর যত নীচেই

হোন না কেন কারও কাছে আমরা আত্মসমর্পণ করিনি, আত্মসমর্পণ আমরা করব না। সহযোগিতা করুন। ডিস্ট্রিক্ট হেল্‌থ কমিটি—যেখানে আপনারা সবাই সদস্য আছেন, সব রাজনৈতিক দলের এম.এল.এ.-দের আমরা রেখেছি, আপনাদের দেখতে হবে ওখানে, পর্যালোচনা করতে হবে, আপনাদের তো একটা ভূমিকা আছে। এখান থেকে সব দেখতে পাওয়া যায় নাকি—রাইটার্স বিল্ডিংস থেকে ? কে প্রাইভেট প্র্যাকটিস করছে, কে এল, কে এল না এখান থেকে সব দেখতে পাওয়া যায় ? আপনারা যেমন দেখতে পাবেন, যাঁরা দেখতে পাচ্ছেন তাঁরা বলুন, আপনারা বলুন, আমাদেরও বলুন। আমরা মিলে চেষ্টা করব যে, কি করে আমরা এই ব্যবস্থাগুলো আরও একটু উন্নত করতে পারি। যাই হোক, আমি শান্তিবাবুকে বলছি, আপনাকে বলতে দিল না কেন ? আপনি তো বলতে পারতেন। যাই হোক যা বলেছেন তার আমি জবাব দিচ্ছি। আরও আমাদের আলোচনা হলে আমি আবার আমাদের এই বাজেটের সমর্থনে এবং কাট-মোশানগুলোর বিরোধিতা করে এবং বিরোধীদের কাছ থেকে সমর্থন দাবি করে এই কাজে আমাদের যা কর্মসূচি সেই কর্মসূচিতে আপনাদের সাহায্য কামনা করে, সহযোগিতা কামনা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motions (nos. 1-2) that the amount of the Demand be reduced to Re.1/-, were then put and lost.

The motions (nos. 53, 54-73, 108, 109 and 124-127) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 1352,51,58,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : "2210–Medical and Public Health, 2211–Family Welfare, 2236–Nutrition, 2245–Relief on account of Natural Calamities, 2250–Other Social Services, 2251–Secretariat–Social Services, 2515–Other Rural Development Programmes, 2551–Hill Areas and 4210–Capital Outlay on Medical and Public Health" during the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 450,83,87,000 already voted on account in March, 2003),

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-34 p.m. till 11-00 a.m. on Thursday, the 10th July, 2003 at the Assembly House, Kolkata-700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 10th July, 2003 at 11 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 18 Ministers, 07 Ministers of State and 134 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Md. Abdul Bari, former State Minister who breathed his last on the 9th July, 2003 at S.S.K.M. Hospital, Kolkata after a prolonged illness. He was 72.

Shri Bari was born on the 2nd January, 1932 at Kusaberia, Domkal in the district of Murshidabad. He had his schooling in Bangladesh and took higher education from the Calcutta University. By profession he was a school teacher. As an eminent educationist he earned reputation in his noble profession. At the end of fiftees he came in close contact with Sudhin Sen, veteran Communist leader and was attracted to the Communist Party. In 1959 he joined the teachers movement and became a member of All Bengal Teachers' Association. In 1961 he actively involved himself in various movements for the cause of the jute-growers in his native district. At that time he played a key role in organising various political activities as a devoted worker of the Communist Party. He got the membership of the party in 1963. In 1971 he was elected a member of the party's district committee of Murshidabad of the CPI (M) and held that position till 2002. In the eighties he bacame a member of State Committee of the party and established himself as a true party worker by virtue of his sincerity and sense of humility. In the last part of his life he could not go on with the party's activities owing to his ill health. He adorned the chair of president of West Bengal Madrasa Education Board. He wrote several articles on educational interest which are remarkable.

Shri Bari was elected to the West Bengal Legislative Assembly first in 1967 and then 1971, 1977, 1982 and 1987 from Domkal Constituency as a candidate of Communist Party of India (Marxist).

In 1977 he held the portfolio of Minister-of-State for Primary Education and Secondary Education Department of the Govt. of West Bengal. In 1982 he was inducted in the State Cabinet as the Minister-in-Charge of non-formal Education, Audult Education and Madrasa Education Department. In 1987 he was also included in the State Cabinet as the Minister-in-Charge of Primary & Madhyamik Education and Mass Education Extention Department including matters relating to Wakf, Minority Affairs and Haj.

At the demise of Shri Bari the State has lost an able administrator and a veteran politician.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Mr. Speaker : Principal Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Held over Starred Question
(to which oral answers was given)

গৃহরক্ষী স্বেচ্ছাসেবকের অর্ন্তভুক্তি

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২) শ্রী আবু আয়েশ মণ্ডল : স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের গৃহরক্ষী সংস্থায় গৃহরক্ষী স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তি লক্ষ্যমাত্রা কত ;

(খ) বর্তমানে অন্তর্ভুক্ত গৃহরক্ষী স্বেচ্ছাসেবকের সংখ্যা কত ; এবং

(গ) বর্তমানে প্রত্যেক গৃহরক্ষী স্বেচ্ছাসেবককে দৈনিক কর্তব্য ভাতা হিসাবে কত পরিমাণ অর্থ প্রদান করা হয় ?

ডঃ শ্রীকুমার মুখার্জী :

(ক) রাজ্যে গৃহরক্ষী স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা হল ৪৬,৭৫০ জন।

(খ) বর্তমানে রাজ্যে অন্তর্ভুক্ত গৃহরক্ষী স্বেচ্ছাসেবকের সংখ্যা হল ২১,৯৭৬ জন।

(গ) দৈনিক কাজের ভিত্তিতে গৃহরক্ষী স্বেচ্ছাসেবকদের ভাতা দেওয়া হয়। ভাতার হার নিম্নরূপ—

(১) সাধারণ গৃহরক্ষী স্বেচ্ছাসেবকদের দৈনিক ভাতা—১০১ টাকা

(২) গ্রুপ কমান্ডার, ডেপুটি গ্রুপ কমান্ডার ও ডেপুটি কমান্ড্যান্টদের দৈনিক ভাতা—১০৬ টাকা

(৩) হোমগার্ড কমান্ড্যান্ট, ডিস্ট্রিক্ট কমান্ড্যান্টদের দৈনিক ভাতা—১১১ টাকা

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয়, হোম গার্ডের লক্ষ্যমাত্রা এবং বর্তমান সংখ্যার মধ্যে যথেষ্ট ফারাক রয়েছে। ফলে অনেক পদই শূন্য রয়েছে এবং শূন্য পদগুলি পূরণ করার জন্য কোনো ব্যবস্থা নিয়েছেন কি ? পদ পূরণের পদ্ধতি কি ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : এ বিষয়ের মূল স্ট্রাকচার কেন্দ্রীয় সরকারের হোম ডিপার্টমেন্টের, কিন্তু আমাদের বামফ্রন্ট সরকারের চিন্তা-ভাবনার সঙ্গে তার কিছুটা গুণগত তফাত আছে। ওঁরা বলছেন প্রতি বছর হোমগার্ড এনরোল করার পরে প্রত্যেকের ক্ষেত্রে ৫ বছর অন্তর বদল করতে হবে। কিন্তু আমাদের এখানে আমরা ওইভাবে কোনো হোমগার্ডকে বসিয়ে দিই না। যাঁরা আছেন তাঁদের আমরা রেখে দিচ্ছি। আমরা চাইছি এনরোল্ড স্ট্রেন্থ এবং টার্গেট স্ট্রেন্থকে ১ : ১ করতে। যে পরিমাণ টাকা কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার দিচ্ছেন তা দিয়ে যতগুলো পদ রাখা সম্ভব ততগুলোই আমরা রাখছি, বেশি করছি না আবার কাউকে বসিয়েও দিচ্ছি না। বসিয়ে দিলে সংখ্যাটা দ্রুত কমে যেত। এক সময় সেটাই হত।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন স্ট্রাকচারের ক্ষেত্রে কেন্দ্রের সঙ্গে আমাদের গুণগত পার্থক্য আছে। আমরা দেখছি আমাদের রাজ্যে প্রতিটি নির্বাচনের প্রাক্‌কালে থানা অফিসাররা প্রতিটি থানায় ৪০০/৫০০ জন অস্থায়ী হোমগার্ড নিয়োগ করেন। হোমগার্ডের স্থায়ী পদ পূরণের ক্ষেত্রে এদের নিয়োগ করার কোনো ব্যবস্থা আছে কি ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : ১৯৮৬ সালের পরে পশ্চিমবঙ্গে আর কোনো হোমগার্ড এনরোলমেন্ট হয়নি। এখন পর্যন্ত ১৯৮৬ সালই হচ্ছে শেষ বছর যখন হোমগার্ড নেওয়া হয়েছিল। তারপর কেবলমাত্র কর্মরত অবস্থায় কোনো হোমগার্ড মারা গেলে সেই শূন্য পদে হোমগার্ড নেওয়া হয়েছে। আর নির্বাচনের সময় যাঁরা কাজ করেন তাঁদের সম্বন্ধে আমাদের নীতি হচ্ছে কোনো সময় হোমগার্ড নেওয়া হলে তাঁদের অগ্রাধিকার থাকবে : ২০ পারসেন্ট ওয়েটেজ থাকবে। এটা ১৯৯৮ অথবা ১৯৯৯ সালের সিদ্ধান্ত। ঠিক সালটা আমার মনে পড়ছে না, ওটা দেখে বলতে হবে। এটা আমাদের ক্যাবিনেটের সিদ্ধান্ত। কিন্তু ওই সিদ্ধান্তের পরে আর হোমগার্ড এনরোলমেন্ট হয়নি। আমাদের বহু জেলাতেই এক্সেস হোমগার্ড আছে। আমরা বলছি ১ : ১ না হওয়া পর্যন্ত আমরা নতুন এনরোলমেন্ট করব না। পশ্চিমবঙ্গ সরকারের এটাই চিন্তাভাবনা যে, আমরা যে মানুষদের নিয়েছি তাদের বসিয়ে দেওয়ার

আমাদের অধিকার নেই। সুতরাং এটা আমরা ১ : ১ অনুপাতে নিয়ে যেতে চাইছি। এটা বামফ্রন্ট সরকারের ভাবনা বা দর্শন বলতে পারেন।

[11.10—11.20 a.m.]

শ্রী আবু আয়েশ মণ্ডল : আমাদের রাজ্যে যারা হোমগার্ড আছে সেই হোমগার্ডদের যে ৩টে শাখা আছে—কলকাতা, জেলায় এবং সীমান্ত শাখা তার থেকে পুলিশে রিক্রুটমেন্টের ব্যবস্থা আছে কিনা আমাদের রাজ্যে বা করা হয়েছে কিনা ? সঙ্গে সঙ্গে তাদের বেতনভাতা স্ট্রাকচারের ক্ষেত্রে অল ইন্ডিয়ার সঙ্গে আমাদের রাজ্যে কোনো তফাত আছে কিনা ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : আপনার প্রশ্নের দুটি পার্ট। ১ নম্বর হচ্ছে, আপনারা সবাই জেনে খুশি হবেন, আজকের মুখ্যমন্ত্রী ১৯৯৮ সালে যখন হোম পুলিশ মিনিস্টার ছিলেন তাঁর সক্রিয় সাহায্যে হোমগার্ড থেকে পুলিশে যাওয়ার সুযোগ তখন তৈরি হয়েছে এবং শতকরা ১০ ভাগ পুলিশে নেওয়া হচ্ছে। কলকাতা অথবা জেলায় ১০ ভাগ হোমগার্ড পুলিশে যেতে পারে। বয়সের ছাড় হচ্ছে, ৫০ বছর পর্যন্ত। কোনো হোমগার্ড ২৫ বছর কাজ করে থাকেন, বসয়ের হিসাবে যত বছর বয়স আর যত বছর কাজে আছে এই দুটো বিয়োগ করলে যদি ২৫ বছরের কম হয় তাহলে সরাসরি ১০ ভাগ কোটার মধ্যে যেতে পারবে। আরও খুশির খবর, গোটা ভারতবর্ষের মধ্যে আমরাই এটা নতুন চালু করতে পেরেছি। প্রায় সাড়ে ৩০০ হোমগার্ড ইতি মধ্যে পুলিশের সঙ্গে যুক্ত হয়েছে। দ্বিতীয় অংশে আপনি বেতনভাতা সংক্রান্ত ব্যাপারে বলেছেন। এটাও জেনে খুশি হবেন, গোটা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী হোমগার্ডদের বেতন দেওয়া কথা দৈনিক মাত্র ৩৩ টাকা। এই ৩৩ টাকায় কোনো মানুষকে কাজে নিয়োগ করা যায় না। এই ৩৩ টাকার মধ্যে কেন্দ্রীয় সরকার অর্ধেক টাকা দেন অর্থাৎ ১৬ টাকা ৫০ পয়সা, বাকিটা আমাদের। বাকি যে টাকাটা ১০১, ১০৬ এবং ১১১ ওদের যে ৩টে ক্যাটেগরি আছে কলকাতায়, জেলায় আর একটা বর্ডার উইংগে, সীমান্ত বর্ডারে যেটা আপনি উল্লেখ করলেন সেই বাকি সমস্ত টাকাটা পশ্চিমবঙ্গ সরকার বহন করছেন। ১১১ থেকে ১৬ টাকা ৫০ পয়সা বাদ দিলে প্রতিদিন যেটা হয় সেটা পশ্চিমবঙ্গ সরকার দিচ্ছেন। গোটা ভারতবর্ষের মধ্যে আমরা সর্বোচ্চ জায়গায় রয়েছি যদিও আমরা চেষ্টা করে তাদের টাকার পরিমাণটা বাড়াতে পারতাম তাহলে নিশ্চয়ই ভালো লাগতো।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, কেন্দ্রীয় সরকারের গাইড লাইনের বাইরে গিয়ে হোমগার্ডদের কি কি সুবিধা দিয়েছেন। এটা নিশ্চয়ই প্রশংসার যোগ্য। এর আগে পুলিশ বাজেটে বলা হয়েছিল পুলিশের একটা পারসেনটেজ ওদের থেকে নেওয়া হয়। এটা খুবই ভালো লক্ষণ। তবে একটা জিনিস দেখতে হবে, এইসব হোমগার্ডদের বেশিরভাগই ট্রাফিক ডিউটি দেয়। এই ট্রাফিক ডিউটি দেবার সময় আপনি জানেন—তাদের শরীরের অবস্থা খুব তাড়াতাড়ি খারাপ হয় রোদে, জলে এবং গরমে। পাশাপাশি পুলিশ কনস্টেবলরাও ডিউটি দেয়। ওরা একই ডিউটি দিচ্ছে অথচ একজনের

পয়সা কম আর একজনের পয়সা বেশি। একই ধরনের ডিউটিতে আলাদা রেমুনারেশন যে দেওয়া হচ্ছে সেই ব্যাপারে আপনি কোনো চিন্তা-ভাবনা করবেন কিনা ? আর একটি বিষয়, থানাতে হোমগার্ডদের, অফিসারদের ব্যক্তিগত কাজে লাগানো হয়। তারা যদি সেই কাজ না করতে চান তাহলে তাদের বসিয়ে দেওয়া হয়। এর আগে পুলিশের ক্ষেত্রে এই উদ্যোগ নেওয়া হয়েছিল, কোনো কনস্টেবলকে কোনো অফিসার তার ব্যক্তিগত কাজে লাগাতে পারবেন না, যদিও সব ক্ষেত্রে সেটা কার্যকরী করা যায়নি। তো হোমগার্ডদের ক্ষেত্রে এই ধরনের কোনো উদ্যোগ নেবেন কিনা যে থানার কোনো অফিসার তার ব্যক্তিগত কাজে হোমগার্ডদের লাগাতে পারবে না—এই বিষয়ে আপনি কোনো সুপারিশ করবেন কিনা ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : সমান কাজে সমান বেতনের দাবি আপনাদের সঙ্গে আমাদেরও আছে। আমরা সবাই নিশ্চয়ই এর বিরোধিতা করবো না। কিন্তু যেভাবে তাদেরকে নেওয়া হয়েছে, মাত্র ১৬ টাকা ৫০ পয়সা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই, বাকিটা হিসাব মতো কেন্দ্রীয় সরকারের যে গাইড লাইন আছে তাতে রাজ্য সরকার ১৬ টাকা ৫০ পয়সা যুক্ত করে দেয়। ১১১ টাকা করতে বাকি সব টাকাটা আমরা সাবসিডি হিসাবে দিই। এই অর্থনৈতিক অবস্থায় দাঁড়িয়ে এখন দেওয়ার মতো অবস্থায় থাকলে আমরা দিতে পারতাম। কিন্তু অন্য সুযোগ-সুবিধা যেমন, ট্রাফিক পুলিশ মুখে মাস্ক পরে থাকে যেটা এন.জি.ও. সংস্থা থেকে পুলিশকে দেওয়া হয়েছিল। ওরা যারা ট্রাফিকে কাজ করেন তারা যাতে এই সুযোগ পান তার জন্য আমরা চেষ্টা করছি। আমরা সমান সমান করার চেষ্টা করছি যা যা সুবিধা পাওয়া উচিত। এটা হচ্ছে আমাদের একটা দিক।

আর ব্যক্তিগত কাজে ব্যবহারের কথা যেটা বললেন—১৯৯৭ সালে আমরা প্রথমবার সরকারি আদেশনামা জারি করি এবং তাতে বলা হয়, কোনো পুলিশ অফিসারকে যদি দেখা যায় তিনি ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন তাহলে তাকে পানিশমেন্ট দেওয়া হবে, এটা শাস্তিযোগ্য হবে। এই আদেশনামা বেরিয়েছিল ১৯৯৭ সালে। তার আগে আরও কোনো চিঠি ছিল কিনা তা আমি এখনই বলতে পারছি না। তবে ১৯৯৭ সালে এটা বেরিয়েছিল এবং তারপর ধারাবাহিকভাবে আরও দু-তিনবার চিঠি গিয়েছে, চেষ্টা হচ্ছে। তবে সমস্যাটা এলিমিনেট করে ফেলেছি এটা দাবি করছি না। আপনি নিজেও জানেন এ রকম কিছু হয় কোনো কোনো জায়গাতে কিন্তু কাগজে কলমে যা যা হিসাব পেয়েছি তাতে এটা দেখা যাচ্ছে না। তবে আছে কিছু কিছু জায়গায় এটা স্বীকার করে নিতে আমার কোনো অসুবিধা নেই। তবে আপনাকে বলি, বেনিয়মভাবে ব্যবহার করছেন এ রকম স্পেসিফিক অভিযোগ যদি কোনো জায়গা সম্বন্ধে থাকে তাহলে অনুরোধ করছি আমাকে জানাবেন, আমি নিশ্চয় ব্যবস্থা করবো।

শ্রী চিত্তরঞ্জন দাশঠাকুর : মাননীয় মন্ত্রিমহাশয় আপনি জানেন যে সাধারণ হোমগার্ড এবং হোমগার্ড কমান্ড্যান্টদের মধ্যে কাজের ক্ষেত্রে একটা পার্থক্য আছে। আমাদের যতদূর জানা আছে তাতে বলতে পারি এই হোমগার্ড কমান্ড্যান্টদের সঙ্গে এস.পি.-রা সাধারণ

হোমগার্ডের মতো আচরণ করেন। সেখানে সাধারণ হোমগার্ডদের নিয়ন্ত্রণ এবং পরিচালনা করার ক্ষেত্রে ডিস্ট্রিক্ট কম্যান্ড্যান্টদের কোনো ভূমিকা নেই। এই যে এস.পি.-রা বা ও.সি.-রা সরাসরি কম্যান্ড্যান্টদের পরিচালনা করছেন এ বিষয়টি মাননীয় মন্ত্রিমহাশয়ের জানা আছে কিনা এবং কম্যান্ড্যান্টরা যাতে তাদের কর্তব্য পালন করতে পারেন তার জন্য তিনি কোনো উদ্যোগ নেবেন কিনা ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : খুব কঠিন প্রশ্ন আপনি করেছেন। একটা সমস্যা আমাদের আছে। আসলে যেভাবে গাইড লাইনটা বেঁধে দেওয়া হয়েছে তার থেকে বেরিয়ে আসাটা আমাদের পক্ষে খুব মুশকিল হচ্ছে। আপনি বিষয়টি খুব সঠিকভাবে এবং সঙ্গতভাবেই উপস্থিত করেছেন। সব সময় এদের বিভিন্ন যে ধাপ আছে সেই ধাপের মধ্যে আমরা তফাত করে উঠতে পারি না এখনও পর্যন্ত। এ ক্ষেত্রে নির্দিষ্ট ডিউটি কি কি করতে হবে সেটা আমরা বেঁধে দিয়েছি কিন্তু সেটা সব জায়গায় রূপ দেওয়া যায়নি। আমরা চেষ্টা করছি যাতে এটা দাঁড় করানো যায়। এটা আমাদের চেষ্টার মধ্যে আছে। এটা প্রথমবার করা হয়েছে, এই জিনিসটার এর আগে কোনো তফাতই ছিল না। একটা সময় এস.পি.-দের এই ধারণা ছিল যে সাধারণ হোমগার্ড এবং ডিস্ট্রিক্ট কম্যান্ড্যান্টদের মধ্যে কোনো তফাত নেই কারণ তাদের মাহিনা এক যদিও গাইড লাইনে ভীষণভাবে তফাত আছে। আমরা সেটা ইমপ্লিমেন্ট করার চেষ্টা করছি। এটা প্রথমবার ইন্ট্রোডিউস করতে গিয়ে কিছু অসুবিধা তৈরি হচ্ছে তবে করা হবে নিশ্চয়, ধাপে ধাপে করা যাবে।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে হোমগার্ড নিয়োগের ক্ষেত্রে তার সদিচ্ছা আছে কিন্তু আর্থিক ও বিভিন্ন কারণে সবটা করতে পারছেন না। আমরা জানি যে নিয়ম হয়ে গিয়েছে যে থানার লকআপে মহিলা বন্দী থাকলে মহিলা পুলিশ বা মহিলা হোমগার্ড রাখতে হবে তাদের দেখভালো করার জন্য। কিন্তু এর জন্য যত লেডি হোমগার্ড প্রয়োজন তত লেডি হোমগার্ড আমাদের নেই। আমার প্রশ্ন, এই যে রিক্রুমেন্টটা হচ্ছে এ ক্ষেত্রে মহিলাদের হোমগার্ড হিসাবে নেওয়ার ক্ষেত্রে সরকারের কোনো চিন্তা-ভাবনা আছে কিনা ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : একটা সিদ্ধান্ত আছে যে যদি কোনো মহিলা আসামী থাকে থানার লপআপে তাহলে তার পাহারাতে মহিলারাই থাকবেন এবং একজন নয়, দুজন থাকবেন। বেশিরভাগ থানাতে এই অরিয়েন্টটেশানটা দেওয়ার চেষ্টা হয়েছে। তার থেকে বড়ো কথা, আমাদের ডি.জি.পি. এবং ডি.জি. হোমগার্ড এরা যৌথভাবে একটা তালিকা তৈরি করেছেন যে কোথায় কোথায় এ রকম প্রয়োজন আছে। সে ক্ষেত্রে লেডি হোমগার্ড এবং হোমগার্ড সব মিলিয়ে একটা স্ট্রাকচার ওরা দাঁড় করাবার চেষ্টা করেছেন। মাত্র সপ্তাহখানেক আগে সেই ফাইলটা এসেছে, আমি দেখছি। পশ্চিমবঙ্গে এটা নিয়ম করে দেওয়া হয়েছে যে মহিলা আসামী থাকলে সেখানে মহিলা কনস্টেবল বা মহিলা হোমগার্ড থাকবে দু-জন করে। সব জায়গাতে সেটা দেওয়ার ক্ষেত্রে যে অসুবিধা হচ্ছে—এখানে কোথায় কতটুকু অসুবিধা রয়েছে সেটা আমরা দেখছি, তার কাগজপত্র তৈরি হয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় হোমগার্ডদের ভাতা এবং পারিশ্রমিকের কথাটা বললেন এবং বললেন কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার কতটা করে বহন করেন। এই ব্যবস্থাটা কত দিন ধরে চালু আছে বর্তমানে যে ভাতা বা পারিশ্রমিক পাচ্ছে ? আজকে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে, এইসব দিকগুলো বিবেচনা করে সরকার ওদের পারিশ্রমিক বাড়াবার কোনো চিন্তা-ভাবনা আছে বা কি ভাবে কি করছেন ?

[11.20—11.30 a.m.]

ডঃ শ্রীকুমার মুখার্জী : আসলে মেজর তফাতটা শুরু হয় ১৯৯৬ সালের পর থেকে। কেন্দ্রীয় সরকারের তৎকালীন হোম মিনিস্টার ইন্দ্রজিৎবাবু যখন ছিলেন তখন তিনি একটা প্রস্তাব করেছিলেন। সেটা হচ্ছে হোমগার্ডদের যে দৈনন্দিন ভাতা ৩৩ টাকা ছিল সেটাকে বাড়িয়ে ১০০ টাকা করা হোক। এটা কেন্দ্রীয় সরকারের বিবেচনার মধ্যে ছিল এবং পরে এটা অর্থ দপ্তরের কনসেন্টও পেয়েছিল। কিন্তু পরবর্তীকালে সরকার পাল্টে যাওয়ার পরে সেই ফাইল বন্ধ হয়ে যায়, সেই ৩৩ টাকাই রয়ে যায় যেটা এখন পর্যন্ত তাদের দেওয়া হচ্ছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। গত মাসে ডাইরেক্টর জেনারেল, সিভিল ডিফেন্স এখানে এসেছিলেন, আমার সঙ্গে তাঁর কথা হয়েছে, তিনি আবার নতুন করে সেই জায়গায় ফিরে যেতে চাইছেন। অর্থাৎ সেই ১০০ টাকাতেই তিনি ফিরে যেতে চাইছেন। পশ্চিমবাংলায় আমরা হোমগার্ডদের দৈনিক ভাতা ১১১ টাকা দিতে শুরু করেছি ১৯৯৬ সাল থেকে। সংখ্যাটা ৫৬-৫৭ হতে পারে, সেই রকম একটা টাকা দিতাম যখন কেন্দ্রীয় সরকারের ৩৩ টাকা ছিল। দিল্লির গাইড লাইন অনুযায়ীই আমরা করে থাকি। এখন এই জায়গায় আছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। বিশেষ করে থানাগুলো হোমগার্ড এবং এন.ভি.এফ.-রা পরিচালনা করে। হোমগার্ডদের সুযোগ-সুবিধা অনেক কম থাকলেও তারা যদি চাকুরিরত অবস্থায় মারা যায় তাহলে কমপ্যাসিয়েন্ট গ্রাউন্ডে তাদের পরিবারের একজনকে চাকুরি দেওয়া পদ্ধতি চালু আছে। কিন্তু এন.ভি.এফ.-দের কেউ যদি চাকুরিরত অবস্থায় মারা যায় তাহলে তাদের পরিবারের কাউকে চাকুরি দেওয়ার ব্যবস্থা নেই। এন.ভি.এফ.-দের এই সুযোগ সুবিধা দেওয়ার কথা বিবেচনা করবেন কিনা জানাবেন কি ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : ১ নম্বর হচ্ছে এন.ভি.এফ.-টা আমার দপ্তরে এখনও পর্যন্ত নেই। তবে হয়তো আসবে, এন.ভি.এফ.-টা আমার দপ্তরের সঙ্গে জুড়ে যাবে। মাননীয় মুখ্যমন্ত্রী এই রকমই সিদ্ধান্ত নিয়েছেন। সুতরাং এখন এন.ভি.এফ. সম্পর্কে প্রশ্নে উত্তর দেওয়া আমার পক্ষে মুশকিল।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। আপনি বলেছেন কেন্দ্রীয় সরকারের সহায়তা যা পাচ্ছেন তার থেকে অনেক বেশি টাকা আপনি দিচ্ছেন। হোমগার্ডদের পক্ষে নিশ্চয়ই এটা ভালো কথা। আমি যেটা আপনার কাছে জানতে

চাই সেটা হলো, এই হোমগার্ডরা যখন অবসর গ্রহণ করেন তাদের অবসরকালীন সুযোগ-সুবিধা বর্তমানে কি অবস্থা আছে ? আরও বাড়াবার কথা আগামীদিনে ভাবছেন কিনা ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : এদের অবসরকালীন ভাতার ব্যবস্থা নেই। কারণ তারা দৈনিক ভাতায় কাজ করে। একটা সময় ভাবনা-চিন্তা ছিল না তা নয়। একযা টাকা গ্রস দিতে পারি কিনা এই রকম চিন্তাভাবনা ছিল। আরও বলতে পারি এটা প্রসেসের মধ্যে আছে, ৬ মাসের দৈনিক ভাতা এককালীন দিয়ে দেওয়া যায় কিনা, এটা বিবেচনাস্তরে আছে। তবে একটা আর্থিক সাহায্য তারা পায়। একটা ওয়েল ফেয়ার ফান্ড আছে, রিটায়ারের সময় গ্রস একটা টাকা দেওয়া হয়। তবে এটা আন অফিসিয়ালি দেওয়া হয়, সেই কারণে আমি অফিসিয়ালি বলতে পারবো না। তবে নতুন করে কিছু করা যায় কিনা সেটা দেখছি।

শ্রী সমর হাজরা : মাননীয় মন্ত্রিমহাশয়কে বলি, আপনার দপ্তর থেকে দেখি মাঝে মাঝে ৭ দিন কিংবা ১৫ দিনের একটা ট্রেনিং-এর ব্যবস্থা থাকে। সেটা বিভিন্ন জায়গায় হয়। এই যে যুবক-যুবতীদের ট্রেনিং দেওয়া হয় তাদের কোনো কাজের সঙ্গে যুক্ত করা হয় জানাবেন কি ?

ডঃ শ্রীকুমার মুখার্জী : এটা কোন্ ট্রেনিং-এর কথা বলছেন আমি বুঝতে পারছি না।

শ্রী সমর হাজরা : সিভিল ডিফেন্সের ট্রেনিং-এর কথা বলছি।

ডঃ শ্রীকুমার মুখার্জী : সিভিল ডিফেন্সের ট্রেনিং-এর সঙ্গে হোমগার্ডদের ট্রেনিং-এর কোনো যোগাযোগ নেই।

Starred Questions
(to which oral answers were given)

অসামাজিক কাজে যুক্ত পুলিশ কর্মীর সংখ্যা

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬) **শ্রী আবদুল মান্নান** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ থেকে ২০০২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত খুন, ছিনতাই, ডাকাতি, ধর্ষণ সহ অন্যান্য অসামাজিক কাজে কতজন পুলিশ কর্মী অভিযুক্ত হয়েছে ;

(খ) অভিযুক্তদের কতজনের বিরুদ্ধে চার্জশিট দেওয়া হয়েছে ; এবং

(গ) তন্মধ্যে, কতজনের শাস্তি হয়েছে ?

বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) খুন—৭ জন, ছিনতাই—১০ জন, ডাকাতি—২ জন, ধর্ষণ—১২ জন, অন্যান্য—১১৯ জন, মোট ১৫০ জন।

(খ) ১০০ জনের বিরুদ্ধে।

(গ) ৪ জনের।

অতিরিক্ত প্রশ্ন :

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মুখ্যমন্ত্রী, পুলিশের মধ্যে অপরাধীর সংখ্যা কত বাড়ছে দেখুন। আপনি যে হিসাব দিলেন তাতে দেখা যাচ্ছে, গত পাঁচ বছরে ১৫০ জন পুলিশকর্মী খুন, ছিনতাই, ডাকাতি এবং ধর্ষণ ইত্যাদিতে অভিযুক্ত, এবং ১০০ জনের বিরুদ্ধে চার্জশিট দিয়েছেন। তাহলে বাকিরা কি অবস্থায় আছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ইনভেস্টিগেশন চলছে। ইনভেস্টিগেশন শেষ হলে চার্জশিট দেওয়া হবে।

শ্রী আব্দুল মান্নান : আর কতদিন সময় লাগবে ? আপনি যদি ইয়ার ওয়াইজ বলেন, ১৯৯৮-২০০২ পর্যন্ত যদি বলেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : না, বছর ধরে বলতে পারবো না। তবে প্রত্যেকটি ক্ষেত্রে ইনভেস্টিগেশন চলছে। ইনভেস্টিগেশন শেষ না হলে চার্জশিট দেওয়া যায় না।

শ্রী আব্দুল মান্নান : ২০০২ সালের কেসে চার্জশিট দেওয়া যায়নি, ঠিক আছে। কিন্তু ১৯৯৮, ১৯৯৯ সালের কেসগুলোর মধ্যেও কি এখনও পেন্ডিং আছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ১৯৯৮ সালের ইনভেস্টিগেশন শেষ হয়ে গেছে। বাকিগুলোর ক্ষেত্রে ২০০২ পর্যন্ত বলেছি, ইনভেস্টিগেশন চলছে।

শ্রী আব্দুল মান্নান : এই যে ১৫০ জনের মধ্যে চারজনের শাস্তি হয়েছে, এর মধ্যে কতজন আদালত থেকে রেহাই পেয়েছে ? নিরাপরাধ বলে প্রমাণ হয়েছে, এই রকম কতজন আছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : রাজ্য পুলিশের সাতজন কর্মী আদালত থেকে মুক্তি পেয়ে গেছে। চারজনের শাস্তি হয়েছে। রাজ্য পুলিশের ৭৪ জন এবং কলকাতা পুলিশের ১৫ জন, মোট ৮৯ জনের বিচার চলছে।

শ্রী আব্দুল মান্নান : আপনি বললেন ৮৯ জনের বিচার চলছে, আর ৪ জনের শাস্তি হয়েছে তাহলে তো মোট ৯৩ জন হয় ? ওই ৮৯ জন কি আন্ডার ট্রায়াল ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : হ্যাঁ, ওরা আন্ডার ট্রায়ালে রয়েছে।

শ্রী আব্দুল মান্নান : আপনি বললেন, ৭৪ আর ১৫, এই মোট ৮৯ জন ট্রায়ালে আছে। আবার বললেন ৪ জনের শাস্তি হয়েছে, আর ৭ জন মুক্তি পেয়েছে। তাহলে সংখ্যাটা কি করে ১০০ হয় ? না, না, আমারই ভুল হচ্ছে। ১০০ জনই হচ্ছে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : হ্যাঁ, আমি তো ১০০ জনের কথাই বলেছি।

শ্রী আব্দুল মান্নান : এই যে একটা ট্রেন্ড দেখা যাচ্ছে যে, পুলিশ অপরাধের সঙ্গে যুক্ত হচ্ছে—১২ জন ধর্ষণের সঙ্গে যুক্ত, দু-জন ডাকাতির সঙ্গে যুক্ত, ১২ জন ছিনতাইয়ের সঙ্গে যুক্ত এবং খুনের সঙ্গে যুক্ত ৭ জন, মোট প্রায় ৩১ জন যুক্ত হয়েছে—

পুলিশের মধ্যে যারা এই রকম অপরাধের সঙ্গে যুক্ত হওয়ায় ধরা পড়ছে, তাদের বিরুদ্ধে আপনি শাস্তির ব্যবস্থা নিচ্ছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, এই ট্রেন্ডটা যাতে বন্ধ হয় তার জন্য সরকার কি স্টেপ নিয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : সাধারণভাবে আমাদের সকলেরই জানা, আমি একটু স্মরণ করিয়ে দিচ্ছি, পুলিশ এই সমাজ ব্যবস্থার মধ্যেই আছে। এখানে যে অপরাধের জন্ম হচ্ছে, পুলিশ এর বাইরে যেতে পারে না। ডাক্তাররা অপরাধ করছে, ইঞ্জিনিয়াররা করছে, কে করছে না ? কিন্তু পুলিশ করলে সেটা বেশি চোখে পড়ে। সে অপরাধ দমন করে। সে যদি অপরাধের মধ্যে জড়িয়ে পড়ে, সেটা বেশি করে চোখে পড়ে। এই দেখুন, আজ থেকে ট্রায়াল শুরু হবে বাপী সেনের কেসের। তাকে খুন করল কে, সেই পুলিশ। তিনি অপরাধকে ঠেকাতে গিয়ে খুন হলেন। কাজেই, দুটো দিকই আছে। অধিকাংশ পুলিশ শৃঙ্খলাবদ্ধভাবে কাজ করেন। কিছু আছে যারা তা করে না।

[11.30—11.40 a.m.]

তাদের একটা কথা হচ্ছে, এই আইনের শাসন বলতে যা বোঝায় গ্রেপ্তার করা হবে, সাজা দেওয়া হবে। আর একটা কথা হচ্ছে, যখন তাদের ট্রেনিং দেওয়া হয়, তখন তাদের শারীরিক ও মানসিক অবস্থার বিচার হয়, সার্ভিসে থাকাকালীন ট্রেনিং হয়, চাকরিতে আসার সময় ট্রেনিং হয়, এই ট্রেনিং-এর মধ্যে দিয়ে তাদের শারীরিক মানসিক প্রস্তুতি করার চেষ্টা হয় ; এছাড়া স্পোর্টস ও অন্যান্য খেলাধুলায় তাদেরকে এনকারেজ করা হয়। আপনারা জানেন এরা অনেকেই অ্যানুয়াল স্পোর্টসে পার্টিসিপেট করেন, এর মধ্যে দিয়ে তাদের রিক্রিয়েশন-এর ব্যবস্থা করা হয়। এইভাবে পুলিশবাহিনীকে প্রস্তুত করা হয়।

শ্রী আব্দুল মান্নান : স্যার, এখানে উনি বাপি সেন-এর কথা বললেন, আমি এখানে জানতে চাইছি, এই যে অপরাধগুলি ঘটেছে, এতে কতজন পুলিশ ভিকটিম আছে এবং কতজন অফিসার জড়িত আছেন, এবং যারা অপরাধী তাদের মধ্যে কতজন অফিসার এবং কনস্টেবল আছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : খুনের ক্ষেত্রে ইন্সপেক্টর একজন, কনস্টেবল ৩ জন। ছিনতাই-এর ক্ষেত্রে কনস্টেবল ১০, ডাকাতির ক্ষেত্রে কনস্টেবল ২ জন, ধর্ষণের ক্ষেত্রে কনস্টেবল ৮ জন, ইন্সপেক্টর লেবেলে খুনের সঙ্গে জড়িত ১ জন।

শ্রী আব্দুল মান্নান : কতজন পুলিশ ভিকটিম আছেন যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন, যেমন বাপি সেন এর কথা বললেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এর জন্য আলাদা প্রশ্ন করতে হবে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে চার্জশিটপ্রাপ্ত আসামী যারা তাদের ট্রায়াল হওয়ার কথা। আমি শুধু এই ব্যাপারে বলতে চাই, পুলিশের চার্জশিট নিয়ে আপনি যে হিসাবটা দিলেন এখানে ৮৯ জন আন্ডার ট্রায়াল একশো জনের মধ্যে। এখানে

এই রকম পুলিশ বা অন্যান্য আসামী যার চার্জশিট হয়েছে, কিন্তু তাদেরকে বহুক্ষেত্রে দেখা যাচ্ছে চার্জশিট হয়ে গেছে, কিন্তু ট্রায়াল শুরু হচ্ছে না, কয়েক বছর চলে যাচ্ছে। এই জায়গায় যে প্রবলেম, চার্জশিট হচ্ছে, ট্রায়াল শুরু হচ্ছে না, এই ব্যাপারে আপনার দপ্তর থেকে এর সঙ্গে জুডিশিয়াল ডিপার্টমেন্টের ব্যাপারটাও জড়িত আছে। কিন্তু অপরাধীদের এইভাবে বিচার দেরি হওয়ার ফলে অপরাধীরা সাজা পাচ্ছেন না, তাদের বিচারের নিষ্পত্তিও হচ্ছে না। এই ব্যাপারে আপনার দপ্তর থেকে বা মুখ্যমন্ত্রী হিসাবে কিছু করা যায় কিনা, এই ব্যাপারে কি কিছু ভেবেছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই সমস্যাটা আছে। চার্জশিট হওয়ার পরে ট্রায়াল শুরু হয় না। এই ব্যাপারে আমি একাধিকবার মাননীয় আইনমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। আইনমন্ত্রী পরামর্শ নিয়ে ডি.আই.জি. লেবেলে, ডি.আই.জি. প্রসিকিউশন পোস্ট করেছি যাতে কোর্টের সঙ্গে পুলিশের সম্পর্কটা ঠিক করা যায়, এর জন্য সিনিয়র পোস্ট ক্রিয়েট করা হয়েছে যাতে চার্জশিট-এর পরে ট্রায়াল শুরু হয়। সবটা আমাদের হাতে থাকে না, কিছুটা আদালতের হাতে দায়িত্বটা থাকে।

শ্রী নেপাল মাহাতো : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, আমি মাননীয় পুলিশমন্ত্রীর কাছে জানতে চাইছি, যে কোনো ঘটনার পরে ইনভেস্টিগেশন, তারপরে চার্জশিট হয়। ইনভেস্টিগেশন করার পরে চার্জশিট দেবার ব্যাপারে কোনো নির্দিষ্ট সময়সীমা আছে কিনা বলবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : কয়েকটি ধারার ক্ষেত্রে এটা আছে, ৯০ দিনের মধ্যে করতে হয়, খুনের ক্ষেত্রে। সব ধারার ক্ষেত্রে নেই। কিন্তু চেষ্টা করা হয় যত তাড়াতাড়ি করা সম্ভব। চেষ্টা করা হয় ৯০ দিনের মধ্যে দিতে, শতকরা ৯০ ভাগ ক্ষেত্রে আমরা সফল হয়েছি।

শ্রী অজয় দে : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন যে এই কয়েক বছরে দেড়শো জন মানুষকে পুলিশের দ্বারা খুন, ছিনতাই, ডাকাতি, ধর্ষণ ইত্যাদির ঘটনা ঘটেছে। ১৫০ জন পুলিশের বিরুদ্ধে এটা আছে। আপনার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই যারা ক্ষতিগ্রস্ত হল, বিভিন্ন ব্যাপারে—খুনের ক্ষেত্রে, ধর্ষণের ক্ষেত্রে এদেরকে সাহায্য দেওয়ার ব্যপারে কোনো কিছু সরকার চিন্তা-ভাবনা করেছেন কিনা, ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এইগুলো সমস্ত ক্ষেত্রেই একটা নীতি ধরে হয় না। সে কি অবস্থায় খুন হয়েছে, কি অবস্থায় মারা গেছে, তার পরিবারের অবস্থাটা কি সেইসব দেখে আমরা কিছু কিছু ক্ষেত্রে সাহায্য দিই। সাধারণভাবে এই ব্যাপারে আমাদের কোনো নীতি নেই।

শ্রী অসিত মাল : মাননীয় পুলিশমন্ত্রী প্রশ্নের যে উত্তর দিলেন সেটা পরিষ্কার নয় বলেই আমি জানতে চাইছি। কিছু কিছু ক্ষেত্রে মার্ডার কেসে ৯০ দিনের মধ্যেই চার্জশিট প্লেস করা হচ্ছে, আবার কিছু কিছু মার্ডার কেসে দশ বছরেও চার্জশিট প্লেস করা হচ্ছে না।

একই থানা এরিয়ায় মার্ডার কেসের ক্ষেত্রে দেখা যাচ্ছে তিন মাসের মধ্যে চার্জশিট প্লেস হচ্ছে, আসামী ধরা পড়ছে। ৯০ দিনের মধ্যে চার্জশিট প্লেস করার ব্যাপারে কোনো সময় সীমা বা নির্দেশ আছে কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মার্ডার কেসের ক্ষেত্রে একটা নির্দিষ্ট সময়সীমা আছে। একটা হতে পারে আসামীকে পাওয়া যায়নি বা তার উইটনেস পাওয়া যায়নি। এইসব কারণে অনেক সময় দেরি হয়ে যেতে পারে। এই রকম অনেকগুলো ঘটনা আমি জানি। আপনার জেলায় কোন থানা করছে আমি জানি না। আর পুলিশের দিক থেকেও দেরি করার একটা কারণ আছে। তাদের একদিকে ইনভেস্টিগেশন করতে হবে, আবার প্রত্যেকদিন ল্ অ্যান্ড অর্ডারের প্রবলেম দেখতে হবে। তাছাড়া থানায় কর্মীর সংখ্যা কম, সেই জন্য ইনভেস্টিগেশন ক্ষতিগ্রস্ত হয়। তবে আপনার কথা শুনে মনে হচ্ছে, একটা বিশেষ মার্ডার কেসের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হয়েছে, আরেকটা কেসের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হয়নি। তবে আপনি নির্দিষ্টভাবে যদি জানান, তবে আমি খবর নেব কেন হচ্ছে না।

শ্রী অসিত মিত্র : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন অফিসার এবং কনস্টেবল মিলিয়ে চারজনের শাস্তি হয়েছে। যে চারজনের শাস্তি হয়েছে তারা কে কোন অপরাধের সঙ্গে সংযুক্ত এবং তাদের কি শাস্তি হয়েছে জানাবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : তারা কি অপরাধ করেছিল এবং তাদের নামধাম আমার কাছে নেই। যখন বাজেট স্পীচ নিয়ে আলোচনা হবে তখন আমি বলে দেব সংশ্লিষ্ট চারজন কি অপরাধ করেছিল এবং তাদের কি শাস্তি হয়েছে।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন কিছু কিছু পুলিশের শাস্তি হয়েছে। আমরা কলকাতা পুলিশ এবং রাজ্য পুলিশের ক্ষেত্রে দেখেছি ছুটির জন্য আবেদন করা সত্ত্বেও তাদের ছুটি মঞ্জুর হয়নি এবং উপরওয়ালার রক্তচক্ষুর রোষে তারা আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। যে সমস্ত সুসাইডাল নোট পাওয়া গেছে তাতে দেখা যাচ্ছে ছুটি না দেওয়ার জন্য সে আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। অনেক ক্ষেত্রে সার্ভিস রিভলবার থেকে বা কোয়ার্টারের ছাদ থেকে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করেছে। যে পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ব্যাপারে আপনার কোনো পরিকল্পনা আছে কি ?

[11.40—11.50 a.m.]

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আরও নির্দিষ্টভাবে বললে ভালো হত। সত্য ঘটনাটি কি, তা আমার মনে নেই, মনে হয় এ রকম একটা কথা কাগজে পড়েছিলাম। স্পেসিফিক যদি বলতে পারতেন এই থানা, এই অফিসার বা এই কনস্টেবল ছুটি চেয়ে তা না পাওয়াতে আত্মহত্যা করেছে, তাহলে স্পেসিফিক উত্তর দিতে পারি।

শ্রী শিবদাস মুখার্জী : আপনি অনেককে শাস্তি দিয়েছেন, বাপী সেনের পরিবারকে আর্থিক সাহায্যের কথা বলেছেন। পুলিশ কনস্টেবলকে ছুটি দিতে পারেন আই.সি., এস.পি., অ্যাডিশনাল এস.পি., বা আর.আই,। দীর্ঘদিন ধরে কর্মরত অবস্থায় থাকার পরে কোনো

কারণে ছুটি পাননি, তখন আত্মহত্যা করেছে। কলকাতায় এই রকম ঘটনা ঘটেছে, আলিপুর বডিগার্ড লাইনে ঘটেছে, জেলাতেও ঘটেছে। এই ধরনের ঘটনা যাতে আর না হয় তার জন্য কোনো চিন্তা-ভাবনা করেছেন কিনা বা কোনো পরিকল্পনা নিয়েছেন কিনা জানাবেন কি ? আর, স্পেসিফিক নাম-ধাম এখনই বলতে পারব না।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটা ঘটনা নয় যে, জেলা শহরে বা কলকাতায় বা রাজ্য পুলিশে পুলিশ ব্যাপকভাবে আত্মহত্যা করছে। আর, ছুটি নেওয়ারও তো নিয়মকানুন আছে। জরুরি একটা অবস্থা হল, নানা সমস্যা থাকল—হয়তো কোথাও কমিউনাল টেনশন হয়েছে বা পুজো, ঈদের সময় অনেকে ছুটি চাইলেও আমরা ছুটি দিতে পারি না। ছুটির ক্ষেত্রে এসব সমস্যা আছে। সুনির্দিষ্টভাবে জানতে চাইলে, সুনির্দিষ্টভাবে জেনে বিকেলে বলব।

শ্রী কমল মুখার্জী : অসামাজিক কাজের মধ্যে পড়ে—পুলিশের অফিসার, পুলিশের লোক যে হিসাব বহির্ভূত আয় করছে, সেই ব্যাপারে এই সময়কালের মধ্যে কতজনকে অভিযুক্ত করতে পেরেছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : সেটা এখানে বলা যাবে না, আলাদা প্রশ্ন করতে হবে। সেটা দেখে ভিজিলেন্স। কতজন পুলিশ অফিসার বা কর্মীর বিরুদ্ধে ভিজিলেন্সের তদন্ত চলছে, এটা জানতে হলে আলাদা নোটিশ দিতে হবে।

রাজ্যে বনাঞ্চলের আয়তন

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের মোট আয়তনের কত অংশ বনাঞ্চল ;

(খ) তন্মধ্যে, সংরক্ষিত বনাঞ্চলের পরিমাণ কত ;

(গ) সংরক্ষিত বনাঞ্চলের মধ্যে কত অংশ অভয়ারণ্য ; এবং

(গ) মোট অভয়ারণ্যের সংখ্যা কত ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ :

(ক) বর্তমান রাজ্যের মোট আয়তনের ১৩.৬ শতাংশ বনাঞ্চল

(খ) তন্মধ্যে সংরক্ষিত বনাঞ্চলের পরিমাণ ১১০৭২.৩৭ বর্গ কিঃ মিঃ।

(গ) সংরক্ষিত বনাঞ্চলের মধ্যে ৩৬.৪ শতাংশ অভয়ারণ্য।

(ঘ) ১। জাতীয় উদ্যান—৫টি, ২। অভয়ারণ্য—১৫টি, ৩। ব্যাঘ্র প্রকল্প—২টি, ৪। হস্তি প্রকল্প—২টি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আমাদের রাজ্যের মোট আয়তনের তুলনায় বনভূমি খুবই সীমিত। এই সীমিত পরিমাণ বনভূমির বাইরে অন্যান্য অঞ্চলে বনায়ন করার ক্ষেত্রে বিগত বছরগুলিতে অগ্রগতি কিরকম হয়েছে জানাবেন কি ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : এটা ঠিকই আমাদের রাজ্যের রেকর্ডে বনভূমির পরিমাণটা অল্প। ৮০-র দশক থেকে বনের বাইরে বন তৈরি করার একটা ব্যাপক কর্মসূচি গৃহীত হয় এবং এখনও সেটা চলছে। বর্তমান সময়ে স্যাটেলাইট পিকচারের যে সংখ্যাটা বেরিয়ে এসেছে সেটা হচ্ছে ১৫.৩ শতাংশ আমাদের রাজ্যের বনাঞ্চল। তাছাড়া স্ট্রিট ফরেস্ট্রি মানে রাস্তার ধারে ধারে সারিবদ্ধ গাছ ২৭ হাজার, নিজের জমিতে যার গাছ লাগাচ্ছেন বিশেষ করে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর প্রাধান্য পেয়েছে ২ লক্ষ ১৪ হজার ৭৭৭ হেক্টর এবং সরকারি যে সমস্ত ভেস্টেড ল্যান্ড আছে, নদীর চরা ইত্যাদি ৬৫ হজার হেক্টর। এই ব্যাপক কর্মসূচি ইতোমধ্যেই হয়েছে এবং বর্তমানে জেলা পরিষদের সহযোগিতায় যাতে আরও বেশি এগিয়ে যাওয়া যায় তার চেষ্টা হচ্ছে। আমাদের রাজ্যে ৩৩ শতাংশ সবুজায়নের লক্ষ্য। সব মিলে আমরা ২৭ শতাংশে পৌঁছেছি। আগামী দিনে এটা পূরণ করা যাবে বলে আমি মনে করি।

শ্রী আবু আশেয় মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয়; এই বিষয়ে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং অগ্রগতি অব্যাহত যাতে থাকে সে চেষ্টা আপনি করছেন। আমি জানতে চাইছি যে সংরক্ষিত বনাঞ্চল বা অভয়ারণ্য বললেন, সংরক্ষিত বনাঞ্চলের প্রাণী সংরক্ষণের ক্ষেত্রে আপনার অগ্রগতি এবং সাফল্য কি দয়া করে বলবেন কি ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : বন বৃদ্ধির সঙ্গে বন্যপ্রাণীও সম্প্রসারণ হচ্ছে। আপনি শুনে খুশি হবেন যে আমাদের রাজ্যে জলদাপাড়া, গরুমারা এবং সুন্দরবনে ওয়াইল্ড লাইফ স্যাঞ্চুয়ারিগুলোতে ওয়াইল্ড লাইফ পপুলেশন দিন দিন বাড়ছে। দু-বছর, তিন বছর অন্তর অন্তর সেন্সাস হয়। সেই গণনার ফলে আমরা দেখছি যে ক্রমশ বাড়ছে। সবচেয়ে উল্লেখযোগ্য ব্যাপার জলদাপাড়া আর গরুমারাতে এক শৃঙ্গী গন্ডার যেটা আমাদের দেশে কাজিরাঙা ছাড়া আর কোথাও নেই। এক শৃঙ্গী গন্ডারের পপুলেশন আমরা বাড়াতে সমর্থ হয়েছি। বাইসন পপুলেশন বাড়ছে, হাতী বাড়ছে, সুন্দরবনে বাঘের স্থিতাবস্থা বজায় আছে এবং সীমিত পরিসর বনভূমির মধ্যে আধুনিকভাবে একটা মর্ডান ম্যানেজমেন্ট ওয়াইল্ড লাইফে যেটা আমরা শুরু করে দিয়েছি। হাতী তাদের যে খাবার এবং পানীয় জল তার জন্য বিশেষ করে গ্রাস ল্যান্ড দরকার। মাননীয় সদস্য যারা জলদাপাড়াতে গেছেন তারা নিশ্চয়ই লক্ষ করেছেন যে প্রয়োজনে কিছুটা জঙ্গল কেটেও সেখানে গ্রাস ল্যান্ড তৈরি করা হয়েছে। প্রথমে এটা নিয়ে খানিকটা সমালোচনা হয়েছিল কিন্তু পরে সবাই উপলব্ধি করেছেন যে এটা প্রয়োজন। আপনারা শুনলে খুশি হবেন যে আমাদের বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলা যেখানে ওয়াইল্ড লাইফ বলতে গেলে বিলুপ্ত হয়ে গিয়েছিল সেখানে ওয়াইল্ড লাইফ শুরু করেছি। এমনিতে সেখানে হাতী থাকছে লেপার্ড বা অন্যান্য প্রাণী সেখানে লক্ষ করা যাচ্ছে, হরিণের পপুলেশন বাড়ছে। আমাদের রাজ্যে ওয়াইল্ড লাইফ ম্যানেজমেন্ট এই মুহূর্তে ভালো চলছে। আরও কিছু কাজ আমাদের করতে হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আমাদের রাজ্যে সংরক্ষিত বনাঞ্চলে বন্যপ্রাণী সংরক্ষণের ক্ষেত্রে এবং তার সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকার কথা আপনি বললেন। বন রক্ষার একটা সমস্যা দেখছি এই চিরায়ত বন রক্ষার ক্ষেত্রে বর্তমানে বনবিভাগ কি ভূমিকা পালন করছে ?

[11.50—12.00 noon]

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : এটা অত্যন্ত ভালো প্রশ্ন করেছেন, আমাদের যে সাফল্য সেটা আগের প্রশ্নের উত্তরে আমি বলেছি, এ ব্যাপারে বলতে গেলে তার ভিত্তিই হচ্ছে বন সংরক্ষণ কমিটি এবং স্থানীয় মানুষ, বনপ্রান্তবাসী তাদের নিয়ে এবং ত্রিস্তর পঞ্চায়েত এবং কিছু স্বেচ্ছাসেবী সংস্থা এই সবাই মিলে বনকে রক্ষা করা হচ্ছে। যেহেতু বন রক্ষা করা হচ্ছে তাই বন্যপ্রাণী বাড়ছে। এটা আমাদের যৌথ বন পরিচালন নীতি। পশ্চিমবঙ্গের বনবিভাগ স্থানীয় মানুষকে ঐক্যবদ্ধ করে ফরেস্ট প্রোটেকশন কমিটি তৈরি করেছে। এলাকার দলমত নির্বিশেষে সমস্ত মানুষ বনবিভাগের সঙ্গে যুক্ত হয়েছে এবং বনরক্ষা করছেন। সবচেয়ে বড় কথা হল তারা সেখানে আর্থিকভাবে লাভবান হচ্ছেন। প্ল্যান্টেশন ফেলিং এবং নানান ধরনের সেখানে যে কাজগুলি আছে তারা সেটা করছেন। নন্‌টিম্বার ফরেস্ট প্রোডিউস অর্থাৎ টিম্বার নয় এই রকম কিছু প্রোডিউস আছে তারা সেটা কালেকশন করছেন এবং তাদের পরিবার প্রতিপালন করছেন। ৪ লক্ষ মানুষ ইতিমধ্যেই এর সঙ্গে যুক্ত হয়েছেন এবং ৪ হাজারের কাছাকাছি বন সংরক্ষণ কমিটি আছে তাদের সঙ্গে নিয়ে ফরেস্ট রেঞ্জ অফিসার, বিট অফিসার, ডি.এফ.ও. সবাই মিলে বসে কর্মসূচি তৈরি করেন এবং এর মধ্যে দিয়ে যৌথ বন সংরক্ষণ যে নীতি তার কাজে বলিষ্ঠতা লক্ষ করা যাচ্ছে। এইভাবে আমরা আমাদের বনকে নিয়ন্ত্রণ করছি এবং সম্প্রসারণ করছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় মন্ত্রী, জলদাপাড়া, গরুমারা, সুন্দরবনের হাতি, বাঘের কথা বলেছেন এবং তাদের রেডিওকলার বেঁধে দিয়েছেন। আমার একটা প্রশ্ন জিজ্ঞাস্য সেটা হল নদিয়া জেলার বেথুয়াডহরি ফরেস্ট আছে এবং বাহাদুরপুর ফরেস্ট আছে। বেথুয়াডহরি ফরেস্ট থেকে নাকি হরিণ চলে গেছে এবং চুরি হয়েছে। এ ব্যাপারে আপনার কাছে কি কোনো সংবাদ আছে ? সেই হরিণ কারা নিয়ে গেছে সে ব্যাপারে কিছু জানেন ? দ্বিতীয় প্রশ্ন হল, কৃষ্ণনগর ২ নম্বর ব্লকের অধীনে বাহাদুর ফরেস্ট আছে, এটা বিরাট ফরেস্ট। এক সময় শুনেছিলাম সেখানে লায়ন সাফারি করা হবে। পরে বলা হল সেখানে নদীর পাশে পাশে নৌকো নিয়ে ভ্রমণ বিহারের ব্যবস্থা করা হবে। সঠিকভাবে আপনার কাছে এই রকম কোনো পরিকল্পনা আছে কি ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : নদিয়া জেলায় যে বেথুয়াডহরি ওয়াইল্ড লাইফ স্যাঞ্চুয়ারির কথা বললেন সেখানে গত বন্যায় কিছু ক্যাপটিভ হরিণ বাইরে চলে যায় ঠিকই, কিন্তু সেই হরিণগুলি গ্রামবাসীরা ফেরত দেয়। এটা একটা সচেতনতার দিক, আমরা লক্ষ করছি যে হরিণ বাইরে চলে গেলে গ্রামবাসীরা বনবিভাগের লোকদের খবর দিচ্ছেন। ওখানে

ক্যাপটিভ হরিণ বেশি আছে। বাহাদুরের ব্যাপারে বলি অতীতে এই রকম কথা উঠেছিল সেখানে কিছু হবে, কিন্তু এই মুহূর্তে আমার কাছে যেটুকু খবর আছে সেখানে পিকনিক জোন বা হলিডে রিসোর্ট করা হবে। ইতিমধ্যেই সেখানকার বন আধিকারিক আমাকে ফোনে জানিয়েছেন যে কাজ শুরু করেছেন এবং জেলা পরিষদের মাধ্যমে ১৫ লক্ষ টাকা এসেছে। আমরা নিশ্চয় চেষ্টা করব। বেথুয়াডহরি এবং বাহাদুরপুরে আরো ভালো কিছু করা যায় কিনা সেটা আমরা দেখব।

শ্রী তপন হোড় : আপনি জানেন এখন উত্তরবাংলায় বন্যা এবং পাহাড়ে ল্যান্ড স্লাইডিং হচ্ছে। আমিও একটা সময় উত্তরবাংলার ইউনির্ভাসিটির ছাত্র ছিলাম। তখন আমরা বিভিন্ন জায়গায় বেড়াতে যেতাম। দেখা যাচ্ছে তখন পাহাড়ে যে বনাঞ্চল ছিল এখন আর তা নেই। এবং এর ফলে ল্যান্ড স্লাইডিং, নদীর দিক পরিবর্তন হতে দেখা যাচ্ছে। ভূটানের একটা সমস্যা তো আছেই। আমি সেদিকে যাচ্ছি না। ল্যান্ড স্লাইডিং-এর একটা মূল কারণ হচ্ছে ভয়ানকভাবে ডি-ফরেস্টেশন হচ্ছে। এই বিষয়টা আপনি অত্যন্ত গুরুত্ব দিয়ে বিবেচনা করার কথা ভাবছেন কিনা ? লাভা থেকে শুরু করে এদিকে এবং ওদিকে জঙ্গল যেন শেষ হয়ে যাচ্ছে। গতকাল এবং পরশুদিনকার ল্যান্ড স্লাইডিং-এর ফলে পাহাড়ে ২০ জনের মতো মারা গেছে। এই অবস্থায় দাঁড়িয়ে এক্ষেত্রে সর্বোচ্চ পর্যায়ের গুরুত্ব দিয়ে কিছু ভাববেন কিনা ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : পাহাড়ে ধস নতুন না। তবে ইদানিংকালে বেশি হচ্ছে কারণ আমরা, মানুষরা পাহাড়ের উপর অত্যাচার করছি। এটা বলা যায় খানিকটা প্রকৃতির প্রতিশোধ। সেখানে অ্যাফরেস্টেশনের কাজও হচ্ছে। ধসজনিত কারণে গাছপালা নিশ্চিহ্ন হয়ে গেলে কিছুদিন পরে পরে প্ল্যান্টেশন করার সুযোগ থাকে এবং আমরা পাহাড়ে বেশি করে এ ব্যাপারে গুরুত্ব দিয়ে থাকি। এজন্য দার্জিলিং, কার্শিয়াং, মিরিকের নার্সারিতে প্রচুর গাছের ব্যবস্থা আছে, নেওয়া হয়। সয়েল কনজারভেশনের একটা ডিভিশন আছে কার্শিয়াং এবং দার্জিলিং-এ। তারা নীরবে কাজ করে যাচ্ছে। তাদের কাজ বাইরে থেকে দেখা যায় না বলে বোধ করি আমরা বুঝতে পারি না কী হচ্ছে। তবে সয়েল কনজারভেশন ডিভিশন দার্জিলিং এবং কার্শিয়াং-এ নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। তাছাড়া, টেরিটোরিয়াল ডিভিশনও চুপচাপ বসে নেই। কেননা যখনই রাস্তা-ঘাট বন্ধ হয়ে যায় ধস নামে তখন কাজটা প্রায়োরিটি দিয়ে করতে হয়। আর, যেখানে ল্যান্ড স্লাইডিং-এর খবর আসছে সেখানে আমরা অ্যাফরেস্টেশনের চেষ্টা করছি।

শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম : মাননীয় মন্ত্রিমহাশয়, জাতীয় উদ্যানের ব্যাঘ্র, হস্তী প্রকল্পের কথা বলেছেন এবং তার পরিসংখ্যান দিয়েছেন। শুনেছি পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে কটা রেসকিউ সেন্টারের কাজ চলছে। এটা কবে নাগাদ হবে ? রাজ্যের আয়তনের কত অংশ বন তা আপনি উত্তরে বলেছেন। আমার প্রশ্ন, যে সমস্ত টেরিটোরিয়াল ফরেস্ট বা নোটিফায়েড ফরেস্ট এরিয়া আছে, যেখানে কোনো গাছ বা বনাঞ্চল নেই সেই রকম কত পরিমাণ জায়গা বর্তমানে ধানের জমিতে পরিণত হয়েছে ?

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : পুরুলিয়ার অযোধ্যাকে ভ্রমণপিপাসু ব্যক্তিদের কাছে আরো আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য কিছু কিছু পরিকল্পনা বন দপ্তর, ট্যুরিজম এবং অন্যান্য দপ্তরের থেকে নেওয়া হয়েছে। সেখানে আমাদের একটা প্রস্তাব আছে, এখনো কার্যকর হয়নি। আলোচনার স্তরে আছে। এক্ষেত্রে আমরা এককভাবে সিদ্ধান্ত নিই না ; সেখানকার জনপ্রতিনিধি, জেলা পরিষদ, তারা একটা মুখ্য ভূমিকা নিয়ে থাকে। জেলা পরিষদের পূর্ণ সহযোগিতা ছাড়া ফরেস্টের বাইরে কাজ আমরা কম করি। সুতরাং জেলা পরিষদের সহযোগিতা দরকার হয়। যাই হোক, প্রস্তাবটা পরবর্তীকালে আমরা আলোচনা করব।

[12.00—12.10 p.m.]

যে সমস্ত জায়গায় আপনারা বললেন যে ঝড়ে গাছপালা ভেঙে গেছে, সেখানে আগামীদিনে যাতে আরও অ্যাফরেস্ট্রেশন করা যায় তার জন্য চেষ্টা করা হচ্ছে। মাননীয় সদস্যদের বলবো যে, আপনারা আপনাদের জেলায় সংশ্লিষ্ট ডি.এফ.ও., আপনাদের জেলার বিট অফিসার, রেঞ্জার-এর সঙ্গে এ ব্যাপারে কথা বলুন। এছাড়া পঞ্চায়েত সমিতির সভাপতি, জেলা পরিষদের সভাধিপতির সঙ্গে কথা বলে আপনারা সোশাল ফরেস্ট্রির কাজটাকে আরও এগিয়ে নিয়ে যাবেন।

শ্রী গোবিন্দ রায় : স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের সংরক্ষিত বনাঞ্চল এবং রাজ্যে বনের আয়তন সম্পর্কে যে পরিসংখ্যান দিয়েছেন, সেটাতে তিনি আশার কথা শুনিয়েছেন। কিন্তু একটা ভয়ংকর অবস্থা সৃষ্টি হতে চলেছে জলপাইগুড়ি বনাঞ্চলে। সমস্ত মানুষ, সমস্ত জলপাইগুড়িবাসী একটা দুশ্চিন্তার মধ্যে রয়েছে। কারণ জলদাপাড়া, গরুমারা, চাপড়ামারি এবং বৈকুণ্ঠপুর অভয়ারণ্যের উপর দিয়ে ইস্ট-ওয়েস্ট করিডর নামে ফোর লেন একটা রাস্তা কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহণ মন্ত্রক ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে তারা এলাইনমেন্ট করতে চলেছেন। মাননীয় বনমন্ত্রী মহাশয় জলপাইগুড়ি বন বিষয়ক তাঁর একটা প্রবন্ধে একথা উল্লেখ করেছেন এবং সেখানকার বন আধিকারিকরাও এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উদ্যোগকে একটা ভয়ংকর ক্ষতিকারক ব্যাপার বলে মনে করছেন এবং তারা এ ব্যাপারে একটা রেজোলিউশন নিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহণ মন্ত্রক অনমনীয়ভাবে রাস্তাটির ব্যাপারে এখনও তাঁদের পরিকল্পনা বজায় রেখেছেন। যার ফলে ২ হাজার হেক্টর বন ধ্বংস হয়ে যাবে। এই বন সংহার প্রতিরোধ এবং বন্যপ্রাণী রক্ষার জন্য বায়োডউভারসিটি সংরক্ষণে মাননীয় মন্ত্রিমহাশয় কি পরিকল্পনা নিয়েছেন সে ব্যাপারে যদি আমাদের অবগত করেন তাহলে ভাল হয়।

শ্রী যোগেশচন্দ্র বর্মণ : ইস্ট-ওয়েস্ট করিডরের ব্যারে যে পরিবশেগত ক্ষতি হবে সেগুলো মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জানিয়েছি। এছাড়া আমাদের স্টেট ওয়াইল্ড লাইফ অ্যাডভাইসরি বোর্ডে মিটিং হয়েছে, এবং ন্যাশনাল ওয়াইল্ড লাইফ বোর্ডে রেজোলিউশন পাঠানো হয়েচে। এটুকু করা গেছে। আর ওই পরিকল্পনার ফলে ক্ষতি তো হবে। কারণ ওয়াইল্ড লাইফ যত আনডিস্টার্ব থাকবে তত তাদের প্রোডাকশন ইনক্রিজ হবে এবং

সেখানে ডিসটার্ব হলে তারা থাকবে না। আমরা অনেক ওয়াইল্ড লাইফকে হারিয়ে ফেলছি এবং আগামীদিনে যদি সেখানে সব সময় শব্দ যন্ত্রণা হয়, ২৪ ঘণ্টা যানবাহন চলতে থাকে তাহলে তাদের ক্ষতি হবে, প্রচুর ক্ষতি হবে। বনভূমির ক্ষতি হবে, আপনাদের কাছে ২০০১ সালের পরিসংখ্যান আছে। আমরা আমাদের দিক থেকে এটুকু করেছি এবং ন্যাশনাল ওয়াইল্ড লাইফ বোর্ড এই বিষয়টা দেখছেন।

Starred Question

(to which answers were laid on Table)

Progress in introducing Bengali for Official Work

*239 (Admitted Question No. *474) **Shri Saugata Ray :** Will the Minister-in-Charge of the Information & Cultural Affairs Department be pleased to State—

(a) the progress made by the Government in introducing Bengali for official work at the State and District levels ; and

(b) the impediments faced in this regard ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারের বিভিন্ন দপ্তরে বাংলা ভাষা পুরোপুরি চালু না হলেও অগ্রগতি সন্তোষজনক। রাজ্য প্রশাসনে সরকারি ভাষানীতির সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে বাংলা ভাষার কাজকর্ম প্রবর্তনের কর্মসূচি সফল করে তোলার জন্য রাজ্যস্তরে তিনটি কমিটি গঠন করা হয়েছে।

(১) রাজ্যপাল মহোদয়ের সানুগ্রহ সম্মতিক্রমে মন্ত্রিপর্যায়ে একটি ভাষা কমিটি গঠিত হয়। যার আহ্বায়ক মাননীয় পরিষদীয় মন্ত্রী।

(২) সচিব পর্যায়ে বাংলা ভাষার ব্যবহার ও প্রসার সম্বন্ধীয় কমিটি। যার আহ্বায়ক মুখ্যসচিব।

(৩) সাহিত্যিক, নাট্যব্যক্তিত্ব, লেখক, সাংবাদিক এবং বুদ্ধিজীবীদের নিয়ে গঠিত হয় 'পরামর্শদাতা কমিটি' যার আহ্বায়ক তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রধান সচিব।

গত ১৯৮৯ সালে বিভিন্ন দপ্তরে ১০৬ জন বঙ্গানুবাদকের পদ সৃষ্টি করে ১০৬ জনকে নিয়োগপত্র দেওয়া হয় কিন্তু তার মধ্যে ৬৯ জন বঙ্গানুবাদক পদে যোগদান করেন এবং বর্তমানে কর্মরত আছেন। এযাবৎ বিভিন্ন সরকারি দপ্তরে মোট ১০৪ জন ইংরেজি মুদ্রাক্ষরিক ও ৯৮ জন ইংরেজি

লঘুলিপিকরকে বাংলা মুদ্রাক্ষর লিখন ও লঘুলিপিতে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বেশিরভাগ সরকারি হোর্ডিং এবং বিজ্ঞাপন এখন বাংলায় লেখা হয়। সরকারি, আধা সরকারি ও স্বশাসিত সংস্থাগুলির বেশিরভাগ সাইনবোর্ড, নামের ফলক, লেটার হেড, চিঠির প্যাড প্রভৃতি বাংলায় লেখা হচ্ছে। রেশন কার্ড, হাসপাতালের টিকিট, জন্ম ও মৃত্যুর প্রমাণপত্র এবং জনস্বার্থ সম্পর্কিত আদেশনামার ৭০ শতাংশ বাংলায় লেখা হচ্ছে।

নিম্ন আদালতে সওয়াল বাংলায় করা হয়ে থাকে। ৩৮টি আইন বাংলায় করা হয়েছে। বিভিন্ন সরকারি দপ্তরে যেসব কমপিউটার বসানো হয়েছে সেগুলিতে বাংলা সফ্‌টওয়ার (শ্রীলিপি) ব্যবহৃত হচ্ছে। বাংলা পরিভাষার পুস্তক বিতরণ করা হয়েছে। সরকারি আইনবিধি বাংলায় প্রকাশিত হয়েছে। সরকারি কাজকর্ম বিশেষ করে জনসাধারণের সঙ্গে যোগাযোগ রক্ষার ক্ষেত্রে যাতে পর্যাপ্ত পরিমাণে বাংলা ভাষার ব্যবহার হয় তা সুনিশ্চিত করতে বিভাগীয় প্রধান ও জেলাশাসকদের আরও উদ্যোগ নিতে অনুরোধ করা হয়েছে এবং সফলতার জন্য প্রত্যেক বিভাগ ও জেলার তদারকি কমিটি গঠনের পরামর্শ দেওয়া হচ্ছে।

(খ) ধারাবাহিকভাবে বাংলা ভাষায় কাজকর্ম করার অনভ্যস্ততা। পর্যাপ্ত সংখ্যায় পরিভাষার বইয়ের অভাব, পরিভাষার বইয়ের কিছু কিছু শব্দের উপযুক্ত বাংলা প্রতিশব্দ না পাওয়া। উপযুক্ত পরিভাষা ও শব্দকোষের বহুল প্রচলনের অভাব। বিভিন্ন ফর্ম, ফিনান্সিয়াল, ট্রেজারি রুল, আইন ও বিধির বাংলা সংস্করণের অভাব। জেলা ও ব্লকস্তরে ইংরেজি মুদ্রাক্ষরিক ও লঘুলিপিকরকে বাংলায় মুদ্রাক্ষর লিখন ও লঘুলিপিতে প্রশিক্ষণ, বাংলা মুদ্রাক্ষরযন্ত্র ও কমপিউটার যন্ত্র ক্রয়। সরবরাহ, বাংলা মুদ্রাক্ষরিক ও বঙ্গানুবাদক পদ সৃষ্টি ও নিয়োগ সম্ভব হয়নি।

রাজ্যের গ্রামাঞ্চলে শিক্ষা, স্বাস্থ্য ও উন্নয়নে তথ্য প্রযুক্তি বিভাগের উদ্যোগ

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৩) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : তথ্য ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) তথ্য প্রযুক্তি বিভাগ রাজ্যের গ্রামাঞ্চলে শিক্ষা, স্বাস্থ্য ও উন্নয়নের বিষয়ে কী কী উদ্যোগ নিয়েছে ; এবং

(খ) বিগত আর্থিক বছরে (২০০২-২০০৩)-এ বাবদ কত টাকা খরচ হয়েছে ?

তথ্য ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) **শিক্ষা** : তথ্য প্রযুক্তি দপ্তর রাজ্যে ওয়েবেল, নীট (NIIT), আই.বি.এমের সহায়তায় পশ্চিমবঙ্গে মোট ৩০০ স্কুলে কমপিউটার শিক্ষা চালু করেছে। এর মধ্যে ২০০ স্কুল জেলাস্তরে। এছাড়া কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগে দক্ষিণ ২৪ পরগনা জেলার ২০টি স্কুলে 'বিদ্যাবাহিনী প্রকল্পে'

কমপিউটার শিক্ষা চালু হয়েছে। এই প্রকল্পে কমপিউটারের মাধ্যমে বিভিন্ন বিষয়েও শিক্ষা দেওয়া যাবে। এছাড়া বেসরকারি সংস্থার উদ্যোগে বেশি কিছু স্কুলে কমপিউটার শিক্ষা চালু হয়েছে।

(২) **স্বাস্থ্য** : কেন্দ্রীয় সরকার এবং খড়্গপুর আই.আই.টি.র সহাতায় এবং তথ্য প্রযুক্তি দপ্তরের উদ্যোগে এ রাজ্যে দুটি টেলি-মেডিসিন প্রকল্প চালু হয়েছে। প্রথমটির সাহায্যে কলকাতার স্কুল অফ্ ট্রপিক্যাল মেডিসিনের সঙ্গে উত্তর ২৪ পরগনা ও কোচবিহারের দুটি প্রধান হাসপাতালকে যুক্ত করা হয়েছে। দ্বিতীয়টিতে কলকাতার দুটি প্রধান মেডিকেল কলেজ হাসপাতালের সঙ্গে (রেফারেল হাসপাতাল হিসাবে) মেদিনীপুর, বাঁকুড়া ও বীরভূমের জেলা হাসপাতালগুলিকে যুক্ত করা হয়েছে। স্বাস্থ্য দপ্তর বিষয়টি তদারক করছে।

(৩) **উন্নয়ন** : তথ্যপ্রযুক্তি দপ্তর রাজ্যের সার্বিক উন্নয়নের জন্য কয়েকটি প্রকল্প গ্রহণ করেছে—(ক) পোর্টাল, (খ) ওয়েব সোয়ান (WBSWAN) এবং (গ) ফান্ড মনিটরিং সিস্টেম (Fund Monitoring System)।

(ক) **পোর্টাল** : তথ্য প্রযুক্তি দপ্তরের উদ্যোগে রাজ্য সরকার নিজস্ব পোর্টাল 'বাংলার মুখ' বাংলা ও ইংরেজিতে চালু করেছে। এর সাহায্যে নাগরিকগণ রাজ্য সরকারের ব্যাপারে খবরাখবর, বিভিন্ন দপ্তরের ফর্ম, রাজ্যের শিক্ষা সংক্রান্ত তথ্য, বিভিন্ন দপ্তরের সাম্প্রতিকতম নীতি, ভ্রমণ, আবহাওয়া, নির্বাচন সংক্রান্ত খবর এবং বিভিন্ন বড় মাপের পরীক্ষার রেজাল্ট কমপিউটার মারফত জানতে পারবেন।

এই উদ্দেশ্যে কলকাতায় ইনফোকিয়স্ক স্থাপিত হয়েছে এবং ২৩টি মফস্বল শহরে ইনফোকিয়স্ক বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) **ওয়েবসোয়ান** : তথ্য প্রযুক্তি দপ্তর ওয়েবসোয়ান প্রকল্পের মাধ্যমে ১৮টি জেলা সদর, ৮টি গুরুত্বপূর্ণ মহকুমা শহর ও সোনারপুর ব্লকের সঙ্গে কলকাতার সরাসরি যোগাযোগ স্থাপন করেছে ভিডিও কনফারেন্সের মাধ্যমে। আগামী দশম পরিকল্পনার সময়সীমার মধ্যে সমস্ত মহকুমা, ব্লক ও গ্রাম পঞ্চায়েতকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

(গ) **ফান্ড মনিটরিং সিস্টেম** : কেন্দ্রীয় সরকারের সহায়তায় তথ্য প্রযুক্তি দপ্তরের উদ্যোগে পঞ্চায়েত এলাকায় কমপিউটারের সাহায্যে 'ফান্ড মনিটরিং সিস্টেম' চালু হতে চলেছে। পঞ্চায়েত দপ্তর বিষয়টির তদারক করছে।

(খ) (১) বিগত আর্থিক বছরে (২০০২-২০০৩) 'বিদ্যাবাহিনী' প্রকল্পে রাজ্য সরকারে মোট ৩৩,৪৪,০০০ টাকা পরিকাঠামো তৈরির জন্য খরচ করেছে।

(২) বিগত আর্থিকভাবে পোর্টালের জন্য এই দপ্তরের ৪৯,৫০,০০০ টাকা খরচ হয়েছে।

(৩) ওয়েবসোয়ান প্রকল্পে এই দপ্তরের গত আর্থিক বছরে প্রায় তিন কোটি টাকা খরচ হয়েছে।

আর্সেনিক কবলিত ব্লকের সংখ্যা

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৭) শ্রীমতী সোনালী গুহ : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে কতগুলো ব্লকে আর্সেনিক পাওয়া গিয়েছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৭৫টি ব্লকে

নারী নিগ্রহে পুলিশ প্রশিক্ষণে বিশেষ পাঠক্রম

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৯) শ্রী ব্রহ্মময় নন্দ : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নারী নিগ্রহ রুখতে পুলিশ প্রশিক্ষণে কি বিশেষ পাঠ্যক্রম চালু আছে বা হচ্ছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পুলিশ প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ব্যারাকপুরে নারী নিগ্রহ রুখতে প্রচলিত আইন-কানুনগুলি পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত রয়েছে। কলকাতা পুলিশও এ বিষয়ে কলকাতার আরক্ষা প্রশিক্ষণ বিদ্যালয়ে রিফ্রেশার ট্রেনিং কোর্সের জন্য বিশেষ বক্তৃতার আয়োজন করেছে।

কর্মী নিয়োগ বন্ধে বিভিন্ন দপ্তরে অচলাবস্থা

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬৪) শ্রী মহবুবুল হক : কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে অবসরপ্রাপ্ত কর্মীদের স্থলে নতুন কর্মী নিয়োগ বন্ধ রাখার জন্য বিভিন্ন দপ্তরের কাজে অচলাবস্থার সৃষ্টি হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, তা দূর করার জন্য সরকার কী পরিকল্পনা গ্রহণ করেছেন ?

কর্মীবর্গ ও প্রশাসনিক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ডিজিট্যাল ডেস্টিনেশন

*২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৫) শ্রী তাপস চট্টোপাধ্যায় : তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কলকাতা ই.এম. বাইপাসের ধারে নোনাডাঙ্গায় তথ্য প্রযুক্তি নগর 'ডিজিট্যাল ডেস্টিনেশন' গড়ে তুলছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজে অগ্রগতি কীরূপ ?

তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ই.এম. বাইপাসের ধারে কে.এম.ডি.এ. তাদের নিজস্ব উদ্যোগে প্রায় তিরিশ একর জমিতে 'তথ্য প্রযুক্তি এবং তথ্য প্রযুক্তি পরিষেবা' (IT & ITES) ভিত্তিক কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছে।

রাজ্য সরকারের তথ্য প্রযুক্তি দপ্তর রাজারহাট নিউ টাউনে দশ একর জমিতে একটি 'তথ্য প্রযুক্তি এবং তথ্য প্রযুক্তি পরিষেবা' (IT & ITES) কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছে।

এছাড়াও আবাসন দপ্তর তাদের নিজস্ব উদ্যোগে রাজারহাট নিউ টাউনে একটি 'শিল্প-বাণিজ্য' কেন্দ্র তৈরি করার পরিকল্পনা নিয়েছে। সেখানে তথ্য প্রযুক্তিকে প্রাধান্য দেওয়ার কথা বলা হয়েছে।

(খ) রাজারহাট নিউটাউনে 'তথ্য প্রযুক্তি এবং তথ্য প্রযুক্তি পরিষেবা' কেন্দ্র গড়ে তোলার উদ্দেশ্যে তথ্য প্রযুক্তি দপ্তর ইতিমধ্যেই হিডকোর (HIDCO) কাছ থেকে ওয়েবেলের মাধ্যমে দশ একর জমি কিনেছে।

রাজ্যে পুলিশ বাহিনীর আধুনিকীকরণে কেন্দ্রীয় সাহায্য

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৫) শ্রী কমল মুখার্জী : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০২-০৩ আর্থিক বছরে ৩১ জানুয়ারি পর্যন্ত রাজ্যের পুলিশ বাহিনীর আধুনিকীকরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কী পরিমাণ অর্থ পাওয়া গিয়েছে ; এবং

(খ) রাজ্যের কী পরিমাণ অর্থ এই ব্যাপারে চাহিদা ছিল ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কোনও অর্থ পাওয়া যায়নি।

(খ) ১৩১.৯৯ কোটি টাকা।

রাজ্যে এলিফ্যান্ট প্রকল্প

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৯) **শ্রী পরেশনাথ দাস** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে এলিফ্যান্ট প্রকল্প গড়ে তোলা হচ্ছে ;

(খ) সত্যি হলে, কোন কোন জেলার কোন কোন ব্লক এলাকায় উক্ত প্রকল্প গড়ে তোলা হবে ; এবং

(গ) উক্ত প্রকল্পে কত সংখ্যক হাতির আবাসস্থল হবে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় ইস্টার্ন ডুয়ার্স এলিফ্যান্ট রিজার্ভ এবং দক্ষিণবঙ্গের পশ্চিম মেদিনীপুর ও বাঁকুড়া জেলায় ময়ূরঝরনা এলিফ্যান্ট রিজার্ভ নামে দুটি প্রকল্প গড়ে তোলা হচ্ছে।

(গ) উক্ত প্রকল্পের মুখ্য উদ্দেশ্য সঠিকভাবে হাতির আবাসস্থল গড়ে তুলে হাতিকে সবচেয়ে বেশি সময়ের জন্য অবস্থান করানো, এ ক্ষেত্রে হাতির সঠিক সংখ্যা বলা কঠিন।

সরকার পরিচালিত রঙ্গশালা

*২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৯) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** এবং **অরুণাভ ঘোষ** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় সরকার পরিচালিত রঙ্গশালার সংখ্যা কয়টি ও তাদের নাম কী ;

(খ) সরকার পরিচালিত কলকাতার রঙ্গশালাগুলির বাৎসরিক লাভ/লোকসানের পরিমাণ কত ; এবং

(গ) কলকাতার যে সব সরকার পরিচালিত রঙ্গশালা লোকসানে চলছে তাদের প্রতিটির জন্য সরকারকে কত টাকা করে ভরতুকি দিতে হয় ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কলকাতায় সরকার পরিচালিত রঙ্গশালার সংখ্যা ৪ (চারটি) : রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, গিরীশ মঞ্চ, মধুসূদন মঞ্চ।

(খ) উক্ত রঙ্গশালাগুলি ব্যবসায়িক লক্ষ্যে চালিত হয় না, সেই বিবেচনায় লাভ-লোকসানের সংজ্ঞা এদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

(গ) উল্লিখিত সরকার পরিচালিত রঙ্গশালাগুলির ক্ষেত্রে সুস্থ সংস্কৃতির বিকাশের লক্ষ্যে বিভাগীয় বাজেট বরাদ্দের মাধ্যমে ব্যয় করা হয়ে থাকে, সে কারণে আয় ও ব্যয়ের ফারাককে লোকসান বলা চলে না এবং ব্যয় এখানে আয় নির্ভর নয় বলে ভরতুকির প্রশ্নও ওঠে না।

তথ্য বিপণি ও ভ্রাম্যমাণ টেলিফোন বুথ প্রকল্প

*২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩০) শ্রী রামপদ সামন্ত : তথ্য প্রযুক্তি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, তথ্য প্রযুক্তি নির্ভর নিবিড় গ্রামোন্নয়ন ও স্বনির্ভরতার লক্ষে গ্রাসো ''তথ্য বিপণি ও ভ্রাম্যমাণ টেলিফোন বুথ প্রকল্প'' গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, রাজ্যে কোন কোন জেলায় উক্ত প্রকল্পের কাজ শুরু হয়েছে ?

তথ্য প্রযুক্তি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। গ্রামীণ সঞ্চার সোসাইটি (GRASSO) ''তথ্য বিপণি ও ভ্রাম্যমাণ টেলিফোন বুথ প্রকল্প'' গ্রহণ করেছে ;

(খ) বর্তমানে প্রথম পর্যায়ে উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি, হাওড়া, মালদা, জলপাইগুড়ি, নদিয়া ও বর্ধমান এই আটটি জেলায় 'গ্রাসো' এই প্রকল্পের কাজ শুরু করেছে। দ্বিতীয় পর্যায়ে 'গ্রাসো' বাকি দশটি জেলায় খুব শীঘ্রই কাজ শুরু করবে বলে জানিয়েছে।

রাজ্যের সীমান্ত এলাকায় বসবাসকারীদের পরিচয়পত্র

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫১) শ্রী অজয় দে : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সীমান্ত এলাকায় বসবাসকারীদের পরিচয়পত্র প্রদান করা হচ্ছে কি ; এবং

(খ) হলে, তা কিভাবে কার্যকরী হবে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিবেচনাধীন। এবং

(খ) বিবেচনাধীন।

রাজ্যে ইকোট্যুরিজমের সংখ্যা

*২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২০০৮) শ্রী ভূতনাথ সরেন : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন জেলায় কত সংখ্যক ইকোট্যুরিজম তৈরি হয়েছে ; এবং

(খ) বর্তমানে ইকোট্যুরিজম বৃদ্ধি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগমের পরিচালনাধীন উপস্থিত মোট ১৯টি ইকোট্যুরিজম বা প্রকৃতি ভ্রমণ কেন্দ্র পশ্চিমবঙ্গের নিম্নলিখিত জেলায় তৈরি হয়েছে।

পশ্চিমবঙ্গের জেলা

উত্তরবঙ্গ

জেলা	ক্রমিক সংখ্যা	প্রকৃতি ভ্রমণ কেন্দ্রের অবস্থান
(ক) দার্জিলিং :	১।	লেপচাজগৎ
	২।	কালিম্পং সদর
	৩।	লুলেগাঁও
	৪।	লাভা
	৫।	রংপো
	৬।	সামসিং
	৭।	সানতালিখোলা
	৮।	জলঢাকা
	৯।	তারকোলা
	১০।	মংপং
	১১।	গরুবাথান
(খ) জলপাইগুড়ি	১২।	মূর্তি
	১৩।	মাদারিহাট
(গ) কোচবিহার	১৪।	রসিকবিল
	দক্ষিণবঙ্গ	
(ঘ) বাঁকুড়া	১৫।	মুকুটমণিপুর
(ঙ) মেদিনীপুর	১৬।	কাঁকড়াঝোড়
	১৭।	হাতিবাড়ি
(চ) পুরুলিয়া	১৮।	দুয়ারসিনি
	১৯।	গড়পঞ্চকোট

২। বন উন্নয়ন নিগমের বাৎসরিক ২০০৩-২০০৪ সালের বাজেট অনুযায়ী নতুন ইকোট্যুরিজম বা প্রকৃতি ভ্রমণ কেন্দ্র নির্মাণের কোনো পরিকল্পনা নেই। তবে উপরিউক্ত ভ্রমণ কেন্দ্রগুলিতে অতিরিক্ত আরও আসন সংখ্যা বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে

এছাড়া জলপাইগুড়ি জেলার অন্তর্গত বড়দাবড়িতে প্রকৃতি ভ্রমণ কেন্দ্রের পুনর্গঠনের কাজ চলছে যা ২০০৩-২০০৪ সালের সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহ

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭২) শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার কোন কোন ব্লকে আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহ করার জন্য পরিকল্পনা গ্রহণ হয়েছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বজবজ ২ নং ব্লক, বিষ্ণুপুর ১ নং ও ২ নং ব্লক, ভাঙড় ১ নং ব্লক, বারুইপুর, সোনারপুর, এবং জয়নগর ১ নং ও ২ নং ব্লক।

(খ) প্রকল্পটি আংশিকভাবে সম্পন্ন হয়েছে। বাকি অংশের কাজও ধাপে ধাপে সম্পন্ন করা হবে।

গম্ভীর সিং মুড়ার নামে অ্যাকাডেমি

*২৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৯) শ্রী নিশিকান্ত মেহতা : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রয়াত ছৌ শিল্পী গম্ভীর সিং মুড়ার নামে রাজ্যে কোনো অ্যাকাডেমি খোলার পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

আত্মসমর্পণকারী কামতাপুরী জঙ্গীর সংখ্যা

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৭) শ্রী দীপক কুমার ঘোষ : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গে ৩১ জানুয়ারি, ২০০৩ পর্যন্ত কতজন কামতাপুরী জঙ্গী আত্মসমর্পণ করেছেন ; এবং

(খ) তাদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনবার জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১২ (বারো) জন।

(খ) উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারে রাজ্য সরকার চিন্তা-ভাবনা করছেন।

কাঠ ব্যবহারে বন দপ্তরের বিধিনিষেধ

*২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৮) শ্রী নির্মল দাস : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বন্ধ হয়ে যাওয়া কাষ্ঠনির্ভর শিল্প চালু করে কর্মচ্যুত শ্রমিক-কর্মচারীদের স্বার্থে সমাজভিত্তিক বনের কাঠ ব্যবহার করার জন্যে বন দপ্তরের বর্তমান বিধিনিষেধ প্রত্যাহার করার প্রস্তাব দপ্তর বিবেচনা করছেন কি ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশ রাজ্যে যে সমস্ত বে-আইনি শ-মিল বা কাষ্ঠজাত শিল্প আছে সেগুলিকে অবিলম্বে বন্ধ করতে হবে।

বন্ধ হওয়া বে-আইনি শিল্পকে সামাজিক বনসৃজনের কাঠ বণ্টন করে চালু করার কোনো প্রস্তাব বন দপ্তরের বিবেচনাধীন নেই।

কেবলমাত্র লাইসেন্সপ্রাপ্ত শ-মিল বা কাষ্ঠজাত শিল্পের ব্যবসার জন্য বন বিভাগ থেকে কাঠ বণ্টন করা যেতে পারে।

রাজ্যের বিভিন্ন মেলায় বিজ্ঞাপন বাবদ সরকার অনুমোদিত অর্থের পরিমাণ

*২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৭) শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-২০০২, ২০০২-২০০৩-এর ৩১ জানুয়ারি পর্যন্ত রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তর রাজ্যের বিভিন্ন মেলায় কত টাকা বিজ্ঞাপন বাবদ অনুমোদন করেছেন ; এবং

(খ) কোন মেলায় কত টাকা অনুমোদন করেছে (উক্ত দুই বছরে) ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০১-২০০২, ২০০২-২০০৩-এর ৩১ জানুয়ারি পর্যন্ত রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তর কর্তৃক বিভিন্ন মেলায় বিজ্ঞাপন বাবদ অনুমোদিত হয়েছে যথাক্রমে ৪,১০,০০০ টাকা (চার লক্ষ দশ হাজার টাকা) এবং ৩,৬৭,০১০ টাকা (তিন লক্ষ সাতষট্টি হাজার দশ টাকা।

(খ) ২০০১-২০০২ সালে, আব্বাস মেলা, লেক্‌সপো ও কলকাতা পুস্তক মেলা যথাক্রমে ৩৫,০০০ টাকা, ১,২৫,০০০ টাকা ও ২,৫০,০০০ টাকা বিজ্ঞাপন ব্যয় বাবদ অনুমোদিত হয়েছে।

২০০২-২০০৩ সালে, হস্তশিল্প মেলা, কলকাতা পুস্তক মেলা, আব্বাস মেলা, লেক্‌সপো মেলা ও নাট্যমেলায় যথাক্রমে ৫২,১৪০ টাকা, ১,৫৬,৮৭০ টাকা, ৩৮,০০০ টাকা, ৫৫,০০০ টাকা ও ৬৫,০০০ টাকা বিজ্ঞাপন ব্যয় বাবদ অনুমোদিত হয়েছে।

গৃহ সমস্যা সঙ্কুল থানার সংখ্যা

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৯) শ্রী শিবপ্রসাদ মালিক : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কতগুলি থানায় তাদের গৃহ সমস্যা রয়েছে ; এবং

(খ) উক্ত সমস্যা নিরসনের জন্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৫৯টি।

(খ) নতুন থানা গৃহ নির্মাণ ও পুরাতন গৃহ সংস্কার ও মেরামতের ব্যবস্থা নেওয়া হচ্ছে।

ভ্রাম্যমাণ গ্রন্থাগার

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৬) শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ভ্রাম্যমাণ গ্রন্থাগার চালু করেছে ;

(খ) সত্যি হলে, রাজ্যের কোন কোন জেলায় এবং মোট কয়টি ভ্রাম্যমাণ গ্রন্থাগার চালু করেছে ;

(গ) উক্ত গ্রন্থাগারগুলিতে কী ধরনের বই আছে/থাকবে ; এবং

(ঘ) ওইরূপ গ্রন্থাগারের সদস্য হওয়ার নিয়ম কী ?

গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকার পোষিত এবং সরকারি জেলা গ্রন্থাগার সমূহে ভ্রাম্যমাণ গ্রন্থাগার পরিষেবা চালু আছে।

(খ) বর্তমানে নিম্নলিখিত জেলাগুলিতে মোট ১১টি ভ্রাম্যমাণ গ্রন্থাগার পরিষেবা চালু আছে : উত্তর ২৪ পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, জলপাইগুড়ি, হুগলি, মালদা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, হাওড়া, বর্ধমান ও দক্ষিণ দিনাজপুর।

(গ) ভ্রাম্যমাণ গ্রন্থাগার পরিষেবার মাধ্যমে জেলা গ্রন্থাগার থেকে বিভিন্ন ধরনের বই গ্রামীণ ও শহর গ্রন্থাগারসমূহে সরবরাহ করা হয় যেমন—উপন্যাস, নাটক, কবিতা, প্রবন্ধ, পাঠ্যবই, শিশু পুস্তক, ভ্রমণকাহিনি।

(ঘ) জেলার ভ্রাম্যমাণ গ্রন্থাগার পরিষেবায় গ্রাহক সেই জেলার গ্রামীণ/প্রাথমিক স্তরের গ্রন্থাগার বা শহর/মহকুমা গ্রন্থাগার। এরা জেলা গ্রন্থাগারের প্রাথমিক সদস্য হিসাবে আবেদন করে সদস্যপদ প্রাপ্ত হন। আবেদনের সঙ্গে তাদের নির্ধারিত আমানত জমা দিতে হয়।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : today I have received one notice of Adjournment Motion from Shri Asit Kumar Mal on the subject of alleged non-providing proper assistance to the handicapped persons in the State.

মিঃ মাল, আপনি রোজ একটা অ্যাডজর্নমেন্ট মোশান দেন। এর সমর্থনে ৩০ জন আছে ? আপনাকে আমি যদি এটা অ্যাডমিট করি তাহলে আপনি ৩০ জনের সাপোর্ট দিতে পারবেন ?

(ভয়েস: ফ্রম দি অপোজিট বেঞ্চ : কনভেনশন আছে)

নো কনভেনশন। কেন দেন কেন ? কিসের কনভেনশন ? রুল নেই ? রুল উঠে গেছে ? কিসের কনভেনশন ? এরকম হালকা করবেন না অ্যাডজর্নমেন্ট মোশানকে। এটা গুরুত্বপূর্ণ বিষয়। you are asking for adjournment of the business of the House.

কিসের কনভেনশন ? আপনি অ্যাডজর্নমেন্ট মোশান দিতে পারবেন না। ছেলে খেলা হয়ে যাচ্ছে। রোজ একটা করে অ্যাডজর্নমেন্ট মোশান করবেন না। Don't do it if you don't have the strength.

আজকে আমি পড়তে দেব, কাল থেকে পড়তে দেব না। এটা নিয়ে হুজ্জুতি করবেন না।

Don't argue. Don't argue when you do not have a case.

The subject matter of the Motion is not such that may call for adjournment of the business of the House. The Member will get ample scope to raise the matter during the discussion and voting on demand for grants of the concerned department which is now going on. The Member may also invite attention of the Minister concerned through Calling Attention, Question, Mention, etc. I, therefore withhold my consent to the Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

এইটা আলোচনা করার জন্য বিজনেস বন্ধ করতে হবে।

শ্রী অসিত মাল : অনুমতি দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

সারা রাজ্যে প্রতিবন্ধীর সংখ্যা প্রচুর। সেই তুলনায় সরকারি সাহায্য নেই বললেই চলে। প্রতিবন্ধীরা প্রতিবন্ধী শংসাপত্র পাওয়ার পর হতাশায় দিন কাটাচ্ছে। প্রতিবন্ধীদের জন্য সরকারের সুনির্দিষ্ট কর্মসূচি কি তা অবিলম্বে ঘোষণা করে তদনুযায়ী সব রকম সাহায্য করে তাদের বাঁচিয়ে রাখার ব্যবস্থা করতে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

Notices of Calling Attention

Mr. Speaker : Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely—

(i)	Reported attack on Judicial Magistrate at Krishnanagar, Nadia on 9.7.2003	Shri Asit Mitra, Shri Abdul Mannan & Shri Asit Kumar Mal

মিঃ স্পিকার : প্রতিটি সাবজেক্ট-এ অসিত মাল থাকবে। নামটা রেকর্ড করাতে হবে।

Mr. Speaker (ii)	Formation of Karimpur Regulated Marketing Committee in the district of Nadia	Shri Prafulla Kumar Bhowmick
(iii)	Decision of boycott by the lawyers of Krishnanagar Court Nadia on 9.7.2003 and consequential situation arisen therefrom	Shri Sibdas Mukherjee
(iv)	Opening of closed old Military Road between Darjeeling and Kurseong during emergencies	Shri D. K. Pradhan
(v)	Reported Missing of some deer from Deer-Park, Durgapur	Shri Tapan Hore

I have selected the notice of Shri Asit Mitra, Shri Abdul Mannan & Shri Asit Kumar Mal, and as the notice of Shri Sibdas Mukherjee is the same of the one of Shri Asit Mitra, Abdul Mannan & Shri Asit Kumar Mal I am combining both the notices and admitting both of them as one notice.

The notice of Shri Asit Mitra, Shri Abdul Mannan & Shri Asit Kumar Mal is also not correct. It will be District Judge, not Judicial Magistrate.

I request Mr. Probodh Sinha to correct it.

You address the House on incorrect information. I have nothing to say.

আপনাদের ইনফরমেশন সঠিক থাকে না। এটা খুব বিপদ। আমি কি বলব ? আমার কিছু বলার নেই। নোটিশটাও রং দিয়েছেন। সেটাও আমাকে কারেক্ট করতে হয়েছে।

very casual, very callous attitude. Members have to be responsible.

I have amalgamated two notices. Now the Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the Statement will be made on 15th July.

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the Report of the Select Committee on the West Bengal Lokayukta Bill, 2001

Shri Nisith Adhikary : Mr. Speaker, Sir, I beg to present the Report of he Select Committee on the West Bengal Lokayukta Bill, 2001.

[12.10—12.20 p.m.]

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS

Annual Report of the West Bengal Human Rights Commission for the year 1999-2000 along with Memorandum of Action taken

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission, I beg to lay the Annual Report of the West Bengal Human Rights Commission for the year 1999-2000 along with Memorandum of Action taken.

Audit Reports on the Accounts of the West Bengal Human Rights Commission for the years 1999-2000 and 2000-2001.

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission, I beg to lay the Audit Report on the accounts of the West Bengal Human Rights Commission for the year 1999-2000 and 2000-2001.

শ্রী আবদুল মান্নান : স্যার, আজকে হোম (পুলিশ) বাজেট। হিউম্যান রাইটস কমিশনের রিপোর্ট নিশ্চয়ই আজকে হাউসে বাজেট আলোচনার মধ্যে উল্লিখিত হবে। অথচ রিপোর্টের কপি আজকেই আমাদের কাছে দেওয়া হচ্ছে। ফলে সেটা আমরা পড়ব কখন এবং তা নিয়ে ডিবেটে পার্টিসিপেট করবই বা কখন ? রিপোর্টটা একদিন আগে আমাদের

দিলে ভালো হত। আমরা সবাই আপনার মতো হিউম্যান কমপিউটার নিয়ে বসে নেই ; আমাদের তো পাতা ওল্টাতেও একটু সময় লাগবে !

মিঃ স্পিকার : হিউম্যান রাইটস কমিশন বা অন্য কোনো কমিশনের রিপোর্ট গভর্নমেন্ট কখন লে করবে তা আমি ঠিক করি না, গভর্নমেন্ট ঠিক করেন এবং আমার মত নিয়ে করেন না। ওঁরা কালকে নোটিশ দিয়েছে যে, আজকে করবেন এবং সেই মতো করেছেন। এতে আমার কিছু করার নেই।

It has been laid today. But whether you will make the report a part of your debate or not that is your business—not my business. There is time to go through it. You go through the report. The report is short. There is enough time. You read it. Take your time and take part in the second half of the day. There is no problem. Now, Mention cases.

MENTION CASES

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল সি.ই.এস.সি. এবং পি.ডি.সি.এল. কর্তৃপক্ষ পশ্চিমবঙ্গের কলকাতা সহ জেলাগুলির ব্যাপক অংশে দফায় দফায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখে। ফলে গতকাল সারা রাত ধরে ভয়াবহ বিদ্যুৎ সংকট দেখা দেয়। এমনিতেই লো ভোলটেজ লোড শেডিং লেগেই আছে, তারপরে গতকাল ভয়াবহ লোড শেডিং হয়। যখন অন্যায়ভাবে বিদ্যুৎ মাশুল বাড়িয়ে গ্রাহকদের বিপর্যস্ত করা হচ্ছে তখন আবার এইভাবে লোড শেডিং করা হচ্ছে। আমরা দেখছি বিদ্যুৎ পরিষেবা ক্রমাগত ভেঙে পড়ছে, এটা অত্যন্ত উদ্বেগের বিষয়। তাই আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানতে চাইছি কতকাল এই অবস্থা থাকবে। বিদ্যুতের অভাবে পশ্চিমবাংলার জনজীবন বিপন্ন। বিদ্যুৎ মন্ত্রী হাউসে এসে বলুন যে, এই রকম একটা সংকটজনক পরিস্থিতির মোকাবিলায় রাজ্য সরকার কি ব্যবস্থা নিয়েছেন। তিনি হাউসে এসে বিবৃতি দিন, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে সেই আবেদনই জানাচ্ছি।

শ্রী মানিকলাল আচার্য : স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকা কুলটি। সেখানে 'কুলটি কেশোরাম রিফ্রাক্টোরি' আজ দেড় বছর ধরে বন্ধ হয়ে আছে। সেখানে সাড়ে সাতশো কর্মী কাজ করেন। তাঁরা এখন অর্ধাহারে, অনাহারে মারা যাচ্ছেন। তাঁদের ছেলে-মেয়েদের স্কুলে যাওয়া বন্ধ হয়ে গেছে। জল, বিদ্যুৎ এবং চিকিৎসার সুযোগ সুবিধা বন্ধ হয়ে গেছে। শ্রমিকরা জল পাচ্ছে না, লাইট পাচ্ছে না, মেডিসিন পাচ্ছে না। এ বিষয়ে আমি বার বার জানানো সত্ত্বেও আজ পর্যন্ত এ কারখানাটা খোলার জন্য কোনো ব্যবস্থা করা হয়নি। শ্রমমন্ত্রীকে জানানো সত্ত্বেও কোনো ব্যবস্থা হয়নি। অবিলম্বে যাতে কুলটি কেশোরাম রিফ্রাক্টোরি চালু করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এ কারখানাটি চালু করে অবিলম্বে ওই সাড়ে সাতশো শ্রমিককে তিনি বাঁচাবার ব্যবস্থা করুন।

শ্রী আবদুল মান্নান : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিষয়টা হচ্ছে—কয়েক দিন আগে আমার নির্বাচনী এলাকার মধ্যে একটা লোককে সাপে কামড়ায়। প্রথমে তাকে শ্রীরামপুর ওয়ালশ হাসপাতালে, তারপরে চন্দননগর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়, কিন্তু কোনো জায়গায়ই তার ট্রিটমেন্টের জন্য প্রয়োজনীয় ইঞ্জেকশন, এ.ডি.এস. ইঞ্জেকশন পাওয়া যায় না। যার ফলে শেষ পর্যন্ত তাকে কলকাতায় নিয়ে আসতে হয়। কিন্তু কলকাতায় এসেও সে বাঁচলো না ; কারণ এখানেও এ.ভি.এস. ইঞ্জেকশনের অভাব। গ্রামাঞ্চলের হাসপাতালের ক্ষেত্রে দেখতে পাচ্ছি, শুধু ওয়ালশ হাসপাতাল বা চন্দননগর মহকুমা হাসপাতাল নয়, বেশিরভাগ হাসপাতালে দেখা যাচ্ছে সাপে কামড়ানোর যে ওষুধ এ.ভি.এস. ও এ.আর.ভি. দুটোর কোনটাই পাওয়া যাচ্ছে না। এই ওষুধগুলি যাতে সরবরাহ করা হয় তার জন্য ব্যবস্থা নিন।

শ্রী দীপকচন্দ্র সরকার : স্যার আমি আপনার মাধ্যমে আমাদের উত্তরবাংলায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি ত্রাণ দপ্তরের এবং সেচ দপ্তরের। আপনি জানেন, গত কয়েকদিন ধরে গোটা উত্তরবাংলায় ব্যাপক বৃষ্টি হচ্ছে। আমাদের কোচবিহার জেলায় ইতিমধ্যে বন্যা দেখা দিয়েছে। সর্বশেষ যা খবর তাতে তিস্তা, তোর্ষা, কালজানি এবং রায়ডাক নদীতে লাল সংকেত দেওয়া হয়েছে। ইতিমধ্যে বন্যায় ১০ হাজার মানুষ গৃহহারা, প্রায় ৫০০ বিঘা জমি জলের তলায়। ১০ হাজার মানুষ ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে। সরকারের থেকে সামান্য ত্রাণসামগ্রী দেওয়া হয়েছে। কিন্তু জেলা প্রশাসন এখনো পর্যন্ত কোনো উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে না। আমার কাছে যা খবর, তাতে ৩৭০০ হেক্টর জমির বীজতলা এবং সব ফসল ইতিমধ্যেই নষ্ট হয়ে গেছে। ত্রিপলের অভাব, পশু খাদ্যের অভাব এবং অন্যান্য জিনিসপত্রের অভাব দেখা দিয়েছে। অবিলম্বে এইসব বিষয়গুলি দেখার জন্য এবং উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। স্যার, গত ৭ জুলাই, পশ্চিম মেদিনীপুরের বেলপাহাড়ী থানার অন্তর্গত ভীমার্জুন গ্রামে যাদব সর্দার নামে একজন কংগ্রেস কর্মীকে নৃশংসভাবে খুন করা হয়েছে। মধ্যরাত্রে যখন সে ঘুমাচ্ছিল তখন পাশের বাড়িতে ভিডিও শোয়ের অ্যারেঞ্জমেন্ট করে দুষ্কৃতকারীরা অপেক্ষা করছিল। দরজাবিহীন কুঁড়ে ঘরে সে এবং তার স্ত্রী ও ছেলেরা যখন ঘুমাচ্ছিল সেই অবস্থায় তাকে গুলি করে খুন করা হয়েছে। আমরা বিধানসভার প্রতিনিধিদের নিয়ে নেপাল মাহাতো এবং বর্ষীয়ান সদস্য শ্রী রামপেয়ারী রাম গিয়েছিলাম, কিন্তু আজ পর্যন্ত কোনো অপরাধীকে গ্রেপ্তার করা হয়নি। তার কারণ, তারা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্য এবং তাদের পোষা গুন্ডা। তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে অপরাধীদের গ্রেপ্তার করা হোক এবং তাদের বিচার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক।

শ্রী নৃপেন্দ্রনাথ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের এই বৃষ্টিতে আমার নির্বাচনী সিতাই কেন্দ্রে পাহাড় থেকে প্রবাহিত মানসাই নদীর প্রবল বন্যায় দিনহাটা ব্লক এবং সিতাই ব্লকের আদাবাড়ী, দড়িবস, গিতালদহ, বার বাংলা, পেটনা প্রভৃতি এলাকার শত শত বাড়ি ভেঙে গেছে এবং অনেক লোককে জলপ্লাবিত এলাকা থেকে সরানো হয়েছে। আমার কাছে খবর হচ্ছে, ১০০ বিঘা কৃষি জমি এবং জনবসতি এলাকা মানসাই নদী গর্ভে চলে গেছে। প্রতি বছরেই এই সমস্ত এলাকায় বাঁধ দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়, কিন্তু তা বাস্তবে কার্যকরী করা হয় না। তাই মাননীয় সেচমন্ত্রীর কাছে আমার আবেদন, যে সমস্ত এলাকাগুলি ভেঙে গেছে, যেমন, আদাবাড়ি, দড়িবস, গিতালদহ, বার বাংলা, পেটলা এই সমস্ত এলাকাগুলি বন্যা প্রতিরোধের জন্য অতি সত্বর বাঁধ দেবার ব্যবস্থা করা হোক।

শ্রী অজয় দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্যে ভয়াবহ লোড শেডিং চলছে, বিশেষ করে সন্ধ্যার সময়ে একটানা ৩/৪ ঘণ্টা ধরে লোড শেডিং চলে। আমার কাছে যা খবর এবং সংবাদপত্রের মাধ্যমে যা দেখেছি তাতে এই লোড শেডিং আগামী ২/৩ মাস ধরে চলবে। আসলে বিদ্যুৎ দপ্তর একেবারে ভেঙে পড়েছে। প্রায় ২০০ মেগাওয়াট গড়ে ঘাটতি চলেছে।

[12.20—12.30 p.m.]

এর ফলে সেচের কাজ বন্ধ হয়ে যাচ্ছে এবং ছোট ছোট শিল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে এবং সেগুলির নাভিশ্বাস উঠছে। আমি যতদূর জানি নতুন কোনো পাওয়ার স্টেশনের প্রোজেক্ট হচ্ছে না, কেবল মেরামতির কাজ চলছে। বক্রেশ্বর, কোলাঘাট, বজবজ সব জায়গায় শুনছি মেরামতির কাজ হচ্ছে, কবে শেষ হবে জানি না। স্যার, লো-ভোলটেজ, লোড শেডিং-এর সমস্যা তার উপর বিদ্যুতের মাশুল বৃদ্ধি হচ্ছে ও ২০/৩০ বছর আগের সিকিউরিটির টাকা এক সঙ্গে আদায় করা হচ্ছে। আমরা দেখছি বিদ্যুৎ দপ্তরে তুঘলকি কাজকারবার চলছে। এই লোড শেডিং-এর হাত থেকে মানুষকে মুক্তি দেওয়ার জন্য জরুরি ব্যবস্থা নেওয়ার জন্য আমি দাবি জানাচ্ছি।

মিঃ ডেপুটি স্পিকার : মাননীয় সদস্য শ্রী বিজয় বাগদী, আপনার মেনশানটা হবে না কারণ এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার।

শ্রী গোকুল রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। করণদীঘি থেকে ডালখোলা মাঝখানে সুধানী নদীর উপর ব্রিজটা আড়াই বছর হল ভেঙে গিয়েছে, সেখানে বেইলি ব্রিজ দিয়ে গাড়ি চলছে। এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্রিজ দীর্ঘদিন হল ভেঙে পড়ে আছে কিন্তু কোনো ব্যবস্থা হচ্ছে না। অতি সত্বর যাতে ব্রিজটি নির্মাণ করা হয় তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলাতে

মাত্র একটি মহিলা কলেজ রয়েছে ফলে সারা পুরুলিয়া জেলাতে মহিলাদের শিক্ষা দেওয়ার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। ঝালদা পুরসভা এবং ঝালদা থানার অধীনে একটি মহিলা কলেজ অবিলম্বে খোলার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার চাপড়া বিধানসভা কেন্দ্র এবং পাশের কৃষ্ণগঞ্জ এখানে ৭ কিঃমিঃ রাস্তা—চাপড়া থেকে রানাবান্ধ ঘাট পর্যন্ত রাস্তাটি অত্যন্ত খারাপ হয়ে গিয়েছে। এর ফলে ১৪টি বাস বন্ধ হয়ে গিয়েছে এবং ৩০/৪০ হাজার মানুষ দুর্ভোগে পড়েছেন। অবিলম্বে রাস্তাটি মেরামত করার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

শ্রী কমল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্দননগর শহরে প্রায় প্রতি বছর মাধ্যমিক পরীক্ষার ফল অত্যন্ত ভালো হয়। এখন চন্দননগরে যেটা আমরা অসুবিধার মধ্যে পড়ছি, চন্দননগরে যেসব মেয়েরা মাধ্যমিক পাশ করে কমার্স বিভাগে পড়তে চায় তারা ভর্তি হতে পারছে না, অসুবিধায় পড়ছে। চন্দননগরের সরকারি কলেজে মেয়েদের কমার্স পড়ার সুযোগ ছিল কিন্তু সেটা উঠে গিয়েছে। একমাত্র সেখানে কৃষ্ণভাবিনী নারী শিক্ষা মন্দির-এ কমার্স পড়ার সুযোগ আছে। চন্দননগর কলেজ থেকে ১১/১২ ক্লাস উঠে গিয়েছে ফলে ওই একটি মাত্র স্কুলে কমার্স পড়ার সুযোগ আছে। কাজেই ইচ্ছা থাকলেও মেয়েরা কমার্স পড়ার সুযোগ পাচ্ছে না। মেয়েদের কিন্তু কমার্স পড়ার প্রবণতা বাড়ছে। তাই আমার দাবি, ওখানে উচ্চ মাধ্যমিক পড়ার সুযোগ যেসব মহিলা স্কুলে আছে সেখানে কমার্স পড়ার ব্যবস্থা করা হোক।

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নদিয়া, মালদহ ও মুর্শিদাবাদের গঙগা-পদ্মা ভাঙনের কথা এই সভার সকলেই জানেন। আমার করিমপুর এলাকায় মধুগাড়ী গ্রাম পঞ্চায়েত এলাকাতেও গত কয়েক বছর ধরে ভাঙন চলছে এবং দেড় হাজার একর জমি পদ্মার গর্ভে চলে গিয়েছে। সেখানে ভাঙনের ফলে পাঁচশো পরিবার বাস্তুচ্যুত হয়েছেন। যাঁরা ভাঙনে বাস্তুচ্যুত হয়েছেন তাঁদের ত্রাণ ও পুনর্বাসন ও ভাঙন প্রতিরোধের জন্য রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত এক সপ্তাহ ধরে উত্তরবঙ্গে ভয়াবহ বৃষ্টি হওয়ার ফলে ফারাক্কা দিয়ে জল এসে ভাগীরথী নদীতে জলস্ফীতি দেখা দিয়েছে। যার ফলে গঙ্গা এবং ভাগীরথী নদীতে অতিরিক্ত জল বেড়ে যাওয়ার ফলে কৃষ্ণনগর শহরের উপর যে বাঁধটি আছে সেই বাঁধে জলের চাপ বাড়ার ফলে ফাটল দেখা দিয়েছে। কৃষ্ণনগরে গোলাপট্টি ঘাট, ষষ্ঠীতলাঘাট এবং মেথরপট্টিঘাট এই সমস্ত এলাকায় যে বাঁধ আছে সেই বাঁধে ফাটল দেখা দিয়েছে। কালিয়াগঞ্জ থানার জগৎবালি যে বাঁধ আছে সেই বাঁধে ফাটল দেখা দেওয়ায় সেখান দিয়ে জল যাওয়ার উপক্রম হয়েছে। কৃষ্ণনগরের পাশে যে বাঁধগুলো আছে, নদীর জল বৃদ্ধি পাওয়ার ফলে যদি বাঁধ ভেঙে যায় তাহলে

কৃষ্ণনগর শহরের মধ্যে বিগত ৩ বছরের মতো বন্যা অবশ্যম্ভাবী। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে বাঁধগুলো মেরামত করা হয় তার জন্য তিনি যেন ব্যবস্থা করেন।

মিঃ ডেপুটি স্পিকার : মিঃ ভক্তরাম পান, আপনার মেনশান হবে না, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার।

শ্রী সুব্রত ভাওয়াল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় নদী ভাঙনের যে সমস্যা, আমার বিধানসভা কেন্দ্র পূর্বস্থলীতে ভাঙনের সমস্যা অন্যতম। ১৫টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৭টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে দিয়ে ভাগীরথী নদী প্রবাহিত হয়েছে। বর্ষা শুরু হওয়ার সঙ্গে সঙ্গে ৭টি গ্রাম পঞ্চায়েতের কয়েকটি জায়গায় বিশেষ করে অগ্রদ্বীপ, ঝাউডাঙ্গা, তামাঘাটা, কুঠুরিয়া, কাষ্ঠশালী, এই সমস্ত এলাকার সমস্ত জনপদ স্কুল ঘরবাড়ি ভাঙনের সম্মুখীন হয়ে পড়েছে। এই বিষয়ে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অগ্রদ্বীপের একমাত্র যোগাযোগকারী রাস্তা নদীগর্ভে চলে যাবে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী মহববুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ এবং ভূগর্ভস্থ জলসম্পদ বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদার খড়বা বিধানসভার চাষিরা হয়রান হয়ে যাচ্ছে। কারণ ক্ষুদ্র সেচের জন্য ব্যক্তিগত মালিকানায় সেচ এলাকা বাড়াবার জন্য চাষিরা মিনি ডিপটিউবওয়েল বা স্যালো টিউবওয়েল বসাতে যাচ্ছে তখন তাদের কাছ থেকে 'সুইড'-এর সার্টিফিকেট দাবি করা হচ্ছে। অপর দিকে আর.ই.ডি.সি. স্কিমে যারা মিনি ডিপটিউবওয়েল বসাচ্ছে এলোমেলোভাবে তখন তাদের কাছ থেকে 'সুইড'—এর সার্টিফিকেট দাবি করছে না। তাও আবার 'সুইড'-এর সার্টিফিকেট মালদাতে পাওয়া যায় না, বহরমপুরের অফিস থেকে আনতে হয়। তার ফলে চাষিরা হয়রান হচ্ছে এবং দালালের খপ্পরে পড়ছে। 'সুইড'-এর সার্টিফিকেট যাতে মালদা জেলায় দেওয়া ব্যবস্থা করা হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ ইলিয়াস মণ্ডল : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, জাতীয় সড়ক উন্নয়ন প্রকল্পে বন্দর সংযোগকারী পথ হিসাবে মেচেদা থেকে হলদিয়া যে রাস্তাটি আছে সেই রাস্তাটাকে বেছে নেওয়া হয়েছে। জাতীয় সড়ক প্রাধিকার এই সড়কের কাজ করে। বর্তমানে এই রাস্তার কাজ পূর্ণদমে চলছে। মেচেদা থেকে হলদিয়ার মধ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ জায়গায় বিশেষ করে রাধামণি, নিমতোড়ি, খঞ্চি, নন্দকুমার, ব্রজলালচক, সিটিসেন্টার এবং রানিচক এলাকার বেকার যুবক-যুবতীরা ক্ষুদ্র ব্যবসায়ীরা তাদের ব্যবসার কাজ চালিয়ে সংসার নির্বাহ করে। এই রাস্তা তৈরির জন্য তাদের দোকানপাট ভেঙে দেওয়ার ফলে বর্তমানে তাদের অসহায় অবস্থায় দিন যাপন করতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি, এই গঞ্জ এলাকায় একটা মার্কেট কমপ্লেক্স তৈরি করে এই বেকার যুবক-যুবতীদের ব্যবসা করার জন্য মার্কেট কমপ্লেক্সের জায়গা দেওয়ার ব্যবস্থা করা হোক। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

[12.30—12.40 p.m.]

শ্রী অসিতকুমার মাল : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন ধরে সারা বীরভূম জেলায় লোডশেডিংয়ের দাপটে মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে। ঠিক সন্ধ্যবেলায় যখন ছাত্রছাত্রীরা পড়াশোনা করবে তখন দু-ঘণ্টা লোড শেডিং হচ্ছে। আবার রাত দশটার পরে ১০টা থেকে ১২টা—দু'ঘণ্টা লোড শেডিং হচ্ছে। স্যার দিনের পর দিন বিদ্যুতের দাম বেড়ে চলেছে, তারপর আবার এই বিদ্যুৎ বিভ্রাট। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে বলতে চাই, এই বিদ্যুৎ বিভ্রাট থেকে রেহাই দেবার ব্যবস্থা করুন। ছাত্রছাত্রীরা যাতে লেখাপড়া করতে পারে তার জন্য যথাযথ ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় তিনটি থানা আছে। পুলিশ এমনিতে নড়েচড়ে বসে না। মানুষ যার কাছে গিয়ে অভিযোগ করে, সেই ডাক মাস্টার যার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে তার কাছে গিয়ে হাজির হয়। বলে, টাকা-পয়সা দে। তোর সব কেস মিটিয়ে দেব। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের কাছে অনুরোধ করছি, এই ডাক মাস্টার পোষ্টটি তুলে দেওয়া হোক।

মিঃ ডেপুটি স্পিকার : ধনঞ্জয়বাবু, আপনার এটা হবে না। এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার।

শ্রী গুরুপদ দত্ত : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা জানি, সারা রাজ্যে রাজ্য সরকার ঘোষণা করেছেন, বি.পি.এল. শ্রেণির মানুষ বিদ্যুতের সুযোগ সুবিধা পাবে। কিন্তু দেখা যাচ্ছে, বিদ্যুৎ দপ্তর বিদ্যুৎ সংযোগের জন্য বি.পি.এল. শ্রেণির মানুষের কাছ থেকে এক হাজার টাকা চাইছে, জমা দিতে বলছে। তাদের পক্ষে এককালীন এক হাজার টাকা যোগাড় করা দুঃসাধ্য ব্যাপার। বিশেষ করে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি শ্রেণির মানুষের পক্ষে এই টাকা যোগাড় করার ক্ষেত্রে খুব অসুবিধা হচ্ছে। বিদ্যুৎ দপ্তর এই টাকাটা অর্ধেক করুক, তা না হলে তাদের পক্ষে বিদ্যুৎ দেওয়া অসম্ভব হবে। সে জন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে বিষয়টি দেখার জন্য অনুরোধ করছি।

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার বেশ কিছুদিন ধরে তৃণমূল কংগ্রেসীরা সন্ত্রাসের কাল্পনিক হাওয়া তুলে চিৎকার করে যাচ্ছে। তাতে হাওয়া দিয়ে উদ্দীপ্ত করছে কয়েকটি বাজারি কাগজ। গত ৮ই জুলাই পূর্ব মেদিনীপুর জেলার চণ্ডীপুর থানার চৌখালি গ্রাম পঞ্চায়েতের বোরো বাজারে অবসরপ্রাপ্ত প্রাথমিক শিক্ষক কমলকৃষ্ণ দাস খুন হলেন। তৃণমূলীদের হাতে তপন জানার ডান হাত কাটা গেল। তাঁর ডান হাত কেটে নিল তৃণমূলীরা। এটা কিন্তু বাজারি কাগজে নেই। আমাদের রাজ্যে তৃণমূলীদের

মদতে মানুষ খুন হচ্ছে। তারা শান্তির পরিবেশকে নষ্ট করে সন্ত্রাস সৃষ্টি করছে। ক্যাডারদেরকে ওদের নেত্রী বলছেন, যারা সি.পি.এমের সমর্থক তাদের হাত কেটে নাও, পা কেটে নাও। তাই সন্ত্রাস হচ্ছে। সে জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করছি, অবিলম্বে খুনীদের ধরে দৃষ্টান্তমূলক শাস্তি দিন।

মিঃ ডেপুটি স্পিকার : জানে আলম সাহেব, আপনারটা হবে না। এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রী ও অর্থ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে একটি মাত্র চতুর্থ শ্রেণি এবং করণিকের পদ আছে, সেইসব বিদ্যালয়ে অর্থের অভাবে ওইসব পদে লোক নিয়োগ হচ্ছে না। এর ফলে বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। সত্বর ওই সমস্ত জায়গায় খালি পদে আর্থিক নিষেধাজ্ঞা তুলে দিয়ে অবিলম্বে যাতে চতুর্থ শ্রেণি এবং করণিক পদে লোক নিয়োগ করা যায় তার জন্য আবেদন করছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে সালারে একটি ব্লক হাসপাতাল আছে। সেখানে চারজন ডাক্তারের পদ ভ্যাকান্ট যা স্যাংশন্ড হয়ে আছে। সেখানে ৪টি ডাক্তার কোনো সময়েই থাকে না, সেখানে বর্তমানে একজন ডাক্তার আছেন—আয়ুর্বেদ ডাক্তার। সালার গুরুত্বপূর্ণ জায়গা। প্রতিদিন সেখানে প্রচণ্ড রোগীর চাপ হয়। যার ফলে সেখানে ডাক্তার ঠিক মতো পোষ্টেড না থাকায় মানুষ ঠিক মতো চিকিৎসার সুযোগ সুবিধা পাচ্ছেন না। আমার দাবি, সেখানে ডাক্তার দেওয়া হোক। এই ব্যাপারে আমি দীর্ঘ আলোচনাও করেছি বিভিন্ন জায়গায় ও সংশ্লিষ্ট দপ্তরে ডাক্তার দেওয়ার জন্য আবেদন নিবেদন করেছি, কিন্তু সেখানে এখনও একজনই আর্য়ুবেদ ডাক্তার আছেন। তিনি অ্যালোপ্যাথের চিকিৎসা করতে পারেন না। যার ফলে মানুষ সেখানে চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। এই ব্যাপারে অবিলম্বে সালার ব্লকে ডাক্তার দেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নিকট দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থর একটা গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেমারি বিধানসভা এলাকায় যে থানাটি আছে, মেমারি থানা তার ভৌগোলিক এলাকাটি বিস্তৃত। তিনটি বিধানসভার অংশ এই থানার এলাকার মধ্যে আছে, মেমারিটা বাদ দিয়ে, মন্তেশ্বর, বর্ধমান সদর এবং জামালপুর। এই তিনটি বিধানসভার অংশ এবং মেমারি বিধানসভার পুরে এলাকাটা নিয়ে একটি থানা এলাকার মধ্যে ২৮৮টি গ্রাম আছে। খুব স্বাভাবিকভাবে সেখানে যদি কোনো ঘটনা ঘটে, থানা থেকে সেই জায়গায় যেতে যা দূরত্ব তাতে ২৫/৩০ কিঃমিঃ-এর বেশি যেতে হয়। রাত্রির দিকে কোনো অসামাজিক কাজ হলে থানা থেকে তার হস্তক্ষেপ করা খুব দুরূহ ব্যাপার। সেই কারণে আমি দীর্ঘদিন ধরে যে

দাবি করছি বিধানসভায়, মেমারি থানাটি অবিলম্বে বিভাজন করা হোক, সাতগাছিয়ায় একটা থানা নতুন করে তৈরি করা হোক এবং স্বরাষ্ট্রমন্ত্রী যাতে এই কাজটা করেন তার জন্য আমি তাঁর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ ডেপুটি স্পিকার : শ্রী জাহাঙ্গীর করিম এবং শ্রী কার্তিকচন্দ্র বাগ—এই দুটোই হবে না এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

ZERO HOUR

Shri Nripendra Nath Roy : Not present.

শ্রী দীপকচন্দ্র সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে আমাদের জনস্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রীকে বলতে চাই, তিনি এখানে উপস্থিতও আছেন। আমাদের কোচবিহার পৌরসভা কংগ্রেস দল কর্তৃক পরিচালিত পৌরসভা। গত বছর ডিসেম্বর মাসে যে পানীয় জল শহরে দেওয়ার দায়িত্ব সরকারের হাত থেকে পৌরসভা অধিগ্রহণ করে, কিন্তু দেখা যাচ্ছে কংগ্রেস পরিচালিত পৌরসভা সেই পানীয় জল দিতে পারছে না। ইতিমধ্যে কোচবিহার শহরে বিভিন্ন ওয়ার্ডে ১, ২, ৩, ৫, ৬, ১৫, ১৬ নম্বর ওয়ার্ডে সেখানে পানীয় জল সরবরাহ প্রকল্পটা ছিল, সেটাকে নিয়ে এখন তারা কঠিন সংকটের মধ্যে পড়েছে। পৌরসভা তারা জল দিতে পারছে না। এমন কি রাজ্য সরকারের কাছে কারিগরি সাহায্য তারা চাননি। এই সমস্যা যখন চলছে, তখন দেখা যাচ্ছে, পৌরসভার পক্ষ থেকে প্রাথমিকভাবে গত জানুয়ারি মাস থেকে তিন মাসের জল কর দেওয়ার জন্য বিল পাঠাতে শুরু করেছে। জল দিতে পারছে না, বাড়ি বাড়ি বিল পাঠাচ্ছে। শহরের এই জলের সমস্যাটা দেখার জন্য মাননীয় মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসে উদ্বেগ প্রকাশ করছি। এই কারণে গিরিরাজ কিশোর-এর প্রস্তাব মুসলিম ল বোর্ড বাতিল করে দিয়েছে। সামনে ৪টি রাজ্যে নির্বাচন রয়েছে, এই নির্বাচনকে সামনে রেখে.....

[12.40—2.30 p.m. (including recess)]

সংঘ পরিবার এবং ভি.এইচ.পি. সারা দেশ জুড়ে ধর্মীয় উন্মাদনা তৈরি করে আমাদের দেশের পরিবেশকে আরও সাম্প্রদায়িকতার মধ্যে নিয়ে যাওয়ার প্রচেষ্টা গ্রহণ করেছে। এন.ডি.এ. সরকারের আমলে যে ভয়ানক ঘটনাগুলো ঘটছে, গুজরাটের রাস্তার রক্ত এখনো শুকোয়নি। তারই পাশাপাশি আমরা দেখছি এই নির্বাচনকে সামনে রেখে তারা সারা দেশ জুড়ে একটা বিষময় পরিস্থিতি তৈরি করার চেষ্টা করছে। এর বিরুদ্ধে আমাদের প্রতিবাদ করতে হবে, আমাদের সজাগ হতে হবে এবং সারা দেশ জুড়ে প্রতিবাদ সংগঠিত করতে হবে। এই ঘৃণ্য চক্রান্তের বিরুদ্ধে নিন্দাসূচক প্রস্তাব গ্রহণের আমি অনুরোধ করছি।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি এই হাউসে উত্থাপন করছি। আমাদের রাজ্যের একটি প্রাচীন কারখানা হচ্ছে জেসপ।

কেন্দ্রীয় সরকারের বি-রাষ্ট্রীয়করণ নীতির কারণে এই কারখানাটি রুইয়া কোটেক্স কোম্পানির কাছে বিক্রি করে দেওয়া হয় মাত্র ১৮ কোটি ১৮ লক্ষ টাকায়। যে কারখানাটির প্রকৃত মূল্য ৩৫০ কোটি টাকা। এর বিরুদ্ধে শ্রমিক-কর্মচারীরা আদালতে মামলা করে। সেই মামলার রায়ে রুইয়া কোটেক্স কোম্পানিকে ৭২ শতাংশ শেয়ার বিক্রির ছাড়পত্র দেওয়া হয়। আমার মনে হয় এতে শ্রমিক স্বার্থ ক্ষুণ্ণ হবে, এই শ্রমিক স্বার্থ যাতে ক্ষুণ্ণ না হয় তার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী প্রফুল্লকুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। করিমপুর এক নম্বর ব্লকে জয়েন্ট বি.ডি.ও. নেই, এস.এ.ই. নেই আর ডব্লু. এস সহ ১১টি পোষ্ট ফাঁকা পড়ে রয়েছে। আজকে পঞ্চায়েত সমিতিতে কাজ প্রচুর বেড়েছে, সেখানে এতগুলো পোষ্ট ফাঁকা পড়ে থাকায় খুবই অসুবিধা হচ্ছে। এই ব্যাপরে আমি বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি এই ১১ জন কর্মচারী যত শীঘ্র সেখানে নিয়োগ করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা হোক।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০০ সালের বন্যায় যেসব নদী বাঁধ ভেঙে গিয়েছিল তার মধ্যে অনেক বাঁধ আছে যেগুলো এখনো পর্যন্ত মেরামতি করা হয়নি। এই ব্যাপারে আমি সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে এবং আমাদের জেলার জেলা পরিষদের সঙ্গে বার বরে কথা বলেছি। কিন্তু সেই ব্যাপারে কোনো কাজ হয়নি। এখন বর্ষা আসছে, বর্ষার পরে আবার বন্যা হতে পারে। বন্যা হলে চাষিরা তাদের জমিতে চাষ করতে পারবে না। এই নিয়ে আমার বিধানসভা এলাকায় প্রচণ্ড ক্ষোভের সৃষ্টি হয়েছে। ২০০০ সালের বন্যায় যেসব এলাকায় বাঁধ ভেঙে গিয়েছিল, সেইসব বাঁধ জরুরি অবস্থার ভিত্তিতে মেরামতির ব্যবস্থা গ্রহণের জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পাঁশকুড়ার সিদ্ধা ২ নম্বর ব্লকের জাতীয় সড়কের গায়ে একটি প্রাচীন মসজিদ আছে। জাতীয় সড়কটির সম্প্রসারণের কাজ চলছে, সেই কারণে মসজিদটি নাকি এখনই ভাঙার দরকার। এই ব্যাপারে ৭ই জুন, হাজার হাজার পুলিশ সেখানে সমবেত হয়েছিল। কিন্তু এই ব্যাপারে পনেরো, কুড়ি হাজার মুসলমান মানুষ সেখানে সমবেত হয়ে এর প্রতিরোধ করেন। আমরা চাই এক তরফা যাতে কিছু না হয়, তাহলে মুসলমান সম্প্রদায়ের ভাবাবেগকে আঘাত করা হবে এবং আইন-শৃঙ্খলার অবনতিও ঘটতে পারে। আমি এই বিষয়ে আশঙ্কা প্রকাশ করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী তাপস চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেমারি বিধানসভা এলাকার একটি গুরুত্বপূর্ণ রাস্তা হচ্ছে মেমারি-নালডাঙা রাস্তা। মেমারি থেকে সাঁতগাছিয়া পর্যন্ত রাস্তাটি ১২ কিলোমিটার। আর.আই.ডি.এফ.-৪-এ কাজ হয়েছিল ৮ বছর আগে। ইতিমধ্যে রাস্তাটি আবার খারাপ হয়েছে। রাস্তাটি অবিলম্বে মেরামত করা প্রয়োজন, এদিকে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : (অনুপস্থিত)

শ্রী অসিতকুমার মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন ধরে লক্ষ করছি, বেসিক ট্রেনিং নিতে যারা ইচ্ছুক, তাদের কাছ থেকে ট্রেনিং সেন্টারগুলো ৪০ হাজার টাকা করে নিচ্ছে। রাজ্য সরকার কিছু স্কুলকে অনুমতি দিয়েছে এই টিচার্স ট্রেনিং স্কুল চালানোর জন্য। আমি জানতে চাই, যারা ৪০ হাজার টাকা দিয়ে বেসিক ট্রেনিং নিচ্ছে, তারা আদৌ শিক্ষকতা পাবেন কিনা। কারণ রাজ্য সরকার প্রায় কন্ট্রাক্ট বেসিসের দিকে এগিয়ে যাচ্ছে। ছাত্রছাত্রীরা অনেক কষ্ঠ করে এই টাকা যোগাড় করে ট্রেনিং নিচ্ছে যাতে করে স্কুলে চাকরি পায়। আগে যারা বেসিক ট্রেনিং নিয়েছে, তাদের মতো এদের মান নির্নীত হবে কিনা এবং হলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যেভাবে চাকরি পায় সেরকম ভাবে চাকরি পাবে কিনা জানাবেন কি ? এই ব্যাপারে ছাত্রছাত্রীরা যাতে বিভ্রান্ত না হয়, সেটা সরকারকে সুনিশ্চিত করতে হবে।

শ্রী নৃপেন্দ্রনাথ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমনত্রী ও রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই বছর এই যে ভয়ানক বৃষ্টিপাত শুরু হয়েছে, তাতে আমার নির্বাচনী এলাকার অনেকগুলো অঞ্চল গিদাল্ডা-২ নং ব্লক, ব্রহ্মত্বচত্রার অর্ধেক অংশ, পেটলা জি.পি.র অর্ধেক, উত্তর সিঙ্গিমারী গ্রাম, আদাবাড়ি অঞ্চলের অধিকাংশ জায়গা জলে ডুবে গেছে, অনেক মানুষ অন্য জায়গায় আশ্রয় নিয়েছে। সরকারের পক্ষ থেকে সেখানে ত্রাণ পৌছয়নি বা অন্যান্য ব্যবস্থা কিছু নেওয়া হয়নি। এসব বানভাসি এলাকাগুলোতে অবিলম্বে পর্যাপ্ত পরিমাণে ত্রাণ পৌছে দেওয়ার ব্যবস্থা করা হোক, এই দাবি রাখছি।।

মিঃ ডেপুটি স্পিকার : এখন বিরতি, আমরা আবার মিলিত হব ২.৩০ মিনিটে।

[2.30—2.40 p.m. (after recess)]

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

DEMAND NO. 27

Mr. Speaker : There are 143 cut motion to Demand No. 27. All the cut motions are in order, Cut Motions No. 2-4, 54-70 and 87-92 are taken as moved. Remaining cut motions are not moved as the movers are not present.

Shri Kamal Mukherjee : (2-4) Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

Shri Kamal Mukherjee (54-66) :
Shri Gyan Singh Sohanpal (66-70)
Shri Deba Prasad Sarkar (87-88)
Shri Abdul Mannan (89-92) } Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য তার ২৭ নম্বর অভিযাচনে ২০০৩-০৪ সালের যে ব্যয়বরাদ্দ দাবি উত্থাপন করেছেন আমি তাকে বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে সব কাট মোশন এসেছে সেগুলোর সমর্থন করছি, করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতা পাঁচ পাতা, ছয় পাতা ধরে যা রয়েছে পড়েছি, তার মধ্যে ২, ৩, ৫, ৬, ১০, ১৪, ১৮, ১৯ অনুচ্ছেদগুলিতে কিছু কিছু বিভ্রান্তি থাকলেও তার সঙ্গে আমরা দ্বিমত করি না, কিন্তু বাকি কতকগুলো ব্যাপারে তাঁর যে বক্তব্যগুলো রয়েছে তার সঙ্গে আমরা বাস্তবের মিল খুঁজে পাই না। তাই আমাদের সেখানে কিছু প্রতিবাদ করতে হয়। স্যার, আজকে সাধারণ মানুষের সমর্থন খুইয়ে নিয়ে স্বতঃস্ফূর্ত সমর্থন না পাওয়ার ফলে আজকে এই সরকারকে পুলিশ এবং সমাজবিরোধীদের উপর নির্ভর করতে হচ্ছে। এই সরকারের মূল স্তম্ভ হচ্ছে পুলিশ প্রশাসন, কারণ সমাজ-বিরোধীদের কন্ট্রোলে রাখতে এই পুলিশকে হাতে নিয়ে নির্বাচনী বৈতরণী পার হতে হয়, যে কোনো উপায়ে ক্ষমতাকে ভোগ করে চলাটাই আজকে এই দলের অস্তিত্বের মূল মন্ত্র হয়ে দাঁড়িয়েছে। ভোটে জেতার একটা অমোঘ তাগিদে আজকে এই সরকারকে দুষ্কৃতি এবং সমাজ বিরোধীদের উপর নির্ভর করে চলতে হয়। আমরা এতে বিস্মিত হই না, বিস্মত হই তখন যখন মুখ্যমন্ত্রী এবং আলিমুদ্দিন স্ট্রিটের শাসক দলের বড় বড় পদাধিকারীরা স্বচ্ছ, দায়বদ্ধ, সংবেদনশীল, দুর্নীতিমুক্ত, উন্নততর বামফ্রন্ট সরকারের কথা বলেন। তখন আমরা অবাক হয়ে যাই। স্যার, অনেকদিন ধরে বুদ্ধদেববাবু পুলিশ মন্ত্রী আছেন, অনেকগুলো পুলিশ বাজেট পেশ করে আসছেন। উনি মুখ্যমন্ত্রী হওয়ার পর একটা কথা বলেছিলেন যে সৎ, নির্ভীক, স্বচ্ছ প্রশাসন উপহার দেবেন। কি স্বচ্ছ প্রশাসন উপহার দিলেন ? আমি উত্তর ২৪ পরগনা থেকে শুরু করছি, স্যার।

আপনারা নির্ভীক অফিসার কেমন পেয়েছেন এবং তাকে কেমনভাবে প্রোটেকশন দিতে পেরেছেন ? আমি সেই দিকে যদি যাই তাহলে দেখবেন উত্তর ২৪ পরগনার এস.পি. ছিলেন হরিসেন ভার্মা। তিনি দেখলেন ইছাপুর দুগ্ধ ব্যবসায়ী সমিতির ৭ লক্ষ ৩০ হাজার টাকা লুঠ করলো কিছু সমাজবিরোধী। তার নাম আপনি জানেন বুল্টন এবং তার সাকরেদ ৭-৮ জন মিলে লুঠ করলো। তারা একটা গাড়ি নিলো সেটাতে লালবাতি লাগানো। সেই গাড়ি কার ? সেই গাড়ি বরগুম গ্রাম পঞ্চায়েতের প্রধান এ. কে. ঘোষের স্ত্রীর গাড়ি। আপনাদের পার্টির একজন কমরেড, একজন নেতা, তার পুরো নাম অসীম ঘোষ। তার স্ত্রীর গাড়ি। তিনি আপনাদের পঞ্চায়েত প্রধান ছিলেন। ৪ জন অ্যারেস্ট হলো। অ্যারেস্ট হওয়ার পরে তারা কি বললো ? তারা বললো বুল্টনই মেন নেতা। সংবাদপত্রে ফলাও করে বেরলো। আপনি মুখ্যমন্ত্রী এখন সব ব্যাপারেই তাৎক্ষনিক প্রতিক্রিয়া জানান, খুব মানবিকতাবোধ দেখান এবং সক্রিয় পুলিশমন্ত্রী হিসাবে আপনি অ্যাকশন নিয়ে নিলেন বুল্টনকে ইমিডিয়েটলি অ্যারেস্ট করা হবে। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি কি বুল্টনকে আজ পর্যন্ত অ্যারেস্ট করতে পেরেছেন ? আপনার পুলিশ কি পেরেছে ? গত বছরের ১৬ই সেপ্টেম্বর ঘটনা ঘটলো, আপনি দেখলেন জনরোষ, তখন আপনি তাকে বললেন প্রধান

থেকে সরে যাও। আপনার দল থেকে প্রধানের পদ থেকে তাকে সরিয়ে দিলেন। আপনি মানুষকে ধোঁকা দিলেন, মানুষকে প্রতারণা করলেন। আপনি দেখালেন সমাজবিরোধী হলেই আপনারা তাকে দল থেকে সরিয়ে দেন। যেমনি মানুষের স্মৃতি ফিকে হয়ে গেল, পাতলা হয়ে গেল আপনারা আবার সেই অসীম ঘোষকে পঞ্চায়েত নির্বাচনে দাঁড় করিয়ে দিলেন। এইবার আপনার অ্যাকশন কি ? আপনার অ্যাকশন হচ্ছে হরিসেন ভার্মাকে আপনার দল চাইছিল না, তাঁকে ট্রান্সফার করে দিলেন। তাঁর দোষ কি ? গোবরডাঙ্গা আউট পোষ্টের ইন্সপেক্টর-ইন-চার্জ সামসের আলি, তিনি এদের ধরার খুব উৎসাহ দেখিয়ে ছিলেন। আপনার ডিস্ট্রিক্ট কমিটির সেক্রেটারি বললেন এত বড় সাহস। স্যার, সামসের আলি এদের প্রোটেকশন দিচ্ছিলেন। হরিসেন ভার্মা সেখানে সামসের আলিকে বদলি করে দিলেন। আপনার ডিস্ট্রিক্ট কমিটির সেক্রেটারি চটে লাল, এতবড় সাহস ? আমাদের সরকার আছে—বামফ্রন্ট সরকার, দু-চার জন সমাজবিরোধীকে নিয়ে কাজ করছি, নির্বাচনী বৈতরনী পার হচ্ছি—হাবড়ার নির্বাচনে বুল্টনকে কাজে লাগিয়েছেন অমিতাভ নন্দী, আপনাদের ওখানকার প্রার্থী—তার জন্য তাদের অ্যারেস্ট করতে হবে, এতবড় সাহস ! সঙ্গে সঙ্গে এস.পি.কে চিঠি লিখলেন, তিনি আপনাদের পার্টির ডিস্ট্রিক্ট কমিটির সেক্রেটারি। আমরা আপনাদের দেখি, আমরা আপনাদের পার্টির প্রশংসা করি যে আপনাদের যারা পার্টির পদাধিকারী তারা রাইটার্সে যান না। প্রশাসনকে ওইভাবে দেখেন না। পার্টির পলিসি নিয়ে নিশ্চয়ই পার্টির মন্ত্রীকে বলতে পারতেন, আপনাকে বলতে পারতেন যদি পার্টির কিছু হয়। আপনাদের ডিস্ট্রিক্ট কমিটির সেক্রেটারি কি চিঠি লিখলেন ?

"The Superintendent of Police
North 24 Parganas,
Barasat,

Date : 02.10.'02

Dear Sir,

It is understood that all on a sudden I/C of Gobardanga Out Post has been transferred. The question comes about when anti-social Activities were to some extent suppressed at the time of I/C who has been transferred now from that area. Particularly this impression was created among our leadership there when one of our leaders was saved from the attacks of anti-socials there many a time.

I hope you will see to it that anti-social activities are suppressed there as before.

Thanking you.
Yours Sincerely,
Sd/- **Amitave Basu,**
Secretary,
North 24 Parganas District Committee
C.P.I. (M)"

[2.40—2.50 p.m.]

আপনার ডিস্ট্রিক্ট কমিটির সেক্রেটারি যে অফিসারকে ট্রান্সফার করা হয়েছে তার সম্বন্ধে একথা বললেন। আর, আপনার এস.পি. কি বলছেন তার সম্বন্ধে ? এস.পি. বলছেন যে, বুল্টনের বন্ধু একজন সাব-ইন্সপেক্টর। শামসের আলি হচ্ছেন কি ? বুল্টনের বন্ধু। আপনার হরিসেন ভার্মা বলছেন, তিনি অথোরিটির কাছে রিপোর্ট দিয়েছেন। আপনি আপনার ডি.জি.-কে, হোম সেক্রেটারিকে জিজ্ঞাসা করতে পারেন। তিনি বলছেন যে, বুল্টনের একজন বন্ধু সাব-ইন্সপেক্টর শামসের আলি বছরের পর বছর ওয়ারেন্ট চেপে যাচ্ছে। শামসের আলি বুল্টনের ওয়ারেন্ট চেপে যাচ্ছে। শুধু তাই নয়, একটা নিরীহ নিরাপরাধ লোককে মিথ্যা মামলায় জড়িয়ে তাকে ফাঁসির কাঠে ঝোলাতে চেয়েছিল, ফাঁসিতে দিতে চেয়েছিল। এই রকম একজন অফিসারকে এস.পি. ট্রান্সফার করেছেন এবং তার জন্য আপনার পার্টির 'এ' হল। তো আপনি পার্টির প্রোডাক্ট। আপনি মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে সৎ হতে পারেন, ব্যক্তি বুদ্ধদেব ভট্টাচার্য মানবিক হতে পারেন কিন্তু আপনি হচ্ছেন এই পার্টির-ই প্রোডাক্ট, আপনার সি.পি.এম.-র বাইরে কথা বলার ক্ষমতা নেই। হরিসেন ভার্মাকে ট্রান্সফার করে দিলেন। তাহলে বলুন মাননীয় মুখ্যমন্ত্রী কোন্ নির্ভীক অফিসার আপনার হয়ে কাজ করবে ? আজ পর্যন্ত তো পারলেন না আপনি বুল্টনকে অ্যারেস্ট করতে। পেরেছেন ? আর, আজকে শুধু বুল্টন নয় অসীম ঘোষের দৌরাত্মও কম নয়। এই হল নর্থ ২৪ পরগনার চিত্র।

এবারে একটু পাশে চলে আসুন—কলকাতার কাশীপুর-বেলগাছিয়া এলাকা। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কে এক্ষেত্রে ধন্যবাদ দিই যে, তিনি অন্তত দুলাল ব্যানার্জীকে অ্যারেস্ট করার ব্যাপারে একটা সক্রিয়তা দেখিয়েছেন। জানি তিনিও খুব চাপে আছেন। কিন্তু আপনি সক্রিয়তা দেখিয়েছেন। আর দুলাল ব্যানার্জীকে ছাড়াবার জন্য আপনার দল কি করছে ? আপনাদের দলের কারা কারা অনেক বিক্ষোভ মিছিলে অংশ নিয়েছে ? আপনাদের দলের কোন্ কোন্ নেতা গিয়ে ওখানে মিছিল-মিটিং করছে ? সেগুলো একটু দেখেছেন ? সেগুলো যদি একটু দেখেন তাহলে দেখতে পাবেন গত ১৬ই জুন কাশীপুর-বেলগাছিয়া অঞ্চলে একটা নাগরিক কনভেনশন হল। প্রিসাইড করলেন কে ? নাগরিক কনভেনশনে প্রিসাইড করলেন কমরেড সলিল চ্যাটার্জি। চেয়ারম্যান এক নম্বর বরো কমিটি। সি.পি.এম. দলের কাউন্সিলর। সেখানে বক্তৃতা দিলেন কে ? আমার সহকর্মী বন্ধু, এখন এখানে নেই, রাজদেও গোয়ালা। বক্তৃতা দিলেন কে ? রবি বিশ্বাস। লোক্যাল কমিটির সেক্রেটারি। বক্তৃতা দিলেন কে ? রুমা সাহা। কে ? আপনার দলের কাউন্সিলর। আরো আছে—কানাই গাঙ্গুলী, আরো অনেকে আছে। সভাপতিত্ব করলেন সলিল চ্যাটার্জি। কি অভিযোগ ? না, বুদ্ধদেববাবুর পুলিশ সেখানে, পুলিশ সাট্টা, জুয়া, মদ চালাচ্ছে, এমনকি দেহ ব্যবসা পর্যন্ত করছে। মাননীয় বুদ্ধদেববাবু আমাদের বললেন কি সব রোগ-টোগ হয়েছে তাহলে আপনার দলের নেতাদের কি রোগ হয়েছে ? তার বলছে বুদ্ধদেববাবুর পুলিশ সাট্টা, জুয়া চালাচ্ছে, মদ চালাচ্ছে এবং দেহ ব্যবসা করছে। তাহলে আমরা কি বলব ? পুলিশ খুব ভালো কাজ

করছে ? আমরা বলব পুলিশ দারুণ সমাজসেবা করছে ? আপনার দলের কাউন্সিলর রুমা সাহা বলছেন যে, আমরা আসতে পারি না, রাস্তায় ১০টার পরে বোরোতে পারি না ওই সমাজ-বিরোধীদের অত্যাচারে। আপনি খোঁজ নিয়ে দেখুন। আপনি পুলিশ রিপোর্ট নিয়ে দেখুন যে নাগরকি কনভেনশনে কারা কারা ছিল। কোন দলের লোকেরা ছিল এবং তাদের দাবি ছিল দুলাল ব্যানার্জিকে মুক্তি দিতে হবে, দুলাল ব্যানার্জির বিরুদ্ধে মামলা প্রত্যাহার করতে হবে। তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়, আপনি দায়িত্বশীল মুখ্যমন্ত্রী হিসাবে কাজ করতে গেলেন, পারলেন না। আমি জানি না আপনি কতদিন এটা চালিয়ে যেতে পারবেন। হরিসেন ভার্মার মতো তাকে যেমন ট্রান্সফার করে দিয়েছেন, এখনও পর্যন্ত, হয়তো আগামীদিনে দেখব কেস, পুলিশ আপনার এমনভাবে রিপোর্ট তৈরি করবে যে তাকে বে-কসুর খালাস করে দেওয়া হবে। তাই আমার সন্দেহ হচ্ছে। আপনি কাজের কথা বলেন এবং দেখতে পাচ্ছি আপনার দপ্তর ভালো কাজ করছে কিন্তু আপনার দলের চাপের কাছে আপনি অসহায়। আপনি গত ১৭ই মে কলকাতার বুকে প্রেস কনফারেন্স করলেন নির্বাচনের পর দু'বছর মুখ্যমন্ত্রীত্ব কভার করার জন্য। অতিক্রম করেছেন, আমি আপনার দীর্ঘায়ু কামনা করি কিন্তু আপনার সরকারের দীর্ঘায়ু কামনা করি না। তো আপনি সেখানে গিয়ে বললেন, 'দলে অনেক বেনো জল ঢুকে গেছে।' আপনি প্রেস ক্লাবে যেটা বলেছেন যে, 'সি.পি.এম.—এর ধারেকাছেও আসা উচিত নয় এমন সব লোক এখন আমাদের দলে ঢুকে পড়েছে।' এটা আপনি নিজে বলেছেন। তাহলে বেনোজল যদি ঢুকে পড়ে, আপনি সাহিত্যের ছাত্র হলেও বুঝবেন, কোনো কিছুর ছাত্র না হলেও বুঝতে পারবেন, বিজ্ঞানের ছাত্র হতে হবে না—বেনোজল যখন ঢুকে যায় তখন বিশুদ্ধ জল কিন্তু আর বিশুদ্ধ থাকে না, সেটা বেনোজলের সংস্পর্শে এসে তার রূপ নিয়ে নেয়, একই রূপ নিয়ে নেয়, বিশুদ্ধতা আর থাকে না তার, থাকে কি ? বেনোজল যখন কোথাও ঢোকে তখন সেই বিশুদ্ধ জলের বিশুদ্ধতা কি থাকে ? আপনি সাহিত্যিক মুখ্যমন্ত্রী, সাহিত্যিক স্বরাষ্ট্রমন্ত্রী, আপনি একটু বুঝিয়ে বলবেন কি ? বিজ্ঞানের কোন অংকে বেনোজলের সংস্পর্শে এলে বিশুদ্ধ জল বিশুদ্ধ থাকে ? আপনি বললেন, আপনাকে দল যতটা বলতে বলে ততটা আপনি বলেন। তাই একটা ভয় লাগে আমাদের, সন্দেহ হয়, গড়াপেটা গেম খেলছেন না তো আলিমুদ্দিন স্ট্রিটের সঙ্গে ? আপনি এখানে বলবেন, মুখ্যমন্ত্রী হিসেবে—বেনোজল ঢুকে পড়েছে। আর ওখানে অনিলবাবু তাদের প্রশ্রয় দেবেন। আপনি বলবেন কোথায় প্রশ্রয় দিয়েছেন ? আমি এককটা করে নাম বলছি—বলতে গেলে অনেক হয়ে যাবে। আপনারা অনেকে অভিযোগ করেন, কংগ্রেস আমলে অনেক মিথ্যে মামলা দেওয়া হয়েছে, আমরা অভিযোগ করি, আপনাদের আমলে আপনাদের পুলিশ আমাদের নামে অনেক মিথ্যে মামলা দেয়। কিন্তু এটা অতিবড় শত্রুও আপনাদের বলবে না যে, আপনার বা জ্যোতিবাবুর পুলিশ আপনার দলের লোকের নামে মিথ্যে মামলা দেয়, মিথ্যে মামলা দায়ের করে এটা কিন্তু আপনার অতিবড় শত্রুও বলবে না, বন্ধুতো বলবে না। তা আপনি বেনোজল বের করতে চাইছেন, আলিমুদ্দিন স্ট্রিট বেনোজল কেমনভাবে বিশুদ্ধ করছে দেখে নিন। অসীম ঘোষ—আগেই বলেছি, বেনোজল এলেও তাকে আপনি পঞ্চায়েতে ক্যানডিডেট করে দিলেন, পার্টির স্বীকৃতি দিয়ে দিলেন বীরভুম নানুরে, সূঁচপুরের হত্যাকান্ড-লজ্জায় মাথা হেঁট করে দিয়েছিল।

পশ্চিমবঙ্গের সূঁচপুরের হত্যাকান্ড, সেখানে যিনি প্রধান অভিযুক্ত, পুলিশ তাকে অ্যাকিউজ করেছে। নিত্য চ্যাটার্জী—তাকে এবারে জেলা পরিষদে ক্যানডিডেট করলেন আপনার দল, তাকে পুলিশ অ্যাকিউজ করেছে, নিত্য চ্যাটার্জীকে আপনার দল জেলা পরিষদের ক্যানডিডেট করে দিলেন। মনিরুজ্জামান—সূঁচপুরের হত্যাকান্ডের একজন নায়ক, তাকে আপনি পঞ্চায়েত সমিতিতে প্রার্থী করে দিলেন। তারপর আপনি বামপন্থী আন্দোলনের একজন প্রোডাক্ট, আপনি আডবানীর প্রশংসা করেন—আপনি আগে বলেছেন ব্যাখ্যা দিয়ে কেন করেন। হ্যাঁ, আই.এস.আই. চরদের গ্রেপ্তার করুন—আমরাও চাই। কিন্তু আপনার পুলিশ যাকে আই.এস.আই. চর বলছে সেই আবদুর রউক্‌কে মালদা জেলা পরিষদের প্রার্থী করা হল। তাহলে বুদ্ধদেববাবু বেনোজলের বিশুদ্ধীকরণ কিভাবে করছেন, দল দেখছেন না ? আপনি বেনোজল নিয়ে আসছেন, আর আলিমুদ্দিন স্ট্রিট করছে। আর কত উদাহরণ দেব ? ঘোকসাডাঙ্গা—এটাও লজ্জায় আপনার মাথা হেঁট হয়ে গেছে। আমি দেখিনি সংবাদপত্রে ঘোকসাডাঙ্গার লজ্জাজনক ঘটনায় আপনার দলের কমরেডকে নির্যাতন করার পর, ধর্ষণ করার পর আপনি তার নিন্দা করেননি, এটা আমি দেখিনি। আপনি নিজেও মর্মাহত হয়েছিলেন। কি দেখলাম ? সেই ঘোকসাডাঙ্গায় সামিরুদ্দিন—যার পরিচিত নাম হচ্ছে ক্যাল্‌সা। আমি এবারে পঞ্চায়েতে প্রচারে গিয়ে দেখি, কমরেড সামিরুদ্দিনকে ভোট দিন, ক্যালসাকে ভোট দিন—সি.পি.এমের প্রার্থী। বিশুদ্ধকরণ হল না। আপনি বেনোজল তাড়াবেন ? আপনার সি.আই.ডি. উদয় সরকার নামে একজন কমরেডের নামে অভিযোগ করলো, তাকে দোষী সাব্যস্ত করা হল। সি.আই.ডি.-র ইনভেস্টিগেশন—আমরা এখনও সি.আই.ডি.-র ইনভেস্টিগেশনকে ডিমান্ড করি, অনেক সময় আপনারা সি.বি.আই. না বললেও, আমরা বলি সি.আই.ডি.-কে ইনভেস্টিগেশন করতে দিন। সেই সি.আই.ডি. ইনভেস্টিগেশন করে উদয় সরকারের নামে কি রিপোর্ট দিল সেটা আপনার কাছে আছে। আপনি তারপরেও তাকে বর্ধমান জেলা পরিষদের প্রার্থী করে দিলেন। কত বলব ? এসব বলতে গেলে অনেক বড় হয়ে যাবে, অত ইতিহাস বলা যাবে না। আজকে আপনার পুলিশ এফিসিয়েন্ট। আপনি কেন বলছেন না ? সন্দেহ হচ্ছে, গড়াপেটা গেম হচ্ছে আলিমুদ্দিন স্ট্রিটের সঙ্গে মুখ্যমন্ত্রীর। তাহলে আপনি দুলাল ব্যানার্জীকে গ্রেপ্তার করলেন, তার সাগরেদ কৃষ্ণকে করলেন, চন্দন চক্রবর্তী ও সঞ্জীব গোস্বামী খুনের, জোড়া খুনের অপরাধে। কিন্তু তারপর কোথায় গেল কেলে গুপি ?

[2.50—3.00 p.m.]

পচা, নিতা, রবীন্দ্রনাথ দাস, হেল্‌থ ডিপার্টমেন্টে চাকরি করে আপনার স্টেট গভর্নমেন্টে ধরতে পেরেছেন ? পারেননি। পুলিশ খোঁজ পাচ্ছে না। পাবে কি করে ? কেলে, গুপী লেকটাউনে কদিন আগে বিয়ে করেছে। ফেরার। বিয়ে করার সময় আপনার কমরেড সহ বহু লোককে নিমন্ত্রণ করে খাওয়ালো। পুলিশের অনেক লোক গিয়ে নেমন্তন্ন খেয়েছে সিভিল ড্রেসে ইউনিফর্ম পরে নয়। বিয়েতে নেমন্তন্ন করে খাওয়ালো, লেকটাউনে প্রকাশ্যে বিয়ে করল কেলে গুপী, বৌমাকে নিয়ে বাড়ি গেল। আপনার কমরেডরা গিয়ে নেমন্তন্ন খেয়ে এল।

আপনার পুলিশ তাকে ধরতে পারল না। এতে বাংলার মানুষ যদি বলে মাননীয় বুদ্ধদেববাবু আলিমুদ্দিন স্ট্রিটের সঙ্গে গড়াপেটা গেম করছেন ? তাহলে কি বলবেন ? আজকে সেই জন্যই আমাদের সন্দেহটা আপনার কাছে বারবার বলি। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় এই হাউসে আপনি দাঁড়িয়ে বলেছিলেন—হাওড়ার পুলিশ যাদের গ্রেপ্তার করেছিল সল্টলেক স্টেডিয়াম থেকে আপনার একজন কর্মী। আমি জানি না তাকে এত ভয় কেন ? যুব ভারতী ক্রীড়াঙ্গনে যে সমস্ত ক্রিমিনালরা ছিল তার মধ্যে পলাশ ছিল অন্যতম। ধরতে পেরেছেন ? পারেননি। পলাশকে আপনি আজ পর্যন্ত ধরতে পারেন নি। আপনি হাউসে বলেছিলেন ধরব। কিন্তু আজ পর্যন্ত ধরতে পারেননি। কেন পারেন নি ? আপনার পুলিশ কি করছে ? কারণ সে হচ্ছে আপনার মন্ত্রীর সেল্টারে। আপনার মন্ত্রী তাকে সেল্টার দিয়ে থাকে। সল্টলেক স্টেডিয়ামে ধরে ছিল কোনো একটি সাহসী পুলিশ অফিসার গিয়ে ধরে নিয়ে এলেন তার কিছু সাকরেদকে পলাশ গিয়ে বলল সে কি দাদা আমরা এত রিগিং টিগিং করি গুণ্ডামি করি আর আপনি আমাকে প্রোটেকশান দেবেন না ? আজ পর্যন্ত আপনার পুলিশ তাকে ধরতে পারছে না। আপনি বিধানসভায় বলার পরেও তাকে ধরার কোনো ব্যবস্থা করতে পারলেন না। এই তো অবস্থা আপনার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় পুলিশ মন্ত্রী মহোদয় একটু উদ্বেগ প্রকাশ করেছেন আজকে যে সংস্কৃতির মানুষ নিশ্চয়ই উদ্বেগ প্রকাশ করবেন নারী নির্যাতন বাড়লে। এখানে শুধু যে আপনার দলের এই বেনো জলের জন্য আজকে এই নারী নিরাপত্তা বিঘ্নিত, পুলিশের নিরপেক্ষ ভূমিকা পালন করতে পুলিশ বাধা পাওয়ার জন্য হচ্ছে তাই নয়। কিছুটা অ্যাডমিনিস্ট্রেটিভ গাফিলতি আছে। আমরা রাজ্যে বার বার একটা দাবি করেছি যে আপনি মহিলা পুলিশের সংখ্যাটা বাড়ান। আপনি ২০০২ সালের যে স্টেটমেন্টটা আমাদের দিয়েছিলেন, তাতে দেখলাম যে আমাদের রাজ্যে পুলিশের সংখ্যা ছিল তখন ১ হাজার ৫৪—মহিলা পুলিশ। তার মধ্যে ওয়েস্ট বেঙ্গলে পুলিশ হচ্ছে ৭২৪, ৩৩০। আপনি বলেছিলেন ১০৬০ জন নেবেন। এখনও নিতে পারেননি। পুলিশ অফিসারের র‍্যাংক এত কম, তখন আপনি বলেছিলেন আপনার এ.সি.-র সংখ্যা ছিল ১৬০ জন। কলকাতাতে পুলিশ ইন্সপেক্টরের সংখ্যা ১২ জন। আপনার এখন ৪৫টা থানা। তখন ৪২টি ছিল। স্বাভাবিক কারণে প্রতিটা থানায় একজন করে পুলিশ অফিসার দিতে পারবেন না। আপনারা এবার একটা তত্ত্ব বের করেছেন। পুলিশের সংখ্যা বাড়লে মহিলা, পুলিশের সংখ্যা বাড়লে কি অত্যাচার বন্ধ হয়ে যাবে ? অত্যাচার বন্ধ কিছুটা হয়। কিছু মহিলা নির্যাতিত হলে তারা গিয়ে মহিলা পুলিশের কর্মচারীরা কাছে গিয়ে যতটা অকপটে বলতে পারে, একজন পুরুষ কর্মচারীর কাছে গিয়ে ততটা অকপটে বলতে পারে না। কিন্তু আপনি সেই সংখ্যাটা পূরণ করতে পারেন নি। কারণ আপনার দেউলিয়া অবস্থা, অর্থনৈতিক অবস্থা এতো খারাপ সেখানে আপনি বলেও সেখানে বাড়াতে পারছেন না। আমাদের গোটা রাজ্যে এস.আই.-এর সংখ্যা বোধহয় পুলিশে মাত্র ৬৭টা ছিল। এখন কয়েকটা বেড়েছে। ১শততে গিয়ে পৌঁছতে পারে নি। ৮০তেও পৌঁছতে পারেনি বর্তমানে সেখানে আপনি কি করে বলেছিলেন নির্যাতন বন্ধ করবেন ? একদিকে আপনার এই ক্যাডার বাহিনী, এই দুলাল, বুল্টনের দল এতো বেশি, ওই ঘোক্সাডাঙ্গার ক্যালসাদের দল এতো বেশি, ওখানে সমিরুদ্দিন এতো বেশি, তারপর ওই যে বানতলাতে যা হল—লজ্জা করে না ? আপনি তো একজন ভদ্রলোক। আপনার তো

একটা সংস্কৃতি আছে। আমরা সংস্কৃতিবান মুখ্যমন্ত্রী বলে জানি, আপনাকে শুধু পুলিশ মন্ত্রী হিসাবে নয়, আপনাকে সংস্কৃতির ধারক হিসাবে জানি। আপনার লজ্জায় মাথা হেঁট হয়ে যায় না ? আপনি যে দলে আছেন, সেই দলের কমরেডরা আজকে এই ঘটনার সঙ্গে যুক্ত। কি করে করবেন ? আপনাদের রক্ষকই তো ভক্ষক। আজকেই তো আপনি উত্তর দিয়েছেন। পুলিশ মন্ত্রী হয়ে আপনি যা বললেন তা শুনতে আমারই লজ্জা করছিল। আমি তখন আপনাকে ডিস্টার্ব করিনি, কারণ আমি জানতাম পুলিশ বাজেটের আলোচনার সময় আমি বলতে পারব। আপনি সামাজিক পরিবেশ ইত্যাদি বলে সাফাই গাইলেন। এটা অত্যন্ত লজ্জার ব্যাপার, পুলিশ হচ্ছে রক্ষক, সেই হয়ে গেল ভক্ষক। যে কাজ একজন সাধারণ মানুষ করলে তা যতটা নিন্দনীয় সে কাজ যখন একজন পুলিশ করে তখন তা হয় কয়েক হাজার গুণ বেশি নিন্দনীয়। আপনার ১২ জন পুলিশ ধর্ষণের সঙ্গে জড়িত। মুখ্যমন্ত্রী হিসাবে আপনার লজ্জা পাওয়া উচিত। আপনি লজ্জিত না হয়ে সাফাই গাইলেন ! এরপর আর আমরা পুলিশ প্রশাসনের কাছে কি করে আশা করব যে, পুলিশ প্রশাসন নিরপেক্ষ ভূমিকা পালন করবে, মেয়েদের নিরাপত্তার ব্যবস্থা করবে ? পারবে না। পুলিশ কর্মচারীরা একটা জিনিস বুঝে গেছে অমিতাভ বসুদের সন্তুষ্ট করলে চলবে, তারপর যা খুশি করা যাবে। সি.পি.এম.-এর জেলা সেক্রেটারি, জেলা কমিটির কমরেডদের, লোকাল কমিটির কমরেডদের সন্তুষ্ট করলেই আর কেউ গায়ে হাত দিতে পারবে না—ধর্ষণের সঙ্গে যুক্ত থাকলেও, চুরির সঙ্গে যুক্ত থাকলেও, ডাকাতির সঙ্গে যুক্ত থাকলেও কেউ কিছু করতে পারবে না। যে কোনো সামাজিক অপরাদের সঙ্গে যুক্ত থাকলেও কিছুই হবে না যদি কমরেডদের সন্তুষ্ট করে চলা যায়, এটা পুলিশ ভালোভাবে বুঝে ফেলেছে। আপনি পুলিশ মন্ত্রী হয়ে সামাজিক পরিবেশের কথা বললেন ! আপনার বলা উচিত ছিল বামফ্রন্টের পরিবেশে এটাই স্বাভাবিক। আপনি যেটা বললেন সেটা ব্যক্তি বুদ্ধদেব ভট্টাচার্যর পক্ষে বেমানান। যেটা সাধারণভাবে সি.পি.এম.-এর পক্ষে মানিয়ে যায় সেটা ব্যক্তি বুদ্ধদেব ভট্টাচার্যর পক্ষে মানায় না। আপনি বাজেট বক্তৃতায় বলেছেন উগ্রপন্থী কার্যকলাপ বাড়ছে। এটা আমরা বহুদিন থেকেই বলছি। এমন কি আপনি যখন মুখ্যমন্ত্রী ছিলেন না তখনও বলেছি। আর এই কার্যকলাপ আপনি স্বরাষ্ট্রমন্ত্রী হবার আগে থেকেই বাড়ছে। উগ্রপন্থীর পশ্চিমবঙ্গকে তাদের পক্ষে নিরাপদ জায়গা হিসাবে দীর্ঘদিন ধরে বেছে নিয়েছে তাই তারা এখানে সেল্টার নিচ্ছে। আমরা বহুদিন আগে থেকে আপনাদের এই কথা বলে আসছি, আপনারা আমাদের কথায় কর্ণপাত করেননি। আপনার আগের মুখ্যমন্ত্রীর সময় আমরা বলেছি, আমাদের কথা শোনা হয়নি। আপনি মুখ্যমন্ত্রী হবার পরেও বলেছি। উত্তরপ্রদেশের, পাঞ্জাবের উগ্রপন্থীদের যখন উত্তরপ্রদেশ থেকে পাঞ্জাব থেকে পুলিশ এসে ধরলো, যখন আসাম থেকে আসাম পুলিশ এসে উলফা উগ্রপন্থীকে ধরল, এনকাউন্টারে উগ্রপন্থী মারা গেল তখন আপনাদের টনক নড়ল। তারপর আপনি পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়ার কথা বলেছেন। আপনাকে আমি জিজ্ঞেস করি, ওইসব এলাকায় উগ্রপন্থীরা ঢোকে কি করে ? ওইসব জায়গায় এক একটা বুথের ভোটের রেজাল্ট দেখছি আপনারা ১০০ পারসেন্ট ভোট পেয়েছেন। আপনি শহরে থাকলেও গ্রাম সম্বন্ধে খুব ভালোই জানেন, চেনেন। একটা গ্রামের ১০০ পারসেন্ট মানুষই যদি আপনাদের সমর্থক হয় তাহলে

সেখানে উগ্রপন্থী ঢোকে কি করে ? সেখানে একজন অচেনা লোক ঢুকলেই সঙ্গে সঙ্গে গ্রামের মানুষ তাকে ধরে ফেলবে। শহরে ট্রেনের কমপার্টমেন্টের মধ্যে পাশের সিটের লোককেও মানুষ চেনে না। কলকাতা শহরের একটা ফ্ল্যাটের মানুষ আর একটা ফ্ল্যাট বা পাশের ফ্ল্যাটের মানুষকে চেনে না। কিন্তু গ্রামের কি পরিবেশ তা তো আমরা সবাই জানি। সেখানে সবাই সবাইকে চেনে। ১০ মাইল দূরের মানুষ সম্বন্ধেও বলে দিতে পারে ও অমুকের ছেলে বা অমুকের নাতি। এটা গ্রামের সবাই সবার সম্বন্ধে বলে দিতে পারে। আপনাদের ১০০ পারসেন্ট ভোট পাওয়া গ্রামে উগ্রপন্থীরা আশ্রয় নিলো কি করে ? এ ক্ষেত্রে দুটো সন্দেহ দেখা দেয় : এক, ১০০ পারসেন্ট ভোটের রেজাল্টটা ভেজাল। ওটা ভোট হয়নি, ঘোকসাডাঙ্গার লোকেদের দিয়ে নির্বাচনী জালিয়াতির মধ্যে দিয়ে ভোট হয়েছে, আপনাদের দলের লোকের মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়েছে। ফলে গ্রামাঞ্চলে আজকে সাধারণ মানুষের প্রতিবাদ অন্য ভাষা পাচ্ছে, অন্য দিকে যাচ্ছে।

[3.00—3.10 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়, আমি এবার হিউম্যান রাইটস কমিশনের ব্যাপারে যাবার আগে একটি কথা বলবো। কিছুদিন আগে দূরদর্শনে আকাশ বাংলা চ্যানেলে খোঁজ-খবর দেখলাম। মালদাতে পুলিশ কিভাবে টাকা নিচ্ছে সেটা ক্যামেরাম্যান দেখাচ্ছে। এই ব্যাপারে পুলিশের বিরুদ্ধে আপনি কি অ্যাকশন নিয়েছেন ? কলকাতা শহরের পোস্তায় এবং শিয়ালদহে ট্রাক দাঁড় করিয়ে পুলিশ টাকা নিচ্ছে। আপনার পুলিশ কমিশনারকেও খোঁজ-খবরে দেখিয়েছে। কোনো অ্যাকশন নেওয়া হয়েছে ? এই জিনিস কি বন্ধ করতে পেরেছেন ? ক্যামেরাম্যান দেখাচ্ছে কিভাবে পুলিশ টাকা নিচ্ছে। আরামবাগ থেকে কলকাতা শহরের সল্টলেকে বাড়ি করার জন্য কেউ যদি বালি নিয়ে আসে তাহলে রাস্তায় তাকে অন্তত ৫০ জন ট্রাফিক পুলিশকে টাকা দিতে হবে। কলকাতা শহরে এইভাবে যে টাকা নেওয়া হচ্ছে তার জন্য পুলিশে ডাক্ হয় কোন্ এরিয়ায় কে ডিউটিতে থাকবে। এর জন্য একেবারে উপর থেকে নিচু স্তর পর্যন্ত টাকা দিতে হবে। আপনি এ ব্যাপারে কি কোনো ব্যবস্থা নিতে পেরেছেন একজনের বিরুদ্ধেও ? কলকাতা শহরে ঢুকতে গেলে ৪০০ থেকে ৫০০ টাকা ট্রাফিক পুলিশকে ঘুষ দিতে হবে। এই যে ব্যবস্থা তৈরি হয়েছে এর দ্বারা আপনি সৎ, স্বচ্ছ প্রশাসন চালু করতে পারবেন ? মাননীয় স্পিকার স্যার, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী হিউম্যান রাইটস কমিশনের রিপোর্ট লে করেছেন। আমি সেটা দেখলাম। আরো আগে পেলে আরো কিছু জিনিস বের করতে পারতাম। যাইহোক, অল্প সময়ে যতটুকু বলা যায় ততটুকুই বলছি, তবে সবটা বলতে পারছি না। রিপোর্টের ৬ পাতায় পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে হিউম্যান রাইটস কমিশন কি বলেছে ? কোনো সাধারণ লোক থানায় গেলে কোনোদিন বিচার পায় না। যদি তার ফিনানসিয়াল স্ট্যাটাস না থাকে তাহলে সে থানায় বিচার পায় না। দ্বিতীয় জায়গায় বলছে, যদি পুলিশকে বলে ইনভেস্টিগেশন করতে, তাহলে এস.পি. বা তার হায়ার অফিসার সাব-অর্ডিনেটকে প্রোটেকশন দেবার চেষ্টা করেন। কমিশন প্যারা ১.১৮, পেজ ৬-তে পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে বলছে, The Commission in course of

various investigations conducted by police found the quality of the same not upto the desirable level. The Commission has also noticed in some cases that there was a tendency on the part of the superior officers to cover up the lapses of the subordinate staff and went as far as to lighten the magnitude of the gross ignorance on the part of the junior officers at the thana level. শুধু তাই নয়, তারপরেও বলছে, On many occasions the Commission found that while the S.P. or the Addl. S.P. were directed to give a report on due inquiry against acts of commission or omission on the part of a thana level officer, the S.P. or the Addl. S.P. entrusted the enquiry in the hands of the Officer-in-Charge of the said Police Station who had much to be blamed in the matter of whose collegues were directly involved for a gross dereliction of their duties. Time and again this Commission insisted upon the inquiries to be made by a senior level officer not below the rank of SDPO or DSP but that instruction was more or less ignored or lost sight of. মানুষ থানায় বিচার না পেয়ে যাবে হিউম্যান রাইটস কমিশনে। হিউম্যান রাইটস কমিশন পাঠাবে আপনার পুলিশের কাছে। আপনার হায়ার অফিসার লোয়ার অফিসারকে যদি প্রোটেকশন দেবার চেষ্টা করে তাহলে মানুষ যাবে কোথায় ? হিউম্যান রাইটস কমিশন তার রিপোর্টে বলছে তারা অসহায়। অতীশবাবু উনি একটা কেস পাঠিয়েছিলেন। উনি তখন লিডার অফ দি অপোজিশন ছিলেন। কাজেমা বেগম নামে একজন ভদ্রমহিলার কেস। আই.সি. বহরমপুর থানা এর বিরুদ্ধে কোনো অ্যাকশন নেয়নি। কেসটি হিউম্যান রাইটস কমিশনে দেওয়া হল। হিউম্যান রাইটস কমিশন সমস্ত দিক বিচার-বিবেচনা করে দেখে বললো, On carefully going through the entire materials on record and having heard I.C. Pranab Chakraborty and other policemen in person and also considering the severity of the misconduct of the police force led by the I.C., Pranab Chakraborty, the Commission recommends that : (1) Departmental proceedings should be initiated against I.C. Pranab Chakraborty for unprofessional, illegal and high handed conduct of police atrocity as delineated above.

তারপর বলা হচ্ছে ওদের ৫ হাজার টাকা করে দিতে হবে। আপনার অ্যাকশান টেকেন রিপোর্টে কি বলছেন ? বলছেন, ১০ হাজার টাকা দিয়েছেন, ৫ হাজার টাকা করে দু-জনকে। এটা হচ্ছে ১৮/১১/৯৯। কিন্তু ওই পুলিশ অফিসারের বিরুদ্ধে কি অ্যাকশান নিয়েছেন সেটা বলেননি। এই আই.সি. প্রণব চক্রবর্তীর বিরুদ্ধে হিউম্যান রাইটস কমিশন রেকমেন্ড করে বলেছেন তার বিরুদ্ধে অ্যাকশান নেওয়ার জন্য কিন্তু সেখানে আপনি কি অ্যাকশান নিয়েছেন সেটা বলেন নি। স্যার, একটা অমানবিক ঘটনা। একটা লোক তার নাম কমল সিং বনশালী, উনি থাকেন পি-১৩, বি-ব্লক, লেক টাউনে। ৫০ বছরের বেশি বয়স। তিনি হার্টের রোগী, কার্ডিয়াক অ্যাটাক হয়েছে। হঠাৎ ধূপগুড়ির পুলিশ এসে বললো যে

তোমার বিরুদ্ধে ডাকাতি, খুন, রবারি এইসব কেস আছে। এফ.সি.আই.-এর গোডাউনে একটা লরি করে চাল নিয়ে যাচ্ছিল, পুলিশ বললো সেই চাল তুমি চুরি করেছো এবং ড্রাইভার ও খালাসিকে তুমি খুন করেছো। সে তো শুনে অবাক হয়ে গেল। সে বললো আমি তো এসবের কিছুই জানি না নিশ্চয় কেউ আমার বিরুদ্ধে কনসপিরেসি করেছে, সে বললো আমি এর মধ্যে জড়িত নই। কিন্তু পুলিশ শুনলো না, লেক টাউন থানার পুলিশ তাকে তুলে নিয়ে এলো রাত্রি একটার সময় এবং দমদম থানায় ওই ধূপগুড়ি থানার পুলিশ অফিসারের হাতে তুলে দিল। তখন তো ট্রেন নেই তাহলে ধূপগুড়িতে যাবে কি করে ? তাকে ফোর্স করলো পুলিশ ৮ হাজার টাকা দিয়ে গাড়ি ভাড়া করতে এবং সেই গাড়ি করে তাকে নিয়ে গেল। রাস্তায় লোকটা এমন অসুস্থ হয়ে পড়লো যে তাকে রায়গঞ্জ হাসপাতালে ভর্তি করতে হল। ২০ ঘণ্টা ধরে এইভাবে থাকার পর লোকটার এমন অবস্থা হয়েছিল যে প্রাণে বাঁচাতে তাকে হাসপাতালে ভর্তি করতে হয়েছিল। মাননীয় বিচারপতি মহাশয় বললেন তাকে ইমিডিয়েট পি.জি. হাসপাতালে ভর্তি করতে হবে, ট্রান্সফার করতে হবে। কিন্তু পি.জি.তে ট্রান্সফার করার মতোন তার তখন অবস্থা নেই। যাই হোক কোনো রকমে চিকিৎসা করার পর দেখা গেল তার বিরুদ্ধে কোনো কেস নেই, সবটাই ফলস। বারবার লোকটা বলেছে কিন্তু ওরা তার কথা শোনেনি। ধূপগুড়ি থানার ও.সি. ইনভেস্টিগেটিং অফিসারকে ডেকে বললেন, এই কেসটা সাজাতে হবে। হিউম্যান রাইটস কমিশন সেখানে রিপোর্ট দিয়েছেন এবং বলেছেন ১ লক্ষ টাকা ফাইন দিতে হবে এবং গাড়ি ভাড়ার ৮ হাজার টাকাটা দিতে হবে। দেওয়া হয়েছে। কিন্তু কিছুই করলেন না তো সেই পুলিশ অফিসারের বিরুদ্ধে। গভর্নমেন্ট তো তার বিরুদ্ধে কোনো অ্যাকশান নিলেন না। হিউম্যান রাইটস কমিশন বলছেন কিন্তু তাতেও অ্যাকশান নিচ্ছেন না অথচ বড় বড় কথা বলছেন। টাকাটা দিয়ে দিয়েছে কিন্তু একটা লোককে যে এইভাবে হ্যারাস করলো, একজন চার্টার্ড অ্যাকাউনটেন্ট, ফিনানসিয়াল অ্যাডভাইসার, কনসালটেন্ট সে আপনার পুলিশের দ্বারা হ্যারাসড হলেন অথচ সেই পুলিশের বিরুদ্ধে অ্যাকশান নিতে আপনি ভয় পাচ্ছেন। কারণ ওখানকার জেলা কমিটির সেক্রেটারি হয়তো ওই অমিতাভবাবুর মতোন একটা চিঠি আপনাকে পাঠিয়ে দিয়েছেন কাজেই আপনি অ্যাকশান নেবেন কি করে ? সেখানে কোনো অ্যাকশান আপনি নিতে পারেন নি। মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি জবাবী ভাষণের সময় বলবেন ওই ধূপগুড়ির ও.সি.-র বিরুদ্ধে, পুলিশ অফিসারের বিরুদ্ধে কি অ্যাকশান আপনি নিয়েছেন। আর একটা ঘটনার কথা বলি। রেবতি চরণ দে, ও.সি. ছিলেন চিত্তরঞ্জনের। তিনি অক্ষয়কুমার শর্মা বলে একজন লোককে জোর করে তুলে নিয়ে গেলেন মধুপুরে, সেখানে নাকি একটা লোককে ধরতে হবে। নিরীহ লোক, তার বিরুদ্ধে কোনো কেস নেই, তার আত্মীয়স্বজনের নামে থাকতে পারে, একটা অসুস্থ লোক, তাকে নিয়ে গেলেন রাত্রি একটার সময়। সঙ্গে সঙ্গে তার স্ত্রী ফ্যাক্স করে ঘটনাটা জানালেন হিউম্যান রাইটস কমিশনে ২৩শে জানুয়ারি ১৯৯৯ সালে। ২৫শে জানুয়ারি সঙ্গে সঙ্গে হিউম্যান রাইটস কমিশন এস.পি.কে বললেন অ্যাকশান নিতে। তারপরও তার সঙ্গে যা ব্যবহার করা হয়েছে শুনলে অবাক হয়ে যাবেন। লাস্টে বিকাল বেলা থানায় নিয়ে গিয়ে বেদম মারধোর করে তাকে হাসপাতালে ভর্তি করে দিয়েছে। হিউম্যান রাইটস কমিশন বললেন যে এই লোকটির বিরুদ্ধে শাস্তিমূলক

ব্যবস্থা নিতে হবে কিন্তু আপনি শাস্তিমূলক ব্যবস্থা নেবেন কি, তাকে ভিজিলেন্স কমিশনে পাঠিয়ে দিলেন প্রোমোশান দিয়ে। ভালো কাজ করলে হরিসেন বর্মার মতোন লোককে ট্রান্সফার করে দেবেন আর খারাপ কাজ করলে, আপনাদের দলের আজ্ঞাবহ হয়ে কাজ করলে তাকে প্রোমোশান দেবেন এই যদি আপনাদের নীতি হয় তাহলে কোন পুলিশ অফিসার নিরপেক্ষভাবে কাজ করবে ? তাই আমরা দেখছি আজকে বামফ্রন্ট সরকারের পুলিশ কতটা জনদরদী ভূমিকা পালন করলেন সেটা বড় কথা নয়, কতটা পার্টির স্বার্থে কাজ করতে পারলো সেটাই হচ্ছে এই সরকারের কাছে বড় কথা। পঞ্চায়েত নির্বাচন সেটা কিন্তু আমাদের সকলকে দেখিয়ে দিয়েছে। আপনারা বাহবা নিচ্ছেন পঞ্চায়েত নির্বাচনে নাকি আপনার সাফল্য অর্জন করেছেন।

[3.10—3.20 p.m.]

রাষ্ট্র বিজ্ঞানের ছাত্র হওয়ার দরকার নেই, সাধারণ মানুষকে গিয়ে জিজ্ঞাসা করুন, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে এবং জেলা পরিষদের সব আসনে, ৫ বছরে এমন ভালো রাজত্ব চালিয়েছেন যে বিরোধী পক্ষের কেউ একজন প্রার্থী দিতে পারেনি। এমন রাজস্ব চালিয়েছেন ৫ বছর ধরে যে একজিসটিং পঞ্চায়েত প্রধান পর্যন্ত দাঁড়াতে সাহস পাননি। আপনারা সেন্ট পারসেন্ট ভোট পেয়ে জিতেও আপনাদের প্রার্থীদের জন্য পুলিশ বাহিনী দিতে হয়েছে। বুদ্ধদেববাবু, সোভিয়েত ইউনিয়ানের পতনের কথা ভুলে যাবেন না। পূর্ব ইউরোপের চেসেস্কুর কথা ভুলে যাবেন না। চেসেস্কুর পরিণতি কি হয়েছিল সেটা আপনি জানেন। এই চেসেস্কুর পরিণতি হতে আর দেরি নেই। পূর্ব মেদিনীপুরে সেন্ট পারসেন্ট ভোটে জিতেও আপনাদের প্রার্থীদের পেছনে ৮/১০ জন পুলিশের সিকিউরিটি গার্ড রাখতে হয়েছে এমন সব জনদরদী নেতা। ১ লক্ষ ভোটে জেতা লোক সে এলাকায় ঘুরতে পারে না, তার পেছনে ৮/১০টি সিকিউরিটি না থাকলে। এই রকম রাজত্ব আপনি চালাচ্ছেন। তাই আমি এই বাজেটের বিরোধিতা করছি। রাজদেও গোয়ালার কথা যদি সত্যি হয় তাকে সাসপেন্ড করুন আর আমার কথা যদি সত্যি হয় তাহলে পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে যে পুলিশ দলের হয়ে কাজ করে। আপনার অনিলবাবুর সঙ্গে গড়াপেটা নেই, আলিমুদ্দিন স্ট্রিটের সঙ্গে গড়াপেটা নেই এটা প্রমাণ করে আমি আশা করবো সংস্কৃতি মন্ত্রীর অ্যাকটিভিটিতে কাজ করবেন। তা না হলে আমি আপনাকে বাজে কথা বলবো না, হিপোক্রাট বলতে চাই না, আপনার অ্যাকটিভিটি হিপোক্রাসির জন্ম দেবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমাদের কাট মোশানগুলো সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পিকার : মিঃ মান্নান, আপনি ১২ মিনিট সময় বাড়তি নিয়েছেন, অজয় দে-র সময় থেকে কেটে নেব।

শ্রী নাজমুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্য মান্নানদাকে ধন্যবাদ, বস্তুত আজকে ২৭ নম্বর দাবির অধীন ব্যয়বরাদ্দ উত্থাপিত প্রস্তাব যা মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী পেশ করেছেন ১২৮৬ কোটি ১১ লক্ষ ৭৪ হাজার টাকা, তা তিনি সমর্থনই করেছেন। শুধু দৃষ্টিভঙ্গির অস্বচ্ছতাজনিত

কারণে দু-একটা বিষয়ে তাঁর মতপার্থক্য আছে। তিনি বললেন যে তাঁর দলের কাট মোশানগুলি সমর্থন করছি। আমি কাট মোশানগুলোর বিরোধিতা করছি। এবং সংক্ষেপে আমাদের সরকারের এবং আমাদের দলের দৃষ্টিভঙ্গিতে আমার বক্তব্য পেশ করছি। কিছু অবিন্যস্ত কথা তিনি বলেছেন। তিনি প্রথমে বলেছেন যে বামফ্রন্ট সরকার জনসমর্থন খোয়াচ্ছে। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে তিনি এই তথ্য কোথা থেকে পেলেন আমি জানি না। এই ২৬ বছরে ৬টি বিধানসভা নির্বাচন হয়েছে, ৬টি পঞ্চায়েত নির্বাচন হয়েছে এবং ৫ টি লোকসভা নির্বাচন হয়েছে। সমস্ত নির্বাচনে এই রাজ্যের সংখ্যাগরিষ্ঠ মানুষ গণতন্ত্র, শান্তি এবং ঐক্যের জন্য এই রাজ্যে বামফ্রন্ট সরকারকে রেখে দিয়েছে। যদিও এই ২৬ বছরে সারা দুনিয়ায় সারা ভারতবর্ষের রাজ্যে রাজ্যে নানা ধরনের পরিবর্তনের ঘটনা ঘটেছে। পরিবর্তন ঘটেনি আমাদের নীতি কর্মসূচি এবং আদর্শের। বাঁকুড়ার ওন্দায়, হাওড়া শহরে এবং কলকাতার বিদ্যাসাগরে এবং নবদ্বীপে লোকসভা নির্বাচন হয়ে গেল। এই সমস্ত নির্বাচনে ওনারা মাইক্রোস্কোপিক ভিশনে পড়ে গিয়েছে। জামানতও বাজেয়াপ্ত হয়ে গেছে, খুঁজে পাওয়া যায়নি। আমি শুধু জনসমর্থনের প্রশ্নে কংগ্রেসের অবস্থানটা একটু বলে দিই। স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত পশ্চিমবাংলায় যত নির্বাচন হয়েছে, কংগ্রেস কখনও মোট ভোটারের বেশিটা সমর্থন লাভ করতে পারেনি। ১৯৬২ সালে তারা পেয়েছিল ৪৭.২৯ শতাংশ, ১৯৬৭ সালে পেয়েছিল ৪১.১২ শতাংশ, ১৯৬৯ সালে পেয়েছিল ৪১.৩২ শতাংশ এবং ১৯৭১ সালে পেয়েছিল ২৯.২৫ শতাংশ। সেটা কমতে কমতে ২০০১ সালে ৮ শতাংশের একটু নিচে ৭ শতাংশের একটু ওপরে ৭.৯৮ শতাংশ হয়েছে। অবস্থাটা এমন হয়েছিল, গত পঞ্চায়েত নির্বাচনে সারা বাংলা জুড়ে যে, কাকে করবেন প্রার্থী, কে হবেন পোলিং এজেন্ট, বুথ কর্মীই বা কারা হবেন। এই রকম অবস্থাতে কংগ্রেস জনসমর্থন নিয়ে প্রশ্ন তুলছেন আমাদের। উনি আর একটা কথা বলেছেন যে, এই সরকার সমাজবিরোধীদের উপরে নির্ভরশীল হয়ে পড়েছে সমর্থন নেই বলে। স্যার, এইসব কথা উনি কেন বললেন, বোঝা গেল না। এগুলো অপ্রাসঙ্গিক। সমাজবিরোধী কার্যকলাপ কোথায় বেশি হয়েছে, কোথায় কম হয়েছে, এটা বোঝার কতগুলো নিরিখ আছে, মাপকাঠি আছে। সারা দেশের মোট অপরাধ বিচারে এটা হতে পারে। রাজ্যওয়ারি অপরাধের সংখ্যা বিচার করে হতে পারে। কেন্দ্রীয় সামরিক বাহিনী, আধা সামরিক বাহিনী, কেন্দ্রীয় ফৌজ মোতায়েন করার জন্য কোন রাজ্য কত টাকা খরচ করছে, সেই আর্থিক বিন্যাসে হতে পারে। ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো কিম্বা স্টেট ক্রাইম রেকর্ডস ব্যুরো প্রদত্ত হিসাব থেকে এই সিদ্ধান্তে আসা যেতে পারে। তিনি কেন বুঝলেন না, আমরা বাধ্য হই পুরনো দিনের কথা ওঁদের স্মরণ করিয়ে দিতে ? ওঁরা হামেশাই ভুলে যান। আমরা সমাজবিরোধী নির্ভর, না ওঁরা ? ১৯৯৬ সালের ৩১শে আগস্ট ইন্ডিয়া টুডে ১২২ পৃষ্ঠায় লিখলো, দেশের সবচেয়ে বেশি সংখ্যক সমাজবিরোধী আকৃষ্ট হয়েছে কংগ্রেস দলের প্রতি। ৩১-০১-১৯৯৬ তারিখে 'এশিয়ান এজ' প্রথম পাতায় লিখলো, তৎকালীন প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি সুব্রত মুখার্জীকে কোট করে লিখলো, জেলা কংগ্রেস সভাপতিদের সুপারিশকৃত নামগুলোর ৯০ শতাংশই হলো সমাজবিরোধী। কংগ্রেস-এর মাননীয় সদস্যদের ভাবা দরকার, পূর্বে এই সভারই সদস্যদের কেউ কেউ বর্তমানে জেলে আটক আছেন। হামিদুর রহমান, আবু বাসার লস্কর,

শ্যামাদাসবাবুরা কি আমাদের সবাইকে লজ্জায় ফেলে দেননি ? শেষে তাঁকে চলে যেতে হলো। স্বয়ং রাও সাহেবের জামিননামা দেওয়ার লোক পাচ্ছিলেন না। এক বাঙালি ভদ্র মহিলা, শ্রীমতী মুখার্জী, রাজ্যসভার মাননীয় সদস্য প্রণব মুখার্জীর স্ত্রী তাঁর জামানত নিয়েছিলেন। আর সুখরাম, কল্পনাথ রাই এই রকম অনেকের জন্ম দিয়েছিল এরা। নয়না সাহানী থেকে আরম্ভ করে বোফর্স কামান, অনেক জল গড়িয়ে গিয়েছে। দেশের মানুষ তা দেখেছেন। সেজন্য পঞ্চায়েত নির্বাচনের রায়ে, ২০০১ সালের নির্বাচনের রায়ে সেইভাবে প্রতিফলিত হয়েছে। তারপরেও আপনারা বলছেন, আমরা সমাজবিরোধীদের সঙ্গে নিয়েছি ? পুলিশ সেই কাজ করেনি। অন্যসব বিধানসভায় কি হচ্ছে ? বিরোধী দলনেতারা পার্লামেন্টে যেতে পারেন না, বিধানসভায় যেতে পারেন না। পুলিশকে দিয়ে এমন কাজ চাপিয়ে দেওয়া হয় যাতে ৩৬৫ দিন তারা কোর্টে ব্যস্ত থাকে। পাঞ্জাবে, উত্তরপ্রদেশে পুলিশকে ধমক দিয়ে বলা হয় মন্ত্রীদের বাঁচাতে হবে। এই তো অবস্থা।

[3.20—3.30 p.m.]

কেন এই ধরনের বক্তব্য ওরা বলেন এসব কিছু বোঝা যায় না আর ওদের সিদ্ধান্তের জন্য ফ্যাসিবাদী শক্তি আজ দেশ চালাচ্ছে। ফ্যাসিবাদের অপরাধে যারা যুক্ত সি.বি.আই. এদের বিরুদ্ধে চার্জশিট দিয়েছে সি.বি.আই. চার্জশিট দেওয়ার পরে মন্ত্রীরা অভিযোগ মুক্ত না হয়ে তারা নির্দেশ দিচ্ছেন। এই যে অবস্থা দেশে কাদের সিদ্ধান্তের জন্য ও কোন কারণে সেটা ভেবে দেখবেন। আমি আশা করব আগামী দিনে যখন পুলিশ বাজেট নিয়ে বলতে উঠবেন তখন একটু চিন্তা-ভাবনা করে কথাবার্তা বলবেন। সারা দুনিয়ার সুশীল সমাজ সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় এবং সভ্যতায় আজকে সন্ত্রাসবাদ, ধর্মীয় ফ্যাসিবাদ, মাফিয়াদের চ্যালেঞ্জের মুখে। আমাদের দেশ যদিও খানিকটা এর প্রভাব থেকে মুক্ত, তবুও কয়েকটি রাজ্যে এর প্রভাব পড়েছে এবং বিশৃঙ্খলা যা বেড়েছে সংসদীয় ব্যবস্থায় লাগু হয়ে যাচ্ছে, তাতে সামাজিক মূল্যবোধ, মৈত্রী, সংহতির যে অবস্থা, এই রকম একটা অবস্থাতে বক্তৃতা যখন করছেন, মান্নানদা যা বলে গেলেন, সেটা তার চরিত্রের কিছুটা ডেসট্রাকটিভ ছিল। এখানে তিনি বোঝাতে চেয়েছিলেন, বামফ্রন্ট সরকারের আইনশৃঙ্খলার পরিস্থিতি ভালো নয়। আমরাও সেই জন্য এই কথা বলছি, ওদের দৃষ্টিভঙ্গির অস্বচ্ছতার জন্য তারা যখন কোনো বিষয় বুঝতে পারেন না সেটা হল একটা দেশে, একটা রাষ্ট্রে, একটা সমাজের উৎপাদন ব্যবস্থার যে ধরন, মালিকানার যে বিন্যাস এবং প্রচলিত অর্থনীতি সেটা ঠিক করে দেয়, সেই রাষ্ট্রের, সেই সমাজের চেহারা কি হবে। আমাদের দেশে যুগযুগ ধরে পুঁজিবাদী সামন্ততান্ত্রিক পথ ধরে ওরা দেশের মানুষকে চালাচ্ছেন। দেশের অর্থনীতির বাজার ওরা পরিচালনা করছেন। ফলত একটা ক্ষয়িষ্ণু পঙ্কিল ব্যবস্থা গড়ে উঠেছে দীর্ঘদিন ধরে এবং আপনাদের মনে পড়বে মাননীয় কংগ্রেস দলর সদস্যদের বিশেষ করে অতীশবাবুর, আপনাদের প্রাক্তন প্রধানমন্ত্রী নরসিমা রাও-এর আমলে ক্যাবিনেট সচিব মিঃ ভোরার নেতৃত্বে একটা কমিশন হয়েছিল। সেই কমিশন তার রিপোর্ট দিয়েছিল, মাফিয়া রাজনীতি এবং বৃহৎ আমলার গোপন অফিসিয়াল কথা সমাজে এমন একটা জায়গায় পৌঁছেছে যেখানে টাকা এবং পেশি শক্তি যদি ঠিক মতন ব্যবহার করা যায় তাহলে দেশে এবং সমাজের পক্ষে খুব বৃহত্তম

ব্যক্তি, সংসদীয় ব্যবস্থাকে ব্যবহার করে রাষ্ট্রের নীতি নির্ণায়ক ভূমিকায় পৌঁছাতে পেরেছে। দিল্লিতে এবং কলকাতায় এই রকম ঘটনা ঘটেছিল আপনাদের আমলে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালে, এই রাজ্যে যারা পরিচালনা করেছিলেন তাঁরা তখন পরিচিত ছিলেন—খুন সন্ত্রাসের কথা তাঁরা আজকে বলছেন। আমি কাশীপুর, বরানগর-এর ঘটনার কথা বাদ দিচ্ছি। কিন্তু কি করে ভুলে যাবো বলুন এদের ঘটনা। বিশেষ করে আমাদের দিনাজপুরের পার্টির ডিস্ট্রিক্ট কমিটির মেম্বার আকবর আলি সহ আরও কয়েকজন চোপড়ার একটা অফিসে খুন হয়ে গেলেন। এই খুন হওয়ার সঙ্গে যুক্ত ছিলেন আপনাদের নেতা, মাফিয়ারা। আমাদের লোকাল কমিটির সদস্য বলাই সেন, বাঁকুড়ার রায়পুরের, তিনিও খুন হলেন—রামপদ মাঝি এল.সি.এস. রানিবাঁধ, বাঁকুড়া, নিষ্কর ঘোষ, এল.সি.এস. সোনামুখি, বাঁকুড়া, শিবরাম সতপতী ডি.সি.এম, বাঁকুড়া খুন হলেন। এবং পশ্চিম মেদিনীপুরের যাঁরা খুন হলেন—সুধীর সিং, সর্দার এল.সি.এস. বেলপাহাড়ী, বাসুদেব ভকত এল.সি.এস, জামবনি, শশাঙ্কনাথ এল.সি.এস. গোপীবল্লভপুর, দিবাকর মালাকার জামবনি, ভরত মন্ডল, ঝাড়গ্রাম এরা খুন হলেন। পঞ্চায়েত নির্বাচনের দিন ১৩ জন সি.পি.এম. কর্মী খুন হলেন। আজকে যাঁরা এখানে সন্ত্রাস সন্ত্রাস করে চিৎকার করছেন, বক্তৃতা করছেন, তাঁদের উদ্দেশ্যে বলতে চাই, পশ্চিমবঙ্গের ৮ কোটি মানুষ সংহতি, গণতন্ত্রের ঐক্যকে রক্ষা করতে তারা সংগ্রাম চালিয়ে যাচ্ছে। সারা ভারতবর্ষের মধ্যে এই রাজ্যই হচ্ছে এক উজ্জ্বল দৃষ্টান্ত যেখানে প্রকৃত অর্থে গণতন্ত্র আছে এবং তাকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করছি। আমাদের ৩,৭৫০ জন বামপন্থী কর্মী খুন হওয়া সত্ত্বেও আপনারা খুনের গল্প ফেঁদে বেড়ান, আর প্রতি বছরই পুলিশ বাজেটের দিনে সেটাকে আওড়ে বেড়ান। আমি ন্যাশনাল ক্রাইম রেকর্ডস থেকে পরিসংখ্যান দিয়ে বোঝাতে চাইব আমাদের রাজ্যের অবস্থা কোন জায়গায়। পশ্চিমবাংলায় আট কোটি মানুষের বাস, সেখানে পুলিশের সংখ্যা হচ্ছে ৮৫ হাজার। ভারতবর্ষের যে কোনো বড় রাজ্যের তুলনায় আমাদের রাজ্যের পুলিশের সংখ্যা কম। এত কম কেন ? এত কম থাকা সত্ত্বেও আমাদের রাজ্যে আইন-শৃঙ্খলার অবস্থা ভালো। আজকে সারা দেশে মোট সংগঠিত অপরাধ হচ্ছে ১৮ লক্ষেরও বেশি। আমি ১৯৯৯ সালের ক্রাইমস্ রেকর্ড ব্যুরো থেকে বলছি। রাজস্থানে অপরাধের ঘটনা ঘটেছিল ১ লক্ষ ৬৮ হাজার ১৮৯ বেশি, মধ্যপ্রদেশে ২ লক্ষ ৫০ হাজার ৯৬৪ বেশি, মহারাষ্ট্রে ১ লক্ষ ৭৭ হাজার ৩৩৪ ; কর্ণাটকে ১ লক্ষ ১০ হাজার ৫৫৯। এর মধ্যে বেশিরভাগ রাজ্যেই আপনারা আছেন। গুজরাটে আপনারা নেই, কিন্তু সেখানে আপনাদের দলের ৫৪ জন এম.এল.এ. আছে, সেখানে অপরাধের সংখ্যা হচ্ছে ১ লক্ষ ২৪ হাজার ৭৮৬। আর সেখানে পশ্চিমবাংলায় ১৯৯৯ সালে অপরাধের সংখ্যা হচ্ছে ৬৬ হাজার ৫২৫ ; ২০০০ সালে ৫২,৮৫৮ ; ২০০১ সালে ৫১,৬৬৯ ; ২০০২ সালে ৪৫,২১৯। অর্থাৎ ক্রমাগত কমছে। সারা দেশে সংগঠিত মোট অপরাধের মাত্র তিন শতাংশ সংগঠিত হচ্ছে আমাদের রাজ্যে। তাই বলে আমরা খুব শান্তিতে নেই, আমরা নিশ্চিন্তে নেই। আমাদের প্রয়াস আছে এবং পুলিশের সংযোগ বাড়িয়ে এই ধারাকে আমরা আরও উন্নত, আরও সংবেদনশীল করার দিকে এগিয়ে যাব। আমাদের মোকাবিলা করতে হচ্ছে আই.এস.আই., কে.এল.ও., কে.পি.পি., ঝাড়খণ্ড এদের সঙ্গে,

যাদেরকে বিভিন্ন নির্বাচনে আপনারা বন্ধু করে নেন, জোট গড়ে তোলেন। রাজ্যে শান্তি প্রতিস্থাপনে আমরা এদের মোকাবিলা করতে চাই। সারা দেশ জুড়ে আজকে মহিলাদের বিরুদ্ধে অপরাধ বাড়ছে। তবুও আমরা চেষ্টা করছি, পশ্চিমবাংলাকে প্রকৃত অর্থে মরুভূমির মাঝে মরূদ্যান হিসাবে গড়ে তুলতে এবং সেই কাজ আমরা চালিয়ে যাব। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের আনীত কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাট মোশানের সমর্থনে আমার বক্তব্য রাখছি। উনি যে বাজেট পরিসংখ্যান দিয়েছেন তাতে কতগুলো জিনিসের উল্লেখ নেই। বিশেষ করে সীমান্তবর্তী এলাকাগুলিতে যে অনুপ্রবেশ ঘটছে সেই অনুপ্রবেশ রোধ করবার জন্য কোনো রকম পরিসংখ্যান আমরা দেখছি না। বিশেষ করে নদিয়া জেলার বিভিন্ন বর্ডার এলাকায় যে অনুপ্রবেশ ঘটছে সেই অনুপ্রবেশ এক ভয়ঙ্কর পরিস্থিতির দিকে যাচ্ছে। বিগত ভোটার লিস্টের তালিকা দেখলেই এটা বোঝা যাবে। এই অনুপ্রবেশকারীদের সংখ্যা কত ? এই অনুপ্রবেশকারীরা আজকে ভোটার লিস্টে নাম তুলছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি অনুরোধ করব এই অনুপ্রবেশ বন্ধ করবার জন্য যাতে তিনি সক্রিয় ভূমিকা নেন। বিশেষ করে করিমপুর, তেহট্ট, কৃষ্ণগঞ্জ, গেদে, বনগাঁ, এবং রানাঘাটের আশপাশে এই অনুপ্রবেশকারীরা রেলের জমিতে, রেল লাইনের পাশে এবং অবৈধ জমিতে বসবাস আরম্ভ করছে এবং যেভাবেই হোক তারা সমস্ত সুযোগ-সুবিধা গ্রহণ করছে এবং রেশন কার্ড পাচ্ছে।

[3.30—3.40 p.m.]

পুলিশ সম্পূর্ণরূপে নির্বিকার হয়ে আছে। নদিয়া জেলার কৃষ্ণনগরে হাট বসে। সেখানে ভোর থেকে রাত পর্যন্ত গাড়িতে করে গরু এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্য পুলিশ এবং কিছু মিড্‌ল ম্যানের সহযোগিতায় বাংলাদেশে পাচার হচ্ছে। নিত্যই এই ঘটনা ঘটছে। মাননীয় মুখ্যমন্ত্রী এদিকে দৃষ্টি দিলে ভালো হত। মোটর সাইকেল চুরি এক ভয়ংকর পর্যায়ে চলে গেছে। যেভাবেই রাখা হোক না কেন, তা চুরি হয়ে ওপারে চলে যাচ্ছে, সেখানে নৌকোতে তার মোটর লাগছে। দিন পনেরো আগে কুষ্ঠিয়াতে তিনটি মোটর সাইকেল ধরা পড়ে, দুটো কৃষ্ণনগর থেকে, একটা নাকাশিপাড়া থেকে চুরি হয়েছিল। কুষ্ঠিয়া থানা নদিয়া পুলিশকে বলে—আপনাদের ওখানকার মোটর সাইকেল ধরা পড়েছে, আপনারা লোক নিয়ে এসে আইডেন্টিফাই করুন। তেহট্ট থানার পুলিশ অফিসার অরুণ বাগচী চোপড়া থানা থেকে একজন মুসলিম কমিউনিটির ক্রিমিনালকে নিয়ে গিয়ে আইডেন্টিফাই করেন। মোটর সাইকেল চুরি হচ্ছে এবং সি.আই.ডি., ডি.আই.বি. ডিপার্টমেন্ট টোটালি ফেল করেছে। আবার পুলিশ প্রকৃত আসামীদের না ধরে নিরপরাধ লোকদের ধরছে। কয়েকদিন আগে কৃষ্ণনগর শহরে বাচ্চাদের স্কুল ''হোলি ফ্যামিলি'' থেকে এক ভদ্রলোক তার মেয়েকে

মোটর সাইকেলে বসিয়ে নিয়ে আসছিলেন। পুলিশ অফিসার তার বাচ্চাকে নামিয়ে, ভদ্রলোকের কলার ধরে বলছেন—থানায় চল, মোটর সাইকেল চুরি করেছিস। আমি সাধারণত থানায় যাই না। পরবর্তীকালে আমাকে বলল, আমি থানায় গেলাম, তারপর তাকে ছাড়তে বাধ্য হল পুলিশ। এইভাবে নিরপরাধ লোকেদের না ধরে প্রকৃত চোরদের ধরার চেষ্টা করুক পুলিশ। দ্বিতীয়ত এক সময় নদিয়া জেলা নকশাল অধ্যুষিত বলে পরিচিত ছিল। এম.সি.সি. বা জনযুদ্ধ গোষ্ঠীর লোকেদর ধরুক, আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু দেখছি জনযুদ্ধ বা এম.সি.সি.-র নাম দিয়ে কিছু লিফলেট ছাপিয়ে কিছু নিরপরাধ লোককে পুলিশ গ্রেপ্তার করে, পঞ্চায়েত নির্বাচনের আগে এই গ্রেপ্তারের ঘটনা বেশি হয়েছিল। একটা স্পেসিফিক নাম বলছি—জগন্নাথ মন্ডল। অত্যন্ত দরিদ্র বাড়ির ছেলে—তাকে তুলে এনে নকশাল নাম দিয়ে কেস দিল এবং জেলে পাঠিয়ে দিল। নদিয়া থানা বলল, কোতোয়ালিতে ধরা হল, কেস হল ধুবুলিয়া থানায়। আবার কোতোয়ালি থানা বলছে তারা জানে না এবং ধুবুলিয়া থানা বলছে তারা জানে না। পরে জজ কোর্টে মুভ করা হয়, এরপর তাকে ছেড়ে দেয়। এইভাবে ভালো লোকেদের নকশাল নাম দিয়ে যেন ধরা না হয়, এই আবেদন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাত্রে পুলিশকে কোনো ঘটনায় ডাকলে তারা বলে গাড়িতে তেল নেই, যেতে পারব না। এমন দুটো ভয়ংকর ঘটনার কথা বলছি, যা নিয়ে সারা পশ্চিমবাংলা তোলপাড় হয়েছিল—ধানতলা আর আইসমালি। সুবল বাগচী এবং তার বিরোধীদল, দু-জনেই সি.পি.এম., তাদের গন্ডগোলের জেরে রাত্রি ১০টা থেকে ভোর ৫টা পর্যন্ত বেআইনি মাদ্রাসা স্কুলের মধ্যে নিয়ে গিয়ে মেয়েদের ধর্ষণ করা হল। পুলিশকে জানানো সত্ত্বেও পুলিশ গেলেন না। স্কুল বাড়িতে গিয়ে পুলিশ সেই স্কুলে জল ঢেলে পরিষ্কার করে দিল। পুলিশকে বলা হল ধর্ষণের মামলা রুজু করো, ধর্ষণের মামলা রুজু করল না। ডাকাতির মূল পাণ্ডাকে এখনও গ্রেপ্তার করা হয়নি, পুলিশ তাকে ধরতে পারেনি, সে নাকি ফেরার। তাই বেআইনি মাদ্রাসা বলে নাম করে যাচ্ছে। তাকে গ্রেপ্তার করেনি সে সি.পি.এম.-এর দলভুক্ত হয়ে আছে বলে এবং এক শ্রেণির পুলিশের সহযোগিতায় আপনার দলের লোকাল কমিটির গণ্ডগোলের জেরে এত বড় ঘটনা ঘটে গেল। তাই আমি মুখ্যমন্ত্রীয় কাছে অনুরোধ রাখছি। মূল আসামীকে যেন গ্রেপ্তার করা হয়। আইসমালি, ধানতলায় যেন শান্তি ফিরে আসে তার জন্য ব্যবস্থা আপনাকে করতে হবে। এখানে দল নেই মত নেই। যারা করছে তাদের পুলিশ দিন দিন পুষে রাখছে, তারা আপনার দলের লোক বলে। আপনার দলের লোক বলে মূল অভিযুক্তকে ধরতে পারেনি। তাই আপনার কাছে আবেদন রাখছি এদের অবিলম্বে গ্রেপ্তার করুন। আমি নদিয়া জেলায় অনুপ্রবেশের কথা বলেছি, এছাড়াও বিভিন্ন এলাকাতে মন্দির, মসজিদ তৈরি হয়ে যাচ্ছে। এগুলো সঠিকভাবে পুলিশ খবর রাখছে না। ১৯৭৮ সালে সামান্য ঘটনা, সেখানে দাঙ্গা হয়েছিল ; মাননীয় মুখ্যমন্ত্রী তখন ছিলেন জ্যোতিবাবু ছুটে গিয়েছিলেন, আপনারা সকলেই গিয়েছিলেন। বর্ডার এলাকাতে যাতে বেআইনিভাবে অবৈধভাবে মসজিদ তৈরি করতে না পারে সেদিকে নজর দিন। বিভিন্ন জায়গাতে বেআইনিভাবে মাদ্রাসা চালু হল, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ তারা বিভিন্ন জায়গায় স্কুল পরিচালনা করছে। কৃষ্ণনগরে তো স্কুল তৈরিই

হয়ে গেছে। ভয়ংকর পরিস্থিতি তৈরি হয়ে আছে। তাই মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব এদিকে নজর দিন। নদিয়া জেলা সীমান্তবর্তী জেলা। রাস্তা দিয়ে হেঁটে, সাইকেল করে পারাপার করা যায়, কোনো কাঁটাতারের বেড়া সেখানে নেই। এমন একটা ভয়ংকর পরিস্থিতি। এখানে গন্ডগোল হতে, দাঙ্গা হতে বেশি সময় লাগবে না। অনুপ্রবেশ না ঘটে, বেআইনি মন্দির, মসজিদ তৈরি না হয়, মাদ্রাসার নাম করে বেআইনি কার্যকলাপ না ঘটে দেখতে হবে। আপনি সততা নিয়ে স্বচ্ছ প্রশাসন রাখার জন্য চেষ্টা করে যাচ্ছেন, তা সত্ত্বেও এই সমস্ত বেআইনি কার্যকলাপ চলছে। নদিয়া জেলায় ভয়ংকর কতগুলো ডাকাতি হয়ে গেছে। এদের টার্গেট হচ্ছে পৌরসভাগুলো দিকে শান্তিপুর, মাজদিয়া পৌরসভায় ডাকাতি হয়েছে। তাহেরপুর স্কুলে ডাকাতি হয়েছে কিন্তু কোনো আসামীকে পুলিশ ধরতে পারছে না। এই স্কুলগুলোতে ডাকাতি করছে কারা, পৌরসভাগুলোতে ডাকাতি করছে কারা। টাকা না নিয়ে তারা কাগজপত্র নিয়ে চলে যাচ্ছে। ট্রান্সফার সার্টিফিকেট, বার্থ সার্টিফিকেট নিয়ে চলে যাচ্ছে, জন্ম, মৃত্যু হারে কাগজ নিয়ে চলে যাচ্ছে। বারবার পুলিশকে আবেদন করা সত্ত্বেও পুলিশ এর কোনো কিনারা করতে পারেনি। সি.আই.ডি. ডিপার্টমেন্ট গিয়ে তদন্ত করার নামে প্রহসন করছে। সেখানে একজন হোটেল মালিককে ধরা হল, বলা হল সে ডাকাতি করেছে কিন্তু তার কোনো প্রমাণ হল না। আমাদের পৌরসভায় সাড়ে ৬ লক্ষ টাকা ছিল সেটা না নিয়ে, জরুরি কাগজ নিয়ে চলে গেল।

[3.40—3.50 p.m.]

আমি মুখ্যমন্ত্রীকে বলছি সি.আই.ডি.-কে দিন, তারা তদন্ত করুক। এক সময় কৃষ্ণনগরে জঙ্গলের রাজত্ব হয়েছিল, একসময় মানুষ দিনের বেলায় চলতে পারতো না। কিন্তু এখন রাতের বেলাতেও মানুষ হাঁটছে, এখন যে জায়গায় আছে সেই জায়গা থেকে খারাপ হতে বেশি সময় লাগবে না। আমার আপনাকে অনুরোধ এইদিকে নজর দিন। আপনি জানেন কৃষ্ণনগরের প্রাক্তন পৌর উপপিতা ছিলেন দেবাশিস রায়। তিনি রাতের অন্ধকারে জজ কোর্টে লরি ভিড়িয়ে ব্যারাকপুর এবং নৈহাটি থেকে লোক নিয়ে এসে কোর্টের কাগজপত্র, ফাইল সরিয়ে নিচ্ছিলেন। তখন জেলাশাসক ছিলেন কৃষ্ণা গুপ্ত, আমি তাঁকে জিজ্ঞাসা করেছি যে আপনার কাছে অনুমতি নিয়েছে কি ? আই.সি.-কে জিজ্ঞাসা করেছিলাম আপনি এটা জানেন কি ? কোনো অনুমতি ছাড়াই সমস্ত কাগজপত্র সরিয়ে নিচ্ছিলেন অন্য জায়গায় আদালত সরিয়ে নিয়ে যাবেন বলে। পি.পি., জি.পি. থেকে আরম্ভ করে তারা প্রত্যেকের তীব্র আপত্তি করেছিলেন। তা সত্ত্বেও রাতের অন্ধকারে লরি করে কোর্টের কাগজপত্র সরিয়ে নেওয়ার চেষ্টা করেছিলেন। বার অ্যাসোসিয়েশনের সম্পাদক প্রতিবাদ করতে গিয়েছিলেন, আপনাদের পুলিশ তাকে পয়েন্ট ব্ল্যাংক রেঞ্জ থেকে ৪টে গুলি করেছিল, তখন তার হাতে অস্ত্র ছিল না, তাকে সেখানে ধরাশায়ী করে দেওয়া হয়েছিল। তখন তাকে উডল্যান্ড নার্সিং হোমে আনা হল, এখন তিনি সুস্থ হয়ে ফিরে গেছেন। পুলিশের মধ্যে শৃঙ্খলা আনার জন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি। করিমপুর এবং আমার নির্বাচন কেন্দ্রে ভোটের দিন সন্ত্রাস হয়েছে। পোড়াগাছা গ্রাম পঞ্চায়েতের হরিনগর গ্রাম পঞ্চায়েতের সদস্যা ঝর্না মণ্ডল, তাকে দুজন সমাজবিরোধী—তাদের নিক্ নেম রাবণ এবং আল্লাটালা

তারা রাতের বেলায় তুলে নিয়ে গেছে। পুলিশ তাদের ধরছে না। অন্য লোককে ক্যান্ডিডেট করে ভোটে জিতেছি। আপনি রাবণ এবং আল্লাটালাকে গ্রেপ্তার করুন। আমি মুখ্যমন্ত্রীকে বলছি আপনার রাবার বুলেট কী করলেন ? তার ব্যবস্থা করুন। জলকামানের ব্যবস্থা করুন। তাহলে দাঙ্গা-হাঙ্গামা সামলাতে পারবেন। সবশেষে বলছি একজন লোককে ২০ বছর ধরে এক জায়গায় রেখেছেন, তাকে ৪ বার প্রোমোশন দিয়েছেন। তার নাম বিনয় চক্রবর্তী। তিনি ডি.এস.পি. হেড কোয়ার্টার্স ছিলেন, তারপরে অ্যাডিশনাল এস.পি. হলেন, তারপরে নাইন্থ ব্যাটেলিয়নের কম্যান্ডান্ট এবং তারপরে নদিয়া জেলার এস.পি. হলেন। ২০ বছর একটা পুলিশ অফিসারকে ৪ বার প্রোমোশন দিয়ে নিয়ে গেলেন। এটা কার স্বার্থে ? এটা জনগণের স্বার্থে, না আপনাদের দলের স্বার্থে, না প্রশাসনের স্বার্থে, সেটা বলবেন। আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত বসু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী ২০০৩-০৪ সালে স্বরাষ্ট্র বিভাগের ব্যয়-বরাদ্দের যে মঞ্জুরী প্রস্তাব পেশ করেছেন তাকে সমর্থন করে আমার অল্প সময়ের মধ্যে কিছু বক্তব্য রাখছি। আমি বেশ মনোযোগ দিয়ে বিরোধী পক্ষের যে দুইজন বক্তা এখানে তাঁদের বক্তব্য রেখেছেন মাননীয় সদস্য শ্রীমান্নান এবং শ্রী শিবদাস মুখার্জি মহাশয়ের বক্তব্য আমি শুনেছি।

দুজনের মধ্যে বিশেষ করে মান্নান সাহেব তাঁর দীর্ঘ বক্তৃতার মধ্যে বেশ কয়েকটা নির্দিষ্ট ঘটনা এবং অপরাধের কথা বলেছেন এবং শিবদাসবাবুও সেইসব কথা বলেছেন। আমি আশা করছি, মাননীয় মুখ্যমন্ত্রী ওনাদের অভিযোগগুলো বিভাগের মাধ্যমে পরীক্ষা করবেন এবং যথাযথ ব্যবস্থা নেবেন। মাননীয় মান্নান সাহেব আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে যে কয়েকটা মৌলিক সমস্যার সম্মুখীন হয়েছেন সে কথার উল্লেখ করেছেন। তাকে মান্নান সাহেব উড়িয়ে দিয়েছেন এই বলে যে মুখ্যমন্ত্রী সাফাই গেয়েছেন। কিন্তু আজকে যদি আমরা আইন-শৃঙ্খলার পরিস্থিতি আলোচনা করতে যাই তার আগে চিন্তা করতে হবে যদি আইন-শৃঙ্খলার অবনতি হয়ে থাকে তাহলে তার মূল কারণগুলো কি ? সেগুলো যদি আমরা বিশ্লেষণ না করি তাহলে সেই আইন-শৃঙ্খলা পরিস্থিতির আমরা মোকাবিলা করতে সক্ষম হব না। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে আজকে এই ক্রমবর্ধমান দারিদ্র এবং বেকারির কথা বলেছেন। বৈদ্যুতিন মাধ্যমে যে হিংসাত্মক ও অপরাধমূলক ঘটনা পরিবেশন করা হচ্ছে নিয়মিত এবং তার ফলে আমাদের কিশোর-কিশোরী, যুবক-যুবতীদের মধ্যে কয়েকটা খারাপ দৃষ্টান্ত দেখা যাচ্ছে—একথা তিনি উল্লেখ করেছেন। আজকে আরো একটা বিষয়ে আমাদের চিন্তা করা দরকার যে, অস্ত্র-শস্ত্র আজকে সহজলভ্য হয়ে দাঁড়িয়েছে এবং এই পরিস্থিতিতে আইন-শৃঙ্খলার যে সমস্যা সেই সমস্যা বাড়বে বা বেড়েছে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। আজকে সেই জন্য স্বরাষ্ট্র বিভাগ এবং বিশেষ করে আমাদের পুলিশ বিভাগের যোগ্যতা বৃদ্ধি করার প্রয়োজন বেশি করে দেখা দিয়েছে। আজকে এটা বাস্তব ঘটনা। আমরা যখন সাধারণ মানুষের সঙ্গে কথা বলি,

অনেকের মধ্যে দেখি পুলিশের প্রতি আস্থা কম। তারা যখন হিংসাত্মক বা অপরাধমূলক কোনো ঘটনার কথা বলেন, যে পরিস্থিতিতে দুর্ভাগ্যক্রমে পড়েছেন, তাদের যখন থানায় যেতে বলি অনেক সময় উত্তর পাই 'থানায় গিয়ে কি লাভ হবে'—এটা কিন্তু আজকে বাস্তব পরিস্থিতি। এবং সেই জন্য আমি বলব না যে, আমাদের পুলিশ অক্ষম। তাদের সীমিত সামর্থ্যের মধ্যে তারা নিশ্চয় যথেষ্ট প্রচেষ্টা নেন, হিংসাত্মক এবং অপরাধমূলক ঘটনা কমানোর জন্য এবং দোষীদের ধরা ও শাস্তি দেবার জন্য। কিন্তু জনসাধারণের ব্যাপারে আমার মনে হয় আরো বেশি করে আমাদের আধিকারিকদের দৃষ্টি দিতে হবে। অনেক সময় আমরা অভিযোগ শুনি আমাদের জনসাধারণের কাছ থেকে যে তারা যখন থানায় যান তাদের কথা শোনা হয় না, তাদের ঘণ্টার পর ঘণ্টা বসিয়ে রাখা হয় এবং এইভাবে তাদের অনেক সময়,—ইংরেজিতে একটা কথা আছে, হ্যারাস করা হয় তারা যখন অভিযোগ করতে যান। সেই জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তাঁর আধিকারিকদের উপদেশ দেবেন যে পুলিশ বাহিনী জনসাধারণের সেবার জন্য আছে। জনসাধারণ অবহেলিত হচ্ছে—একথা যেন তারা মনে করতে না পারেন।

[3.50—4.00 p.m.]

আমি জানি, আজকে এটাই বাস্তব পরিস্থিতি যে, আর্থিক সংকটের জন্য আমরা পুলিশ বাহিনীকে যেভাবে সাজাতে চাই, থানাগুলোকে যেভাবে সাজিয়ে তুলতে চাই সেটা করা সম্ভব হচ্ছে না। কয়েকদিন আগে বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রী বলছিলেন যে, কলকাতার বাইরের জেলাতে যে থানাগুলো আছে সেই থানাগুলোতে গাড়ির অভাব আছে। কলকাতা শহরে যে থানাগুলো আছে—আমি কলকাতার এক কেন্দ্রের জনপ্রতিনিধি—এখানে থানার এলাকার আয়তন কম, কিন্তু জেলাতে প্রত্যেকটি থানার আয়তন বেশি। তাই পুলিশের যাতে মুভমেন্ট ভালো হয় তার জন্য হয়তো কয়েকটি প্রয়োজনীয় জিনিসের দরকার, যেমন—গাড়ি, মোবাইল টেলিফোন ইত্যাদি, যাতে তারা একপ্রান্ত থেকে থানার এলাকার আরেক প্রান্তে সব সময় যোগাযোগ রাখতে পারেন। আর্থিক অনটনের মধ্যেও আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, তিনি যেন এ ব্যাপারে দৃষ্টি দেন। আরেকটা জিনিস আমি যেটা বলতে চাই যে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণে সঠিকভাবে উল্লেখ করেছেন যে, আমাদের রাজ্যে সীমান্তবর্তী রাজ্য হওয়ার জন্য অনুপ্রবেশ ঘটছে, যেটার কথা মাননীয় সদস্য শিবদাসবাবুও বলেছেন যে, কিছু সন্ত্রাসবাদী সংগঠনের দৌরাত্ম্য দিন দিন বাড়ছে এবং এর মোকাবিলা করার প্রয়োজন আছে। আমাদের সৌভাগ্য যে, আমাদের রাজ্যে সাম্প্রদায়িক সমস্যা নেই। আমাদের এটাই গর্ব যে, আমাদের যে সংস্কৃতি, আমাদের যে ঐতিহ্য সেকথা পশ্চিমবঙ্গ রাজ্যবাসী তারা মনে রাখবেন। যদিও আজকে মৌলবাদী সাম্প্রদায়িক সংস্থা তারা ভারতবর্ষের নানা প্রান্তে ইতিমধ্যে সক্রিয় হয়ে উঠেছে, আমি আশা রাখি, বিশ্বাস রাখি যে সেই সমস্ত রাজনৈতিক সংস্থা তারা অন্তত পশ্চিমবঙ্গে কোনোদিন নিজেদের প্রতিষ্ঠিত করতে পারবেন না। তার কারণ আমরা এক সময় সাম্প্রদায়িক সমস্যা পেয়েছি এবং তার ফলে আমাদের এই বাংলা বিভাগ হয়েছে—সেকথা আমরা ভুলতে পারব না এবং এটাই আমি

আশা করি যে, এই মৌলবাদী এবং সাম্প্রদায়িক রাজনৈতিক সন্ত্রাসের সঙ্গে যাঁরা আছেন, একযোগে কাজ করছেন, তাঁরাও বেশিদিন তাঁদের অস্তিত্ব এই রাজ্যে রাখতে পারবেন না। আমার সময় অত্যন্ত অল্প এবং এই সময়ের মধ্যে স্বরাষ্ট্র বিভাগের মতো গুরুত্বপূর্ণ বিভাগের সম্পর্কে আমার কথা বলার এখানে চান্স কম। আরেকটা কথা আমি বলছি যে, আমরা যখন ব্রিটিশ সরকারের অধীন ছিলাম, তখন যে পুলিশবাহিনী ছিল এবং তাঁরা যে মনোভাবে শিক্ষিত হয়েছিলেন, আজকে স্বাধীনতার পর সেই মনোভাব অনেক বদলে গেছে। কিন্তু আরও বেশি করে, আমি আরেকটু বিশেষ গুরুত্বের সঙ্গে বলব যে, তাদের মনোভাব আরও বদল করার প্রয়োজন আছে যাতে জনসাধারণ তাদের প্রতি আস্থা রাখতে পারেন। সবকিছু সমস্যার সমাধান করা, সমস্ত হিংসাত্মক ঘটনা, অপরাধমূলক ঘটনার দোষীদের খুঁজে বার করা কোনো দেশে সম্ভব নয় এবং অনেক জায়গায় হয়, যারা দোষী তাদের কোনোদিনই ধরা যায় না। সে আমাদের দেশেও হবে। কিন্তু আমি আশা করব যে আজকে যে শিক্ষার মাধ্যমে নানারকম ট্রেনিংয়ের মাধ্যমে যেটা মুখ্যমন্ত্রী বলেছেন তার বাজেট ভাষণে যে আমাদের পুলিশবাহিনী দিনকে দিন আরও উন্নত হবে, জনসাধারণের সেবায় তাঁরা নিয়োগ করবেন। আমার বক্তব্যের শেষে আমি কেবল মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব এটা কোনো সমস্যা নয়। দৃষ্টি আকর্ষণ করছি একটা ছোট্ট ব্যাপারে। আমি ফিরে যাচ্ছি ১৯৩১ সালের একটি ঘটনায়। ১৯৩১ সালের ১১ অক্টোবরে। বর্তমানে উত্তর ২৪ পরগনা জেলার নোয়াপাড়া থানায় নেতাজি সুভাষচন্দ্র বসুকে গ্রেপ্তার করা হয়েছিল এবং তিনি বেশ কিছুকাল সময় সেই থানায় আবদ্ধ ছিলেন। তিনি যে ঘরে আবদ্ধ ছিলেন সেটা এখনও সংরক্ষিত না হওয়ায় অবস্থা ভালো নেই। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যাতে ওই ঐতিহাসিক থানা—নোয়াপাড়া থানাকে সংরক্ষণের ব্যবস্থা হয়।—এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রীর যে প্রদত্ত ভাষণ এবং তিনি যে ব্যয়বরাদ্দ মঞ্জুরী চেয়েছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তপন হোড় : আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ২৭ নং দাবির সমর্থনে যে বক্তব্য এখানে রেখেছেন, আমি তার সমর্থনে কিছু কথা বলছি এবং এই দাবিকে কেন্দ্র করে বিরোধী পক্ষের মাননীয় মান্নান সাহেব এবং মাননীয় শিবদাসবাবু যে বক্তব্য রেখেছেন দীর্ঘক্ষণ। কিন্তু সেই বক্তব্যের কোনো সারবত্তা নেই। মূল যে সোসিও-ইকনমিক্যাল এবং পলিটিক্যাল যে সিচুয়েশন গোটা বিশ্বে এবং গোটা ভারতবর্ষের সঙ্গে আমাদের পশ্চিমবাংলার এটাকে যে একটা ভারসাম্য রেখে যে তার ভিতরে দাঁড়িয়ে বিষয়টা উপলব্ধি করে, সেই উপলব্ধি এদের মধ্যে নেই। কাজেই সোজা কথায় সে সময়গুলো তারা নষ্ট করেছেন। এদের কথায় যাব না। জবাব যদি কিছু থাকে সেটা মাননীয় মুখ্যমন্ত্রী দেবেন। এখন আমরা সবাই জানিয়ে, একেবারে প্রথম থেকে এই পুলিশ বা মিলিটারি এগুলো হচ্ছে দমন-পীড়ন, শোষণ-শাসন বজায় রাখত। এগুলো হচ্ছে যারা শোষণ করে তারা এই ব্যবস্থাটা প্রচলন করেছিল। এবং এটা আমরা সবাই জানি, কিন্তু আমাদের পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ভারতবর্ষের যে পলিটিক্যাল সিনারিও বা সামাজিক প্রেক্ষাপট, অর্থনৈতিক যে

সিনারিও তার মধ্যে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই অবস্থাটা কোন জায়গায়, কিভাবে এই পুলিশ প্রশাসনকে আমরা পরিচালিত করব, কী দৃষ্টিকোণ থেকে আমরা দেখব, সেটা মাননীয় মান্নান সাহেব এবং শিবদাসবাবুর মাথার মধ্যে ঢুকবে না। স্যার, এটা একটা সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে অর্থনৈতিক যে অবস্থা তার পরিপ্রেক্ষিতে বিচার-বিবেচনা করে আজকে আমাদেরকে ভাবতে হবে। আমি একথা সঙ্গে সঙ্গে বলব যে, আমাদের সরকার একটি বিশেষ দৃষ্টিকোণ থেকে এই সরকার চালাবার চেষ্টা করছেন। পুলিশ প্রশাসন তার মধ্যে অন্যতম। অনেক ইতিবাচক ভূমিকা নেবার চেষ্টা করেছেন। বিশেষ করে আমাদের যে মাননীয় মুখ্যমন্ত্রী, যিনি পুলিশমন্ত্রীও বটে। তিনি অনেক ইতিবাচক ভূমিকা গ্রহণ করার চেষ্টা করেছেন যাতে করে আমাদের এই অবস্থার মধ্যে তার কিছুটা অগ্রগতি ঘটানো যায় কিনা। সারা ভারতবর্ষের যে চেহারা, সেই চেহারার মধ্যে আমরা অবশ্যই দাবি করবার বা আমরা আত্মসন্তুষ্টিতে ভুগতে পারি না।

[4.00—4.10 p.m.]

কিন্তু আমরা দাবি করতে পারি যে, আমরা কিছু উন্নতি করতে পেরেছি। তথাপি আমাদের কিছু সমস্যা আছে। সেই সমস্যাগুলি কী কী কারণে আছে ? কী কী বিষয়কে আজকে আমাদের আলাদাভাবে দেখতে হচ্ছে তা আমাদের একটু বিচার করে দেখা দরকার। ইভ-টিজিং এবং নারী নির্যাতনের ঘটনা বাড়ছে, ডোমেস্টিক খুন-খারাপির ঘটনা বাড়ছে। কোন পরিপ্রেক্ষিতে ঘটনাগুলি ঘটছে ? পরিবেশ পরিস্থিতি আজ কোন জায়গায় গিয়েছে ? ইভ-টিজিং-এর সংখ্যা মাঝে খুব বেড়েছিল, এখন কিছুটা কমেছে। তথাপি আত্মসন্তুষ্টির কোনো জায়গা নেই। আমাদের বাড়ির ছেলে-মেয়েরা স্বাভাবিকভাবে রাস্তা দিয়ে ঘোরাফেরা করতে পারে না, এটা পশ্চিমবাংলার ক্ষেত্রে অন্তত ভাবা যায় না। সুতরাং কোন পরিস্থিতি আজকে এই সমস্যা সৃষ্টি করছে ? নারী নির্যাতনের ঘটনা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এটা মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই ওয়াকিবহাল আছেন। কেন ডোমোস্টিক খুনখারাপি বাড়ছে ? এ ব্যাপারে কোনো প্রাইভেট সিকিউরিটি এজেন্সির সাহায্য নেওয়া যায় কিনা বা সে রকম কোনো ব্যবস্থা করা যায় কিনা যা বিদেশের বিভিন্ন জায়গায় আছে তা আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ভেবে দেখতে অনুরোধ করছি। প্রাইভেট সিকিউরিটি এজেন্সি, থানা এবং সংশ্লিষ্ট বাড়িগুলির মধ্যে এমন একটা সিসটেম কি গড়া যায় না যে, সেই সমস্ত বাড়িতে কোনো ঘটনা ঘটলেই দেন অ্যান্ড দেন ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ? এই রকম একটা সিসটেম চালু করার কোনো ভাবনা-চিন্তা কি মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তরের আছে ? এই ভাবনা-চিন্তা আছে কিনা তা মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি আমাদের বলবেন। এর সঙ্গে সঙ্গে এফেকটিভ মাস কন্ট্রোল সিসটেমের কথাও আমাদের ভাবতে হবে। বর্তমান সামাজিক পরিস্থিতিতে নানান সামাজিক জটিলতা বৃদ্ধি পাচ্ছে। আজকে আমরা দেখছি এদের সমস্যা এক ধরনের, সাধারণ যুবকদের সমস্যা আবার অন্য এক ধরনের, কৃষকদের আবার এক ধরনের সমস্যা, সাধারণ মানুষের আর এক ধরনের সমস্যা—কাজেই এই বিভিন্ন ধরনের সমস্যাকে বিভিন্ন দিক দিয়ে দেখতে হবে। কোন সমস্যাকে মানবিক দৃষ্টিভঙ্গি দিয়ে দেখতে হবে, কোন সমস্যাকে অন্য

কোনোভাবে দেখতে হবে। সুতরাং এফেকটিভ মাস কন্ট্রোল সিসটেম চালু করার জন্য পুলিশের কোনো ট্রেনিং-এর ব্যবস্থা আছে কিনা মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি আমাদের একটু বলবেন। যেমন ধরুন নদিয়ায় যে ঘটনা ঘটলো—এভাবে গুলি করা ঠিক হয়নি। সে জন্যই মাস কন্ট্রোল সিসটেম এফেকটিভ থাকা দরকার। এফেকটিভলি মাস কন্ট্রোল যাতে পুলিশ করতে পারে তার জন্য নিশ্চয়ই ট্রেনিং-এর প্রয়োজন। তবেই তারা পরিস্থিতির সঠিক মোকাবিলা করতে পারবে। তাহলে আমাদের একটা সুষ্ঠু ব্যবস্থা গড়ে উঠতে পারে। তাহলে অন্তত আমরা খনিকটা অপরাধ প্রতিহত করার জায়গায় যেতে পারি। সুতরাং এই ধরনের কোনো ট্রেনিং-এর ব্যবস্থা আছে কিনা বলবেন। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি কোশ্চেন—অ্যানসারের সময় বলেছেন, আজকে সমাজের প্রতি স্তরে দুর্নীতি ঢুকে গেছে। আপনি বলেছেন, ডাক্তারদের মধ্যে দুর্নীতি আছে। ইঞ্জিনিয়ারদের মধ্যে দুর্নীতি আছে, সরকারি কর্মচারীদের মধ্যে দুর্নীতি আছে এবং আমাদের রাজনীতিবিদদের মধ্যেও দুর্নীতি দেখা যাচ্ছে। হ্যাঁ, রাজনীতিবিদদের মধ্যেও দুর্নীতি ঢুকে পড়েছে, তা না হলে প্রাক্তন প্রধানমন্ত্রীর নামে কোটি কোটি টাকার মামলা হত না। আজকে রাজনীতিবিদ থেকে আরম্ভ করে সবাই এই সমাজের মধ্যে থেকেই আসছে। আজকে কোরাপশন সারা ভারতবর্ষে, সারা পৃথিবীতে সাংঘাতিকভাবে দেখা দিয়েছে। সুতরাং আমাদের রাজ্যে কোরাপশন নেই, এ কথা বলে আত্মসন্তুষ্টি লাভের আজ আর কোনো জায়গা নেই। তলে তলে এই কোরাপশনের স্রোত সর্বত্র ছড়িয়ে পড়ছে। বাঁকুড়া-পুরুলিয়া থেকে শুরু করে রাজ্যে যে দিকেই যান না কেন এই 'ডাক মাস্টার'-এর ব্যাপারটা মোটেই ভালো লাগে না। আমাদের বহু বামপন্থী বুদ্ধিজীবী বলছেন, এই ব্যাপারটা লক্ষ্য করে, এ বিষয়ে কিছু করা দরকার। পুলিশের এই কোরাপসন বিচ্ছিন্ন কোনো ব্যাপার নয়। কিন্তু এই কোরাপশন আমরা কতটা প্রতিরোধ করতে পারি, কতটা কমাতে পারি, কতটা কি ব্যবস্থা নিতে পারি সেটা আজকে আমাদের একটু ভালো করে ভাবনা-চিন্তা করার দরকার আছে। সঠিক খোঁজ-খবর করলে দেখা যাবে পুলিশ অফিসারদের মধ্যেও কোরাপশন আছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি আজ সকালেই বলেছেন, 'ডাকাতি, খুন, ধর্ষণের ঘটনায় কিছু পুলিশ কর্মীও ইনভল্‌ভ্‌।' তথাপি আমাদের কিছু ভালো পুলিশ কর্মীও আছে তাদের আইডেনটিফাই করার জায়গাটা কোথায় ? সমস্ত ব্যাপারটাই ইমাজিনারি হয়ে যাচ্ছে। ধরুন বাপী সেনের ঘটনা : বাপী সেন একজন মহিলাকে ইভ-টিজিং-এর হাত থেকে বাঁচাতে গিয়ে মারা গেলেন। তিনি নৃশংসভাবে মারা গেলেন। বাপী সেনের ঘটনায় আমাদের গোয়েন্দা আছে বা যে এজেন্সি আছে, রাজ্যের সি.আই.ডি. বলুন বা যে এজেন্সি আছে তারা এতখানি দুর্বল ভাবলে হবে না, সেই মহিলাকে আইডেন্টিফাই করা গেল না ? এটা একটা ইমাজিনারি ব্যাপার থেকে গেল। বাপী সেন ঠিক করেছে, কি ঠিক করেনি—আমি ধরে নিচ্ছি ঠিক করেছে—কিন্তু সেই ভদ্রমহিলাকে ট্রেস-আউট করা গেল না ? এই দুর্বলতা থেকে গেল। যে সমস্ত পুলিশ অফিসাররা ভালো কাজ করেছেন তাঁদের রিওয়ার্ডের ব্যবস্থা করুন, তাঁদের প্রমোশন দিন, তাঁদেরকে উপযুক্ত জায়গায় দিন আর যাঁরা ভাল কাজ করছে না, তাঁদের শাস্তি দিন, শুধু এখান থেকে ওখানে ট্রান্সফার করা নয়, তাঁদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করুন যার মধ্য দিয়ে আইনের শাসন হবে।

আমাদের সাফল্যের সমস্যা আছে। এটাকে দুঃখজনক বলুন আর যাই বলুন, সাধারণ মানুষের জন-জাগরণের মধ্য দিয়ে যে সাফল্য সেই সাফল্যের সমস্যা আছে। আমাদের আত্ম-সমালোচনা করা দরকার। আমাদের যা হয়েছে তা এত বেশি, এত বেশি আমাদের ডেমোক্রাসি যে সেই ডেমোক্রাসি খুব বেশি মাত্রায় ব্যবহার করি, এটা আমাদের পক্ষে ক্ষতিকর। আপনি দেখবেন, রাস্তাঘাটে চলাচল করতে গিয়ে, সমস্ত গাড়ি আটকে দিচ্ছে চাঁদার জন্য, চারিদিকে চাঁদা। এই সমস্ত ব্যাপারে কিছুটা রোখা গেছে, কিন্তু সম্পূর্ণভাবে রোখা যায়নি। এটা অদ্ভুত একটা পরিস্থিতি গ্রামাঞ্চল থেকে আরম্ভ করে শহরাঞ্চলে তৈরি হচ্ছে। সাধারণ মানুষ এই ব্যাপারগুলি নিয়ে চিন্তিত হয়ে পড়েছেন। বামফ্রন্ট সরকার এই সোসিও ইকনমিক কনডিশনে যে পজেটিভ রোল নিয়েছেন এই কথা তাঁরা শুনতে চান, বুঝতে চান। সেই জন্য বলছি, আজকে এই যে সন্ত্রাসবাদী কার্যকলাপের কথা বলা হল—এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী ইতিবাচক ভূমিকা নিয়েছেন। উনি অবশ্য সমস্ত দিকেই ইতিবাচক ভূমিকা নিচ্ছেন, একথা বলতে দ্বিধা নেই, উদাত্ত কণ্ঠে বলতে পারি। কিন্তু এই যে বাঘের ঘরে ঘোগের বাসা, সি.বি.আই.-এর এক্স ডাইরেক্টর শ্রী উপেন বিশ্বাসের বাড়িতে কি ঘটে গেল ? আমাদের সি.আই.ডি.-রা আইডেনটিফাই করতে পারলো না। আপনি উত্তরবাংলায় সঠিক ব্যবস্থা নিয়েছেন। এই ব্যাপারগুলি করা দরকার। সর্বশেষ কথা, পুলিশ প্রশাসনের মধ্যে নানা গলতি থাকলেও, গাফিলতি থাকলেও কিছু ভূমিকা আপনি নিয়েছেন। বাসন্তীর ব্যাপারে আর.এস.পি.-র যে রিজারভেশন ছিল সেই ব্যাপারেও আপনি উপযুক্ত ভূমিকা নিয়েছেন এ বিষয়ে কোনো সন্দেহ নেই। আমাদের মাননীয় বিধায়ক শ্রী সুভাষ নস্কর দ্ব্যর্থহীন কণ্ঠে বলেছেন যে মাননীয় মুখ্যমন্ত্রী উপযুক্ত ব্যবস্থা নিয়েছেন। কিন্তু এখনো শতাধিক লোক ঘরছাড়া হয়ে আছে, তাদের ঘরে ফিরিয়ে আনার ব্যবস্থা করুন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০৩-২০০৪ সালের ২৭ নম্বর অভিযাচনে ব্যয়-বরাদ্দ উত্থাপন করতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য যে বাজেট ভাষণ দিয়েছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাট মোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। সারা পশ্চিমবাংলায় খুন, লুঠ-তরাজ, ডাকাতি এবং মেয়েদের শ্লীলতাহানি যেভাবে বৃদ্ধি পাচ্ছে, আইন-শৃঙ্খলা যেভাবে ভেঙে পড়েছে তাতে মানুষ নিরাপত্তার অভাব বোধ করছে। তাই আমি এই বাজেটের বিরোধিতা করছি। স্যার, আপনি নিশ্চয়ই জানেন, দীর্ঘ ২৫ বছর ধরে যেসব ঘটনা ঘটেছে সেগুলি তো ঘটেছেই, কিন্তু এই বছরে এমন কিছু ঘটনা ঘটেছে যার ফলে সারা পশ্চিমবাংলার মানুষের মধ্যে চাঞ্চল্য সৃষ্টি করে দিয়েছে সেটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন। প্রথমে বিরাটি, তারপর বানতলা, তারপর ধানতলা, তারপর ঘোকসাডাঙা এই রকম নানা ঘটনা ঘটেছে। এই সমস্ত ঘটনায় সারা পশ্চিমবাংলার মানুষ আতঙ্কিত হয়ে আছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও উদ্বিগ্ন ছিলেন। সংবাদপত্রে দেখলাম ওনার এটা ভালো লাগেনি। আজকে জানতে হবে সারা পশ্চিমবাংলায় দিনের পর দিন আইন-শৃঙ্খলার উন্নতি হচ্ছে, না অবনতি ঘটছে ?

[4.10—4.20 p.m.]

এর হিসাবটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে পরিষ্কারভাবে জানা যাবে যে গত বছর কত খুন হয়েছে, কত ক্রাইম হয়েছে, কত ডাকাতি হয়েছে, কত রাহাজানি হয়েছে, কতগুলি শ্লীলতাহানির ঘটনা ঘটেছে এবং এ বছর কতগুলি খুন, ডাকাতি, রাহাজানি, শ্লীলতাহানির ঘটনা ঘটেছে। মাননীয় মুখ্যমন্ত্রী যদি এই পরিসংখ্যানটা দেন তাহলেই বোঝা যাবে দিনের পর দিন পশ্চিমবঙ্গে ক্রাইম, লুঠতরাজ শ্লীলতাহানি, ডাকাতির সংখ্যাটা কমছে, না বাড়ছে। আমি ব্যক্তিগতভাবে মনে করি মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয় চান না যে তার রাজ্যে ক্রাইম বাড়ুক, তিনি চান না তাঁরা রাজ্যে আইন-শৃঙ্খলা ভেঙে পড়ুক কিন্তু আমরা জানি মাননীয় মুখ্যমন্ত্রীর কতকগুলি সমস্যা আছে যার জন্য তিনি পারছেন না আইন-শৃঙ্খলা এখানে ঠিক রাখতে। এই আইন-শৃঙ্খলা ভেঙে পড়ার পেছনে কি কারণ আছে, কি ঘটনা আছে সত্যি সত্যি তা অনুধাবন করে যদি ব্যবস্থা নিতে পারেন তাহলে কিন্তু কিছু কাজ আপনি করতে পারবেন। এ রাজ্যের মানুষরা কেন নিরাপত্তার অভাববোধ করছেন তা জেনে যদি ব্যবস্থা নিতে পারেন তাহলে দেখবেন সত্যিকারের কাজের কাজ হবে। আমি জানি কোনো রাজনৈতিক দলই বলে না ক্রাইম করতে কিন্তু ক্রাইম করার পর সেই ক্রিমিনাল যদি একটি রাজনৈতিক দলের পলিটিক্যাল শেল্টারে চলে যায় এবং সেখানে যদি সে পলিটিক্যাল শেল্টার পায় তাহলে কিন্তু মুশকিল এবং সেটাই এখানে ঘটছে। এর ফলে পুলিশকে এখনে সঠিকভাবে কাজ করতে দেওয়া হচ্ছে না। এমন কি কোনো কোনো ক্ষেত্রে রাজনৈতিকভাবে পুলিশকে দিয়ে অন্য রাজনৈতিক দলের বিভিন্ন মানুষকে বিভিন্ন মিথ্যা কেসে জড়িয়ে দেওয়া হচ্ছে। অপর দিকে যারা সত্যিকারের ক্রাইম করছে তারা রাজনৈতিক শেল্টার পাওয়ায় বা রাজনৈতিক হস্তক্ষেপ থাকায় তাদের ক্রাইম করার প্রবণতা আরও বেড়ে যাচ্ছে। যারা খুন, ডাকাতি, রাহাজানি, শ্লীলতাহানি করছে প্রতিটি রাজনৈতিক দল একমত হয়ে তাদের যদি রাজনৈতিক আশ্রয় না দেন এবং প্রতিটি রাজনৈতিক দলই যদি বলেন যে যারা অন্যায় করছে সে যে দলেরই হোক না কেন আইন তার নিজের পথে চলবে এবং পুলিশ সেখানে নিরপেক্ষভাবে কাজ করবে তাহলে দেখবেন ক্রাইমের সংখ্যা নিশ্চয় কমবে। কিন্তু, কোনো এস.পি. কোনো বিশেষ রাজনৈতিক দলের কথা শোনেনি বলে তাকে যদি ট্রান্সফার করে দেওয়া হয় এবং কোনো এস.পি. বিশেষ কোনো রাজনৈতিক দলের কথা অনুযায়ী চলে পঞ্চায়েত নির্বাচনে সেই দলকে জিতিয়ে দিয়েছে বলে তাকে পুরস্কৃত করা হয় এবং এই ধরনের চিন্তাভাবনা নিয়েই যদি সরকার চলে তাহলে কোনোদিনই রাজ্যে আইনশৃঙ্খলার উন্নতি ঘটবে না। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার তাই নির্দিষ্ট প্রশ্ন, এ রাজ্যে পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করার নির্দেশ তিনি দেবেন কিনা ? যারা সত্যিকারের ক্রাইম করছে, রাজ্যের সুনাম নষ্ট করছে সে যে দলেরই হোক না কেন তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করবেন কিনা ? কারণ রাজনৈতিক চাপ যদি থাকে তাহলে কিন্তু পুলিশ কখনই নিরপেক্ষভাবে কাজ করবে না। আপনি বলেছেন যে রাজস্ব আদায়ের জন্য কোনো কোনো জায়গায় পুলিশকে ফি এবং ফাইন নিতে হয়। ভালো কথা। সেটা কিন্তু আইনের মাধ্যমেই

নেওয়া দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন কি এই ফাইন আদায়ের নাম করে কিভাবে রাজ্যে গরিব মানুষদের উপর মিথ্যা মামলা চাপিয়ে দিয়ে পুলিশ তাদের কোর্টে তুলে ফাইন আদায় করছে ? রাজ্য সরকারের একটা আন-অফিসিয়াল নির্দেশ আছে যে প্রতিটি থানাকে প্রতিদিন এতো করে ফাইন আদায় করতে হবে এবং তার ফলে পুলিশ সাধারণ মানুষদের উপর অত্যাচার করে এইভাবে রাজস্ব সংগ্রহ করছে। সাধারণ খেটে খাওয়া গরিব মানুষ তাকে ধরে বলছে মদ খেয়ে মাতলামি করছো, ৫ আইনে ফেলছে এবং তার কাছ থেকে টাকা আদায় করছে। পুলিশ ধরে নিয়ে গিয়ে লক-আপে পুরছে, বলছে কালকে জামিন হয়ে যাবে। তোমরা দোষ স্বীকার করে নেবে তাহলে ১০০ টাকার মধ্যে হয়ে যাবে। পুলিশের কাছে ১০০ টাকা তুচ্ছ ব্যাপার হতে পারে কিন্তু গ্রামের মেহনতি মানুষের কাছে খেটে খাওয়া মানুষের কাছে গরিব মানুষের কাছে এটা একটা বীভৎস অত্যাচার তাই আমি এটা আপনার নজরে নিয়ে এলাম। আপনার যে সমস্ত পুলিশ অফিসার আছেন সেই পুলিশ অফিসারের মধ্যে অনেক ভালো মানুষ আছেন। কিন্তু যারা অন্যায় করে চলেছে, যারা অন্যায় করছে তাদের বিরুদ্ধে আপনাকে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। পুলিশ কখনও অন্যায় করতে চায় না। রাজনৈতিক দল যখন পুলিশকে অন্যায় করতে সাহায্য করে, রাজনৈতিক দলকে সাহায্য করার জন্য তাঁরা বলেন আপনাদের লোক খুন করেছে ঠিক আছে চার্জসিট হালকা করে দেব প্রমাণ হালকা করে দেব, আপনাদের সমস্ত ব্যবস্থা করে দেব। তখনই সাধারণ মানুষের প্রতি পুলিশ খারাপ কাজ করতে বাধ্য হয়, চার্জসিট হালকা করতে সাহায্য করে। তাই পুলিশকে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করতে দিলে আইন-শৃঙ্খলার অবনতি ঘটবে না। যে সমস্ত দোষী অন্যায়কারী জুলুমকারী পুলিশ অফিসার আছে দৃঢ়তার সঙ্গে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। আপনারা ২৬ বছর অতিক্রম করে গেছেন, ২৭ বছরে পা দিয়েছেন, পশ্চিমবাংলার অনেক জায়গায় পুলিশের থাকার ব্যবস্থা করে দিতে ব্যর্থ হয়েছেন। সব জায়গায় পুলিশ কোয়ার্টার নেই এবং অনেক জায়গায় পুলিশের যে থাকার ব্যবস্থা আছে সেটা ব্রিটিশ আমলের। আবার ব্রিটিশ আমলের থানা থেকে গিয়েছে, সেখানে তাদের কাজ করতে অসুবিধা হয়। এইগুলোও আপনাকে দেখতে হবে। আপনাকে দেখতে হবে এই রাজ্যের মানুষের নিরাপত্তার ব্যাপারটাও। আজকে মানুষকে প্রকাশ্য দিবালোকে মানুষ তুলে নিয়ে চলে যাচ্ছে, তাদের হদিশ করতে পারছেন না। শিশুকে তুলে নিয়ে চলে যাচ্ছে তাদের হদিশ করতে পারছে না। রাতের অন্ধকারে কোটি কোটি টাকা কমপেনসেশন দিয়ে ছাড়িয়ে আনতে হয়। পুলিশ জানতে পারছে না একটা গোপন বোঝাপড়া হয়ে যাচ্ছে। গোটা পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে। সদিচ্ছা থাকলে এইগুলো দমন করা যায়। শুধু দোষী পুলিশ অফিসারকে অন্যায়ের প্রতিবাদে শাস্তি দিলে হবে না, পুলিশকে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করার সুযোগ দিতে হবে। যে পুলিশ অফিসার নিরপেক্ষভাবে সততার সঙ্গে কাজ করবে তাকে আপনাকে প্রমোশন দিতে হবে। তাহলেই রাজ্যের সার্বিক আইন-শৃঙ্খলার উন্নতি হবে ভালো হবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে এবং কাট মোশনগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি। একটা কথা প্রথমেই বলে রাখা ভালো, সামগ্রিক দেশের পটভূমিতে পশ্চিমবাংলার পুলিশকে যদি বিচ্ছিন্নভাবে বিচার করা হয় তাহলে সেটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে যাবে। বিচার যদি করতে হয় তাহলে সামগ্রিক দেশের মানদণ্ডে আমাদের রাজ্যের মানদণ্ড কোথায় সেটা বিচার করতে হবে। এই মানদণ্ডে যদি বিচার করে দেখা যায় তাহলে দেখা যাবে আমাদের রাজ্য সমস্ত দিক থেকে আইন-শৃঙ্খলার প্রশ্নে অন্যান্য যে কোনো রাজ্যের তুলনায় অনেক উন্নত এই বিষয়ে সন্দেহের কোনো অবকাশ নেই। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন এতে আমাদের আত্মসন্তুষ্টির অবকাশ নেই, আমরা আরো চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমার সময় কম, সংক্ষেপে কথা আলোচনার মাধ্যমে রেখে যেতে চাই। আমাদের রাজ্যের গোয়েন্দা বিভাগের খুব সুনাম ছিল। সেই সুনামের ক্ষেত্রে কি কিছুটা ঘাটতি দেখা দিয়েছে নাকি ? অপরাধ সংঘঠিত হওয়ার আগে গোপন ক্ষেত্রগুলি নির্ধারণ করতে পারছে না, অপরাধ সংঘঠিত হওয়ার পর পুলিশ ধাওয়া করছে। আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী এই বিষয়ে বলবেন। আমার বন্ধু অসিত মাল পুলিশের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছেন। আমাদের বামফ্রন্ট সরকারের একটা দর্শন আছে, একটা আদর্শ আছে, গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না, এটা আমরা চাই। এটা স্বাভাবিক কথা, এইভাবে আমরা চলার চেষ্টা করছি। আমাদের প্রশাসনের মধ্যে, আমাদের পুলিশ বাহিনীর মধ্যে সেই দৃষ্টিভঙ্গি প্রতিফলন ঘটে তাতে অবাক হওয়ার কারণ নেই।

[4.20—4.30 p.m.]

তবুও স্যার, প্রশাসনিক কাজকর্ম যে নিয়মনিষ্ঠভাবে শতকরা একশো ভাগ অনুষ্ঠিত হচ্ছে, আজকে ২৬ বছর পরে এই কথা জোর দিয়ে বলা যাচ্ছে না। আমি এই বিষয়ে ভাবতে অনুরোধ করবো। অনেক অপরাধীকে অপরাধী বলে বিচার না করে রাজনৈতিক দিক থেকে যাতে দেখা হয়, আমি এইদিকে ভাবতে অনুরোধ করবো। প্রশাসনকে আরও জনমুখী করে গঠন করার জন্য আপনি থানা কমিটি গঠন করেছেন। দুঃখের বিষয়, থানা কমিটিগুলি নিয়মিতভাবে বসে না। একমাত্র ঈদের সময়ে এবং দুর্গাপুজার সময় ছাড়া তারা বসে না। আমি অনুরোধ করবো, থানা কমিটিগুলি যাতে নিয়মিতভাবে বসে তার ব্যবস্থা আপনি করবেন। আমরা অনেক সময়ে গ্রাম-গঞ্জে বধূ নির্যাতনের ঘটনা ঘটছে দেখতে পাই। বধূ নির্যাতনের ঘটনা থানায় দায়ের করা যাচ্ছে না। দায়ের করতে গেলে নানাভাবে সেগুলিকে ফিরিয়ে দেওয়া হচ্ছে। বধূ নির্যাতিত হবে আর পুলিশ রিলাকট্যান্ট থাকবে, এটা হতে পারে না। এদিকে দেখার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আমাদের থানাগুলিতে লকআপের অবস্থা খারাপ। আমরা জানি, আমাদের আর্থিক অবস্থা খারাপ। কিন্তু এটাও তো ঠিক যে, আমাদের অনেক মানুষ অনেক সময়ে সেখানে আটক থাকে। দেখা যায়, পুলিশের সংখ্যা কম আছে, থানায় গাড়ি নেই। অনেক ক্ষেত্রে খোঁজ নেবার জন্য বললে ওরা বলেন যে গাড়ি নেই।

আমরা জানি, আমাদের আর্থিক অসুবিধা আছে, তবুও অনুরোধ করবো যাতে থানাগুলিকে স্বয়ংসম্পূর্ণ করা যায় সেদিকে আপনি দেখবেন। পরিশেষে আর একটু কথা বলি, একথা ঠিকই যে, আমাদের সমাজের বিভিন্ন অংশের মানুষ দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েছে। তার পিছনে নানা কারণ আছে—সামাজিক, অর্থনৈতিক অবস্থা এর সঙ্গে যুক্ত আছে, এই বিষয়ে সন্দেহের অবকাশ নেই। কিন্তু পুলিশের সঙ্গে সাধারণ মানুষের যেহেতু প্রত্যক্ষ সংযোগ প্রতিনিয়ত ঘটে থাকে, সে জন্য সমাজের ওই সমস্ত ঘটনাগুলোর জনমুখী প্রভাব পুলিশের মধ্যে বিস্তারলাভ করে। অনেক সময়ে আমরা দেখতে পাই, হাইওয়েগুলিতে গাড়ি থামিয়ে পুলিশ টাকা নেয়। একথাও ঠিক যে, কোনো কেস করতে গেলে টাকা চাওয়া হয়। এই ব্যাপারে যদি আমার কাছে প্রমাণ চান, দিতে পারবো না। তবে এগুলি ঘটে। আমরা জানি, এটা হঠাৎ করে দূর করা সম্ভব নয়। এটা সমাজের মধ্যে যাতে সংক্রামিত ব্যাধির মতো যাতে ছড়িয়ে না পড়তে পারে তা আপনি দেখবেন। শুধু সমালোচনা নয়, পুলিশ অনেক গুরুত্বপূর্ণ ভূমিকাও পালন করে থাকে। আমাদের রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার ক্ষেত্রে পুলিশের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। আমরা প্রাকৃতিক দুর্যোগে পুলিশকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে দেখি, এ বিষয়ে সন্দেহ নেই। পুলিশ মহিলাদের রক্ষা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তারা সামাজিক অনেক কাজে নিজেদেরকে যুক্ত রাখেন, এ বিষয়ে সন্দেহ নেই। যেহেতু আমরা বামফ্রন্ট সরকার দেশের মধ্যে একটা নজির সৃষ্টি করতে চাই, সেজন্য চেতনা বৃদ্ধির জন্য কাজ করবো না, এটা হতে পারে না। সেজন্য এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আবেদন করবো, পুলিশ যেন গণতান্ত্রিক আন্দোলনের পক্ষে দাঁড়ায়। এই সঙ্গে সঙ্গে আমি বিরোধী বন্ধুদের কাছেও আবেদন রাখবো, তাঁরা যেন শান্তির পরিবেশকে বজায় রাখতে তাঁদের হাত বাড়িয়ে দেন। গণতান্ত্রিক আন্দোলনের নামে তাঁরা যেন ইট পাটকেল না ছোঁড়েন। আমাদের এই আবেদন মাননীয় মুখ্যমন্ত্রী দেখবেন, সেই আবদেন জানিয়ে এবং বিরোধীদের কাট মোশনকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মইনুল হক : মাননীয় স্পিকার স্যার, আজকে আমাদের মাননীয় মন্ত্রী তথা স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে, বিরোধীদের আনা কাট মোশনকে সমর্থন করে আজকে যাঁরা বিতর্কে অংশগ্রহণ করেছেন, বিশেষ করে বিরোধী সদস্য বন্ধুরা যা বলছিলেন, সেই ১৯৭৭ সালের পর থেকে যতগুলি নির্বাচন হয়েছে, তারা তার ফিরিস্তি দিয়েছিলেন, কত শতাংশ আমাদের ভোট পড়েছে প্রতিটি নির্বাচনে। আজকে নিশ্চয় আমাদের বিরোধী বন্ধুরা জানেন যে গত পঞ্চায়েত নির্বাচনে সারা রাজ্যে ৬০২৭টি আসনে বিরোধীরা নাকি প্রার্থী দিতে পারেননি অর্থাৎ বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৬০২৭টি আসনে তাঁরা নির্বাচিত হয়েছেন। আমরা জানি আপনাদের রাজ্য কমিটির সম্পাদক উনি একটা টিভি সাক্ষাতকারে বলছিলেন, আমরা কি বিরোধীদের প্রার্থী ঠিক করে দেবো, কোথায় কোথায় কারা দাঁড়াবে। তাদের যদি সংগঠন না থাকে। আজকে নিশ্চয় আমাদের ভাবতে হবে, যখন বিশেষ করে গ্রামস্তরে যেখানে যেখানে আপনারা নির্বাচিত হয়েছেন অর্থাৎ

একদিকে পুলিশের মদত নিয়ে এবং কিছু সমাজবিরোধী আছে, যাদের মদত ছাড়া আপনারা একটাও নির্বাচনে যে লড়াই, সেই লড়াইতে জয়ী হতে পারবেন না। আজকে ৬০২৭টি আসনে জয় করার পরেও এই পঞ্চায়েত নির্বাচন যা ১১ই মে নির্বাচন হল, আমরা সেখানে লক্ষ্য করলাম নির্বাচনের দিন ২০ জন খুন হয়েছেন সমাজবিরোধীদের দ্বারা। কোথাও পুলিশ গুলি চালিয়েছে, এইভাবে নির্বাচনের দিন ২০ জনকে খুন হতে হয়েছে। আমার মনে হয়, পশ্চিমবাংলায় এর আগে বহু নির্বাচন হয়েছে, এই রকম রক্তক্ষয়ী নির্বাচন এর আগে দেখিনি। এরপরেও আপনারা হয়তো বলবেন, পুলিশ প্রশাসন নাকি স্বচ্ছ মুখ্যমন্ত্রী বলছেন স্বচ্ছ, নির্ভীক প্রশাসন উপহার দেবেন পশ্চিমবাংলার মানুষকে। লজ্জা করে আমাদের। মুর্শিদাবাদ জেলায় নির্বাচনের সময় থেকে শেষ হওয়া পর্যন্ত এক মাসে ১৩ জন খুন হয়েছেন। তারপরেও বলছেন মানুষ আপনাদের ভালোবাসছে। স্বতঃস্ফূর্তভাবে ভোট দিচ্ছেন। না স্বতঃস্ফূর্তভাবে ভোট দিচ্ছে না। আপনারা মানুষকে ভয় দেখিয়ে আজকে ভোট করাচ্ছেন। আজকে পঞ্চায়েতমন্ত্রীকে দেখলাম, এত জয় হওয়ার পরেও বিরোধীদের যাতে সুষ্ঠুভাবে সেই পঞ্চায়েত সমিতিগুলি পরিচালিত না করতে পারে, সেখানে আবার খবরদারী করার জন্য সরকারি দলের একজন করে প্রতিনিধি দেওয়া হবে। আর কত ক্ষমতা নেবেন, পুলিশ আছে আপনাদের জন্য, গ্রাম-গঞ্জে গুন্ডা তৈরি করে রেখেছেন আপনাদেরকে নির্বাচনে মদত দিতে, আর কত ক্ষমতা নেবেন। আজকে ভাবতে অবাক লাগছে।

[4.30—4.40 p.m.]

যেখানে বিরোধীরা একটু শক্তপোক্ত আছে, সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী এস.পি.-কে নির্দেশ দিচ্ছে যেভাবেই হোক সিটগুলো উদ্ধার করতে হবে। মুখ্যমন্ত্রী দলের একজন নেতা, তিনি জানেন ক্ষমতা কিভাবে দখল রাখতে হবে। এতগুলো জেলার মধ্যে দুটো জেলা, মালদহ এবং মুর্শিদাবাদ আপনাদের হাতছাড়া হয়ে যাওয়াতে আপনাদের হা-হুতাশ, আপনাদের খুব দুঃখ। মালদহ এবং মুর্শিদাবাদের জনগণ যে রায় দিয়েছে সেটা আপনারা মনপ্রাণ থেকে মেনে নিতে পারছেন না। মালদহ এবং মুর্শিদাবাদ সেই জন্য নির্বাচনের পরপরই আবার সন্ত্রাস শুরু হয়েছে। গত পরশু ডোমকলে একজন মন্ত্রীর এলাকা, যেটা পঁচিশ বছর পর আপনাদের হাতছাড়া হয়ে গেছে—সেখানে গুন্ডা লাগিয়ে ভাঙচুর করে, বোমাবাজি করে, লুঠতরাজ করা হচ্ছে পুলিশের সাহায্য নিয়ে। মান্নান সাহেব তার বক্তৃতায় বলেছেন, যারা খুনের আসামি, তাদেরকে আপনারা নির্বাচনে প্রার্থী করেছেন—কংগ্রেস বা অন্য দল করেনি তা নয়, কিন্তু আপনারা খুনের আসামিদের নির্লজ্জভাবে প্রার্থী করেছেন। আপনাদের নিশ্চয় মনে আছে, ১৯৯৫ সালে শেখদিঘী বলে একটা জায়গা, যেটা সাগরদিঘী গ্রামের মধ্যে পড়ে সেখানে একই পরিবারের তিনজনকে খুন করা হয়েছিল। সকাল আটটা থেকে সাড়ে নটার মধ্যে এই তিনজনকে খুন করা হয়েছে। একজনকে বাড়ি থেকে বেরোনোর সময় খুন করা হয়, একজনকে দোকানে গিয়ে খুন করা হয় এবং একজনকে বাস থেকে নামিয়ে খুন করা হয়। সেই খুনের যিনি প্রধান অভিযুক্ত, যে হাসুয়া নিয়ে প্রকাশ্য দিবালোকে হাজার হাজার মানুষের সামনে এই খুন করেছিল সেই হাতকাটা বুদ্ধুকে ১৯৯৮ সালের পঞ্চায়েত ইলেকশনে আপনারা নমিনেশন দিলেন এবং পরবর্তীকালে তাকে পঞ্চায়েত সমিতির

কর্মাধ্যক্ষ করা হয়। সেই খুনের কিনারা এখনো পর্যন্ত হয়নি, একজনও সেই ঘটনায় সাজা পায়নি। আপনাদের নিশ্চয় মনে আছে শান্তিপুরের ঘটনা, ১৯৮৬ সালে কৃষকরা যখন বিদ্যুতের দাবিতে জাতীয় সড়ক অবরোধ করেছিল, তখন পুলিশ সেখানে গুলি চালিয়ে কৃষকদের খুন করে। পরবর্তীকালে কালিয়াচকে তিনজন কুলিকে গুলি করে খুন করা হয়, তার কোনো বিচার হয়নি। তারপরে হরিহরপাড়ায় পুলিশ সাতজনকে গুলি করে খুন করে। সেই ক্ষতিগ্রস্ত পরিবারগুলো এখনো পর্যন্ত কোনো ক্ষতিপূরণ পায়নি। সেই দোষী পুলিশদের কোনো শাস্তি দেওয়া হয়নি। আর আপনারা বলবেন ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার অবস্থা খুব ভালো। এখানকার আইন-শৃঙ্খলার অবস্থা এত ভালো যে শিল্পমন্ত্রীকে শিল্পপতি খুঁজে বেড়াতে হচ্ছে। কেউ কর্ণপাত করছেন না। আজকে মুখ্যমন্ত্রী বলছেন রাস্তা জ্যাম করে সভা করা যাবে না, কথায় কথায় বন্ধ করা যাবে না, কোনো মিছিল করা যাবে না। কেন আজকে ২৬ বছর পর এই কথাটা বলতে হচ্ছে ? আমরা ২৬ বছর ধরেই বলছি—আপনারা ভুল পথে পরিচালিত করছেন। শ্রমিকদের নাম করে, ট্রেড ইউনিয়নের নাম করে পশ্চিমবাংলার শিল্পকে ধ্বংস করেছেন। তখন আমাদের কথা শোনেন নি, আজকে ভুল স্বীকার করছেন। আজকে আপনাদের মেনে নিতে হচ্ছে যে, ওই রাস্তা ঠিক নয়। তাই বলছেন—রাস্তা অবরোধ করা যাবে না, মিছিল করা যাবে না, সময়ের কাজ সময়ে করতে হবে। শিল্পমন্ত্রী যতই বলুন না কেন এখানে নতুন বাতাবরণ সৃষ্টি হয়েছে কথায় কথায় আন্দোলন, পুলিশের এই ভূমিকা, এতে শিল্পপতিরা আসবে না। বিরোধী দলের একজন সদস্য বললেন—উগ্রপন্থীদের স্বর্গরাজ্য হয়ে গেছে পশ্চিমবাংলা। স্বর্গরাজ্য না হলে কেন আজকে ঝাড়খন্ড, উড়িষ্যা, পাঞ্জাব, আসামের উগ্রপন্থীরা পশ্চিমবাংলায় এসে আশ্রয় নেবে ? পুলিশ তো কোনো খবরই রাখে না। থানার ও.সি. আমাকে বলছে—এম.এল.এ. সাহেব, ফরাক্কা ব্যারেজে খুব কুখ্যাত একজন লোক নাকি আশ্রয় নিয়েছে শুনলাম। সেই কথা শুনে আমি হাসলাম—হ্যাঁ, পুলিশ এরকমই খবর রাখে। আজগুবি খবরের পেছনে ছোটে। বেনিয়া গ্রামে একটা মাদ্রাসায় হামলা হয়ে গেল, পুলিশ রেড করল। কি ব্যাপার ? এখানে নাকি আই.এস.আই.-এর এজেন্ট আছে। আজকে এই রকম অবস্থা দাঁড়িয়েছে। আজকে আই.এস.আই.-এর নাম করে সংখ্যালঘুদের উপর এক শ্রেণির পুলিশ নির্যাতন চালাচ্ছে বলে আমরা মনে করি। সাগরদীঘি থানায় একজন মৌলবী সাহেবকে আই.এস.আই. এজেন্ট বলে অন্যায়ভাবে মারধোর করা হল, দিনের পর দিন লকআপে রাখা হল, এখনও মনে হয় জেলে আছে। তার বিরুদ্ধে কোনো অভিযোগ পাওয়া যায়নি। আজকে আপনারা পুলিশকে ভুল খবর দিয়ে ভালো লোকেদের শায়েস্তা করার ষড়যন্ত্র এই রাজ্যে করছেন। আজকে জঙ্গী সংগঠনগুলো এখানে তৈরি হচ্ছে, কামতাপুরী হোক, জনযুদ্ধ গোষ্ঠী হোক, যে নামই হোক না কেন। উত্তরবঙ্গকে আপনারা অবহেলা করেছেন। বহু বছর ক্ষমতায় থেকে বহু আশার আলো তাঁদের দেখিয়েছেন, স্বপ্ন দেখিয়েছেন। কিন্তু সেই স্বপ্ন তাঁদের পূরণ হয়নি, আজ তাঁরা বেলাইনে গেছে। এর মানে কি ? এর অর্থ কি, তাদের দমন করার নামে ভালো মানুষদের হয়রানি করবেন ? ঝাড়খন্ডের এক মহিলাকে উলঙ্গ করে রাস্তায় পেটানো হচ্ছে। এইগুলো কি আমরা মেনে

নেব ? আজকে এই সমস্ত সংগঠনকে বিচ্ছিন্নতাবাদী শক্তির নামে, উগ্রপন্থীদের নামে চিহ্নিত করা হচ্ছে। তাদের মূল স্রোতে ফিরিয়ে আনতে হবে। এটাই তো পুলিশ প্রশাসনের কাজ। এসব না করে তারা কি করছে ? এদের দমনের নাম করে, যারা আপনাদের দলের সমর্থক নয়, তাদের শায়েস্তা করার একটা ষড়যন্ত্র করছে।

[4.40—4.50 p.m.]

আজকে আমরা দেখছি পুলিশ কিছু ভালো কাজ করেছে। বন্যার সময়ে পুলিশ ভালো কাজ করেছে। একথা আমরা অস্বীকার করব না কিন্তু দিনের পর দিন পুলিশ যে কাজ করে যাচ্ছে এবং মুখ্যমন্ত্রী তিনি কিছু জানেন না,-বোঝেন না এ আমি মেনে নিতে পারব না। একজন শাসক দলের সদস্য বলছিলেন যে রাস্তার ধারে দাঁড়িয়ে পুলিশ ঘুষ খায়, পয়সা ওঠায়, মুখ্যমন্ত্রী তো বাই করে নর্থ বেঙ্গলে যান, মুর্শিদাবাদ যান তাঁর চোখে পড়ে না এসব জিনিস। আজকে আপনারা মদের লাইসেন্স দিয়েছেন। তারপর লাইসেন্স নিয়ে গ্রামে গ্রামে মদের আড্ডা বসিয়ে দেওয়া হয়েছে, মদের ঠেক করে দেওয়া হয়েছে এবং এদের কাছ থেকে পুলিশ মাসোহারা পাচ্ছে ৪০ হাজার, ৫০ হাজার, ৬০ হাজার। এইভাবে যুব সমাজকে অন্ধকারের পথে ঠেলে দেওয়া হচ্ছে পুলিশের মদতে। পুলিশ মন্ত্রী হিসেবে এটা আপনার দেখা দরকার। একজন ও.সি., এস.ডি.পি.ও. তাঁদের যে দায়িত্ব তাঁরা সেই দায়িত্ব পালন করেন না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবেশ দাশ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী দলের সদস্যদের গতানুগতিক বক্তব্য শুনছিলাম। গতানুগতিক কিছু বক্তব্য তারা রেখেছেন, কিছু বিচ্ছিন্নভাবে, কিছু বিক্ষিপ্তভাবে ঘটনার কথা তারা বলেছেন কিন্তু সামগ্রিক আলোচনায় তারা যাননি। কারণ তাঁরা জানেন যে সেই আলোচনা হলে তাঁদের মুখোশ খুলে যাবে, আমি মান্নান সাহেবের কথা শুনছিলাম, তিনি আমাদের উপদেশ দিচ্ছিলেন যে আমরা কাকে প্রার্থী করব। আমি মান্নান সাহেবকে স্মরণ করিয়ে দিতে চাই ১৯৯৬ সালে বিধানসভা নির্বাচনে মমতা ব্যানার্জী কংগ্রেসে ছিলেন। প্রকাশ্য দিবালোকে গলায় দড়ি দিতে গিয়েছিলেন সমাজবিরোধীদের কংগ্রেসের প্রার্থী করা হয়েছে বলে। কংগ্রেসের প্রার্থী করা হয়েছিল সমাজবিরোধীদের তার বিরুদ্ধে তিনি গলায় দড়ি দিতে গিয়েছিলেন। সেই ব্যক্তিরা আজও কংগ্রেসে আছেন। তাদের সম্বন্ধে মান্নান সাহেব কি ভাবছেন ? আমরা দেখেছি কংগ্রেস আমলে যারা কংগ্রেস কর্মী তারা খুন হয়েছেন। ১৯৯৪ সালে হাওড়ায় উৎপল ভৌমিককে খুন হতে হল। কংগ্রেস থেকে কংগ্রেস নেতাকে সাসপেন্ড করা হল। আমি জানি না সেই নেতা এখন কংগ্রেসে আছেন না তৃণমূলে আছেন। কিন্তু দুটো দলতো আপনারা নির্বাচনে একসঙ্গে লড়াই করেছিলেন গত বিধানসভা নির্বাচনে। কোনরকমভাবে যদি এ রকম ঘটে গেল যে কংগ্রেস বা তৃণমূল শাসক দলের আসনে ফিরে আসেন তাহলে তাদের জীবন নিরাপদ নয়, একথা জানে, যেখানে ১৯৭২-৭৭ সালে কংগ্রেসী এম.এল.এ.-দের কংগ্রেসের হাতে খুন হতে হয়েছিল। সে ক্ষেত্রে তারা একথা অন্তত মানে যে বামফ্রন্ট সরকার থাকলে নিজের দলের লোকের হাতে খুন

হতে হবে না। একজন সদস্য বললেন যে পুলিশ ঘুষ খাচ্ছে। সমগ্র দেশে যেখানে একটা করাপশনের বাতাবরণ সৃষ্টি হয়েছে, দিল্লি থেকে আমদানি হয়েছে। বহু দুর্নীতি হতে পারে। ব্যুরোক্রাসীর মধ্যে এগুলো আসতেই পারে। কিন্তু সামগ্রিকভাবে এই সংখ্যাটা পশ্চিমবাংলায় অনেক কম। এই সপ্তাহের ইন্ডিয়া টু ডে-তে দেখবেন যে সমস্ত আই.এ.এস. ব্যুরোক্রাটদের নাম বেরিয়েছে যারা বিভিন্ন কারণে টাকা ঘুষ খেয়েছে তার মধ্যে পশ্চিমবাংলার নাম নেই। এসবই পশ্চিমবঙ্গের বাইরের ঘটনা। একটা আধটা ঘটনা ঘটতে না পারে তা নয় কিন্তু পশ্চিমবঙ্গের সংস্কৃতি আলাদা, এর কালচার আলাদা। আরেকটা কথামনে করিয়ে দিতে চাই, ওরা বলছেন প্রার্থী দিতে পারছেন না, প্রাথী দেবেন কি করে। সুজাতা দাসের মতো ঘটনা যেখানে ঘটছে সেখানে কি করে প্রার্থী দেবেন। তৃণমূল কর্মীদের দ্বারা তৃণমূলের মেয়ে সুজাতা দাস ধর্ষিত হয়েছেন। সুজাতা দাসের পরিবারের ছেলেরা কেউ কি প্রার্থী হবেন ? তৃণমূল কর্মীদের দ্বারা তৃণমূল কর্মীদের বাড়িতে রাহাজানি হচ্ছে তাদের পরিবারের কেউ কি প্রাথী হবে ?

আপনারা বলেছেন ১০০ পারসেন্ট ভোট। না, মৃত মানুষের ভোট পড়েনি। আপনাদের পাঁশকুড়া উপনির্বাচনে মৃত মানুষের ভোট পড়েছিল। এখানে শিবদাস মুখার্জী মহাশয় বলেছেন মন্দির এবং মসজিদ যৌথভাবে যাতে না করতে পারে সেটা দেখার জন্য বলেছেন। ওঁনাকে আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, উনি আমার থেকে বয়সে অনেক বড়, কিন্তু নিশ্চয়ই তার স্মৃতি চলে যায়নি, আমি বলি তার দলের নেতা এখানে প্রকাশ্য দিবালোকে কর্পোরেশনের জমিতে একটা মন্দির গড়ছিলেন এবং তার ছবি খবরের কাগজে বেরিয়েছিল। আমি তাঁকে জিজ্ঞাসা করি তখন কি তিনি সেই নেতাকে এই জিনিস করতে বারণ করেছিলেন। তারপরে মাননীয় সদস্য অসিত মাল আইন-শৃঙ্খলার কথা বলতে গিয়ে বলেছেন এ রাজ্যে আইন-শৃঙ্খলার উন্নতি হয়নি, অবনতি হয়েছে। আমি তাঁকে বলব ন্যাশানাল ক্রাইম রেকর্ড ব্যুরো যে রিপোর্ট দেয় সেখান থেকে আমি বলছি তাহলে পশ্চিমবঙ্গের সঙ্গে অন্য রাজ্যের সিচুয়েশনটা বুঝতে পারবেন। শিবদাস মুখোপাধ্যায় ডাকাতির কথা বলেছেন, আমি বলছি ২০০০ সালে মহারাষ্ট্রে ডাকাতি হয়েছে ৫৫৩টি, উত্তরপ্রদেশে ৭২০টি, পশ্চিমবঙ্গে ৩৫৩টি, আর বড় বড় শহরের কথা যদি বলেন তাহলে ব্যাঙ্গালোরে ২৯, দিল্লি ৫১, কলকাতা ২৭, বোম্বে ৭৮। কেউ যদি ন্যাশানাল ক্রাইম রেকর্ড দেখতে চান দেখতে পাবেন লাইব্রেরীতে ১৯৯৯ সাল পর্যন্ত আছে, আর ওয়েবসাইডে ২০০০ সাল পর্যন্ত আছে। রাজস্থানে, জম্মু-কাশ্মীর এবং আসাম এইগুলি হচ্ছে মোর ভায়লেন্স স্টেট, আর পশ্চিমবঙ্গ, পাঞ্জাব এবং সিকিম হচ্ছে লো ভায়োলেন্স স্টেট। এবারে পুলিশের সংখ্যাটা বলি প্রতি হাজারে পাঞ্জাবে ৩.০ জন পুলিশ, সিকিমে ৭.৩ জন পুলিশ, পশ্চিমবঙ্গে ১.১ জন পুলিশ। এতদসত্ত্বেও ১৯৯৯-২০০০ সালে ইনক্রিজ ইন সেকসুয়াল হ্যারাসমেন্ট ৬৩০০ পারসেন্ট। ব্যাঙ্গালোর বিখ্যাত হয়েছে সমস্ত চিটিং কেসে সমস্ত দেশের মধ্যে। ব্যাঙ্গালোরে ৫৩ পারসেন্ট, উত্তরপ্রদেশে মার্ডার সবচেয়ে বেশি ২০.৭ পারসেন্ট, আর ক্রাইম এগেনস্ট ও'মেন, টোটাল ক্রাইমের ১৪ পারসেন্ট উত্তরপ্রদেশে, রাজস্থানে ২৪

পারসেন্ট, এরা সব ক্ষেত্রেই প্রথম হয়েছে। আর আমরা পিছিয়ে যাচ্ছি, আমরা নেমে যাচ্ছি। আমরা এগোচ্ছি সাক্ষরতায়, খাদ্য-শস্য উৎপাদনে, শিল্পোৎপাদনে, আর আমরা পিছিয়ে যাচ্ছি নিরক্ষরতায় এবং ক্রাইমে। ক্রাইম এগেনস্ট সিডিউল কাস্ট উত্তরপ্রদেশ ২৮ পারসেন্ট, মধ্যপ্রদেশ ৪৪ পারসেন্ট, সেখানে পশ্চিমবঙ্গ ০ পারসেন্ট। আমরা যদি কগনিজেবল ক্রাইমের কথা ভাবি তাহলে দেখব অন্ধ্রপ্রদেশে হয়েছে ১,৩২,৯১৫টা, রাজস্থানে ১,৫১,২৪৮টা, পশ্চিমবঙ্গে ৫৬,৯৩২টা, গুজরাটে ৮০,৭৭২টা, মধ্যপ্রদেশে ১,৮৭,৭৬৩টা, কর্নাটকে ১,১৩,৬৭৩টা। ২০০০-০২ সালে অন্ধ্রপ্রদেশে একজন বিধায়ক বললেন ক্রাইম বাড়ছে অন্ধ্রপ্রদেশে ৯.৬ পারসেন্ট, কর্নাটকে ৩.৯ পারসেন্ট ইনক্রিজ করেছে, পশ্চিমবঙ্গে ১৩.৫ পারসেন্ট ডিক্রিজ করেছে। আমরা যদি শহরগুলির ক্রাইম দেখি তাহলে দেখব ২০০০-০১ সালে দিল্লিতে ইনক্রিজ করেছে ৫.৯ পারসেন্ট, কলকাতায় ৭.৮ পারসেন্ট ডিক্রিজ করেছে। আমি আরও বলতে চাই যদি আমরা সংখ্যার হিসাবে ধরি তাহলে প্রতি লক্ষতে কত ক্রাইম হচ্ছে, অন্ধ্রপ্রদেশে হচ্ছে ১৫৯.৯ পারসেন্ট।

[4.50—5.00 p.m.]

গুজরাটে ২৩৮.৯, কর্ণাটকে ২০৯.২, রাজস্থানে ২৯৮.৮, দিল্লিতে ৩৯৯.০। কিন্তু পশ্চিমবঙ্গে ৮৩.০। ক্রাইমের যে রেকর্ড আছে তাতে মোট ২৫টা রাজ্য এবং ৭টা ইউনিয়ন টেরিটোরি অর্থাৎ মোট ৩২টার মধ্যে আমাদের অবস্থান ২৮-এ। আমরা এক্ষেত্রে পিছিয়ে পড়েছি। আরো পিছিয়ে যেতে চাই।

শহরে ক্রাইমের হিসাব যদি দেখেন তাহলে দেখবেন আমেদাবাদ ৩৩০.৫, বাঙ্গালোর ৪৭৬.৪, দিল্লি ৪২৫.৬, মুম্বাই ১৫৬.৩। কিন্তু কলকাতা ৯৯.৪। মোট ২৩টা শহরের মধ্যে আমরা ক্রমশ পিছিয়ে যাচ্ছি, আমাদের অবস্থান ২১ নম্বরে।

যদি মহিলাদের বিরুদ্ধে অত্যাচারের কথা বলেন তাহলে দেখা যাবে মধ্যপ্রদেশে ২০০০ সালে রেপের ঘটনা ঘটেছে পার লাখে ৩৭৩৭ অর্থাৎ ৪.৭ পারসেন্ট, রাজস্থানে পার লাখে ১২৪২ ঘটনা ঘটেছে। অর্থাৎ ২.৩ পারসেন্ট। মহারাষ্ট্রে পার লাখে রেপের ঘটনা ঘটেছে ১৩১০। অর্থাৎ ১.৪ পারসেন্ট। পশ্চিমবঙ্গে এই সময়ে পার লাখে রেপের ঘটনা ঘটেছে ৮১৪ অর্থাৎ ১.০ পারসেন্ট। আমরা মনে করি এর চেয়েও কম হওয়া উচিত।

এবারে ইভটিজিং-এর সম্বন্ধে বলছি। অন্ধ্রপ্রদেশ ২২৮০, গুজরাট ১১৯০, মধ্যপ্রদেশ ৮৯০, রাজস্থান ৯৩০, তামিলনাড়ু ২১৬৭। পশ্চিমবঙ্গে মাত্র ৫৫টা রেপ হয়েছে পার লাখে। পাঞ্জাব একটা লেস ভায়োলেন্স স্টেট। তার ক্ষেত্রে দেখা যাচ্ছে হিসাবটা ১.৪ পারসেন্ট।

এবারে আমি শহরে ক্রাইম এগেইনস্ট উইমেন সম্বন্ধে হিসাব দিচ্ছি। আমেদাবাদ ৫১০টা ঘটনা ঘটেছে বিভিন্ন সময়ে। ব্যাঙ্গালোর ১২৫৫, দিল্লি ৩৭৪, হায়দ্রাবাদ ৫০, জয়পুর ৩৫, কানপুর ৪৮, মুম্বাই ১২৪, কলকাতা ৩৫। ইভটিজিং পশ্চিমবঙ্গে সবচেয়ে কম। যদি শহরের ধরেন তাহলে ব্যাঙ্গালোর ৪১, চেন্নাই ৪৯, দিল্লি ১১০, কলকাতা ৪৬।

পুলিশের কাছে যারা রিপোর্ট করেছে এটা তাদের হিসাবে। কিন্তু অনেক সময় মহিলারা নির্যাতিত হয়েও পুলিশের কাছে রিপোর্ট করে না আমরা যদি নভেম্বর মাসে হিন্দুস্থান টাইমস মহিলাদের সম্বন্ধে যে সমীক্ষা করেছিল তার হিসাব দেখি তাহলে দেখা যাবে ৭২ শতাংশ সেকসুয়ালি হ্যারাসড, ১৮ শতাংশ হ্যারাসড নেয়ারলি এভরিডে, ১৬ শতাংশ সেকসুয়ালি মোলেস্টেড, ৭০ শতাংশ নট এনাফ ডান বাই দিল্লি পুলিশ। দিল্লি পুলিশের কাছে কোনো বিচার পাওয়া যায় না। সেই তুলনায় পশ্চিমবঙ্গের মহিলারা অনেক বেশি নিরাপদ।

ক্রাইম এগেইনস্ট এস.সি.-র ক্ষেত্রে ২০০০ সালের হিসাব নিলে দেখা যাবে অন্ধ্রপ্রদেশে এই রকম ঘটনা ঘটেছে ১৫৮২টা। তার মধ্যে খুন হয়েছে ২৯টা ক্ষেত্রে, রেপ ৫৩ জন। গুজরাটে ঘটেছে ১৩৩২টা ঘটনা, খুন হয়েছে ২২ জন, রেপ ১৫ জন। কর্ণাটকে ১৩২৯টা ঘটনা ঘটেছে, খুন হয়েছে ১১ জন, রেপ ১৬। মধ্যপ্রদেশে ঘটনার সংখ্যা ৪৬৩১টা, খুন ৪৫ জন, রেপ ২৮৯ জন। মহারাষ্ট্রে এই রকম ঘটনা ঘটেছে ৪৮৯টা। পশ্চিমবঙ্গে এই অবস্থা শূন্য। এস.টি.-দের ক্ষেত্রে এই তথ্য আমি দিতে পারতাম কিন্তু তা দিয়ে আমি আর আপনাদের বিড়ম্বনা বাড়াতে চাই না। পুলিশ আমাদের এখানে কাজ করছে কি করছে না সেটা বোঝা যাবে যদি একটা হিসাব দেখি। আমাদের এখানে যে কেস হয় তার ১.৫৬ পারসেন্ট এরেস্ট হচ্ছে। তামিলনাড়ুতে এই সংখ্যা ১.৩৮, দিল্লিতে তো গ্রেপ্তার করা হয় না, সেখানে এই সংখ্যা হচ্ছে ০.৮১। রাজস্থানে এই সংখ্যা হচ্ছে ১.৩৩, কর্ণাটকে ১.৩৯, মহারাষ্ট্রে ১.৪৩।

প্রশ্নটা হচ্ছে পুলিশ নিরপেক্ষ হয়ে কাজ করছে কি করছে না ? মুর্শিদাবাদে আমাদের দলের লোক সবচেয়ে বেশি খুন হয়েছে, সবচেয়ে বেশি আহত হয়েছে। সবচেয়ে বেশি গ্রেপ্তার হয়েছে আমাদের দলের লোক। সেখানে দাঁড়িয়ে পুলিশ নিরপেক্ষ কাজ করছে না—একথা বলা যায় না। আমরা সব কিছুতে এগোচ্ছি, আমাদের রেকর্ড বলছে আমরা এগোচ্ছি। হ্যাঁ, আমরা নিরক্ষরতার ক্ষেত্রে পিছিয়ে আছি, ক্রাইমের ক্ষেত্রে পিছিয়ে আছি। বিরোধী দলের এম.এল.এ.-রা এইসব কথা নিশ্চয়ই মনে মনে স্বীকার করবেন। আপনারা কলকাতা কর্পোরেশনে নিজেদের মধ্যে মারামারি কোন চূড়ান্ত জায়গায় নিয়ে গিয়েছেন সেই বিষয়টা ভাবুন। বিকাশ বসুকে কারা খুন করেছিল ? উৎপল ভৌমিককে কারা খুন করেছিল ? এগুলো ভাবুন। আপনাদের অনুরোধ করব যে, আপনারা কাট মোশনগুলো তুলে নিয়ে এই প্রস্তাবকে সমর্থন করুন। পশ্চিমবঙ্গ এগোক। পশ্চিমবঙ্গকে যাতে একটা উদাহরণ হিসেবে তুলতে পারি তার জন্য এই সমস্ত কাটমোশনগুলোকে বিরোধিতা করে এবং এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমরা যে কাটমোশনগুলো দিয়েছি সেই কাটমোশনগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমি প্রথমেই

বলি যে, রাজ্য সরকারের বিভিন্ন বাজেটে আর্থিক সংকুলানের অভাবে স্বাস্থ্য, শিক্ষাখাতে বরাদ্দ কমানো হয়েছে। গতকাল স্বাস্থ্য বাজেটে ছিল, সেখানে ২৩৪ কোটি টাকা বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। কিন্তু পুলিশ বাজেট আমরা দেখছি গতবারের তুলনায় ২২৪ কোটি টাকা বেড়েছে। প্রতি বছর পুলিশ বাজেট বাড়ছে। কিন্তু ইনসিডেন্ট অফ ক্রাইম, সমাজবিরোধী কার্যকলাপ কমছে না। সেগুলো বাড়ছে। খুন, ধর্ষণ, নারী নির্যাতন, ডাকাতি, রাহাজানি ক্রমাগত বাড়ছে এবং ভয়াবহ রূপ নিয়েছে। এগুলো এমন একটা পর্যায়ে এসেছে যে, স্বয়ং স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে বলতে হয়েছে যে, আজকে ২৬ বছর ক্ষমতায় থেকে শাসক দলের মধ্যে ব্যাপকভাবে সমাজবিরোধী ঢুকে গেছে। বাস্তবে ইনসিডেন্ট অফ ক্রাইম কমবে কি করে ? আজকে এখানে রাজনৈতিক দলের পৃষ্ঠপোষকতায় খুন, নানারকম সমাজবিরোধী কার্যকলাপ ঘটে চলেছে। তার ফলে এসব জিনিস কমতে পারে না। এখানে পুলিশ বাজেটে বরাদ্দ বেড়েছে। প্র্যাকটিক্যালি একটা কোয়ারসিভ ইন্সট্রুমেন্ট হিসেবে আন্দোলন দমনের হাতিয়ার হিসেবে পুলিশ ব্যবস্থাকে সরকার কাজে লাগানোর চেষ্টা করছেন। কারণ আজকে বিশ্বায়নের সঙ্গে তাল মিলিয়ে, অন্যান্য দক্ষিণপন্থী সরকারগুলোর সঙ্গে তার মিলিয়ে সরকারকে জনবিরোধী যে পদক্ষেপ গুলো নিতে হচ্ছে—বামপন্থী লেভেলেও। তার ফলে আজকে দেখা যাচ্ছে গণআন্দোলন দমনে পুলিশকে তাদের ব্যবহার করতে হচ্ছে। যদিও ভাষার তারতম্য আছে। কিন্তু আমরা দেখছি সর্বক্ষেত্রে আজকের আন্দোলনকে বলা হচ্ছে বিশৃঙ্খলা। এই বিদ্যুৎ বিল বয়কট হয়েছে। সি.পি.এম. দলের রাজ্য সম্পাদক মহাশয় বললেন, 'আমরা তো বিদ্যুৎ বিলের বিরোধিতা করেছি। ২০০৩, বিদ্যুৎ বিল নিয়ে দিল্লিতে আন্দোলনের নামে যে জিনিস করা হয়েছে সেটা সঠিক নয়।' তিনি এভাবে বলেছেন। হ্যাঁ, তাঁরা লোকসভায় ২০০৩-এর বিদ্যুৎ বিল নিয়ে বিরোধিতা করেছেন। কিন্তু বিদ্যুৎ বিল যাতে কার্যকরী না হয় তার জন্য দেশের অভ্যন্তরে ব্যাপক গণ-আন্দোলন সৃষ্টি করে, এই আইনটা যাতে কার্যকরী না হয় তার জন্য কোনো আন্দোলন গড়ে তোলার কর্মসূচি তাঁরা নেননি।

[5.00—5.10 p.m.]

তারা লোকসভায় বিরোধিতা করেছেন। কিন্তু আমরা কি দেখেছি, আমরা দেখেছি এই পশ্চিমবঙ্গে ৫০-এর দশকে, ৬০-এর দশকে যখন কংগ্রেস সরকারের যে সমস্ত জনবিরোধী নীতিগুলির বিরুদ্ধে কিভাবে পশ্চিমবাংলার সাধারণ মানুষ তারা তার বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলেছিলেন। সেই ৫৩ সালে ট্রাম ভাড়া বৃদ্ধি আন্দোলন, ৫৬ সালে ওই বঙ্গ-বিহার সংযুক্তি বিরোধী আন্দোলন। ৫৯ সালে খাদ্য আন্দোলন, ৬৬ সালে খাদ্য আন্দোলন, এমনকি ৬৮ সালে যখন প্রথম যুক্তফ্রন্ট সরকার ভেঙে দেওয়া হয়েছিল তার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের সেই জনবিরোধী পদক্ষেপের বিরুদ্ধে যে আন্দোলন পশ্চিমবঙ্গের বুকে গড়ে তুলেছিলেন সেই আন্দোলন-এর যে তেজ ছিল শক্তি ছিল সেদিন পশ্চিমবঙ্গের জনগণ সেই আন্দোলনকে সাধুবাদ জানিয়েছিল। অন্যায়ের উপর অত্যাচারের উপর, জুলুমের উপর সেই আন্দোলন জনগণের চোখে ছিল প্রগতিশীল। যদিও সেদিন মালিক শ্রেণির যারা প্রতিভূ

ছিলেন কংগ্রেস সরকার, তারা কি বলেছিলেন—অগণতান্ত্রিক। অশান্তি সৃষ্টি করা হচ্ছে, বিশৃঙ্খলা সৃষ্টি করা হচ্ছে। আমরা দেখতে পেয়েছি যে, পশ্চিমবঙ্গের সি.পি.এম. ফ্রন্ট সরকার, তারা বলেছেন যে আন্দোলন গণতান্ত্রিক হবে, কিন্তু আন্দোলনের পদ্ধতিও গণতান্ত্রিক হওয়া চাই। মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন গণতান্ত্রিক হওয়া চাই। মিটিং হলে মিটিংয়ের দিনক্ষণ, স্থান এগুলির সুনির্দিষ্ট করে দিতে হবে, মিটিং মিছিল যত্রতত্র করা যাবে অবরোধ চলবে না। এবং ঘেরাওতো চলবেই না। এইসব কথা আজকে বলা হচ্ছে। বিষয়টা হচ্ছে যে, আন্দোলন সেটা গণতান্ত্রিক হবে কি হবে না, এটা নির্ভর করছে আন্দোলন কি রূপ নেবে এটা নির্ভর করছে সরকারের ভূমিকার উপর। জনগণের ন্যায়সঙ্গত দাবি—আজকে বেকার সমস্যা, খাদ্য সমস্যা, মূল্যবৃদ্ধির সমস্যা—ছাঁটাইয়ের সমস্যা। এই সমস্ত সমস্যায় জর্জরিত মানুষ যারা অসহায়, তারা তাদের সেই আন্দোলনের ন্যায্য দাম পাচ্ছে না। শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা কেটে নিচ্ছে, আত্মসাৎ করছে, মজুরি পাচ্ছে না, ছাঁটাই হচ্ছে। ফলে তার বিরুদ্ধে শ্রমিক-কর্মচারীরা অসহায়, মানুষেরা, খেটে-খাওয়া মানুষেরা এই সমস্ত তাদের জীবনের উপর—জীবন জীবিকার উপর একটা আক্রমণ নেমে আসছে তার বিরুদ্ধে প্রতিবাদ করতে হবে, আন্দোলন করতে হবে। ফলে এগুলি আসলে এইভাবে গণতান্ত্রিক আন্দোলন, গণতান্ত্রিক পদ্ধতিতে আন্দোলন করতে হবে এগুলি বলে গণতান্ত্রিকের নাম করে একটা বিশৃঙ্খলা সৃষ্টি করা হচ্ছে, এইসব বলে আজকে আসলে আন্দোলনকে দমন করবার জন্য হুমকি দেওয়া হচ্ছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমরা দেখেছি ব্রিটিশ আমলেও এইভাবে ব্রিটিশ সরকার, কংগ্রেসও অতীতে এই কথা বলেছিল স্বাধীনতার স্বদেশী আন্দোলনের যুগে স্বাধীনতার যে মূল উদ্দেশ্য, স্বাধীনতার যে লক্ষ্য, সেটাকে গৌণ করে রেখে আন্দোলনের পদ্ধতি, এইজন্য ক্ষুদিরাম, ভগৎ সিং, বাঘাযতীন, এদের এবং মাস্টার সূর্য সেন যারা বিপ্লবী, তাদেরকে বলা হত, আন্দোলনের শত্রু, দেশের শত্রু যা ব্রিটিশ সরকার বলত, সন্ত্রাসবাদীরা বলত। কিন্তু, কখনও দেশের মানুষ তাদের এই দৃষ্টিতে দেখেনি। শরৎবাবু, সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তিনি বলেছিলেন—যে শাসক দল তারা আমাদের কনসেন্স। আমাদের তারা অভিভাবক হবে। তারা আমাদের বাঁধা দেবে কিভাবে আন্দোলন করতে হবে ? আর তাদের নিয়ম মেনে আমাদের আন্দোলন করতে হবে ? ফলে শাসক শোষিতের এই নৈতিকতা যদি দূর হয়ে যায় তাহলে দেশের জাতির পক্ষে অত্যন্ত দুর্ভাগ্যজনক। শরৎবাবু বলেছিলেন। ফলে আজকে এগুলো অত্যন্ত গুরুতর বিষয়, যেগুলি বিচার করে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে দেখতে পেয়েছি যে, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন আইন-শৃঙ্খলার মরূদ্যান। কিন্তু এখানে আমরা কি দেখতে পাচ্ছি—যে নারী নির্যাতন যেভাবে হচ্ছে, সকলেই বলেছেন যে ধানতলা, ঘোকসাডাঙা থেকে যেভাবে নারী নির্যাতন হচ্ছে। এটা অত্যন্ত বেদনাদায়ক অত্যন্ত উদ্বেগজনক এবং এই যে নারী নির্যাতন হচ্ছে সেখানে যারা নেতৃত্বে আছেন সেই দায়িত্বশীল শাসক দলের পক্ষ থেকে ধর্ষণকারীর চরিত্র সম্পর্কে কটাক্ষ করা হয়। আপনি বললেন, 'হ্যাঁ, এখানে নারীধর্ষণ হচ্ছে, নারী নির্যাতন হচ্ছে ; কিন্তু অন্য রাজ্যের তুলনায় কম।' এইসব কথা বলে নারী নির্যাতনের

মতো অপরাধমূলক কার্যকলাপকে হাল্কা করে দেখাবার চেষ্টা করা হচ্ছে। কমই হোক, আর বেশিই হোক, প্রশ্নটা হচ্ছে কেন হবে ? এটই বড় প্রশ্ন। নারী নির্যাটন, নারী ধর্ষণ ভারতবর্ষের সর্বত্রই হচ্ছে, কিন্তু পশ্চিমবাংলা এটা আর একটা নতুন বৈশিষ্ট্য পেয়েছে, নারী ধর্ষণ রাজনৈতিক চরিত্রলাভ করেছে। সি.পি.এম. রাজনৈতিকভাবে নারী ধর্ষণ চালু করেছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আমি আপনাকে অত্যন্ত বেদনার সঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই যে, মধ্যযুগীয় সামন্ত প্রভুরা প্রতিপক্ষকে জব্দ করার জন্য তাদের সন্ত্রীদের ইজ্জতহানি করত। আজকে প্রতিপক্ষকে জব্দ করার জন্য পশ্চিমবাংলায় নারী ধর্ষণ হচ্ছে। এই রাজনৈতিক নারী ধর্ষণ অত্যন্ত গভীর উদ্বেগজনক, বেদনাদায়ক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আইন-শৃঙ্খলার কথা বলা হচ্ছে। রাজ্যে সম্প্রতি পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল, এই নির্বাচনে ৮১ জন মানুষ মারা গেল, খুন হল। কি অবস্থা, রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি কোথায় দাঁড়িয়ে আছে ! গত ১১ই মে পঞ্চায়েত নির্বাচন হল। পঞ্চায়েত নির্বাচনের প্রাক্‌কালে আমি ২৯শে এপ্রিল মাননীয় মুখ্যমন্ত্রীকে উদ্বেগ প্রকাশ করে চিঠি দিয়েছিলাম। আমি বলেছিলাম পঞ্চায়েত নির্বাচনের প্রাক্‌কালে দক্ষিণ ২৪ পরগনা জেলার মথুরাপুর, জয়নগর, কুলতলি প্রভৃতি এলাকায় একের পর এক খুনের ঘটনা ঘটছে, রাজ্যের ক্ষমতাসীন দলের বিপক্ষের প্রার্থীদের এবং কর্মীদের ওপর আক্রমণ হচ্ছে, লুঠ-তরাজ হচ্ছে। আমি আশঙ্কা প্রকাশ করে বলেছিলাম—অবাধ শান্তিপূর্ণ নির্বাচনের স্বার্থে সঠিক পদক্ষেপ নিয়ে সুষ্ঠুভাবে যাতে নির্বাচন অনুষ্ঠিত হতে পারে তার জন্য সবরকম প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক। ২৯ তারিখ আমি মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছিলাম। এটা নিশ্চয়ই তাঁর স্মরণে আছে। আমি সেই চিঠির কপি দেখাতে পারি। তিনি পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছিলেন। আমি সেনসিটিভ বুথগুলির কথা বলেছিলাম। কুলতলির বৈকুণ্ঠপুর অঞ্চলের ১৭টা বুথে ১৪ বছর ধরে আমাদের ভোট করতে দেওয়া হয়নি। আমাদের এজেন্টকে বসতে দেওয়া হয়নি, ওখানে সব সময় ছাপ্পা ভোট হয়। আমি বলেছিলাম সেনসিটিভ বুথগুলির ক্ষেত্রে যেন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা এবং পুলিশী ব্যবস্থা করা হয়। মুখ্যমন্ত্রীর জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন খাতে বাজেটের আলোচনায় অংশগ্রহণ করে আমি এ বিষয়টা তাঁকে বলেছিলাম। আমি আজকে আবার বলছি—সেদিন আমি অফিসিয়াল ডকুমেন্ট দেখিয়েছি, সবরকম আশ্বাস দেওয়া সত্ত্বেও ভোটের দিন দেখা গেল ওই ১৭টা বুথে, যে বুথগুলি 'সি' ক্যাটাগরির বুথ, সেখানে কেবলমাত্র লাঠিধারী হোমগার্ড রেখে ছাপ্পা ভোট হল। সেখানে ভোটের ফল কি হল ? সি.পি.এম. সেখানে ভোট পেল ১০ হাজার থেকে ১১ হাজার, আর আমরা পেলাম মাত্র ৭১৭টি ভোট। সমস্ত জায়গায় ছাপ্পা ভোট হল। ১৪ বছর ধরে এইভাবে মহিপীঠে ভোট হয়েছে, পুলিশ নিষ্ক্রিয় থেকেছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আমি শুনেছি আপনি খোঁজ-খবর নেবার কথা বলেছেন। ২৯ তারিখ আপনাকে চিঠি দেওয়ার পরে ৮ই মে কুলতলির মেরিগঞ্জের নির্বাচনী জনসভায় আমাদের এম.এল.এ. প্রবোধ পুরকাইত যখন অ্যাড্রেস করতে উঠবেন তখন সেখানে গুলি চালানো হল। সাহাবুদ্দিন খান নামে আমাদের একজন তরতাজা ২০ বছরের তরুণ কর্মী

খুন হলেন সি.পি.এম.-এর দুষ্কৃতীদের গুলিতে। জয়নগর এক নম্বর ব্লকের রাজপুরে আমাদের দু-জন মহিলা কর্মী মর্জিনা বিবি এবং মদিনা বিবিকে সি.পি.এম.-এর দুষ্কৃতিরা গুলি করে খুন করল। আমাদের তিনজন কর্মী মারা গেলেন, কিন্তু সে সম্বন্ধে কোনো পদক্ষেপই নেওয়া হল না !

[5.10—5.20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাইছি, এইভাবে একটার পর একটা খুনের ঘটনা ঘটে যাচ্ছে। আজ সকালবেলায় প্রশ্নোত্তর পর্বে মাননীয় মুখ্যমন্ত্রী যে উত্তর দিচ্ছিলেন তাতে আমি বলেছিলাম, এখনো আসামী ঘুরে বেড়াচ্ছে, চার্জশিট হয়ে গেছে, কিন্তু এখনো ট্রায়াল হচ্ছে না। এই রকম ঘটনা একটার পর একটা ঘটছে। গত ১ অক্টোবর ২০০২, আপনারা সবাই জানেন, কুলতলির নলগড়ায় আমাদের দলের পার্টি অফিসে আমাদের কর্মীরা পড়াশুনা করছিল, সেই সময়ে অতর্কিতে সি.পি.আই.এম.-এর দুষ্কৃতিরা পার্টি অফিসে আক্রমণ করলো। ফলে অশোক হালদার, ৪০ বছরের যুব নেতা ওই জেলার এবং আমাদের পার্টি কর্মী খুন হলো এবং মোসলেম মিস্ত্রিও খুন হল এবং আরো অনেকে আহত হলো। অক্টোবর, ২০০২ থেকে আজকে জুলাই, ২০০৩ সাল, এই ৯ মাস অতিক্রান্ত হতে চলেছে, যাদের চার্জশিট হয়ে গেছে, এফ.আই.আরে যাদের নাম অ্যাকিউজড তারা আজকে ছাড়া পেয়ে গেছে। এই যে ৫/৬ জনকে ছেড়ে দেওয়া হয়েছে এদের বিরুদ্ধে আমি হোম সেক্রেটারির কাছে রিপোর্ট দিয়েছি। এখানে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। ধরা পড়ার পর কি করে তারা ছাড়া পায় ? আজকে পুলিশ প্রশাসন কিভাবে চলছে ? ১৯৯৭ সালের ঘটনার কথা আপনাদের স্মরণে আছে, ২৫ মার্চ ওই কুলতলির দেবীপুরের ভুবনেশ্বরীতে আমাদের দলের ৫ জন কর্মীকে নৃশংসভাবে খুন করা হয়েছিল। তাদেরকে খুঁজে পাওয়া যাচ্ছিলো না, তাদেরকে বস্তায় পুরে ওই ঠাকুরানী নদীতে পাথর চাপিয়ে ফেলে দেওয়া হয়েছিল। ওই ৫টি ডেড-বডি যখন ভেসে ওঠে তখন গোটা পশ্চিমবাংলা তোলপাড় হয়ে যায়। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন, একজনও খুনের আসামীকে ছাড়া হবে না। অত্যন্ত অদ্ভুত ঘটনা, ১৯৯৭ সালে যে ৫ জনকে নৃশংসভাবে খুন করা হল সেই পঞ্চশহিদের যারা হত্যাকারী তাদের মধ্যে ৩৬ জন কোর্টে বেল নিয়েছে আর ৩৭ থেকে ৫১ জন অ্যাবস্কনডার। এখনো পর্যন্ত তার অ্যাবস্কনডার। অদ্ভুত ঘটনা, সেই সমস্ত অ্যাবস্কনডাররা আজকে পুলিশ ক্যাম্পে বসে গত ২৮ এপ্রিল ওই ভুবনেশ্বরীর ঘটনায় যে সমস্ত ক্রিমিন্যালরা জড়িত, যারা পঞ্চশহিদের খুনের আসামী তাদের সঙ্গে দহরম-মহরম করছে। আমি সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষের নজরে এনেছি, কিন্তু এখনো পর্যন্ত এর কোনো বিহিত ব্যবস্থা হয়নি। তাই বলছিলাম, এইভাবে একটার পর একটা খুনের ঘটনা ঘটছে যার কোনো কিনারা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিউম্যান রাইটস কমিশনর রিপোর্ট আমরা খুব লেটে পেয়েছি। এর মধ্যে যতটুকু দেখেছি বলছি, কগনিজেবল অফেন্স সম্পর্কে হিউম্যান রাইটস কমিশন বলেছে, এই সংখ্যাটা কমিয়ে দেখানো হচ্ছে। আমরা অবশ্য অনেকদিন ধরেই এই অভিযোগ করে আসছি। কমিশনের রিপোর্টে বলছে, থানায় কগনিজেবল অফেন্সের সংখ্যাটা কমিয়ে

দেওয়া হয় কর্তৃপক্ষকে খুশি করার জন্য। এই কগনিজেবল অফেন্স এটা একটা এসেনসিয়াল বিষয়, কিন্তু এটা জিডিতে এনট্রি করা হয় না। ক্রিমিন্যালদের ধরার ক্ষেত্রে আপনি হিউম্যান রাইটস কমিশনের রিপোর্টের ৭ পাতায় দেখবেন সেখানে বলেছেন, "In many cases this Commission noted with dismay the tardiness of the investigating officer in sending some of the vital alamats or material exhibits involved in the crime or even the viscera of the victim to the crime for chemical examination to the Forensic State Laboratory." ফলে আই.ও.অ্যাকচুয়াল ক্রিমিনালদের ধরার ক্ষেত্রে যেখানে সাহায্য করবে, সেখানে তা না করে ক্রিমিনালরা যাতে ছাড়া পেয়ে যায় সেইদিকেই তাদের কার্যকলাপ। এরপর আমি আসছি ট্রাফিকিং ইন ও'মেন অ্যান্ড চিলড্রেন সম্পর্কে। সেখানে বলছেন, Trafficking in women and children emphasizes serious human rights dimensions of the problem and there is the necessity to avolve human rights based approaches in dealing with the said problem. The girl child in the poverty stricken families are mostly trafficked out in the shape of fake marriages and sent outside West Bengal, and are ultimately sold out in the flash trade, where adequate preventive measures could not be taken in the present infrastructure. দেহ বিক্রি করতে বাধ্য হয়, সেখানে সরকার কোনো প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারেনি, এই কথা বলে বাজেটের বিরোধিতা করে, আমার কাট মোশনগুলি সমর্থন করে এবং স্যার, আপনাকে ধন্যবাদ দিয়ে শেষ করছি।

শ্রী সুনির্মল পাইক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজ সভায় যে বাজেট উত্থাপন করেছেন আমি তা সমর্থন করে প্রথমেই তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যাবদ জানাচ্ছি এই কারণে যে বর্তমানে যে পুলিশী ব্যবস্থা আমাদের পশ্চিমবঙ্গে আছে সেই পুলিশী ব্যবস্থাকে তিনি আধুনিকীকরণ করার জন্য নানান দিক থেকে নানানভাবে উদ্যোগ নিয়েছেন। ধরুন একটা মার্ডার সঠিকভাবে তদন্ত করার জন্য কিছু পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হয় এবং তার জন্য প্রয়োজন ল্যাবোরেটরি। তিনি সেই ল্যাবোরেটরি ব্যবস্থা করার জন্য উদ্যোগ নিয়েছেন। তারপর আমরা জানি যে নানান জায়গায় পুলিশের এস্টাবলিশমেন্ট বাড়াবার জন্য ল্যান্ড অ্যাকুইজিশনের প্রয়োজন হয়। কোনকালে পুলিশ বিভাগের এই ল্যান্ড অ্যাকুইজিশনের ব্যাপারটা ছিল না; কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশের এস্টাবলিশমেন্ট বাড়াবার জন্য ল্যান্ড অ্যাকুইজিশনের উদ্যোগে নিয়েছেন। এই প্রসঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি তিনি ল্যান্ড অ্যাকুইজিশন করতে চাইছেন কিন্তু ল্যান্ড ডিপার্টমেন্টের অফিসাররা অনেক ক্ষেত্রে নিশ্চুপ হয়ে বসে আছেন। পুলিশ বিভাগ থেকে চিঠি দেওয়া হলেও তারা তার উত্তর দিচ্ছে না। সিভিল ল-এ রয়েছে একই গভর্নমেন্টের আন্ডারে ডিপার্টমেন্ট টু ডিপার্টমেন্ট ল্যান্ড ট্রান্সফার হতে পারে কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে যে ল্যান্ড ডিপার্টমেন্ট নীরব হয়ে বসে আছে ফলে পুলিশ ডিপার্টমেন্ট তাদের

এস্টাবলিশমেন্ট বাড়াবার ক্ষেত্রের বাধাপ্রাপ্ত হচ্ছেন। তারপর মহিলা পুলিশদের ব্যাপারে আমরা জানি যে ইতিপূর্বে তাদের জন্য ভালো কোনো ব্যবস্থা ছিল না। মহিলা পুলিশদের সুখস্বাচ্ছন্দ্য, তাদের জন্য সুযোগ্য ব্যবস্থার কথা ভাবা হতো না। কিন্তু এই বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী মহাশয় মহিলা পুলিশদের জন্য নানান সুখস্বাচ্ছন্দ্যের ব্যবস্থা করেছেন। তাদের থাকার জায়গা, তাদের জন্য জল সরবরাহ, বিদ্যুৎ সরবরাহ ইত্যাদি নানান দিক থেকে ব্যবস্থা করেছেন এবং আরও করার চেষ্টা করে যাচ্ছেন। স্যার, এখানে বিরোধী দলের বক্তরা অনেক কথা বললেন কিন্তু সারা পশ্চিমবাংলায় যে বিস্তীর্ণ কোস্টাল বেল্ট পড়ে আছে সেই কোস্টাল বেল্টকে রক্ষা করার জন্য কারুকে কোনো কথা বলতে শুনলাম না, এটা দেখে আমি খুব আশ্চর্য হয়ে গেলাম। বিরোধী দলের মাননীয় সদস্যরা এখানে পুলিশ সম্বন্ধে নানান সমালোচনা করলেন, নানান ঘটনার কথা বললেন কিন্তু দীঘা থেকে হলদিয়া পর্যন্ত যে ভাস্ট কোস্টাল বেল্ট পড়ে আছে এবং সেখানে যে নানান রকমের অসুবিধা হচ্ছে—অনেক মাননীয় সদস্য সে কথা জানেন, মাননীয় মৎস্যমন্ত্রীও জানেন, নানান দিক থেকে জলদস্যুরা এসে লুঠপাঠ করছে, অত্যাচার করছে মৎস্যজীবীদের উপর সে কথা বিরোধী দলের সদস্যরা কেউ বললেন না। আমরা জানি এ ক্ষেত্রে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সাংঘাতিকভাবে চেষ্টা করছেন যাতে এই রিভারাইন ক্রাইম রোখা যায় এবং তার জন্য তিনি রিভার বেল্ট পুলিশ করার কথা চিন্তা করছেন। হলদিয়া থেকে দীঘার মধ্যে খেজুরি মিডল পয়েন্ট আছে, সেখানে ব্যবস্থা পরলে ভালো হয়। এ বিষয়ে সচিব মহাশয় বিস্তারিতভাবে সবই জানে। অতএব রিভার পেট্রোলিং পুলিশ সেন্টারগুলোতে করলে, আমার মনে হয় কোস্টাল বেল্টগুলোতে মৎস্যজীবীরা যে নানাভাবে বিপর্যস্ত হচ্ছে সেটা আর হবে না। এতে সুন্দর ব্যবস্থার সৃষ্টি হবে এবং পুলিশ ভালোভাবে কাজ করতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.20—5.30 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী ২০০৩-০৪ সালের জন্য স্বরাষ্ট্র দপ্তরের জন্য ১২৮৬ কোটি ১১ লক্ষ ৭৪ হাজার টাকা যার মধ্যে ভোট অন অ্যাকাউন্ট ধরা আছে মঞ্জুর করার জন্য এখানে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশনগুলো আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী বাজেট বক্তব্যের শুরুতে অন্যান্য বারে যে কথা বলেছিলেন এবারেও সেই একই কথা বলেছেন। আইন-শৃঙ্খলা সম্পর্কে কথাগুলো বলতে গিয়ে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা কি কি বিষয়ের উপর নির্ভর করে সেই কথাগুলো বলতে গিয়ে তিনি যা বলেছেন তার মধ্যে নতুন কথা কিছু নেই। তিনি মন্তব্য করতে গিয়ে বলেছেন আন্তর্জাতিক মৌলবাদী সংগঠনগুলোর প্রভাব আমাদের দেশে এসে পড়েছে। বিভিন্ন মৌলবাদী চক্রের কথা বলেছেন, সন্ত্রাসবাদী চক্রের কথা বলেছেন তাদের মদতের কথা বলেছেন এবং আই.এস.আই.-এর কার্যকলাপের কথা বলছেন। আই.এস.আই. কার্যকলাপ সম্পর্কে তিনি বিগত বছরে যা বলেছেন এবারেও তাই

বলেছেন। আর একটা কথা তিনি বলেছেন সেটা বিস্ময়কর, এটা আমরা আশা করিনি। পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী আজকে ভারতবর্ষের বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে অত্যন্ত ঘনিষ্ট যোগাযোগ আছে। তিনি শুধু দিল্লি গেলেই তাঁর সঙ্গে আলোচনা করেন তা নয়, যখন কলকাতায় আসেন তখন আলাদা করে ডেকে কখনও প্রাতরাশে বসে দুপুরের খাবারের সঙ্গে বসে আলোচনা করেন। আমি একটা জিনিস কিছুতেই বুঝতে পারছি না মাননীয় মুখ্যমন্ত্রী এতো যোগ্যতার সঙ্গে পশ্চিমবাংলার স্বরাষ্ট্র দপ্তর চালাচ্ছেন, ২০০৩-০৪ সালের বাজেট পেশ করার সময় এখানে তিনি বলেছেন যে আমাদের এখানে ভারত নেপাল সীমান্তে এস.এস.বি. প্রহরায় আছে কিন্তু ভারত-ভুটান সীমান্তে এস.এস.বি. প্রহরা নেই। এই ভুটান সীমান্তে আলিপুরদুয়ার সংলগ্ন এলাকায় যেভাবে আই.এস.আই. চক্র এবং অন্যান্য সন্ত্রাসবাদী সংগঠন প্রয়াস চালাচ্ছে, উত্তরবঙ্গের বন্ধুরা যাঁরা আছেন, কংগ্রেস-ফরোয়ার্ড ব্লক, সি.পি.এম. সকলে নিজেরা উপলব্ধি করতে পারছেন এখানে প্রয়োজন অনেক বেশি। অথচ তা সত্ত্বেও সেখানে এস.এস.বি.-র কোনো বন্দোবস্ত তিনি করতে পারলেন না। এল. কে. আদবানীর সঙ্গে ওনার ঘনিষ্ট সম্পর্ক থাকা সত্ত্বেও তিনি উল্লেখ করতে পারেননি। আর একটা পুরানো কথা তিনি আবার বলেছেন। জনযুদ্ধ গোষ্ঠী এম.সি.সি. তার সঙ্গে অনেক জায়গায় এক হয়েছে এম.সি.আই। জনযুদ্ধ গোষ্ঠী পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, হাওড়ার কিছু কিছু অংশে মেদিনীপুর বর্ডার এলাকায় প্রভাব বাড়ছে কোথাও প্রভাব কমছে। কিভাবে দমন করা যায় এই প্রসঙ্গে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী দুটি কারণের কথা বলেছেন। একটা কারণ হচ্ছে এইসব জায়গায় উন্নয়ন হয়নি, সেখানকার মানুষের ব্যথা বেদনা যন্ত্রণাই জনযুদ্ধ গোষ্ঠী এক্সপ্লয়েড করতে সাহায্য করেছে। তিনি বলেছেন সেখানে উন্নয়ন করবেন ভীষণভাবে যাতে মানুষ আবার যেন স্ট্রিমে ফিরে আসতে বাধ্য হয়। জনযুদ্ধের এই যে এক্সপ্লয়েটিং টেনডেন্সি এটা আগে তিনি বলেননি, গতবারে এই কথা বলেছিলেন যে কিছু কিছু কাজ করা চেষ্টা করছি। এম.সি.সি. কথা বলেছেন তারা এক্সপ্লয়েড করছে মানুষের প্রভার্টির সুযোগ নিয়ে, তাতে এই কাজগুলো করা উচিত এই বিষয়ে আমি আপনার সঙ্গে একমত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটা কথা জিজ্ঞাসা করতে চাই, আপনি বলুন, যেভাবে হোক ব্যাখ্যা দেবার চেষ্টা করুন, যেভাবে হোক জয়োল্লাস করার চেষ্টা করুন না কেন, গণতান্ত্রিক ব্যবস্থা যদি ভেঙে পড়ে, আমি আবার বলছি গণতান্ত্রিক ব্যবস্থা যদি ভেঙে পড়ে, প্রশাসনের হোক আর রাজনৈতিক হোক এই ব্যবস্থা যদি ভেঙে পড়ে তাহলে কংগ্রেস দুর্বল হবে এটা সত্যি কথা। তৃণমূল কংগ্রেস হারিয়ে যাবে, এটাও সত্যি হতে পারে, অন্য কোনো রাজনৈতিক দল ঝাড়খন্ডের মতো তাদের অস্তিত্ব নাও থাকতে পারে। কিন্তু আপনারা থাকবেন এই গ্যারান্টি আগামীদিনে থাকবে না। তার কারণ পঞ্চায়েতের নির্বাচনে আপনারা যেভাবেই ব্যাখ্যা দিন না কেন—এতগুলো জায়গায় প্রার্থী নেই, ছ'হাজারের ওপরে জায়গায় প্রার্থী নেই, এই একটা যুক্তি আপনি নিশ্চয়ই বলবেন যে, আমরা কি জোর করে অন্য কাউকে খুঁজে এনে প্রার্থী করে দেব ? এর যেমন কোনো ব্যাখ্যা নেই, তেমনি আপনাদের দলের রাজ্য কমিটির সাধারণ সম্পাদক যা বলেছেন, তাঁর যুক্তির কোনো ব্যাখ্যা নেই। কিন্তু এটাও ঘটনা, ওই জায়গায়তে কংগ্রেস

অথবা অন্য বিরোধী রাজনৈতিক দলের ৩০ পারসেন্ট, ২০ পারসেন্ট, ১৫ পারসেন্ট বা ১০ পারসেন্ট মানুষের এমন কোনো অস্তিত্ব নেই যে তারা নির্বাচন করবে, এটা দেখা যায় না। আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৫২ সালে আপনি রাজনীতির কোন জায়গায় ছিলেন তা আমি জানি না। কিন্তু আমি এটুকু বলতে পারি, তখন আপনার বয়স অনেক কম ছিল, আমারও কম ছিল। তখন কমিউনিষ্ট পার্টির যে অস্তিত্ব ছিল, যে অস্তিত্ব নিয়ে জ্যোতিবাবু লড়াই করতেন ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রশাসনের বিরুদ্ধে, তখন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির জন্ম না হলেও কমিউনিষ্ট পার্টি অফ ইন্ডিয়া তার সীমিত শক্তিকে যখন ব্যবহার করতে চাইত তখন আর যাই হোক, ডাঃ রায় কংগ্রেস কর্মীদের ডেকে বলতেন, আর যাই কর সি.পি.আই.-কে মোকাবিলা করার জন্য ভোটের সময়ে বুথের ধারে টাঙ্গি, লাঠি, বল্লম নিয়ে যেও না। কাউকে নমিনেশন জমা দিতে বাধা দিও না। ডাক্তার রায় কোনোদিন বাধা দেওয়ার কথা বলেনি। তা যদি বলতেন, তাহলে জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী হতে পারতেন না। আপনিও পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হতে পারতেন না। ডাঃ রায় সেদিন গণতন্ত্রকে স্বীকার করে নিয়েছিলেন। তাই জ্যোতিবাবু দীর্ঘদিন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন, আপনি আজকে পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী আছেন। সেই আসনে বসে আপনারা কি করে এই কথা বলেন জানি না। আমার ভয়টা অন্য জায়গায়। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি এটা জানবেন যে, যে লোকগুলো গণতান্ত্রিক ব্যবস্থাপনায় বিচার পাবে না—সে হুগলিতে হোক, হাওড়াতে হোক, উত্তরবঙ্গে হোক, পশ্চিম মেদিনীপুরে হোক বা বাঁকুড়াতে হোক—একদিন সে যখন দেখবে যে আমার ভোট দেবার অধিকার নেই, আমার কোনো কথা বলার অধিকার নেই, তখন আস্তে আস্তে ওই জনযুদ্ধ গোষ্ঠীর দিকে ঝুঁকবে। তাদের মধ্যে একটা সার্টেন পারসেন্টজ, শতকরা ৮০ ভাগ হয়তো আপনাদের কাছে আত্মসমর্পণ করবে, শতকরা ৬০ ভাগ হয়তো আপনাদের প্রশাসনের কাছে আত্মসমর্পণ করবে। কিন্তু শতকরা ২০ ভাগ বা শতকরা ৪০ ভাগ মানুষ তারা দেখবে, বিরোধী দল হিসাবে কংগ্রেস যখন প্রতিদ্বন্দ্বিতা করতে পারছে না, অন্য কোনো রাজনৈতিক দল যখন নেই, তখন জনযুদ্ধ গোষ্ঠী তাদের একমাত্র আশ্রয়, এম.সি.সি. তাদের একমাত্র আশ্রয়, অথবা নতুন দিনের নতুন গজিয়ে ওঠা কোনো অন্যারকিষ্ট পার্টি তাদের আশ্রয় হবে। গণতন্ত্র তাতে দুর্বল হবে। পশ্চিমবাংলায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির রাজত্ব থাকবে কিনা জানি না, কিন্তু আর এক নতুন অধ্যায়ের উদ্ভব হবে।

মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি শিক্ষিত মানুষ, আপনার ইচ্ছা আছে। গণতন্ত্রের প্রতি আপনার যদি শ্রদ্ধা থাকে, তাহলে আপনি নিশ্চয়ই ভাববেন যে আগামীদিনে কোন্ ভয়ঙ্কর দিকে আমরা যাচ্ছি। আমি এই প্রশ্নের জবাব আপনার কাছ থেকে পেতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী, আমি একটা উদাহরণ দিয়ে বলছি—গত কয়েকদিন আগে আপনি যে জায়গা সম্পর্কে অনেক উদ্বেগ প্রকাশ করেছেন, সেই জায়গায় আমি নিজে কয়েকবার গিয়েছি। বাঁশপাহাড়ি-বেলপাহাড়ি এলাকা, যেখান থেকে ঝাড়খন্ডের দূরত্ব মাত্র ৪ কিঃমিঃ, যেখান থেকে পুরুলিয়া এবং বাঁকুড়ার দূরত্ব ১ কিঃমিঃও নয়, কয়েক গজ মাত্র। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা যখন নির্বাচন করছি, কার বিরুদ্ধে আমরা নির্বাচন করছি গণতান্ত্রিক

বন্দোবস্তের সুযোগ নিয়ে ? গণতান্ত্রিক বন্দোবস্তের সুযোগ নিয়ে নির্বাচন করতে গিয়ে, বাঁশপাহাড়ি গ্রাম পঞ্চায়েতে যেখানে গতবারে আপনাদের গ্রাম পঞ্চায়েত ছিল বেলপাহাড়ি ব্লকের মধ্যে, বেলপাহাড়ি থানার মধ্যে, সেই বাঁশপাহাড়ি গ্রাম পঞ্চায়েতে কংগ্রেস এবং ঝাড়খন্ড তাদের অ্যালায়েন্স এবারে জিতেছে। সব থেকে দুঃখের কথা হলো এই, গতবারে যিনি নির্বাচিত প্রধান ছিলেন, যিনি প্রতিদ্বন্দ্বিতা করেছেন যে গ্রামে ভীমার্জুন গ্রাম সেই ভীমার্জুন গ্রামে যাদব সর্দার গতবারে প্রার্থী ছিলেন। এবারে যাদব সর্দারের স্ত্রী তিনি সেখানে প্রার্থী ছিলেন। তাঁর নাম কল্যাণী সর্দার। তাঁকে বারণ করা হয়েছিল, তুমি এখানে প্রার্থী দেবে না। যাদব সর্দার বলেছিল, আমার স্ত্রী প্রার্থী হচ্ছে। আমি তাকে এখানে প্রার্থী করবো। এই অপরাধে গত ৭ই জুন যাদব সর্দার যখন ঘুমাচ্ছিলেন, রাত্রি একটা-দেড়টার সময়ে পাশের বাড়িতে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছেলেরা ভিডিও চালিয়ে আনন্দ উৎসব করছিল। কারণটা আর কিছু নয়, যাদব সর্দারকে খুন করা। তাদের দু'জন এসে যাদব সর্দারকে গুলি করে হত্যা করে ৭ই জুন। আজকে এতগুলো দিন কেটে গেছে, এখনও পর্যন্ত তাদের কাউকে গ্রেপ্তার করা হয়নি।

[5.30—5.40 p.m.]

আমি শুধু বলছি এই জায়গায় তারা কোথায় যাবে, আপনি বলবেন মাননীয় মুখ্যমন্ত্রী ? তাঁর স্ত্রী কাঁদতে কাঁদতে বলছিলেন, আমি দেখেছি, ২ জন গুলি করে চলে গেল। আমি তাঁর পাশে শুয়েছিলাম। ষড়যন্ত্র করে ভিডিও চালিয়ে বন্দোবস্ত করা হল। মাননীয় মুখ্যমন্ত্রী আমি আপনার কাছে বলছি, আমি বেলপাহাড়ি থানায় গিয়েছি, বেলপাহাড়ি থানার ওই এলাকায় বর্তমানে একটা টেনডেন্সি হয়েছে, বাড়ির কেউ কেস করার আগে পুলিশ একটা সুয়োমটো কেস স্টার্ট করে দিচ্ছে। পুলিশ সুয়োমটো কেস স্টার্ট করে দিচ্ছে। মইনী সরঙ্গীর বেলাতেও হয়েছে, এখানেও হয়েছে, সুয়োমটো কেস স্টার্ট করে দিল। ক্লাস সিক্সে পড়ে, সেই ছেলেটাকে জোর করে ধরে নিয়ে এসে বলে দশটার সময়, বেলপাহাড়ি থানার ও.সি. তাঁকে দিয়ে একটা কেস লিখিয়ে নিল, নিশ্চয় আপনি বুঝতে পারছেন, আমি বেলপাহাড়ি থানার ও.সি.-র কাছে গিয়ে তাঁর রিপোর্টটা নিই, এফ.আই.আর.-টা কিভাবে করেছে জিজ্ঞাসা করেছি। যাদব সর্দারের স্ত্রী অথবা ছেলেটির মা যখন এফ.আই.আর করে, সেই এফ.আই.আর। গ্রাহ্য করা হয়নি। আমি মাননীয় মুখ্যমন্ত্রী আপনার কাছ থেকে জানতে চাইছি, যে কেন এই ধরনের বন্দোবস্ত বেলপাহাড়ি থানার ও.সি.-রা করছেন, কেন বাড়ির লোক কমপ্লেন দেওয়ার আগে তারা একটা সুয়োমটো কমপ্লেন তৈরি করছেন, মইনী সরঙ্গী ঘুন হয়েছিল, মাননীয় সদস্য সৌমেন মিত্র মহাশয় আপনাকে জিজ্ঞাসা করেছিলেন, আপনি উত্তর দিয়েছিলেন, কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ইত্যাদি, ইত্যাদি। মইনী সরঙ্গীর একটা অন্য কমপ্লেনে, সুয়োমটো তারা কমপ্লেন করেছেন এবং মইনী সরঙ্গীর স্ত্রী যখন কমপ্লেন করে, সেটাকে অ্যাটাচ করে পাঠিয়ে দিয়েছে, সেটাকে অ্যাকসেপ্ট করা হয়নি, এই বন্দোবস্ত হয়েছে। মইনী সরঙ্গীর ছেলে প্রসূন সরঙ্গীকে মেদিনীপুর জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক দিবাকর মালাকারের খুনের হত্যায় আসামী করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী,

আমি আপনার কাছে জানতে চাইছি, আপনি দয়া করে একটা প্রশ্নের জবাব দেবেন। আজকে আবদুল মান্নান যখন জিজ্ঞাসা করছিলেন, চার্জশিটের কথা যখন উঠেছিল, তখন আপনি বলেছিলেন প্রশ্নোত্তরে ৯০ দিনের মধ্যে কিছু কিছু মামলা আছে, সেখানে চার্জশিট দিতে হয়। আমি আপনাকে বলছি, দিবাকর মালাকার খুন হল, একই দিনে মইনী সরঙ্গীও খুন হল, একই দিনে দিবাকর মালাকার খুন হওয়ায় কয়েক ঘণ্টা পরে মইনী সরঙ্গী খুন হল, কিন্তু নিরাপরাধ মইনী সরঙ্গী খুন হওয়ার পরেও আজকে দিনে আমরা কি দেখছি দিবাকর মালাকার-এর কেসের চার্জশিট হয়ে গেল। একই দিনে মাত্র ২/৩ ঘণ্টার তফাতে যে খুন হয়েছিল আর মইনী সরঙ্গীর মামলায় খুনের চার্জশিট হল না। এটা কি ধরনের বিচার ? আমি আপনার কাছে তার জন্য অনুরোধ করছি যে, আপনি তদন্ত করে এর বিরুদ্ধে একটা ব্যবস্থা নিন, কেন এই ধরনের ঘটনা ঘটেছে, এই ব্যবস্থা নেওয়ার ব্যাপারে একটু চিন্তা করুন। আমি আপনাকে বলতে চাই, যতদিন এই ধরনের অত্যাচার চলবে, আপনার দলের কর্মীদের যতদিন না বোঝাতে পারবেন, তোমার পঞ্চায়েত জেতাটা বড় কথা নয়, তোমার গণতান্ত্রিক অধিকারটা দেওয়া বড় কথা, এটা যতদিন না বলতে পারবেন ততদিন এই পঞ্চায়েত নির্বাচনে আপনার বিপুল আসনে জয়লাভ করার পরেও অনেক মানুষকে খুন করার পরে, আপনাদের কপালে কি রঙের তিলক আঁকা হয়েছে, আমি জানি না। কিন্তু আমি নিশ্চয় জানি, ভারতবর্ষের মানুষ দেখেছে পশ্চিমবাংলায় গণতন্ত্রের কপালে কলঙ্কের তিলক আঁকা হয়েছে, যে কলঙ্ক সারা ভারতবর্ষে কোনোদিন আঁকা হয়নি। এটাই হচ্ছে পশ্চিমবাংলায় বন্দোবস্ত। আমি আপনাকে একটি কথা বলছি, একজন সরকারি কর্মচারী সম্ভবত তিনি এই বিধানসভায় একজন কর্মী, আমি যা খোঁজ পেয়েছিলাম, তিনি এখান থেকে বাড়ি ফেরার পথে, তাঁর বাড়ি বিরাটি, বাড়ি ফেরার পথে একটা বাসে তাঁর হার ছিনতাই হল। বাসের রুট নাম্বার হল ২৭৬, বাসের নাম্বার হল, ডব্লউ বি ২৮-এ-৮২০৬০ ; টিকিট নম্বর ৬৯৮, তাঁর হার ছিনতাই হল, লেক টাউন পি.এস.-তে তাঁর কেস রুজু হল, কেস নম্বর ১০৫, ডেটেড ১৭/০৪/০৩ ? আজ পর্যন্ত হার উদ্ধার হয়নি মেয়েটির। এবং এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। আপনাদেরই সরকারি কর্মচারী। এই ব্যবস্থা এখানে চলছে। আমি কি আশা করতে পারি, মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি এই বিষয়ে একটা ব্যবস্থা নেওয়ার কথা ভাববেন কি ? আমি আপনার কাছে বলছি, ওয়াকফ কেলেঙ্কারিতে হামিদুল হুদা নামে একজন গ্রেপ্তার হয়েছিলেন, আপনি আজকে বলছিলেন, সকালবেলায়, আপনার কথায় ফিরে আসি, ৯০ দিনের মধ্যে অনেক কেস আছে, যাদের চার্জশিট দিতে হয়। কিন্তু হাবিদুল হুদার বিরুদ্ধে সেই কেসে চার্জশিট না দেওয়ায়, সে ৯০ দিন পরে চলে গেল। আরো কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে বটে, কিন্তু এখনও অনেক লোক বাকি আছে যাদের গ্রেপ্তার করা হয়নি। অথবা যারা এর সঙ্গে জড়িত আছে, আসল ব্যাপারটা বুদ্ধদেববাবু পুলিশের উপর মানুষ আস্থা হারাচ্ছে। আস্থা হারাচ্ছে বলেই ডায়মন্ডহারবারে ডাকাতি হচ্ছে। ডাকাতরা সেখান থেকে পালিয়ে যাওয়ার চেষ্টা করার ফলে, অনেকে পালিয়েও গেল, কিছু লোক ধরা পড়ল,—কিছু লোক ধরে ফেললো—পুলিশ ধরলো, জীপে আনবার সময় মানুষ তাদেরকে হত্যা করেছে, মানুষ তাদেরকে পিটিয়ে মেরেছে, এই পিটিয়ে মারাটাকে আমি সমর্থন করি না। এই পিটিয়ে মারাটাকে আমি নিজে সমর্থন করি না এবং আমাদের দলের

পক্ষ থেকেও সমর্থন করি না। আজকে মানুষের ধারণা হয়ে গেছে। পুলিশের হাতে ডাকাতদের তুলে দেওয়া মানে তারা খালাস পেয়ে যাবে। আপনার সরকারের যেটা করা উচিত ছিল, আপনার পুলিশকে সাধারণ মানুষের কাছে গ্রহণযোগ্য করে তোলা। মাননীয় পুলিশমন্ত্রী হিসাবে এবং মাননীয় মুখ্যমন্ত্রী হিসাবে আপনি সেটা করতে পারেননি। জানিনা এই ব্যাপারে আপনার চেষ্টা আছে কিনা। আজকে হিউম্যান রাইটস্ কমিশন তার রিপোর্টে এক জায়গায় বলছে—"The other complaint which is very much vocal against the Local Police Stations, is to the effect that unless a common man has either the financial status of position in the society or any political backing, he is not given a proper hearing at the Thana level as a result." এই হচ্ছে আপনার অবস্থা। হিউম্যান রাইটস্ কমিশন বলছে, আপনার ফিনানসিয়াল স্ট্যাটাস যদি না থাকে, আপনার পলিটিক্যাল ব্যাকিং যদি না থাকে, তাহলে আপনার কথা পুলিশ শুনবে না। তাহলে পুলিশের উপরে মানুষের আস্থা আসবে কি করে সেটা আমি জানতে চাইছি। আপনার কাছে আরেকটা বিষয় আমি জানাতে চাই, পুরুলিয়া অস্ত্র বর্ষণ মামলায় যারা গ্রেপ্তার হয়েছিল তার মধ্যে অনেকেই মুক্তি পেয়ে গেছে, এমনকি প্রধান অভিযুক্ত ব্লিৎচকে মুক্তি দেওয়ার ব্যাপারে ব্রিটিশ সরকারের অনুরোধে এল. কে. আদবানির সঙ্গে আপনার কথা হয়েছে। কিন্তু ওখানকার অনেক গরিব মানুষ যারা অস্ত্র কুড়িয়ে পেয়ে পুলিশের কাছে জমা দিয়েছিল তাদের নামে পুলিশ মিথ্যা মামলা দায়ের করেছিল। যেখানে সত্যিকারের আসামিরা মুক্তি পেয়ে যাচ্ছে, সেখানে যারা পুলিশকে বলেছিল রাইফেল পড়ে আছে, রিভলবার পড়ে আছে, তাদের মুক্তির ব্যাপারে আপনি নিশ্চয় চেষ্টা করবেন, এই অনুরোধ আপনার কাছে আমি করছি। আশা করি এই ব্যাপারে নিশ্চয় আপনি চিন্তা করবেন। আমি আগেও বলেছি, এখনও বলছি, আপনার প্রশাসনের সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে আপনার প্রশাসনিক বন্দোবস্তটা অনেক জায়গায় ঢিলে করেছেন। আপনি পুলিশ প্রশাসনকে আধুনিকীকরণ করবেন অস্ত্রশস্ত্র দিয়ে, তার পরিকাঠামোর উন্নতি কিভাবে করবেন সেই ব্যাপারে আপনি আলাপ-আলোচনা করছেন। কিন্তু আমার যেটা মনে হয়েছে, অনেক বড় বড় থানা আছে যেগুলোকে ভেঙে ছোট করা খুবই দরকার। কিন্তু আপনি অর্থনৈতিক অসুবিধার জন্য করতে পারছেন না বলেছেন। কিন্তু কিছু কিছু থানা আছে যেগুলো ভেঙে ছোট করা খুবই দরকার হয়ে পড়েছে। যেমন পশ্চিম মেদিনীপুরের গড়বেতা থানাকে ভেঙে ছোট করা দরকার, তাতে সুশান্তবাবুদের সুবিধা হবে। সেটা নাকি হাওড়া জেলার মতো বিরাট এলাকা নিয়ে। আরেকটা জায়গা হচ্ছে ঝালদা, যেখানকার বিধায়ক হচ্ছেন নেপাল মাহাতো। সেখানে ১৯টা গ্রাম পঞ্চায়েত নিয়ে একটা থানা। মাননীয় মন্ত্রিমহাশয় নিজেও জানেন এবং এই ব্যাপারে আপনার সঙ্গে কথা হয়েছিল, কিন্তু এখনো পর্যন্ত থানাগুলোকে ভেঙে নতুন থানা তৈরি করা হচ্ছে না। মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী আপনি গতবার এই দপ্তরের বাজেট বরাদ্দের সময় ফরেনসিক ল্যাবরেটরি সম্বন্ধে বলেছিলেন, এবারের বক্তৃতার সময়েও ফরেনসিক ল্যাবরেটরি সম্বন্ধে বলেছেন। রাজ্য পুলিশ এবং কলকাতা পুলিশের যাঁরা আধিকারিক তাঁদের সঙ্গে আলাপ-আলোচনা করে কিভাবে কাজ করতে হবে সেটা ঠিক করবেন। গতবারেও আমি এই ব্যাপারে

বলেছিলাম, এবারেও বলছি, ফরেনসিক ল্যাবরেটরির পরিকাঠামো ভীষণ ছোট। গতবারের বক্তৃতা করার সময় আপনি বলেছিলেন এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া উচিত, আর এবারে বাজেট বইয়ে বলেছেন এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছে এবং তার জন্য দু'কোটি টাকা মঞ্জুর করেছেন। দু'কোটি বা চার কোটি টাকাটা বড় কথা নয়, কিন্তু ফরেনসিক ল্যাবরেটরির পরিকাঠামোকে এমন একটা জায়গায় নিয়ে যেতে হবে, যাতে সেই ল্যাবরেটরি ইন্সট্যান্ট রিপোর্ট থানায় পাঠাতে পারে। থানার অফিসাররা আমাদের বলেন, আপনাদের লোক মার্ডার হয়েছে, কিন্তু ফরেনসিক ল্যাবরেটরির রিপোর্ট বলছে—ছাড়া আমরা কি করে মার্ডার কেসে চার্জশিট দেব। আরেকটা জিনিস আপনি দেখুন, হিউম্যান কমিশন তার আরেকটা রিপোর্টে এ. কে. দাস নামে একজন ভদ্রলোককে কাশীপুর থেকে গ্রেপ্তার করা হয়েছিল। কিন্তু তাকে গ্রেপ্তার করার কোনো কারণ ছিল না। কারণ তার বিরুদ্ধে কোনো কেস ছিল না। একজন এস.আই. তাকে গ্রেপ্তার করে নিয়ে গিয়েছিলেন এবং বলেছিলেন আপনার বিরুদ্ধে ওয়ারেন্ট আছে।

[5.40—5.50 p.m.]

পরবর্তীকালে দেখা গেল তার বিরুদ্ধে কোনো ওয়ারেন্ট নেই এবং ওয়ারেন্ট না থাকার জন্য এস.ডি.জে.এম সেখান থেকে মুক্তি দিলেন। তিনি সেখান থেকে ফিরে এসে হিউম্যান রাইটস্ কমিশনে গেলেন। হিউম্যান রাইটস কমিশন বলল—এর বিরুদ্ধে কোনো ওয়ারেন্ট নেই, কোনো কেস নেই। মাননীয় মুখ্যমন্ত্রী আমার সমস্ত কথাকে অগ্রাহ্য করতে পারেন, উড়িয়ে দিতে পারেন আমি কংগ্রেস করি বলে, কিন্তু সেখানে হিউম্যান রাইটস কমিশন বলেছে তাকে পাঁচ হাজার টাকা দাও, সেটা দিতে বাধ্য হয়েছেন।

আপনিও স্বীকার করেছেন এখানে নারী ধর্ষণ হয়, এখন খুব বেড়ে গেছে। একটা রিপোর্ট আমি তুলে ধরছি। লোকসভার একজন সদস্য প্রশ্ন করেছিল, ধাওয়ার গেহলট, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ক্রাইম হচ্ছে। স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী উত্তরে বলেছিলেন—২০০১ সালের রিপোর্ট—মার্ডার হয়েছে এই সময়ের মধ্যে আসামে ২৫৪১, ছত্তিশগড়ে ৮২১, গুজরাটে ১৫৪৭, হরিয়ানাতে ৭৫৮, মধ্যপ্রদেশে ৩১৪, ওড়িশায় ৭১২ জন, আর আমাদের রাজ্যে পশ্চিমবঙ্গে হয়েছে ৩০৫০ জন। ২০০১ সালের রিপোর্ট, লোকসভার রিপোর্ট, লাইব্রেরি থেকে এনে বলছি। ধর্ষণে পশ্চিমবঙ্গের স্থান কোথায় ? ২০০১ সালে আসাম ৯০, ছত্তিশগড় ৩২, গুজরাট ৫৯, হরিয়ানা ৩১, মধ্যপ্রদেশ ৭০, পাঞ্জাব ৪৮, রাজস্থান ৯৩, সেখানে পশ্চিমবাংলায় হয়েছে ৯৪। এ আমার রিপোর্ট নয়।

এছাড়াও আপনি একটা কাজ করেছেন, অনেক ডি.জি., আই.জি. বাড়িয়েছেন। অনেক পুলিশ কমিশনার বাড়িয়েছেন—তার সংখ্যাটা বলছি। ১৯৮১-৮২ সালে ১৬ জন অ্যাডিশনাল ডি.জি.পি., আই.জি., ডি.আই.জি ছিল, এখন সেটাকে নিয়ে গেছে ৭৩-এ। যেখানে ৩২৮ জন এস.পি., এ.এস.পি., ডি.এস.পি ছিল। এখন নিয়ে গেছে ৪১৬-তে। এইভাবে আপনি মাথাভারি প্রশাসন তৈরি করার চেষ্টা করছেন। ধর্ষণের কথা অনেকে বলেছে, আপনি নিজেও স্বীকার করেছেন। আমার এটাই শেষ কথা, এর হাত থেকে

পশ্চিমবাংলাকে বাঁচানো। আমাদের সম্মান যাচ্ছে। আমি তাই আপনাকে বলি, শুধুমাত্র গুজরাট নিয়ে জয় গোস্বামীকে সঙ্গে নিয়ে মিছিল করেছেন, জয় গোস্বামী বামপন্থী আন্দোলনের কবি না প্রগতিশীল কবি, তার মধ্যে যাচ্ছি না, তাঁর একটা কবিতা পড়ে শোনাচ্ছি, যেটি দেশ পত্রিকাতে বেরিয়েছে। কবিতাটি হচ্ছে—'কাপুরুষ ও মহাপুরুষ'।

কাপুরুষ ও মহাপুরুষ

আমি তো গুজরাত নিয়ে সাতাশ পা হাঁটলাম রাস্তায়
আমি তো লরিতে উঠে দশ লাইন পড়লাম কবিতা
প্ল্যাকার্ড ঝুলিয়ে বুকে চেঁচালাম ঃ 'অন্যায় ! অন্যায়'

এবার বরযাত্রী বাস দাঁড় করিয়ে স্তনবৃন্ত ছিঁড়ে নিল দাঁতে
ব্লেড দিয়ে ফালাফালা করে দিল উরু
'আমি তোর মা হই রে'—বলেও মা পেলো না রেহাই

স্কুলবাড়িতে সারারাত তাণ্ডাব চলার পরদিনই
রক্তদাগ ধুয়ে ইস্কুলের
উদ্বোধনে এসে গেলেন অ্যাসেম্বলির দাদা নেতা, সংসদীয় গুরু

ঘটনা বাড়ির কাছে। এবার অবশ্য আমি এক পা-ও হাঁটিনি
লিখিনি পাঁচমাথার মোড়ে উঠে পড়বার কবিতা
ঝোলাইনি প্ল্যাকার্ড গলায়

কী করব, এখনও ভাবছি। ভাবতে ভাবতে বেলা বয়ে যায়।
এবারও ওসব করা উচিত হবে কি ?
গুরুরা এখনও কিছু বলেননি আমায়।

জয় গোস্বামী গুজরাত নিয়েই শুধু বলেননি, ধানতলা নিয়েও বলেছেন। ধানতলার ঘটনার বিরুদ্ধে মহিলা সমিতি বলেনি, বলেছে কবি, সাহিত্যিকরা—আপনাদের নয় তারা বুদ্ধবাবু।

তাই আপনার এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের, বিরোধী দলের আনা কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

PRESENTATION OF THE REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the Fortieth Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the programme of Business of the House from the 14th to the 18th July, 2003 as follows :–

14.7.2003, Monday :	(i) The Netaji Subhas Open University (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing)	1 hr.

	(ii) Demand No. 13	Higher Education Department	
	(iii) Demand No. 14	Mass Education Extension and Library Services Department	4 hrs.
	(iv) Demand No. 15	School Education Department	
	(v) Demand No. 51	Technical Education and Training Department	
15.7.2003, Tuesday :	(i)	The West Bengal Lokayukta Bill, 2001 (as reported by the Select Committee) (Consideration and Passing)	1 hr.
	(ii) Demand No. 5	Agriculture Department	
	(iii) Demand No. 4	Agricultural Marketing Departmen	4 hrs.
	(iv) Demand No. 22	Food Processing Industries & Horticultural Department	
16.7.2003 Wednesday :	(i)	The West Bengal Civil Service Judicial and the West Bangal Higher Judicial Service (Revision of Pay and Allowance) (Repeal) Bill. 2003 (introduction, Consideration and Passing)	1 hr.
	(ii) Demand No. 40	Panchayat & Rural Development Department	4 hrs.
17.7.2003 Thursday :	(i)	The West Bengal Valuation Board (Amendment) Bill, 2003 (Introduction, Consideration and Passing) 1 hr.	½ hr.
	(ii)	The West Bengal Municipal (Amendment) Bill 2003 (Introduction, Consideration and Passing)	1 hr.
	(iii) Demand No. 31	Information Technology Department	1 hr.

	(iv) Demand No. 32	Irrigation & Waterways Department	3 hrs.
18.7.2003 Friday	Demand No. 43	Power & Non-conventional Energy Soureces Department	4 hrs.

Now Minister-in-Charge of the Parliamentary Affairs may please move the motion of acceptance of the House.

Shri Probodh Chandra Sinha : Sir, I beg to move that the Fortieth Report of the Business Advisory Committee as presented in the House be accepted.

The motion was then put and agreed to.

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৭ নম্বর দাবিতে স্বরাষ্ট্র দপ্তরের বাজেটের উপর যে আলোচনা হয়েছে তার জবাবে কয়েকটি কথা বলতে চাই। আমি প্রথমে কয়েকটি তথ্যের কথা বলতে চাই যেগুলো এখানে বলা হয়েছে। তার প্রথম বিষয় হচ্ছে মানবাধিকার কমিশন, এর ব্যাপারে সরকারের ভূমিকা কি ? আজ সকালে এখানে ১৯৯৯-২০০০ সালের অ্যানুয়াল রিপোর্ট জমা দেওয়া হয়েছে। ২০০১-২০০২ সালে মানবাধিকার কমিশনে ১৩টা মামলা, ১৬টা সুপারিশ করে। সরকার সমস্ত সুপারিশ মেনে নিয়েছে। রিপোর্ট পরে আসবে। ২০০২-২০০৩ সালে ৪৪টা মামলা, ৫৯টা সুপারিশ করেছেন। এর মধ্যে ৪৭টা সুপারিশ মেনে নিয়েছে বাকিটা বিবেচনাধীন আছে। একটা মানা সম্ভব হয়নি। মানা সম্ভব না এই কারণে রাস্তায় বেআইনি শিব মন্দির তৈরি হচ্ছে। পুলিশ সেটা ভাঙতে গেছে। তাই নিয়ে মারামারি। মারামারিতে গুলি চলেছে। দাঙ্গাকারী যারা বেআইনি শিব মন্দির তৈরি করেছে তাকে ক্ষতিপূরণ দিতে হবে। সরকার পারবে না। আর এটা ঠিক সকালে রিপোর্ট জমা দিয়েছে তাই মান্নান সাহেবের অতটা রিপোর্ট সামলানো খুব মুশকিল হয়ে গেছে। সুতরাং যে প্রশ্ন করেছেন আমি, দুটো নির্দিষ্ট বলে দিই। আজকের যে রিপোর্ট আছে, তাতে আছ ধূপগুড়ির ও.সি. এবং লেক টাউনের ও.সি. দু'জনের বিরুদ্ধেই শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে এবং বহরমপুরের যেটা বললেন সেই আই.সি. বহরমপুর তার বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হয়েছে। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে মানবাধিকার কমিশনের সুপারিশের ৯৯ ভাগ সরকার মেনে নিয়েছে। আর্থিক দিকটা একটু অসুবিধা হয়, টাকার পরিমাণ যেটা বলেন, আর কোনো ক্ষেত্রে আমরা অমান্য করি না। এটা তো জানা উচিত যে এই রাজ্যে প্রথমে মানবাধিকার কমিশন হয়েছে এবং এই রাজ্যে মানবাধিকার কমিশন এর দু'জন চেয়ারম্যান পরপর কাজ করেছেন। তাঁরা সম্পূর্ণভাবে জানেন যে সরকারের মনোভাবটা কি এবং সরকার সবচেয়ে গুরুত্ব দিয়ে এই কাজগুলো করে থাকে। সাধারণভাবে যে কথাগুলো বলেছেন সেগুলো সারা দেশের পক্ষে বাস্তব, সারা দুনিয়ার পক্ষে বাস্তব। যখন সেগুলো নির্দিষ্ট ক্ষেত্রে আসে তখন সরকার কি ভূমিকা নিচ্ছে সেটাই প্রশ্ন।

[5.50—6.00 p.m.]

দ্বিতীয় আপনি ঠিক বলেছেন এটা একটা সমস্যা, আমাদের রাজ্যে কলকাতা পুলিশ এবং রাজ্য পুলিশ মিলিয়ে ৯১,৬১৪ জন পুলিশ আছে বিভিন্নস্তর মিলিয়ে। তার মধ্যে মাত্র ১২২৬ জন মহিলা পুলিশ, কলকাতা পুলিশে ৪৩০ জন এবং রাজ্য পুলিশে ৭৯৬ জন। আমরা আপ্রাণ চেষ্টা করছি এটাকে কি করে বাড়ানো যায়। বিশেষ করে যেখানে মহিলাদের বিরুদ্ধে নানা ধরনের অপরাধ বাড়ছে, যেটা আমি বাজেট রিপোর্টের মধ্যে স্বীকার করেছি। সেই কারণে মহিলা পুলিশ আরও বেশি সংখ্যায় নিয়ে আসাটা খুব জরুরি। একটা কথা আপনি খুব আলগাভাবে বলে চলে গেলেন যে সন্ত্রাসবাদীদের সম্বন্ধে আপনারা নাকি অনেক দিন ধরেই বোঝাচ্ছিলেন, আমরা নাকি কিছু বুঝিনি এবং এখানে যেসব বাইরে থেকে সন্ত্রাসবাদীরা ঘাঁটি করেছে সেটাও বুঝি না। আর যেটুকু ধরেছে সেটা নাকি পাঞ্জাব আর উত্তরপ্রদেশ পুলিশ এসে ধরেছে। আমি ৭,৮ বছর ধরে বলছি ১৯৯৩ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত এই রাজ্যে ১২৫ জনকে নির্দিষ্ট মামলায় ধরা হয়েছে যেগুলি আই.এস.আই. রিলেটেড ক্রাইমস। মামলা হয়েছে ৪৮টা, আই.এস.আই. রিলেটেড ক্রাইমস মানে আই.এস.আই. ব্যাক্‌ড ক্রাইমস। ৪৮টা মামলা হয়েছে, ১৪৫ জনকে ধরা হয়েছে। এই রাজ্য থেকে ধরা হয়েছে এবং বাইরের রাজ্য থেকেও ধরা হয়েছে এবং প্রত্যেকটি মামলা আমরা চালাচ্ছি। প্রত্যেকটা ক্ষেত্রেই রাজ্য পুলিশ ধরেছে, পাঞ্জাব পুলিশ বা উত্তরপ্রদেশ পুলিশ ধরেনি। আপনি যে দুটি উদাহরণ দিলেন ইউ.পি.তে ক্রাইম করে এখানে পালিয়ে এসেছিল, আমাদের না জানিয়ে পার্ক স্ট্রিটে গুলি চলে গেল, সেটা আই.এস.আই.-এর ব্যাপার। আর পাঞ্জাবে হয়েছিল টেরোরিস্টদের একটা গ্রুপ এখানে পালিয়ে এসেছিল, পাঞ্জাব পুলিশ এসে গুলি করে দিয়েছিল। এই রাজ্যে অপরাধ করছিল বসে এই রকম ১৪৫ জনকে গ্রেপ্তার করেছি আমরা। আপনি জেনে রাখুন একটা কেসের নিষ্পত্তি হয়েছে, যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে। তারা অপারেট করছিল চাঁদিপুরে ওড়িশায়, যেটা আমাদের রকেট লঞ্চিং প্যাড আছে সেখান থেকে তারা ক্ল্যাসিফায়েড ইনফরমেশান নিয়ে যাচ্ছিল। তাদের কাজটা আসলে চাঁদিপুরে। সবাইকে ধরে জেলে পুড়েছি, মামলা করেছি এবং আমরা জিতেছি। এতটা দুর্বল নয় আমাদের ইনটেলিজেন্স যে, আই.এস.আই. কাজের জন্য উত্তরপ্রদেশ এবং পাঞ্জাবের উপর নির্ভর করতে হবে। করতে হবে না এবং করছিও না। তারপরে আপনি বলেছেন যে পুলিশ প্রশাসনের সাফাই গাইলেন। আপনি তাই বুঝলেন নাকি সকালে ? বললাম পুলিশ প্রশাসনের মধ্যে একটা অংশ অপরাধ করছে ঠিকই কিন্তু আমি উদাহরণ দিয়ে বললাম বাপী সেনকে যারা হত্যা করেছে—আজকে মামলা শুরু হচ্ছে—তারা অপরাধী। আবার বাপী সেন-এর মতো লোকওতো আছে। আমাদের সমাজে বেশির ভাগ মানুষই সৎ, কিছু আছে খারাপ। আপনি বললেন আমি এই সমাজের প্রেক্ষাপটটা বলেছি বলে ? এই পুলিশতো আর স্বর্গ থেকে নেমে আসেনি, এই সমাজ থেকেই তাদের জন্ম, সমাজের মধ্যেই আছে। আমি বলেছিলাম সেই সামাজিক প্রেক্ষাপটটা ভুলে গেলে চলবে না। কেন পুলিশ অপরাধ করছে বলে চেঁচালে হবে না। এই অবস্থার মধ্যেই কাজ করতে হয়। আমি এখনও মনে করি পুলিশ বাহিনীর বেশির ভাগই সৎ এবং

কিছু অসৎ। আমি কারোর জন্য সাফাই গাইনি। যারা অসৎ তাদের নির্মমভাবে শাস্তি দেব। পুলিশের পক্ষে সাফাই গাওয়া আমার কাজ নয়। তারপরে আপনি একটা গুরুতর বিষয় বলেছেন, আপনি একগাদা নাম বললেন, আমি এত নাম জানি না। বর্ধমান, ঘোকসাডাঙ্গা, মালদা, নানুর—আমি এতো নামের মধ্যে যাচ্ছি না। আমি সরকারের মনোভাব বোঝানোর জন্য দুটি উদাহরণ দেব। এই যে দুলাল ব্যানার্জীর কথা আপনারা বললেন। সরকার কিন্তু কোনোভাবেই কোনো অবস্থাতেই আপোস করব না।

.....(নয়েজ).....

আমার কথাটাই শুনুন না এখন। আবার সময় নষ্ট করছেন।

দ্বিতীয়ত, ধানতলার ক্ষেত্রে দেখেছেন একদিনের জন্যও অপেক্ষা করেছি ? যারা ক্রিমিনাল, ক্রিমিনাল। আমাদের দলেরও দু'জন ছিলেন। একদিনের জন্যও অপেক্ষা করিনি এবং আশ্চর্য কথা আমার অনুমোদনও তাদের দরকার নেই কেননা আমার পুলিশ, এস.পি. জানেন এসব ক্ষেত্রে আমার মনোভাব। এটা নয় যে রাইটার্সে মত চাইছেন, 'ওদের ধরব কি, সি.পি.আই. (এম) ?' দরকারই নেই। পরের দিন সকালে ধরেছে এবং ধরার পর আমি জেনেছি যে এইসব লোকেরা ওখানে যুক্ত। এই হচ্ছে আমাদের পুলিশ। মত নিতে হয় না। আমাদের নীতিটা হচ্ছে, কোনো অবস্থাতেই কোনো অপরাধীর সঙ্গে আপোস করব না, যদি আমাদের দলের হয়, বামপন্থীদের হয় তাহলেও তাদের সঙ্গে আপোস করব না। আমি এখানে দাঁড়িয়ে আছি এবং থাকব, কেউ আমাকে সরাতে পারবে না। শুধু যে উদাহরণ আপনি দিলেন, ব্যতিক্রমটা বলছি। আপনি নর্থ ২৪ পরগনার এস.পি.-কে নিয়ে, ওই কাগজপত্রে দেখেছেন, চিঠিটাও ওখান থেকে পড়লেন আমি জানি সব। ডাকাতি হওয়ার পরে, আপনি যে ছেলেটার নাম বললেন, প্রাথমিক তদন্তে মনে হয়েছিল ওই ছেলেটি করেছে। এস.পি.-র কাছে নির্দেশ যায় ধরতেই হবে। সে অনেকগুলো অপরাধ করেছে। কিন্তু কিছুদূর যাওয়ার পর দেখা গেল না এই ডাকাতির কেস অন্তত সে করেনি। সে অনেক অন্যায় করেছে, অপরাধী, ক্রিমিনাল খাতায় নাম আছে .....(নয়েজ)..... দাঁড়ান মাঝখানে কথা বলবেন না। তখন দেখা গেল আই.জি. নিজে গেলেন। আমি সি.আই.ডি.-কে কেসটা দিলাম। তারা দেখে বললেন না এই কেসটা 'ও' করেনি। ওকে কিন্তু আমি ধরব, পালিয়ে বেড়াচ্ছে, ধরব। কিন্তু এই কেসটা ও করেনি। এই কেসটা ও করেনি সেটা সি.আই.ডি.-র সিদ্ধান্তের উপর দাঁড়িয়ে আমি সিদ্ধান্তে এসেছি যে না, এই কেসটা ও করেনি। আই.জি.-র মত তাই, ডি.জি.-রও মত তাই। স্বাভাবিকভাবেই আমাকে করতে হয়েছে। কিন্তু তার সঙ্গে এস.পি.-র পরিবর্তনের কোনো প্রশ্ন নেই। আজ পর্যন্ত কোনো এস.পি.-কে পার্টির সমর্থক বা পার্টির নেতাকে ধরার জন্য ট্রান্সফার করা হয়েছে দেখাতে পারবেন না এবং ভবিষ্যতেও কখনও হবে না। আপনার বিষয়গুলোতে আমি আবার পরে ফিরে আসব। এবারে আমি অন্য কয়েকজন বক্তার প্রশ্নের ব্যাপারে বলছি।

মাননীয় শিবদাস মুখার্জী মহাশয় সঠিকভাবেই সীমান্তের সমস্যার কথা বলেছেন। এটা খুব গুরুতর সমস্যা। বিশাল আমাদের সীমান্ত আপনারা জানেন। কাঁটা তারের বেড়া চলছে। উত্তরবঙ্গ থেকে শুরু করে বর্ডার রোডস তৈরি হচ্ছে। বি.এস.এফ. একটা জটিল,

এক বেদনাদায়ক, মানে কি বলব, বি.এস.এফ.-র কার্যকলাপ। আর, যা প্রয়োজন বি.এস.এফ. তাও নেই। স্মাগলিং—উনি যা বললেন, আমি ওর সঙ্গে সম্পূর্ণ একমত। সীমান্তটা খুব বিপজ্জনক অবস্থায় আছে এবং অনুপ্রবেশের ব্যাপারটাও খুব গুরুত্ব, ভয়ঙ্কর ব্যাপার, যেভাবে অনুপ্রবেশ হচ্ছে। সেখানে সরকারের দায়িত্ব হচ্ছে এটা যে, কি করে অনুপ্রবেশ রোখা যায়। তার মূল দায়িত্ব বি.এস.এফ.-র। বি.এস.এফ. অনেক ক্ষেত্রেই পারছে না, দারুণ দুর্নীতি এবং এর ফলে এটা হচ্ছে। রাজ্য প্রশাসনকে আমরা সেনসিটাইজ করেছি এবং এর ফলে এটা হচ্ছে, রাজ্য প্রশাসনকে আমরা সেনসিটাইজ করেছি, এইভাবে।

ওই ভোটার লিস্টটা আমি পারব না, ওটা আমার এক্তিয়ারের মধ্যে নয়। কিছুতেই, কোনো অবস্থাতেই কোনো সার্টিফিকেট দেবে না, রেশন দেবে না। আমরা বর্ডার ডিস্ট্রিক্টে, ব্লক অফিসে রেশন কার্ড দিতে নিষেধ করে দিয়েছি। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অনুমোদন ছাড়া বর্ডার ডিস্ট্রিক্টে ব্লকে রেশন দেবে না, রেশন কার্ড দিচ্ছে না, দেব না আমরা। এতে একটু অসুবিধা হচ্ছে কিছু লোকেদের। কিন্তু আমরা স্ট্রিক্ট, একটু শক্ত হতে চাই।

এখন যেটা প্রশ্ন আসছে সেটা হচ্ছে আইডেন্টিটি কার্ড। দিল্লি থেকে একটা প্রস্তাব আমাদের কাছে এসেছিল। আইডেন্টিটি কার্ড এখন সারা দেশে চালু হবে বুঝতে পারছি। পরীক্ষামূলকভাবে আমাদের রাজ্যের দুটো জায়গাতে সেটা হচ্ছে—লালবাগ পৌরসভা আর জিয়াগঞ্জ। সেখানে প্রাথমিকভাবে শুরু হবে এই কাজ। সিটিজেন কার্ড। তারা বলছেন, ভোটার কার্ড দেখালে হবে না। সিটিজেন কার্ড কেন্দ্রীয় সরকার আলাদাভাবে করবে। আমরা একমত হয়েছি। আপত্তি নেই। সেটা যদি চূড়ান্ত করা যায় তখনই সত্যিকারের সীমান্তে এই সমস্যাটা আটকানো যাবে। কিন্তু সীমান্ত তো বোঝেন, আমাদের সীমান্ত একটা দীর্ঘ সীমান্ত। অনেক দীর্ঘ। জল মিলিয়ে আমাদের ২২১৬ কি.মি. সীমান্ত। এবং তার একটা বড় অংশই নদী, রিভ্যারেইন। তার মাঝখান দিয়ে এপার থেকে ওপারে যাওয়া কিছুই না। আপনি যেমন বললেন 'সাইকেলে করে চলে যায় এপার থেকে ওপারে'। এখন, কাজটা খুব কঠিন কাজ। কিন্তু এটা আমাদের করতে হবে। কেননা, এই অনুপ্রবেশ রাজ্য সরকার সহ্য করতে পারছে না। যথেষ্ট। এনাফ ইজ এনাফ।

[6.00—6.10 p.m.]

আমাদের আপ্রাণ চেষ্টা করতে হবে এটা বন্ধ করার জন্য। আপনাকে আর দুটো কথা আমি বলবো, একটা হচ্ছে আপনি একটা কথা বললেন, ডাকাতি যেগুলো হয়েছে—স্কুলে এবং পৌরসভায়। শুধু টাকা নিচ্ছে না, মিউনিসিপ্যালিটির রেকর্ডস নিয়ে চলে যাচ্ছে—এটা আমি প্রথম শুনলাম, এর জন্য আমি এ ব্যাপারে খুবই গুরুত্ব দিচ্ছি। বার্থ সার্টিফিকেট নিয়ে চলে যাচ্ছে, তার মানে অন্য উদ্দেশ্য আছে, স্কুল থেকে পেপার্স নিয়ে চলে যাচ্ছে, এটা অন্য উদ্দেশ্য আছে। আমি কাল-পরশুর মধ্যে আমার সিনিয়র অফিসারদের সঙ্গে কথা বলবো। তাঁরা অবশ্য বলছেন, কৃষ্ণনগরের ৬ জনকে ধরেছে। আমি তো বুঝলাম, এটা খুব কাজের কাজ কিছু নয়। ৬ জনকে ধরেছে—কিন্তু আমি এটা আমাদের সিনিয়র অফিসারদের সঙ্গে কথা বলব। আর.এস.পি. সম্পর্কে যা বললেন—আমার কোন এস.পি. সম্পর্কে বিশেষ ভালোবাসা নেই, কারোর সঙ্গে নেই। এস.পি.-রা প্রোমোটেড হয়। আমার ইচ্ছেতে নয়—কে

এস.পি. হবেন, কে অ্যাডিশনাল এস.পি. হবেন, কে ডি.এস.পি. হবেন—এটা একটা নিয়ম ধরে চলে, তালিকা থাকে, কে আগে, কে পরে, সেই নিয়মে হয়। আপনার জেলার যিনি বর্তমান এস.পি., আমি ওঁনাকে অ্যাডিশনাল এস.পি. (২৪ পরগনা) এবং হাওড়া জি.আর.পি.এফ.-এর এস.পি. এই অবস্থায় চিনতাম, তার আগে আপনার জেলা ঘুরে এসেছেন তা আমি জানতাম না। আপনার কাছে আজকে শুনলাম। কিন্তু এস.পি. নিয়োগ করার সময় ওইসব দেখা হয় না। মাননীয় সুব্রতবাবু কয়েকটি কথা বলেছেন, গুরুত্বপূর্ণ। এটা আমিও খানিকটা অনুভব করি ঠিকই, একটা অংশের মানুষের থানা সম্পর্কে আস্থা যদি কমে যায়—এটা খুব বিপদের ইঙ্গিত। সেটা ফিরিয়ে আনার একটা পথ, থানাকে জনসংযোগ বাড়াতে হবে। জনসংযোগ মানে, থানা সেই কমিউনিটির সঙ্গে তার একটা প্রত্যক্ষ সম্পর্ক চাই। সেই এলাকার যে প্রমিনেট প্যারসোনালিটিস, সেই এলাকার ডাক্তার, ইঞ্জিনিয়ার, অধ্যাপক, পেশাদার ক্লাব, লাইব্রেরি, স্কুল কলেজ এসব কিছুর সঙ্গে যদি থানার একটা লিভিং, একটা জীবন্ত সম্পর্ক না থাকে তাহলে, জনসংযোগ না থাকলে এই আস্থাটা কমে। সঠিকভাবে বলেছেন, আমি আপ্রাণ চেষ্টা করছি। থানাভিত্তিক কমিটি করেছি, কমিটিগুলোকে মিটিং-এর রিপোর্ট নিয়মিত পাঠাতে বলেছি। থানা অ্যাডভাইসরি কমিটি, সেই অ্যাডভাইসরি কমিটি সব জেলায় হয়নি, আমি জানি। কলকাতায় বলছি, কলকাতায় এটা অ্যাকটিভ। সঠিকভাবে বলেছেন যে, পুলিশের মনোভাবের পরিবর্তন হওয়া উচিত। এটা ইংরেজের আমলের পুলিশ নয়, স্বাধীন দেশের পুলিশ—এগুলো যখনই আমি পুলিশ বাহিনীকে অ্যাড্রেস করি, পুলিশের কনফারেন্সে সিনিয়র অফিসারদের সব সময় একই কথা বলি। আপনি যা বললেন যে, 'স্বাধীন দেশের পুলিশ আপনাকে এটা মনে রাখতে হবে'। আর যেটা বললেন সেটা সঠিকভাবে আমি দেখছি। উনি বললেন, নেতাজিকে ১৯৩২ সালে নোয়াপাড়া থানায় গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয়েছিল—অন্তত সেখানে স্মারকলিপি কিছু হওয়া উচিত। অবশ্য আমি এই প্রস্তাব গ্রহণ করছি—এটা আমাদের এতদিন খেয়াল হয়নি, এটাই আমাদের অবশ্যই গ্রহণ করতে হবে। মাননীয় সদস্য শ্রী তপন হোড় মহাশয় দুটো গুরুত্বপূর্ণ কথা বলেছেন, একটা হচ্ছে যে, প্রাইভেট এজেন্সিকে কিছু করানো যায় কিনা। এর আইনের জটিলতা আছে, প্রাইভেট কেউ ডিটেকটিভ আছে, কলকাতাতেও আছে শুনেছি, তারা খুব কাজের নয়। কারণ এখন ক্রাইম এত উচ্চ পর্যায়ে উঠেছে যে, আমরা হিমসিম খাচ্ছি। প্রাইভেটদের আনা খুব মুশকিল, আবার আইনের জটিলতা খুব আছে, তাদের আপনি কতটুকু দায়িত্ব দেবেন সেটার ব্যাপারে তবু আপনার কথাটা আমি আলোচনা করব—অফিসারদের সঙ্গে। আর যেটা বললেন যে, বিভিন্ন ধরনের বিক্ষোভ। বিক্ষোভ তো এক নয়—রায়টিং মব্, একটা অন্যায় করছে, আবার একটা কৃষক বিক্ষোভ হচ্ছে, কি শ্রমিকদের দাবিদাওয়া নিয়ে কিছু হচ্ছে, কোনটার ক্ষেত্রে কী মনোভাব সেটা আপনার পুলিশকে ভালোভাবে ট্রেনিং দেওয়া উচিত। সঠিক, কোনো আন্দোলন ন্যায়সঙ্গত এবং কোনটা অন্যায় এটা পুলিশকে মোদ্দা কথা বুঝতে হবে, সেইভাবে ট্যাকেল করতে হবে। সেটা আপনি ঠিকই বলেছেন, এটা আমরা সতর্ক থাকব। মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয় একটা কথা বলেছিলেন, পুরুলিয়ার অস্ত্র মামলায় যাদের ধরা হয়েছিল—সবটা এখন সি.বি.আই.-র হাতে আমরা তুলে দিয়েছিলাম। আরম্ভ করে যখন দেখলাম অপরাধটা আন্তর্জাতিক, লন্ডনে

কন্সপিরেসি হল, করাচিতে আর্মস তুললো, সারা দেশের এয়ারপোর্টে ঘুরে বেড়াল—আমরা দেখলাম আমাদের পক্ষে সম্ভব নয়, সি.বি.আই.কে দিয়েছি। এখন সি.বি.আই. কার বিরুদ্ধে মামলা রাখবে, কার বিরুদ্ধে তুলে নেবে—এটা আমি কিছু বলতে পারবো না। এখন সি.বি.আই. যা করার করবে। ফরেনসিক—ঠিকই বলেছেন, সাম্প্রতিককালে একটা প্রস্তাব এসেছে, দিল্লি থেকে কিছু টাকা পাওয়া যাবে, একটা অত্যধিক আধুনিক ল্যাবরেটরি চাই আমাদের, ফরেনসিক ল্যাবরোটরি। এবং আমরা উদ্যোগ নিয়েছি, একটা জায়গা খুঁজে পেয়েছি। এখন সেটা খুব জরুরি হয়ে উঠেছে সেটা হচ্ছে ডি.এন.এ. টেস্ট এবং ডি.এন.এ. টেস্ট করলে সমস্ত, বেশিরভাগ ক্রাইম ব্রেক-থ্রু করা যায়। সেটার জন্য আমরা একটা চেষ্টা করে যাচ্ছি। আরেকটা কথা প্রায় শুনি, মাথাভারি প্রশাসনের কথা বলেন। আমি তো বসে সেখানে কতজন ডি.জি. হবেন সেটা ঠিক করি না, এ.ডি.জি. হবেন ঠিক করি না। ক্যাডার কমিটি একটা আছে, দিল্লিতে ক্যাবিনেট সাব-কমিটি তার কনভেনার। প্রত্যেক রাজ্যে ৫ বছর অন্তর মিটিং হয়, মিটিং হয়ে সেই রাজ্যে কজন ডি.জি. হবেন, যেমন—আমাদের রাজ্যে ৪ জন ডি.জি. আছেন। দুটো ক্যাডার পোস্ট, দুটো একস্ট্রা ক্যাডার পোস্ট—ওরা ঠিক করেন দিল্লি থেকে। সব রাজ্যেই ওরাই করেন। আমার ইচ্ছাতে ডি.জি. হয় না, আমার ইচ্ছেতে ১১ জন ডি.জি. হয় না। দিল্লি থেকে ঠিক করে তারাই। ক্যাবিনেট সেক্রেটারি হচ্ছে তার দায়িত্বে। আমাদের অফিসাররাও যায়, ওদের অফিসাররাও যায়, সেখানে বসে ঠিক হয়। সব রাজ্যেই একই ফর্মূলা। এগুলো আপনারা না জেনে বলেন আর কি। মুশকিল, পরিকাঠামো দুর্বল একথাটা অনেকেই বলেছেন। এটা তো এক কথায় আমায় মেনে নিতে হবে। আপ্রাণ চেষ্টা করছি থানা বাড়াতে, থানার গাড়ি, পুলিশ এটা বাড়াতে, আধুনিক অস্ত্র বাড়াতে। অল্প অল্প করে হচ্ছে। আমি এই মুহূর্তে যেখানে আমার সবচেয়ে বেশি থ্রেট পারসেপশান কোচবিহার, জলপাইগুড়ি, এদিকে মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া—এখানে আমরা খানিকটা বাড়িয়েছি। কিন্তু এখনও অনেক থানা আছে বাইফরেকেশান করতে হবে। নতুন থানা বাড়ি করতে হবে, আরও অনেক অনেক পুলিশ লাগবে, আরও অস্ত্র লাগবে। এই যে দেবপ্রসাদবাবু বললেন—ওটা কারেক্টলি আমাকে বলেছিলেন কিছুদিন আগেও সেই জয়নগরের মতন জায়গায় আমি ইলেকশনের আগে আমাদের সিনিয়ার অফিসারদের দুবার বলেছি—ওই বাসন্তী আর গোসাবা, কুলতলি আর জয়নগরে র‍্যাফ নিয়ে যেতে হবে। ওইখানে র‍্যাফ তো পাঠালাম কিন্তু সেনসেটিভ ১৭টি বুথে লাঠি নিয়ে পুলিশ গেল—এটা পরে জানলাম ওনার কাছে। ওটা আগে জানলে আমি আটকাতাম। কিন্তু পুলিশের অসুবিধা রয়েছে। এই যে ইলেকশন হয়ে গেল, ৩০ পারসেন্ট, আপনার সেন্টারের প্রায় ৩০ ভাগে লাঠি দিয়ে দিতে হয়েছে হোমগার্ড। কোনো উপায় নেই। পুলিশ নেই। দিল্লি থেকে তো দেয় না এইসব ইলেকশনে। তবুও ওই পিপ্‌ল্‌সওয়ার গ্রুপ দেখিয়ে দিল্লি থেকে কিছু নিয়ে এসেছিলাম এবং পাঠিয়েও দিয়েছিলাম জলপাইগুড়ি আর কিছুটা মেদিনীপুরে। তার বাইরে আমরা পারিনি করতে। (ভয়েস : রেশন নিয়ে বলুন) পুলিশের রেশন বন্ধ করে দিইনি। রেশন তুলে দিয়ে ফুড অ্যালাউন্স দিয়েছি। সঠিক কাজ করেছি। তার ওপরে ট্যাক্স বসে যাচ্ছে, ওইটা কী করে মাইনে থেকে সরিয়ে এনে অনুমতিটা নেওয়া যায়, এই নিয়ে ফাইনান্স ডিপার্টমেন্টে প্রস্তাব চলে গেছে। ওটা শর্ট আউট হয়ে যাবে। কোনো অসুবিধা হবে না। সব

পুলিশই ওটা গ্রহণ করে নিয়েছে। রেশনের নামে যা-তা কান্ড হত ওখানে, এখন এটা ঠিকই হয়েছে। এখানে আমার বক্তব্য আর দীর্ঘ করব না। আর দু-একটি কথা আমার আছে। একটা কথা বলি—এখানে তুলেছেন বিজ্ঞানের শিক্ষক মান্নান সাহেব। মান্নান সাহেবকে আমি বলছি যে, আপনাকে একদিন নিয়ে যাব গার্ডেনরিচে প্ল্যান্ট দেখাতে, ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট—সেখানে কি করে গঙ্গার জল, প্রায় বেনো জল, কলকাতার গঙ্গার যা চেহারা, সেখানে আসার পর কি করে সেই বেনো জল পরিষ্কার হয় ক্যালসিয়াম কার্বোনেট, অ্যালাম, ক্লোরিন এই তিনটি বেসিক কেমিক্যালস দিয়ে, গঙ্গার এই বেনো জল একেবারে শুদ্ধ জল হয়ে বেরিয়ে আসে। এই কেমিক্যালসগুলো নিয়ে যে মেকানিজ্‌ম ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, সেই ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট যদি কারোর থাকে তবে বামপন্থীদেরই আছে। বামপন্থীরা সেই বেনো জলকে শুদ্ধ জল করতে পারে। ওই রসায়ন ওদেরই হাতে আছে। আপনাদের গোটা ইতিহাসটা হচ্ছে বেনো জলের ইতিহাস। বেনো জল ঢুকছে, বেনোজল বেরোচ্ছে। আপনারা পারবেন না। ওই শুদ্ধ করার মেকানিজ্‌ম বামপন্থীদেরই হাতে আছে আমাদের আদর্শের জন্য। সব শেষে একটা কথা অনেকেই বলেছেন। এদিকে সরব সবাই, এই পঞ্চায়েত নির্বাচনে কী হল ? বিরোধী দলের নেতা মান্নান সাহেবকে সত্যিই বলতে হয়—তিনি আয়নায় নিজের মুখ দেখুন—কত হাজার আসনে প্রার্থী দিতে পারলেন না, আপনাদের সভাপতি সঠিক বলেছিলেন প্রণববাবু। আপনি বর্ধমান জেলার একটা গ্রাম পঞ্চায়েত, একটা পঞ্চায়েত সমিতির নাম বলতে পারেন—সেখানে আপনার প্রার্থী ঠিক করে ফেলেছিলেন, সে জমা দিতে পারেনি ? একটা নাম বলতে পারেন বর্ধমান জেলার ? আপনি একটাও নাম বলতে পারবেন না। কারণ বর্ধমান জেলায় আপনাদের কেউ পাতে দেবে না, আপনাদের কেউ ছুঁচ্ছে না। কি করব আমি ? আপনার প্রার্থী আমি বার করে দেব ? আপনার প্রার্থী কি আমি খুঁজে দেব ? বর্ধমান জেলার গ্রামে গ্রামে হিসেব করে দেখেছেন কত পারসেন্ট হারবে। হারবে দেখার পর তার মনের জোরই নেই দাঁড়াবার। কি করব আমি ? কি করব আমি ? আপনাদের প্রার্থী জোগাড় করে দেব ? আমি আপনাদের কাছে বলছি যে, সাধারণভাবে অন্য বছরগুলিতেও একটা সংখ্যা প্রার্থী পাওয়া যায় না, একটা অল্প সংখ্যা থাকে। ফাঁকা থাকে। অতীতেও থেকেছে। কিন্তু এবারের সংখ্যাটা একটু বেশি।

[6.10—6.16 p.m.]

ফাঁকা থাকে, অতীতেও থেকেছে ; কিন্তু এবারে সংখ্যাটা একটু বেশি। এর কারণ যেখানে আপনাদের পার্টি ভেঙে গিয়েছে সেখানে আর মানুষের মধ্যে আপনাদের প্রভাব নেই। জনগণ থেকে, বিশেষ করে গরিব মানুষদের থেকে আপনারা বিচ্ছিন্ন হয়ে গেছেন। আমি বর্ধমানে দেখেছি, নিরুপম আমাকে দেখালেন যে, আদিবাসীদের মধ্যে থেকে, সিডিউল্ড কাস্টদের মধ্যে থেকে কেউ আপনাদের প্রতিনিধি হতে চান না। গরিব মানুষরা মাথা তুলে দাঁড়িয়েছেন। তাঁরা আর কংগ্রেসকে ফেরত আসতে দেবেন না। কংগ্রেসকে নয়, তৃণমূল কংগ্রেসকেও নয়— এই হচ্ছে পশ্চিমবাংলার গরিব মানুষদের মনোভাব। সুতরাং আপনাদের মায়াকান্না কেউ শুনবে না। অতএব পঞ্চায়েত নির্বাচনের রায় থেকে শিক্ষা নিয়ে নিজেদের ঘর সাজান, ভাঙাভাঙিতে যাবেন না। এই কথা বলে সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 27

Mr. Speaker : I now put to vote all the cut motions except Cut Motions Nos. 89, 90, 91 and 92 on which I understand a Division will be demanded.

The motions (Cut Motion Nos. 2–4) that the amount of the demand be reduced by Re. 1/- and the motions (Cut Motion Nos. 54-70, 87, 88) that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motions (Cut Motion Nos. 89-92) that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following results :—

NOES

Abu Ayes Mondal, Shri
Abu Hasnat, Shri
Adhikary, Shri Nisith
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri
Bag, Shri Kartick Chandra
Bagdi, Shri Bijoy
Bagdi, Shri Kiriti
Barman, Shri Jogesh Chandra
Bauri, Shri Ramcharan
Bera, Shri Nityananda
Bhattacharjee, Shri Buddhadeb
Bhowmick, Shri Prafulla Kumar
Biswas, Shri Haripada
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Narayan
Biswas, Smt. Susmita
Bose, Shri Subrata
Chatterjee, Smt. Nirupama
Chattopadhyay, Shri Tapas
Chowdhuri, Smt. Asima
Choudhury, Shri Bansagopal
Chowdhury, Shri Nanigopal
Chowdhury, Shri Subhendu

Dal, Smt. Nanda Rani
Das, Shri Ananda Gopal
Das, Dr. Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Jajneswar
Das, Shri Paresh Nath
Das, Shri Ratan
Dasthakur, Shri Chittaranjan
Datta, Shri Binoy
Deb, Shri Goutam
Deb, Shri Rabin
Dey, Smt. Ibha
Dhar, Shri Padma Nidhi
Dutta, Shri Gurupada
Gayen, Shri Nripen
Ghosh, Smt. Manasi
Ghosh, Shri BhaktiPada
Ghosh, Smt. Chhaya
Ghosh, Shri Sunil Kumar
Ghosh, Shri Susanta
Goala, Shri Rajdeo
Hansda, Shri Upendra Nath
Hatial, Shri Bhabani Sankar
Hazra, Shri Samar
Hembrom, Shri Jadu
Hore, Shri Tapan
Jane Alam Mian, Shri
Kabi, Shri Pelab
Kalimuddin Shams, Shri
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju
Khan, Shri Sukhendu
Khanra, Shri Saktipada
Kisku, Shri Upen
Kundu, Shri Ranjit
Lakra, Shri Somra

Mafuja Khatun, Smt.
Maitra, Shri Banshi Badan
Majhi, Shri Nanda Dulal
Mal, Shri Nimai
Malick, Shri Shiba Prasad
Mandi, Shri Sambhu Nath
Mondal, Shri Biswanath
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Mohan
Md. Salim, Shri
Md. Yakub, Shri
Modak, Shri Dhananjoy
Mojibor Rahaman, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Braja
Mukherjee, Shri Manabendra
Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Pratyush
Mukhopadhyay, Shri Ashutosh
Nanda, Shri Brahmamoy
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Subhas
Nazmul Haque, Shri
Paik, Shri Sunirmal
Pakhira, Shri Ratan
Pal, Shri, Shyama Prosad
Pan, Shri Bhakta Ram
Routh, Shri Dibakanta
Roy, Shri Amalendralal
Roy, Shri Gobinda
Roy, Shri Gokul
Roy, Shri Lakshmi Kanta
Roy, Shri NripendraNath
Roy, Shri Samar
Saha, Shri Kripa Sindhu
Sahis, Smt. Bilasibala

Samanta, Shri Rampada
Sanatani, Smt, Mina
Saren, Shri Bhutnath
Sarkar, Shri DipakChandra
Sarkar, Shri Sailen
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sen, Shri Nirupam
Shamsul Islam Molla, Shri
Shaw, Dr. Pravin Kumar
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Illias Mohammad, Shri
Sk. Jahangir Karim, Shri
Sk. Majed Ali, Shri
Tudu, Shri Makar
Tudu, Shri Sadhu
Roy, Krishna Kishore
Sahu, A. K.

AYES

Mukherjee, Shri Sibdas
Abdul Mannan, Shri
Abu Hena, Shri
Dey, Shri Ajoy
Golam Kibria Miya, Shri
Mahabubul Haque (Badal), Shri
Mainul Haque, Shri
Mal, Shri Asit Kumar
Mitra, Shri Asit
Mukherjee, Shri Kamal
Sinha, Shri Atish Chandra

ABST

Sarkar, Shri Deba Prasad
Abu Taher Kahn, Shri

The Ayes being 11 and Noes 115, Abst. 2, the motions are lost.

The Motion of Dr. Asim Kumar Das Gupta moved on 26.03.2003 that a sum of Rs. 14,28,98,53,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads : "2015-Elections, 2052-Secretariat General Services, 2055-Police, 2070-Other Administrative Services, 2075-Miscellaneous General Services, 2235-Social Security and Welfare, 2245-Relief on Account of Natural Calamities, 2250-Other Social Services, 2575-Other Special Areas Programmes, 3451-Secretariat - Economic Services, 3454-Census, Serveys and Statistics, 4070-Capital Outlay on Other Administrative Services and 4575-Capital Outlay on Other Special Areas Programmes" during the year 2003-2004. This is inclusive of a total sum of Rs. 476,32,84,000 already voted on account.) was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.16.50 p.m. till 11 a.m. on friday, 11th July, 2003.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 11th July, 2003 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 04 Ministers of State and 102 Members.

[11.00—11.10 p.m.]

OBITUARY

Mr. Speaker: Hon'ble Members, before commencement of the business of the House I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Subodh Chandra Maity, former Member of West Bengal Legislative Assembly who breathed his last on the 3rd July, 2003 at his native place in the district of Purba Medinipur. He was 87.

Shri Maity was born on the 30th January, 1916 at Boroj in undivided Midnapur district. By profession he was a school teacher. He was the Headmaster of Manochara High School and subsequently he joined the Iswarpur B.M. Academy as the Rector and held that post till 1984. He actively participated in the freedom struggle of the country and during the 'Quit India' movement, he was compelled to be absconded. An eminent educationist Shri Maity devoted himself in spreading light of education amongst the rural community. He set up 'Laban Satyagraha pathagar' at Norghat and took active part for setting up Gokhury P.H.C. and Matangini Setu in his native district.

Shri Maity was elected to the West Bengal Legislative Assembly in 1952, 1957, 1962 and 1969.

At the demise of Shri Maity the State has lost a veteran politician and an ardent social worker.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage, the Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you Ladies and Gentlemen.

Principal Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Starred Questions
(to which oral answers were given)

টোল ট্যাক্স

*২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৭০) শ্রী আবদুল মান্নান : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি সেতু থেকে টোল ট্যাক্স আদায় করা হয় ;

(খ) ১৯৯৮-১৯৯৯ থেকে ২০০২-২০০৩ (জানুয়ারি, ২০০৩ পর্যন্ত) আর্থিক বছরে উক্ত সেতুগুলি থেকে আদায়ীকৃত ট্যাক্সের পরিমাণ কত ;

(গ) উক্ত সেতুগুলি রক্ষণাবেক্ষণের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ কত ; এবং

(ঘ) টোল ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে ?

শ্রী অমর চৌধুরী :

(ক) পূর্ত বিভাগের অধীন ১২টি সেতু ও ১টি সড়ক থেকে এবং পূর্ত (সড়ক) বিভাগের অধীন ৫টি সেতু থেকে টোল ট্যাক্স আদায় করা হয়।

(খ) পূর্ত বিভাগের অধীন সেতু ও সড়ক থেকে টোল ট্যাক্স আদায়ের পরিমাণ (১৯৯৮-৯৯ থেকে ২০০১-২০০২ পর্যন্ত) মোট ১৮,০৯,১০,৩১৫.০০ টাকা এবং পূর্ত (সড়ক) বিভাগের অধীন সেতুগুলি থেকে ২০০২-০৩ পর্যন্ত উক্ত ট্যাক্স আদায়ের পরিমাণ ৫,৯৩,২৭,৭৪৮.০০ টাকা।

(গ) পূর্ত বিভাগে এরূপ ব্যয়ের পৃথক হিসাব রাখার ব্যবস্থা নেই। পূর্ত (সড়ক) বিভাগে এরূপ ব্যয়ের পরিমাণ ১,৮১,৮০,৯৯৩ টাকা।

(ঘ) সম্প্রতি টোল ট্যাক্স হার বৃদ্ধি করা হয়েছে। এছাড়া পূর্ত (সড়ক) বিভাগের নব নির্মিত কয়েকটি সেতু থেকে টোল আদায় করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন সেটা ১৯৯৮-৯৯ থেকে ২০০২-০৩ সাল এই ৪ বছরের একসঙ্গে উত্তর দিয়ে দিলেন। ফিনান্সিয়াল ইয়ার ওয়াইজ

যদি বলেন তাহলে সুবিধা হয়। তাহলে টোল ট্যাক্স. কিভাবে কমছে ইয়ার ওয়াইজ সেটা বোঝা যাবে।

শ্রী অমর চৌধুরী : এই মুহূর্তে দিতে পারছি না।

শ্রী আবদুল মান্নান : একটা জিনিস দেখতে পাচ্ছি ৪ বছরে ১৮ কোটি ০৯ লক্ষ ১০ হাজার ৩১৫ টাকা টোল ট্যাক্স থেকে পি. ডবলু. ডি. কালেকশান করেছে। লাস্ট ইয়ারে ২০০২-০৩ সালে ৫ কোটি ৯৩ লক্ষ ২৭ হাজার ৭৪৮ টাকা কালেকশান করেছেন। অর্থাৎ ৪ বছরে ১৮ কোটি টাকার মতো এবং শেষ ১ বছরে ৬ কোটি টাকা। অর্থাৎ আপনি যদি দেখেন তাহলে দেখতে পাবেন টোল ট্যাক্সের রেসিওটা কমে যাচ্ছে। এর কারণটা আপনি বলবেন কি ?

শ্রী অমর চৌধুরী : আপনি একটু বুঝতে ভুল করেছেন। আপনি একটু দেখুন আগে যেটা বলেছি সেটা ২০০২ সাল পর্যন্ত পি. ডবলু. ডি., বাকিটা ৫ কোটি ৯৩ লক্ষ টাকা পূর্ত সড়ক থেকে, এটা ২০০৩ সাল পর্যন্ত। সড়ক এবং পি. ডবলু. ডি. আলাদা করে বলে দেওয়া হয়েছে। পি. ডবলু. ডি.-র ১২টি সেতুর জন্য এবং সড়কের ৫টি সেতুর জন্য।

শ্রী আবদুল মান্নান : আপনি বলেছেন পূর্ত বিভাগের যে সেতু তার থেকে আদায় ২০০১-০২ পর্যন্ত। আমি চেয়েছি ১৯৯৮-৯৯ সাল থেকে ২০০২-০৩ পর্যন্ত।

শ্রী অমর চৌধুরী : পি. ডবলু. ডি.-র সেতু থেকে আদায় ২০০৩ সাল পর্যন্ত এটা এসে পৌঁছায়নি। সড়কে এসেছে সেটা আমি ২০০৩ সাল পর্যন্ত বলে দিয়েছি।

শ্রী আবদুল মান্নান : আপনি দিলেন না কেন ? আমি তো আপ টু ডেট চেয়েছি।

শ্রী অমর চৌধুরী : শেষের বছরের পি. ডবলু. ডি. বিভাগের হিসাবটা এসে পৌঁছায়নি। ২০০২-০৩ সালের সড়কের হিসাবটা এসেছে, সেটা আমি দিয়ে দিয়েছি। সড়কের যেটা দেওয়া হয়েছে সেটা ২০০৩ সাল পর্যন্ত এবং পি. ডবলু. ডি.-র ২০০২ সাল পর্যন্ত দিয়েছি।

[11.10—11.20 p.m.]

শ্রী আব্দুল মান্নান : আপনি পি. ডবলু. ডি.-র যেটা দিয়েছেন, সেটা ২০০২'এর ফিনান্সিয়াল পর্যন্ত দিয়েছেন। আপনি আপ-টু-ডেট দিতে পারেননি। কিন্তু রোডস্'এর যেটা দিয়েছেন, সেটা '৯৮ পর্যন্ত দিয়েছেন।

শ্রী অমর চৌধুরী : ১৯৯৮-'৯৯ থেকে ২০০২-'০৩ পর্যন্ত বলা আছে। ২০০২ সালেরটা বলা নেই, 'পর্যন্ত' বলে বলা আছে।

শ্রী আব্দুল মান্নান : যারা টোল ট্যাক্স আদায় করে, আপনাদের অভিজ্ঞতা আছে, সবাই রাস্তায় ঘোরেন, দেখেন, এক শ্রেণির অসাধু আদায়কারী কি ভাবে আদায় করেন। আমি আপনাকে স্পেসিফিক বলছি, মুণ্ডেশ্বরী ব্রিজে বালি ভর্তি যে লরিগুলো আসে, তারা পুরো

টাকা দেয় না। তাদের মাসোহারা করা আছে। এই ব্যাপারে আপনি ভিজিলেন্সের ব্যবস্থা করেছেন কিনা ?

শ্রী অমর চৌধুরী : আমরা অধিকাংশই প্রাইভেট এজেন্সিকে দিয়ে দিয়েছি টেন্ডারের মাধ্যমে। দু'একটি জায়গায় আমাদের বিভাগ থেকে আদায় করা হয়। আপনার অভিযোগ অসত্য, আমি এই কথা বলবো না। তবে এ সম্বন্ধে আমরা মাঝে মাঝে এনকোয়ারি করি। আপনার স্পেসিফিক কিছু থাকলে বলবেন, আমরা দেখবো। শ্রী আব্দুল মান্নান : দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়েতে বন্ধ আছে বলে শুনেছি। এখন কি ওখানে আদায় হচ্ছে ?

শ্রী অমর চৌধুরী : না, রোডস্'এর ওপরে আমাদের আদায় হচ্ছে না।

শ্রী আব্দুল মান্নান : কারণটা কি ? কিছু কিছু জায়গায়, নরেনবাবু জানেন, চুঁচুড়া থেকে ধনেখালিতে জোর করে নেওয়া হচ্ছে। সিঙ্গুরেও জোর করে নেওয়া হচ্ছে। কয়েকদিন আগে একজন ডাক্তারের গাড়ি থেকে আদায় করা নিয়ে মারামারিও হয়েছে।

শ্রী অমর চৌধুরী : আপনি সঠিকভাবে বললে আমরা এনকোয়ারি করবো। তবে আমাদের ডিপার্টমেন্ট থেকে রোডস্'এর ওপরে ট্যাক্স আদায়ের কোনো সিদ্ধান্ত নেই।

শ্রী আব্দুল মান্নান : দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে, এটা ন্যাশানাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়ার, এই রাস্তায় আদায় হচ্ছে কিনা, আপনি বলতে পারবেন না ?

শ্রী অমর চৌধুরী : এন.এইচ.এ.আই.'এর যে অংশ, সেখানে তারা নিতে পারে। তাদের সঙ্গে আমাদের কোনো সম্পর্ক নেই। এটা আমাদের নজরে থাকবে না। এন.এইচ.এ.আই. দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে'এর যে অংশ নিয়ে নিয়েছে, সেখানে আমাদের কিছু করার নেই। এন.এইচ.এ.আই. কেন্দ্রীয় সরকারের সংস্থা। তাদের কাছে হ্যান্ড ওভার করা হয়েছে। আপনি বললে আমি খবর নিতে পারি। তবে এতে আমাদের কিছু করার নেই।

শ্রী পদ্মনিধি ধর : বিদ্যাসাগর সেতু যেটা আছে, এটা আপনারা রক্ষণাবেক্ষণ করেন, এটা এর মধ্যে পড়ে কিনা ? পড়লে, ওখানে যে টোল ট্যাক্স আদায় হয়—আমরা জানি, হুগলি রিভার ব্রিজ কমিশনার্স ট্যাক্স কালেকশন করে। ওদের অনেক টাকা বাকি আছে, সেটা পরিশোধ করতে হচ্ছে। যতদিন না টাকাটা শোধ হচ্ছে ততদিন পরিশোধ করতে হচ্ছে। ইতিমধ্যে কত পরিমাণ টাকা আদায় হয়েছে ? বিদেশি কোম্পানি যারা ব্রিজটি করেছিল, তাদের কাছে আর কত বাকি আছে ?

শ্রী অমর চৌধুরী : আমি দুঃখিত, আপনাকে আমি উত্তরটা দিতে পারবনা। এটা ট্রান্সপোর্ট বিভাগের অধীনে। এইচ.আর.বি.সি. এটা করে থাকে। আপনি তাদের জিজ্ঞাসা করবেন।

শ্রী শিবপ্রসাদ মালিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে জানতে চাইছি যে মুণ্ডেশ্বরী নদীর উপর যে রামমোহন সেতুটি আছে, সেটায় দীর্ঘদিন ধরে বাস বা গাড়ি টোল দিচ্ছে না। এটা আমি যা শুনেছি ৩ টাকা থেকে ১০ টাকা টোল বাড়ানো হয়েছে, সেটাই কারণ কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী অমর চৌধুরী : এই যে বাড়ানো হয়েছে, সেটা আমাদের প্রত্যেকটি জিনিসের যেমন বেড়েছে, অটো, বাস, লরির ক্ষেত্রে বেড়েছে, কিন্তু সেখানে তারা টোল দিচ্ছে না, এটা আমার কাছে খবর নেই, খবর নিয়ে, আমি উপযুক্ত ব্যবস্থা করবো।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি বলছিলেন যে পি.ডাবলিউ.ডি.-র ১২টি সেতু এবং রোডস-এর ৫টি সেতু আছে, এইগুলির নাম বলবেন কি, কোন কোন সেতু এর মধ্যে আছে ?

শ্রী অমর চৌধুরী : আমি নামগুলি বলছি, আপনারা শুনে নিন।

- Nalini Bagchi Setu under Murshidabad Highway Division-I, PW(R),
- Iswargupta Setu under Hooghly Divn.-II, PW(R),
  Gouranga Setu under Burdwan Highway Division-I, PW(R),
- Kashiram Das Setu under Burdwan Highway Divn.-III under PW(R) Dept.,
- Lochon Das Setu under Burdwan Highway Divn.-III, PW(R), and Bridge over Ichhamati at Sangrampur under Barasat Highway Divn. No. 1, PW(R) Dept.

Further,

- Bridge over river Bhagirathi at Jangipur under Murshidabad Highway Divn.-I,
- Bridge over river Damodar under Uluberia—Shyampur Road at Garchumuk under Howrah Highway Divn.
- Bridge over river Tangan at Aiho on Malda—Bulbulchandi Road under Malda Highway Divn.,
- Bridge over river Mahananda at Alalghat at Gazol—Samshi Road under Malda Highway Divn.,
- Rabindra-Nazrul Setu at Pandaveswar under Birbhum Highway Divn.,
- Aban Setu at Vedia under Burdwan Highway Divn. No. III,
- Bridge over river Gilandi on Dhupguri—Falakata Road under Jalpaiguri Highway Divn.
- Bridge over river Dharala near Changrabandha on SH 12A under Coochbehar Highway Divn.,
- Bridge over river Torsa on 5th Km of Coochbehar—Dinhata Road under Coochbehar Highway Divn.,
- Bridge over River siltorsa on NH-31 under Jalpaiguri Highway Divn.,

- Bridge over river Damodar at Desergarh under Burdwan Highway Divn. No. II,
- Bridge over river Damodar at Karlaghat under Burdwan Highway Divn. No. II,
- Bridge over river Tangan at Bansihari on Buniadpur—Balurghat Road under South Dinajpur Highway Divn., and
- Tilpara Barrage under Birbhum Highway Divn., P.W.(R) Dept.

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। আপনি বলেছেন, ১২ আর ৫ মোট ১৭টি সেতু থেকে টোল ট্যাক্স আদায় হয়। বেসরকারি সংস্থা দ্বারা ও সরকারি সংস্থা দ্বারা হয়। আপনার কাছে আমার স্পেসিফিক প্রশ্ন, বেসরকারি সংস্থাগুলিকে নিয়োগ করার কি পদ্ধতি আছে আর বেসরকারি সংস্থার কালেকশান আর সরকারি সংস্থার কালেকশান-এর কোনো তারতম্য আছে কিনা, দয়া করে বলবেন কি ?

শ্রী অমর চৌধুরী : নিয়োগ করা হয় টেন্ডারের ভিত্তিতে যে নিয়ম আছে সেই ভিত্তিতে। আর তারতম্য করা যাবে না, কারণ কোনো ব্রিজের উপর দুটো সিস্টেম নেই, তাই তারতম্য করা সম্ভব নয়।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে ব্রিজগুলি থেকে ট্যাক্স আদায় করা হচ্ছে, এই টাকা দিয়ে নূতন কোনো ব্রিজ করবার কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী অমর চৌধুরী : এই টাকা সম্পূর্ণভাবে আমাদের জেনারেল রেভিনিউতে যুক্ত হয়। সুতরাং এই টাকা দিয়ে আলাদা করে করার কোনো প্রশ্ন নেই। আমাদের টাকা যখন যেমন প্রয়োজন হয় সেই টাকা ফিনান্স ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়।

[11.20—11.30 p.m.]

শ্রী জানে আলম মিঞা : আপনার দপ্তর থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে ২০০০ সালের পরে যেসব নতুন ব্রিজ হয়েছে সেগুলো থেকে টোল ট্যাক্স আদায় করা হবে না। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় যদি বলেন তাহলে ভালো হয়।

শ্রী অমর চৌধুরী : সমস্ত নতুন ব্রিজ হলেই সেখানে আমরা টোল ট্যাক্স আদায় করব তা নয়। একটা রাস্তার উপরে একাধিক ব্রিজ হতে পারে। সুতরাং ব্রিজের ভায়াবিলিটি এবং ট্রাফিক সার্ভে করে এবং মানুষের কথা ভেবে টোল ট্যাক্স বসানোর ব্যবস্থা হয়।

ডঃ শম্ভুনাথ মাণ্ডি : প্রথম বামফ্রন্ট সরকারের আমলে সুবর্ণরেখা নদীর উপরে একটা বড়ো সেতু নির্মাণ করা হয়েছিল বেঙ্গল ও উড়িষ্যার মধ্যে যোগাযোগ রক্ষা করার জন্য। নদীর একপাশে নয়াগ্রাম এবং অন্যপাশে গোপীবল্লভপুর। সেতুটির নাম দেওয়া হয়েছিল 'সিধু-কানু-বিরসা' সেতু। এতবড়ো একটা ভালো সেতু, সেটা কি পজিশানে আছে এবং তার যত্ন নেওয়া হচ্ছে কিনা সেটা জানাবেন কি ?

শ্রী অমর চৌধুরী : এটা আমার পক্ষে বলা মুশকিল। এই ব্যাপারে আমাকে চিঠি দিলে আপনাকে আমি জানিয়ে দেব।

ডঃ শম্ভু নাথ মাণ্ডি : সেতুটি অনেক কষ্ট করে বানানো হয়েছিল। এই সেতুটির দিকে নজর দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

সামুদ্রিক সম্পদ রপ্তানি

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সামুদ্রিক সম্পদ রপ্তানি করে বিদেশি মুদ্রা অর্জনে এ রাজ্যের সাফল্য উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে ; এবং

(খ) সত্যি হলে, বিগত ২০০০-০১ এবং ২০০১-০২ আর্থিক বছরে রপ্তানিকৃত মোট সামুদ্রিক সম্পদ ও অর্জিত মোট বিদেশি মুদ্রার পরিমাণ কত ছিল (বছরওয়ারি) ?

শ্রী কিরণময় নন্দ :

(ক) হ্যাঁ ১৯৯২-৯৩ সালে রপ্তানি ছিল ৯,৫৬২ মেট্রিক টন যার আর্থিক মূল্য ১৮৩.৬৭ কোটি টাকা।

(খ)

সাল	উৎপাদনের পরিমাণ	রপ্তানির পরিমাণ	বিদেশি মুদ্রা আয়
২০০০-২০০১	৪০,০২০ মেঃ টন	১৮,৫২০ মেঃ টন	৫৮৫.৭৫ কোটি টাকা
২০০১-২০০২	৪০,১৯৫ মেঃ টন	১৭,৬৯৩ মেঃ টন	৫২৪.৯১ কোটি টাকা

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই যে সামুদ্রিক সম্পদ রপ্তানি করে যে আয় হচ্ছে সেটা কেন্দ্রীয় সরকার পাচ্ছেন। তার কোনো অংশ রাজ্য সরকার পাচ্ছে কি ? যদি পেয়ে থাকে তাহলে ওই দুটো আর্থিক বছরে রাজ্য সরকার কত অর্থ পেয়েছে ?

শ্রী কিরণময় নন্দ : বৈদেশিক মুদ্রা আয় করেন কেন্দ্রীয় সরকার এবং এই মুহূর্তে পণ্য রপ্তানি যার মাধ্যমে হয় তার নাম হচ্ছে 'মেরিন প্রডাক্ট এক্সপোর্ট ডেভলপমেন্ট অথরিটি'। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তারা বৈদেশিক মুদ্রা আয়ের একটা অংশ পেয়ে থাকে। অত্যন্ত দুর্ভাগ্যের কথা আমাদের রাজ্যে তারা নামমাত্র অর্থ খরচ করেন এবং যে টাকা খরচ করেন সেই ব্যাপারে রাজ্য সরকার অবগত নন।

আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয়, এই রাজ্য থেকে রপ্তানি করা সামুদ্রিক সম্পদ থেকে যা আয় হচ্ছে, দুর্ভাগ্যের কথা, এর থেকে রাজ্য সরকার কিছুই পাচ্ছে না।

আমি জানতে চাইছি, এই যে সামুদ্রিক সম্পদ রপ্তানি হয়, সেইগুলো কি কি এবং এইগুলো যথেচ্ছ ভাবে সমুদ্র থেকে ধরা বা সংগ্রহ করার ক্ষেত্রে কোনো বিধিনিষেধ আছে কিনা।

শ্রী কিরণময় নন্দ : পরিকাঠামো কিছুই এখানে ওরা করে না। আমরা শুনেছি, ওরা যা খরচ করে তা দক্ষিণ ভারতেই। পশ্চিমবাংলা থেকে আমরা বারবার দাবি করেছি, এখান থেকে যে পরিমাণ রপ্তানি হয় এবং বৈদেশিক মুদ্রা অর্জিত হয়, তার একটা অংশ যেন আমাদের দেওয়া হয়। তার কোনো সদুত্তর পাইনি। আমাদের প্রত্যেক বছর রপ্তানি এবং তার থেকে আয় বেড়েই চলেছে। সেইজন্য ১৯৯২-৯৩ পরিসংখ্যান দিয়ে ২০০২-০৩ সালের পরিসংখ্যানটা দিলাম। ২০০১-০২ সালে কিছু কমে গিয়েছিল। কেননা, ২০০১ সালের ১১ই সেপ্টেম্বরে বিশ্ব বাণিজ্য সংস্থা গুঁড়িয়ে যাওয়ার পর বিশ্ব জুড়ে মন্দা দেখা যায় এবং রপ্তানিও কমে যায় আমাদের এখান থেকে। সামুদ্রিক মাছ যা রপ্তানি হয়, তার মধ্যে চিংড়ি এবং অন্যান্য মাছ আছে। আমাদের এক্তিয়ারে আছে ১৫ নটিক্যাল মাইল সমুদ্র, তার পরেই কেন্দ্রীয় সরকারের মধ্যে পড়ে। আর ১৫ নটিক্যাল মাইলের পরেই যন্ত্রচালিত নৌকো বা ট্রলার যায় মাছ ধরতে। যে-সব মাছ বেশি দামের, যেগুলো রপ্তানি হয় এবং যে মাছ আমরা খাই, তাদের ব্রিডিং টাইম এই বর্ষাকাল, আমরা দাবি করেছিলাম, এই আগস্ট মাস পর্যন্ত ট্রলিংটা বন্ধ করা হোক। কিন্তু তারা বিধিনিষেধ আরোপ করেছে এপ্রিল, মে মাস পর্যন্ত। এই সময় সমুদ্র উত্তাল থাকে বলে ট্রলার বা নৌকো যায় না। মনে হয়, বিদেশি কোম্পানিগুলো যেহেতু কোটি কোটি টাকা দামের ট্রলারে করে মাছ ধরে, এবং যেহেতু তারা জুন মাস থেকে সমুদ্রে মাছ ধরে, সেইজন্য এই বিধিনিষেধ আরোপ করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অনীহা আছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : সামুদ্রিক সম্পদ রপ্তানি করে যে উল্লেখযোগ্য বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে, সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কোনো সাহায্য বা সহযোগিতা পাওয়া যাচ্ছে না। তা সত্ত্বেও আপনি বলেছেন, বাজেট ভাষণেও বলেছেন—সামুদ্রিক সম্পদের সংগ্রহ ও রপ্তানির ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য আনতে একটা 'কমন ফেসিলিটি সেন্টার' আন্তর্জাতিক মানের গড়ে তোলার পরিকল্পনা নিচ্ছেন। সেই পরিকল্পনা নিয়েছেন কিনা এবং নিলে তার অগ্রগতি কিরূপ ?

শ্রী কিরণময় নন্দ : যেটা আমরা করছি, সেটা আমাদের দেশে কেন, সমগ্র এশিয়াতেও আছে কিনা আমি জানি না। কমন ফেসিলিটি সেন্টার, মৎস্য রপ্তানি কেন্দ্র আমরা গড়ে তুলেছি। কলকাতা কর্পোরেশন এরিয়ার 'চকগেড়িয়াতে', সত্যজিত রায় ইনস্টিটিউটের পাশে, প্রায় ২৫ কোটি টাকা ব্যয়ে গড়ে তুলছি। তার কাজ সম্পূর্ণ করব ২০০৩ সালের মধ্যে। তার গুণগত মান যেমন বজায় রাখতে পারব তেমনি এটি ভারতবর্ষের একটি গর্বের বিষয় হবে।

শ্রী নৃপেন গায়েন : মৎস্যজীবীরা মাছ ধরতে গিয়ে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে পতিত হয়ে ক্ষতিগ্রস্থ হন—তাদের মাছ ধরার জিনিসপত্র, নৌকো, ক্ষতিগ্রস্থ হয়, কখনো কখনো কেউ কেউ নিরুদ্দেশ হন, এমনকি জীবনহানিও ঘটে, তাদের উদ্ধারের দায়িত্ব রাজ্য সরকারকেই বহন করতে হয়। সেই সমস্ত ক্ষতিগ্রস্থ মৎস্যজীবী পরিবারকে রাজ্য সরকার কোনো আর্থিক

সাহায্য করেন কি ? অথবা কোনো জিনিসপত্র যেমন জাল, নৌকা ক্ষতি হয়েছে সে সব জিনিসের ক্ষতিপূরণের দায়িত্ব কেন্দ্রীয় সরকার বহন করেন কিনা ?

[11.30—11.40 a.m.]

শ্রী কিরণময় নন্দ : আমাদের রাজ্যে যেসব মৎস্যজীবী সমুদ্রে মাছ ধরতে যান বা নদীতে মাছ ধরতে যান বা কোনো জলাশয়ে মাছ ধরতে যান তাঁরা নিখোঁজ হলে, মারা গেলে বা হারিয়ে গেলে তাদের পরিবারকে ৫০ হাজার টাকা দেওয়া হয়। আমাদের রাজ্যে মৎস্যজীবীরা বিমার আওতার মধ্যেই আছেন। এবারে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে সমুদ্রে যেসব মৎস্যজীবী মাছ ধরতে যান রাজ্য সরকারের বিমা ছাড়াও, যন্ত্রচালিত ট্রলারের মালিককে তার প্রত্যেক মৎস্যজীবীদের জন্য বিমা করতে হবে ন্যূনতম ১ লক্ষ টাকা।

শ্রী নাজমুল হক : আমাদের রাজ্যের উপকূল এলাকায় যেসব ধীবর সমবায় সমিতি রয়েছে, তারা মৎস্য সম্পদ অন্যান্য সম্পদ সংগ্রহের জন্য আপনার দপ্তর কতগুলো ট্রলার সংগ্রহ করে দিয়েছে এবং এর অর্থমূল্য কত ?

শ্রী কিরণময় নন্দ : সমবায় ভিত্তিক ৭শো যন্ত্রচালিত নৌকা আমরা সমবায় সমিতিকে দিয়েছি এবং এর আর্থিক মূল্য বিভিন্ন সময়ে বিভিন্ন রকম। যখন এটা টু সিলিন্ডার ছিল তখন এটার দাম ছিল ৮০ থেকে ৯০ হাজার টাকা, ফোর সিলিন্ডার হলে তার অর্থমূল্য হল ৫ থেকে ৬ লাখ টাকা, পরবর্তীকালে যখন সিক্স সিলিন্ডার হল তখন তার অর্থমূল্য ধাপে ধাপে প্রায় ১৫ থেকে ১৬ লক্ষ টাকা হলো। এখন এই যে টাকা সমবায় সমিতির মাধ্যমে মৎস্যজীবীদের দেওয়া হয় তার ৫০ থেকে ৬০ ভাগই হচ্ছে অনুদান। অর্থাৎ এই যন্ত্রচালিত নৌকা অর্থমূল্য পড়ে মাত্র সাড়ে ৫ লাখ।

শ্রী রামপদ সামন্ত : আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে সামুদ্রিক সম্পদ রপ্তানি করে সরকার ভালো ইনকাম করেন। এর জন্য মৎস্যজীবীরাও প্রচণ্ড পরিশ্রম করেন। সরকার থেকে তাদের নানাবিধ উপকরণ দিয়ে সাহায্য করা হয়। আমার প্রশ্ন হচ্ছে ট্রলার ছাড়া আর কি কি উপকরণ দিয়ে তাদের সাহায্য করা হয়।

শ্রী কিরণময় নন্দ : ৪ হাজার যন্ত্রচালিত নৌকা সমুদ্রে মাছ ধরতে যায়। এইগুলো ব্যক্তিগত মালিকানাধীন, সমিতি পরিকাঠামো তৈরি করে দেয়। দুটো মৎস্য বন্দর তৈরি করে দেওয়া হয়েছে শংকরপুর আর ডায়মন্ড হারবারে। ফ্রেজারগঞ্জে করছি। কাকদ্বীপে মৎস্য বন্দরের অনুমোদন পাওয়া গেছে। আমরা পেটোয়া, রামগঙ্গাপাথর সাগর, রায়দীঘি এইভাবে ৭টা মৎস্য বন্দর আমরা তৈরি করব। তাছাড়া, কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের একটা চুক্তি হয়েছিল আমাদের দুটো জায়গা ফ্রেজারগঞ্জ, শংকরপুর, সমুদ্রে মাছ ধরতে যান সাউথ ২৪ পরগনা সুন্দরবন এলাকার মানুষ কাঁথি, মেদিনীপুরের মানুষ তাদের সঙ্গে সমুদ্রে যোগাযোগের ব্যবস্থা রক্ষা করার জন্য দুটো জায়গায় ওয়্যারলেসের ব্যবস্থা করে দেবেন। যদিও এটা হয়েছে কিন্তু ৫ বছর পরেও ২০ কিলোমিটারের বেশি দূরত্বে তাদের সঙ্গে যোগাযোগ করা যায় না। ৭০ থেকে ৮০ কিলোমিটার পর্যন্ত গভীর সমুদ্রে তাদের সঙ্গে যাতে

যোগাযোগ রক্ষা করা যায় তার জন্য আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি আমাদের দপ্তর থেকে দুটো জায়গায় ওয়্যারলেস কেন্দ্র স্থাপন করব, যাতে গভীর সমুদ্রে যারা যায় তাদের সঙ্গে যোগাযোগ করতে পারি। এছাড়াও লাইফ জ্যাকেটের ব্যবস্থা করতে হবে। রেজিস্ট্রেশন, ভোটের রেজিস্ট্রেশন, নামের তালিকা, কমপক্ষে এক লক্ষ টাকার বিমা এইগুলো করতে হবে।

শ্রী তমাল মাঝি : মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে জানতে চাইছি যে সামুদ্রিক মৎস্য ছাড়া অন্য কোনো সামুদ্রিক সম্পদ রপ্তানি করা যায় কিনা ? বা যদি হয় তাহলে কি পরিমাণ বিদেশি মুদ্রা অর্জন করা সম্ভব হয় ?

শ্রী কিরণময় নন্দ : আমাদের এখান থেকে সামুদ্রিক মৎস্য রপ্তানি করা হয়। অন্য সামুদ্রিক বস্তুও রপ্তানি করা যায় কিন্তু আমাদের রাজ্য থেকে রপ্তানি করা হয়নি।

শ্রী সমর হাজরা : অতিরিক্ত প্রশ্ন, আমি জানতে চাইছি মৎস্যজীবীরা সমুদ্রে ১০০ কিঃমিঃ দূরে মাছ ধরতে যায়। অনেক সময় দেখা যায় বা শোনা যায় খালি ট্রলার ফিরে আসছে। এমন কিছু যন্ত্রের সাহায্যে জানতে পারা যায় কিনা যে কত দূরে কি ধরনের মাছ কোন দিকে আছে ? তাহলে মৎস্যজীবীদের সুবিধা হয়। শুনেছি অন্য জায়গা থেকে স্যাটেলাইটের মাধ্যমে জানা যায়।

শ্রী কিরণময় নন্দ : আমেদাবাদে স্যাটেলাইটের মাধ্যমে বা উপগ্রহের মাধ্যমে জানা যায়, ওরা আমাদের ফ্যাক্স করে জানায়। যখন ওয়েদার ভালো থাকে আমরা মৎস্যজীবীদের জানাতে পারি, কিন্তু মেঘলা ওয়েদার থাকলে আমরা জানাতে পারি না, কারণ স্যাটেলাইট পিকচারটা পরিষ্কার আসে না। মুশকিল হয় গভীর সমুদ্রে যখন মৎস্যজীবীরা থাকে তখন তাদের কাছে স্যাটেলাইট পিকচার পৌঁছে দেওয়ার। তাই তখন যারা উপকূল থেকে রওনা হয় তাদের কাছে আমরা খবর দিয়ে দিই। কিন্তু কি কি মাছ আছে সেটা জানা সম্ভব হয় না।

শ্রী রবীন্দ্র ঘোষ : অতিরিক্ত প্রশ্ন, গত বছরে আবহাওয়া দপ্তরের খবর না পেয়ে যারা সমুদ্রে মাছ ধরতে গিয়েছিলেন তার মধ্যে আমার এলাকার ১৬ জন মারা গিয়েছে। তারা ২০ হাজার টাকা করে পেয়েছিল আর সরকারি সাহায্য পেয়েছিল। যার ট্রলার ডুবে গেল সে কিন্তু কিছু পায়নি। আপনার কাছে আমার অনুরোধ যার ট্রলার ডুবে গেল আপনার দপ্তর থেকে তাকে সাহায্য করার কোনো ব্যবস্থা করবেন কিনা ?

শ্রী কিরণময় নন্দ : গতবারে হঠাৎ সামুদ্রিক ঝড়ে কেবলমাত্র হাওড়া থেকেই ১৬ জন নয় আমাদের রাজ্য থেকে ৭৫ জন নিখোঁজ হয়েছে, তার মধ্যে মাত্র ৩টি দেহ উদ্ধার হয়েছে, বাকিরা হারিয়ে গেছে। ২০ হাজার টাকা করে রাজ্য সরকার থেকে পেয়েছেন, বিমা কোম্পানি থেকে ৫০ হাজার টাকা করে পাবেন। তাদের সমস্ত কাগজপত্র আমরা বিমা কোম্পানিকে পাঠিয়ে দিয়েছি। তবে যার ট্রলার ডুবে গেছে তিনি ইনসিওর করে থাকলে বিমা কোম্পানি থেকে টাকা পাবেন। আমরা জীবনবিমা করেছি, কিন্তু ট্রলারের বিমা আমাদের পক্ষে করা সম্ভব নয়। সেই জন্য আমরা বারে বারে বলে থাকি ট্রলার ইনসিওর করার জন্য। ট্রলার

ইনসিওর করা থাকলে ইনসিওর কোম্পানি থেকে টাকা পাবেন। যারা ইনসিওর করেছেন তাদের টাকা পাওয়ার ক্ষেত্রে কোনো অসুবিধা হবে না।

শ্রী সুভাষ চন্দ্র নস্কর : অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রীমহাশয় সামুদ্রিক সম্পদ রপ্তানির ক্ষেত্রে বিদেশি মুদ্রা অর্জনের ব্যাখ্যা দিয়েছেন। আমি জানতে চাইছি কেবলমাত্র সমুদ্রে উৎপাদিত মাছ যেটা বিদেশে পাঠিয়ে যে বিদেশি মুদ্রা অর্জন হয়েছে আপনি সেটা বললেন, নাকি সমুদ্রের মীন নিয়ে আমাদের কান্ট্রি সাইডে যে মাছ উৎপাদিত হচ্ছে সেটার কথা বলছেন ?

শ্রী কিরণময় নন্দ : আমাদের যে বিদেশি মুদ্রা আয় হয়েছে আর আমাদের রাজ্য থেকে যে রপ্তানি হয়েছে সেটা মূলত চিংড়ি এবং তার থেকেই বিদেশি মুদ্রা এসেছে। আর সমুদ্রের মাছ আমাদের উপকূলে যেটা হয়েছে তার থেকেও আয় হয় তবে তার পরিমাণ কম, তার থেকে ৩০, ৪০ কোটি টাকা এসেছে, আর বাকি ৫০০ কোটি টাকা চিংড়ি থেকে এসেছে।

*২৬০। নট কলড।

সড়ক নির্মাণে বেসরকারি সংস্থা

*২৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬) **শ্রী তপন হোড়** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার বেসরকারি সংস্থাকে সড়ক নির্মাণে সামিল করেছেন ;

(খ) সত্যি হলে, কারণ কী ;

(গ) এ পর্যন্ত কোন্ কোন্ সড়ক নির্মাণে বেসরকারি সংস্থাকে সামিল করা হয়েছে বা হবে ;

(ঘ) উক্ত সড়ক নির্মাণে প্রয়োজনীয় অর্থ কোথা থেকে পাওয়া যাবে ; এবং

(ঙ) উক্ত সড়ক নির্মাণে এ পর্যন্ত কত পরিমাণ অর্থ পাওয়া গিয়েছে ?

শ্রী অমর চৌধুরী :

(ক) সত্যি নয়।

(খ), (গ), (ঘ), (ঙ) প্রশ্ন ওঠে না।

[11.40—11.50 a.m.]

শ্রী তপন হোড় : স্যার, অতিরিক্ত প্রশ্ন। আমরা কিছুদিন আগে কতকগুলো সূত্র থেকে জেনেছি—তার মধ্যে খবরের কাগজ একটা সূত্র আছে যে, রাজ্য সরকার বেসরকারি

সংস্থাকে দিয়ে সড়ক নির্মাণের ক্ষেত্রে সহযোগিতা চান, এ ব্যাপারে ক্যাবিনেট মিটিং হয়েছে বলে শুনেছি। এই কনসেপশনটা কি রাজ্য সরকারের আছে ? আপনার দপ্তরের বা রাজ্য সরকারের এ বিষয়ে মতামত কি ? বা আপনারা এটাকে কিভাবে দেখছেন ?

শ্রী অমর চৌধুরী : আপনি ঠিকই বলেছেন। ফেব্রুয়ারি-মার্চ মাসে তৈরি করা উত্তর পাঠানো হয়েছিল। এর পরে আমাদের সরকার বিভিন্ন ভাবে চিন্তা করেছে যে, বর্তমান আর্থিক সংকটে আমাদের ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য কিভাবে প্রাইভেট পার্টিসিপেশন করানো যায়। আপনারা জানেন যে, আমাদের সরকারের যে ডিপার্টমেন্টগুলো আছে সেই ডিপার্টমেন্টগুলো কোনো প্রাইভেট সেক্টর কোম্পানির সঙ্গে কোনো কন্ট্রাক্টে আসতে পারে না। তবে বিভিন্ন রকম যে অধিগৃহীত সংস্থাগুলি আছে সেগুলো পারে। সুতরাং সেদিকটা চিন্তা করে ডিপার্টমেন্টগুলো যাতে সেইভাবে প্রাইভেট পার্টিসিপেশন নিতে পারে তার জন্য এবারে বাজেটের সময় আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন, আমরা পাবলিক প্রাইভেট পার্টিসিপেশন নিজেরা গ্রহণ করে আমরা এগোবার চেষ্টা করছি। সেই ভাবে একটা খসড়া তৈরি করার চিন্তা-ভাবনা করা হচ্ছে, সেই নিয়ে আলোচনা চলছে। আশা করি ক্যাবিনেটে এটা পাশ হলে আমরা সেই ভাবে এগোতে পারবো। আপাতত এ বিষয়ে আমাদের কিছু করণীয় নেই।

শ্রী তপন হোড় : আমি যখন প্রশ্ন করেছিলাম তখন তার উত্তর দিয়েছেন, কিন্তু তার পরে নিউ কনসেপশন হয়েছে। পরে আর্থিক সংকটের কারণে এরকম হতে পারে যে, রাজ্য সরকার বিদেশ থেকে কোনো সংস্থাকে ডেকে রাস্তাঘাট নির্মাণের ক্ষেত্রে বা নর্থ-সাউথ করিডর যা হচ্ছে তার যে বাইপাসগুলো হচ্ছে—এ ক্ষেত্রে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোনো কথা বলেছেন কিনা, বা সেখানে কোনো বৈদেশিক সাহায্য বা বেসরকারি সাহায্যের কোনো প্রস্তাব রাজ্য সরকারের আছে কিনা ?

শ্রী অমর চৌধুরী : আপনার প্রশ্ন শুনে আমি বুঝতে পারছি যে, আপনি এ.ডি.বি.র প্রোজেক্টের কথা বলছেন। এ.ডি.বি.র প্রোজেক্ট আছে—নর্থ-সাউথ করিডর, যেটা নাকি বহু আলোচিত। যেটা নর্থ অফ বারাসাত এবং আমডাঙ্গার কাছাকাছি থেকে শুরু করে ৩৭০ কিলোমিটার পর্যন্ত রায়গঞ্জের কাছ পর্যন্ত এই এন.এইচ. (৩৪) ডেভেলপ করা এবং তার সঙ্গে সহযোগী আরও ২টি স্টেট হাইওয়ে—বনগাঁ-চাকদা রোড এবং ১০ নম্বর স্টেট হাইওয়ে যেটা হিলি-গাজোল হয়ে চলে গেছে সেগুলি আছে। এছাড়া রুরাল কানেকটিভিটি রোড—এটা এ.ডি.বি. প্রোজেক্ট—কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতায় করা হচ্ছে—এতে স্টেটের এবং কেন্দ্রীয় সরকারের শেয়ার আছে। এছাড়া এ.ডি.বি. প্রোজেক্টের মাধ্যমে আরও কিছু কাজ হয়েছে, যেমন দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে হয়েছে। এটার সঙ্গে প্রাইভেট পার্টিসিপেশনের কোনো সম্পর্ক নেই। এটা লোন অ্যাসিস্ট্যান্স। জাপানের জে.বি.আই.সি.-র সঙ্গে কিছু কিছু কাজ চলছে। পি.ডব্লু.ডি. ডিপার্টমেন্ট হিসেবে রাস্তা সংক্রান্ত না হলেও সরকার এগুলো করে থাকেন। কিন্তু প্রাইভেট পার্টিসিপেশন কনসেপ্টটা—এটা সম্পূর্ণ অন্য ধরনের।

শ্রী তপন হোড় : নর্থ-সাউথ করিডরকে এক্সটেন্ড করার জন্য ইস্ট-ওয়েস্ট করিডরের কথা ভাবা হচ্ছে কি ? আমাদের ওখান থেকে যে খবর এসেছে সেটা হচ্ছে ইস্ট-ওয়েস্ট

করিডোরের মধ্যে জলপাইগুড়ি জেলা দিয়ে যে রাস্তাটি নিয়ে যাচ্ছেন আসাম পর্যন্ত, সেই রাস্তাটা যেভাবে চিহ্নিত হয়েছে, তাতে দেখা যাচ্ছে অনেক বনাঞ্চল এবং পাহাড় এবং যে নদীগুলির কাছাকাছি শহর থেকে সড়কটি চলে যাচ্ছে। যার ফলে একদিকে বনাঞ্চল ধ্বংস হবার ব্যাপার থাকবে, হেভি বন্যায় রাস্তা ক্ষতিগ্রস্ত হতে পারে। এইরকম ধরনের কিছু প্রবলেম সেখানে দেখা গেছে। যে বিকল্প একটা প্রস্তাব ওখান থেকে একটা মঞ্চ থেকে বলা হয়েছে তাতে দেখা যাচ্ছে বনাঞ্চল খুব একটা ধ্বংস হচ্ছে না এবং সেটা এগ্রিকালচার ল্যান্ডের উপর দিয়ে যাচ্ছে ফলে এগ্রিকালচার যে ট্রান্সপোর্টেশান সেটা খুব সুবিধাজনক হবে। এই বিকল্প প্রস্তাব সম্পর্কে আপনাদের দপ্তর কিছু ভেবেছে কিনা সেটা জানাবেন।

শ্রী অমর চৌধুরী : আপনি যে ইস্ট-ওয়েস্ট করিডোরের কথা বললেন, এই ইস্ট-ওয়েস্ট করিডোর আমাদের রাজ্য সরকারের পরিকল্পনা নয়, এটা কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা—এটা এন.এইচ.এ.আইয়ের পরিকল্পনা সুতরাং এই পরিকল্পনার সাথে আপনার যে প্রস্তাব—যেগুলি বলেছেন, সেগুলি ফরোয়ার্ড করেছিলাম কিন্তু সেগুলি তারা রিজেক্ট করেছে। যতটুকু খবর আছে তাতে এটাই বলেছে। এটা কেন্দ্রীয় সরকারের ক্যাবিনেট থেকে ডিসিশান নেওয়া হয়। এন.এইচ.এ.আইয়ের প্রোজেক্টের যে অ্যালাইনমেন্ট আছে সেটা আমরা হ্যান্ড ওভার করে দিয়েছি। সুতরাং এই বিষয়ে আমাদের কিছু করণীয় নেই। এন.এইচ.এ.আইয়ের বিষয়টি কেন্দ্রীয় সরকারের ক্যাবিনেটের ডিসিশানে করা হয়। তবে আমরা আবার বলতে পারি কিন্তু এখনও পর্যন্ত এন.এইচ. ৩১ নিয়ে আমাদের যে সিদ্ধান্ত—সেটা স্থায়ি আছে।

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। বেসরকারি সংস্থার ক্ষেত্রে আপনি বলেছেন—কোনো প্রশ্ন ওঠে না। কিন্তু কিছু কিছু প্রশ্ন এসেছে। অশোকবাবু চলে গিয়েছেন, তবে উত্তরটা দেওয়া যায় কিনা সে চিন্তা-ভাবনা করে যদি এ.ডি.বি. প্রোজেক্টের ব্যাপারটা বলবেন। এই নর্থ-সাউথ করিডোরে প্রায় ৩৭০ কিলোমিটার এন.এইচ.এ.আইয়ের স্টেট হাইওয়ে রুরাল রোড, এটাতেও দীর্ঘদিন ধরে চলছে। এই রাস্তাটা কত দিনে হবে, তবে আমরা খুব আশান্বিত যে আমাদের এলাকা দিয়ে সেই রাস্তাটা যাবে। এই কাজটা কোন পর্যায়ে আছে এবং তাদের সঙ্গে কোনো চুক্তি হয়েছে কিনা এবং এই কাজে কোনো এজেন্সি নিয়োগ হয়েছে কিনা এবং ফাইনাল স্টেজে বিষয়টা আছে কিনা, কতদিনের মধ্যে কাজটা হতে পারে। যদিও এটা আপনার দপ্তরের নয়। তবে ভূমিসংস্কার দপ্তর থেকে খুব সম্ভব একটা সার্কুলার জারি হয়েছে যে ওই রোডের পাশে যারা আছে তারা কোনো জমি রেজিস্ট্রি করতে পারবে না। সে ক্ষেত্রে আমার বিধানসভা এলাকা শান্তিপুর—যেটা শান্তিপুর বাইপাস হয়েছে, এই রাস্তা ওই শহরকে টাচ্ করছে না। কিন্তু শহরের মধ্যে যে জমি আছে সেই জমি বিক্রি বন্ধ আছে। সে সম্পর্কে আপনি ভূমিসংস্কার দপ্তরকে লিখবেন কিনা, যা শহরের মধ্যে দিয়ে যাচ্ছে না, শান্তিপুর বাইপাস দিয়ে যাচ্ছে না এবং শান্তিপুর শহরের মধ্যে দিয়ে যে রাস্তা আছে তা ওই আওতায় পড়বে না। জমি রেজিস্ট্রির ব্যাপারটা আপনার দপ্তরের নয় তবুও কতদিনের মধ্যে আপনি আলোচনা করবেন জানাবেন।

শ্রী অমর চৌধুরী : আপনি যে ভূমিসংস্কার দপ্তরের কথা বললেন, আমার মনে হয় সেটা আপনি বিধায়ক হিসাবে, একজন দায়িত্বশীল বিধায়ক হিসাবে নিশ্চয়ই ভূমিসংস্কার দপ্তরের সঙ্গে এটা টেক-আপ করতে পারেন। সেখানে আমার যদি কোনো সাহায্যের দরকার হয়, আমি সাহায্য করতে পারি। তবে আপনি নিজেই বিধায়ক হিসাবে কাজটা করতে পারেন। আর এ.ডি.বি. প্রোজেক্ট সম্বন্ধে বর্তমান যে স্ট্যাটাস রিপোর্ট এটা বলতে পারি যে, সামগ্রিক এই পরিকল্পনার বিষয়ে আমাদের স্টেট সেক্টরে যে দায়িত্ব আছে সেখানে সেন্ট্রাল সেক্টরে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব আছে তার চাইতে অনেকটা এগিয়ে আছি। কারণ আপনারা জানেন যে, এন.এইচ.৩১ যে ৩৭০ কিলোমিটার তা ৩ ভাগে করা হবে। উত্তর ২৪-পরগনা থেকে নদিয়া, নদিয়া থেকে মুর্শিদাবাদ-ফারাক্কা এবং ফারাক্কা থেকে রায়গঞ্জ এই তিন ভাগে হচ্ছে। তবে প্রথমেই মুর্শিদাবাদের অংশটা করার কথা।

[11.50—12.00 noon]

আমার স্টেট থেকে সিলেকশন করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি। যতদূর শুনেছি কেন্দ্রীয় সরকার ম্যানিলায় এ.বি.ডি.-র হেড-কোয়ার্টারে পাঠিয়েছে। এখনো সেখান থেকে অ্যাপ্রুভাল আসেনি। হিলি-গাজলের মধ্যে আমাদের স্টেট সেক্টরের প্রথম কাজ শুরু হবে। ১০২ কিলোমিটার মতো রুরাল কানেকটিভিটি আছে, সেগুলির কাজ আমরা শুরু করেছি। এন.এইচ.-১০-এর সিলেকশন এজেন্সির অ্যাপ্রুভাল এবং ওয়ার্ক অর্ডার আমরা শীঘ্রই দেব।

শ্রী পেলব কবি : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন কোনো বেসরকারি সংস্থাকে দিয়ে রাস্তা নির্মাণ করানো হচ্ছে না। আমাদের খনি অঞ্চলে বেসরকারি সংস্থাগুলি এবং কেন্দ্রীয় সরকার পরিচালিত সংস্থা, বিশেষ করে খনি কর্তৃপক্ষ আমাদের রাস্তাগুলি যথেচ্ছভাবে ব্যবহার করছে—বড়ো বড়ো মেশিন, পাথর ইত্যাদি নিয়ে যাচ্ছে এবং রাস্তা ভাঙছে। এই অবস্থায় তাদের ওপর কোনো অতিরিক্ত কর ধার্য করার কোনো পরিকল্পনা কি সরকারের আছে ?

শ্রী অমর চৌধুরী : এই ব্যাপারে, এন.এইচ.-২ এবং এন.এইচ.-৬ রাস্তা দুটির ডেভেলপমেন্টের কোরিলেটর প্রোজেক্ট সেন্ট্রাল গভর্নমেন্টের ন্যাশনাল হাইওয়ে অথরিটি করছে। আপনি যে অভিযোগ করলেন সে অভিযোগ আমরাও পাচ্ছি। বিভিন্ন ভারি যানবাহনের জন্য রাস্তাঘাট খারাপ হচ্ছে। এ বিষয়ে আমরা বিভিন্ন সংস্থার সঙ্গে মাঝে-মাঝেই আলোচনায় বসি এবং তাদের কাছ থেকে একটা সেস'ও নেওয়া হয়। কিন্তু সেটা আমরা আমাদের ডিপার্টমেন্টে পাই না। সেটা এগ্রিমেন্টের ভিত্তিতে নেওয়া হয়। তাদের দিয়ে মাঝে মাঝে কিছু কিছু সংস্কার কাজও করানো হয়। তবে বেশি কিছু করানো যাচ্ছে না।

ডাঃ অসীম বালা : হাডকো এবং ন্যাবার্ডকে কিছু কিছু রাস্তা কন্ট্রাক্টে দেওয়া হচ্ছে—৩০/৩৫ লক্ষ টাকায় তিন বছরের জন্য এবং ৫০ লক্ষ টাকায় ৫ বছরের জন্য। এ সময়ে তারা প্রয়োজনীয় রিপেয়ার ওয়ার্ক করবে। কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে সে কাজ তারা ঠিকমতো করছে না। তিন বা পাঁচ বছরের মধ্যে যে রাস্তা ভেঙে যাচ্ছে সে রাস্তা তারা অনেক

ক্ষেত্রেই এক বছরের ওপর ফেলে রাখছে। ন্যাবার্ড এবং হাডকোর ক্ষেত্রে আমরা এই জিনিস দেখছি। আমাদের অনেক গুরুত্বপূর্ণ লিংক রোড আছে—ন্যাশনাল হাইওয়ে ৩৪ এবং ৩৫-এর মধ্যে গুরুত্বপূর্ণ লিংক রোড আছে। ন্যাবার্ড এবং হাডকো, দুটোই গভর্নমেন্ট আন্ডার টেকিং। তাদের বদলে প্রাইভেট সেক্টরকে দিয়ে কি এ লিংক রোডগুলির রক্ষণাবেক্ষণের কাজ করানো যায় না ? আমার মনে হয় আমাদের রাস্তাগুলিকে স্ট্রেনদেন করার জন্য আরো সতর্ক ব্যবস্থা নেওয়া উচিত এবং মিনিষ্ট্রি থেকে বিভিন্ন এজেন্সিকে সতর্ক করা উচিত। বিভিন্ন রিপেয়ারিং কাজগুলির সুপারভিশন সঠিকভাবে করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন কি ?

শ্রী অমর চৌধুরী : আমার মনে হয় সঠিক তথ্য না থাকার জন্য আপনার এইরকম ধারণা হয়েছে। হাডকোর কাজ ফেজ-১, ফেজ-২ এবং ফেজ-৩ হবে। ফেজ-১-এর কাজ শেষ হয়েছে, প্রায় ৩ বছর হয়ে গেছে। ফেজ-২-এর কাজ গত বছর শেষ হয়েছে, আর ফেজ-৩-এর কাজ শুরু হবে। সুতরাং হাডকোর ক্ষেত্রে এই ৩টে ফেজে গ্যারান্টি দেওয়া আছে। এইদিক থেকে অ্যাসিওর করতে পারি যে, হাডকোর ফেজ-৩-এর কাজ কন্ট্রাক্ট পিরিওডে যদি রাস্তা খারাপ হয়ে থাকে তাহলে তারা সেটা করতে বাধ্য এবং করছে। কিন্তু নাবার্ডের সঙ্গে এর সঙ্গে জড়িয়ে ফেলা ঠিক নয়। নাবার্ড যেটা সেটা আর.আই.ডি.এফে হচ্ছে। এই কন্ট্রাক্টের সঙ্গে নাবার্ডের কোনো সম্পর্ক নেই। সুতরাং কোনটা নাবার্ডের এবং কোনটা হাডকোর রাস্তা সব সময়ে সেটা আপনাদের পক্ষে বোঝা সম্ভব নয়। তবে আমি এইটুকু বলতে পারি, কাজের দিক থেকে হাডকোর যে কাজ সেই কাজ স্পেসিফিকেশন অনুযায়ী হয় এবং তার গ্যারান্টি পিরিওডের মধ্যে তারা রিপেয়ার করতে বাধ্য এবং করেও থাকে।

পূর্ত বিভাগের বে-দখল জমি/রাস্তা

*২৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৪) **শ্রী কমল মুখার্জী :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন স্থানে পূর্ত বিভাগের জমি/রাস্তা বে-দখল হয়ে পড়ে আছে ; এবং

(খ) সত্যি হলে, দখলকারীদের উচ্ছেদ করার জন্য সরকারের চিন্তা-ভাবনা কীরূপ ?

শ্রী অমর চৌধুরী :

(ক) হ্যাঁ, কোথাও কোথাও রাস্তার পার্শ্বস্থ জমিতে জবরদখল আছে।

(খ) জবর-দখলকারীদের উচ্ছেদ সহজসাধ্য কাজ নয়। তবে এজন্য জেলায় প্রয়োজনবোধে জেলাশাসক, জনপ্রতিনিধি, পুলিশ প্রশাসন ও সংশ্লিষ্ট বাস্তুকারগণ আলোচনার মাধ্যমে এইরূপ দখল উচ্ছেদ করার প্রচেষ্টা নেওয়া হয়ে থাকে।

শ্রী কমল মুখার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় জবর-দখল আছে সেটা আপনি স্বীকার করলেন। আমরা যারা জি.টি. রোডের আশেপাশে থাকি, আমরা কিছুদিন যাবৎ শুনছি লোক মারফত এবং বিভিন্ন মিডিয়া মারফত যে, জি.টি. রোডকে চওড়া করার জন্য এখানে যে সমস্ত বাড়ি আছে—সে ফ্ল্যাটই হোক আর এমনি বাড়ি হোক—সেইসব বাড়িগুলিকে ভাঙা হবে। সুতরাং এই জি.টি. রোডকে চওড়া করার জন্য আপনার কোনো পরিকল্পনা আছে কিনা, যদি পরিকল্পনা থাকে তাহলে দয়া করে জানাবেন ?

শ্রী অমর চৌধুরী : জি.টি. রোড যেটা দিল্লী রোড এন.এইচ.(২) নামে ব্যবহৃত হতো তার একটা বড়ো অংশ হুগলি এবং বর্ধমান জেলায়, সেই জি.টি. রোডের অংশটি ডি-ন্যাশনালাইজড হয়েছে। বাকিটা এন.এইচ.এ.আই. করছে আর বাকি যে অংশটা ডি-ন্যাশনালাইজড হয়ে গেছে, সেটা এন.এইচ.এ.আই. হিসাবে নয়, সেটা আমাদের করতে হচ্ছে। এখন জি.টি. রোড চওড়া করার খুব বড়ো স্কোপ নেই, পুরনো জায়গা, পুরনো বাড়ি-ঘর, এখানে কোনো এনক্রোচমেন্ট নেই। এখানে করতে হলে পুরোটা দখল করে কমপেনসেশন দিয়ে করতে হবে। সুতরাং আপাততঃ কিছু নেই। এখন যেটা আছে সেটা হচ্ছে, রিপেয়ার করা, মেইনটেন্যান্স করা এবং স্ট্রেনদেনিং করার পরিকল্পনা আছে।

শ্রী কমল মুখার্জী : হেল্‌থ কমিটির সদস্য হিসাবে গত ২ বছর আগে দার্জিলিং গিয়েছিলাম। ওখানে গোর্খা হিল কাউনসিলের সঙ্গে বসেছিলাম। গোর্খা

[12.00—12.10 p.m.]

পি.ডবলু.ডি.-র জমি অন্য লোক দখল করে বসে আছে রাস্তা চওড়া করার জন্য সেই দখলদারদের উচ্ছেদ করার জন্য গত দু-বছরে আপনি কতগুলি উদ্যোগ নিয়েছেন এবং যদি নিয়ে থাকেন কোথায় কোথায় সেই উদ্যোগ নিয়েছেন মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

শ্রী অমর চৌধুরী : অনেক জায়গাতেই উদ্যোগ নিয়েছি। সারা পশ্চিমবাংলার এতো খবর দিতে গেলে নির্দিষ্টভাবে জেনে আসতে হবে, তার জন্য নোটিশ চাই। তবে আপনাকে বলতে পারি, রাস্তা ওয়েডেনিং করতে গেলে, চওড়া করতে গেলে যে জমির দরকার হয় সেই জমির রাইট অন দি ওয়েতে তার মধ্যে যদি জবরদখল থাকে, আমাদের যেটা রাস্তা আছে অধিগৃহীত জমি তার মধ্যে যদি কোনো জবরদখল থাকে আমরা তাকে উচ্ছেদ করে দিচ্ছি। এ ক্ষেত্রে কোনো কমপেনসেশান দেওয়া সম্ভব নয়, তার কোনো প্রোপোজাল নেই। যত দুঃখজনক হোক সেটা করতে হচ্ছে। তবে এ ক্ষেত্রে কয়েক বছর পূর্বে যে ধরনের বাধা আসতো, রেজিসটেন্স আসতো বর্তমানে সেটা আসে না। সাধারণ মানুষের সঙ্গে আলোচনা করে, এমিকেবল সেটেলমেন্টের মধ্যে দিয়ে আমরা উচ্ছেদ করতে পারছি। এটুকু বলতে পারি এখনও উচ্ছেদের কাজ চলছে। এটা সর্বত্রই আছে। বড়ো বড়ো প্রোজেক্ট যেখানে হচ্ছে সেখানেই হচ্ছে। আমার নিজের কনস্টিটিউয়েন্সি বরানগরে কিছুদিন আগে আমরা কিছু উচ্ছেদ করতে বাধ্য হয়েছি। দুঃখজনক কিছু দিতে পারিনি।

Starred Questions
(to which answers were laid on the Table)

আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য হোস্টেল

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩২) **শ্রী শংকর সিংহ** এবং **শ্রী আবদুল মান্নান** : অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য কতগুলি হোস্টেল নির্মিত হয়েছে ; এবং

(খ) এর জন্য কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন ?

অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) কেন্দ্রীয় ছাত্রাবাস। ছাত্রীনিবাস—১৩টি, আশ্রম হোস্টেল—৪২টি

(খ) কেন্দ্রীয় ছাত্রাবাস। ছাত্রীনিবাসের জন্য কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত অর্থ সাহায্যের পরিমাণ—১,২০,০১,৪১৪ টাকা, (এক কোটি কুড়ি লাখ এক হাজার চারশত চোদ্দ টাকা)। আশ্রম হোস্টেলের জন্য কেন্দ্রীয় সরকার কোনো রকম আর্থিক সহযোগিতা করে না।

প্রতারিত ক্রেতাদের প্রতিকার

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬) **শ্রী রামপদ সামন্ত** : ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বহু ক্রেতা-বিক্রেতার দ্বারা প্রতারিত হলেও ঠিকমতো প্রতিকার পাচ্ছেন না ;

(খ) প্রতারকদের ধরার জন্য সরকার কী ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) কতজন প্রতারকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে ?

ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) উপরোক্ত বক্তব্য সর্বাংশে সত্য নয়। আমাদের রাজ্যে ক্রেতা দ্বারা সর্বমোট ৫৬,১৮৪টি মামলা লিপিবদ্ধ হয়েছে। তার মধ্যে ৫০,১৫১টির পরিসমাপ্তি হয়েছে। শতকরা নিরিখে ৮৯.২৩ সমস্ত লিপিবদ্ধ নিষ্পত্তির মধ্যে ৫০ শতাংশ ক্রেতার পক্ষে। তাছাড়া লিগ্যাল মেট্রোলজি সংস্থার মাধ্যমে অসাধু বিক্রেতাদের বিরুদ্ধে নিয়মিত অভিযান চালানো হয়ে থাকে।

(খ) (১) রাজ্যের প্রতিটি জেলার প্রতারকদের কাছ থেকে ক্রেতাদের স্বার্থরক্ষার জন্য উপভোক্তা বিরোধ নিষ্পত্তি ফোরাম স্থাপন করা হয়েছে।

(২) ক্রেতাদের সচেতন করার জন্য বিভিন্ন গণমাধ্যম ও প্রচার মাধ্যমকে ব্যবহার করা হচ্ছে ক্রেতাদের অধিকার সংক্রান্ত বিষয়ে সচেতন করার লক্ষ্যে।

(৩) তাছাড়া লিগ্যাল মেট্রোলজি সংস্থার মাধ্যমে বিক্রিত দ্রব্যের ওজন ও পরিমাপ সম্পর্কে অনুসন্ধান চালিয়ে অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তাছাড়া জেলা ফোরামগুলিতে ২৫,০৭৫ জন ক্রেতার পক্ষে অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

(গ) ২০০১-০২ আর্থিক বৎসরে ২১১৬ জন এবং ২০০২-০৩ আর্থিক বৎসরে জানুয়ারি মাস পর্যন্ত ৩১০৩ জন অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

নথিভুক্ত বেকারের সংখ্যা

*২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩১) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : কর্ম বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০২ সালে কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে মোট কতজন কর্মপ্রার্থী নাম নথিভুক্ত করেছেন ; এবং

(খ) উক্ত সময়ে কতজন মহিলা ও সংখ্যালঘু শ্রেণির মানুষ চাকুরি পেয়েছেন ?

কর্ম বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) বিগত ২০০২ সালে সমগ্র পশ্চিমবঙ্গে বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে মোট ৪,৬৪,৯৯৩ জন কর্মপ্রার্থী নাম নথিভুক্ত করেছেন।

(খ) ২০০২ সালে বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরিপ্রাপ্ত মহিলা ও সংখ্যালঘু শ্রেণির প্রার্থীর সংখ্যা যথাক্রমে ১৪৪২ এবং ৫২১ জন।

বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনপত্র

*২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) ৩১.০৩.২০০৩ তারিখ পর্যন্ত নতুন বিদ্যুৎ সংযোগের জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাছে জমা থাকা আবেদন পত্রের সংখ্যা কত ;

(খ) উক্ত আবেদনপত্রগুলি জমে থাকার কারণ কী ; এবং

(গ) উক্ত আবেদনপত্রগুলি কবে নাগাদ মঞ্জুর করা হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ৭২,৭৭৭

(খ) দরখাস্ত জমা পড়া ও কোটেশান ছাড়া পর্যন্ত পদ্ধতিগত কারণে অনেক সময় কিছুটা সময় লাগে।

(গ) এপ্রিল মাসের মধ্যে ৩৩,৭২৬টি কোটেশান ছাড়া হয়েছে। এই বছরের মাঝামাঝির মধ্যে বাকিগুলির কোটেশান ছাড়ার কাজ শেষ করা যাবে বলে আশা করা যায়।

কৃষি সমবায় ও আবাসন সমবায়

*২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০) শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে সরকার অনুমোদিত কৃষি সমবায় ও আবাসন সমবায়ের সংখ্যা কত ;

(খ) এই সমবায়গুলি প্রতি বছর তাদের হিসাব চূড়ান্ত করে অডিট রিপোর্ট সরকারের কাছে জমা দেয় কি না ;

(গ) না দিলে, তাদের বিরুদ্ধে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয় ;

(ঘ) বর্তমানে কতগুলো সমবায় বন্ধ হয়ে গেছে ; এবং

(ঙ) এগুলো বন্ধ হওয়ার কারণ কী ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) কৃষি সমবায় — ৬৬৯০টি।
আবাসন সমবায় — ৩৫৯৩টি।

(খ) বর্তমান সমবায় আইন অনুসারে সরকারের নিকট অডিট রিপোর্ট জমা দেওয়া সমিতিগুলির পক্ষে বাধ্যতামূলক নয়।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) কৃষি সমবায়—১৩০৯টি।
আবাসন সমবায়—০ (শূন্য)।

(ঙ) সমবায় কাজকর্ম চালানোর ক্ষেত্রে সমিতিগুলির পরিচালকমণ্ডলীর অদক্ষতাই বন্ধ হয়ে যাওয়ার মূল কারণ।

জাতীয় সড়ক

*২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬০) শ্রী ইউনুস সরকার : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে জাতীয় সড়কের সংখ্যা ক-টি ; এবং

(খ) নতুন কোনো জাতীয় সড়ক নির্মাণের পরিকল্পনা আছে কি ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) রাজ্যে বর্তমানে জাতীয় সড়কের সংখ্যা বারোটি।

(খ) হ্যাঁ, আছে।

বি. টি. রোডকে প্রশস্তকরণ

*২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৬) শ্রী নির্মল ঘোষ : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বি. টি. রোডকে প্রশস্তকরণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ;

(খ) উক্ত সড়কের সিক্স লেনের (ছয় লেন) কাজ কবে নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) প্রথম পর্যায়ে বি.টি. রোডের ডানলপ ব্রিজ থেকে ব্যারাকপুর চিড়িয়া মোড় পর্যন্ত (প্রায় ১২ কিমি) অংশ হাডকোর ঋণ সহায়তায় ৪ লেনে প্রশস্তকরণের কাজ শেষ হয়েছে।

(খ) দ্বিতীয় পর্যায়ে হাডকোর ঋণ সহায়তায় উক্ত সড়কের হেমন্ত সেতু থেকে ডানলপ ব্রিজ পর্যন্ত অংশ ৬ লেনে প্রশস্তকরণের পরিকল্পনা পূর্ত দপ্তরের বিবেচনায় আছে। এখনই উহা সমাপ্ত হওয়ার প্রশ্ন আসে না।

(গ) প্রথম পর্যায়ের কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১১.৪৮ কোটি টাকা। দ্বিতীয় পর্যায়ের জন্য বর্তমান আর্থিক বছরে কোনো অর্থের সংস্থান রাখা যায়নি।

Debt of Minor Irrigation Projects to W.B.S.E.B.

*269. (Admitted question No. *465) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Power Department be pleased to state—

(a) whether the minor irrigation projects of the State owe a large amount of money to W.B.S.E.B. ; and

(b) if so, the steps taken by the W.B.S.E.B. in the matter ?

Minister-in-Charge of the Power Department :

(a) Yes.

(b) Initially power supply to many minor irrigation installations were disconnected by WBSEB for non-payment of energy bills. Thereafter, some solutions were worked out in a meeting of the Departments of Finance, Power and Water Investigation & Development. The WBSEB has since restored power supply to the installations in terms of the modalities, including that of payment, agreed to by these Departments.

বি. পি. এল. তালিকা

*২৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৭১০) **শ্রীমতী সোনালী গুহ :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সম্পূর্ণ বি.পি.এল. তালিকা কবে নাগাদ প্রকাশ হবে বলে আশা করা যায় ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

শহরাঞ্চলের ক্ষেত্রে পৌরসভা এবং গ্রামাঞ্চলের ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত সংশ্লিষ্ট দপ্তরের তত্ত্বাবধানে দারিদ্রসীমার নীচের পরিবারগুলিকে শনাক্তকরণ এবং বি.পি.এল তালিকা প্রকাশের কাজ অনেকাংশে শেষ হয়েছে এবং বাকি অংশের কাজ চলছে। আশা করা যায়, খুব শীঘ্রই এই কাজ সম্পন্ন হবে।

ভাতাপ্রাপ্ত বেকারের সংখ্যা

*২৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৪) শ্রী জটু লাহিড়ী : কর্ম বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০০ সালের জানুয়ারি থেকে ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন বেকারভাতা প্রাপ্ত বেকারের কর্মসংস্থান হয়েছে ?

কর্ম বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

২০০০ সালের জানুয়ারি থেকে ২০০২ সালের ডিসেম্বর পর্যন্ত বেকারভাতা প্রাপ্ত মোট ৫৯৫ জন বেকারের রাজ্যের বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কর্মসংস্থান হয়েছে।

রামপুরহাটে প্রতিরক্ষা মন্ত্রকের জমি

*২৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৮) ডঃ আশীষ ব্যানার্জী : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলার রামপুরহাট ১ নং ব্লকের অধীন কোন কোন মৌজার কোন কোন দাগে প্রতিরক্ষা মন্ত্রকের জমি রয়েছে ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

৮টি মৌজায় ৬৭৭টি দাগে ৭৯৪.৫৩ একর জমি আছে।

রাজ্য বিদ্যুৎ পর্ষদের বকেয়া পাওনা

*২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৯) শ্রী তমোনাশ ঘোষ : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ মার্চ ২০০২ সাল পর্যন্ত রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিদ্যুৎ বিল বাবদ

(১) সরকারি সংস্থা,

(২) পুরসভা,

(৩) বেসরকারি সংস্থার কাছে পাওনা অর্থের পরিমাণ কত ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) (১) ৮৭৩৭.৮০ লক্ষ টাকা

(২) ৩৬৮৭.২২ লক্ষ টাকা

(৩) ২৩২২১৭.০৪ লক্ষ টাকা

(অন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের দেয় অঙ্ক সহ)

প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়

*২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯০) শ্রী জ্যোতির্ময় কর : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের ছাত্র ও ছাত্রীদের মৎস্য বিজ্ঞানে উচ্চশিক্ষিত করে তোলার উদ্দেশ্যে প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে ;

(খ) সত্যি হলে, ২০০২ সাল পর্যন্ত উক্ত বিশ্ববিদ্যালয় থেকে কতজন ছাত্র-ছাত্রী মৎস্য বিজ্ঞানে (১) উত্তীর্ণ হয়েছে ও (২) বর্তমানে অধ্যয়নরত ; এবং

(গ) উত্তীর্ণদের সরকারি চাকুরিতে নিযুক্ত করার কোনো পরিকল্পনা আছে কি না ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) ২০০২ সাল পর্যন্ত বি.এফ.এস.সি. এবং এম.এফ.এস.সি.-তে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংখ্যা নিম্নরূপ :

সাল	বি.এফ.এস.সি.	এম.এফ.এস.সি.
১৯৯৮-৯৯	১৯	x
১৯৯৯-০০	১৮	x
২০০০-০১	২৩	১৯
২০০১-০২	১৯	১৯
	মোট ৭৯ জন	৩৮ জন

(২) অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা নিম্নরূপ :

সাল	বি.এফ.এস.সি.	এম.এফ.এস.সি.
১ম বর্ষ	২৪	২৩
২য় বর্ষ	২২	২৪
৩য় বর্ষ	২৮	x
৪র্থ বর্ষ	২৩	x
	মোট ৯৭ জন	৪৭ জন

(গ) যদিও উত্তীর্ণদের সরকারি চাকুরিতে নিযুক্ত করার কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা নেই। তথাপি, ভবিষ্যতে উহাদের পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরে তথা দেশের অন্যান্য গবেষণা কেন্দ্রে চাকুরিতে নিযুক্ত হবার সম্ভাবনা থাকে।

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে চুরি

*২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৬) শ্রী দীপককুমার ঘোষ : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে (২০০২-২০০৩) কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে কয়টি চুরির ঘটনা ঘটেছে ;.

(খ) এই ঘটনায় কত পরিমাণ অর্থের ক্ষতি হয়েছে ; এবং

(গ) ভবিষ্যতে চুরি বন্ধ করার জন্য কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ২৯.৭.২০০২ এবং ২৬.১.২০০৩ তারিখে দুটি উল্লেখযোগ্য চুরির ঘটনা ঘটেছে।

(খ) ২৯.৭.০২ তারিখে আনুমানিক ৯,৫৩,২৫৯ টাকার এবং ২৬.১.০৩ তারিখে আনুমানিক ১,০০,০০০ টাকার সরঞ্জাম চুরি গিয়েছিল। তন্মধ্যে প্রথমোক্ত ঘটনার প্রায় ৭,০০,০০০ টাকার সরঞ্জাম পুলিশ উদ্ধার করেছে এবং বিমা কোম্পানির কাছ থেকে ক্ষতিপূরণ হিসাবে ২,৬৩,৩৭৩ টাকা পাওয়া গেছে।

দ্বিতীয় চুরির পুলিশি অনুসন্ধান চলছে। সেজন্য বিমা কোম্পানির কাছে ক্ষতিপূরণের দাবি এখনো করা হয়নি।

(গ) দিবারাত্র নজরদারি জোরদারের ব্যবস্থা নেওয়া হয়েছে। মেটাল ডিটেকটর ইত্যাদি বৈদ্যুতিক যন্ত্রপাতির সাহায্যে নিবিড়ভাবে চেকিং-এর ব্যবস্থা করার পাশাপাশি সর্বস্তরের কর্মীদের দায়িত্ব সচেতন করার প্রচেষ্টা চালানো হচ্ছে।

মৎস্যজীবীদের পরিচয়পত্র

*২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৮) শ্রী **মন্টুরাম পাখিরা** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মৎস্যজীবীদের পরিচয় পত্র দেওয়া হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, মোট কতজন মৎস্যজীবীকে এই পরিচয়পত্র দেওয়া হয়েছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ

(খ) ২০০১-২০০২ সাল পর্যন্ত ১,৩৬,৭৯১ জনকে এই পরিচয়পত্র বিলি করা হয়েছে।

Mr. Speaker : No more, please. The questions' hour is over.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Ajoy Dey on the subject of non-implementation of the decision of State Government to waive cess on agricultural lands.

আবার অ্যাডজর্নমেন্ট মোশান ? আবার ? আমি অ্যাডমিট করে দিই আজকে ?

(ভয়েস ফ্রম অপোজিশান বেঞ্চ : ওটা তো খালি পড়তে দেন।)

না, না পড়ার ব্যাপার নয়, এটা নিয়মের ব্যাপার। (গোলমাল)

কালকেই আমি সতর্ক করে দিয়েছিলাম এই বলে যে—

Adjournment motion has to be moved if you have your strength to support it. Whether it is to be admitted or not, that is another matter. I may admit it or I may not admit it. It depends on the exigency of the situation and the issues raised. But every time you have to submit one ! If you don't have the strength to support it, it is preposterous. It should never be done. It becomes a farce.

আপনাদের তো হ্যাবিট হয়ে গিয়েছে ডেলি অ্যাডজর্নমেন্ট মোশান দেওয়া। কেন ? হোয়াই ? কাস্টমারি ? আগে তো হত না এইভাবে কোনো দিন ?

(ভয়েস ফ্রম অপোজিশন বেঞ্চ : আগেও হত।)

না কোনোদিন হত না। এটা আপনারাই করছেন। এটা আগে কোনোদিন হত না, আমি দেখিয়ে দেব ইতিহাস। কিন্তু আপনারা করছেন, আমি কি করবো, না অ্যালাউ করলে বলবেন অগণতান্ত্রিক, স্পিকার অ্যালাউ করছেন না। হোয়েন জ্যোতি বসু লিডার অব দি অপোজিশান ছিলেন তখনকার ইতিহাস আমি দেখিয়ে দেব যে ক-টা অ্যাডজর্নমেন্ট মোশান তখন মুভ করা হয়েছিল—আই উইল শো ইউ দি রেকর্ডস। এটা হয় না, কেন করছেন।

Don't do it. Don't make a what is called, joke with the adjournment motion. It is a very important issue—the adjournment motion.

সোমবার থেকে আমি দেব না বলে দিচ্ছি।

The subject matter of the motion is not such that may call for adjournment of the business of the House. The Member will get ample scope to raise the matter during the discussions and voting on Demand for Grants of the concerned department which is now going on. The Member may also invite attention of the

Minister concerned through Calling Attention, Question, Mention etc. I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read the text of the motion, as amended.

আমি কিন্তু ভেরি স্ট্রিক্ট হয়ে যাব। পড়ুন।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

"রাজ্য সরকার পূর্বে চাষীদের জমির খাজনা ও সেস মকুবের কথা ঘোষণা করা সত্ত্বেও এখন ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের পক্ষ থেকে আদেশ জারি করে ২৫ বছরের সেস একসঙ্গে আদায় করা হচ্ছে। শুধু তাই নয়, ক্ষুদ্র সেস দপ্তরের পক্ষ থেকেও বোরো মরশুমে ক্ষুদ্র সেচ এলাকায় একরপিছু জলকর ২৪০ টাকা থেকে বাড়িয়ে একলাফে প্রায় ৮১৬ টাকা করার পরিকল্পনা নেওয়া হয়েছে। অথচ বৃহৎ সেচ এলাকায় সে হারে জলকর বৃদ্ধি হচ্ছে না। এতে কৃষকদের মধ্যে এক চরম বৈষম্য সৃষ্টি হতে চলেছে। ধানের দামের ক্ষেত্রে কৃষকরাও ন্যায্য দাম পাচ্ছে না।"

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received three notices of Calling Attention on the following subjects, namely :

	Subjects		Name
(i)	Non-depositing of subscription of provident fund by the owners of private Jute Mills in the state	:	Shri Asit Mitra
(ii)	Admission problem in Higher Secondary courses	:	Shri Asit Kumar Mal
(iii)	Alleged severe power cut in the State	:	Shri Ajoy Dey

I have selected the notice of Shri Asit Mitra on the subject of non-depositing of subscription of provident fund by the owners of private Jute Mills in the state.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on 15th July, 2003.

Presentation of the Second Report of the Committee on Petitions (2002-2003)

Shri Jane Alam Mian: Sir, with your permission I beg to present the Second Report of the Committee on Petitions (2002-2003) on unlawful activities in the Private Hotels in Jalpaiguri, Darjeeling districts and other tourist places in the State.

Presentation of the Second Report of the Standing Committee on Panchayat & Rural Development and Land and Land Reforms (2002-2003)

Shri Sk. Jahangir Karim: Sir, I beg to present the Second Report of the Standing Committee on Panchayat & Rural Development and Land & Land Reforms (2002-2003) on Strengthening the de-centralisation policy in rural West Bengal.

LAYING OF REPORT

Annual Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2001-2002

Shri Prabodh Chandra Sinha: Sir, I beg to lay the Annual Report of the West Bengal Electricity Regularoty Commission for the year 2001-2002.

MENTION CASES

শ্রী অসিতকুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় খাদ্যমন্ত্রী সামনে বসে আছেন, ওনার বিধানসভা কেন্দ্রে বীরভূমের ব্রাহ্মণী নদীর উপর দেবগ্রামে একটা ব্রিজ ওই এলাকার মানুষের দীর্ঘদিনের দাবি। মারগ্রামের সাইল মাইলের পাকা রাস্তার কাজ বীরভূম জেলা পরিষদ ৩ কোটি টাকা ব্যয়ে আরম্ভ করেছে। এখন যদি দেবগ্রামের সেতু না হয় তাহলে এই রাস্তার কাজ মিনিংলেস হয়ে যাবে।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব-মেদিনীপুর জেলায় নন্দীগ্রাম ব্লকে দীনবন্ধুপুরে হলদি নদীর সন্নিহিত এলাকায় ভাঙন দেখা দিয়েছে। অবিলম্বে ভাঙন রোধ না করলে নন্দীগ্রাম প্লাবিত হয়ে যাবে এবং সেখানকার চাষ আবাদ সমস্ত কিছু নষ্ট হয়ে যাবে। মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি এই ভাঙন রোধের ব্যবস্থা করেন।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত কয়েকদিন যাবৎ, কয়েক মাস যাবৎ বলা চলে উলুবেড়িয়া মহকুমায় প্রায় সর্বত্র লোডশেডিং ভয়াবহ আকার ধারণ করেছে। আমরা বিশেষ করে দেখছি বাগনান এবং কল্যাণপুর এলাকায় প্রতিদিন কয়েক ঘণ্টা, প্রায় ১০-১২ ঘণ্টা বিদ্যুৎ থাকে না। প্রতিদিন বিশেষ করে সন্ধ্যাবেলায় রাত্রি ৮টা থেকে রাত্রি ১১টা-১২টা পর্যন্ত বিদ্যুৎ থাকে না। উলুবেড়িয়া মহকুমা এবং বিশেষ করে বাগনান এবং কল্যাণপুরে যাতে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত থাকে তার জন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

[12.10—1.30 p.m.] (including recess)

শ্রী কিরীটি বাগদি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১১ এপ্রিল আমার বিধানসভা কেন্দ্রের জোরসা গ্রামের সাতটি পরিবার অগ্নিদগ্ধ হয়ে ক্ষতিগ্রস্ত হয়েছেন। তাঁদের ঘরবাড়ি পুড়ে যাওয়ার ফলে এখন তাঁরা খোলা আকাশের নীচে বাস করছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই ঘোর বর্ষায় তাঁরা যাতে মাথায় আচ্ছাদন পান তার ব্যবস্থা করুন। তার জন্য আমি তাঁর কাছে এই আবেদন জানাচ্ছি।

শ্রী কমল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চন্দননগর পৌরসভার বোড়াই চণ্ডীতলায় বৈদ্যুতিক চুল্লী নির্মাণের কাজ চলছে। অত্যন্ত দুঃখজনক ঘটনা, যে বাড়িটি তৈরি হয়েছে, সেই পাকা বাড়িতে বড়ো বড়ো ফাটল দেখা দিয়েছে। অত্যন্ত নিম্নমানের কাজ হয়েছে। ওখানে যে কাজ হচ্ছে তা অত্যন্ত শ্লথ গতিতে চলছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যাতে নিম্নমানের কাজটি উচ্চমানের হয় এবং নির্দিষ্ট সময়ে শেষ হয় তা তিনি দেখুন।

শ্রী শম্ভুনাথ মাণ্ডি : মাননীয় স্পিকার, স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, পশ্চিম মেদিনীপুর জেলাকে 'সি' ক্যাটাগরিতে অনুমোদন দেওয়া হোক। মেদিনীপুর জেলা যখন ভাগ হয়নি তখন যেমন 'বি' ক্যাটাগরিতে ছিল, এখনো সেই 'বি' ক্যাটাগরিতেই আছে। স্যার, মেদিনীপুর জেলা বাঁকুড়া, পুরুলিয়ার মতো পিছিয়ে পড়া জেলা। এই জেলাকে 'সি' ক্যাটাগরিতে অনুমোদন দেওয়া হলে, এখানে যারা অল্প আয়ের মালিক তারা ক্ষুদ্র শিল্প গড়ে তুলতে পারবে। আর ক্ষুদ্রশিল্প গড়ে ওঠার সঙ্গে সঙ্গে আমাদের আদিবাসী ভাইয়েরা উপকৃত

হবে। কারণ এখানে অনেক ছেলে বেকার ও অসহায় অবস্থায় আছে। তাদের মধ্যে বিদ্রোহের পূর্বাভাস নজরে পড়ছে। তাই এই দিকটিকে দেখার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দু-একদিন আগে পঞ্চায়েতের ওপরে একটি অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এবং একটি বিলও পাশ হয়েছে। সেটি অসম্পূর্ণ। মাননীয় মন্ত্রী বলেছেন উনি রুল্‌স আনবেন। পঞ্চায়েতে দুর্নীতি আছে ব্যাপকভাবে, তাকে ঢাকা দেবার জন্য এবং মানুষকে চমক দেবার জন্য গ্রামোন্নয়নের নামে পরিকল্পনা কমিটি করার একটি প্রভিসন রাখা হয়েছে। সেটি স্পষ্ট নয়। রুল্‌স করার আগে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে জানতে চাই, পরিকল্পনা কমিটিতে কারা থাকবে ? উনি বলেছেন, বিরোধীরা থাকবে। সেটি বিরোধীরা ঠিক করে দেবে, না কি সরকার ঠিক করে দেবে ? এটি সঠিকভাবে বলা হচ্ছে না। গ্রাম সংসদ যেগুলি আছে, তাদের সভা ডাকা হয় না। সবকিছু ঘরে বসে ঠিক করা হয়। আমি মনে করি, এটাই আবার হবে। আমি মনে করি, পরিষ্কার করে যদি বলা না হয়, পঞ্চায়েতে যে অনিয়ম, যে দুর্নীতি চলছে অনেকদিন ধরে, সেটাই চলবে। তাকে ঢাকা দেবার জন্য এটি গ্রামের মানুষকে চমক দেওয়া ছাড়া আর কিছু না।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার বোলপুরে, বিশ্বভারতীতে ব্যাপকভাবে লোডশেডিং হচ্ছে। এর ফলে ভয়ঙ্কর অবস্থা সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে বলব, অন্যান্য লোডশেডিং বেড়েছে। আমাদের অঞ্চলে কিছুটা উন্নতি হয়েছে। সেদিক থেকে কিছুটা উন্নতি হলেও, পিক আওয়ারে ফ্রিকোয়েন্সির যে ব্যাপার আছে, সেটা দেখার জন্য এবং লোডশেডিং যাতে কমে যায় তা দেখার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলায় নরঘাট মাতঙ্গিনী সেতু এবং নন্দকুমার হাইরোড, এই দুটি রাস্তায় রাজ্য সরকার আলো দেবার ব্যবস্থা করেছিলেন। গত ২৪ মার্চ দু-লক্ষ টাকা বকেয়া থাকার জন্য বিদ্যুৎ দপ্তর বিদ্যুতের লাইন কেটে দিয়েছে। ওখানে যে সমস্ত অসামাজিক কাজকর্ম হচ্ছিল, আলো দেবার জন্য তা বন্ধ হয়েছিল। এখন সেগুলো আবার নতুন করে বিঘ্ন সৃষ্টি করবে বলে আশংকা হচ্ছে। তাই আমি দাবি জানাচ্ছি, বকেয়া দু-লক্ষ টাকা দিয়ে আলো দেবার ব্যবস্থা করা হোক।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30—1.40 p.m.] (after recess)

RESOLUTION FOR RATIFICATION OF THE CONSTITUTION (NINETY FIFTH AMENDMENT) BILL, 2003

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move "That this House ratifies the amendments to the Constitution of India falling

within the purview of clause (c) of the proviso to clause (2) of Article 368, proposed to be made by the Constitution (Ninety fifth Amendment) Bill, 2003, as passed by both the Houses of Parliament".

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে র‍্যাটিফিকেশান-এর জন্য, কন্সটিটিউশান র‍্যাটিফিকেশান-এর অ্যামেন্ডমেন্ট-এর জন্য আমাদের কাছে এসেছে, সেটাকে আমি সমর্থন করছি। এই জন্য যে পরিষেবা কর আদায় করবার জন্য এতদিন ইউনিয়ন গভর্নমেন্ট-এর উপর এই সমস্ত দায়িত্ব ছিল। এই আর্টিকেল ৩৬৮-তে একটা নুতন ধারা সংযোজন করা হচ্ছে। ৩৬৮এ-তে এই পরিষেবা কর ধার্য করার জন্য অধিকার রাজ্য সরকারকে দেওয়া হচ্ছে। সুতরাং এটাতে আমাদের সমর্থন সম্পূর্ণভাবে আছে। এবং আমরা এই সংবিধান সংশোধনীর র‍্যাটিফিকেশানের জন্য বিধানসভায় যা এসেছে এটাকে আমরা সম্পূর্ণভাবে সমর্থন করছি।

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতের সংবিধানে ৯৫তম সংশোধনী বিলের উপর এই প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। এই সংশোধনী বিলটা ইতিমধ্যে তৈরি হয়েছে ও সংসদ-এর উভয়কক্ষে গৃহীত হয়েছে যথাক্রমে ৬ই এবং ৮ই মে-তে। এই বিলের ভিত্তিতে প্রস্তাবের মূল উদ্দেশ্য হচ্ছে এই, কেন্দ্রের সঙ্গে রাজ্যগুলিকেও পরিষেবার উপর কর আদায় করা এবং সেই আদায়কৃত অর্থ রাখার অধিকার প্রদান করা হচ্ছে—এটাই এর মূল উদ্দেশ্য। কিন্তু যেহেতু এই সংশোধনীর জন্য সপ্তম তপশীলে কিছু পরিবর্তন প্রয়োজন হচ্ছে, তাই সংবিধানের ৩৬৮ ধারা অনুযায়ী মাননীয় রাষ্ট্রপতির সম্মতি পাওয়ার আগে, প্রতিটি রাজ্যের বিধানসভায় প্রস্তাবটা অনুমোদনের প্রয়োজন। তাই এই অনুমোদনের জন্য এই প্রস্তাবকে সমর্থন করি এবং আমি ধন্যবাদ জানাচ্ছি যে, মাননীয় অতীশ সিন্‌হা মহাশয় ইতিমধ্যেই সমর্থন করেছেন জেনে। আমিও অত্যন্ত গুরুত্বপূর্ণ এই সংশোধনীর প্রেক্ষিতটা একটু বলছি। এবং সমর্থনের কারণটাও বলছি। বারংবার পশ্চিমবঙ্গ থেকে এবং তার পরে এখানে ভারতবর্ষের প্রতিটি রাজ্য থেকে কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস-এর কথা বলা হয়েছে। রাজ্যগুলির হাতে অতিরিক্ত কর আদায়ের ক্ষমতা দেওয়া। কারণ, ভারতবর্ষের সংবিধানে বলা আছে যে উন্নয়নমূলক কাজগুলির দায়িত্ব রাজ্য সরকারের। কিন্তু এখনো পর্যন্ত আমাদের দেশের কর আদায়ের দুই তৃতীয়াংশ ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে আছে, তাই এই ভারসাম্যটা রাজ্যের দিকে পরিবর্তন করা উচিত। অতিরিক্ত কর আদায়ের ক্ষমতা দেওয়া উচিত রাজ্যগুলিকে। সাধারণভাবে এটা আমরা অনেকদিন ধরেই বলছি, কিন্তু বর্তমানে রাজ্যের অর্থমন্ত্রীদের যে কমিটি তারা এই সাধারণ দাবিটাকে নির্দিষ্ট করে যে, পরিষেবার উপরে কর আদায়ের ক্ষমতা কেন্দ্রের সঙ্গে রাজ্যকেও এখন থেকে দেওয়া হোক। এই দাবি নিয়ে রাজ্যের অর্থমন্ত্রীদের তরফ থেকে আমরা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে ২০০২ সালের জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে দেখা করি এবং বলি অন্যান্য দাবির সঙ্গে আমরা এটাও চাইছি। পরিষেবার উপরে আপনারা কর বসান, আমাদের রাজ্যগুলিকেও এর ক্ষমতা দিন। যে যুক্তিটা আমরা দিয়েছি, আমাদের দেশের মোট জাতীয় আয়ের ৪৮ শতাংশ আসে কিন্তু পরিষেবা থেকে। কৃষি, শিল্পের

থেকেও কিন্তু বেশি আসে। আমাদের পশ্চিমবাংলার আয় হচ্ছে এক একটা বছরে দেড় লক্ষ কোটি টাকা, তার ৫১ শতাংশ আসে পরিষেবা কর থেকে, অর্থাৎ ব্যাঙ্ক ব্যবস্থা, ইনসিওরেন্স ব্যবস্থা, টেলি যোগাযোগ ব্যবস্থা, পরিবহন ব্যবস্থা এইগুলি থেকে। সংবিধান সংশোধনীর আগে পরিষেবা কর আদায়ের কোনো অধিকার রাজ্যগুলির হাতে ছিল না, রেজিড্যুয়ারি, অর্থাৎ অবশিষ্ট ক্ষমতার ভিত্তিতে একমাত্র কেন্দ্রীয় সরকার এই পরিষেবার উপরে কর আদায় করে চলেছিলেন। তাই আমরা বলি এটার পরিবর্তন দরকার। আমাদের দাবি এবং সব রাজ্যগুলির দাবি কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকার কিছুটা মেনে নিয়ে এই সংশোধনী এনেছেন। বস্তুতঃ রাজ্যের অর্থমন্ত্রীরা এই দাবিগুলি আনার পরে এই সংশোধনীগুলি এনেছেন এবং এখানে তিনটি ক্লজ আছে। চতুর্থ ক্লজটা সংবিধানের যে ধারায় এটা অবশিষ্ট ছিল, সেটা হচ্ছে কেন্দ্রীয় তালিকার ৯৭ ধারায়, এখন পরিষেবাকে আনা হচ্ছে ৯২ ধারার (গ) উপধারায়। এই রেসিড্যুয়ারি পাওয়ারটা শেষ হয়ে গেল এর পরে। ভারতবর্ষের সংবিধানের ইতিহাসে এটা খুবই গুরুত্বপূর্ণ অধ্যায় রচিত হতে চলেছে। ২৬৮ ধারার একটা উপধারা সংযোজিত হল ২৬৮ (ক) ধারা। পরিষেবার উপরে কর ধার্য করবেন কেন্দ্রীয় সরকার, করের হারটা কি হবে সেটা ঠিক করবেন কেন্দ্রীয় সরকার, গোটা দেশের জন্য লেভি করার পাওয়ারটা কেন্দ্রীয় সরকার হাতে রেখেছেন। কিন্তু তারপরে সেটা কেন্দ্রীয় সরকারও সংগ্রহ করতে পারেন, এরপর থেকে আবার কোনো কোনো পরিষেবা ক্ষেত্রে রাজ্য সরকারও পারবেন। তবে কোনো কোনো পরিষেবা কর কেন্দ্র রাখতে পারবে এবং কোনো কোনো পরিষেবা কর রাজ্য রাখতে পারবে সেটা কিন্তু এখানে রাখা হয়নি। সেটা কেন্দ্রীয় সরকার আইন করে নির্দিষ্ট করে দেবেন।

[1.40—1.50 p.m.]

এবং, যে ক্লজ-৩, তাতে এটা বলা হয়েছে, এর জন্য বস্তুত ২৭০ ধারারও একটা পরিবর্তন দরকার। তাই এদিক থেকে রাজ্যগুলো যে দাবি এনেছিল, সেই দাবি মেনে কেন্দ্রীয় সরকার এই সংশোধনের বিল এনেছেন। রাজ্যগুলোর একটা নৈতিক জয় হল এই সংশোধনীর মাধ্যমে, কেন্দ্র-রাজ্য সম্পর্কের ক্ষেত্রেও। কিন্তু সেই জয়টা ছোট না বড়, তা নির্ভর করছে ঠিক কোন কোন পরিষেবাগুলোর উপর কর আদায়ের অধিকার রাজ্যগুলোকে দেওয়া হচ্ছে। যদি খুব ছোট, মামুলি পরিষেবার উপর দেওয়া হয়, তাহলে বেশি কর আদায় হবে না। পশ্চিমবঙ্গ সরকারের দিক থেকে আমরা চেয়েছি—অন্য রাজ্যও সমর্থন করেছে যে—টেলি যোগাযোগ অর্থাৎ টেলিফোন সার্ভিসেস, বিমা অর্থাৎ ইনসিওরেন্স এবং রিলেটেড সার্ভিসেস এবং ব্যাঙ্ক ব্যবস্থা এবং তার সঙ্গে যুক্ত যে পরিষেবা এবং রেলের পরিষেবাও—এইগুলোর উপরে কর আদায়ের সুযোগ রাজ্যগুলোকে দেওয়া হোক। কোনগুলোর উপর দেবেন কি দেবেন না, সেটা পরে জানা যাবে। কিন্তু এই বিলের ভিত্তিতে যে বিল, তাকে যদি সমর্থন করি, তাহলে জনমত গঠন করা যাবে। রাজ্যগুলোকে মামুলি, ছোটোখাটো পরিষেবা নয়, গুরুত্বপূর্ণ পরিষেবার উপর কর আদায়ের সুযোগ যদি দেওয়া হয়, —মানে, ইনসিওরেন্স, ব্যাঙ্ক এবং বিশেষ করে টেলি যোগাযোগের ক্ষেত্রে, তাহলে এক একটা বছরে অন্তত অতিরিক্ত ৫০০ কোটি টাকা পশ্চিমবাংলার মতো রাজ্য সরকার পেতে পারে এবং সেটা আস্তে আস্তে আরও বাড়তে

পারে। তাই এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। যেহেতু এই সংশোধনী বিলের ভিত্তিতে এই প্রস্তাব, এই সংশোধনী এবং বাস্তবে সুযোগটা রাজ্যের কাছে এনে দিয়েছে—জনমত গঠন করা এবং এই পরিষেবার উপর কর বসানোর, এবং এর থেকে রাজ্যের সকলের মঙ্গল হবে, তাই মাননীয় অতীশবাবুকে আর একবারও ধন্যবাদ জানাই এটা তিনি সমর্থন করেছেন এবং আপনারা সকলেই সমর্থন করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Dr. Asim Kumar Dasgupta "that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of clause(c) of the proviso to clause(2) of article 368 proposed to be made by the Constitution (Ninety fifth Amendment) Bill, 2003 as passed by both the House of Parliament" was then put and agreed to.

LEGISLATION

The Bengal Excise (Amendment) Bill, 2003

Shri Prabodh Chandra Sinha : Mr. Deputy Speaker, Sir, I beg to introduce The Bengal Excise (Amendment) Bill, 2003.

(Secretary then read the title of the Bill)

Shri Prabodh Chandra Sinha : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Bengal Excise (Amendment) Bill, 2003 be taken into consideration.

শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে 'দি বেঙ্গল এক্সাইজ (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৩' আমাদের সামনে এনেছেন, সেই বিষয়ে দু-একটি কথা আমি বলতে চাই।

আমি যেটুকু বুঝতে পেরেছি, তাতে দেখা যাচ্ছে, এক্সাইজের ব্যাপারে অপরাধগুলো আগে বহু জায়গায় বেইলঅ্যাবেল ছিল, অর্থাৎ যেগুলো করলে জামিন পাওয়া যাবে। যে কোনো কারণেই হোক, সেইগুলো পরবর্তকালে, ১৯৯৭ সালে সরকার অ্যামেন্ডমেন্ট করে সেইগুলোকে নন-বেইলঅ্যাবেল অফেন্স করে। কিন্তু নন-বেইলঅ্যাবেল অফেন্স করার জন্য আপনারা জানেন সুপ্রিম কোর্টের যে রীতিগুলো আছে, অর্থাৎ কাউকে অ্যারেস্ট করলে তাকে মেমো অফ অ্যারেস্ট দিতে হবে, তার বন্ধু-বান্ধব, আত্মীয়স্বজনকে জানাতে হবে। যে নিয়ম-কানুনগুলো আছে, সেইগুলো পালন করতে হলে যে পরিকাঠামো তা সরকারের নেই। এবং, নন-বেইলঅ্যাবেল যেটা ১৯৯৭ সালে আইনে পরিণত হয়েছে কিন্তু বাস্তবে সেটা রূপায়িত হচ্ছে না। তার জন্য এই সংশোধনী বিল আজকে এখানে আনা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে যে কথা জানতে চাইছি, তা হল যে এই যে এক্সাইজের ব্যাপারে নতুন করে মদের উপরে লাইসেন্স দেওয়া হচ্ছে এ নিয়ে আমরা অনেক কথা বলেছি, সরকারের

অনেক সমালোচনা করেছি। প্রতিবাদও আমরা করেছি। আমি যে কথাটা বলতে চাই তা হল যে এমনিতেই মদ খাওয়ার অভ্যাস হু-হু করে বাড়ছে। আপনাদের বাস্তব অভিজ্ঞতা আছে যে এই প্রবণতা ক্রমশই বাড়ছে। এর ফলে নানা রকম অপরাধ প্রবণতাও বেড়ে চলেছে। মেয়েদের টিটকিরি দেওয়া, ধর্ষণ বাড়ছে। সুতরাং এটা আমি নিশ্চয়ই মাননীয় মন্ত্রীকে বলব যে এটা আপনি নিশ্চয়ই লক্ষ রাখবেন যে যেন এই ধরনের প্রবণতা বৃদ্ধি না পায়, সেটা যাতে কমানো যায়। এটা যাতে কমানো তার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব। এই যে লাইসেন্স আপনারা দিচ্ছেন প্রধানত রাজ্য সরকারের ইনকাম বাড়ানোর জন্য। এর মধ্যে দেশি, বিদেশি মদের লাইসেন্স দিয়ে আপনারা টাকা তুলতে চাইছেন। এর ফলে আপনাদের ইনকাম কত বাড়ছে আমাদের জানাবেন। কিন্তু এই যে বাড়াচ্ছেন দেখবেন এতে যেন সমাজের কোনো ক্ষতি না হয়। যুবকদের মধ্যে মদ্যপানের যে প্রবণতা দেখা যাচ্ছে সেটা যাতে সংকুচিত করা যায় এবং এটা সরকারকেই দেখতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কার্তিক চন্দ্র বাগ : স্যার, মাননীয় মন্ত্রী শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা দি ওয়েস্ট বেঙ্গল এক্সাইজ অ্যামেন্ডমেন্ট বিল ২০০৩ এখানে এনেছেন আমি তাকে সমর্থন করছি। যদিও মাননীয় সদস্য শ্রী অতীশচন্দ্র সিন্‌হা বিরোধিতা করলেন না। উনি বিষয়টা বুঝেছেন। ৯৭ সালের আইনটাকে কার্যকরী করা যাচ্ছে না। আমাদের দেশে এক্সাইজ এই জন্য যে বেআইনি মদ, চোলাই মদ তৈরি হচ্ছে বিশেষ করে গ্রামে এইগুলোকে রোধ করা। গ্রামে যারা গরিব মানুষ যারা আক্রান্ত হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে তাদের সচেতন জায়গায় আনতে হবে। তাই আজকে এই বিলকে অপরাধ রোধের বিল বলা যেতে পারে। তাই এই বিলকে সকলকে গ্রহণ করার জন্য বলব। আজকে যে আইনটা করা হল গ্রামে তার পরিকাঠামো নেই। বিলকে কার্যকরী করতে গেলে পরিকাঠামো প্রয়োজন সেইদিকে সরকারকে দৃষ্টি দিতে বলব। যাই হোক মাননীয় সদস্যরা সেভাবে কেউই বিরোধিতা করেননি। আমিও এই বিলকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[1.50—2.00 p.m.]

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী অতীশ চন্দ্র সিনহা এবং সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রী কার্তিক বাগ মহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এই বিলের উপর বক্তব্য উত্থাপন করার জন্য। বিশেষ ভাবে অতীশবাবু দুটি আশঙ্কার বিষয় তুলে ধরেছেন। এই বিলের উদ্দেশ্য সীমিত অর্থাৎ আমরা নতুন কিছু করতে চাইছি না। একটা চিন্তা-ভাবনা হয়েছিল আপনারা সকলেই জানেন এক্সাইজকে কেন্দ্র করে নানা ধরনের অপরাধ সংগঠিত হচ্ছে। সরকার চায় এগুলিকে যতটা সম্ভব কমাতে। অপরাধীদের যদি দৃষ্টান্তমূলক কঠোর শাস্তি দেওয়া যায় তাহলে অন্যরা অপরাধ করতে চাইবে না এই উদ্দেশ্য নিয়ে এই বিলটা ৪ বার সংশোধন হচ্ছে। ১৯৭৯ সালে এই বেঙ্গল এক্সাইজ অ্যাক্ট ১৯০৯ সংশোধন করে অপরাধীদের শাস্তি কঠোরতম করা হয়েছিল। কিন্তু প্রশাসনিক ভাবে এটাকে কার্যকরী করার ক্ষেত্রে অসুবিধা হয়। সেইজন্য

১৯৮৩ সালে আবার পুনরায় সেই বর্তমান অবস্থায় ফিরে যেতে হয় ১৯৭৯ সালের অ্যামেন্ডমেন্ট বাতিল করে। মাননীয় সদস্য বলেছেন ১৯৯৭ সালে আবার অ্যামেন্ডমেন্ট এনে কিছু অপরাধকে জামিন অযোগ্য করা হয়। ইতিমধ্যে অনেক পরিবর্তন দেখা দিয়েছে যেমন জামিন অযোগ্য অপরাধীদের গ্রেফতার করতে গেলে যে পরিকাঠামো দরকার সেটা আমাদের নেই, সেটা পুলিশের আছে। ক্রাইম এক জায়গায় হতে পারে এবং অপরাধীর বাড়ি অন্য জায়গায় হতে পারে এবং এ ক্ষেত্রে অসুবিধা হয়। আপনারা জানেন আজকে এক্সাইজ ডিপার্টমেন্টের লোক যখন ক্রাইম প্রিভেন্ট করতে যায় তারা ফায়ার আর্মস নিয়ে যেতে পারে না, লাইসেন্সড বন্দুক, রিভলবার নিয়ে যেতে পারে না। অথচ যারা চোরাই মাল পাচার করছে তাদের পিছনে একটা চক্র আছে সেটা আপনারা সংবাদপত্র এবং বিভিন্ন প্রচার মাধ্যমে দেখেছেন। তখন আমাদের অফিসাররা এবং স্টাফেরা ঘেরাও হয়ে যায় এবং মানুষের হাতে মারধোর খায়। তখন পুলিশকে খবর দিয়ে তাদের উদ্ধার করতে হয়। রিমোট কর্নারে অপরাধীকে নন-বেলেবেল সেকশানে ধরে নিয়ে এসে লক-আপে রাখতে হবে। আবার আমাদের নিজেদের ডিপার্টমেন্টের কোনো লক-আপ নেই। এই ধরনের অসুবিধার জন্য একটা সাধু উদ্দেশ্য নিয়ে ১৯৯৭ সালে সংশোধন করা হয়েছিল। কিন্তু কার্যে তাকে প্রয়োগ করা যাচ্ছে না। এক্সাইজ রিলেটেড অফেন্স অ্যান্ড ক্রাইমস যেগুলিকে আমরা স্বাভাবিক ভাবেই ধরতে পারতাম সেগুলি আমরা ধরতে পারছি না। তাই আমরা পুরনো অবস্থায় ১৯৮৩ সালের আইনকে সংশোধন করে ফলে যে অবস্থায় ছিলাম আমরা কার্যত কি সেই জায়গায় ফিরে যাচ্ছি ? এই অপরাধগুলিকে জামিন অযোগ্য করা হয়েছিল। তবে যে কথা অতীশবাবু বলেছেন লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে অমাদের সতর্কতা অবলম্বন করা দরকার যাতে তরুণ সমাজের মধ্যে এই ইনটক্সিক্যান্ট খাওয়ার ফলে যে খারাপ প্রবণতা প্রকাশ পাচ্ছে সেটাকে প্রতিহত করা যায় এবং দূর্বল শ্রেণির মানুষের মধ্যে এই ইনটক্সিকেশান-এর ফলে সমাজে যে অশুভ দিকগুলি প্রকাশ পাচ্ছে সেগুলি প্রতিহত করা দরকার। আমরা এই এক্সাইজ লাইসেন্স দেওয়ার পলিসির ক্ষেত্রে এটাকে কঠোরভাবে মেনে চলার চেষ্টা করি, যাতে করে সামাজিক দিক থেকে এর ক্ষতিকারক দিকটা নিয়ন্ত্রণ করতে পারি। কার্তিকবাবু বলেছেন মানুষের মধ্যে চেতনা তৈরি করতে হবে। আমরা এক্সাইজ লাইসেন্স কি ভাবে দিচ্ছি ? আমরা প্রতি জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আছেন, তিনি হচ্ছেন এক্সাইজ কালেক্টর, তিনি তার জেলার অধীন বিভিন্ন জায়গায় সার্ভে করে যেখানে দেখবেন ইনটক্সিক্যান্ট বৃদ্ধি পাচ্ছে সেখানে তিনি লাইসেন্স দেওয়ার জন্য এক্সাইজ ডিপার্টমেন্টকে সুপারিশ করবেন। অর্থাৎ মানুষের মধ্যে মাদকাশক্তি বৃদ্ধি পেলে বা তার প্রয়োজনীয়তা দেখা দিলে তবেই দেওয়া হচ্ছে। মানুষ আগে অভ্যস্ত হচ্ছে। অনেকে মদ্যপানে অভ্যস্ত হয়ে চোলাই খাচ্ছে, অনেকে নিষিদ্ধ জিনিস খাচ্ছে—এতে স্বাস্থ্যের ক্ষতি হতে পারে, এতে যাতে তাদের মৃত্যু না হয় সেজন্য সরকারের দায়িত্ব এসে যায়। সেখানে তখন লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আমাদের স্টেটে লাইসেন্সের সংখ্যা—যেখানে আমাদের সমতুল্য রাজ্য অন্ধ্রপ্রদেশে এক্সাইজ লাইসেন্সের সংখ্যা ৮ হাজারের বেশি। আমাদের এখানে লাইসেন্সের সংখ্যা সি.এস., দেশি মদের দোকান ৯৪১টি, ফরেন লিকার ৩৭৯টি, অন শপ্ ২৭৮টি, সেখানে অন্ধ্রপ্রদেশে এক্সাইজ লাইসেন্সের সংখ্যা ৮ হাজারের

বেশি, আমাদের রাজ্য যেটা ১৪০০-১৫০০-এর মধ্যে থাকছে, অন্ধ্রপ্রদেশের সঙ্গে তুলনা করলে তুলনামূলক ক্ষেত্রে আমরা অনেক কম। এর পরে অনেকে বলেছেন, আমরা নাকি এক্সাইজ থেকে রেভেনিউ নিয়ে সরকার চালানোর চেষ্টা করছি। এ ক্ষেত্রে অন্ধ্রপ্রদেশ খুব বেশি রেভেনিউ কালেক্ট করে—তারা বছরে প্রায় ৪ হাজার কোটি টাকা এক্সাইজ থেকে রেভেনিউ কালেক্ট করে, সেক্ষেত্রে আমাদের এখানে ২০০২-২০০৩ সালে এক্সাইজ থেকে রেভেনিউ কালেক্ট করেছি ৫৬৭ কোটি ২৫ লক্ষ টাকা, সেদিক থেকে অনেক ঘাটতি আছে। যেটা উনি জানতে চেয়েছেন যে, কোন অনুপাত রাজস্ব আদায় হচ্ছে ? আমাদের এখানে মোট রাজস্ব আদায় হচ্ছে দেশি মদে ৪৮.৩ পারসেন্ট, বিদেশি মদে ৪৪.১ পারসেন্ট, বিয়ার এবং অন্যান্যতে রাজস্ব সংগৃহীত হচ্ছে ৭.৬ পারসেন্ট—এভাবে এক্সাইজ থেকে রাজস্ব আদায় হচ্ছে। এ ব্যাপারে মাননীয় অতীশবাবুর সঙ্গে আমিও একমত এবং আমি নিজে বিবেচনা করেছি, ব্যক্তিগত ভাবে আমার চিন্তাধারা এবং সরকারের চিন্তাধারা যে, এটাকে আমরা হাট করে খুলে দিতে পারছি না। কিন্তু নতুন পর্যায়ে বলা হয়েছে, আমরা যদি বৈধ দোকান বিভিন্ন জায়গায় খোলার চেষ্টা না করি তাহলে অবৈধ ব্যবসা-বাণিজ্য এই এক্সাইজকে কেন্দ্র করে চোলাই চালান ব্যবস্থা এত বাড়বে যে, সেটাকে নিয়ন্ত্রণ না করলে আরেকটা খারাপ পরিণতির দিকে যাবে। সুতরাং একটা রক্ষণশীলতার মানসিকতা নিয়ে, আর্থ-সামাজিক পরিবেশের কথা চিন্তা করে এখানে নতুন লাইসেন্স দিলে কেবলমাত্র সেই সব জায়গায় লাইসেন্স দেওয়ার কথা চিন্তা-ভাবনায় আছে। এই আইনের মাধ্যমে যেটা করতে চাই সেটা হল যে, মামলাগুলোর দ্রুত নিষ্পত্তি হবে। যে সব অফেন্স-এর জন্য আমাদের মামলাগুলোর বিচার চলছে, আদালতে যেতে হবে, আদালতে অনেক মামলা জমেছে, সেগুলোর নিষ্পত্তি হচ্ছে না। সেগুলোর নিষ্পত্তি করতে হচ্ছে, সেজন্য ট্রাইবুনাল করতে হচ্ছে। এসব হ্যারাসমেন্টের জন সমস্যা হচ্ছে, কমপাউন্ড করার ব্যাপার আছে, ফাইন নিয়ে ছেড়ে দেওয়ার ব্যবস্থা আছে। যারা অপরাধী তারা শাস্তি পেলেও, প্রয়োজনে কেস করলে কেবল নন্-বেলেঅ্যাবেল—এই বিষয়টা আমরা বাতিল করছি প্রশাসনের সুবিধার জন্য, এবং পরিবর্তন করতে চাই, প্রয়োজনে বেল্ হবে, কমপাউন্ড হবে, অপরাধীকে কমপাউন্ড করে সেখানে ফাইন ইত্যাদি যে ব্যবস্থা—তারপর আমাদের এক্সাইজ অ্যাক্ট-এ আছে, সেই ধারাগুলোকে প্রয়োগ করে আমরা কাজ করব। এই সংশোধনীর ফলে একদিকে ক্রাইমকে দ্রুততার সাথে, দক্ষতার সঙ্গে ট্যাকেল করব। আবার তার সঙ্গে সঙ্গে হয়তো সরকারের রাজস্ব কিছু বাড়বে। আপনারা এই বিলকে সমর্থন করার জন্য আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bengal Excise (Amendment) Bill, 2003 be taken into consideration was then put and agreed to.

Clause - 1 - 4

The question that Clause 1 - 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

[2.00—2.10 p.m.]

Shri Prabodh Chandra Sinha : Sir, I beg to move that the Bengal Excise (Amendment) Bill, 2003, as settled in the Assembly, be accepted.

The motion was then put and agreed to.

Financial Budget of the Government of West Bengal for 2003-2004

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 20

Mr. Deputy Speaker : There are 46 cut motions to Demand No. 20. All the motions are in order. However, motion nos. 1, 3-14, 15-17, 18-19, 20-21, 28, 29, 30-32, 37-38, 39-41 and 42-46 are not moved. Cut motion nos. 2, 22-26, 27 and 33-36 are taken as moved. The ramaining cut motions are not moved.

(cut motion no. 2)

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-.

Shri Kamal Mukherjee : (cut motion no. 22-26)
Shri Deba Prasad Sarkar : (cut motion no. 27)
Shri Abdul Mannan : (cut motion no. 33-36)

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মৎস্যমন্ত্রী শ্রী কিরণময় নন্দ মহাশয় এবার এই দপ্তরের যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের এবং বিরোধী দলের কাটমোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। সবার আগে আমার যেটা মনে হয়েছে সেটা হচ্ছে, বর্তমানে রাজ্য সরকারের

কাছে এই দপ্তরের প্রয়োজনীয়তা ক্রমশ কমছে—ক্রমশ কমছে এই জন্য বলছি যে, তাঁদের বাজেট যে জায়গায় এসে দাঁড়িয়েছে তাতে করে আমার নিজের মনে হয় যে একথাটা সবথেকে সত্যি, আমাদের মাননীয় মৎস্যমন্ত্রী তার বাজেট ভাষণের প্রথমেই যে কথা বলেছেন, সে কথা হল এই—There has been a severe reduction in the allocation of fund to this department due to the extreme financial crisis which the State Government is facing. Even there is no certainty that the total budgetary allocation will be available at the end of the financial year. We had to face this experience during the implementation of the budget of 2002-2003. একথা বলার পরে মাননীয় মন্ত্রিমশাই যে কথা বলেছেন যে—আমার যে বাজেট, এই বাজেটের যে অ্যালোকেশান হয়েছে সেটা প্রয়োজনের তুলনায় অনেক কম। রাজ্য সরকারের অর্থনৈতিক সংকট এমন একটা জায়গায় পৌঁছেছে যে, তার ফলে আমার বাজেটের যে অ্যালোটমেন্ট সেই অ্যালোটমেন্ট বিশেষভাবে কমিয়ে আনতে হয়েছে এবং তার থেকেও অত্যন্ত দুঃখের কথা তিনি যা বলেছেন, সে কথা হল যে গত বৎসর আমি যে টাকা বরাদ্দ করেছিলাম সে টাকা আমি পাইনি'। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এইরকম ধরনের স্পষ্ট কথা বলার জন্য আমি তাঁকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই এবং অভিনন্দন জানাই। আমরা যখন এখানে বসে এখানে দাঁড়িয়ে কোনো আলোচনা শুনি বা দাঁড়িয়ে বক্তব্য রাখি তখন মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সহ অন্যান্য বামফ্রন্টের সদস্যেরা তারা বলেন যে না, আমাদের অ্যালোকেশান অফ ফান্ড-এর সংখ্যা আমরা শেষ পর্যন্ত যেটা পাই, এটার মধ্যে কোনো ফারাক নেই। কিন্তু আপনি একজন মাননীয় মন্ত্রী, যিনি বামফ্রন্ট সরকারের অর্থনৈতিক সংকটকেও আর একবার নতুন করে আমাদের সামনে তুলে ধরলেন। এ পর্যন্ত তিনি যথেষ্ট সাহসের পরিচয় দিলেন। এরপর তিনি আবার কেন্দ্রীয় সরকার, গ্যাট, গ্লোবালাইজেশন ইত্যাদি তত্ত্বের মধ্যে চলে যাবেন কিনা আমি জানি না ! তিনি সরকারের দোষ ঢাকতে কি তত্ত্ব আনবেন জানি না ! কিন্তু একটা কথা ঠিক, গতবার যে ২০০২-২০০৩ সালের বাজেট এখানে প্লেস করেছিলেন এবং সেই বাজেট প্লেস করতে গিয়ে তিনি যে বইটি এখানে রেখেছিলেন তাতে অনেকগুলি পাতা ছিল। তিনি অনেক পরিকল্পনার কথা, অনেক চিন্তা-ভাবনার কথা বলেছিলেন—কিভাবে মাছ চাষ হবে, কিভাবে উৎপাদন বৃদ্ধির জন্য চেষ্টা করা হবে, এফ.এফ.ডি.এ.-তে কিভাবে মৎস্য চাষ হবে ইত্যাদি। অথচ এবারে ২০০৩-২০০৪ সালের বাজেট বিবৃতিটি মাত্র দু-পাতার। মাননীয় মৎস্য মন্ত্রী, আপনি এবারে খুবই সংক্ষেপে আপনার বক্তব্য রেখেছেন। ভালোই করেছেন, অনাবশ্যক খরচ কমিয়েছেন। রাজ্য সরকারের যে চরম অর্থনৈতিক সংকট চলছে তাতে আপনি আর কতকগুলো অসত্য কথা লিখে খরচ বাড়াতে চাননি। এটা খুবই ভাল কাজ করেছেন। মাননীয় মৎস্যমন্ত্রী, গত বছর আপনার মোট বাজেট বরাদ্দ ছিল ১০০.৯৩ কোটি টাকার। এ বছর আপনার মোট বাজেট বরাদ্দের পরিমাণ মাত্র ৫৫ কোটি টাকা, প্রায় অর্ধেক। এই টাকা পাবার ক্ষেত্রেও আপনার আশঙ্কা আছে—৫৫ কোটির জায়গায় এটা ৪৫ কোটি টাকা হবে, না ৩৫ কোটি টাকা হবে ! মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, আমরা এই বিধানসভায় যখন রাজ্য সরকারের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা করছি তখন সরকারের একজন মন্ত্রী—সংশ্লিষ্ট বিভাগের

মন্ত্রী—বরাদ্দকৃত টাকা খরচ করবার জন্য পাবেন কিনা তা নিয়ে আশঙ্কা প্রকাশ করছেন। তিনি আশঙ্কা প্রকাশ করছেন, "এই টাকা শেষ পর্যন্ত হাতে আসবে কিনা জানি না !" মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরপরে এই আলোচনার আর প্রয়োজন আছে বলে আমি মনে করি না। মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি বলব যে, একটা দপ্তরের প্ল্যান বাজেট আছে, নন-প্ল্যান বাজেট আছে, কর্মচারীদের বেতনের ব্যাপার আছে, সেখানে যদি মন্ত্রী নিজেই বাজেট সম্বন্ধে আশঙ্কার মধ্যে থাকেন তাহলে কি করে দপ্তরের কাজকর্ম হবে ? বর্তমানে মৎস্য দপ্তরের গুরুত্ব আগের চেয়ে অনেক বেড়েছে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। যদিও মৎস্য দপ্তর সম্বন্ধে আমাদের যা চিন্তা-ভাবনা তা এখনো বাস্তবে রূপায়িত হয়নি, এটা যেমন ঠিক তেমন এটাও ঠিক যে, এই মৎস্য দপ্তরের কাজকর্মের পরিপ্রেক্ষিতে গ্রামাঞ্চলের কিছু বেকার ছেলে কিছু করে খাওয়ার মতো মানসিকতা নিয়ে এগিয়ে যাবার সুযোগ পাচ্ছিল। এখন আমাদের আশঙ্কা হচ্ছে এই বাজেটের মধ্যে দিয়ে আগামী দিনে এই দপ্তর কোথায় গিয়ে দাঁড়াবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর কাছে উল্লেখ করছি যে, ২০০১ সালে আমাদের রাজ্যে—মন্ত্রী মহাশয়ের হিসাব অনুযায়ীই— মোট মাছের উৎপাদন ছিল ১০.৬০ লক্ষ টন, আর আমাদের প্রয়োজন ছিল ১১.৫৮ লক্ষ টন। এই যে উৎপাদন এবং প্রয়োজনের মধ্যে গ্যাপটা রয়েছে সেটা এইভাবে বাজেট বরাদ্দ কমার ফলে কোথায় গিয়ে দাঁড়াবে ? ইতিমধ্যে নিশ্চয়ই আমাদের প্রয়োজন বা চাহিদা বৃদ্ধি পেয়েছে এবং সেটা অন্তত ১২ লক্ষ টন থেকে ১৩ লক্ষ টন হয়েছে। তাহলে বাজেট বরাদ্দ হ্রাসের মধ্যে দিয়ে যদি উৎপাদন হ্রাস পায়, গ্যাপটা নিশ্চয়ই অনেক বেড়ে যাবে। ফলে আমরা কোথায় গিয়ে দাঁড়াবো, এই আশঙ্কা থেকে যাচ্ছে। ৩/৪ লক্ষ টনের গ্যাপ সৃষ্টি হবে বলে আমাদের আশঙ্কা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে তাই জানতে চাইছি গ্যাপ ফিলাপ করার জন্য তিনি কি চিন্তা-ভাবনা করছেন ? বাজেট বরাদ্দ কমার ফলে যদি উৎপাদন কমে এবং উৎপাদন কমার ফলে উৎপাদন এবং চাহিদা বা রাজ্যের প্রয়োজনের মধ্যে যে গ্যাপটা সৃষ্টি হচ্ছে সেই গ্যাপটা মেকআপ করার কিভাবে চেষ্টা করবেন তা দয়া করে আমাদের একটু জানাবেন। মাননীয় মৎস্য মন্ত্রী, আপনি একটা কথা বার বার বলেন—আজও নিশ্চয়ই বলবেন যে, আমাদের রাজ্য থেকে ছোট মাছ আমাদের রাজ্যের প্রয়োজন মিটিয়েও আমরা বাইরে, অন্যান্য রাজ্যে পাঠাই। হ্যাঁ, এটা ঠিকই, আমি গ্রামে বাস করি আমি এটা জানি।

[2.10—2.20 p.m.]

আমি দেখেছি, বাগনান, কল্যাণপুর ওই সমস্ত এলাকা থেকে, সারা হাওড়া জেলার বিভিন্ন গ্রাম থেকে বা অন্যান্য জেলা থেকে ছোট মাছ উড়িষ্যা, মধ্যপ্রদেশ, বিহার, মহারাষ্ট্র প্রভৃতি জায়গায় যায়। আমি বই পড়ে শিখে বলছি না, আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি, আমি দেখেছি, মাছের কারবারীরা এখানে আসেন এবং তারা ছোট মাছ কেনেন, কিনে তাদের ওখানে বড় বড় বিল আছে, সেই বিলে মাছ চাষ হয়, সেই জায়গায় মাছ চাষ করার জন্য তারা এখান থেকে নিয়ে যান। যারা ছোট মাছ চাষ করেন অর্থাৎ ডিম কিনে নিয়ে মাছের রূপান্তরিত করেন তারা পয়সা পান আবার যারা নিয়ে যান তারাও পয়সা পান। আমি শুনেছি,

সেখানে এক কিলোমিটার, ২ কিলোমিটার, দেড় কিলোমিটার বিল আছে। সেখানে হাতে করে জাল দিয়ে টানা হয় না, সেখানে ওই ট্রাক্টর দিয়ে মাছ ধরা হয়। ২ কিলো, ৩ কিলো কিম্বা ৪ কিলোর মতো সেখানে মাছ হয় যে মাছ আমরা এখানে খাই সেই মাছ সেখানে তৈরি হয়। গতবারের বাজেটের সময়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অ্যাগ্রেসিভ হয়ে বলেছিলাম, আজকে আমি অনুরোধ করে বলছি, আবেদন করছি বা আমার দাবি, এই চাষ বাড়ছে ভাল কথা, কিন্তু এ ক্ষেত্রে সরকারি সাহায্যের পরিমাণ আরো বাড়ানো দরকার। আসলে আপনি গতবারে অসন্তুষ্ট হয়েছিলেন, আমি আপনার বক্তৃতা শুনতে গিয়ে যেটা ভেবেছিলাম সেটা হল, যারা এই চাষ করছে তারা তাদের নিজেদের যে অর্থ সেই অর্থ দিয়ে করে। ঘটি-বাটি বন্ধক দিয়ে করে অথবা তাঁর স্ত্রীর যদি গয়না থাকে সেই গয়না বন্ধক দিয়ে ৩/৪টি পুকুর জমা নেন এবং জমা নিয়ে সেখানে ছোট মাছ চাষ করে বিক্রি করেন। বিক্রি করে যে অর্থ পান সেই অর্থ দিয়ে বন্ধক দেওয়া জিনিসগুলি উদ্ধার করার চেষ্টা করেন। অনেকে ভাল লাভও করেন। এখানে যদি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদ অথবা আপনার দপ্তর এগিয়ে এসে এদের সাহায্য করেন সিজিনে লোন দিতে তাহলে তারা মাছ চাষ করার পর যদি আপনারা ২ হাজার টাকা লোন দেন তাহলে সেই ২ হাজার টাকা তারা শোধ করে দেবে। এইরকম ব্যাঙ্কের সঙ্গেও করেসপন্ডেন্স করে করতে পারেন। যদিও আমরা জানি, ন্যাশনালাইজড ব্যাঙ্কগুলিতে যে সমস্ত স্কীমগুলি পাঠানো হয় সেগুলিকে তারা ফেরত পাঠায়। এটা শুধু আপনার দপ্তরের ক্ষেত্রে নয়, সমস্ত দপ্তরেরই একই অভিযোগ। ১০০টি স্কীমের মধ্যে তারা ৫টি গ্রহণ করে কিনা সন্দেহ আছে। আপনারা যদি ২/৩ কিম্বা ৫ হাজার টাকা লোন দিলেন, মরসুমের শেষে তারা ফেরত দেবার গ্যারান্টি দিল, তাহলে আপনার প্রচেষ্টা আরো ঊর্ধ্বগতি পেতে পারে। তা যদি না হয় তাহলেও তারা নিজের প্রয়োজনে মাছ চাষ করবে, কিন্তু ব্যাপক বিস্তার ঘটবে না। আর একটি কথা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, মাছ চাষ করবেন কোথায়—নিশ্চয়ই বিধানসভার পাশে যে অলিন্দ আছে, যে বাগান আছে, যে রাস্তাঘাট আছে সেখানে নয়। এর জন্য দরকার পুকুর। এই পুকুর, খাল-বিলে যদি মাছ চাষ করতে হয় তাহলে সেই জায়গাগুলি সঠিকভাবে থাকা দরকার। আমি একটা পরিসংখ্যান দিচ্ছি তাতে দেখবেন, মাছ চাষের অবস্থা দিনের পর দিন কিভাবে সংকুচিত হয়ে যাচ্ছে—যদিও আপনার বক্তব্যে সেই সংকটের আভাস পাওয়া যাচ্ছে—আপনি নিজে বলেছেন, পুকুরের পরিমাণ ২.৭৫ লক্ষ হেক্টর, বিল—০.৪২ লক্ষ হেক্টর, নদ-নদী—১.৭২ লক্ষ হেক্টর, জলাধার—০.১৬ লক্ষ হেক্টর, খাল—০.৮৪ লক্ষ হেক্টর। এর কি ১০০ ভাগ চাষ হয় ? না আগে থেকেই অনেক মজে গেছে, জমে গেছে ? এমন অনেক জলাধার আছে যে জলাধারগুলিতে অংশীদার থাকার ফলে সেখানে কেউ ভোগ করতে পারছে না। ফলে জমে যাচ্ছে, পচে যাচ্ছে, মজে যাচ্ছে, সেখানে মাছ চাষ হচ্ছে না। এটাই হচ্ছে রেকর্ড। আপনি বি.এল.আর.ও. কিম্বা অন্যান্য দপ্তর থেকে রেকর্ড সংগ্রহ করুন। সেই রেকর্ডের ভিত্তিতে দেখবেন এত সম্পত্তি আছে। তাই আবার বলছি, আপনি যেভাবে এগুতে চাইছেন বা এগুতে চান তাহলে আপনাকে আপ-টু-ডেট রিভিউ করতে হবে। অ্যাকচুয়ালি আমাদের রাজ্যে কত জলাধার আছে, পুকুর আছে, বিল আছে এবং তার শতকরা কত অংশে মাছ চাষ হয় এবং কত অংশ মজে গিয়েছে আশা করি মন্ত্রী মহাশয়

বিস্তৃতভাবে সেটা বলবেন। এই প্রসঙ্গে নদীর কথাটা এসে যায়। আপনি কিছু কিছু নদীতে মাছ ফেলেছেন চাষ করার জন্য। নদীতে মাছ কমে যাচ্ছে। আমাদের দেশে নদীতে যে মাছ কমে যাচ্ছে এটা রোধ করবেন কি করে, এর উপায় কি আশা করি সেটাও মন্ত্রী মহাশয় বলবেন। আমরা জানি এক সময় নদীর মাছ বিক্রি করে বিশেষ করে ধীবর সম্প্রদায়ের মানুষরা যারা দারিদ্র্য সীমারেখার নীচে বাস করেন তারা তাদের নিজেদের অন্ন সংস্থানের সুযোগ পেতেন। আজকে কিন্তু নদীগুলিতে মাছ নেই। আমি আমার নিজের অভিজ্ঞতা থেকেই একথা বলছি। হুগলি নদী, রূপনারায়ণ, দামোদর নদী যেগুলি আমার বাড়ির কাছাকাছি সেখানে দেখছি সেই নদীগুলি থেকে একজন ধীবর আগে যে পরিমাণের মাছ সংগ্রহ করতে পারতেন এখন আর তা পারেন না। এখানে রেজ্জাক সাহেব বসে আছেন, তিনি সুন্দরবন এলাকার মানুষ, তিনি জানেন সুন্দরবন এলাকাতে প্রচুর পরিমাণে খাল, নদী-নালা আছে, সেখান থেকে আগে যে পরিমাণে মাছ সংগ্রহ করা যেত এখন কিন্তু সেই পরিমাণে সংগ্রহ করা যাচ্ছে না। এর কারণ কি ? এমন কিছু জলের স্রোত আসছে যার জন্য মাছ আসছে না, না অন্য কোনো কারণ আছে আশা করি মন্ত্রী মহাশয় সেটা বলবেন। স্যার, আপনি জানেন, এখন ইলিশ মাছের সময়। আমার বন্ধুরা অনেকেই বলেন যে ইলিশ মাছ এখন ছবিতে দেখতে হবে কারণ সাড়ে তিনশো, সাড়ে চারশো টাকা কে.জি. দরে ইলিশ কিনে খাবার মানুষ আমাদের এখানে শতকরা ৫ ভাগও নেই। আমরা দেখছি ছোট ইলিশ মাছের বাচ্চাগুলি নদী থেকে ধরে ফেলা হয় এবং তা বিক্রি করা হয়। এ ক্ষেত্রে আইন থাকা দরকার যে এইভাবে ছোট মাছ নদী থেকে ধরা যাবে না। যদি এরকম কোনো আইন না থাকে তাহলে এরকম আইন প্রণয়ন করতে হবে, আর আইন থাকলে তার যথাযথ ইমপ্লিমেনটেশান দরকার। আমি বিভিন্ন দপ্তরে গিয়ে প্রশ্ন করে জেনেছি যে এই ধরনের আইন আছে কিন্তু তা কার্যকরী করা হচ্ছে না। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদ তাদেরও এটা দেখতে হবে। নদী থেকে ছোট ছোট মাছগুলি ধরে ডাঙায় ছুঁড়ে ফেলে দেয় যেগুলি নদীতে থাকলে এক বছর বাদে অনেক বড় হতে পারত। এর ফলে নদীতে মাছ কমে যাচ্ছে। এ ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়ার কথা আপনি ভাবছেন কিনা বলবেন। বেকার যুবকদের আপনি ট্রেনিং দিচ্ছেন। সেই ট্রেনিং এখনও চলছে কিনা জানি না কিন্তু ট্রেনিং দেওয়ার পর সেই বেকার যুবকদের আর কোনো জায়গায় নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে না। বেকার যুবকদের আপনি ট্রেনিং দিচ্ছেন কিন্তু ব্যাঙ্ক তাদের লোন দিচ্ছে না। এ ব্যাপারটা গুরুত্ব সহকারে দেখা দরকার যাতে ব্যাঙ্ক লোন নিয়ে তারা মাছ চাষ করতে পারে। রায়চকে মৎস্যজীবীদের জন্য আপনি ফিশিং হারবার করেছিলেন, সেটা নাকি ভালোভাবে চলছে না। বর্তমানে এটা কি অবস্থায় আছে বা কি করলে এর উন্নতি হবে আশা করি বলবেন। কলকাতার কাছাকাছিও নাকি আপনার এই ধরনের কিছু করার পরিকল্পনা আছে, সেটা থাকলে বলবেন। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন সুন্দরবন এলাকায় অনেক মৎস্যজীবী বাঘের পেটে যাচ্ছে। তাঁদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য কি ব্যবস্থা করেছেন সেটাও বলবেন। বাজেট দেখে তো মনে হয় না কিছু করতে পারবেন। পরিশেষে আমি এই যে সব পুকুর ভরাট হয়ে যাচ্ছে এ সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

কলকাতার সন্নিহিত অঞ্চলে এবং গ্রামাঞ্চলেও আমরা দেখছি সর্বত্র অবাধে পুকুর ভরাট হয়ে যাচ্ছে। আপনারা বলছেন পুকুর ভরাট করা অন্যায় কাজ, বেআইনি কাজ, তা করলে জেল, জরিমানা হবে। আপনি দু-একটা দৃষ্টান্ত দিয়ে বলবেন কি কোথায় এর জন্য ব্যবস্থা করেছেন ? রাজ্য সরকারের নাকের ডগায় বেলগাছিয়া, সল্টলেক অঞ্চলে জলাশয়গুলি ভরাট হয়ে যাচ্ছে কিন্তু তার বিরুদ্ধে আপনারা কিছুই করতে পারছেন না এবং পুকুর ভরাট বন্ধও করতে পারছেন না। এই বলে বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

[2.20—2.30 p.m.]

শ্রী দীপক বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মৎস্য এবং জলসম্পদ বিভাগের মন্ত্রী মহাশয় ২০০৩-০৪ সালের জন্য ২০ নম্বর ডিমান্ডের ভিত্তিতে যে ব্যয় বরাদ্দের অনুমোদন প্রস্তাব রেখেছেন আমি তাকে সমর্থন করছি। সঙ্গে সঙ্গে বিরোধীরা যে ছাঁটাই প্রস্তাব নিয়ে এসেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। আমি সমর্থন করছি এই কারণে যে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট প্রস্তাবে যে বক্তব্য তিনি উত্থাপন করেছেন সেই বাজেট প্রস্তাব সঠিক ভাবেই করেছেন। যে পরিস্থিতিতে তিনি বাজেট প্রস্তাব উপস্থিত করেছেন তাতে তিনি এটা করতে বাধ্য হয়েছেন। গোটা ভারতবর্ষে উদার নীতির এবং বিশ্বায়নের আঘাত প্রতিটি রাজ্যে পড়েছে। সেই আঘাতের যে যন্ত্রণা সেটা পশ্চিমবাংলাকেও ভোগ করতে হচ্ছে। আমাদের বন্ধু অসিতবাবুর সেটা পছন্দ হচ্ছে না। মুশকিলটা হচ্ছে এখানেই যে তাঁরাই বিশ্বায়নের শুরুটা করেছিলেন। তাঁরা রাজ্যের হাতে ক্ষমতাটা সংকুচিত করেছেন। রাজ্যের হাতে অর্থ আয়ের সমস্ত উপায় বন্ধ করে দিয়ে এখনে তিনি বলছেন কেন করতে পারছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা এখানে বলেছেন তার বিরোধিতা তিনি করছেন। এই কথা ঠিকই যে মাননীয় মৎস্যমন্ত্রী মৎস্য সপ্তরের নীতি ব্যাখ্যা করেছেন। আমাদের জলাশয়ে যে জলসম্পদ আছে তার সঠিক ব্যবহার করা, সঙ্গে সঙ্গে মৎস্য উৎপাদন বৃদ্ধি করা। ১৯৭৭ সালে আমাদের এই পশ্চিমবাংলায় মৎস্য উৎপাদন হত ২৪০ হাজার মেট্রিকটন। ২০০১-০২ সালে ১ লক্ষ মেট্রিকটন মৎস্য উৎপাদন হচ্ছে। উৎপাদনের দিক থেকে দেখা গেলে দেখা যাবে সারা ভারতবর্ষে যা মাছ উৎপাদন হয় তার ৩৩ ভাগ আমাদের এখানে উৎপাদন হয়। এটা অসিতবাবু অস্বীকার করতে পারবেন না। তিনি শুধু সমালোচনা করে গেলেন। আমাদের দেশে যে মৎস্য উৎপাদন হয় তার ৭০ ভাগ মৎস্য বীজ আমরা উৎপাদন করি। এই মাছ উৎপাদনের সঙ্গে আমাদের দেশের গরিব মানুষ, গরিব মৎস্যজীবী এবং দুঃস্থ মানুষ এই কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত হতে পারে যাতে সেই ব্যবস্থা করা হয়েছে। সঙ্গে সঙ্গে কত কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে সেটা যদি দেখা যায় তাহলে দেখা যাবে, আমাদের মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন, নবম পরিকল্পনায় দেখা গেছে আমাদের এই পশ্চিমবাংলায় ৮ কোটি শ্রম দিবস সৃষ্টি হয়েছে এবং ৩ লক্ষ লোকের কর্মসংস্থান হয়েছে। সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি আমাদের যে জলাশয়গুলো আছে, নদী-নালা খাল-বিল পুকুর, এই জলাশয়গুলো সঠিকভাবে যাতে ব্যবহার করা যায়, কাজে লাগানো যায় সেই

ব্যবস্থা করা হয়েছে। সেই সঙ্গে সঙ্গে লক্ষ করা যাচ্ছে আমাদের এই পশ্চিমবাংলায় যে ব্যাপক সম্ভাবনা আছে সেই সম্ভাবনাকে কাজে লাগানো হচ্ছে। আমাদের এখানে মাছের যে উৎপাদন হয় সেই মাছের উৎপাদন অনেকটা নির্ভর করে নদী-নালার উপর। আমাদের এখানে মৎস্য বন্দরের ঘাটতি ছিল। মৎস্য দপ্তরের পক্ষ থেকে উদ্যোগ নিয়ে দীঘা এবং শংকরপুরে মৎস্য বন্দর করা হয়েছে। ফ্রেজারগঞ্জ এবং কাকদ্বীপে মৎস্য বন্দর করা হচ্ছে। শুধু মৎস্য উৎপাদন করলেই হবে না, বিজ্ঞান এবং প্রযুক্তিকে ব্যবহার করে তার সঠিক মূল্য পাওয়া যায় সেটা দেখতে হবে। সেই জন্য বিজ্ঞান এবং প্রযুক্তিকে বেশি বেশি কাজে লাগানো যায় তার জন্য গবেষণা করা হচ্ছে এবং তার জন্য কল্যাণীতে রিসার্চ সেন্টার করা হয়েছে। আমরা লক্ষ করেছি ১৯৮১-৮২ সালের পর থেকে দেখা গেছে আমাদের এখান থেকে মাছ সরবরাহ করে বাইরে পাঠানোর মাত্রা অনেক গুণ বেড়ে গেছে। আমরা বিদেশে মাছ রপ্তানি করে বিদেশি মুদ্রা অর্জন করছি, এখন প্রায় সাড়ে ছশো কোটি টাকার মতো বিদেশি মুদ্রা অর্জন করছি। লক্ষ্য করা যায়, স্বাধীনতার পর আমরা এটা ভাবতে পারতাম না যে মৎস্য দপ্তরকে দিয়ে, আমাদের অন্যান্য উন্নয়নের কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করে উন্নয়নমূলক কাজকর্মকে উন্নত করা যাবে। আমাদের মৎস্য দপ্তর পশ্চিমবাংলায় সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে—নানা গবেষণামূলক কাজ করে, আদিবাসী মানুষদের মৎস্য দপ্তরের কাজের সঙ্গে যুক্ত করে তাদের কাজের ব্যবস্থা করেছে, এটা আমরা লক্ষ করছি। এফ.এফ.ডি., যেটি কেন্দ্রীয় সরকারের একটি পরিকল্পনা, যা অন্যান্য রাজ্যে করা হয়েছে, আমাদের এখানেও করা হয়েছে। পঞ্চায়েতের মাধ্যমে গরিব মানুষের মধ্যে ঋণের ব্যবস্থা করা হয়েছে। অসিতবাবু বলছিলেন, গরিব মানুষরা, গরিব মৎস্যজীবীরা ঋণ পাচ্ছে না। কিন্তু এ কথা তো অস্বীকার করা যাবে না যে, মৎস্যজীবীদের নিয়ে যেখানে সমবায় করা হয়েছে, সেখানে তারা ঋণ পাচ্ছে ? আমি মাননীয় মৎস্যমন্ত্রীকে অনুরোধ করবো, এটি যাতে প্রত্যেক মহকুমা, প্রত্যেক ব্লকে করা হয়, তার জন্য তিনি উদ্যোগ নিন। মৎস্যজীবীদের জন্য মৎস্য দপ্তর নানা কল্যাণমূলক প্রকল্প চালু করেছে। আজকে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা প্রথম যেখানে মৎস্যজীবীদের জন্য পেনশন দেবার ব্যবস্থা করা হয়েছে। ইতিমধ্যেই দু'হাজার মৎস্যজীবীকে মাসে তিনশো টাকা করে পেনশন দেওয়া হচ্ছে। এরই সঙ্গে সঙ্গে রাস্তার উন্নয়ন, নলকূপ স্থাপন ইত্যাদি কাজও করা হচ্ছে। আমি আরও একবার এই ব্যয়-বরাদ্দের প্রতি সমর্থন জ্ঞাপন করে এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীপক চন্দ্র সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মৎস্য দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী কিরণময় নন্দ ২০ নং দাবির অধীনে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় যে বই আমাদের দিয়েছেন, তাতে দেখা যাচ্ছে ৫৫ কোটি ২০ লক্ষ ৫ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। আজকে কেন্দ্রীয় সরকারের যে নীতি, বিশ্বায়নের যে নীতি তাঁরা গ্রহণ করেছেন, তার আঘাত আমাদের ওপরেও পড়েছে। পূর্বের কেন্দ্রীয় সরকার যে চুক্তি করেছিলেন, বর্তমানের কেন্দ্রীয় সরকারও সেই নীতি নিয়েই চলছে। মাননীয় মৎস্যমন্ত্রী এটা লিখিত ভাবে জানিয়েছেন। আমরা

ভারতবর্ষের বাইরে অবস্থিত কোনো রাজ্য না, ফলে কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির আঘাত আমাদের ওপরে পড়েছে। মন্ত্রী মহাশয় এই সত্য কথা বলার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। আমাদের দেশে যে মাছ উৎপাদন হয়, তাতে আমরা যেমন প্রথম হয়েছি, এটা যেমন আনন্দের কথা, তেমনি আশার কথা, দীর্ঘদিন ধরে আমাদের দেশে মৎস্যবীজ যা প্রয়োজন, তার ৬০-৭০ ভাগ আমরা যোগান দিচ্ছি। এই বাজেটকে সমর্থন করে আমি বলছি যে, আমরা চেষ্টা করছি, মৎস্য দপ্তর ক্ষুদ্র ও সীমিত ক্ষমতা নিয়ে চেষ্টা করছে। মৎস্যজীবীদের মধ্যে তাঁরা কার্ড বিতরণ করা শুরু করেছেন।

[2.30—2.40 p.m.]

কিন্তু এখনও পশ্চিমবাংলায় বহু জেলা আছে, বহু গ্রাম আছে, যেখানে মৎস্যজীবীদের মধ্যে পরিচয়পত্র বা কার্ড বিলির কাজ শেষ হয়নি। এই বিষয়টা মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় দেখবেন এই আবেদন আমি রাখছি। মৎস্যজীবী সমবায় সমিতি গড়ে উঠেছে গ্রামেগঞ্জে, সেখানে তারা জীবন সংগ্রামে লড়াই করে বাঁচার চেষ্টা করছেন। কিন্তু ব্যাঙ্কের দিক থেকে তারা অসহযোগিতা পাচ্ছে, মৎস্যজীবীদের সমবায় সমিতিকে ঋণ দিচ্ছে না। মৎস্য দপ্তরের পক্ষ থেকে তাদের এক্সটেনসান অফিসারকে দিয়ে ব্যাঙ্কের উপর চাপ সৃষ্টি করা দরকার কারণ যারা সমবায় সমিতি গঠিত করবেন তাদের জীবন ধারণের মানকে উন্নত করার জন্য যারা এগিয়ে আসছেন, আজকে তাদের পাশে দাঁড়ানো দরকার। আজকে গ্রামেগঞ্জে, নদীতে যে সমস্ত মৎস্যজীবী মাছ ধরছেন, শহরের বিভিন্ন জায়গায় যারা বড়ো বড়ো পুকুরে মাছ ধরছেন, সেই সমস্ত জায়গায় দেখা যাচ্ছে, প্রমোটাররাজ তারা সক্রিয় হচ্ছেন, তারা জলাভূমিগুলি কেড়ে নেওয়ার চেষ্টা করছেন। আমাদের রাজ্য সরকার জলাশয় যাতে ভরাট না হয় তার জন্য আইন তৈরি করেছেন। এই ব্যাপারে আমাদের সরকার কিছু করবেন, এই আশা আমাদের আছে। এখানে বিরোধী পক্ষের মাননীয় সদস্য অসিতবাবু বিরোধিতা করে যা বললেন, এখানে ওনার সমর্থন করা উচিত ছিল, তিনি কেন বিরোধিতা করলেন আমি জানি না। তিনি অনেক ভাল ভাল কথা বলেছেন, কিছু ক্ষেত্রে বিরোধিতাও করেছেন। মাননীয় সদস্যকে বলব, আপনি তো দেখেছেন, ভারতবর্ষের আর্থিক পরিকাঠামোর যে অবস্থা, সেই প্রেক্ষিতে সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যা উৎপাদন করা হচ্ছে, সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে তা কোথাও দেখাতে পারবেন না। এটা তো আমাদের রাজ্যের গর্ব, এখানে কেন বিরোধিতা করলেন আমি বুঝলাম না। জলাভূমি ভরাটের বিরোধিতায় আমাদের সরকার সক্রিয় ; প্রমোটাররাজের বিরুদ্ধে আমাদের সরকার ব্যবস্থা নিচ্ছেন, উদ্যোগ নিচ্ছেন, কিছু কিছু ক্ষেত্রে মামলাও করা হয়েছে, আসামী চালান করা হয়েছে, আমরা আশা করি রায়গুলি দ্রুত সম্পাদন করা হবে। আমাদের রাজ্যে যে মৎস্য চাষ হচ্ছে, সমুদ্রজাত সম্পদ যা আছে, এখান থেকে বিদেশি মুদ্রা অর্জন করা হচ্ছে, প্রায় ৫২৪ কোটি টাকার উপর বিদেশি মুদ্রা আসছে, কেন্দ্রীয় সরকার সেই টাকার কোনো অংশও আমাদের রাজ্যকে দিচ্ছে না। বঞ্চিত করছেন। পরিশেষে বলি, মৎস্যমন্ত্রী যে বাজেট বক্তব্য রেখেছেন তাকে সমর্থন জানাচ্ছি এবং আরো উদ্যোগ নিয়ে মৎস্যজীবীদের মধ্যে যারা গ্রামেগঞ্জে আছেন যারা বি.পি.এল. কার্ড নিয়ে

বেঁচে আছেন আজকে তাদের পাশে দাঁড়ানোর জন্য এই সরকারকে অভিনন্দন জানাচ্ছি। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্য দপ্তরের মন্ত্রী মহাশয় বাজেট বরাদ্দের জন্য যে বাজেট বিবৃতি মন্ত্রী মহাশয় রেখেছেন, সেই বিষয়ে তাঁকে সমর্থন জানাচ্ছি এবং মৎস্য দপ্তর পশ্চিমবাংলায় একটা উল্লেখযোগ্য ভূমিকা নিয়ে কাজ করে চলেছে, ভারতবর্ষের মধ্যে মৎস্য উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম হয়েছে। একবার নয় বারবার ১০ বার এবং মাছের ডিম উৎপাদনে সেখানেও রাজ্য সরকারের মৎস্য দপ্তর একটা উল্লেখযোগ্য ভূমিকা নিয়ে চলেছেন। কিন্তু মৎস্য দপ্তরের এবারকার যে বাজেট বিবৃতি, সেখানে অর্থ সংকটের কথা বলা হয়েছে। অর্থ সংকটের কারণও বলেছেন। তবে বিশ্বায়নের জড়িত কারণে রাজ্য সরকারের চরম আর্থিক সংকট। রাজ্য সরকারের অর্থ দপ্তরের কারণে তার দপ্তরের যে বাজেট বরাদ্দ সেটাও ছাঁটাই হচ্ছে, টাকা পাচ্ছেন না। বছরের টাকা শেষে গিয়ে কমে আসছে ফলে তিনি আশঙ্কা প্রকাশ করেছেন, যেসব পরিকল্পনা করেছেন সেটা চালাতে পারবেন কিনা, এই আশঙ্কাও সঙ্গত। আমি যে কথাটা বলতে চাই, বিশেষ করে আমাদের দেশে যে প্রচুর খাল বিল ছোট পুকুর দহ আছে, কিন্তু একটা এক্সটেনসিভ সার্ভে দরকার, কত মৎস্যজীবী পুকুর জলা আছে, সেই রকম ইনটেনসিভ সার্ভে হয়নি, ব্লক ওয়াইজ সার্ভে হয়নি। এখানে ল্যান্ড ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রীও আছেন, সার্ভের বিষয়ে একটা অস্পষ্টতা আছে, মৎস্যজীবীদের মধ্যে সেই সার্ভে করে ছোট ছোট মৎস্যজীবী যে ছোট জোতের মালিক তাদেরকে মৎস্য সমবায় সমিতির মধ্যে আনা এবং আনতে পারলে এই দেশের মানুষের যে খাদ্য সংকট প্রোটিন সংকট সেই প্রোটিন সংকট মিটবে, মানুষের খাদ্যের সমস্যার সমাধান হবে। মৎস্যচাষ আজকে গ্রামীণ কর্মসংস্থানের এবং চরম অর্থকরী জায়গায় আছে। গ্রাম ভিত্তিক মৎস্যজীবীদের জন্য পঞ্চায়েতকে কাজে লাগিয়ে, ল্যান্ড ডিপার্টমেন্টকে কাজে লাগিয়ে এবং মৎস্যজীবীদের জন্য সমবায় সমিতি গঠন করা দরকার এবং এই ব্যাপারে আইনের যে জটিলতা আছে সেই জটিলতা থেকে একে মুক্ত করে একে কিভাবে ছড়িয়ে দেওয়া যায় কর্মসংস্থানের জন্য সেই চিন্তা আমাদের করতে হবে। এই জিনিসটা আজকে মৎস্য দপ্তরকে ভাবতে হবে। তাদের আরও ভাবতে হবে এর মাধ্যমে কিভাবে আরও রাজস্ব আদায় বাড়ানো যায়। আজকে বিশ্বায়নের চ্যালেঞ্জ গ্রহণ করতে হলে আমাদের আয়ের উৎসটাকে আরও বাড়াতে হবে। অপরদিকে আমি আরেকটা বিষয় বলব, বিভিন্ন কারণে আজকে নদীতে মাছ কমে যাচ্ছে। তার মধ্যে অন্যতম কারণ হচ্ছে পলিউশান। আরেকটা ব্যাপার হচ্ছে মাছ ধরার সময় সরু জল ব্যবহার করা হচ্ছে, ফলে অনেক ছোট মাছ এবং ডিম নষ্ট হয়ে যাচ্ছে। ফলে আগামী দিনে মাছের উৎপাদন অনেক কমে যাবে। আমাদের পাশ্ববর্তী বাংলাদেশে আইন করা হয়েছে, সরু জাল নদীতে ফেলা যাবে না, সেখানে সরু জাল নিষিদ্ধ। আমাদের এখানেও মৎস্য দপ্তর থেকে যদি এই রকম একটা আইন করা যায়, নদীতে সরু জাল ফেলা যাবে না, এই বিষয়ে ভাবনা-চিন্তা করার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কিরীটি বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আজকে দেশের যে আর্থিক সঙ্কট সেই আর্থিক সঙ্কটের মধ্যে দাঁড়িয়েও আমাদের রাজ্যে মৎস্যজীবীদের জন্য কল্যাণমূলক কর্মসূচিকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। মৎস্য চাষের মাধ্যমে কর্মসংস্থান, সামাজিক অর্থনীতির বিকাশ এবং পরিবেশ রক্ষার চেষ্টা করা যায়। আজকে নদী-নালা, খালবিলগুলো মজে গেছে, সেখানে গ্রামের মৎস্যজীবীরা সামান্য মাছ ধরে যা রুজি-রোজগার করত সেটা আজকে বন্ধ হয়ে গেছে। আমার বাঁকুড়া জেলার পাশে গঙ্গেশ্বরী-দ্বারকেশ্বর নদের ধারে মৎস্যজীবীরা বাস করত এবং বর্ষার কয়েক মাস নদীর মাছ ধরে তারা জীবিকা নির্বাহ করতেন। বর্তমানে সেই নদীগুলির এমন অবস্থা হয়েছে যে সেটা মাঠ বা নদী তা বোঝা যাবে না। পঞ্চায়েতের মাধ্যমে এই নদীগুলিকে সংস্কার করে মৎস্যজীবীদের জীবিকার ব্যবস্থা করা দরকার। গভীর সমুদ্রে যে সমস্ত মৎস্যজীবীরা মাছ ধরতে যায় তাদের আইডেন্টি কার্ড দেওয়ার যে পরিকল্পনা আপনার আছে সেটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। আমি মনে করি গ্রামের যারা মৎস্যজীবী তাদেরকেও আইডেন্টি কার্ড দেওয়ার ব্যাপারে আপনি ভাবনা-চিন্তা করবেন। আজকে গ্রামাঞ্চলে নতুন নতুন খালবিল তৈরি করে সেখানে মৎস্যজীবীদের অধিকার দিয়ে তাদের জীবিকা নির্বাহের একটা সংস্থান করা দরকার। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব এই বিষয়টি ভেবে দেখার। আজকে গ্রামের পুকুরগুলি মজে যাচ্ছে, মানুষ জায়গার অভাবে সেগুলো ভরাট করে দিয়ে সেখানে বাসস্থান তৈরি করছে, এটা যাতে না হয় সেটা আপনি দেখবেন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.40—2.50 p.m.]

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফিশারিজ ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রী ৫৫ কোটি ২০ লক্ষ ৫ হাজার টাকার যে বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তার উপর কিছু বলতে চাই।

আমাদের দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলে ফিশারিজ ডিপার্টমেন্ট হওয়া সত্ত্বেও, তাদের জন্য কত টাকা বরাদ্দ করেছেন, তার উল্লেখ এই বাজেটের মধ্যে নেই। এদের জন্য কত বরাদ্দ করেছেন, সেটা জানতে চাইছি মাননীয় মন্ত্রীর কাছে। মাননীয় সদস্য অসিত মিত্র পূর্বে উল্লেখ করেছেন ফিশারিজ ডিপার্টমেন্টের ফিশ প্রোডাকশন অ্যান্ড মার্কেটিং সম্বন্ধে। পাহাড়ে ফিশারিজ ডিপার্টমেন্টের ফিশ প্রোডাকশন অ্যান্ড মার্কেটিঙের কি প্রসপেক্টস আছে জানাবেন। আমাদের ডি.জি.এইচ.সি.-র অধীন কালিম্পঙে র‍্যাং প্রোজেক্ট হয়েছে, মাননীয় মন্ত্রীও অনেকবার গিয়ে দেখেছেন। ভালো প্রোজেক্ট হয়েছে। র‍্যাং প্রোজেক্ট শুধু সেখানেই নয়, আমাদের বালাসন আছে, নর্থ বেঙ্গলের অনেক জায়গা—জলপাইগুড়ি, কোচবিহার আছে, সেখানে এই প্রোজেক্ট করার জন্য চিন্তা-ভাবনা করছেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন। এই হাউসে ডিমান্ড করেছিলাম যে, হিল কাউন্সিলে একটা মীন ভবন হওয়া খুবই দরকার। মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই, তিনি সেখানে তা করেছেন। তবে, সেখানে কি কাজ হচ্ছে না হচ্ছে আমরা জানি না, কি কমিটি আছে না আছে তাও জানি না। দার্জিলিঙের চৌরাস্তাতে

বেনফিশ হয়েছে। সেটা ডি.জি.এইচ. সি.-র আওতায় নয়। দার্জিলিং থেকে বেনফিশ কি বা কত রেভিনিউ আদায় করছে সেটা জানতে চাইছি। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের তকদা, কালিম্পং, অনেক জায়গাতে ঝোরা ফিশ প্রোগ্রাম হয়েছে। ওই ঝোরা ফিশ থেকে কত মানুষ উপকৃত হচ্ছে সেটা জানতে চাইছি। এমপ্লয়মেন্টের দিক থেকে বলছি। দার্জিলিং পাহাড়ের ছাত্ররা এই ফিশারিজ নিয়ে পড়াশোনা করে পাশ করেছে। পি.এস.সি. থেকে ইন্টারভিউ হল। কিন্তু দার্জিলিঙের কত জন ফিশারিজ ডিপার্টমেন্টে এক্সটেনশন অফিসার বা ডি.এফ.ও., এই সমস্ত হয়েছে, সেটা জানতে চাইছি।

পাহাড়ের মানুষদের জন্য মন্ত্রী মহাশয় নিশ্চয় ভাববেন এই আশা করি এবং আমার প্রশ্নগুলোর জবাব জবাবী ভাষণে দেবেন সেই আশাও রাখি। এই কথা কটি বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কিরণময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বাজেট বরাদ্দ এখানে পেশ করা হয়েছে তাকে সমর্থন করে এবং যে সমস্ত কাট মোশন আনা হয়েছে তাকে অগ্রাহ্য করে আমি দু-একটি কথা বলছি। আমার এটা খুব ভালো লাগল যে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী অসিত মিত্রের বক্তৃতা শুনে। বিরোধীপক্ষে যারা আছে তাঁরা এ সরকারের বাজেটকে সমালোচনা করবেন এটা স্বাভাবিক কিন্তু আমরা আশা করি একটা গঠনমূলক বক্তৃতার মাধ্যমে তাঁরা তাঁদের বক্তব্য তুলে ধরবেন। মাননীয় বিরোধী দলের সদস্যর বক্তৃতার মধ্যে সেই গঠনমূলক সমালোচনা ছিল। তিনি যে প্রশ্নগুলো তুলে ধরেছেন এবং যেগুলো জানতে চেয়েছেন সেগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকার পক্ষের সদস্যরা সমর্থন করবেন এবং তার সঙ্গে সঙ্গে তাঁদের বক্তব্যের মধ্যে কিছু পরামর্শ থাকবে। আমাদের সরকার পক্ষের সদস্যরা তাঁদের বক্তব্য রেখেছেন, কয়েকটি পরামর্শও দিয়েছেন। সব কিছুর উত্তর দেওয়া এত অল্প সময়ের মধ্যে সম্ভব নয়। অসিত মিত্রের বক্তব্যের মধ্যে, তাঁর অভিজ্ঞতায় যেহেতু তিনি গ্রামাঞ্চলের বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছেন, তাঁর বক্তব্যে সেটা প্রকাশ পেয়েছে। আমিও গ্রামাঞ্চল থেকে নির্বাচিত, মানুষের সমস্যা সম্বন্ধে আমরা সচেতন, অবহিত, তাদের দৈনন্দিন কাজের মধ্যে একটা বড়ো সময় তাদের সঙ্গে আমাদের কাটাতে হয়। এটাই ঘটনা। আমরা যতই উৎপাদনমুখী কর্মসূচি নিই না কেন, সবটাতেই মূলধনের প্রয়োজন। আর এই সমস্ত কর্মকাণ্ডের সঙ্গে যারা জড়িত তারা গরিব মৎস্যজীবী মানুষ, বেকার যুবক যাদের নিজেদের মূলধনের পরিমাণ খুবই কম। তারা যদি না সাহায্য পেয়ে থাকেন, আমরা সরকার থেকে তাদের যা সাহায্য দিই তা কেবলমাত্র কিছু অনুদান, এর পরিমাণও খুবই অল্প। তবুও একথা আমি কখনোই বলতে পারব না, দাবি করব না পশ্চিমবাংলার মৎস্য চাষিদের কাছে যারা মৎস্য চাষের সঙ্গে যুক্ত তাদের সকলের কাছে আমি অনুদান পৌঁছে দিতে পেরেছি। এটা সম্ভব নয়। যে বিশাল সংখ্যক কর্মকাণ্ড মৎস্য উৎপাদনকে ঘিরে সারা পশ্চিমবাংলা জুড়ে চলছে, তাতে এটা সম্ভব নয়। পশ্চিমবংলার সমস্ত জেলায় এমনকি মাননীয় সদস্য শ্রীমতী শান্তা ছেত্রী বলেছেন পার্বত্য এলাকাতেও মৎস্য দপ্তর পরিকল্পনা নিয়েছে। আগামী দিনে কিভাবে আরও পরিকল্পনা নেওয়া যায়, কত মানুষকে উপকৃত করা যায় সে বিষয়ে ভাবনা-চিন্তা করতে হবে। দার্জিলিং জেলা থেকে শুরু করে পুরুলিয়া পর্যন্ত

এমন কোনো জেলা নেই যেখানে মৎস্য দপ্তরের কর্মকাণ্ড তার উৎপাদনকে ঘিরে মানুষ সেখানে যুক্ত নেই। বহু মানুষ তাদের জীবিকার মাধ্যমে আজকে এই দপ্তরের কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত হয়েছেন। এটা ঠিক যে এই কর্মকাণ্ডকে এগিয়ে নিয়ে যেতে গেলে, আরও মানুষকে উৎসাহিত করতে হলে এর সঙ্গে যুক্ত করতে হলে যে পরিকাঠামো যে অর্থের প্রয়োজন, সেই পরিকাঠামো, সেই অর্থ আমরা এখনও বরাদ্দ করতে পারিনি। কেন বরাদ্দ করতে পারিনি সে কথা আমি আমার বাজেট বক্তৃতার মধ্যে সুস্পষ্ট করে বলেছি। আজকে কোন্ অবস্থার মধ্যে আমাদের সরকার চালাতে হচ্ছে, কোন্ অবস্থার মধ্যে আমাদের বাজেট উপস্থাপন করতে হচ্ছে, শুধুমাত্র আমাদের দপ্তরই নয়, যে দপ্তরগুলোর সঙ্গে জনমুখী কর্মসূচি উৎপাদন কর্মসংস্থান এতগুলো প্রশ্ন জড়িত আছে সেই দপ্তরগুলোই এক কঠিন অবস্থার সম্মুখীন। কিন্তু আমরা কি চাই না আরও বেশি অর্থ বরাদ্দ করে মানুষকে যাতে আরও বেশি সুযোগ-সুবিধা দিতে পারি, মানুষ যাতে আরও বেশি করে উপকৃত হতে পারে, আরও বেশি মানুষের কর্মসংস্থান করতে পারি। চাই, কিন্তু একে রূপায়িত করতে গেলে যে বাধা সেই বাধাকে অপসারিত করে এগিয়ে যাওয়া সম্ভব নয় এগিয়ে যাওয়ার সঙ্গতি নেই কোনো একটা রাজ্যের পক্ষে, কোনো একটা দপ্তরের পক্ষে এটা সম্ভব নয়। যে অর্থ প্রয়োজন, সেই অর্থ বরাদ্দ করে সেই কাজকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটা সরকারের অর্থের পাশাপাশি বিভিন্ন বিনিয়োগকারী সংস্থা, বাণিজ্যিক সংস্থা তাদের সাহায্য প্রয়োজন কিন্তু আপনারা জানেন আজকে ব্যাংকগুলোর অনীহার কথা। মৎস্য দপ্তরের কাজ করতে গিয়ে বেকার যুবক, সাধারণ মানুষ যে সমস্ত পরিকল্পনা তৈরি করছে ব্যাঙ্ক থেকে সেগুলো মঞ্জুর করেনি। শুধু তাই নয়, মঞ্জুর করবে বলে আমাদের কাছ থেকে যে টাকা নিয়ে নিচ্ছে। তিন, চার বছর পরে তারা বলছে সেই টাকা ব্যাংকে পড়ে আছে, আপনাদের সেই টাকা ফেরত দিয়ে দেব। এই হচ্ছে ব্যাঙ্কগুলোর ভূমিকা।

[2.50—3.00 p.m.]

ব্যাঙ্কগুলি আমাদের হাতে নেই, এগুলি কেন্দ্রীয় সরকারের হাতে। সমগ্র ভারতজুড়ে কেন্দ্রের যে কর্মসূচি তার প্রতিফলন রাজ্যগুলির উপর পড়েছে। যার স্বীকার রাজ্যের মানুষ এবং শুধু মানুষের উপরেই নয় রাজ্যের অর্থ ভাণ্ডারের উপরেও পড়েছে। এবারে আমরা একটা পরিকল্পনা নিয়েছি যে ছোট ছোট মৎস্যজীবী যারা ডিম, পোনা তৈরি করে কিন্তু তারা মূলধন কোথায় পাবে, আমরা ন্যাবার্ড থেকে আলোচনা করে লোন নেব এবং তারাও লোন দিতে রাজি হয়েছে। আমরা শর্ট টার্ম লোন দেব, যেমন এগ্রিকালচার সেক্টরে ছোট চাষিরা তাদের প্রতি বছর বীজ, ধান কেনার জন্য টাকা পান এবং সেই লোনের টাকা তারা সেই বছরেই শোধ করে দেন, তেমনি মৎস্য চাষিরা লোন নেবে এবং উৎপাদন করবে যাতে সেই টাকা শোধ করতে পারে। এই লোনগুলি কো-অপারেটিভ ব্যাঙ্ক, গ্রামীণ ব্যাঙ্কের সহায়তায় নেব যাতে ছোট মৎস্য চাষিরা শর্ট টার্ম লোন পেতে পারে। তাদের আমরা ক্রেডিট কার্ড দেব যেমন কৃষকদের কিষাণ বিকাশ কার্ড দেওয়া হয়। যাতে তার মাধ্যমে তারা শর্ট টার্ম লোন নিয়ে উৎপাদনের সঙ্গে নিজেদের যুক্ত করে এবং তাদের যে মূলধনের অভাব সেটা তারা

মেটাতে পারে। এই রকম পরিকল্পনাই আমরা গ্রহণ করেছি। একজন মাননীয় সদস্য বলেছেন আজকে টাকার অঙ্ক কমছে তাহলে নিশ্চয়ই আমাদের মাছে যে ঘাটতি আছে সেই পরিমাণটা আরও বাড়তে থাকবে। ঘাটতির পরিমাণ বাড়বে না, আমরা যে পরিকল্পনা নিয়েছি সেটা দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বিতীয় বর্ষ চলছে এখনও ৩টি বছর আমাদের হাতে আছে। আমরা শর্ট টার্ম লোন যদি প্রত্যেক জেলাতে মৎস্য চাষিদের কাছে পৌঁছে দিতে পারি এবং আমাদের যে জল সম্পদ আছে তাকে যদি ঠিকমতো ব্যবহার করতে পারি তাহলে তারা প্রোডাকটিভিটি বাড়াতে পারে। সারা দেশের মধ্যে আমরা ১০ বার প্রথম পুরস্কার পেয়েছি এবং সেটা টোটাল প্রোডাকশনের ক্ষেত্রে নয়, সেই পুরস্কার হচ্ছে প্রোডাকটিভিটির ক্ষেত্রে। প্রোডাকটিভিটির ক্ষেত্রে যে কোনো রাজ্যের থেকে আমাদের প্রোডাকটিভিটি অনেক বেশি। যত জলাশয় আছে তাকে উৎপাদনমুখী করে গড়ে তুলে আমাদের যে চাহিদা আছে যে ঘাটতি আছে সেটা পূরণ করতে হবে। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে আমাদের রাজ্যে যে ঘাটতি সেটা মিটিয়ে উদ্বৃত্ত হবে এবং আমরা সেই লক্ষে পৌঁছতে পারব। কেন না এই শর্ট-টার্ম লোন যদি মৎস্য চাষিদের কাছে পৌঁছে দিতে পারি এবং তারা যদি সেই সুযোগ কাজে লাগাতে পারেন তাহলে আমরা আমাদের ঘাটতি মেটাতে পারব। আরেকজন মাননীয় সদস্য রায়চকের কথা বলেছেন। রায়চকে একটা মৎস্য বন্দর আছে এবং সেটা অকেজো হয়ে পড়ে আছে। মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি এটা পশ্চিমবঙ্গ সরকারের নয়, এটা কেন্দ্রীয় সরকারের, এটা সি.পি.টি. চালায়। মৎস্য বন্দরের ডিজাইন, ড্রইং তৈরি করেন কেন্দ্রীয় সরকার, তখন তারা জানতেন না ওই মৎস্য বন্দরে কোনো কাজ হবে না, কোনো লঞ্চ ভিড়তে পারবে না, সেখানে ট্রলার ভিড়তে পারবে না। এইভাবে টাকা নষ্ট করা হয়েছে। রায়চক যেহেতু আমাদের রাজ্যে পড়ে তাই এর জবাবদিহি করার দায়িত্ব আমাদের উপরেই পড়েছে। কিন্তু আগে যারা এর ডিজাইন, ড্রইং, প্ল্যান এবং এগজিকিউশান করেছেন তারা কেউ জবাবদিহি করবেন না। তারা কেউ উত্তর দেননি। আমি চিঠি লিখেছি কিন্তু তারা তার জবাব দেননি। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি আমরা সবকিছু করতে পারিনি, সব লক্ষে পৌঁছতে পারিনি কিন্তু সে কথা বলতে দ্বিধা নেই। তবে যে অর্থ নিয়ে আমাদের দপ্তর চলে, যে বাজেট বরাদ্দ আমাদের দপ্তরের জন্য হয় আর এই বিশাল কর্মকাণ্ডের সঙ্গে আমরা যুক্ত তাতে অন্তত একটা সফল জায়গায় একটা ভালো জায়গায় এই দপ্তর পশ্চিমবঙ্গকে পৌঁছে দিয়েছে সারা ভারতবর্ষের মধ্যে। আমি ছোট একটা পরিসংখ্যান দিয়ে বোঝাচ্ছি, এটা আমার নয়, এটা কেন্দ্রীয় সরকারের পরিসংখ্যান। ২০০০-২০০১ সালে আমাদের রাজ্যে ১৮৪৩৮ টন মাছ বিদেশে রপ্তানি হয়েছে এবং বৈদেশিক মুদ্রা আয় হয়েছে ৫৮৫ কোটি টাকা। একটা পরিসংখ্যান থেকে বুঝতে পারবেন যে গোটা ভারতবর্ষের বৈদেশিক মুদ্রা আয়ের ক্ষেত্রে আজকে পশ্চিমবাংলার মৎস্য দপ্তরের অবদান। আমরা এখানে থেমে থাকতে চাই না। এছাড়া একটা লক্ষমাত্রা আমরা ঠিক করেছি, এই ৫৮৫ কোটি টাকা যে বৈদেশিক মুদ্রা আয় করেন কেন্দ্রীয় সরকার—পশ্চিমবাংলার মাছ রপ্তানির মাধ্যম দিয়ে, দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে এটাকে আমরা ১ হাজার কোটি টাকায় নিয়ে যাব এবং এই ১ হাজার কোটি টাকায় নিয়ে যাওয়ার জন্য যা যা পরিকাঠামো, যে যে কাজগুলো করা

দরকার সেই কাজগুলো সেই পরিকাঠামো তৈরির কাজে আমরা হাত দিয়েছি। অর্থের অভাব আমাদের আছে ঠিকই। কিন্তু বিভিন্ন ভাবে আমরা সেই অর্থ যোগাড় করার কাজগুলো আমরা করব। আমাদের দপ্তরের বাজেটে অর্থ বরাদ্দ নেই। যা বরাদ্দ আছে সেটা আমাদের কাজের তুলনায় অত্যন্ত কম। এ বছরের বাজেটে যে অর্থ বরাদ্দ আছে, এফ.এফ.ডি.এ. বলে যে সংস্থা—যার মাধ্যম দিয়ে আমরা মৎস্য চাষিদের ঋণ দিই, আমরা মৎস্য উৎপাদনকে আরও বিজ্ঞান ভিত্তিতে এগিয়ে নিয়ে যেতে চাই, কেন্দ্রীয় সরকার তার কর্মচারীদের মাইনের একটা অংশ বহন করতেন, কিন্তু এখন তাঁরা করেন না—আমার প্ল্যানের মধ্যে সেই টাকা আছে—৭ কোটি টাকা আমরা রাজ্য সরকারের প্ল্যান থেকে সেই টাকা পাচ্ছি। ৪ কোটি টাকা লাগবে আমার এফ.এফ.ডি.এ.-এর কর্মচারীদের মাইনে দিতে। আমি আমাদের অর্থমন্ত্রীকে বলেছি, পরিকল্পনা মন্ত্রীকে বলেছি, আমি জানি না সেই টাকা পাব কিনা। যদি আমি সেই টাকা পাই তবে কিছু টাকা আমি খরচা করতে পারব পরিকল্পনার জন্য। যদি আমি সেই টাকা না পাই, তাহলে একটা টাকাও খরচা করতে পারব না—আমাদের রাজ্যের মৎস্য উন্নয়ন বা এই সমস্ত কাজের জন্য খরচা করতে পারব না। অনেক কাজ আমরা হাতে নিয়েছি এবং অনেক প্রকল্প আগামী দিনে করার বাসনা আছে, ইচ্ছে—বিধানসভাতে আমরা ঘোষণা করেছি। কিন্তু যা কিছু আমরা করি না কেন সব পরিকল্পনার মধ্যে দিয়ে আমাদের চলতে হবে। আর সেই পরিকল্পনা খাতে অর্থ যদি না জোটে—বিভিন্ন কারণে আজকে গোটা ভারতবর্ষের যা পরিস্থিতি, নিশ্চয় আমাদের একটা জায়গায় থমকে দাঁড়াতে হয়, নিশ্চয় আমাদের মানুষের কাছে জবাবদিহি করার যে দায়িত্ব সেই জায়গায় আমাদের পিছন ফিরে তাকাতে হয়। আমরা ঠিকমতো করে যে পরিকল্পনা হাতে নিয়ে মানুষকে আশার বাণী শোনাই, সেই আশার জায়গায় আমরা পৌঁছাতে পারি না। সেই জায়গায় আজকে কিন্তু মৎস্য দপ্তর—আমাদের যে পরিকল্পনা খাতে অর্থ বরাদ্দ ঠিক সেই জায়গায় এসে আমরা পৌঁছেছি। কেননা এতগুলো মৎস্য বন্দর করার আমাদের পরিকল্পনা ছিল এবং সে অনুমোদনও আমরা পেয়েছি। আমি জানি না, আগামী দিনে সেই বন্দরগুলোকে করার ক্ষেত্রে যে টাকা রাজ্য সরকারের দেয়, সেই টাকা দিতে পারব কিনা, সেই কাজগুলো করতে পারব কিনা। আমি জানি না, যে পরিকল্পনাগুলো আমরা নিয়েছি—আগামী দিনে সেই অর্থ আমরা দিতে পারব কিনা। কল্যাণমূলক কাজের জন্য মৎস্যজীবীদের পেনশন, মৎস্যজীবীদের বাড়ি তৈরি করা, মৎস্যজীবীদের বীমার টাকা, মৎস্যজীবীদের বিভিন্ন প্রকল্পগুলো যেগুলো কল্যাণমুখী কাজ এবং সমুদ্রে মাছ ধরতে গেলে একজন মৎস্যজীবী যদি নিখোঁজ হয়ে যায় তাহলে তার পরিবারকে এখন আমরা এককালীন ৫০ হাজার টাকা দিই, তার জন্য বীমাতে আমাদের টাকা দিতে হয়। আজকে যে ৪ মাস মৎস্যজীবীরা সমুদ্রে মাছ ধরতে পারেন না, আমাদের রাজ্যে তাঁদের জন্য সেভিংস-কাম-রিলিফ স্কীমের ব্যবস্থা আমরা করেছি। আমি জানি না সেই টাকা আমি দিতে পারব কিনা। মৎস্যজীবীদের জন্য ১৯ হাজার বাড়ি তৈরি করেছি পশ্চিমবাংলায়—আমরা গ্রামাঞ্চলে তৈরি করেছি—এমন কোনো জেলা নেই, এমনকি দার্জিলিঙে পর্যন্ত যেখানে মৎস্যজীবীদের জন্য গৃহ নির্মাণ হয়নি। আমি জানি না আগামী দিনে সেই প্রকল্পটাকে আরও চালিয়ে যেতে পারব কিনা। বিভিন্ন জেলাতে যেখানে মৎস্যজীবীরা

বসবাস করেন সেখানে আমরা রাস্তা তৈরি করেছি, বনদপ্তর এই কাজ কখনও করেনি। গ্রামে ছোট ছোট রাস্তাগুলো তৈরি করার ফলে শুধু মৎস্যজীবীরা নন, সাধারণ মানুষও উপকৃত হয়েছে—আমি জানি না, আগামী দিনে সেই পরিকাঠামো আমি তৈরি করতে পারব কিনা। জানি না, কাকদ্বীপ বন্দর কবে শেষ করতে পারব। জানি না, বিভিন্ন জায়গায় যে সমস্ত হারবারগুলো তৈরির পরিকাঠামো করেছি সেই কাজগুলো শুরু করতে পারব কিনা। কেননা এত বেশি আর্থিক অপ্রতুলতার মধ্যে পড়েছি এবং এই কথা বলতে বিন্দুমাত্র দ্বিধাবোধ নেই যে, এত অল্প টাকায় এত বেশি মানুষের কর্মসংস্থান আর কোনো জায়গায় সম্ভব নয়। আমরা যেটুকু টাকা খরচা করি তার বিনিময়ে যে বিশাল সংখ্যক মানুষের কর্মসংস্থান এই রাজ্যে গড়ে উঠেছে—এটা কোথাও কল্পনার বাইরে। এ কথা কি কেউ কল্পনা করতে পারেন ? আমরা দেড় কোটি টাকা খরচা করেছিলাম শংকরপুর মৎস্য বন্দরের জন্য—১০ হাজার মানুষের কর্মসংস্থান করতে পেরেছি। দ্বিতীয় মৎস্য বন্দর যখন তৈরি করি ৭ কোটি টাকা খরচা হয়েছিল—সাড়ে আট কোটি টাকা ব্যয়ে ২০ হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। ফ্রেজারগঞ্জে একটা মৎস্য বন্দর তৈরি করেছি—৬ কোটি টাকা খরচা হয়েছে—সেখানে ১৫ হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। আজকে বলতে পারেন, ৫-৬ কোটি টাকা খরচা করে এত হাজার হাজার মানুষের কর্মসংস্থান কোন জায়গায় সম্ভব ? মীনদ্বীপে ১৭ কোটি টাকা খরচা করে সেখানে আমরা মৎস্য উৎপাদন ক্ষেত্র তৈরি করেছি। ইতিমধ্যে আমরা সেখানে মানুষের কর্মসংস্থান গড়ে তুলেছি, সমবায় সমিতি গড়ে তুলেছি—সেখানে আজকে প্রায় ১০ হাজার মানুষের কর্মসংস্থান গড়ে তুলতে পেরেছি। আমি জানি না, কোনো সেক্টরে এত অল্প টাকা খরচা করে এত মানুষের কর্মসংস্থান গড়ে তোলা যায় ? আমরা চাই আরও বেশি সমবায় সমিতি তৈরি করতে। আমরা চাই আরও সম্পদগুলোকে কাজে লাগাতে, আরও তাকে উৎপাদনমুখী করে গড়ে তুলতে এবং মানুষের কর্মসংস্থান গড়ে তুলতে। কেননা, আমাদের রাজ্যে আজকে যে এস.ডি.পি. যা দেখি—যে কোনো জায়গা থেকে কত উৎপাদন হচ্ছে, তার মূল্য কত—এটা ভাবতে ভাল লাগে। বাজেট আমাদের এইটুকু।

[3.00—3.10 p.m.]

প্ল্যান সাইজের ১ পারসেন্ট টাকা আমরা পাই। সারা ভারতবর্ষে প্ল্যান সাইজের ক্ষেত্রে যা অবস্থা, রাজ্য সরকারের ক্ষেত্রেও এই একই অবস্থা। অথচ এস.ডি.পি.-তে আমরা দ্বিতীয়। ফাস্ট হচ্ছে এগ্রিকালচারে, সেকেন্ড ফিসারীতে এবং থার্ড হচ্ছে ফরেস্ট। ইকনমিক রিভিউ পেয়েছি, তাতে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, তাতে এটা দেওয়া আছে। বাজেটে আমরা টাকা পাই ১ পারসেন্ট, আর এস.ডি.পি.-তে আমরা দ্বিতীয়। সাফল্যের খতিয়ান দেওয়া হয়েছে কিন্তু এখানে আমরা দেখতে পাব যে, যে কারণে মাছের দাম বাড়েনি সেটা হচ্ছে যে উৎপাদনটা আমরা এই জায়গায় নিয়ে যেতে পেরেছি। আজকে ৯৫ সাল থেকে ২০০৩ সালে এই চলতি বছরে প্রাইস রাইস হয়েছে সব ক্ষেত্রে—কোনো সেক্টরে হয়েছে ৮০ পারসেন্ট, কোনো সেক্টরে হয়েছে ৬০ পারসেন্ট, কোনো সেক্টরে হয়েছে ৫০ পারসেন্ট কিন্তু আমাদের ক্ষেত্রে কোনো প্রাইস রাইস হয়নি। কারণ উৎপাদনটা আমরা সেই জায়গায় নিয়ে

যেতে পেরেছি বলে এখনও আমরা দামটাকে ধরে রাখতে পেরেছি। উৎপাদন এই যে এতো এতো বৃদ্ধি পেয়েছে, এই বিশাল কর্মকাণ্ডের জন্য সমগ্র সাফল্য, কৃতিত্বটা শুধুমাত্র এই দপ্তরের সমগ্র পরিকল্পনার উপর নির্ভরশীল নয়। কেন্দ্রীয় সরকারের কৃতিত্বের উপর নির্ভরশীল। কারণ অর্থ সংগ্রহ যদি ঠিকমতো করতে পারি তাহলে আমরা পরিকল্পনা রূপায়িত করতে পারব এবং মানুষের রুজি-রোজগারের ব্যবস্থা হবে। বহু বেকারের কর্মসংস্থান হবে এর মাধ্যমে এবং তাহলে সেই লক্ষ্যে আমরা পৌঁছতে পারব। জলা-ভরাটের কথা এখানে বললেন। জলা-ভরাটের ব্যাপারে আমি কি করতে পারি ? জলা-ভরাটের খবর যখনই পেয়েছি তখনই সেখানে আমাদের অফিসাররা ছুটে গিয়েছে। কিন্তু আমরা একা কি করতে পারি ? আমরা শুধু এফ.আই.আর.—করেছি, একজন অ্যারেস্ট হয়েছে। তার জবাবদিহি আমি কি করে করব ? এই ব্যাপারে পুলিশ বলতে পারে। আমরা শুধু এফ.আই.আর. করেছি। সমগ্রভাবে সকল প্রচেষ্টার উপর এটা নির্ভর করে যে আইন তৈরি হয়েছে, সেই আইনকে বাস্তবে রূপায়িত করতে হবে। আমি আশা করব এই ব্যাপারে সকলে উদ্যোগী হলে এটা বন্ধ করতে পারব। প্রচার মাধ্যম এবং প্রত্যেকের সহযোগিতা দ্বারা প্রমোটারের কাছ থেকে আমরা রক্ষা করতে পারি এবং ভবিষ্যতেও চেষ্টা করছি। মাননীয় সদস্যা শান্তা ছেত্রী জিজ্ঞাসা করেছেন—'হিলের জন্য আপনারা কি করেছেন ?' আপনাদের অবগতির জন্য জানাই যে, মিরিকে আমরা একটা অ্যাকোরিয়াম করেছি এবং সেখানে হিল ফিসারির জন্য ভারতবর্ষের অন্য কোথাও কোনো রাজ্যের কোনো পাহাড়ে এই ধরনের অ্যাকোরিয়াম করা হয়নি। এটা শুধুমাত্র দর্শনীয় বিষয় হিসেবে নয়, এটার একটা শিক্ষণীয় ব্যাপার রয়েছে। যেগুলি এন ডেঞ্জারড ফিসিস রয়েছে, সেগুলো সংরক্ষণের আমরা ব্যবস্থা করেছি। এই অ্যাকোরিয়ামের জন্য আমরা ১ কোটি টাকা বরাদ্দ করেছি। এবং তার কাজ চলছে। আপনি নিশ্চয়ই জানেন যে, যদি এফ.এফ.ডি.-এর টাকা আমরা পাই, তাহলে আমরা কাজটা করতে পারব। ঝোড়া ফিসারিতে আজকে পাহাড়ের মানুষের কাছে কি উৎসাহ সৃষ্টি করেছে। গর্ত বছর আমরা ১৫০টি ইউনিট তৈরি করেছিলাম, এ বছরে আমরা ১৫০টি ইউনিট তৈরি করব ঝোরা ফিসারিতে। আমাদের টোটাল যা বাজেট হয় তার একটা পার্সেন্টেজ-এর টাকা আমরা হিল কাউন্সিলকে দিতে পারি, এটা হচ্ছে আমাদের একটা ব্যবস্থা। এই ব্যবস্থাটা আমি তৈরি করিনি, এই ব্যবস্থাটা গোটা রাজ্যের হিল কাউন্সিল কোন দপ্তর থেকে কত টাকা পাবে, তার একটা ব্যবস্থা আছে। এবারে আমার বাজেট কমে গেছে, গত বছর আমি যে টাকা হিল কাউন্সিলকে দিয়েছিলাম, এ বছরে সেই টাকা আমি দিতে পারব না কিন্তু আমরা টাকা দিয়েছি ১৬ লক্ষ টাকা। আপনি যে মীন ভবনের কথা বলেছেন, সে মীন ভবনে কি কাজ হচ্ছে ? আপনারা জানেন যে, মীন ভবনটা হচ্ছে হিল কাউন্সিলের মধ্যে। ওখানে হিল কাউন্সিলের সেক্রেটারি বসেন। কাউন্সিলারও বসেন। অফিসাররাও আছেন। আমি বলে দেব, আমাদের যে অফিসার আছেন, যাতে সব রকম তথ্য তারা সরবরাহ করতে পারে। পঞ্চায়েত সদস্য, জেলা পরিষদের সদস্য সকলকে বলা আছে যাতে তারা তথ্য সরবরাহ করে। এ ব্যাপারে আমাদের কোনো দ্বিধা নেই। আমি চাইছি সকলের সহযোগিতায় এগিয়ে যেতে। ডিম পোনার ব্যাপারে বললেন যে, ডিম পোনা

নষ্ট হয়ে যাচ্ছে। ঘন জাল ব্যবহার করার জন্য এটা হচ্ছে। আইন তো তৈরি করেছি। কিন্তু সেই জাল ব্যবহার বন্ধ করার জন্য আমাদের একজন মাত্র এফ.ই.ও. আছেন, তার একার পক্ষে সবকিছু দেখা সম্ভব নয়। পঞ্চায়েতের সহযোগিতা চাই, সাধারণ মানুষের সহযোগিতা চাই। সকলের সহযোগিতায় আমরা এই আইনটাকে বাস্তবে রূপ দিতে পারব। একজন মাত্র অফিসারের পক্ষে এটা সম্ভব নয়। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এটা করা সম্ভব। আশাকরি আপনাদের যে পরামর্শ, আগামী দিনের সেই পরামর্শ অনুযায়ী চলতে পারব। আপনারা বলেছেন জালের ফাঁসের ব্যাপারে। এই ব্যাপারে আমরা আলোচনা করেছি। সেটা আরও দৃঢ়তার সঙ্গে রূপায়িত করার চেষ্টা করব। নদী মৎস্য শূন্য হয়ে যাচ্ছে। তাই এটা আমরা গুরুত্ব দিয়ে বিবেচনা করছি। এবং এই ফাঁসের বিষয়টিও তাই গুরুত্ব দিয়ে বিবেচনা করছি। শুধু জালের ফাঁস নিয়ে দেখলে তো হবে না। ট্রলারের বিষয়টি নিয়ে চিন্তা-ভাবনা করছি। কারণ ট্রলারগুলো সমুদ্র মন্থন করে চলছে। পুরাণে আছে সমুদ্র মন্থন করলে শুধুমাত্র অমৃত উঠবে না, গরলও উঠবে। অমৃত উঠে গিয়েছে এবার গরল উঠছে। অমৃত ওঠার দিন শেষ হয়ে গেছে, এখন সমুদ্র থেকে কেবলই গরল উঠছে। বড় বড় বিদেশি জাহাজ সব শেষ করে দিচ্ছে। আমি প্রশ্নোত্তরের সময় আপনাদের বলেছি যে, আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছিলাম আগস্ট মাস পর্যন্ত সমুদ্রে ট্রলিং বন্ধ রাখা হোক। কেন্দ্রীয় সরকার সে কথা শোনেননি। সেখানে আনহোলি অ্যালায়েন্স আছে। তার মধ্যে দিয়ে বড় বড় জাহাজ আজ আমাদের সমুদ্র একদম শেষ করে দিচ্ছে। আমাদের গরিব মৎস্যজীবীদের লক্ষ লক্ষ টাকার সম্পদ তারা ধ্বংস করে দিচ্ছে। আমাদের রাজ্য সরকারের কি ক্ষমতা আছে, আমরা তাদের কি করে নিবৃত্ত করব ? এই সম্পদ রক্ষার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যথেষ্ট ভূমিকা আছে। সমুদ্রকে যথেচ্ছভাবে ব্যবহার করা বন্ধ করে সারা ভারতবর্ষের মৎস্য উৎপাদনকে সঠিক গুরুত্ব দিয়ে প্ল্যানিং করে সামুদ্রিক মৎস্য শিকারের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই কাজ করতে পারে কেন্দ্রীয় সরকার, কোনো রাজ্যে সরকারের পক্ষে করা সম্ভব নয়। পৃথিবীর উন্নত দেশগুলি পরিকল্পনামাফিক প্রচুর পরিমাণ মৎস্য উৎপাদন করছে। আমি আমেরিকা, অস্ট্রেলিয়া, ইউরোপের বিভিন্ন দেশে গিয়ে দেখে এসেছি। দেখার পর আমার লজ্জা হয়েছে— আমাদের এত জনসম্পদ, তিনটে সমুদ্র, এত নদী, তবুও আমরা এখন কোন্ জায়গায় রয়েছি ! আমাদের উৎপাদনে লক্ষ্যমাত্রা যেখানে ১/২ লক্ষ টন, সেখানে ওরা কি বিপুল পরিমাণ উৎপাদন করছে !

পরিশেষে আমি আশা করব আজকে আপনারা যে অর্থ বরাদ্দ মঞ্জুর করছেন এই বরাদ্দকৃত অর্থ আগামী দিনে আমরা উৎপাদনে লাগাতে পারব এবং আমার দৃঢ় বিশ্বাস আপনাদের পরামর্শ আমরা কাজে লাগাতে পারব। এই ক'টি কথা বলে মাননীয় অর্থমন্ত্রী মৎস্য খাতের যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উপস্থিত করেছেন তাকে সমর্থন করে, বিরোধীদের সমস্ত কাট্ মোশানকে অগ্রাহ্য করে আমার বক্তব্য শেষ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে কিছু অতিরিক্ত সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

Demand No. 20

(Cut motion No. 2)

The motion that the amount of the demand be reduced to Re.1/- and the motions (Cut Motion Nos. 22-26, 27, 33-36) that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 55,20,05,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads : "2235—Social Security and Welfare 2245—Relief on account of Natural Calamities, 2405-Fisheries, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551–Hill Areas, 3451–Secretariat—Economic Services, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the year 2003-2004 (This is inclusive of a total sum of Rs. 18,40,02,000 already voted on account) was then put and agreed to.

Demand No. 25

Mr. Deputy Speaker : There are 54 cut motions on Demand No. 25. All the cut motions are in order. Cut Motion Nos. 25-34 and 44-46 are taken as moved and the rest are not moved as the members are not present in the House.

Shri Kamal Mukherjee :
Shri Gyan Singh Sohanpal :
Shri Abdul Mannan :
Shri Deba Prasad Sarkar :

Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-.

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী রাজ্যপালের সুপারিশক্রমে ২০০৩-২০০৪ সালের জন্য ২৫ নং দাবি খাতে ১২৫৮,১৭,৮৭,০০০ টাকার ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন। আমি এর বিরোধিতা করছি। সঙ্গে সঙ্গে আমাদের দলের পক্ষ থেকে এবং বিরোধী দলের পক্ষ থেকে আনা কাট্‌মোশানগুলিকে সমর্থন করছি। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের বাজেটের প্রসঙ্গে যাবার আগে আমি তাঁকে শুভেচ্ছা জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি। আমি কামনা করছি তিনি দীর্ঘদিন আমাদের সঙ্গে থাকুন।

[3.10—3.20 p.m.]

আপনি দেশের জন্য কাজ করুন, তার কারণ, পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে আপনার উপর যে আঘাত এসেছিল মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে যার ফলে জীবনহানি পর্যন্ত হতে পারত, আমাদের কাছে সেই সংবাদপত্র আছে যে, আপনি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গুণ্ডাদের হাত থেকে বেঁচেছেন এবং তারপর মন্ত্রী হিসাবে বাজেট বরাদ্দ পেশ করেছেন এর জন্য আমি ঈশ্বরের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং আপনার দীর্ঘ জীবন কামনা করছি পরবর্তী পর্যয়ে মার্কসবাদী কমিউনিস্টদের দ্বারা আবার নতুন করে আঘাত পেতে না হয়। আমি সবার আগে যে বিষয়টি উল্লেখ করতে চাই—রাস্তাঘাট নয়, সেতু নয়— সেটা হচ্ছে, আমাদের রাজ্যে একটা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যেটা তৈরি হয়েছিল আজ থেকে অনেক বছর আগে যার সম্পর্কে বামফ্রন্টের সদস্যরা বিশেষ করে সি.পি.আই.এম.-এর সদস্যরা অনেক কথা বলেন। তিনি এক সময়ে চিন্তা করেছিলেন যে ভারতবর্ষের মধ্যে এমন একটা ইনডোর স্টেডিয়াম হবে যে ইনডোর স্টেডিয়ামে আগামী দিনে জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে ইনডোর গেমসের আয়োজন করতে পারব এবং সেটা পশ্চিমবঙ্গে হলে তার প্রাণ কেন্দ্র হবে কলকাতায়। সম্ভবত ১৯৭৩ সালে প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায় যখন বিশ্ব টেবিল টেনিস প্রতিযোগিতা ভারতীয় টেবিল টেনিস সংস্থা গ্রহণ করেছিল তখন কলকাতায় সেই টেবিল টেনিস প্রতিযোগিতা শুরু হওয়ার কথা হয়েছিল। কিন্তু কলকাতায় সেই ধরনের ইনডোর স্টেডিয়াম ছিল না যেখানে শুধুমাত্র জাতীয় অথবা এশিয়ার নয়, সারা বিশ্বের সমস্ত দেশের টেবিল টেনিস প্রতিযোগিতা শুরু হতে পারে। আমার বয়স তখন অনেক কম ছিল। বিশ্ব টেবিল টেনিস প্রতিযোগিতা কলকাতায় হচ্ছে এটাই আমাদের কাছে উন্মাদনার কারণ হয়েছিল। আমাদের সেদিনের খেলোয়াড় নন্দু নাটেকার সেই প্রতিযোগিতায় অনেকদুর এগোতে পারেনি—এটা ঘটনা, তা সত্ত্বেও আমি উপলব্ধি করেছিলাম এবং যারা ভাগ্যবান তারা সেদিন সেই টেবিল টেনিস প্রতিযোগিতা দেখেছিল যে কি সুন্দরভাবে সেই স্টেডিয়াম তৈরি হয়েছিল। সেদিনের যে স্টেডিয়াম তৈরি হয়েছিল যার নামে তৈরি হয়েছিল তার নাম নেতাজী সুভাষচন্দ্র বোস, নেতাজী ইনডোর স্টেডিয়াম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই কথা দিয়ে শুরু করতে চাই, ২০০৩ সালের এই জুলাই মাসের ১১ তারিখে যখন আমি আপনার বাজেট বরাদ্দের উপর আলোচনায় অংশগ্রহণ করছি তখন ভাবতে হচ্ছে যে, এই নেতাজী ইনডোর স্টেডিয়ামের অবস্থা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আমি সংবাদপত্রে দেখেছি এবং আপনিও বলেছেন—আজকে নিশ্চয়ই আপনার জবাবী ভাষণে বলবেন—নেতাজী ইনডোর স্টেডিয়াম তৈরি করেছিল পূর্ত দপ্তর বা আপনার দপ্তর, অবশ্য আপনি তখন পূর্ত দপ্তরের মন্ত্রী ছিলেন না, স্বর্গত ভোলা সেন যিনি সিদ্ধার্থ শঙ্কর রায়ের মুখ্যমন্ত্রিত্বে পূর্ত দপ্তরের দায়িত্বে ছিলেন তিনিই এই নেতাজী ইনডোর স্টেডিয়ামের দায়িত্বে ছিলেন অথবা তাঁর দপ্তর দায়িত্বে ছিল। এটাকে হ্যান্ডওভার করা হয়েছিল ক্রীড়া দপ্তরের হাতে। পরবর্তীকালে ঠিক হয়েছিল ক্রীড়া দপ্তর এর দেখাশুনা করবে এবং এর ভাড়া কি হবে না হবে তারাই ঠিক করবে। কিন্তু সেই সময়ে এখানে খেলাধুলো করা ছাড়া আর কিছু হত না। আমি আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, পূর্ত দপ্তরের এই সম্পর্কে কি বক্তব্য ছিল

জানি না—আপনি এই দপ্তরে ২ বছর হল এসেছেন—আপনার আগে যিনি পূর্তমন্ত্রী ছিলেন তিনি এবং বামফ্রন্ট সরকার এই নেতাজী ইনডোর স্টেডিয়ামকে শুধুমাত্র খেলাধুলার জায়গা না করে আমোদ, প্রমোদ ও বিনোদনের কেন্দ্র করেছেন। আমোদ-প্রমোদ, বিনোদন করছেন, ওখানে রাজনৈতিক সভা হচ্ছে, সিম্পজিয়াম হচ্ছে, বম্বের আর্টিস্টদের নিয়ে এসে নাচা-গানা হচ্ছে, সৌরভ গাঙ্গুলির সম্বর্ধনা সভা হচ্ছে, অন্যান্য অনুষ্ঠান হচ্ছে, আলট্রামডার্ন অনুষ্ঠান হচ্ছে ব্যবসায়িক ভিত্তিতে। নেতাজী ইনডোর স্টেডিয়ামকে এইভাবে ব্যবহার করা হচ্ছে। নিশ্চয় এতে আমাদের আপত্তি ছিল যে কেন নেতাজী ইনডোর স্টেডিয়ামকে এইভাবে ব্যবহার করা হবে ? পরবর্তী পর্যায়ে আপনারা বললেন এটাকে রক্ষা করার জন্য করছেন। এটা না হলে এর রক্ষণা-বেক্ষণ করার খরচ সামলানো যাবে না। ঠিক আছে। কিন্তু কয়েকদিন আগেই মাননীয় পূর্তমন্ত্রীর বিবৃতি শুনলাম টি.ভি.-তে, রেডিওতে, কাগজে দেখলাম তিনি ক্রীড়া দপ্তরকে বলছেন যে না, এটা আর ভাড়া দিও না, যে কোনো মুহূর্তে এটা ভেঙে পড়তে পারে। ২৬ বছরের জন্মদিন পালন করছে বামফ্রন্ট সরকার আর যাকে আপনারা অপদার্থ, অত্যাচারী বলতেন সেই সিদ্ধার্থ শংকর রায়ের তৈরি করা নেতাজী ইনডোর স্টেডিয়াম তা রিপেয়ার করার খরচের টাকাও আপনারা দিতে পারছেন না, আপনাদের টাকা নেই। এর পর নিশ্চয় আপনারা কোনো কৃতিত্ব দাবি করতে পারেন না। এটা আমার কথা নয়, আপনারই কথা মাননীয় মন্ত্রী মহাশয় যে ভাড়া দেওয়া যাবে না কারণ যে কোনো মুহূর্তে ভেঙে যেতে পারে। সেলিম সাহেবের কথাটাও সেখানে এসেছে। যারা ভাড়া চেয়েছিল তারা বলল তোমাদের সরকারের কিছু করার দরকার নেই, তারা কয়েক লক্ষ টাকা খরচ করে দিল্লি থেকে এয়ার কন্ডিশনার মেশিন নিয়ে এল। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আশা করি জবাবী ভাষণে এ সম্পর্কে আপনার সরকারের বক্তব্য বলবেন। ভারতবর্ষের উপপ্রধান মন্ত্রী আসছেন এখানে আর আপনারা বলছেন ভাড়া দিও না কারণ যে কোনো মুহূর্তে ভেঙে যেতে পারে। তখন তাঁরা বললেন ঠিক আছে, আমরা উপরে একটা ছাদ করে নেব তার তলায় উপপ্রধানমন্ত্রী বসবেন। বামফ্রন্টের মাননীয় সদস্যদের বলব, আপনারা বলেন আমরা বাংলার নিন্দা করলে সারা ভারতবর্ষের মানুষের কাছে তা পৌঁছায় এবং তাতে বাংলার মান যায় আর এই খবরটা যখন সারা ভারতবর্ষের মানুষের কাছে পৌঁছালো যে উপপ্রধানমন্ত্রী আসবেন কিন্তু নেতাজী ইনডোর স্টেডিয়াম ভাড়া দেওয়া যাবে না কারণ যে কোনো মুহূর্তে ছাদ ভেঙে পড়তে পারে সেটা কি বাংলার লজ্জা নয় ? সেটা কি বামফ্রন্ট সরকারের লজ্জা নয় ? আপনারা নির্লজ্জ হতে পারেন কিন্তু জেনে রাখবেন এই পাপের প্রায়শ্চিত্ত আপনাদের করতে হবে, অবশ্য তার সঙ্গে সঙ্গে আমাদেরও করতে হবে কারণ আমরাও এই বাংলারই মানুষ। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন নেতাজী ইনডোর স্টেডিয়ামটি সারাতে ৫ কোটি টাকা লাগবে এবং ক্রীড়া দপ্তরকে আপনি বলেছেন সেই টাকা তোমরা দাও আমি সারাবো। তার উত্তর কি পেয়েছেন আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের তা জানাবেন। তা ছাড়া এতদিন কেন সারানো হয়নি, কেন টাকা পাননি তার সম্পূর্ণ উত্তর আমরা আপনার কাছ থেকে চাই। এই দিনটার জন্যই আমরা অপেক্ষা করছিলাম এইসব প্রশ্নের উত্তর পাওয়ার জন্য। আমরা অপেক্ষা করে বসেছিলাম কবে পূর্ত দপ্তরের বাজেট আলোচনা হবে, আমাদের

প্রশ্নের জবাব পাব। কারণ আমরা জানি মেনশান করলে জবাব পাব না, কলিং অ্যাটেনশান দিলে যথাযথ উত্তর পাব না, আমরা বিস্তৃতভাবে এর উত্তর চাই তাই এই বাজেট আলোচনার দিনটার জন্য আমরা অপেক্ষায় ছিলাম, আমি দাবি করছি এর যথাযথ উত্তর মন্ত্রী মহাশয় দেবেন। এর সঙ্গে সঙ্গে বলছি, যতদিন পর্যন্ত না নেতাজী ইনডোর স্টেডিয়াম সম্পূর্ণভাবে সংস্কার করা হয় ততদিন পর্যন্ত যেন এটা ভাড়া দেওয়া না হয়। আপনি ক্রীড়া দপ্তরকে এর জন্য আবার লিখুন, মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করুন যাতে এটা সারানো যায়। কারণ নেতাজী ইনডোর স্টেডিয়াম ভেঙে লোক যদি মারা যায় তাতে তার দায়িত্ব পূর্তমন্ত্রী হিসাবে যেমন আপনার ঘাড়ে চাপবে, মুখ্যমন্ত্রীর ঘাড়ে চাপবে, সরকার চালচুলোহীন, মানুষের জীবন চলে যাচ্ছে কোনো ব্যবস্থা হচ্ছে না সারা ভারতবর্ষের মানুষ যখন জানবে তখন তা সকলেরই লজ্জার কারণ হবে। তাই পুনরায় দাবি করছি, যতদিন পর্যন্ত না নেতাজী ইনডোর স্টেডিয়াম সঠিকভাবে সংস্কার করা হচ্ছে ততদিন পর্যন্ত যেন এটা ভাড়া দেওয়া না হয়। এবারে আমি রাস্তাঘাটের কথায় আসছি। এ ক্ষেত্রে আপনার দপ্তর কিভাবে কাজ করছে সেটা বলছি। কথায় কথায় আপনারা অন্য রাজ্যের সঙ্গে তুলনা করেন।

[3.20—3.30 p.m.]

যে কি ভাল কাজ করেছি, অন্য রাজ্য কিছু করতে পারেনি। আমি বাইরের কোনো বই নিইনি, আমি দিল্লির বই নিইনি, আমি স্ট্যাটিসটিক্স অফ ইন্ডিয়া নিইনি, আমি ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্স নিইনি। আমি যে বইটা নিয়েছি সেটা আপনাদের দেওয়া বই, ইকনমিক রিভিউ। এই বইয়ের স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স থেকে আপনাকে বলছি। ন্যাশানাল হাইওয়ে, রিপোর্ট অফ ৩১শে মার্চ ১৯৯৮, এখান থেকে বলছি। গুজরাটে ন্যাশানাল হাইওয়ে আছে ২০২৭ কিলোমিটার, মহারাষ্ট্রে ন্যাশানাল হাইওয়ে আছে ৩১০০ কিলোমিটার, উত্তরপ্রদেশে ন্যাশানাল হাইওয়ে আছে ৩২৬০ কিলোমিটার, বিহারে ন্যাশানাল হাইওয়ে আছে ২৫৪৭ কিলোমিটার, কর্ণাটকে ন্যাশানাল হাইওয়ে আছে ২৩৬৬ কিলোমিটার, তামিলনাড়ুতে ন্যাশানাল হাইওয়ে আছে ২৪৮১ কিলোমিটার। আর পশ্চিমবাংলায় কত ? ১৭১৫ কিলোমিটার। বেশি না কম ? আপনার দেওয়া বই থেকে বলছি, আপনার সরকারের দেওয়া বই থেকে বলছি। ন্যাশানাল হাইওয়ে এত কম কেন ? এটা বাড়াবার চেষ্টা করছেন না কেন ? এমন অনেক স্টেট হাইওয়ে আছে যেগুলোকে ন্যাশানাল হাইওয়ে করা যায়। আজকে আমাদের হাউসের যে অবস্থা আপনার দপ্তরের অবস্থা সেই জায়গাতে পৌঁছেছে। আপনি চেষ্টা করেও কিছু করতে পারছেন না। আপনার দপ্তরের অফিসারেরা আসেন যখন বাজেট থাকে। তাদের সঙ্গে বসে পরিকল্পনা করে কি করে ন্যাশানাল হাইওয়ে বাড়ানো যায় সেটা ঠিক করতে পারছেন না ? আপনার দপ্তর এই ব্যাপারে কিছু করতে পারছেন না। আপনাকে বললে আপনি বলবেন আমি মাত্র ২ বছর হল এসেছি, আমি কি করব। কিন্তু এই দায় আপনি এড়িয়ে গেলে চলবে না, কারণ আপনি এই দপ্তরের প্রতিনিধিত্ব করছেন। এই স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স আমাদের দেওয়া নয়, আপনাদের দেওয়া বই, আপনার দপ্তরের কি অবস্থা দেখুন। আপনি আগেরটা বলতে পারেন এইগুলো ন্যাশানাল হাইওয়ে, আমাদের কিছু করার নেই। কিন্তু

আজকে স্টেট হাইওয়ের কি অবস্থা সেটা একটু দেখুন। গুজরাটে স্টেট হাইওয়ে কত ? ১৯৭৯৬ কিলোমিটার মহারাষ্ট্রে স্টেট হাইওয়ে ৩২৩৮০ কিলোমিটার, উত্তরপ্রদেশে স্টেট হাইওয়ে ৯৪৪৪ কিলোমিটার, বিহারে স্টেট হাইওয়ে ৪০৯২ কিলোমিটার, কর্ণাটকে স্টেট হাইওয়ে ১১৩৭ কিলোমিটার, তামিলনাড়ুতে ২০১২ কিলোমিটার, তামিলনাড়ু আমাদের থেকে একটু পেছিয়ে আছে। পশ্চিমবাংলায় মাত্র ৩৩৫০ কিলোমিটার স্টেট হাইওয়ে। স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স বলছে, আমি নয়। আপনাদের দেওয়া বই বলছে স্টেট হাইওয়েতে আমরা কোথায় পেছিয়ে আছি। এর পরেও কি আপনি বলবেন আপনার পূর্ত দপ্তর এগোচ্ছে ? আমাদের রাজ্যে রাস্তাঘাট এত ভাল হচ্ছে যে ইটালি থেকে শিল্পপতিরা ছুটে আসবে, জাপান থেকে শিল্পপতিরা ছুটে আসবে ? ইনফ্রাস্ট্রাকচারের জন্য পশ্চিমবাংলায় শিল্পপতিরা আসতে পারছে না। ইনফ্রাস্ট্রাকচারের মূল কথা হচ্ছে রাস্তা। আজকে যদি আমি এই কথা বলি, এই প্রশ্ন তুলে ধরি, এই পরিসংখ্যান দিই তাহলে আপনি বলবেন, আপনার মুখ্যমন্ত্রী বলবেন যে আমাদের চোখের রং হলুদ হয়ে গেছে। কিন্তু তা নয়। আপনাদের চোখের রং লাল হয়ে যাচ্ছে, সেই জন্য চোখ দিয়ে সব লাল দেখছেন। আপনাদের লাল রঙের পতাকা দেখে দেখে চোখের রং লাল হয়ে গেছে। বাংলাদেশের যুদ্ধের সময় চোখে জয়বাংলা হয়ে যেমন চোখ লাল হয়ে যেত সেই রকম লাল হয়ে গেছে, আপনাদের চোখে জয়বাংলা হয়েছে সেইজন্য আপনারা চোখে কিছু দেখতে পাচ্ছেন না। সত্যি কোনটা সেটা বুঝতে পারছেন না। এই বই থেকে আরো একটা পরিসংখ্যান তুলে ধরছি। সমস্ত রাস্তা মিলিয়ে পশ্চিমবাংলায় কত রাস্তা আছে সেটা বলছি। আমি লাইব্রেরি থেকে একটা বই সংগ্রহ করেছি। ১৯৮০ সালে টোটাল রাস্তার পরিমাণ হল ১৬৮১৮ কিলোমিটার। ২০০১ সালে বেড়ে হয়েছে কত ? ১৭৪২১ কিলোমিটার। মাত্র ৬০০ কিলোমিটার ১৯৮০ সাল থেকে ২৩ বছরে আপনারা বাড়িয়েছেন। এটা কি অগ্রগতির নমুনা ? মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে আমি বলব এই ধরনের ব্যর্থতা ভারতবর্ষের কোনো রাজ্যে পাইনি। মাননীয় পূর্তমন্ত্রী বলবেন বর্তমানে যে রাস্তাগুলো হচ্ছে সেতুগুলো হচ্ছে এই রাস্তা এবং সেতুগুলো তৈরি করার জন্য কোথা থেকে টাকা পাচ্ছেন ? আপনি প্ল্যান বাজেটে কত টাকা ধরেছেন, আপনাকে রাজ্য সরকার কত টাকা দিচ্ছে ? আপনি কত টাকা প্ল্যানে খরচ করেন ? কতগুলো রাস্তা করেন ? কাদের টাকা থেকে আমাদের সম্পদ হল ? আমাদের টাকা থেকে ? আমাদের টাকা থেকে কি আপনি রাস্তা করেন ? আপনি ধার নিয়ে করেন। আপনি হাডকো থেকে ধার নিচ্ছেন। আপনি ন্যাবার্ড থেকে নিচ্ছেন, এ.ডি.বি.—এশিয়ান ডেভলপমেন্ট ব্যাঙ্ক থেকে টাকা নিচ্ছেন। আপনারা বলেন, ওরা এসে সর্বনাশ করে দিচ্ছে, যেখান থেকে টাকা ধার নিচ্ছেন, তাদেরই বিরুদ্ধে বলছেন। আপনি ম্যাকেনটোস থেকে ধার নিয়ে রাস্তা করছেন। এইভাবে রাস্তা করে বলছেন, আমরা এখানে রাস্তা করেছি, ওখানে ফ্লাইওভার করেছি। এই জায়গায় এটা করেছি, ওই জায়গায় ওটা করেছি। আমি জানতে চাই মাননীয় পূর্তমন্ত্রী, কন্টিনজেন্সি থেকে মাইনে দেবার পর কতটুকু কাজ করতে পেরেছেন, বলবেন। আমরা তার জবাব চাই। জবাব আছে ? মাননীয় পূর্তমন্ত্রী, রাস্তা করার জন্য যে বিটুমিন দরকার, আমরা মাঝে মাঝে শুনি, রাস্তার যে দপ্তর আছে, সেখানে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের অফিস

থেকে শুনি, তাঁরা অনেক সময়ে বলেন, বিটুমিন পাওয়া যাচ্ছে না। বিটুমিনের অভাবে কাজ বন্ধ হয়ে যাচ্ছে। আমি জানতে চাই, সেই সমস্যা থেকে কি আপনি বেরিয়ে এসেছেন ? আপনি কি বিটুমিন পাচ্ছেন ? আমরা দেখি কন্ট্রাক্টররা বসে আছে। বলি, কি ব্যাপার, আপনি বসে আছেন ? তিনি বলেন, কি করব, বিটুমিনটা আসছে না। এটা সরকারের সাপ্লাই দেবার কথা আসানসোল থেকে বিটুমিন আসার কথা। আপনার কাছে বিটুমিন আসছে না, আপনি রাস্তা সারাই করতে পারছেন না। মানুষ পড়ছে। গাড়ি ভাঙছে, মানুষ মরছে। আপনি বলছেন, আমরা এমন কিছু কিছু রাস্তা জেলায় করছি, যেগুলোতে তিন বছরের মধ্যে হাত লাগাতে হবে না। বেশি টাকা দিয়ে করছি। এই রকম উদাহরণ আছে। আমি আপনার কাছ থেকে জানতে চাই, আপনারা কি উদাহরণ সৃষ্টি করার চেষ্টা করছেন, না কি মানুষকে স্বস্তি দেবার চেষ্টা করছেন ? আপনি ৯-৬৩ কোটি টাকা দিয়ে একটা রাস্তা করেছিলেন। বললেন, ম্যাকেনটোস করে দিয়েছে। ভাল কাজ করেছেন। আপনাকে এবং অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিই। হাওড়া জেলায় এই রকম একটা দুটো রাস্তা করেছেন। কিন্তু আমরা দেখছি, তার সংখ্যা বাড়ছে না। আপনারা ২০, ২৫, ২৮ কি.মি. করে এক একটা রাস্তা করতে চাইছেন। সামনে বর্ষাকাল, গাড়ি চলাচল বন্ধ হয়ে যাবে। কোনো রাস্তাই সারাই হচ্ছে না। আপনার দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ারদের কাছে গেলে, আমরা বিধায়করা গেলে তাঁরা বলেন, আমরা কি করব ? টাকা দেবে কে ? যদিও টাকা আছে, আমরা জানি। যাদের ইনফ্লুয়েন্স আছে, তারা তাদের রাস্তাটা বার করে নিচ্ছেন। আপনাদের নীতিটা কি ? মানুষকে শান্তি দেওয়া, চলাচলের বন্দোবস্ত করা, যানবাহন চলাচলের বন্দোবস্ত করা—সেইভাবে কিছু হচ্ছে না। আপনি একটা উদাহরণ দিয়ে বলতে পারেন, এটা করেছি ? কিন্তু একটা উদাহরণ দিয়ে সমস্ত পশ্চিমবাংলার মানুষকে স্বস্তি দেওয়া যায় না। যাঁরা উত্তরবঙ্গের মানুষ তাঁরা জানেন সেখানে কি অবস্থা হয়েছে। সেখানে যে রাস্তাগুলো আছে, সেগুলো কি অবস্থায় আছে, সেদিকে আপনার কোনো নজর নেই। জলপাইগুড়ি, কোচবিহার, দার্জিলিং সমস্ত জায়গাতেই আজকে এই অবস্থা।

[3.30—3.40 p.m.]

আপনারা জানেন দার্জিলিঙে উনি রাস্তা করেছেন, কিন্তু তার প্রোটেকশান কোথায় ? প্রতি বছর বর্ষা আসবে, বৃষ্টি হবে, সেটাতো সবাই জানেন, ধস নামবে। কিন্তু যে ব্যবস্থা নেওয়া দরকার, পার্বত্য উন্নয়ন বিভাগ যেটা আছে, এই দপ্তরের সঙ্গে আপনাদের দপ্তরের মনে হয় ঠিক মতন যোগাযোগ নেই। মাঝে মাঝে আপনার বক্তব্য শুনে আমার মনে হয়, অর্থ দপ্তরের সঙ্গে বিবাদ আছে। এই ব্যাপারে আপনি খোলাখুলি জানান। অর্থ দপ্তর কোথায় আপনাকে বাধা দিচ্ছে। আপনার অসুবিধা কোথায় হচ্ছে। আমার মনে হয়েছে, আপনার কথা শুনে, সংবাদপত্রের বিবৃতি দেখে, অর্থ দপ্তর আপনাকে কাজ করতে দিতে রাজি নয়। যে টাকা আপনি পান, সেই টাকায় কাজ হয় না। এই বন্দোবস্ত কে করবে ! শুধু মৎস্য দপ্তর নয়, মৎস্য দপ্তরকে তো কেটে ফাঁক করে দিয়েছে, অনেক দপ্তর আছে, যাদের টাকা সম্পূর্ণ ভাবে আসছে না। আপনারা বিভিন্ন শরিক দলের, রাগ থাকলে আপনাকে মারতে আসবে, এটা

বুঝি, কিন্তু আপনার দপ্তরকে টাকা না দিয়ে—আপনারা আর.এস.পি.-র মানুষ বলে—তারা যদি এই বন্দ্যোবস্ত করেন তাহলে বাংলার মানুষের চলাচলের, যানবাহন চলাচলের দুর্ভোগ বাড়বে। এর জন্য চরম বিপদও ঘটবে। আপনি হয়তো বলবেন, আমার সঙ্গে তাদের বিরোধ নেই, আমি তর্ক করতে চাই না, আমি তথ্য দিয়ে প্রমাণ করব যে আপনাদের সঙ্গে বিরোধ আছে। কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী একটা জায়গায় গিয়েছিলেন একটা অনুষ্ঠানের উদ্বোধন করতে। সেই অনুষ্ঠানে গড়িয়াহাটের মহিলাদের জন্য আই.টি.আই. ভবন—মনে পড়ছে ? মাননীয় পূর্তমন্ত্রী, মাননীয় মুখ্যমন্ত্রী ওখানে গিয়ে কি বলেছিলেন, এই ভবনটি আই.টি.আই. ভবনটি যেটি মহিলাদের জন্য নির্দিষ্ট, এটা তৈরি করার জন্য অনেক বেশি সময় লেগে গেল। এর জন্য তো পূর্ত দপ্তর দায়ী। আপনি কি লক্ষ করেছিলেন, মাননীয় মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন ? আমরা যা জেনেছি, সেটা হল এই, এই পূর্ত দপ্তর ৫১ লক্ষ টাকায় এই একটা স্কিম করেছিলেন, এই ভবন তৈরি করার জন্য। কিন্তু কি কারণে জানি না, যে কাজ যে সময়ে শুরু হওয়ার কথা, সেটা হতে অনেক বছর লেগে গেল আপনাদের দপ্তরের ব্যর্থতার জন্য ; আপনি কাজটা শুরু করতে পারেননি। এবং সব শেষে কি দেখা গেল, যখন আপনি কাজ শুরু করলেন তখন ৩০ লক্ষ টাকা লাগল, আপনি টাকাটা পেয়েছিলেন ? সবটা পেয়েছিলেন তো ? মাননীয় অর্থমন্ত্রীর কাছে চেয়েছিলেন ৫১ লক্ষ টাকা ? আরো ৩০ লক্ষ টাকা যে লাগল, আপনি তার সবটা টাকা পেয়েছিলেন ? কত পেয়েছিলেন জানাবেন। কিন্তু একটা বিস্ময়কর সংবাদ সভার সামনে রাখতে চাই, ১২ লক্ষ টাকা যা আপনি নন প্ল্যান ফান্ড থেকে দিয়েছেন, বলুন সেই টাকা কার ? নন প্ল্যান ফান্ড থেকে কেটে আই.টি.আই. ভবন তৈরি করার জন্য দিলেন, এই নন প্ল্যান ফান্ড কি কারণে জবাব দেবেন। আপনি বলবেন, এটা অফিস কন্টিনজেন্সির জন্য, বিদ্যুৎ-এর বিল, টেলিফোনের বিল ইত্যাদি মেটাতে আর কি কারণে ? এবারে বলি, রাস্তা মেরামতির আইনগত বাধা এতে নিশ্চয় আছে, আমি জানি না মেইনটেন্যান্স-এর জন্য যে খরচ, কখনো কখনো বলেন আমরা এই টাকা থেকে দিচ্ছি, কন্টিনজেন্সি থেকে দিচ্ছি। অনেক একজিকিউটিভ ইঞ্জিনীয়াররা বলেন, আমাদের নন প্ল্যান ফান্ড থেকে দিচ্ছি। এই যে ১২ লক্ষ টাকা খরচ হল, আই.টি.আই.-এর জন্য, এটা একস্ট্রা, এটা দরকার ছিল কিনা, কেন দরকারটা হল, যেহেতু ৪/৫ বছর পরে শুরু হয়, এর জন্য দায়ী কে ? আপনি পরিষ্কার করে এটা বলবেন। মাননীয় পূর্তমন্ত্রী আপনাকে জবাব দিতে হবে, এর জন্য দায়ী কে ? অর্থ দপ্তর না পূর্ত দপ্তর ? এটা আপনাকে সভার সামনে বলতে হবে। মাননীয় পূর্তমন্ত্রী আমি আপনার কাছে বলতে চাই, আমরা গ্রামের মানুষ, আমরা চাই কলকাতার উন্নয়ন, এই ব্যাপারে আমাদের কোনো আপত্তি নেই। কলকাতার সন্নিহিত অঞ্চলে ফ্লাইওভার হোক। আমতলায় হোক, ডায়মন্ডহারবার রোড সংস্কার হোক, বাইপাস-এর সম্প্রসারণ হোক, কিন্তু গ্রামের রাস্তা, দার্জিলিং থেকে দীঘা এই রাস্তার সংস্কার করার দায়িত্বও আপনাদের। বর্ষা আসছে, আমি আপনার কাছে দাবি জানাচ্ছি, এই বাজেট প্লেস হওয়ার পরে রাস্তাগুলো দিয়ে যানবাহন চলাচল যাতে করতে পারে তার জন্য আপনি ব্যবস্থা নেবেন। ন্যাবার্ড, হাডকো, এডিবি, ওয়ার্ল্ড ব্যাঙ্কের দিকে তাকিয়ে থাকবেন। না, বাজেটের টাকা দিয়েই রাস্তাগুলি দিয়ে যাতে যান চলাচল করতে পারে সেটা আপনি

দেখবেন। তাহলেই বুঝব আপনার দপ্তরের কাজ করার ইচ্ছা আছে। কিন্তু আমরা জানি আপনার চেষ্টা থাকলেও আপনি এটা করতে পারবেন না। আমি আরেকটা কথা আপনাকে বলব, ইস্টবেঙ্গল, মোহনবাগান এবং মহামেডান মাঠের গ্যালারিগুলির কাজ কিন্তু এখনো কমপ্লিট হয়নি। আপনি এখানে বলেছেন কাজ কমপ্লিট, কিন্তু আমি ইস্টবেঙ্গল মাঠের সামনে দিয়ে আসতে গিয়ে দেখলাম সেখানে এখনো কাজ হচ্ছে। এই গ্যালারিগুলোর কাজ যাতে খুব শীঘ্রই শেষ হয়ে যায় সেটা আপনি দেখবেন, দরকার হলে আপনি নিজে এই বিষয়ে তদারকি করুন। এই কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমাদের দলের পক্ষ থেকে আনীত কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তমাল চন্দ্র মাঝি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনীত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। বিরোধী পক্ষের মাননীয় সদস্য অসিতবাবুর বক্তৃতা আমি শুনছিলাম। দেখলাম তিনি মূল বাজেট আলোচনা থেকে সরে গিয়ে শুধুমাত্র গায়ের জ্বালা মেটানোর জন্য এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করলেন। রাস্তাঘাটের প্রয়োজন আছে সেটা আমরা সবাই জানি, আপনাদেরও সেই রাস্তা দিয়ে যেতে হবে, সব সময় আকাশপথে যেতে পারবেন না। তাই এই রাস্তাঘাটের উপরে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে সেটা আপনাদের সমর্থন করা উচিত ছিল। তার বক্তব্যের শুরুতেই তিনি নাটকের মতো বললেন আপনাদের আমলে তৈরি নেতাজী ইন্ডোরের অবস্থা আজকে অনিশ্চিত হয়ে পড়েছে। তা যদি হয় তাহলে বলতে হয়, বিধানসভার এই বাড়িটা নেতাজী ইন্ডোর স্টেডিয়ামের অনেক আগে হয়েছে। এখানে কিন্তু নিশ্চিন্তে সভা করা যায়। কিন্তু রক্ষণাবেক্ষণ সত্ত্বেও আপনাদের আমলে তৈরি নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে নিশ্চিন্তে সভা করা যায় না। এই হচ্ছে আপনাদের সৃষ্টি, এই হচ্ছে আপনাদের আমলের স্থাপত্য। স্যার, আমরা জানি পূর্ত দপ্তরে সড়ক, সেতু, উড়ালপুল সরকারি ভবন ইত্যাদির রক্ষণাবেক্ষণ এবং সৃষ্টির পরিকল্পনা। সিভিল, মেকানিক্যাল এবং ইলেকট্রিক্যাল প্রভৃতি বিভাগের সমন্বয় রক্ষা করে একটা স্বয়ংসম্পূর্ণ বিভাগ। এই বিভাগ হচ্ছে দেশের উন্নয়নের একটা চাবিকাঠি। এবং সড়ক বা যোগাযোগ ব্যবস্থা হচ্ছে তার একটা গুরুত্বপূর্ণ দিক, সেটা এই বিভাগ সৃষ্টি করেন বা রক্ষণাবেক্ষণ করেন। আমরা কংগ্রেসী আমলে দেখেছিলাম সড়ক নির্মাণের বিষয়টি তখন অবহেলিত ছিল। আপনাদের আমলে পূর্ত বিভাগের অধীনে সড়কের দৈর্ঘ্য ছিল মাত্র ১৭০০ কিমি। গ্রামাঞ্চল ও শহরের মধ্যে কোনো সড়ক যোগাযোগ ছিল না। আর সেখানে আমাদের ২৬ বছর রাজত্বে ৬০০০ কিমি নতুন রাস্তা হয়েছে। এর ফলে সাত হাজারেরও বেশি গ্রামের সঙ্গে নিবিড় যোগাযোগ গড়ে উঠেছে, এবং ১৭ লক্ষ গ্রামবাসী এর দ্বারা উপকৃত হয়েছে।

[3.40—3.50 p.m.]

তাহলে এটা কি সাফল্য নয় ? সংখ্যাতত্ত্বের দিক থেকে কি এটা বাড়েনি ? এই সময়ের মধ্যে অসংখ্য সেতু নির্মাণ করা হয়েছে, যার দৈর্ঘ্য ১১ হাজার কিলোমিটার। সেতু আজকে আর শুধু স্বপ্ন নয়, বাস্তবে পরিণত হচ্ছে এবং এর মধ্যে দিয়ে একটা নতুন দিগন্ত

খুলে গেছে। এটা কি আপনারা অস্বীকার করবেন ? হ্যাঁ, একটা জায়গায় বারবারই আমাদের হোঁচট খেতে হয়। প্রত্যেক বছর বন্যা আসে আমাদের রাজ্যে এবং বন্যার জল সরে গেলে সড়কগুলো জেগে ওঠে বুকে অসংখ্য ক্ষত নিয়ে, কোথাও বা দুমড়ে-মুচড়ে যায়, যা সৃষ্টি করা হয়েছিল, তা ভেঙে যায়। সেইসময় কি আমরা দেখিনি কত দ্রুততার সঙ্গে কোথাও স্থায়ী ভাবে, কোথাও অস্থায়ী ভাবে সেইসব রাস্তা মেরামত করে যানবাহন চলাচলের উপযোগী করে যোগাযোগ ব্যবস্থা সচল করে তোলে ? আমি মনে করি যোগাযোগ ব্যবস্থাকে ঠিক রাখার জন্য এই দপ্তর যথেষ্ট সচেষ্ট। বামফ্রন্ট সরকার এবং তার পরিচালিত এই দপ্তর সীমিত সামর্থ্যের মধ্যেও পরিকল্পিত ভাবে সড়ক ব্যবস্থাকে গড়ে তোলার চেষ্টা করছে এবং দ্বিমুখী প্রয়াস চালাচ্ছে। একদিকে নতুন সড়ক নির্মাণ এবং অন্যদিকে সৃষ্ট সম্পদগুলোকে রক্ষণাবেক্ষণ করা, এই দ্বিমুখী কাজ করছে এই দপ্তর। এর ফলে সড়ক, সেতু যেমন বৃদ্ধি পাচ্ছে, তেমনি পূর্বের সৃষ্ট সড়ক ও সেতুকে দৃঢ় করা যাচ্ছে। আপনাদের দূরদৃষ্টির অভাবের জন্যই সড়কগুলোকে ৩/৪ টন ভারি লরি, ট্রাক চলাচলের উপযোগী করে তৈরি করেছিলেন, আজকে সেইগুলোকে ২০/২৫ টন ভারি লরি বা ট্রাক চলাচলের উপযোগী করতে হচ্ছে। ন্যাবার্ডের সহায়তায় পূর্ত বিভাগ পশ্চিমবাংলায়, বিশেষত গ্রামাঞ্চলে সড়ক, সেতু নির্মাণে সাফল্য এনেছে। বিগত সময়ে পশ্চিমবাংলায় ১৪২০ কিলোমিটার নতুন সড়ক তৈরি হয়েছে, সেইগুলোকে মসৃণ করে তোলা হয়েছে, ফলে গাড়ির যন্ত্রাংশে যেমন ঠিক থাকে, তেমনি অপরদিকে তেলেরও সাশ্রয় হয়। ঠিকাদারদের সঙ্গে চুক্তি করেছেন, তিন বছরের মধ্যে রাস্তা খারাপ হলে তাদের সারিয়ে দিতে হবে, এটা ঠিক। এটাও ঠিক যে, তিন বছর পর সেই রাস্তা আবার খারাপ হবে, কারণ যানবাহন বেড়েছে, রাস্তার উপর চাপও বাড়ছে এবং রাস্তার ক্ষয়ক্ষতি হচ্ছে। এই ক্ষয়ক্ষতি অল্পমাত্রায় দেখা দিলেই, সঙ্গেসঙ্গেই তার যাতে মেরামত করা যায় তার দিকে দৃষ্টি দিতে হবে, তাহলে অনেক অর্থের সাশ্রয় হবে। তাই, বড়ো ক্ষতি হবার আগেই সারিয়ে তুলতে হবে। এই বিষয়টা পরিকল্পনা মাফিক হওয়া দরকার। জাতীয় সড়ক নিয়ে চিন্তা-ভাবনা করলে আমরা দেখতে পাব যে, এক্ষেত্রে পশ্চিমবাংলার প্রতি বঞ্চনা হচ্ছে। বর্তমানে আমাদের রাজ্যে জাতীয় সড়ক ১৯৭০ কিলোমিটার। পাশের রাজ্য বিহারে ২২১৮ কিলোমিটার, ওড়িশায় ১৫৮৯ কিলোমিটার। নবম যোজনার সময়ে পশ্চিমবাংলায় মাত্র ৬৫ কিলোমিটার রাস্তা সংযোগ করা হল। আর বিহারের ছিল ২৮শো কিলোমিটার, ওড়িশা হল ১৬শো কিলোমিটার। তাহলে বঞ্চনা কোথায় ? কই আপনারা তো সেকথা বললেন না। আজকে আমাদের রাজ্যে উন্নত প্রযুক্তির মধ্যে দিয়ে রাস্তা সড়ক তৈরি হচ্ছে। আজকে যোগাযোগের ক্ষেত্রে বিপ্লব ঘটেছে। আজকে বলা যায় যে গোটা পশ্চিমবাংলায় যে রাস্তা তৈরি হচ্ছে তাতে একটা নিবিড় যোগাযোগ ব্যবস্থা তৈরি করা সম্ভব হয়েছে। আজকে গ্রামে যে কাঁচা রাস্তা ছিল সেগুলো পাকা রাস্তা করা হয়েছে। আজকে রাস্তা বিহীন কোনো গ্রাম নেই। একটা সময়ে ছিল যখন বর্ষাকালে রাস্তায় চলা যেত না। আজকে কিন্তু সেই অবস্থার পরিবর্তন ঘটেছে। এটা কি সাফল্য নয় ? শুধু সড়ক ব্যবস্থা নয়, সেতু ব্যবস্থার ক্ষেত্রেও একটা উন্নত পরিবেশ সৃষ্টি হয়েছে। কিছু পুরনো মাটির এবং দুর্বল যে সেতুগুলো ছিল সেগুলোর পরিবর্তন করে কংক্রীটের সেতু তৈরি করা হয়েছে। আজকে শুধুমাত্র কয়েকটা জায়গায় নয়

গোটা রাজ্যে সড়ক এবং সেতু নির্মাণ করে জনজীবনের সঙ্গে যোগাযোগ ব্যবস্থার একটা উন্নততর পরিবেশ তৈরি করা হয়েছে। যাতায়াত ব্যবস্থার একটা নতুন দিগন্ত তৈরি হয়েছে। এর দ্বারা এটাই প্রমাণিত হয় যে সেতু এবং সড়ক নির্মাণে এই দপ্তর একটা গুরুত্বপূণ ভূমিকা পালন করে চলেছে। আমরা জানি যে শুধু মাত্র সড়ক এবং সেতুর মধ্যে সীমাবদ্ধ থাকলেই চলে না, বিভিন্ন জায়গায় যানবাহন অনেক বেড়েছে এবং এই যানবাহন বাড়ার জন্য যানজটের সৃষ্টি হচ্ছে। এই যানজটের হাত থেকে মুক্তির জন্য প্রয়োজন উড়াল পুল। আজকে যথেষ্ট পরিমাণে উড়াল পুলের সংখ্যা বেড়েছে। বিভিন্ন জায়গায় উড়াল পুল তৈরি করে যানজট খোলার ব্যবস্থা চলছে। সেখানেও এই দপ্তরকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হচ্ছে। বিভিন্ন দপ্তরের ভবন, তথ্য সংস্কৃতি দপ্তরের ভবন তাদের নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সমস্তটাই এই দপ্তর দেখে থাকে। সেখানেও একটা সাফল্য দেখা দিয়েছে। শুধু তাই নয় অনেক পার্ক নির্মাণ, দূরবর্তী এলাকার সৌন্দর্যায়ন গড়ে তুলতে এই দপ্তর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে এবং এটাই এই দপ্তরের সাফল্য।

[3.50—4.00 p.m.]

এর সাথে সাথে বিভিন্ন জায়গায় আমাদের জাতীয় নেতাদের বিপ্লবীদের, সাহিত্যিক, সমাজ সংস্কারক এই সব উজ্জ্বল ব্যক্তিদের স্মৃতিকে ধরে রাখার জন্য স্মৃতি স্তম্ভ এবং মূর্তি তৈরি করতে হয় এবং এই দায়িত্ব এই দপ্তর দক্ষতার সঙ্গে পালন করে আসছে। আপনি বলার সময় বললেন শুধু সড়ক এবং ভবনের কথা। কিন্তু এই দপ্তর সমাজের অনেকগুলি দায়িত্ব নিয়েছে, ভবন নির্মাণ এবং তার রক্ষণাবেক্ষণ করেছে এই বিষয়গুলি আপনি উল্লেখ করলেন না। কাজেই বিভিন্ন ভাবে এই দপ্তরের সাফল্য আমরা দেখতে পাই। আসলে এই দপ্তরের কথা বলতে গেলেই আপনাদের এর সাফল্যের দিকগুলি নিয়ে বলতে হবে তাই ওই দিকে না গিয়ে শুধু একপেশে বাজেট আলোচনাই করে গেলেন। পুরনো জিনিসকে বজায় রাখা এবং নতুন করে সৃষ্টি করে এই দপ্তর এক উজ্জ্বল ভূমিকা পালন করেছে। এই জায়গায় দাঁড়িয়ে রাস্তাঘাটের কথা আপনি বললেন। রাস্তা নিশ্চয়ই মেরামত করতে হবে রক্ষণাবেক্ষণ করতে হবে। কিন্তু সমাজের বসবাসকারী মানুষকে সচেতন ভাবে এটাকে ব্যবহার করতে হবে তাহলে অনেক কিছুই রক্ষা করা যাবে। কিন্তু আমরা কি তা করছি ? এই প্রশ্ন কি আজকে করতে হবে না। আজকে বিভিন্ন জায়গায় রাস্তা কেটে দেওয়া হচ্ছে, সরকারি রাস্তা কেটে দেওয়া হচ্ছে। আমাদের দুর্গাপুর এলাকায়, বার্ণপুর এলাকায় যেখানে কয়লা খনি আছে সেখানে ভারি ভারি ট্রাক চলাচল করে এবং সীমাহীন ভার নিয়ে ট্রাকগুলি চলাচল করে এর ফলে সেখানে রাস্তা বসে যায়, ধসে যায়। এই দপ্তর তৈরি করবে, সৃষ্টি করবে আর অতিরিক্ত মাল বহনকারী ট্রাক তার যা বহন ক্ষমতা তার থেকেও অধিক মাল বহন করতে গিয়ে রাস্তা নষ্ট করবে তাহলে সেই রাস্তার দায়ভার যারা নষ্ট করবে তাদের দিয়ে ব্যয়ভার বহন করানো যায় কিনা সেটা ভেবে দেখার জন্য বলব। আবার রাস্তার ধারে ধারে বসতি গড়ে ওঠে এবং এর ফলে রাস্তায় যানবাহন চলাচলের গতি রোধ হয়। এ ক্ষেত্রে সঠিকভাবে এই মানুষের বসতিগুলি সরিয়ে নিয়ে ব্যবস্থা করতে হবে। এই রাস্তা, সেতু এগুলিকে যদি সচেতন ভাবে

ব্যবহার করা যায় তাহলে আরও ভালো হবে আরও সুদূরপ্রসারী হবে। সেই কাজ আমাদের করতে হবে। মোট কথা হল সড়ক, সেতু, ভবন বিভিন্ন ভাবে সবই এই দপ্তরের দায়িত্বে আছে এবং সেই দায়িত্ব এই দপ্তর কৃতিত্বের সঙ্গে পালন করে আসছে। মাকড়সার জালের মতো গোটা রাজ্য জুড়ে রাস্তা তৈরি হয়েছে। আজকে যোগাযোগ ব্যবস্থা ভালো হওয়ার জন্য দূর আজকে নিকটে পরিণত হয়েছে এবং সেই জন্যই এই বরাদ্দের প্রয়োজনীয়তা আছে মনে করে সমর্থন করছি এবং বিরোধী পক্ষের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মইনুল হক্ : মাননীয় সভাপতি মহোদয়, আজকে পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি সম্পূর্ণ ভাবে তার বিরোধিতা করি এবং বিরোধীদের আনা কাটমোশানগুলিকে সমর্থন করে বলছি আজকে যে ভাবে যে গতিতে চলছে—আমি মনে করি যে কিছু কিছু ক্ষেত্রে বিশেষ করে যোগাযোগ ব্যবস্থা বিগত দিনের থেকে কিছুটা হলেও উন্নত হয়েছে এটা অস্বীকার করা যায় না। এটা বাস্তব ঘটনা যে নর্থ বেঙ্গলে আমরা যখন আশির দশকে গেছি—বর্তমানে ২০০৩ সালে সেই অবস্থার পরিবর্তন হয়েছে। আমি বিরোধী দলের আসনে থেকেও বলতে পারি যে, বিশেষ করে সড়ক যোগাযোগ ব্যবস্থার একটু উন্নতি হয়েছে। কিন্তু একটা মেইন অসুবিধা হল, আজকে বিশেষ করে ন্যাশনাল হাইওয়ে সে সড়কগুলো রয়েছে—রাজ্য এবং কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দ করলেও কাজের দেখভাল রাজ্য সরকারের—আপনার দপ্তর করে থাকে। আমরা বার বার বলে থাকি সময়ের কাজটা সময়ে করুন। এখন বর্ষাকাল। কিন্তু যে রাস্তাগুলোর অবস্থা খারাপ সেগুলোর মেরামতির কাজ শুরু হয় জুন মাসের প্রথম দিকে, তাতে আমি মনে করি রাস্তা মেরামতের কাজটা ঠিকমতো হয় না এবং অর্থের অপচয় হয়। সেজন্য আমরা মনে করি যে, রাস্তা মেরামতের কাজ অক্টোবর মাসের প্রথম দিক থেকে শুরু করলে ভাল হয় এবং তাতে বাড়তি অর্থ খরচা হয় না। এবং এর ফলে কাজের মান বাড়বে এবং রাস্তাগুলো ঠিক থাকবে। আরেকটা বিষয় আমি দপ্তরকে বলবো যে, এই যে রাস্তাগুলো তৈরি করার জন্য যাদের কন্ট্রাক্ট দেওয়া হয়, যাদেরকে টাকা দেওয়া হয়, তারা কিন্তু কাজের মান ধরে রাখে না। কারণ আমরা লক্ষ করছি এবারে ফরাক্কা থেকে বহরমপুর পর্যন্ত যে রাস্তা বর্ষার পর হয়েছে, সম্ভবত নভেম্বর-ডিসেম্বর মাসে কাজ হয়েছে, দেখা যাচ্ছে যে, এরই মধ্যে গোটা ফরাক্কা থেকে বহরমপুর পর্যন্ত রাস্তা নালা, খাল, হয়ে গেছে, কিছু কিছু জায়গায় মাছ চাষও করা যাবে। কাজের মান এত খারাপ হবে কেন ? কি কারণে ? আজকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে, আপনার দপ্তরের যারা সড়ক নির্মাণের কাজের সঙ্গে যুক্ত তাদেরকে এ ব্যাপারে বলুন। এক বছরে যে কাজ হয়েছে, তা টোটাল সিস্টেমটা চেঞ্জ হয়ে গেছে। এখানে এক ধরনের রোলিং দিয়ে বিটুমিন করার ব্যবস্থা হয়েছে, তাহলে এক বছরের মধ্যে রাস্তার এরকম খারাপ অবস্থা হবে কেন ? একটা বর্ষাও যাবে না ? দয়া করে এ ব্যাপারে আরও নজর দেওয়ার জন্য আপনার দপ্তরকে বলুন। বিশেষ করে যে সমস্ত পর্যটন কেন্দ্রগুলো আছে সেই জায়গাগুলোতে যাতায়াতের জন্য যে রাস্তা আছে, বিশেষ করে মুকুটমণিপুর-বকখালি, হাজারদুয়ারি, শিলিগুড়ি হয়ে সেবক হয়ে গ্যাংটক

যাচ্ছে, আরেক দিকে কালিম্পং, গ্যাংটক তিস্তার পাশ দিয়ে দার্জিলিং-এর দিকে যে রাস্তা বিশেষ করে সেবক থেকে তিস্তা পর্যন্ত রাস্তা—এই রাস্তাগুলোর অবস্থা ১২ মাস খারাপ থাকে কেন ?

[4.00—4.10 p.m.]

যেহেতু সেখানে আপনি লক্ষ করবেন—আপনি নিশ্চয়ই গিয়েছেন, এতো ঝরণা আছে ওই পাহাড়ের মধ্যে প্রায় ১ কিলোমিটারের মধ্যে ২-৩টি ঝরণা আছে। ওই ঝরণার জল রাস্তার উপর দিয়ে বয়ে যায় এবং এটা ডেঞ্জারাস মনে করি। যখন তখন সেই রাস্তায় এর ফলে বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। দয়া করে এই রাস্তার উপর একটু ধ্যান দেবেন। আজকে বিশেষ করে আমি নতুন কোনো রাস্তার কথা আপনাকে বলছি না। যে রাস্তা আপনার আন্ডারে পড়ে—সেই স্টেট হাইওয়ে, ন্যাশানাল হাইওয়ে, এই রাস্তাগুলি যাতে মেরামত করা হয় ঠিক সময়ে এবং কোয়ান্টিটি অনুযায়ী যেন কাজ হয় সেটাও বাজেটে লক্ষ রাখতে হবে। একটা রাস্তার কথা আপনাকে বলছি ধুলিয়ান শহরের যে রাস্তাটা সেটা আপনিও দেখেছেন, সেই রাস্তার কথা বলছি—এটা পি.ডবলিউ.ডি. (রোড্স) করবে। আবার বাসুদেবপুর রাস্তাটার কথা বলছি যেটা গঙ্গা ক্রস করে রেলওয়ে স্টেশনে গিয়েছে, এটা পি.ডবলিউ.ডি. করবে। এইরকম কিছু কিছু অবস্থা তৈরি হয়ে আছে। ২টো দপ্তরকে চিহ্নিত করতে আমাদের সময় পার হয়ে যায়। একই রাস্তা ২টো দপ্তর আলাদা-আলাদা ভাবে কাজ করবে কেন ? এটা আমার প্রস্তাব। এটা শুধু ধুলিয়ান নয়, বহু জায়গায় আমরা লক্ষ করেছি এটা রোড্স-এর নয়, এটা এটা পি.ডবলিউ.ডি.—এইরকম কিছু অসুবিধা হয়। দয়া করে এটা আপনি দেখবেন। আর জাতীয় সড়ক—স্টেট হাইওয়ে অনেক ব্রিজ আছে, সেই ব্রিজের অবস্থা এতো ভয়ঙ্কর, এক্ষণি—এক্ষণি সেই ব্রিজ রক্ষণাবেক্ষণ যদি না করা হয় বড় ধরনের ঘটনা ঘটতে পারে। আর একটা কথা বলছি, মহানন্দা, মালদা—আপনি লক্ষ করবেন কিছুদিন আগে মহানন্দার ব্রিজ ভেঙে পড়েছিল, যদিও বড় ধরনের ঘটনা ঘটেনি। এইভাবেই আমাদের জেলায় বহরমপুর শহরের মধ্যে ভাগীরথী নদের উপর যে ব্রিজ আছে সেই ব্রিজের হাইট অনেক বেশি। সেই ব্রিজের উপর দিয়ে একসঙ্গে ২-৪টি লরি, গাড়ি গেলে সেই ব্রিজটা কেঁপে ওঠে। এটা একটা ভয়ঙ্কর অবস্থা। তাই দয়া করে এগুলির দিকে আপনারা নজর দেবার ব্যাপারে বলছি। আর যে কাজগুলো আপনি আজকে থেকে ১৫ বছর আগে আমাদের জেলায়, দেখলাম আপনার বাজেট বইয়ে এই ৩টি রাস্তার কথা আপনারা বলেছেন। ১৫ বছর ধরে কানপুর-বহুতালি যে ব্রিজ আছে ওখানকার বিধায়ক বহুদিন ধরে আছেন। এই বহুতালি জঙ্গিপুর থেকে যদি কেউ সুতিথানায় আসে ঔরঙ্গাবাদে আসে সরকারি কাজে আসে তাহলে সে একদিনে ফিরে আসতে পারবে না। জঙ্গিপুরে যদি কোনো কাজে আসে তাহলেও একদিনে ফিরতে পারবে না। দীর্ঘদিন সেখানে ৩টি ব্রিজ—পাগলা নদের উপর দুটি ব্রিজ। পাগলা নদের ২ নং ব্রিজটির কাজ চালু অবস্থায় আছে। আর ১ নং ব্রিজটি টাকার অভাবে প্রায় বন্ধ হয়ে পড়ে আছে। জানিনা মুর্শিদাবাদ জেলার জন্য এতো বঞ্চনা কেন ? এ এলাকার মানুষরা দীর্ঘদিন ধরে তিনটি ব্রিজের দাবি জানিয়ে আসছেন। ব্রিজ, রাস্তা তথা যোগাযোগের

অভাবে মানুষকে প্রতিদিন দুরবস্থার মধ্যে পড়তে হচ্ছে। ওখানে কোনো মানুষকে থানায় একটা ডাইরি করতে হলে, বি.ডি.ও. অফিসে কোনো কাজের জন্য যেতে হলে মুরারই বাইপাশ রোড হয়ে ওমরপুর ঘুরে সুতি ঔরঙ্গাবাদে যেতে হচ্ছে। রাস্তা এখন একটু ভাল আছে, রাস্তা ভাল থাকলে ৩/৪ ঘণ্টা সময় লাগে, রাস্তা যখন খারাপ হয়ে পড়ে তখন ৫/৬ ঘণ্টা সময় লাগে। যেতে ৫ ঘণ্টা, আসতে ৫ ঘণ্টা, একটা কাজের জন্য মানুষের যাতায়াতেই ১০ ঘণ্টা সময় লেগে যায়। সুতরাং এ অবস্থায় ওই তিনটি গুরুত্বপূর্ণ ব্রিজের প্রতি অবশ্যই লক্ষ দিতে হবে। আমার বিধানসভা কেন্দ্র ফরাক্কায় দুটো গুরুত্বপূর্ণ রাস্তা আছে। আমার বিধানসভা কেন্দ্রেই লাগোয়া ঝাড়খণ্ড রাজ্য। ঝাড়খণ্ড রাজ্যের রাজ্য সরকার কোটালপুকুর পর্যন্ত রাস্তা করে দিলেও, আমাদের দিকে বাগদাবরা থেকে এন.টি.পি.সি. মোড় পর্যন্ত রাস্তাটি এখনো হল না। আর একটা হচ্ছে, ঝাড়খণ্ড সরকার এন.টি.পি.সি. মোড় থেকে বারহার্বার-সাহেবগঞ্জ যাবার রাস্তাটি করলেও আমাদের দিকে এ রাস্তা পর্যন্ত যাবার কোনো রাস্তা এখন পর্যন্ত হয়নি। ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টের একটা ইনস্পেকশন রোড আছে, ওখানকার মানুষকে ওই রাস্তাটি ব্যবহার করতে হয়। ১৯৯৬ সালে নির্বাচিত হয়ে আমি এ বিষয়ে পূর্ত দপ্তরকে জানিয়েছিলাম, পূর্তমন্ত্রীকে জানিয়েছিলাম, কিন্তু তাঁরা আমার কথাকে কোনো গুরুত্ব দেননি। অথচ ওখান দিয়ে শুধু পশ্চিমবাংলায়ই নয়, বাংলাদেশে পর্যন্ত বোল্ডার সাপ্লাই হয়। ফরাক্কা ফিডার ক্যানেল ধরে বোল্ডার ল্যাটারাইট, মোরাম সরবরাহের জন্য ঝাড়খণ্ড সরকার তাদের দিকে রাস্তা করে দিয়েছে, কিন্তু আমরা আমাদের দিকে এখন পর্যন্ত সেই রাস্তা করতে পারিনি। মাত্র ৫/৬ কিলোমিটার রাস্তা পি.ডাবলিউ.ডি., টেক্‌আপ করতে পারলে হীরণপুর, দুমকা, রাঁচি যাওয়ার সময় আমাদের অনেক কমে যাবে, আমাদের যোগাযোগ ব্যবস্থা অনেক সুদৃঢ় হবে, ব্যবসা বাণিজ্য বাড়বে। ওটা টোটালি পাহাড়ি এলাকা। ওখানকার বোল্ডার, ল্যাটারাইট শুধু পশ্চিমবাংলারই কাজে লাগে না, বাংলাদেশে পর্যন্ত সাপ্লাই হয়। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই রাস্তাটা খুব বেশি বড় রাস্তা নয়, এটা পি.ডাবলিউ.ডি. (রোড) টেক আপ করুক। আমাদের ওখানে আর একটা পুরোনো রাস্তা, ফরাক্কা থেকে বেনিয়াগ্রাম পর্যন্ত ফরাক্কা ব্রিজ হওয়ার আগে নদী পার হয়ে নর্থ বেঙ্গল যাবার জন্য এল.সি.টি. ঘাট পর্যন্ত যেতে হত, আজ সেই রাস্তাটির অভাবে যোগাযোগের খুবই অসুবিধা হচ্ছে। এ জায়গাটা এখন নালা হয়ে গেছে, খাল হয়ে গেছে। মাঝে একবার আমরা এন.টি.পি.সি.-কে দিয়ে কিছু কাজ করিয়েছিলাম। তারপর আর কোনো কাজ হয়নি। এই রাস্তাটির প্রতি নজর দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার একান্ত অনুরোধ আপনি দয়া করে এই রাস্তাগুলির প্রতি একটু নজর দিন। এই রাস্তাগুলির যেমন ওখানে মানুষের স্বার্থে বিশেষভাবে প্রয়োজনীয় তেমন রাজ্যের ব্যবসা-বাণিজ্যের স্বার্থেও গুরুত্বপূর্ণ। প্রতিবেশী রাজ্যের সঙ্গে ব্যবসা-বাণিজ্য এবং যোগাযোগ স্থাপনের জন্য অবিলম্বে এই রাস্তাগুলির কথা গুরুত্ব দিয়ে বিবেচনা করা উচিত। এই কটি কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে, আমাদের পক্ষ থেকে উত্থাপিত কাটমোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, অভিযাচন নং—২৫ পূর্ত, পূর্ত (সড়ক) এবং পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগের যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এখানে মাননীয় পূর্তমন্ত্রী উপস্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি এখানে কয়েকটা কথা তুলে ধরতে চাই।

স্যার, প্রকৃতপক্ষে এই ব্যয়-বরাদ্দের ওপর যে বিতর্ক চলছে সে প্রসঙ্গে বিরোধী পক্ষের যে কথাবার্তা এখন পর্যন্ত শুনলাম তাতে আমার মনে হচ্ছে যে, এই বিতর্কে আমাদের আর অংশ নেওয়ার মতো বিশেষ কিছুই নেই। আমার মনে হয় বিরোধী বন্ধুদের পূর্ত, পূর্ত (সড়ক) ও পূর্ত (নির্মাণ পর্ষদ) দপ্তরের পরিকাঠামো এবং কাজকর্ম প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বিবৃতি পেশ করেছেন সেটা ভাল করে পড়ার সময় হয়নি।

[4.10—4.20 p.m.]

কাজেই তাদের কথার উত্তর দিতে গিয়ে বেশি সময় আমি নিতে চাই না। আমাদের এই পূর্ত দপ্তর এতই গুরুত্বপূর্ণ যাকে আজকে আমরা রাজ্যের ধমনী, শিরা, উপশিরার সঙ্গে তুলনা করতে পারি এবং তার পাশাপাশি অন্যান্য যে কাজগুলি এই দপ্তর করে সেগুলি হল, সরকারি ভবন, সরকারি শিক্ষা-প্রতিষ্ঠানের নির্মাণ এবং তার রক্ষণাবেক্ষণ, লেভেল ক্রসিং, উড়াল পুল, ঐতিহ্যবাহী ভবনের নান্দনিক রূপ অক্ষুণ্ণ রেখে তার সংরক্ষণ, মনীষীদের মূর্তি স্থাপন—এইরকম বহুবিধ কাজ এই দপ্তর করে। সুতরাং সেই দপ্তরের বাজেট বিতর্কে অংশ নিয়ে বিধানসভায় বিরোধীরা যে বক্তব্য রাখলেন তাতে কোনো গঠনমূলক প্রস্তাব তো নেই, নেই কোনো পথের দিশা, নেই কোনো পথের পাঁচালি। সুতরাং তাঁদের কথায় সময় নষ্ট না করে আলোচনায় জায়গা নিয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কিছু সাজেশন, কিছু কথা তুলে ধরতে চাই। তিনি আজকে সকালবেলায় অতিরিক্ত একটি গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া ইস্ট-ওয়েস্ট করিডরে জলপাইগুড়ি জেলার উপর দিয়ে যে রাস্তাটি অসমে যাবে তার অ্যালাইনমেন্টের কথা বলেছেন এবং কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহন মন্ত্রক তাদের অনমনীয় মনোভাবের কথা জানিয়েছেন। আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই, গত ১১ই ফেব্রুয়ারি, ২০০৩ সালে শ্রী বিজয় পাঞ্জিওয়ানি, সুপ্রিম কোর্টের সলিসিটর অ্যান্ড অ্যাডভোকেট, তিনি এন.এইচ.এ.আইয়ের চেয়ারম্যানের কাছে চিঠি দিয়েছেন। জেনারেল ম্যানেজার শ্রী কে.সি.ভারকেয়াচান সেই চিঠির উত্তরে লিখেছেন যেটা মন্ত্রী মহাশয় বললেন, তারা চেঞ্জ করবে না। ওখানে পরিষ্কার বলা আছে, ওয়াইল্ড লাইফ এবং ফরেস্ট ধ্বংসের ব্যাপারে ১৯৯৭ সালে যে স্ট্যান্ডিং রুল সুপ্রিম কোর্টের আছে সেটাকে উপেক্ষা করে এন.এইচ.এ.আই. তারা এই কাজ করতে পারবে না। সেক্ষেত্রে আমাদের রাজ্যের পূর্ত দপ্তর এই ইস্ট-ওয়েস্ট করিডোর যাতে মানুষের কাজে লাগে সভ্যতা ধ্বংস না করে তার জন্য আরো বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে এন.এইচ.এ.আই.-কে অবগত করাবেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট বিবৃতিটা আমি ঠিক পরিষ্কারভাবে বুঝিনি, তাই আমি ওনাকে অনুরোধ করবো, জবাবি ভাষণে তিনি যেন বিষয়টি পরিষ্কার করে দেন। বিষয়টি হচ্ছে গত বছর তাঁর বাজেট বিবৃতিতে উল্লেখিত আছে ৪ নম্বর অনুচ্ছেদে, এস.সি.পি. এবং টি.এস.পি. এই দুই এলাকার জন্য যে পারসেন্টেজ বরাদ্দ ছিল এবারে উভয়

ক্ষেত্রে সেটা কেন কমে গেল সেই ব্যাপারে পর্যবেক্ষণ করবেন। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সঠিকভাবে বলা হয়েছে, আমাদের রাজ্যে সিডিউল কাস্ট সাব-প্ল্যান এলাকায় এবং সিডিউল ট্রাইব সাব-প্ল্যান এলাকার জন্য যে বিশেষ বরাদ্দ এবং রাস্তা ও পরিকাঠামো উন্নয়নের জন্য যে বরাদ্দ সেটা যাতে সুচারুরূপে রক্ষিত হয় তার জন্য যত্নবান হওয়ার আবেদন জানাব। তিনি তাঁর বাজেট বিবৃতিতে সঠিকভাবেই বলেছেন, প্রতিশ্রুত বাজেটে যে প্রস্তাবিত অর্থ এবং তারপর যেটা পাই তার সঙ্গে ফারাক থাকে। সেই ফারাক মেকআপ করার জন্য নানা সংস্থার কাছ থেকে ঋণ নিতে হয় আর.আই.ডি.এফ. হাডকো প্রভৃতির কাছ থেকে। এ ক্ষেত্রে তিনি পরিসংখ্যান দিয়ে বিস্তৃত তথ্য দিয়েছেন। গোটা রাজ্যে ১০৫টি সেতুর কথা তাঁর বাজেট বিবৃতির মধ্যে আছে। তার মধ্যে প্রায় অধিকাংশ রূপায়িত হয়েছে এবং অনেকগুলির কাজ চলছে। এর বাইরে বহু ব্রীজ এবং সেতু, রাস্তা আমাদের রজ্যে প্রয়োজন। বহু রাস্তা অতীতে তৈরি হয়েছে কিন্তু রক্ষণাবেক্ষণের অভাবে আজকে অচল হয়ে গিয়েছে। বীরভূম, বর্ধমান, দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা এবং আমাদের উত্তরবঙ্গের বিভিন্ন জেলাতে একই চিত্র। সেই রাস্তাগুলির সঠিক অগ্রাধিকার তালিকা প্রস্তুত রাখা দরকার। যেমন করে মানুষের শিরা, উপশিরা, ধমণির আলট্রাসোনোগ্রাফি করা হয় সেই রকম এই দপ্তরের মাধ্যমে এরও একটা সর্বাঙ্গীণ চিত্র হাতের কাছে থাকলে সে ব্যাপারে দ্রুত হস্তক্ষেপ করা যায় বলে আমার মনে হয়। আমি এই বাজেট বিবৃতিকে সমর্থন করে একথা বলতে চাই যে এই দপ্তরের যে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে অতীতে আমাদের রাজ্যে যে সরকার ছিল তারা এই গুরুত্বটা দিয়েছেন কলকাতার উপর। কলকাতাকে কেন্দ্র করে ঐতিহ্যশালী ভবন, কলকাতাকে কেন্দ্র করে বিভিন্ন মনীষীদের মূর্তি স্থাপন, কলকাতাকে কেন্দ্র করে বিভিন্ন ক্রীড়া প্রতিষ্ঠান, সাংস্কৃতিক প্রতিষ্ঠান নির্মাণ এর উপরই সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছিল। আমাদের রাজ্যে অতীতে তদানীন্তন যে দল সরকার পরিচালনা করত তাদের দৃষ্টিভঙ্গি ছিল কেন্দ্রীভূত উন্নয়ন, একটা জায়গায় কেন্দ্রীভূত করা। অর্থাৎ তেলা মাথায় তেল দিয়ে অন্য জায়গাগুলিকে বঞ্চিত করা। কিন্তু সেই দৃষ্টিভঙ্গির পরিবর্তন বামফ্রন্টের আমলে পশ্চিমবঙ্গে হয়েছে কারণ জনগণ তাদের নিজেদের সরকার এখানে প্রতিষ্ঠিত করেছেন। জেলায় জেলায় যারা দেশের কাজে সমাজের কাজে নিজেদের জীবন উৎসর্গ করেছেন সেইসব মানুষের মূর্তি প্রতিষ্ঠা, গ্রামেগঞ্জে, শহরে অনালোকিত ঐতিহ্যশালী ভবনগুলির সংস্কার ইত্যাদি কাজে আমাদের দপ্তরের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা উচিত বলে আমরা মনে করছি। গোটা রাজ্যে রেলের যে পরিকাঠামো আছে, মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বিবৃতিতে সঠিকভাবেই বলেছেন যে রেল লাইনের উপর উড়ালপুল নির্মাণের ক্ষেত্রে, লেভেল ক্রশিংগুলিতে দুর্ঘটনা এড়াতে এবং দ্রুতগতিতে রেল লাইনের উপর দিয়ে যাতে গাড়িগুলি চলতে পারে তার জন্য ওখানে উড়লপুল নির্মাণ করা দরকার। এর জন্য অর্ধেক টাকা দেবে রেল। রেলের লেভেল ক্রশিং-এর ট্রেনে দাঁড়িয়ে থাকার যে কি যন্ত্রণা তা যারা ভুক্তভোগী তারা সকলেই জানেন। আমাদের উত্তরবঙ্গের ডালখোলা এইরকমই একটি জায়গা। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় উড়ালপুল নির্মাণের জন্য পদক্ষেপ নিয়েছেন। এ ক্ষেত্রে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ জমি অধিগ্রহণের জন্য এক কোটি টাকা দিয়েছেন কিন্তু রেল মন্ত্রক তাদের দেয় টাকাটা দিচ্ছেন না। এর জন্য সোচ্চারভাবে আমাদের

দাবি তোলা দরকার এবং কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা দরকার। আমাদের রাজ্যে মহা-সড়ক করার পরিকল্পনা কেন্দ্রীয় ভূতল মন্ত্রক—ন্যাশানাল হাইওয়ে অথরিটি অব ইন্ডিয়া নিয়েছেন। এটা বিশ্বায়ণের চাপ। তার উপর এটা হচ্ছে বিশ্বব্যাঙ্ক ও এশিয়ান ডেভলপমেন্ট ব্যাঙ্কের চাপ। এই মহা সড়ক নির্মাণের জন্য রাজ্য জুড়ে তারা একটা প্রচেষ্টা নিয়েছেন। আমাদের রাজ্যে চলাচলের যে ব্যবস্থা আছে, যে পরিকাঠামো আছে তাকে তছনছ করে এই বিশ্বায়ণের রথের ঘোড়ায় আমাদের দেশের মানুষরা যাতে বিপন্ন না হয় সেটা গুরুত্ব সহকারে দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তারপর প্যাকেজের ব্যাপারে আমার একটি নির্দিষ্ট বক্তব্য আছে। রাস্তাঘাট সারাই বা মেইনটেন্যান্সের ক্ষেত্রে যেসব সংস্থাকে দায়িত্ব দেওয়া হয় এখনে ইঞ্জিনিয়াস কো-অপারেটিভ, লেবার কো-অপারেটিভ ইত্যাদি সংস্থা যেগুলি আছে তাদের নিয়ে একটা কনফেডারেশান করে তাদের হাতে যদি দায়িত্ব দেন তাহলে রাজ্যের ছেলেরা সেই কাজের মাধ্যমে কিছু রুজি রোজগারের ব্যবস্থা করতে পারে।

[4.20—4.30 p.m.]

আমি একটা অনুরোধ আজকে আপনার কাছে করতে চাই। কয়েকদিন আগে জলপাইগুড়ির কিছু নির্মাণকারী সংস্থা বা ব্যক্তি আমাকে বলেছিলেন যে তাদের এনলিস্টমেন্ট রিনিউ করবার জন্য জলপাইগুড়ি থেকে মহাকরণে আসতে হয় কলকাতায়। এই রিনিউ করবার কাজের জন্য কত দূর থেকে এই মানুষগুলোকে আসতে হয়। এই মানুষগুলোকে হয়রানির হাত থেকে রক্ষা করবার জন্য জলপাইগুড়িতে চিফ ইঞ্জিনিয়ারের বসবার পরিকাঠামো আছে, এডিশনাল চিফ ইঞ্জিনিয়ারের অফিস আছে, সেখানে যাতে রিনিউ করার ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করবেন। তাহলে জলপাইগুড়ি এবং কুচবিহারের মানুষ উপকৃত হবে। আমাদের বিভিন্ন জায়গায় রাস্তার যে পরিকাঠামো আছে সেইগুলোর উন্নতি সাধনের দরকার। আমাদের রাজনগরের বিধায়ক, আমাদের বর্ধমানের বিধায়ক এবং বিভিন্ন এলাকা থেকে বিধায়করা বলেছেন এই কথাগুলো তোলবার জন্য। এমন অনেক রাস্তা আছে যেখানে চলা যায় না। যেমন পাচড়া থেকে রাজনগর ভায়া খয়রাশোল। খয়রাশোল থেকে বাবুইজোর এবং শক্তিগড় থেকে আটাগড়—৫ কিলোমিটার, এই রাস্তাগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। অগ্রাধিকারের ভিত্তিতে এই রাস্তাগুলো সারানো দরকার। আন্ডারগ্রাউন্ড প্লাজা হোক, উড়ালপুল হোক, তার থেকে যে রাস্তাগুলো ধমনীর মতো রক্ত সঞ্চালনের কাজ করে সেইগুলোর উন্নতি সাধন করা হোক। এই দাবি থেকে বাজেটকে আবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রমথ নাথ রায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রীদ্বয় শ্রী অমর চৌধুরী এবং দশরথ তিরকে মহাশয় তাঁদের দপ্তরের জন্য ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য বিধানসভায় পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। বিরোধী এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাটমোশানগুলো নিয়ে আসা হয়েছে সেইগুলোকে সমর্থন করে খুব সংক্ষেপে দু-চারটি কথা বলতে চাই। এবারে আমাদের পূর্তমন্ত্রীদ্বয় ২০০৩-০৪ সালের জন্য যে টাকা চেয়েছেন তার পরিমাণ হলো ১২৫৮ কোটি ১৭ লক্ষ ৮৭ হাজার টাকা। গতবারের বই

আমার কাছে আছে, আমি ওনাকে স্মরণ করিয়ে দিতে চাই গতবারে উনি এই বিধানসভা থেকে ২০০২-০৩ সালের ব্যয়-বরাদ্দের অনুমোদন চেয়েছিলেন ১৪৩৭ কোটি ৪৭ লক্ষ ২৪ হাজার টাকা। এখানে উনি ১৭৯ কোটি ২৯ লক্ষ ৩৭ হাজার টাকা কম চেয়েছেন। আমার প্রশ্ন এত টাকা উনি কম চেয়েছেন কেন ? আমরা জানি শুধু পশ্চিমবাংলায় নয়, ভারতবর্ষে নয় সারা পৃথিবীতে সরকার চালানোর জন্য বেশি টাকা দাবি করেন। খরচ কমছে না বাড়ছে। আমার জিজ্ঞাস্য মন্ত্রী মহাশয়ের কাছে প্রায় ১৮০ কোটি টাকা তিনি কম চাইলেন কেন ? আমার ধারণা একটু আগে আমাদের দলের অসিত মিত্র বললেন গতবারে তিনি যা চেয়েছিলেন বাস্তবে তিনি তা পাননি। আমার ডেটটা সঠিক মনে নেই, একটা খবরে পড়েছিলাম। পূর্তমন্ত্রী দুঃখ করে বলেছিলেন, অন গোয়িং স্কীমে যে কাজগুলো চলছে সেগুলো বন্ধ করতে হবে। অর্থ দপ্তর থেকে আমি টাকা পাচ্ছি না। আমি মুখ্যমন্ত্রীকে জানাব। মন্ত্রী মহাশয় বয়স্ক মানুষ, ওঁর মনে আছে কিনা জানি না। খবরের কাগজে এটা বেরিয়েছিল। মাননীয় মৎস্যমন্ত্রী কিরন্ময় নন্দ বুক ফুলিয়ে বলছিলেন, আমি জানি না। অমরবাবু, আপনি বলবেন, গতবার কত টাকা পেয়েছিলেন, আর এবারে কম চাইলেন কেন ? গতবার ১৪৩৭ কোটি ৪৭ লক্ষ ২৪ হাজার টাকার মধ্যে ২০০২-'০৩ সালে খরচ করার জন্য আপনি কত টাকা পেয়েছেন, এটা আমাদের জানালে ভাল হয়। আপনি অ্যাকচুয়ালি কত টাকা পেয়েছেন তা যদি বলেন তাহলে আমরা জানতে পারব। পূর্ত দপ্তর একটি গুরুত্বপূর্ণ দপ্তর। আপনার বাজেট স্পীচের বইতে পরিকল্পনা খাতে এবং পরিকল্পনা বহির্ভূত খাতে কত, আলাদা করে দেওয়া নেই, আপনি কোনো ব্যাখ্যাও দেননি। তা যদি থাকত তাহলে আমাদের পক্ষে ভাল হত। আমরা বুঝতে পারতাম যে, মাইনেপত্র দিতে কন্টিনজেন্সিতে কত টাকা লাগবে, আর রাস্তাঘাট, সেতু, উন্নয়নমূলক কাজে কত ব্যয় করতে হয়। আমরা বুঝতে পারতাম, নেতাজী ইনডোর স্টেডিয়ামে কত টাকা খরচ করতে হবে। আমার জেলায় একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে দু'মাস আগে গিয়েছিলাম একটা কাজের জন্য কথা বলতে। তিনি বললেন, কাজ করবার জন্য কোনো টাকা নেই। বর্তমানে যে টাকা আসছে, তাতে শুধু মাইনেপত্র দেওয়া ছাড়া আর কিছু হবে না। এমনই অবস্থা যে, ডিপার্টমেন্টের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে ২০-৪০ হাজার টাকা খরচের জন্য থাকছে না। তিনি বললেন, দেখছেন না, আমার টেবিল ফাঁকা। ফাইলপত্র কিছু নেই। বসে আছি আর সময় নষ্ট করছি। যাইহোক, গতবার আমি কিছু অসঙ্গতি তুলে ধরেছিলাম। এবারেও কিছু অসঙ্গতির কথা তুলে ধরছি। মাননীয় পূর্তমন্ত্রী, গতবার আপনার বইয়ের ৩৪ নং অনুচ্ছেদে একটা যে হিসাব দিয়েছিলেন, তার ত্রুটি তুলে ধরেছিলাম। আপনাকে তা ধরিয়ে দিয়েছিলাম। দু'নম্বর কিড স্ট্রিটে রাজ্য সরকারের অতিথি নিবাস তৈরি শেষ হয়েছে বলে উল্লেখ করেছিলেন। আজকে ২০০৩ সালের জুলাই মাস। পুরো এক বছর হয়ে গেল। আপনি কোন্‌টার কথা বলছেন জানি না। ২০০২-'০৩-এর, না ২০০৩-'০৪, বর্তমানে যেটা চলছে ? আপনার আধিকারিকদের গিয়ে বলুন। রাজ্য অতিথি নিবাসের কাজ চলছে, কমপ্লিট হয়নি। এই বিষয়টা আপনি একটু দেখবেন। দেখলে ভাল হয়, যাতে আমরা সদস্যরা বিভ্রান্ত না হই। ২০০১ সালের বইতে আপনি ডিসেম্বর মাসে লিখেছিলেন, এশিয়ান উন্নয়ন ব্যাংক আপনাকে অনুমোদন দিয়েছে,

২১০ লক্ষ মার্কিন ডলার মঞ্জুর করেছে বারাসাত, গাজল, হিলি, তপন আর রায়গঞ্জের রাস্তার জন্য। ২০০১ সালের ডিসেম্বর মাসে বলেছিলেন ২১০ লক্ষ মার্কিন ডলারের কথা। এবারের বাজেট বইতে লেখা হয়েছে, ২১০০ ডলার মঞ্জুর করেছে এশিয়ান উন্নয়ন ব্যাঙ্ক। কোন্‌টা ঠিক ? বইটা যখন লেখা হয়, তখন ভাল করে দেখা দরকার। ২১০ লক্ষ মার্কিন ডলার আর ২১০০ মার্কিন ডলার কি এক হল ? এই টাকাটা দিয়েছে ২০০১ সালের ডিসেম্বর মাসে। এবারের বইতে আপনি বলেছেন, ২০১১ সালে মঞ্জুর করেছে। ঋণ চুক্তি সই হয়েছে। ৭ই জানুয়ারি ২০০৩ থেকে সেটা কার্যকরী হয়েছে। সেটা যদি হয়ে থাকে, তাহলে টাকা দেওয়া নিশ্চয়ই শুরু হয়ে গেছে। অথচ আমরা দেখছি, ওই রাস্তাগুলোর ফোর লেনের কাজ কিছুই হয়নি।

[4.30—4.40 p.m.]

জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই এই সাত মাস অতিক্রান্ত হয়েছে। আপনি বলছেন, কাজ চলছে ; আমি শুনেছি চুক্তি হয়ে গেছে। আমি একটা খবর পেলাম অমরবাবু এটায় ফোর লেনের কাজ হবে। বারাসাত, রায়গঞ্জ, বালুরঘাট, তপন, হিলি, গাজল এই রাস্তাগুলির জন্য এশিয়ান উন্নয়ন ব্যাঙ্ক অর্থ মঞ্জুর করলেও রাজ্য সরকারের দেয় যে অংশ, সেই অংশটা রাজ্য সরকার আর্থিক সংকটের জন্য দিতে পারছে না, ফলে কাজটা শুরু করা যাচ্ছে না। এখানে কোনটা ঠিক বুঝতে পারছি না। আপনি বলেছেন, ৭ই জানুয়ারি থেকে ঋণটা কার্যকরী, তার মানে কি ? ঋণের জন্য তো সুদ দিতে হবে। অথচ আপনার কাজ শুরু হল না। আপনি একাধিকবার বলেছেন, কোনটা ঠিক বলছেন ২১০ না ২১০০ মার্কিন ডলারটা ঠিক ? একটু আগে ফরোয়ার্ড ব্লকের গোবিন্দবাবু যেটা বলছিলেন, আমি সেটা অন্যভাবে বলব। আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাই, গতবারে বিধানসভায় সোচ্চারে বলেছিলাম, সমস্ত সদস্যদের আহ্বান করেও বলেছিলাম, আপনার দপ্তরের যারা আধিকারিক আছেন উত্তরবঙ্গের কোনো মানুষ আছেন কিনা জানি না, যিনি উত্তরবঙ্গের ৬টি জেলায় যাতায়াত করছেন, বাড়িঘর কিংবা বসবাস করে, এমন কথা বলছি না, যাতায়াত আছে ৬টি জেলায়, যারা মন্ত্রী বা ভি.আই.পি. মানুষ আছেন তাঁরা ৩৪ নম্বর জাতীয় সড়ক ধরে ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে শিলিগুড়ি, জলপাইগুড়ি, কুচবিহার, মাথাভাঙা, এই সমস্ত রাস্তা দিয়ে যাতায়াত করেন, আপনারা যারা ট্রেনে করে ডালখোলা লেভেল ক্রসিং দিয়ে চলে যান, তাদেরও সেই অভিজ্ঞতা নেই। আমি গতবারেও বলেছিলাম ডালখোলার লেভেল ক্রসিং নিয়ে, এটা একটা পুরানো সমস্যা। আমাদের দেশ ৫৪ বছর স্বাধীনতা লাভ করেছে, তারপরেও আজকে এই অবস্থা। ওখান দিয়ে মিটার গেজ, ব্রডগেজ লাইন গিয়েছে, সমস্ত উত্তর-পূর্ব ভারতের ট্রেন ওইখান দিয়ে যাতায়াত করে, অজস্র মালগাড়ি ট্রেনও যাতায়াত করে। আমি আবারও এটা বিধানসভায় বলেছিলাম, নিশ্চয় বিধানসভায় নোটও আছে, আমার নিজের জানা আছে, ডালখোলা লেভেল ক্রসিং-এর জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজে রোগী নিয়ে যাওয়ার পথে ৪০ মিঃ থেকে ১ ঘণ্টা দেরি হওয়ার ফলে একাধিক রোগী মারা গিয়েছে। এই কথাগুলি ভেবে দেখবেন না ? মেডিকেল কলেজ বলেছে, ঘণ্টাখানেক আগে পেশেন্টকে নিয়ে আসা গেলে চিকিৎসায় ভাল করা যেত। পেশেন্ট-এর উন্নতি হতে পারত। দেখা গেল সেই রোগীটা ৪৫ মিঃ বা এক ঘণ্টা

ডালখোলা লেভেল ক্রসিং-এ আটকে থাকার ফলে এই ঘটনা ঘটছে। আমি বলছি কি, ফ্লাই ওভার করা যাচ্ছে না—আপনি এখানে এটা উল্লেখ করেছেন। আমি অনেক চেঁচামেচি করে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ থেকে ১ কোটি টাকা বের করেছি। গোবিন্দবাবু বলেছেন, জমি অধিগ্রহণ হয়েছে এক বছর আগে টাকা দিয়েছে। মাননীয় পূর্তমন্ত্রী একজন সিনিয়ার মিনিষ্টার, ডিপার্টমেন্টে আপনি খোঁজ নিন। ফিফটি ফিফটি মানেটা কি ? আপনি বলছেন ফিফটি পারসেন্ট রেলওয়ে দেবে, কেন্দ্রীয় পথ পরিবহন (সড়ক) তারা দেবে ফিফটি পারসেন্ট, রেলওয়ে ফ্লাইওভার হবে। আবার এক জায়গায় বলছেন, হাইওয়ের উপর যে ব্রীজগুলি হয় রাজ্য সরকার খরচ করার পরে আবার বিল করে টাকা নিয়ে আসা হয়। এইভাবেও কাজটা হতে পারে। কিন্তু আসল কাজটা হচ্ছে না। ২০০৩-০৪ সালে পরিকল্পনার মধ্যে নিয়েছেন, কাজটা কিভাবে শুরু হবে। সেটা আপনি দয়া করে বলবেন। এই বিষয়টা বাজেট বইতে উল্লেখ করেছেন বলে আপনাকে ধন্যবাদ দিচ্ছি। তা নাহলে এটা কোনোদিনই পিকচারে আসত না। আপনি এটাও বলেছেন, বাংলার মধ্যে ডালখোলায় রেলওয়ে লেভেল ক্রসিং-ফ্লাই ওভার করতে পারেননি। অথচ বিহারের কিষাণগঞ্জে রেলওয়ে লেভেল ক্রসিং-এ এখন দর্শনীয় ফ্লাইওভার হচ্ছে। দেখতে যাওয়ার মতন। আমরা কি করছি, আমরা এত উদ্দমী, আমাদের এত উদ্দীপনা, আমাদের এত উন্নতির চিন্তা-ভাবনা, আমরা ডালখোলার উন্নতি করতে পারিনি। এখানে আপনার সদিচ্ছা আছে বলে মনে হয় না। আপনারা তো ট্রেনে যাবেন বা বিমানে যাবেন, আপনারা এর গুরুত্ব বুঝবেন না। এরই পাশাপাশি আমি আরেকটা কথা আপনাকে বলি, ডালখোলা রেলওয়ে লেভেল ক্রসিং, কিষাণগঞ্জ রেলওয়ে লেভেল ক্রসিংকে অ্যাভয়েড করার জন্য বেঙ্গল টু বেঙ্গল একটা রাস্তার কাজ শুরু হয়েছিল ১৯৮৫ সালে বোতলবাড়ি বলে একটা জায়গায়। ওই রাস্তাটি হলে একটাও রেলওয়ে গেট ক্রস করতে হত না। ১৮ বছর হয়ে গেল এখনো পর্যন্ত কিছু হল না। আমরা উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ থেকে অনেক কায়দা-কৌশল করে টাকার ব্যবস্থা করেছি এই বেঙ্গল টু বেঙ্গল রাস্তার জন্য। এই রাস্তাটি যদি কমপ্লিট করা যায় তাহলে দেড় থেকে দুই ঘণ্টা সময় কম লাগবে। এটা স্টেট হাইওয়ের ব্যাপার কিনা জানি না, তবে এই ব্যাপারে এই সরকারের নজর দেওয়া উচিত। এই রাস্তাটি হলে ছয়টি জেলা মালদহ, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, কুচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিঙের মধ্যে যোগাযোগ ব্যবস্থা সহজ হয়ে যাবে। এই ব্যাপারে কোনো উদ্যোগ কিন্তু আপনার দপ্তরের নেই। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ থেকে টাকার ব্যবস্থা করা হয়েছে, কতটা হবে আমি জানি না। আপনার দপ্তরে উত্তরবঙ্গের আধিকারিক যদি থাকেন, উত্তরবঙ্গের ভূগোল সম্বন্ধে যদি তার জ্ঞান থাকে তাহলে সে ব্যাপারটা বুঝতে পারবে। আমাদের ৩৪ নম্বর জাতীয় সড়কের উপরে ডালখোলা-করণদীঘি, সুদানী নদীর উপরে ব্রীজটি সাত বছর হল ভেঙে গেছে। ন্যাশনাল হাইওয়ের উপরে একটা ব্রীজ এতদিন হল ভেঙে পড়ে আছে, কিন্তু আপনার দপ্তরের কোনো নড়াচড়া নেই। যেহেতু এটা উত্তরবঙ্গের ব্রীজ সেইজন্য আপনারা এই ব্যাপারে নজর দিচ্ছেন না, কিন্তু এটা যদি সাউথ বেঙ্গলে হত, তাহলে এটা হত না। নাগরনদীর উপরের ব্রীজটি দশ বছর ধরে ভাঙা অবস্থায় ছিল, তার পরে সেটা রিপেয়ার করা হয়েছে। কিছুক্ষণ আগে আমার বন্ধুবর অসিত মিত্র সুদানী নদীর উপর যে ব্রীজ, সেই ব্রীজ ভেঙে যাওয়ার কথা বলেছেন। বর্ষা আসছে, যেসব

রাস্তাগুলো খানাখন্দে ভর্তি হয়ে আছে, এইদিকে আপনাকে দৃষ্টি দিতে বলব। আরেকটা ব্যাপার হচ্ছে আপনার বাজেট বইয়ে ব্রীজের হিসাব দিয়েছেন ১০৫টি। তার মধ্যে বলেছেন ৬৮টি ব্রীজ চালু হয়ে গেছে, তাহলে বাকি থাকল ৩৭টি। কিন্তু আপনার হিসাবে দেখা যাচ্ছে ৫৯টি অন গোয়িং স্কীমে আছে, দক্ষিণবঙ্গে ৩৪টি, আর উত্তরবঙ্গে ১৯টি। তাহলে দেখা যাচ্ছে, হিসাবে আপনার বিশাল গণ্ডগোল আছে, অদ্ভুত ফিগার আপনি দিয়েছেন। তাহলে কোনটা ঠিক সেটা আপনি বলবেন। আর যদি ভুল হয় সেটার সংশোধনী আপনি করবেন। ডালখোলার ব্যাপারটা তোলার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে, আমাদের আনীত কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40—4.50 p.m.]

শ্রী সুভাষ নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সভায় পশ্চিমবঙ্গ সরকারের পূর্ত ও পূর্ত-সড়ক ও পূর্ত-নির্মাণ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়, অভিযোজন নং ২৫শে ১২৫৮ কোটি ১৭ লক্ষ, ৮৭ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, তাকে সমর্থন করে আমি সংক্ষেপে কয়েকটি কথা বলছি।

প্রথমত উল্লেখ করতে চাই, এটা একটা বিশাল দপ্তর, যার অধীনে ১৮০০০ কিলোমিটার দীর্ঘ রাস্তা, বহু ব্রীজ, কালভার্ট আছে এবং আছে অন্যান্য কাজও। এই সামান্য টাকা, তার মধ্যেও ভোট অন অ্যাকাউন্ট আছে, এই বাজেট হওয়া সত্ত্বেও এই দপ্তরটা চলছে। বিগত কয়েক বছর ধরে এই দপ্তরের বাজেটের সুন্দর দিকটা চোখে পড়ছে, যা আগে ছিল না। সম্প্রতি দার্জিলিঙের বিশাল ধস জনজীবন বিপর্যস্ত করে ফেলেছিল, অথচ আপনার দপ্তরের আধিকারিক এবং ইঞ্জিনিয়াররা মিলে অতি দ্রুততার সঙ্গে তার মোকাবিলা করে জনজীবন স্বাভাবিক করে তুলেছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেটের মধ্যে খুব সুন্দরভাবে সুন্দরবনের কথা, পার্বত্য এলাকা, বনভূমি, তপশিলি জাতি, উপজাতিদের কথা উল্লেখ করেছেন। কিন্তু এই সামান্য টাকায় এতবড় দপ্তরের ব্যয় কিভাবে নির্বাহ হবে, সেটা আমাদের কাছে খুব ধোঁয়াশা।

আপনার প্ল্যান হেডে ওয়ার্কস প্রোগ্রামের টাকা ধরা নেই। তার মানে কি শুধু সরকারি কর্মচারীদের মাইনে এবং প্রশাসনিক পরিকাঠামোকে বজায় রাখার জন্যই এই দপ্তরের ব্যয়-বরাদ। ভবিষ্যতে কি হবে ? ভবিষ্যৎ পরিকল্পনা অনুযায়ী অনেক ব্রীজ, সড়ক, কালভার্টের কথা উল্লেখ করেছেন। অনেকগুলোর কাজ চলছে, অনেকগুলো অনগোয়িং আছে, কতকগুলো সামান্য বাকি আছে, কতকগুলোতে শুধু জমি অধিগ্রহণ করা হয়েছে—কিন্তু টাকা কোথায় পাবেন যে, এই সব ওয়ার্কস প্রোগ্রাম রূপায়িত হবে ? আমাদের কাছে এটা পরিষ্কার হচ্ছে না। কোন্ হেডের টাকা দিয়ে এইগুলো করবেন—যেগুলো বাজেট বক্তৃতায় আছে ? এইগুলো আমাদের বলবেন। এবং, গত ২ বছরের কম্পারেটিভ স্টাডি দিয়ে যদি আমাদের বোঝান তাহলে আমাদের খুব সুবিধা হবে। আমরা জানি এখানে আপনি অনেকগুলো ব্রীজের কথা উল্লেখ করেছেন, বিস্তারিতভাবে উল্লেখ করেছেন, আগে এ ভাবে থাকত না। এটা সত্য যে, দুর্গম, প্রত্যন্ত অঞ্চলের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে গেলে ব্রীজ দরকার। অনেকগুলো কাজ

শুরু হয়েছে, কিন্তু শেষ কবে হবে এও আমরা জানি না, আপনার কাছে শুনতে চাই। কোনো একটা কাজ চলছে, আপনি গিয়েছেন সেখানে, সেখানেও আপনাকে শুনতে হচ্ছে এত টাকা ব্রীজের জন্য বাকি। সংশ্লিষ্ট ঠিকেদাররা তাদের কাজে গাফিলতি আনছেন, সময়মতো কাজ করছেন না। গত দেড় বছর ধরে এই সমস্ত কাজগুলোর একটা পয়সাও পেমেন্ট হয়নি বলে আমাদের কাছে খবর আছে। তাহলে গত দেড় বছর ধরে এই কাজের টাকা দিয়ে যে পরিকল্পনাগুলো রূপায়িত হল, সম্পূর্ণ হল, জনসাধারণের সামনে তুলে দেওয়া হল, অর্থ বরাদ্দ হল অথচ পাওনাদাররা টাকা চাইছেন এইভাবে বলা যেতে পারে। অজয় নদীর উপর ভেদিয়া ব্রীজ, শীলতোর্সা ব্রীজ, জনগণের সামনে উন্মুক্ত করে দিয়েছেন। সুন্দরবনের হোগলা ব্রীজ হচ্ছে, এই ব্রীজগুলোর যে টাকা সেই টাকা এখনও পাওনাদাররা পায়নি, এই টাকা তারা দপ্তরের কাছে পাবেন। এই সমস্তগুলো আপনি খোঁজ নিয়ে দেখুন। এত উদ্দীপনা নিয়ে হোগলা ব্রীজের কাজ শুরু হয়েছিল, গত এক বছর ধরে এর কাজ এগোচ্ছে না। কি কারণে এটা এগোচ্ছে না। ব্রীজ বন্ধ হয়ে গেল, আমরা খবর পেলাম যে সংশ্লিষ্ট ঠিকেদাররা প্রায় সাড়ে চার কোটি টাকা পাবেন। অথচ কাজটা অর্ধেক হয়ে আছে, বাকি কাজ হচ্ছে না। আমার সাজেশন হচ্ছে যে এই ধরনের কাজগুলো শুধুমাত্র এককভাবে পূর্ত দপ্তরের মাধ্যমে শেষ হবে না। তাই শুধুমাত্র পূর্ত দপ্তরকে না রেখে, সংশ্লিষ্ট দপ্তরকে না রেখে কিছু দপ্তরকে যেমন—ফরেস্ট ডিপার্টমেন্ট, বা কোথাও দরকার হলে জেলা পরিষদকে, কোথাও সেচ দপ্তরকে, কোথাও মৎস্য দপ্তরকে যুক্ত করে সমন্বয় সাধন করলে মনে হয় ভালো হবে। টাকার যে অভাব তার একটা বিকল্প ব্যবস্থা খুঁজে বার করতে হবে। কোনো কোনো ব্রীজে যেমন টোল ট্যাক্স নেওয়া হয়, জনসাধারণের জন্য আরও ব্রীজ বাড়ানো দরকার, তাহলে কিছু টাকার ব্যবস্থা করা যেতে পারে। রাস্তার দু-ধারে জবরদখল তোলা যাবে না, যদি জবরদখল তোলা না যায় তাদের লীজ দেওয়া যেতে পারে, যেন পার্মানেন্ট কনস্ট্রাকশন না করতে পারে। ড্রেনেজের দায়িত্ব ওদের হাতে দিয়ে দিন। এছাড়া শহরতলিতে হোর্ডিং-এর মাধ্যমে, বিজ্ঞাপন-এর মাধ্যমে কিছু আয়ের ব্যবস্থা হতে পারে। নয়ানজুলিগুলো কেন শুধু শুধু পড়ে থাকবে সেগুলো লীজ দেওয়ার ব্যবস্থা করুন। বিকল্প ব্যবস্থা গ্রহণ করুন। পূর্ত দপ্তরের অনেক ইঞ্জিনিয়ার আইডল বসে থাকেন, শুধু শুধু টাকা নেন। এটা প্ল্যানিং কমিশনের সঙ্গে কথা বলে, আলোচনা করে ঠিক করুন যে অস্থায়ী ইঞ্জিনিয়ার নিয়োগ করা যায় কিনা। আরেকটা কথা বলে শেষ করব, কনট্রাক্টরদের যে রাস্তা দেওয়া হচ্ছে, এই ক্ষেত্রে তাদের এই কন্ডিশন দেওয়া যায় কিনা যে তিন বছরের মধ্যে রাস্তা ভাঙলে আবার মেরামত করে দিতে হবে। যেখানে এই ধরনের কন্ডিশন আছে সেখানে রাস্তা ভালো চলছে। তিন বছরের শর্তসাপেক্ষে দিলে রাস্তা নষ্ট হবে না। সেই ধরনের কনট্রাক্টর হলে মনে হয় ভালো হত। বাংলোগুলো ভালো করেছেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[4.50—5.00 p.m.]

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করব। বিরোধিতা করব এই কারণে যে গোর্খাল্যান্ড আন্দোলনের সময় আমরা যে মাং করেছিলাম তখন আপনারা ডি.জি.এইচ.সি.

দিয়েছিলেন এবং বিভিন্ন দপ্তর দিয়েছেন। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হয় যে এই পি.ডব্লু.ডি.-র কনস্ট্রাকশন ডিভিশান দার্জিলিঙে ডি.জি.এইচ.সি.-কে দিলেন আর বাদবাকি আপনাদের হাতে আছে। আজকে কনস্ট্রাকশান ডিপার্টমেন্টের টাকার কথা উল্লেখ করা হয়নি। এই জন্য আমি এই বাজেটের বিরোধিতা করবো। স্যার, আমি বহু বছর ধরে হাউজে আসছি এবং তখন থেকেই আমি পাহাড় নিয়ে কথা বলি, পাহাড়ে ধসের কথা বলি, ল্যান্ডস্লাইডের কথা, রাস্তাঘাটের কথা বলি। সম্প্রতি যে ল্যান্ডস্লাইড হলো সেখানে ১৮ জনের বেশি মানুষ মারা গেছে, বহু ঘরবাড়ি নষ্ট হয়েছে, রাস্তা বিচ্ছিন্ন হয়ে গেছে। দার্জিলিং থেকে কালিমপং এবং শিলিগুড়ি থেকে কার্সিয়াং যাওয়ার রাস্তা বিচ্ছিন্ন হয়ে গেছে। আমি এ সম্পর্কে আপনাদের সবাইকে অবগত করেছিলাম। আমরা বলি ন্যাশানাল হাইওয়ে ইজ দা ন্যাশানাল প্রপার্টি, পাবলিক প্রপার্টি। কিন্তু আজকে ন্যাশানাল হাইওয়ের অবস্থা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন। হিল অ্যাফেয়ার্স এবং মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স মিনিস্টার অশোক ভট্টাচার্য ওখানে রয়েছেন, আমি জানি আপনিও আজকেই যাবেন, কাজেই রাস্তার এখন যে কি অবস্থা সেটা আপনি নিজেই দেখে আসবেন। আমি জানি দুটো ন্যাশানাল হাইওয়ের অবস্থা খুবই খারাপ। একজিকিউটিভ ইঞ্জিনিয়ার থেকে শুরু করে আপনার ডিপার্টমেন্টের অফিসাররা সেখানে যেতে পারছেন না। এটা কেন হল ? আমি আশা করবো মন্ত্রী মহাশয় নিশ্চয়ই বলবেন। শিলিগুড়ি থেকে ৪ কিঃমিঃ আগে দার্জিলিং পর্যন্ত ন্যাশানাল হাইওয়ে রাস্তার জন্য ১০ কোটি টাকা স্যাংশান হয়েছিল। তার মধ্যে ৪০ পারসেন্ট, ৩৩ পারসেন্ট, ২৬ পারসেন্ট বিলো দা টেন্ডার হয়েছে। এটার আমি বিরোধিতা করছি। আমি মুখ্যমন্ত্রীকে অবগত করেছিলাম কিন্তু সেটার কিছু হল না। আজকে শিলিগুড়ি থেকে তিনধরিয়া পর্যন্ত কাজ হলো, কিন্তু পাগলাঝোড়া থেকে দার্জিলিং-এর ৪ কিঃমিঃ আগে পর্যন্ত ১০ কোটি টাকার কাজ হল না। মাননীয় মন্ত্রী মহাশয় পাহাড়ের সমস্যা আছে এবং সমতলের থেকে সেটা আলাদা। আজকে ফুটি হিল যে ব্রিজটা আপনার প্রোগ্রামের মধ্যে ছিল সেটা এই ল্যান্ডস্লাইডের জন্য ওয়াশ আউট হয়ে গেছে। আপনি নিশ্চয় এর ইনভেস্টিগেশান করবেন। আমি বলতে চাই আজকে আপনারা বলছেন পি.ডব্লু.ডি.-কে ডি.জি.এইচ.সি.-র হাতে দিয়েছেন কিন্তু আপনাদের হাতে ইলেকট্রিক্যাল উইং মেকানিক্যাল উইং এবং মেন্টেন্যান্স উইং এবং রোডস সবটাই আপনাদের হাতে রেখে দিয়েছেন। দুঃখের বিষয় পেশক-লপচু রোড ছাড়া অন্য রাস্তার অবস্থা খুব খারাপ। আমাদের ট্রাইব্যালদের জন্য রাস্তা দরকার। পশ্চিমবঙ্গের সব ট্রাইব্যালদের জন্য যেখানে তারা থাকে সেখানে রাস্তা নেই। আমি বিষয়টা মাননীয় মন্ত্রীকে দেখার জন্য অনুরোধ করছি। স্যার, আমি আরও বলতে চাই যে, ন্যাশানাল হাইওয়ে বহু জায়গায়—কার্শিয়াং থেকে দার্জিলিং, শিলিগুড়ি থেকে কালিম্পং যাওয়ার রাস্তা, ডুয়ার্স যাওয়ার রাস্তা দুরবস্থাপূর্ণ। সেবক রোডের অবস্থা খুব খারাপ। এ ব্যাপারে চিন্তা-ভাবনা করা দরকার। ন্যাশানাল হাইওয়ে (৫৫)-এর অবস্থা খারাপ। আরেকটা ব্যাপারে বলছি, টয় ট্রেন—দার্জিলিং-হিমালয়ান রেলওয়ে যার সঙ্গে একটা প্যারালাল আছে—ন্যাশানাল হাইওয়ে এবং রেলওয়ের সঙ্গে—আপনাকে এই দুটো ডিপার্টমেন্টের সঙ্গে যুক্ত হয়ে কাজ করতে হবে। ন্যাশানাল হাইওয়ে এবং রেলওয়ে এলাকাতে কেন এত ল্যান্ডস্লাইড হচ্ছে ? রোডের ধারে ড্রেনেজ সিস্টেম খুবই খারাপ। আমি

আশা করবো, আপনি নিশ্চয়ই এই বিষয়গুলো দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগ, পূর্ত সড়ক এবং পূর্ত নির্মাণ পর্ষদের মন্ত্রীদ্বয় মাননীয় শ্রী অমর চৌধুরী মহাশয় এবং মাননীয় শ্রী দশরথ তির্‌কী মহাশয় ২৫ নম্বর অভিযাচনের ভিত্তিতে ২০০৩-২০০৪ সালের যে আর্থিক ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের কাটমোশানগুলোর বিরোধিতা করছি। ২০০৩-২০০৪ সালের যে বাজেট, সেই বাজেট যদি আমরা অনুধাবন করি তাহলে দেখবো যে, আমাদের সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া অংশ বিশেষ করে তপশিলি জাতি ও তপশিলি উপজাতির মানুষ—তাদের দিকে লক্ষ্য রেখে কর্মসংস্থানকে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। গুরুত্ব দেওয়া হয়েছে আমাদের গ্রামীণ রাস্তাগুলো নির্মাণ করার ক্ষেত্রে এবং পরিসরকে তৈরি করার জন্য। যেখানে আমরা দেখেছি, কংগ্রেস আমলে বা স্বাধীনতার পূর্বে ব্রিটিশ আমলে আমাদের সারা পশ্চিমবাংলায় কেবলমাত্র ১৭০০ কিলোমিটার রাস্তা ছিল, কিন্তু এখন ২৬ বছর ধরে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় থেকে এখানে ১৮০০০ কিলোমিটার রাস্তা তৈরি করেছে। পূর্ত বিভাগ, পূর্ত সড়ক ও পূর্ত নির্মাণ পর্ষদ আপ্রাণ পরিশ্রম করে চলেছে। আমরা জানি কংগ্রেস আমলে প্রধানত আমাদের যে সড়কগুলো ছিল সেগুলো প্রধানত শহরকেন্দ্রিক ছিল। প্রত্যন্ত, দুর্গম অঞ্চলের মানুষের সঙ্গে শহরের যোগাযোগ করতে গেলে গ্রামাঞ্চলের মানুষকে দীর্ঘ দুর্গম পথ অতিক্রম করে আসতে হত। কিন্তু বামফ্রন্টের আমলে গ্রামাঞ্চলের সড়ক ব্যবস্থার উন্নতি হয়েছে। এখন দুর্গম, প্রত্যন্ত অঞ্চলের মানুষের সঙ্গে যোগাযোগের জন্য সড়ক পথ তৈরি হয়েছে। শুধু সড়ক ব্যবস্থার মধ্যে দিয়ে নয়, কিছু কিছু ক্ষেত্রে আমাদের বড়ো বড়ো নদী রয়েছে। সেই নদীর উপর সেতু নির্মাণের কাজ পূর্ত দপ্তর গুরুত্ব সহকারে করেছে। বিগত নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আমাদের রাজ্যে প্রায় ১০৫টি সেতুর মধ্যে আমরা ৬৮টি সেতু সম্পূর্ণ করতে পেরেছি, বাকি সেতুগুলোর কাজ করা হবে। কিছু কিছু বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা নন্দীগ্রাম, নন্দীগ্রাম-মালদা সড়কটি গুরুত্বপূর্ণ সড়ক। ১৯৬৯ সাল থেকে এর মাটির কাজ হয়েছে, এর উপর তালপট্টি ব্রিজ—১৯৯৬ সালে এই ব্রিজের কাজ আরম্ভ হয় এবং ২০০৩ সালে এই ব্রিজের কাজ সম্পূর্ণ হয়েছে। এই ব্রিজটার উপর দিয়ে নন্দীগ্রাম থেকে দীঘা, কাঁথি যেতে হয়। এই সড়কটা খুব গুরুত্বপূর্ণ সড়ক। এছাড়া নন্দীগ্রামের সঙ্গে সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটা, সেটা হল হলদিয়ার সঙ্গে এখানকার মানুষের যোগাযোগ। এ ব্যাপারে মাননীয় সাংসদ শ্রী লক্ষ্মণ শেঠ মহাশয় বিভিন্ন সভা, সমিতিতে বিভিন্ন সময়ে বলেছেন। এখানে হলদী নদীর উপর সেতু নির্মাণের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলাতে আমাদের পাঁশকুড়া রেল, সেখানে ওভারব্রিজ নির্মাণের জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবি পেশ করছি।

[5.00—5.10 p.m.]

মুন্ডামারী থেকে ময়না বেহাল রাস্তা, প্রায় ৩০ কিলোমিটার রাস্তা যে রাস্তা এখনও সংস্কার হয়নি। যে কোনো সময়ে ভয়াবহ দুর্ঘটনা ঘটে যেতে পারে। বারবার মাননীয় মন্ত্রী এবং

তাদের দপ্তরকে জানানো সত্ত্বেও আজ পর্যন্ত সেই রাস্তা সংস্কার-এর কোনো কাজ হচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি আরও কতকগুলি বিষয়—সে বিষয়গুলি হচ্ছে কুকড়াহাটি সেতু নির্মাণের বিষয় যদিও মাননীয় মন্ত্রীমশায় বলেছেন যে এই বিষয়টি তাদের দৃষ্টিতে আছে। আমি অনুরোধ করব দ্রুততার সঙ্গে এই কাজ যাতে সম্পন্ন করা হয়। আমি অনুরোধ করব যে, আমাদের মানব জীবনের যারা আমাদের কাছে স্মরণীয় এবং আমাদের দেশের সম্মানীয় ব্যক্তিত্ব যারা ভাল কাজ করেছেন, সুনাম করেছেন সেই সমস্ত মানুষের মর্মর মূর্তি স্থাপন করে এই দপ্তর একটা ইতিহাস সৃষ্টি করেছে। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম এবং নেতাজী সুভাষচন্দ্র বসুর মর্মর মূর্তি স্থাপনের জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি এবং আশা করছি এই দাবিগুলি যথাযথ বিবেচনার মধ্যে দিয়ে আপনি কিছু করবেন। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় পূর্ত ও পূর্ত সড়ক ও নির্মাণ পর্ষদের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করছি বিরোধীরা যে কাটমোশান এনেছেন তার বিরোধিতা করছি। সার্বিক উন্নয়নের জন্য রাস্তা খুবই প্রয়োজন। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বইয়ে একগুচ্ছ প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব খুবই ভাল। বিভিন্ন জায়গায় তিনি রাস্তাঘাট নির্মাণ, চওড়া এবং নদীর উপর সেতুর জন্য বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন। এখানে আমরা দেখেছি যে গ্রামবাংলায় অতীতে সাদা ধুলোর রাস্তা ছিল, সেই সাদা ধুলোর রাস্তা আজকে লাল হয়েছে। আবার এই লালের পরিবর্তে আবার আজকে কালো পিচের রাস্তা করতে চাইছেন, মাননীয় মন্ত্রী মহাশয়, আমার এলাকায় দামোদর নদীর উপর যে কারালা ব্রিজ এই ব্রিজের উদ্বোধন করতে গিয়ে তিনি বলেছিলেন যে এই ব্রিজ খুলে দেওয়া হল মানুষের জন্য। এখানে বেশিরভাগই হচ্ছে কৃষিজমি। কৃষকরা ফসল ওপার থেকে এপারে নিয়ে আসবে এবং তার ন্যায্য দাম পাবে না, আমি খোঁজ খবর নিয়ে দেখলাম যে কৃষকরা উৎপাদিত ফসল যেভাবে ব্রিজ না থাকাতে লসে বিক্রি করতে হত ওই কটি গ্রামে। এখন ১২-১৪টি গ্রামের কৃষকদের বছরে সাশ্রয় হচ্ছে ১ কোটি টাকার মতো ওই ব্রিজটি তৈরি করার জন্য। মাননীয় মন্ত্রীকে আমি এইজন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি আর একটি বিষয় যেটা বলতে চাইছি যে, আমাদের ওই ডানকুনি থেকে পালসিট পর্যন্ত দুর্গাপুর এক্সপ্রেসওয়ে আছে। এখন এখানে টোলট্যাক্স-এ ১৭১ জন কর্মী ছিল। সেই টোল ট্যাক্স তুলে দেওয়া হল। এখন দামোদর নামে একটি কোম্পানি—তারা বলছে যে তারা রাস্তাটাকে চওড়া করবে এবং মেরামতি করবে। যদি তারা রাস্তা মেরামতি করে, তাহলে দামোদর এক্সপ্রেস ওয়ে দিয়ে এখন আমি দেখেছি যে সেকেন্ডে ৮খানি গাড়ি যাচ্ছে, ওই গাড়িগুলিকে জি.টি. রোড দিয়ে ঘুরিয়ে দেওয়া হয়, জি.টি. রোড হচ্ছে এখন রাজ্য সরকারের দায়িত্বে পড়ে গেছে। এখন গাড়িগুলি যদি জি.টি. রোড দিয়ে যায়, তাহলে জি.টি. রোডের মেরামতির জন্য এখানে কোনো টোলট্যাক্স বসবে কিনা সেটা মাননীয় মন্ত্রী বলবেন। আর একটা বিষয় হচ্ছে দামোদর এক্সপ্রেস ওয়ের গাড়িগুলিকে এখন দ্রুত পাঠিয়ে দিচ্ছেন—শক্তিগড়ের ওখানে যে লেবেল ক্রসিং আছে, সেই লেবেল ক্রসিং-এ গিয়ে গাড়িগুলি হাওড়া-বর্ধমান কর্ড লাইন-শক্তিগড় স্টেশানে গাড়িগুলি জ্যাম হয়ে যাচ্ছে, কোনো কোনো সময় লোকাল ট্রেন এক্সপ্রেসকে দাঁড়

করিয়ে দিচ্ছে, ফলে গাড়িগুলি এতো জ্যাম হয়ে যাচ্ছে ফলে প্রায় দিন গাড়ি খাদে পড়ে যাচ্ছে রেললাইন টপকাতে গিয়ে, এইরকম একটা পরিস্থিতি তৈরি হয়েছে। এখানে একটা ফ্লাই ওভার তৈরি করার বহুদিনের একটা প্রস্তাব চলছে, সেটা কোন্ পর্যায়ে আছে সেটা আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি। আর একটা হচ্ছে রাস্তা মেরামতির জন্য আপনার দপ্তরের কিছু লোকজন থাকে—ভালভাবে রাস্তা মেরামতি করার জন্য, রাস্তা চওড়া করার জন্য। আমরা দেখেছি যে রাস্তায় যদি কোথায়ও ছোটো গর্ত হয়ে যায় তখন আপনার দপ্তরের কিছু লোকজন গাড়ি করে মশলা নিয়ে গিয়ে সেই গর্তগুলিকে রিপেয়ার করতো কিন্তু এখন সেই কাজটা হচ্ছে না। ফলে রাস্তাঘাট খুব দ্রুত নষ্ট হয়ে যাচ্ছে। আর একটা কথা আমি মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি রাস্তা তৈরি করছেন, খুব ভাল কথা। কিন্তু ন্যাশনাল হাইওয়ে নির্মাণ কোম্পানিগুলি ১৯/২০ টন বালি নিয়ে আপনার রাস্তা দিয়ে যাবার সময় আপনার রাস্তা নষ্ট করছে, বালি ফেলছে—বিভিন্ন হাইওয়ের ওপর, দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ের ওপর বালি ফেলছে, মোটর-বাইক বা অন্যান্য যানবাহন নিয়ে যারা এ রাস্তা দিয়ে যাতায়াত করছে তাদের খুবই অসুবিধায় পড়তে হচ্ছে, চোখে বালি পড়ছে, চোখ নষ্ট হবার উপক্রম হচ্ছে। টেলিফোন দপ্তর রাস্তার ওপর দিয়ে টেলিফোন লাইন নিয়ে যাচ্ছে—গ্রামাঞ্চলে টেলিফোন পৌঁছে দিচ্ছে, নিশ্চয়ই খুবই ভাল কাজ করছে, কিন্তু সেই কাজ করতে গিয়ে তারা যেভাবে রাস্তা কাটছে তাতে রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। টেলিফোন অথরিটি এবং ন্যাশানাল হাইওয়ে যারা তৈরি করছে তাদের সঙ্গে এ বিষয় নিয়ে আপনাদের কোনো আলাপ-আলোচনা হয় কি ? তারপর রাস্তা তৈরির ক্ষেত্রে কিভাবে টাকা বরাদ্দ হয় তাও আমাদের একটু জানার প্রয়োজন আছে। এ বিষয়ে আমরা যখন সংশ্লিষ্ট পক্ষকে জিজ্ঞাসা করি তখন আমাদের বুঝিয়ে দেওয়া হয়—পিচ কম দিয়ে রাস্তা তৈরি করার ফলেই রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। এই ব্যাপারটা যদি আমাদের একটু বলেন তাহলে ভাল হয়। রাস্তার জন্য যে বাজেট বরাদ্দ নির্দিষ্ট হয় তার কত অংশ কাজে ব্যবহৃত হয়, এটা জানালে খুশি হব। এই কথা বলে, বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত কুমার মাল : স্যার, পশ্চিমবঙ্গের পূর্ত, পূর্ত (সড়ক) ও পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগের ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন সম্পর্কে মাননীয় মন্ত্রী শ্রী অমর চৌধুরী এবং শ্রী দশরথ তিরকী যে বক্তব্য পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি। বাজেটের বিরোধিতা করে, বিরোধীদের কাট্‌মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। পূর্ত দপ্তর খুবই গুরুত্বপূর্ণ দপ্তর। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বিবৃতির মধ্যে যতই দপ্তরের সাফল্যের কথা বলুন না কেন তিনি যদি প্রতিদিন এই সভায় উপস্থিত হয়ে বিরোধী পক্ষের নয়, সরকার পক্ষের সদস্যদের কথাবার্তা শুনতেন তাহলে জানতে পারতেন যে, রাজ্যের রাস্তাঘাটের এবং সেতুগুলির কি অবস্থা। প্রতিদিনই সরকার পক্ষের কোনো না কোনো সদস্য কোনো না কোনো এলাকার রাস্তাঘাটের সমস্যা নিয়ে বক্তব্য রাখেন। আজকে রাজ্যের বেহাল আর্থিক অবস্থার কথা কারো অজানা নয়। ফলে রাজ্যের সড়ক পথগুলি চরম অবহেলিত অবস্থার মধ্যে রয়েছে। রাজ্যের সরকারি হাসপাতালগুলির এমনই অবস্থা যে, যে কোনো দিন, যে কোনো সময় যে কোনো স্থানে বড়ো ধরনের বিপদ ঘটে যেতে পারে। এমনকি রাইটার্স বিল্ডিং-এর

মেইনটেন্যান্সও আজ ঠিকমতো হচ্ছে না। খেলার মাঠগুলির অবস্থাও তাই। মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং মাঠে হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষ খেলা দেখতে যান। কিন্তু মাঠগুলির গ্যালারির আজ কোনো নিরাপত্তা নেই, যদিও মাননীয় মন্ত্রী বলেছেন তিনি ওগুলোর সব মেরামতি কাজ করবেন। সারা পশ্চিমবাংলার প্রতিটি জেলার রাস্তাগুলির আজ কি অবস্থা, ব্রিজগুলির কি অবস্থা এবং সেগুলির জন্য কি প্রোজেক্ট নেওয়া হয়েছে তা আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি। পশ্চিমবাংলার জেলাওয়ারি রাস্তা এবং ব্রিজের বাস্তব চিত্রটা যদি এখানে তুলে ধরতে হয় তাহলে এই ১০ মিনিটের বক্তৃতার মধ্যে দিয়ে তা বলা সম্ভব নয়। মাননীয় মন্ত্রী মহাশয়, আজ আপনার দপ্তর একটা ইনটিরিয়র ভিলেজে রাস্তা বা সেতু করার কাজে বিশেষ আগ্রহী নয়। যেখানে টোল ট্যাক্স বসিয়ে লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা সরকারের আয় হবে সেখানে আপনার দপ্তর কাজ করতে আগ্রহী। সেই ভাবেই আজকে এই দপ্তর থেকে বিভিন্ন প্রোজেক্ট তৈরি করা হচ্ছে। স্বাধীনতার ৫৬ বছর পার হয়ে গেল, এখনো এ রাজ্যে গ্রামের মানুষ একটা রাস্তার অভাবে, একটা ছোট ব্রিজের অভাবে যদি অসুস্থ হয়ে হাসপাতালে পৌঁছতে না পারে, বাচ্চা ছেলে-মেয়েরা স্কুল-কলেজে যেতে না পারে, প্রান্তিক চাষি ফসল ফলিয়ে উৎপাদিত ফসল বাজারে না নিয়ে যেতে পারে, যুবকরা কাজের মূল্য না পায়, তাহলে এই দপ্তর বোধ হয় থাকা, না থাকা সমান।

[5.10—5.20 p.m.]

আপনার কাছে আমার বিনীত নিবেদন, গত বৎসরে বাজেট-বরাদ্দ পেশ করতে গিয়ে আপনি কত টাকা চেয়েছিলেন রাজ্য সরকারের কাছ থেকে, অর্থ দপ্তরের কাছ থেকে সেটা আপনি বলবেন ? এটা আপনি নোট করুন। আর এ বৎসরে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাতে জানতে চাইছি—আপনার দলের বিধায়ক সঠিক কথাই বলেছেন—সারা রাজ্যে যে সমস্ত রাস্তা তৈরি করেছেন, সারা রাজ্যে যে সমস্ত সেতু এবং বিল্ডিং তৈরি করেছেন, সার্কিট হাউস তৈরি করেছেন তার জন্য কনট্রাক্টররা আপনার কাছ থেকে কত টাকা পায় ? তাহলে আপনি নিজেই বুঝতে পারবেন, গত বছর আপনার বাজেটে কত টাকা অর্থ দপ্তর দিয়েছেন আর এবারে যে ব্যয়-বরাদ্দের পরিকল্পনা রেখেছেন সেই টাকা যদি অর্থ দপ্তর সবটাই দেয় তাহলে কনট্রাক্টরদের সব টাকা পরিশোধ করে এবং আপনার দপ্তরের কর্মীদের বেতন ইত্যাদি দিয়ে রাস্তাঘাট মেরামতির জন্য, রাস্তার উন্নয়নের জন্য, সেতু নির্মাণের জন্য এবং অন্যান্য কাজের জন্য আপনার টাকা থাকবে, কি থাকবে না সেটা আপনার কাছ থেকে জানতে চাইছি ? এই কারণে জানতে চাইছি, আপনি জানেন, পি.ডব্লু.ডি.-র সাবজেক্ট কমিটির সদস্য হিসাবে আমি একাধিকবার এস.এস.কে.এম. হাসপাতালে গেছি। সেখানে গিয়ে দেখেছি, বিল্ডিং ভেঙে পড়ছে, জল পড়ছে, একটা বীভৎস অবস্থা। আমরা আপনার দপ্তরের ইঞ্জিনিয়ারদের কাছ থেকে জানতে চেয়েছিলাম—কারণ এই এস.এস.কে.এম. হাসপাতালে শুধু পশ্চিমবঙ্গ থেকে নয়, বিভিন্ন জায়গা থেকে রোগী এসে ভর্তি হয়, এই হাসপাতালের একটা আলাদা ঐতিহ্য আছে—সুতরাং এই হাসপাতালের দুরবস্থার জন্য পি.ডব্লু.ডি. ডিপার্টমেন্ট কি ব্যবস্থা নিয়েছেন ? অন্ততপক্ষে আপনার যারা অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নিযুক্ত থাকেন তাঁরা ৫দিন

পর পর কিম্বা ৭ দিন পর পর একটা মিনিমাম রিপোর্ট প্লেস করতে পারেন। কিন্তু তারা পরিষ্কার ভাষায় বলেছেন, যেখানে টাকা নেই সেখানে রিপোর্ট প্লেস করা প্রহসন ছাড়া আর কিছু নয়। বিল্ডিং ড্যামেজ, যে কোনো সময়ে ধসে পড়তে পারে এবং রোগীর মৃত্যু ঘটতে পারে—এই সম্পর্কে নোট দিয়েছিলাম, কিন্তু টাকা না থাকলে আমাদের ডিপার্টমেন্ট কি করবে ? এইরকম মেডিক্যাল কলেজ, আর.জি. কর কলেজ সহ সমস্ত হাসপাতালে এই দুরবস্থা চলছে। আপনাকে অর্থমন্ত্রক অর্থ দিচ্ছে না তাই আপনি করতে পারছেন না। এর সঙ্গে সঙ্গে আর একটা প্রশ্ন করতে চাই, যে সমস্ত কাজ কনট্রাক্টররা করেছেন বা আপনার ইঞ্জিনিয়াররা করেছেন—ভাল কাজে নিশ্চয়ই সুনাম করবো—আপনার অনেক ভাল কাজ আছে, কিন্তু অধিকাংশ কাজগুলিই খারাপ, যে ব্রিজগুলি ৩ মাসের মধ্যে ধসে পড়ে গেল, যে রাস্তাগুলি ১ মাসের মধ্যে উড়ে গেল, যে সমস্ত কনট্রাক্টররা এইসব কাজ করেছেন আপনি কতজনের বিরুদ্ধে লাইসেন্স খারিজ করেছেন বা ব্ল্যাক-লিস্টেড করেছেন ? এবং আপনার দপ্তরের যে সমস্ত ইঞ্জিনিয়াররা এইসব কাজের সঙ্গে যুক্ত ছিলেন তাদের কতজনকে আপনি শাস্তি দিয়েছেন সেটা আপনাকে জানাতে হবে ? কারণ আমরা জানি, অনেক ভাল কাজ আপনি করেছেন, সেকথা বলতে আমার কোনো দ্বিধা নেই। যেমন পানাগড়-মোড়গ্রাম রাস্তা করেছেন, তারপর দুর্গাপুর হাইওয়ে করেছেন। যাদের দিয়ে করিয়েছেন তাদের আপনি দায়িত্ব দিন, ভাল কাজ করার ইতিহাস তৈরি হোক। পি.ডব্লু.ডি. একদিকে যে ব্যয়-বরাদ্দ পেশ করছেন সেই টাকা সঠিক পাচ্ছে না, অন্যদিকে তিনি কাজ করিয়ে নিয়ে কনট্রাক্টরদের পয়সা দিতে পারছেন না। এর পরেও ডিপার্টমেন্টের কিছু দুর্নীতি আছে। অতএব সবদিক থেকে একটা অকেজো, একটা অস্বাভাবিক, একটা বিমর্ষ অবস্থায় পৌঁছে গেছে এই পূর্ত দপ্তর। সুতরাং এই দপ্তরের কাছে ভাল কিছু আশা করা যায় না। আমরা সমালোচনা করলেই আপনারা পরিসংখ্যানের কথা বলেন। শুধু আপনি নন, প্রত্যেকটি মন্ত্রী কোথা থেকে কি সব কাগজ জোগাড় করেন জানি না, খালি বিহারে কি, ওড়িশায় কি, গুজরাটে কি, কর্ণাটকে কি, অন্ধ্রে কি আর পশ্চিমবাংলায় কি এইসব তুলনা করেন। একটু আগেই মাননীয় মৎস্যমন্ত্রী স্ট্যাটিসটিক্স দিয়ে বলছিলেন পশ্চিমবঙ্গ ফার্স্ট, এবারে আপনিও নিশ্চয় বলবেন যে পশ্চিমবঙ্গ ফার্স্ট। আমি একটু পরিসংখ্যান দিই। প্রোজেক্ট রোডের ক্ষেত্রে হিসাবটা একটু দেখুন। পাঞ্জাব—১০ হাজার ১১৭, মহারাষ্ট্র—২৫ হাজার ২২৮, উত্তরপ্রদেশ—৬৭ হাজার ১৩৬, বিহার ১৬ হাজার ২০০, কর্ণাটক— ১৬ হাজার ৫৯৩ আর পশ্চিমবঙ্গ হচ্ছে ৬ হাজার ৬৫৭। এ বইটা আমার লেখা নয়, আপনাকে আমি বইটা দিয়ে দেব, দেখে নেবেন কোথা থেকে পড়ছি। পশ্চিমবঙ্গ যে দিনের পর দিন পিছিয়ে যাচ্ছে সেটা আমি দেখিয়ে দিলাম। আপনি বলুন কোথা থেকে টাকা এনে রিপেয়ার করবেন, নতুন নতুন পরিকল্পনা করে তাকে বাস্তবায়িত করবেন ? এই হাউসে সত্যটা আপনি বলুন। আমরা তো জানি ওরা আপনাকে কাজ করতে দেবে না। আপনি বলুন, বন্ডেল রোড আর লেক গার্ডেন্সের ফ্লাই ওভারের কাজ কবে শেষ হবে ? এই কাজ আপনি শেষ করতে পারেননি। বলুন এর জন্য কত বছর আপনার সময় লাগবে ? তারপর এই যে টোল ট্যাক্স বসানো হয় এবং তার থেকে কোটি কোটি টাকা সরকারের আয় হয় আমরা দেখছি যেখান থেকে টোল ট্যাক্স আদায় হয় সেখানেই

কোটি কোটি টাকার পরিকল্পনা নেওয়া হয় আর যেখান থেকে আদায় হয় না সেই অঞ্চলগুলি আদিম অসভ্য জায়গার মতোই অবহেলিত অবস্থায় পড়ে থাকে, সেখানে কোনো উন্নয়ন হয় না। সেই সমস্ত ইনটিয়ার ভিলেজেস যেখানে একটা ব্রিজের অভাবে সেখান থেকে মানুষরা হাসপাতালে আসতে পারে না, যোগাযোগ ব্যবস্থার অভাবের জন্য মানুষ শিক্ষার আলো পায় না, সেখানকার কৃষকরা একটা রাস্তার অভাবের জন্য তাদের ফসলের দাম পায় না সেইসব জায়গার কথা আপনারা কর্ণপাতও করেন না, সেখানে কোনো কাজও হয় না। একটা ছোট্ট জেলা বীরভূম, বলুন মাননীয় মন্ত্রী মহাশয় সেখানে কতগুলি ব্রিজ, রাস্তা করেছেন আপনাদের ২৬ বছরের রাজত্বে ? অনেক বড়ো বড়ো ব্রিজের কাজে আপনারা হাত দিয়েছেন, ৬০০ কোটি, হাজার কোটি টাকার সব কাজ, বড়ো বড়ো নদীতে, সমুদ্রে ব্রিজ করার কথা বলছেন অথচ আমাদের ওখানে ছোটো একটা ক্যানেলের উপর একটা ছোটো ব্রিজও হয় না। এই ২৬ বছরেও ব্রাহ্মণী নদীর উপর দেবগ্রাম এবং দুনিগ্রামে ব্রিজ করতে পারলেন না। ভাওলা নদের উপর একটা ব্রিজ করতে পারলেন না। এই দুটি ব্রিজ হলে সেখানে হাজার হাজার মানুষ উপকৃত হতেন। মুর্শিদাবাদের সঙ্গে একটা যোগাযোগ স্থাপিত হত এবং গরিব, খেটে-খাওয়া মানুষদের কর্মসংস্থানের সুযোগ হত। তারপর যেসব জায়গা থেকে আপনি টোল ট্যাক্স তুলে দিচ্ছেন সেটা কেন তুলে দিচ্ছেন আমরা জানতে চাই। কত বছর হয়ে গেলে টোল ট্যাক্স উঠে যাবে, এই টোল ট্যাক্সের টাকা নিয়ে আপনি কি কি কাজ করেন আশা করি বলবেন। তারপর কলকাতায় যে সমস্ত জায়গায় ট্রাম লাইন আছে সেখানকার রাস্তাগুলির অবস্থা ভয়াবহ। জানি না এই রাস্তাগুলি সারানোর কাজ কর্পোরেশন করবে, না ট্রাম কোম্পানি করবে, না আপনার দপ্তর করবে। কলকাতার রাস্তাগুলির যদি এইরকম বেহাল অবস্থা চলতেই থাকে তাহলে কলকাতা কিন্তু একটা অন্যতম মরা নগরীতে পরিণত হয়ে যাবে বা চিহ্নিত হয়ে যাবে।

[5.20—5.30 p.m.]

শ্রী অমর চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট ইতিমধ্যে পেশ করেছেন আজকে সেই ২৫ নম্বর বাজেটের হয়ে, পূর্ত, পূর্ত সড়ক এবং পূর্ত নির্মাণ ডিপার্টমেন্টের ব্যয়-বরাদ্দের হয়ে তাকে সমর্থন জানানোর জন্য আমি আবেদন করছি আমাদের এখানকার বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ, সকল সদস্যদের কাছে। সঙ্গে সঙ্গে বিরোধীদের আনা যে কাটমোশানগুলো আছে আমি তার বিরোধিতা করছি। কারণ প্রতিটি কাটমোশানই কোনো ভিত্তি নেই। ভিত্তিহীন কাটমোশানের কোনো অর্থ নেই। আমি আশা করি তাঁরা এইগুলো উইথড্র করে নেবেন। মাননীয় সদস্যরা অবগত আছেন, তবুও আমি প্রথমেই মনে করিয়ে দিতে চাই, আমাদের রাজ্যের সমস্ত রাস্তা মানেই পূর্ত দপ্তর নয়। পূর্ত দপ্তরের মোটামুটিভাবে রাস্তা আছে প্রায় ১৮০০০ কিলোমিটার, এস.এইচ. আছে এন.এইচ. আছে। ন্যাশানাল হাইওয়ে আমাদের মেনটেন করতে হয়। আমাদের মেজর ডিস্ট্রিক্ট রোড আছে অর্ডিনারি ডিস্ট্রিক্ট রোড আছে এবং ভিলেজ রোড আছে। বিভিন্ন পর্যায়ের রোড আছে। সুতরাং সমস্ত রাস্তা মিলিয়ে সমস্ত রাস্তার মান নিশ্চয়ই এক ধরনের হতে পারে না, হওয়া সম্ভব নয়। অনেক কথা আপনারা বলেছেন। অনেক ভাল ভাজ হয়েছে এটা আপনারা স্বীকার

করেছেন। তার জন্য আপনাদের ধন্যবাদ জানাই। আমাদের সরকার পক্ষের বন্ধুরা এবং বিরোধী পক্ষের বন্ধুরা অনেক সাজেশান দিয়েছেন। বিরোধী পক্ষের বন্ধুরা তাঁদের চিরাচরিত প্রথা অনুযায়ী বিরোধিতা করেছেন। অর্থহীন বিরোধিতা। নিশ্চয়ই আমি দাবি করবো না এই ১৮০০০ কিলোমিটার রাস্তা যেটা আমাদের বিভাগের দায়িত্বে আছে সমস্ত রাস্তাই ভাল আছে। এই দাবি আমি কখনই করবো না। কিন্তু তার অর্থ এই নয় যে পশ্চিমবাংলার রাস্তার হাল আগের তুলনায় খারাপ হয়েছে। নিশ্চিত ভাবে এটা আমি স্বীকার করবো না। আপনারা নিশ্চয়ই লক্ষ করেছেন ব্রিজের কথা আমি বলেছি। বিরোধী বন্ধুদের বলার কোনো অধিকার আছে কিনা বুঝতে পারছি না। কোথায় কোন গ্রামে ব্রিজ কি করে বলবো। ১০৫টি ব্রিজের কথা উল্লেখ করেছি যেটা নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গৃহীত হয়েছে। তার মধ্যে ৩৭টির হিসাব আপনারা বললেন ব্যবধান দেখছি। তারপর আমরা নতুন নতুন ব্রিজ করবার চেষ্টা করছি, সেখানে যুক্ত হয়েছে। আমি একটা হিসাব দিয়েছি। কোন কোন জেলায় কোন কোন রাস্তা, কোন কোন ব্রিজ, কোথায় কি কাজ হচ্ছে আমি বিবৃতির মধ্যে দিয়ে দিয়েছি জেলাওয়ারি। সেই জেলাওয়ারি হিসাব থেকে বীরভূম জেলায় কি হচ্ছে না হচ্ছে জানতে পারবেন। নিশ্চয়ই কিছু বাকি আছে। তবে কি হচ্ছে তা আমার বিবৃতিতে দেওয়া আছে সেটা দয়া করে দেখবেন, জেলাভিত্তিক দেওয়া আছে। রাস্তা এবং ব্রিজের নাম আছে দেখবেন। কি কাজ হচ্ছে সেটা দেওয়া আছে, হিসাবটা নেই। আপনারা জানেন আমাদের জেলাপরিষদগুলোর একটা বড়ো ভূমিকা আছে। আমরা জেলাপরিষদকে টাকা দিয়েছি, জেলা পরিষদের মাধ্যমে কাজ হয়ে থাকে, আমাদের কাজ মূলত জেলাপরিষদের মাধ্যমে হয়েছিল। এবারে আমাদের দায়িত্বে আছে, আমরা দায়িত্ব নিয়েছি। আমরা যেটা দায়িত্ব নিয়েছি সেটা করবো। ব্যাপার হল আর.আই.ডি.এফ.-এর মাধ্যমে আমাদের যে নির্দিষ্ট রাস্তাগুলো আছে তার বাইরে জেলাস্তরে 'ন্যাবার্ড'-এর মাধ্যমে ভাল ভাল রাস্তা হয়েছে। সেই ব্যাপারে যাচ্ছি না। সমানভাবে 'ন্যাবার্ড' এবং 'হাডকো'-র লোন অ্যাসিস্ট্যান্স নিয়ে যে রাস্তাগুলো হয়েছে সেই রাস্তা উন্নত মানের হয়েছে এই বিষয়ে কোনো সন্দেহ নেই। রাস্তার সংখ্যাও বাড়ছে না। এই সাথে আর একটি কথা বলি, পি.এম.জি.এস.ওয়াই'এর মাধ্যমে অনেক গ্রামীণ রাস্তা হয়েছে, হচ্ছে। আমাদের ওপরে পি.এম.জি.এস.ওয়াই. ৯টি জেলার দায়িত্ব দিয়েছিল। তার মধ্যে সম্পূর্ণভাবে ৪টি জেলার দায়িত্ব এবং বাকি ৫টি জেলা পরিষদের ওপরে দায়িত্ব দিয়েছে। তার কাজ আমরা করছি এবং করব। জেলা পরিষদ পি.এম.জি.এস.ওয়াই-তে কাজ করছে। সামগ্রিকভাবে যদি দেখেন, পি.এম.জি.এস.ওয়াই. এবং লোন অ্যাসিস্ট্যান্সে নাবার্ড এবং হাডকোর থেকে নিয়ে যেগুলো হচ্ছে, যদি সার্বিকভাবে বিচার-বিবেচনা করেন, তাহলে নিশ্চিত ভাবে বলব, অহেতুকভাবে কতকগুলো যে কথা বলে গেলেন, তার জন্য আপনারা লজ্জিত হবেন। আমাদের এখানে স্টেট হাইওয়ের ব্যাপারে যে কথা বলেছেন, অন্য রাজ্যের তুলনায় কম আছে, আমাদের ন্যাশানাল হাইওয়েও কম আছে, আমি ন্যাশানাল হাইওয়ের কথা গতবারে বলেছি। নাইনথ ফাইভ ইয়ার প্ল্যানের কথা কমরেড মাঝি বলেছেন, তিনি যথার্থ ভাবেই বলেছেন। যেখানে বিহারে নতুন করে ২,৬০০ কি.মি. রাস্তা যোগ হয়েছে, ওড়িশাতে যেখানে নতুন রাস্তা যোগ হয়েছে ১৬০০ কি.মি., সেখানে আমাদের পশ্চিমবঙ্গে

মাত্র ৬৫ কি.মি. রাস্তা যোগ হয়েছে নবম পঞ্চবার্ষিক পরিকল্পনায়। আমি ব্যক্তিগতভাবে সেন্ট্রাল মিনিস্টারের সঙ্গে দেখা করে তাঁকে অনুরোধ করেছিলাম, নবম পঞ্চবার্ষিক পরিকল্পনায় পশ্চিমবঙ্গ যেখানে এতখানি বঞ্চিত হয়েছে, দশম পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের ১২০০ কি.মি. রাস্তা দিন। আমি ১২০০ কি.মি. ৬টি রাস্তা দিয়েছিলাম। তখন তিনি তাঁদের অক্ষমতার কথা জানিয়েছিলেন। তিনি বলেছিলেন, ফিনান্স কমিশন নাকি দশম পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোনো নতুন জাতীয় সড়ক করবে না, এই সিদ্ধান্ত হয়েছে। আমি গত মাসে আবার দেখা করেছিলাম। তিনি বললেন, যদি অন্য রাজ্য থেকে চাপ আসে এবং সিদ্ধান্তটা যদি শিথিল হয়, তাহলে দেখব। প্রশ্ন হচ্ছে ১৯৫০ সাল থেকে পশ্চিমবঙ্গ বঞ্চিত হচ্ছে। এটা পশ্চিমবঙ্গের দুর্ভাগ্য যে, এটা কংগ্রেস আমলেও হয়েছে, বি.জে.পি.'র আমলেও হচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়ে আমাদের যা ক্ষমতা তা আমরা করছি। তবে সামগ্রিক ইনফ্রাস্ট্রাকচার-এর ডেভলপমেন্ট আমাদের রাজ্যের পক্ষে এককভাবে সম্ভব নয়। বাজেট প্রভিসন সম্বন্ধে যে কথা বললেন, আপনারা বাজেট দেখেছেন, বিচার করেছেন। মাননীয় সদস্যরা, বিরোধীপক্ষ এবং সরকারপক্ষের অনেকে বলেছেন। বাজেটের পরিমাণের দিক থেকে আপনারা সকলেই বুঝতে পারবেন, ২০০১-'০২, ২০০২-'০৩ এবং ২০০৩-'০৪ সালের বাজেটের তুলনামূলক বিচার যদি করেন তাহলে জানতে পারবেন, শুধু আমার ডিপার্টমেন্টেই নয়, সব ডিপার্টমেন্টেই ধীরে ধীরে কমে আসছে বাজেটে। এই আর্থিক সংকট কেন, সেটা আপনাদের বিচার করতে হবে। এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, সমস্ত ভারতবর্ষে এই পরিস্থিতি আছে। সেই পরিস্থিতি সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অন্যান্য রাজ্য যে সাহায্য পায়, পশ্চিমবঙ্গ তা পায় না। সেটা আপনাদের অঙ্ক কষে বুঝিয়ে বলে লাভ নেই, আপনাদের অভিজ্ঞতা আছে। বাজেট বই দেখলে দেখতে পাবেন, এই কথা সত্য যে, বাজেটে যা থাকে, হান্ড্রেড পার্সেন্ট আমরা পাই না। অর্থ দপ্তরের পক্ষে টাকা দেওয়া সম্ভব হচ্ছে না।

[5.30—5.40 p.m.]

সেটা অর্থ দপ্তর বলছে। আমাদের প্রশ্ন হল, এতদ্‌সত্ত্বেও আমরা আমাদের লোন অ্যাসিস্ট্যান্স-এর মাধ্যমে যেভাবে কাজ করবার চেষ্টা করছি সেটা আপনারা বোঝবার চেষ্টা করুন। এখানে বিরোধীপক্ষের বা সরকার পক্ষের প্রশ্ন নয়, লোন অ্যাসিস্ট্যান্স-এর মাধ্যমে কাজ করলেও টাকাটা সাধারণ মানুষের পকেটে থেকে যাবে, তাকে টাকা শোধ দিতে হবে। সুতরাং আমাদের বাজেটের মাধ্যমেই হোক, ট্যাক্স-এর মাধ্যমেই হোক, লোন অ্যাসিস্ট্যান্স-এর মাধ্যমেই হোক সমস্ত টাকা কিন্তু জনগণের টাকা যাচ্ছে, এর মধ্যে বিশেষ ভাগ করার প্রয়োজন নেই। আমার কথা হচ্ছে, আমরা যখন যেভাবে এগোবার চেষ্টা করছি, বিভিন্ন বাধা সত্ত্বেও, আপনারা সেখানে অ্যাপ্রিসিয়েট করার চেষ্টা করুন। অনেকেই আছেন, তার মধ্যে আমাদের বিধানসভার এম.এল.এ. তারাও আছেন, এখন তাদের প্রয়োজন অনুযায়ী চাহিদা মেটাতে সেটা ২/১ বছরে করা সম্ভব নয়, আমরা ধীরে ধীরে করছি, আমরা হার্ডকো ফেজ থ্রীতে একটি ৭০৪ কি.মি. রাস্তা করেছি। হার্ডকো ফেজ টু-তে ৭৬৭ কি.মি. রাস্তা করেছি। এখন হার্ডকো ফেজ থ্রী যেটা চালু হচ্ছে, টেন্ডার করবে, অ্যাপ্রুভাল এসে গেছে, এই বর্ষার পরে শুরু করব। আশাকরি,

অক্টোবর, নভেম্বর থেকে কাজ শুরু হবে। আপনারা যদি আমার বাজেট বিবৃতির বইটা দেখেন, হার্ডকো ফেজ ওয়ান, হার্ডকো ফেজ টু, হার্ডকো ফেজ থ্রী-তে কোন্ কোন্ রাস্তা হয়েছে এবং কি কি রাস্তার প্রস্তাব দিয়েছে, সমস্তই বইতে লেখা আছে। এগুলিকে আপনারা বিচার করবেন তাহলেই এই রাস্তাগুলির যে মান, উন্নতমানের হয়েছে, অধিকাংশ স্টেট হাইওয়ে রাস্তা আছে, আবার নাবার্ডের থেকেও আমরা রাস্তা করেছি ১৪২০ কি.মি. এ পর্যন্ত ন্যাবার্ড সেভেনে এই রাস্তা হয়েছে। ন্যাবার্ড এইটে রাস্তার কাজ হবে। সুতরাং এই উন্নতমানের রাস্তাগুলিকে আমরা স্বচ্ছন্দে এইচ.এস. স্ট্যান্ডার্ড বলে ঘোষণা করতে পারি। আমি হিসাবের—কোনো জাগলারিতে যেতে চাই না। তবে পুরনো রাস্তা ৫/৬ হাজার কি.মি. আছে, সেটাতো আপনারা দেখেছেন—আমাদের এই যে উন্নতমানের রাস্তাগুলি হয়েছে, সেগুলিকে এইচ.এস. স্ট্যান্ডার্ডে কনভার্ট করার কথা ঘোষণা করতে পারি। আমি যেটা বলতে চাই সেটা হল এই, আমি একটু হিল দিয়ে শুরু করছি, আমাদের মাননীয়া সদস্যা শান্তা ছেত্রী হিল সম্পর্কে বলেছেন—এখন দুর্যোগ ইত্যাদির মধ্যে দিয়ে চলছে, শান্তা ছেত্রী ৯ তারিখের পরের খবর দিতে পারেননি, গতকালও ১০ তারিখে একটা বড় ল্যান্ড স্লাইড হয়েছে এবং এবারকার ল্যান্ড স্লাইড একটা বীভৎস রকমের হয়েছে আনপ্রিসিডেন্টেড। ইতিপূর্বে এত বড় ল্যান্ড স্লাইড—বিভিন্ন জায়গাতে দেখেছি—এর আগে এভাবে দেখা যায়নি। প্রথমে এন.এইচ. ফিফটি ফাইভ রাস্তার পরিস্থিতিটা যদি একটু দেখেন তাহলে বুঝতে পারবেন, আমাদের মেজর রাস্তার প্রায় ৬টি জায়গায় প্রচণ্ডভাবে ধস নেমেছে এবং আমাদের নর্থে সেন্ট্রাল গভর্নমেন্টের মিনিস্ট্রি, এখানে আছেন, এখানে ঘুরছেন, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার সবার সঙ্গে। তারা অবাক হয়ে গিয়েছেন, তারাও স্বীকার করেছেন, পাজল্ড হয়ে গিয়েছেন, আমাদের জীবনে এই রকম ডিভাসটেশান দেখিনি। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা আমাদের অ্যাডিশনাল চিফ ইঞ্জিনিয়ারকে সেখানে পাঠিয়েছি এবং তাকে আমি বলেছিলাম আর.ও সাহেবকে নিয়ে যাবেন। তিনি নিজে না দেখলে বুঝতে পারবেন না রাস্তা মেরামতির সময় আমরা যেগুলো বলি সেটা ঠিক কিনা। রাস্তা মেরামতির সময় আমরা যে এস্টিমেট পাঠাই তার অ্যাপ্রুভাল আসে না। তারা তাদের খুশিমতো এস্টিমেট কেটে দেয়, বলে এত টাকার মধ্যে কাজ করতে হবে। পাহাড়ী অঞ্চলে, বিশেষ করে আমাদের পশ্চিমবাংলার যে মাটি আছে, সেই অ্যালোভিয়াল সয়েল সম্বন্ধে ওদের কোনো যোগ নেই। মাটি পরীক্ষা করে, সেই মাটির উপরে নির্ভর করে আমাদের রাস্তা করতে হয় এবং সেই স্পেসিফিকেশান অনুযায়ী আমাদের কস্ট বার করতে হয়। এটা না জানার ফলে তারা আমাদের এস্টিমেট কেটে দেয়। আমি আশা করি আর.ও. সাহেব তার অভিজ্ঞতার মধ্যে দিয়ে এটা বুঝতে পারবেন এবং আমরা যে পদ্ধতিতে এস্টিমেট করি সেইভাবেই তিনি অ্যাপ্রুভাল দেবেন বলে আমার বিশ্বাস। মিরিকের রাস্তায় সীমানী বস্তির কাছে যে রাস্তা, তার আট কিলোমিটারের মধ্যে ১৪টি জায়গায় ভীষণভাবে ড্যামেজড্ হয়েছে। কোনো কোনো জায়গায় রাস্তা উড়ে চলে গেছে। আমাদের এই পরিস্থিতির মোকাবিলা করতে হচ্ছে। আমি নিশ্চিতভাবে ধন্যবাদ দেব আমাদের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারস্দের এবং সেখানকার মানুষদেরকে। অন্তত ৭২ ঘণ্টার মধ্যে কিছু কিছু রাস্তা সেখানে চালু করা গেছে। মিরিকের রাস্তায় বেলি ব্রীজ একেবারে ভেঙে গেছে। সেটা সারাই করা যায়নি এবং

সামগ্রিকভাবে এখানে কত টাকা লাগবে তার এস্টিমেটও আমরা করে উঠতে পারিনি, সম্ভবও হয়নি। এখনও সমস্ত জায়গায় যাওয়া সম্ভব হয়নি, তবে আনুমানিকভাবে আমাদের যেটা প্রয়োজন মনে হয়েছে, আমি আমাদের অর্থমন্ত্রীর সঙ্গেও কথা বলেছি, মিটিং করেছি, আমাদের কাজটা শুরু করার জন্য তিনি এক কোটি টাকা বরাদ্দ করেছেন। তার ভিত্তিতে আমরা কাজটা শুরু করেছি। আরও দেড়কোটি টাকা লাগবে বলে আমাদের বিশ্বাস। তারপরে আমরা এস্টিমেট করব। এই রাস্তাগুলির কমপ্লিট রেস্টোরের বিষয়গুলি ধীরে ধীরে হবে। আপাতত আমাদের কাজটা হচ্ছে মানুষকে রিলিফ দেওয়া, তাদের যোগাযোগ ব্যবস্থাকে সঠিক করে তোলার কাজ চলছে। আশা করি আপনারা এটা অ্যাপ্রিসিয়েট করবেন। এই যে এত ধস নামছে, রাস্তা ভাঙছে, ল্যান্ড স্লাইড হচ্ছে, এইসব ব্যাপারে জি.এন.এল.এফ. কর্তৃপক্ষকে ভাবতে হবে। আমি জি.এন.এল.এফ. কর্তৃপক্ষকে অনুরোধ করব আমাদের পি.ডবলু.ডি.-র ইঞ্জিনিয়ারস্, টেকনিক্যাল এক্সপার্টদের সঙ্গে যোগাযোগ করে, তাদের সঙ্গে কথা বলে, তাদের মতামত নিয়ে সেখানে পরিকল্পনা করবার চেষ্টা করবেন, যত্রতত্র ঘর হওয়াটা বাঞ্ছনীয় নয়। এটা বাঞ্ছনীয় কিনা সেটা আমাদের ভাবতে হবে। এত ল্যান্ড স্লাইডের এটাও কারণ কিনা সেটাও আমাদের ভাবতে হবে। আমি কারোকেই সমালোচনা করছি না। আমি মাননীয়া বিধায়ককে অনুরোধ করব তিনি যেন এক্সপার্টদের মাধ্যমে, জিওলজিস্টদের মাধ্যমে গভীরভাবে চিন্তা করে পরিকল্পনা গ্রহণ করেন। আমার মনে হয় তাতে তারা উপকৃত হবেন। এখানে অন্যান্য বিশেষ কিছু বলার নেই। আজকে এ.ডি.বি. প্রোজেক্ট নিয়ে কোশ্চেন আওয়ারে কিছু আলোচনা হয়েছে।

[5.40—5.50 p.m.]

অনেক বিষয়ে আলোচনা হয়েছে, টোল ট্যাক্স নিয়েও আলোচনা হয়েছে, আমি সেদিকে যাব .না। আপনারা দেখেছেন, আমরা কিছু ইন্ডোর স্টেডিয়ামের কথা বলেছি। ইন্ডোর স্টেডিয়ামের কথা যেটা বলছেন আপনি, সেখানে বাড়তি আর কি বলার আছে ? আমাদের ইন্ডোর স্টেডিয়াম স্পোর্টস ডিপার্টমেন্ট দেখে, তাদের দায়িত্ব। এটাকে রক্ষণাবেক্ষণের প্রশ্নে আমাদের নিশ্চয় দায়িত্ব আছে। ১৯৯৮ সাল থেকে এটার প্রয়োজনীয়তা বলে আসছি। আংশিক কাজ কিছু হয়ে থাকলেও সার্বিক কাজ কিছু করা সম্ভব হয়নি। এ.সি. মেশিনগুলো যা দেওয়া হয়েছিল, সেইগুলো ক্যাপাসিটি থেকে বেশি ব্যবহার করা হয়েছে। সেখানে নতুন পরিকল্পনা করা প্রয়োজন হয়ে পড়ছে। মূলত, মুখ্যত এ.সি. মেশিনগুলো আমাদের করতে হবে এবং সিভিল ওয়ার্কও করতে হবে। সেইজন্য এস্টিমেট করেছি। এইজন্য উচ্চ পর্যায়ের বৈঠক হয়েছে, আলোচনা হয়েছে, আশা করছি এটা করতে পারব, করব। আপনারা জানেন পুলিশ কমিশনারের তরফ থেকেও আপত্তি উঠেছে—মাস স্কেলে এখানে মিটিং ইত্যাদি করতে দেওয়া যাবে না। সেখানে আমরা ইন্সপেকশন করেছি এবং অভিমত দিয়েছি যে, এটা আর ব্যবহার করতে দেওয়া উচিত নয়। এবং, স্পোর্টসও সেইভাবে করছে। কিন্তু কোন্ কোন্ ক্ষেত্রে দেবেন কি দেবেন না, সেটা তাদের উপর নির্ভর করছে। আমরা আমাদের অভিমত জানিয়েছি মাত্র, এর বেশি আর কিছু করতে পারি না আমরা।

সকালে প্রশ্নোত্তরের সময় বলেছি। সেখানে ৩৭০ কিলোমিটার এন.এইচ. ৩৪, যেটা সেন্ট্রালের দায়িত্ব এবং তার সঙ্গে যুক্ত আমাদের যে স্টেট সেক্টর, এন.এইচ. ১ এবং এন.এইচ-২ মোট দেড়শো কিলোমিটার এবং তার সঙ্গে ১০২ কিলোমিটার রুরাল কানেকটিভ রাস্তা এর সঙ্গে যুক্ত। স্টেট সেক্টরের কাজে আমরা অনেক এগিয়ে আছি সেন্ট্রাল-এর চাইতে। আমরা এজেন্সি সিলেকশন করে দিয়েছি। এ.ডি.বি.-র হেড অফিস ম্যানিলা থেকে অ্যাপ্রুভালের প্রয়োজন আছে। সেটা না হলে করতে পারছি না। সেন্ট্রাল করেছি কিনা জানি না। আমাদের প্রথম যে কাজটা হবে, সেটা গাঁজল-হিলি এবং তার জন্য শীঘ্রই ওয়ার্কিং অর্ডার দিতে পারব। এই জায়গায় আছি। আমাদের সেক্টরের কাজ আমরা শুধু করতে পারব, এর বেশি কিছু বলার নেই।

আপনারা একটা গ্লুমি পিকচার দিলেন—পশ্চিমবাংলায় কিছু হচ্ছে না। এখানে কলকাতা, উত্তরবঙ্গ, এসব প্রশ্ন তুলে লাভ নেই। নিশ্চয় করে বলব, উত্তরবঙ্গের পি.ডব্লু.ডি.-র রাস্তা খারাপ নয়, অনেক উন্নত রাস্তা হয়েছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সব কিছু হয়ে গেছে তা বলছি না। বলুন তো উত্তরবঙ্গে কতগুলো কাঠের ব্রীজ ছিল, এখন কতগুলো আছে ? আমরা চাই উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ সমস্ত জায়গার উন্নতি। এখানে ৫১টি ব্রীজ এবং ১২টি ব্রীজ আর.ডি.এফ., ন্যাবার্ডে হচ্ছে। আপনারা যে ব্রীজগুলো করার কথা বলেছেন, আপনারা কখনো কল্পনা করেছিলেন এই ব্রীজগুলো করতে পারবেন, ভাবতে পেরেছিলেন আপনারা। আপনারা তো ছিলেন ৭৭-এর আগে পর্যন্ত। আমার কথা হল আমরা গ্রামের কথা ভাবি, সাধারণ মানুষের কথা ভাবি। আপনারা রেলওয়ে ওভারব্রীজের কথা বলেছেন। রেল তো কেন্দ্রীয় সরকারের। এই ক্ষেত্রে রেল যখন বেশি ওভার ব্রীজ করার কথা বলে আমরা স্টেট সেক্টরে দায়িত্ব নিয়ে করতে পারি না। তারা ৫৫টা রেলওয়ে ওভার ব্রীজ করার কথা বলেছে কিন্তু আমরা একসঙ্গে এতগুলো ওভার ব্রীজ করতে পারব না। ৬টা রেল ব্রীজের কাজ চলছে। কিছু পরিকল্পনা চলছে। বাগনান রেল ব্রীজের কথা বলা হচ্ছে। যেগুলো অনগোয়িং আছে সেগুলো আগে আমাদের করতে দিন। বাগনান করতে হবে, রাঙামাটি করতে হবে, ব্যারাকপুর ১৫ নম্বর গেট করতে হবে। সব হবে। ধীরে ধীরে হবে। আমরা ৬টা ব্রীজের কাজ করছি। যেভাবে রেলের সহায়তা দরকার সেভাবে রেলের সহায়তা আমরা পাই না। আপনাদের জেনে রাখা ভাল যে রেলওয়ে ওভার ব্রীজের টাকা, ২১ কোটি টাকা পাওনা, টাকা দিলেন না। স্বাভাবিকভাবে আপনারা এটা বুঝবার চেষ্টা করবেন। আমি আপনাদের কাছে এইটুকু আবেদন করব। কলকাতাকে কেন্দ্র করে আমাদের ইনফ্রাস্ট্রাকচারের কথা ভাবতে হচ্ছে। আমাদের তারাতলা যাওয়ার পথে কলকাতা এয়ারপোর্ট-এর সঙ্গে কানেকটিং যে অঞ্চল, সেই অঞ্চলে ৩২ কিলোমিটার রাস্তা, প্রায় ৩৪টা রাস্তা, এটা ক্যালকাটা এয়ারপোর্টের দায়িত্বে ছিল। দুঃখের বিষয় তারা কি কোনো কাজ করেছেন ? রাস্তাগুলো অত্যন্ত খারাপ হয়ে আছে। সেখানে, বহু কোম্পানি, মালটিন্যাশনাল কোম্পানি তারা আসেন বিভিন্ন বিজনেস হাউস থাকেন, ফরেন ডেলিগেটসরা আসেন এই রাস্তার জন্য তারা যেতে চায় না এই কথা আমাদের শুনতে হচ্ছে। রাজ্য সরকার দায়িত্ব নিয়েছেন কাজ শুরু করার। আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছিলাম, তাঁরা ১০ কোটি টাকা স্যাংশন করেছেন,

কেন্দ্রীয় মন্ত্রীকে এজন্য ধন্যবাদ জানাচ্ছি। তারাতলা ফ্লাই ওভারের কাজ হচ্ছে, সেখানে কলকাতা কর্পোরেশন নো-অবজেকশন সার্টিফিকেট দিয়েছে কিন্তু আজকে ১০ নম্বর বরোর যে চেয়ারম্যান তিনি কোনো একটা অজুহাত দেখিয়ে কাজ বন্ধ করে দিয়েছেন, আমাদের কাজ করতে দিচ্ছেন না।

[5.50—5.55 p.m.]

আপনারা জানেন বিভিন্ন ধরনের এই রকম কাজ হচ্ছে। কিন্তু অনেক জায়গায় আমাদের কাজ করতে না দেওয়ার ফলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। এটা লজ্জার কথা। আমাদের কর্পোরেশনের মেয়র সুব্রত মুখোপাধ্যায়কে আমি বলেছি যে আপনার বোরোর চেয়ারম্যান অরূপ বিশ্বাস কাজ করতে দিচ্ছেন না। মানুষকে খেপিয়ে দিচ্ছেন। সেখানে রাস্তায় ড্রেন করতে হবে, লো রাস্তা। তিনি বলছেন এটা হবে না, ওটা হবে না—এই কথা বলে নানান অজুহাত তুলছেন। এই কথাগুলি আপনাদের জানতে হবে, বুঝতে হবে। সঙ্গে সঙ্গে আমি আবেদন করব আমাদের রাস্তা ব্যবহার সম্পর্কে একটু সচেতনতা বাড়ানোর প্রয়োজন আছে। আমরা যদি রাস্তাকে ঠিকমতো ব্যবহার না করতে পারি এবং সেখানে জলনিকাশি ব্যবস্থা যদি না করতে পারি সেটা স্থানীয় পৌরসভা বা জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতি তার দায়িত্ব না নেন তাহলে রাস্তা ভালো থাকবে কী করে। জল জমলে সেটা সঙ্গে সঙ্গে বের করে দিতে হবে। সেজন্য আমি আবেদন করব যে রাস্তা সঠিকভাবে ব্যবহার করার জন্য সচেতনতা বাড়ানো দরকার। জনপ্রতিনিধিরা এ ব্যাপারে দায়িত্ব নিলে ভাল হয়। রাস্তা এনক্রোচ করতে দেবেন না। —আমি বলব একটু আগে ভুলবশত আমি এয়ারপোর্ট অথরিটি বলে বলেছি, ওটা ক্যালকাটা পোর্ট ট্রাস্ট হবে।—আমি বলতে চাই যে আজকে কাটমোশান নয়, আজকে প্রয়োজন বাজেটটাকে বাড়ানো সুন্দর রাস্তার জন্য। আমাদের অর্থ সংকট থাকা সত্ত্বেও এর মধ্যেই আমাদের কাজ করতে হবে। আমরা আশা করব সমস্ত দিক বিবেচনা করে আপনারা আপনাদের কাটমোশান উইথড্র করে বাজেট বরাদ্দকে সমর্থন করবেন। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 25

Mr. Deputy Speaker: There are 13 cut motions by Shri Kamal Mukherjee, Shri Gyan Singh Sohan Paul, Shri Abdul Mannan and Shri Deba Prasad Sarkar in Demand No. 25. All the Cut motions are in order and have already been moved.

The motions (Cut Motions Nos. 25-33, 34, 44-45, 46) that the amount of the demand be reduced by Rs. 100 were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta moved on 26.3.2003 that a sum of Rs. 1258,17,87,000 be granted for expenditure under

Demand No. 25, Major Heads : "2052—Secretariat—General Services, 2059—Public Works, 2205—Art and Culture, 2216—Housing, 2245—Relief on account of Natural Calamities, 2250—Other Social Services, 2551—Hill Areas, 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries, 3054—Roads and Bridges, 3451—Secretariat—Economic Services, 4059—Capital Outlay on Public Works, 4070—Capital Outlay on Other Administrative Services, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4210—Capital Outlay on Medical and Public Health, 4216—Capital Outlay on Housing, 4220—Capital Outlay on Information and Publicity, 4250—Capital Outlay on Other Social Services, 4403—Capital Outlay on Animal Husbandry, 4404—Capital Outlay on Dairy Development, 4408—Capital Outlay on Food, Storage and Warehousing, 4425—Capital Outlay on Co-operation and 5054—Capital Outlay on Roads and Bridges" duing the year 2003-2004.

(This is inclusive of a total sum of Rs. 419,39,30,000 already voted on account in March, 2003) was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.55 p.m. till 11 a.m. on Monday, the 14th July, 2003, in the Assembly House, Kolkata.

W. B Legislature Library

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

Vol. : 122, No. III (Hundred and Twenty Second Session)
(March, 2003)

DATE-WISE PROCEEDINGS

26th June, 2nd July, 3rd July, 4th July, 7th July,
8th July, 9th July, 10th July & 11th July, 2003

ADJOURNMENT MOTION

—শ্রী দেবপ্রসাদ সরকার / P-35

—শ্রী অসিত মিত্র / P-35

—(i) Regarding Drainage system in the areas of Kolkata Corporation.

—(ii) Regarding reported introduction of set top box for different pay channels of cable T.V.

—(iii) Regarding Proposed construction of bridge on the river Bhairab between Karimpur, Nadia and Domkol, Murshidabad.

—By **Shri Abdul Mannan, Tapan Hore, Prafulla Kumar Bhowmick.** / P-80

—শ্রী মহবুল হক / PP-79-80

—শ্রী অসিত মিত্র / P-425

—শ্রী অসিতকুমার মাল / PP-426

—শ্রী অসিতকুমার মাল / P-539

CALLING ATTENTION (NOTICE/STATEMENT)

—Calling Attention / P-36,426

—**Shri Tapan Hore, Shri Abdul Mannan, Shri Kamal Mukherjee, Shri Asit Mitra** P/343

—raised by **Shri Ajoy Dey** (regarding alleged severe power cut in the State) **Shri Asit Mitra, Shri Asit Kumar Mal** / P-636

—raised by **Shri Asit Mitra** regarding failure of depositing provident fund by the owners of private Jute Mills in the State. / P-636

—**Shri Asit Mitra, Shri Abdul Mannan, Shri Asit Kumar Mal, Shri Prafulla Kumar Bhowmick, Shri Sibdas Mukherjee, D. K. Pradhan, Shri Tapan Hore** / P-540

—**Shri Tapan Hore, Shri Abdul Mannan** / P-275

—**Shri Ranjit Kundu** / PP-344-345

—**Dr. Surjya Kanta Mishra** / PP-427-429, 430-431

—Regarding drainage system in the areas of Kolkata Corporation

—by **Shri Tapan Hore** / P-80

—**Shri Tapan Hore, Shri Ananda Gopal Das, Shri Ranjit Kundu, Shri Abdul Mannan** / P-171

—Regarding proposed construction of Bridge on the river Bhairab between Karimpur, Nadia, Domkol and Murshidabad.

—by **Shri Prafulla Kumar Bhowmick** / P-80

—শ্রী অমর চৌধুরী / P-432

—শ্রী অসিত মিত্র / P-431

—শ্রী আব্দুল মান্নান / P-429

—শ্রী তপন হোড় / P-430

DISCUSSION AND VOTING ON DEMAND

Demand No. 19 / PP-305-312

Demand No. 20 / P-646

—শ্রী অসিত মিত্র, শ্রী দীপক বেরা / PP-646-651

—শ্রী দীপকচন্দ্র সরকার, শ্রী ধনঞ্জয় মোদক, শ্রী কিরণময় নন্দ, শ্রী কিরীটি বাগদী, শ্রীমতী শান্তা ছেত্রী / PP-652-656

—শ্রী কিরীটি বাগদী / P-655

—শ্রী দীপক বেরা / PP-651-652

—শ্রী দীপকচন্দ্র সরকার / PP-652-654

—শ্রী ধনঞ্জয় মোদক / PP-654-655

—শ্রীমতী শান্তা ছেত্রী / PP-655-656

Demand No. 24 / P-463

—শ্রী অসিতকুমার মাল / PP-476-480
—শ্রী অসিত মিত্র / PP-493-498
—শ্রী আবু হেনা / PP-463-468
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP-486-487
—ডাঃ কামরে ইলাহী / PP-490-492
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-487-490
—শ্রী ধনঞ্জয় মোদক / PP-481-482
—শ্রী প্রত্যুষ মুখার্জী / PP-498-502
—শ্রী প্রমথনাথ রায় / PP-483-486
—শ্রী মনোরঞ্জন পাত্র / PP-468-471
—শ্রী মহঃ ইয়াকুব / PP-471-473
—শ্রী রামপদ সামন্ত / PP-492-493
—শ্রীমতী শান্তা ছেত্রী / PP-482-483
—শ্রী শিবদাস মুখার্জী / PP-473-476
—শ্রী সূর্য্যকান্ত মিশ্র / PP-502-510

Demand No. 36

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP-176-186
—শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা / PP-210-216
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP-198-200
—শ্রী চিত্তরঞ্জন রায় / PP-207-210
—শ্রী জাহাঙ্গীর করিম / PP-187-189
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-192-196
—শ্রী মহববুল হক / PP-202-204
—শ্রী রামপদ সামন্ত / PP-206-207
—শ্রী শুভেন্দু চৌধুরী / PP-204-206
—শ্রী সুভাষ নস্কর / PP-196-198
—শ্রী সুভাষ মণ্ডল / PP-200-202
—শ্রী হরিপদ বিশ্বাস / PP-189-192

Demand No. 25

—শ্রী অমর চৌধুরী / PP-690-696
—শ্রী অসিতকুমার মাল / PP-687-690

—শ্রী অসিত মিত্র / PP-663-670

—শ্রী ইলিয়াস মহম্মদ / PP-685-686

—শ্রী গোবিন্দ রায় / PP-676-678

—শ্রী তমালচন্দ্র মাঝি / PP-670-673

—শ্রী প্রমথনাথ রায় / PP-678-681

—শ্রী মইনুল হক / PP-673-675

—শ্রীমতী শান্তা ছেত্রী / PP-683-684

—শ্রী সমর হাজরা / PP-686-687

—শ্রী সুভাষ নস্কর / PP-682-683

Demand No. 27

—শ্রী অসিতকুমার মাল / PP-574-576

—শ্রী আব্দুল মান্নান / PP-552-562

—শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর / PP-577-578

—শ্রী তপন হোড় / PP-571-574

—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-584-589

—শ্রী দেবেশ দাশ / PP-581-584

—শ্রী নজমুল হক / PP-562-566

—শ্রী মইনুল হক / PP-578-581

—শ্রী শিবদাস মুখার্জী / PP-566-569

—শ্রী সুব্রত বসু / PP-569-571

Demand No. 27 Voting / PP-606-610

Demand No. 35

—শ্রী অসিত মিত্র / PP-385-390

—শ্রী আব্দুল মান্নান / PP-359-366

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP-381-383

—শ্রী জগদীশচন্দ্র দাস / PP-366-369

—শ্রী নির্মল দাস / PP-377-380

—শ্রী মহঃ আমিন / PP-394-397
—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / PP-373-376
—শ্রী রবীন্দ্র ঘোষ / PP-369-372
—শ্রী লগন দেও সিং / PP-383-385
—শ্রী সমর হাজরা / PP-380-381
—শ্রী সুশান্ত ঘোষ / PP-390-394

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 34 / PP-312-326

Demand No. 42

—শ্রী অসিত মিত্র / PP-127-132
—শ্রী আব্দুল মান্নান / PP-96-105
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP-118-119
—শ্রী তপন হোড় / PP-114-117
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-119-121
—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য / PP-132-141
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP-126-127
—শ্রী মহববুল হক / PP-111-114
—শ্রী মহম্মদ ইয়াকুব / PP-109-111
—শ্রী মানস মুখার্জী / PP-122-125
—শ্রী মোরসালীন মোল্লা / PP-105-109

Demand No. 53 / PP-282-304

LAYING OF BILLS

—The Bengal Excise (Amendment) Bill, 2003 / PP-642-646

LAYING OF REPORTS

Audit Certificate, Certified Accounts and Audit Reports on the accounts of the Commissioner for the Rabindra Setu for the years 1995-96, 1996-97, 1997-98, 1998-99, 1999-2000, 2000-01 and 2001-02

—Shri Amar Chowdhury / P-433

Annual Report of the West Bengal Infrastructure Development Finance Corporation Limited for the year 1998-99

—Dr. Asim Kumar Dasgupta / P-39

Presentation of the Second Report of the Committee on Petitions (2002-2003)

—Shri Jane Alam Mian / P-637

Presentation of the second report of the Standing Committee on Panchayat and Rural Development and Land and Land Reforms (2002-03)

—Shri Sk. Jahangir Karim / P-637

—Shri Prabodh Chandra Sinha / P-172

—Shri Prabodh Chandra Sinha / P-541

Annual Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2001-2002.

—Shri Prabodh Chandra Sinha / P-637

—শ্রী আব্দুল মান্নান / PP-541-542

—Shri Prabodh Chandra Sinha / P-276

—Laying of the first report of the committee on Rules (2002-2003) / P-81

Annual Report and Accounts of the Greater Calcutta Gas Supply Corporation Limited for the year 2001-2002.

—Shri Prabodh Chandra Sinha / P-433

LAYING OF RULES

—Amendments to the West Bengal Wakf Rules, 2001 / P-39

Amendments to the West Bengal Premises Tenancy Rules, 1999.

—Shri Prabodh Chandra Sinha / P-39

The West Bengal Motor Vehicles (Amendment) Rules, 2002.

—Shri Subhas Chakraborty / P-39

LEGISLATION

The West Bengal Primary Education (Amendment) Bill, 2003

—Shri Kanti Biswas / P-47

The West Bengal Additional Tax and One-time Tax on Motor Vehicles (Amendment) Bill, 2003

—Shri Subhas Chakraborty / PP-49-50

The West Bengal Panchayat (Amendment) Bill, 2003

—Dr. Surjya Kanta Mishra / P-441
—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP-442-447
—শ্রী কান্তি বিশ্বাস / PP-48-49

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2003

—শ্রী কান্তি বিশ্বাস / PP-52-54
—শ্রী খাড়া সোরেন / P-51
—শ্রী গোবিন্দ রায় / PP-47-48
—শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর / P-452
—শ্রী জাহাঙ্গীর করিম / PP-447-449
—শ্রী তারাপদ চক্রবর্তী / PP-449-450
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-441
—শ্রী নির্মল দাস / PP-450-452
—শ্রী নেপাল মাহাতো / PP-452-454
—শ্রী পদ্মনিধি ধর / PP-52-53
—শ্রী লগন দেও সিং / P-50
—শ্রী সুভাষ চক্রবর্তী / PP-51-52
—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / P-442,454-460,461-463

MENTION

Rejuvenation of Community Health Guide School

—Shri Badal Jamadar / P-440

Inclusion of the Bharat Scouts & Guides as part of physical education

—Smt. Shanta Chhetri / P-89-90

Individual Metering System

—Smt. Shanta Chhetri / P-351

একাদশ শ্রেণীতে ভর্তির সমস্যা

—শ্রী অজয় দে / PP-81-82

নদী বাঁধগুলো মেরামত

—শ্রী অজয় দে / P-173

রাজ্যে ভয়াবহ লোডশেডিং
—শ্রী অজয় দে / P-544

MENTION CASES

পঞ্চায়েতের দুর্নীতি সংশোধন
—শ্রী অজয় দে / P-639
কলকাতা পুরসভার উদাসীনতা
—শ্রী অনাদিকুমার সাউ / P-277
বাঁধ সংস্কার
—শ্রী অসিত মাল / P-440
বীরভূম জেলায় লোডশেডিং
—শ্রী অসিতকুমার মাল / P-547
দেবগ্রামে সেতু নির্মাণ
—শ্রী অসিতকুমার মাল / P-637
দুর্গাপুর ব্যারেজের কপাট বা গেট সংস্করণ
—শ্রী অসিত মিত্র / P-87
রাম-জন্মভূমি-বাবরি মসজিদ প্রসঙ্গ
—শ্রী অসিত মিত্র / PP-276-277
আইন-শৃঙ্খলা পরিস্থিতি
—শ্রী অসিত মিত্র / PP-348-349
বেলপাহাড়ী থানায় কংগ্রেস কর্মী খুন
—শ্রী অসিত মিত্র / P-543
উলুবেড়িয়া মহকুমায় বিদ্যুৎ বিভ্রাট
—শ্রী অসিত মিত্র / P-638
পুনরায় কলেজগুলিতে একাদশ, দ্বাদশ শ্রেণী ফিরিয়ে আনার ব্যবস্থা
—শ্রী আব্দুল মান্নান / PP-85-86
সংস্কৃতিতে উন্নতি
—শ্রী আব্দুল মান্নান / PP-172-173
হাওড়া ও কলকাতার মধ্যে খেয়া পারাপার
—শ্রী আব্দুল মান্নান / PP-278-279
স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা ও পরিষেবা
—শ্রী আব্দুল মান্নান / P-348

সার্কিট হাউসে ঘরের অপব্যবহার
—শ্রী আব্দুল মান্নান / PP-436-437
এ.ডি.এস. ইঞ্জেকশন-এর অভাব
—শ্রী আব্দুল মান্নান / P-543
মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থেকে আজিমগঞ্জ পর্যন্ত রাস্তাটি পাকা করার আবেদন
—শ্রী আবুল হাসনাৎ খান / P-84
জঙ্গীপুরে নদীর ভাঙন
—শ্রী আবুল হাসনাৎ খান / P-279
নদী ভাঙন প্রতিরোধ এবং বিপদগ্রস্ত মানুষের পুনর্বাসন
—শ্রী ইউনুস সরকার / P-86
মুর্শিদাবাদ জেলার শেখপুর থেকে গোপালপুর রাস্তা চওড়া
—শ্রী ইউনুস সরকার / P-175
নন্দীগ্রাম-মালদহ রোড সংস্কার
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-83
জুনিয়র হাইস্কুলকে মাধ্যমিক স্তরে উন্নীতকরণ
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-438
নদী ভাঙন
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-172
যুবক-যুবতীদের ব্যবস্থা করার জন্য মার্কেট কমপ্লেক্সের জন্য জায়গা দেওয়ার ব্যবস্থা
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-546
হলদি নদীর ভাঙন রোধের ব্যবস্থা
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-638
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-39
ডাক্তারের পদ ভ্যাকান্ট
—শ্রী ঈদ মহম্মদ / P-548
জুটমিল শ্রমিকরা প্রাপ্য থেকে বঞ্চিত
—শ্রী কমল মুখার্জী / PP-277-278
চন্দননগর শহরে লোডশেডিং
—শ্রী কমল মুখার্জী / PP-349-350
পর্যাপ্ত পরিমাণে পানীয় জল সরবরাহ ও সঠিক জলকর প্রবর্তন
—শ্রী কমল মুখার্জী./ P-437

মেয়েদের কমার্স পড়ার সুযোগ
—শ্রী কমল মুখার্জী / P-545
চন্দননগরে বৈদ্যুতিক চুল্লি নির্মাণের কাজ সংশোধন
—শ্রী কমল মুখার্জী / P-638
বাগদা ব্লকে আইন-শৃঙ্খলা পরিস্থিতি
—শ্রী কমলাক্ষী বিশ্বাস / P-349
থানার ডাক মাস্টার পোস্টটি তুলে দেওয়া
—শ্রী কমলাক্ষী বিশ্বাস / P-547
জোরসা গ্রামের ত্রাণ তহবিল
—শ্রী কিরীটি বাগদি / P-638
পৌরসভাগুলিতে আই.সি.ডি.এস. কেন্দ্র খোলার আবেদন
—শ্রী গুরুপদ দত্ত / P-86
বাণিজ্য বিভাগের শিক্ষক নিয়োগের দাবী
—শ্রী গুরুপদ দত্ত / P-438
বি.পি.এল. শ্রেণীর মানুষের বিদ্যুতের ব্যবস্থা
—শ্রী গুরুপদ দত্ত / P-547
সুধানী নদীর উপর ব্রিজ সংস্কার
—শ্রী গোকুল রায় / P-544
গ্রামের ভাঙন রোধ
—শ্রী গোলাম কিব্রিয়া মিঞা / PP-90-91
পাঁশকুড়ায় দুগ্ধ প্রকল্প
—শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর / P-174
বিদেশের ফল রপ্তানীর সুযোগ
—শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর / P-440
উত্তর দিনাজপুর জেলা সদর হাসপাতাল উন্নয়ন ও সুচিকিৎসা
—শ্রী চিত্তরঞ্জন রায় / PP-88-89
জন্মসৃজন সংরক্ষণ ও মাসিক অনুদান বৃদ্ধি
—শ্রী জয়ন্ত চৌধুরী / P-437
কানপুর বহুতল রাস্তা সম্পূর্ণ করার জন্য অর্থমন্ত্রীর কাছে আবেদন
—শ্রী জানে আলম মিঞা / P-84

অপ্রতুল চিকিৎসা ব্যবস্থা
—শ্রী জানে আলম মিঞা / P-437
কংসাবতী নদীর বাঁধগুলি মেরামতি
—শ্রী শেখ জাহাঙ্গীর করিম / P-87
হাসপাতালে অপর্যাপ্ত এ.ভি.এস. বা এ.আর.ভি. সাপ্লাই
—শ্রী শেখ জাহাঙ্গীর করিম / P-354
সঠিক গ্রাহক নির্বাচন
—শ্রী শেখ জাহাঙ্গীর করিম / P-441
ফ্লোরাইডের আক্রমণ
—শ্রী তপন হোড় / P-30
কন্ডিশনাল অ্যাকসেস সিস্টেমে
—শ্রী তপন হোড় / P-82
স্বাস্থ্য দপ্তরের উদাসনীতা
—শ্রী তপন হোড় / P-276
অ্যানথ্রাক্স রোগের মোকাবিলা
—শ্রী তপন হোড় / P-354
বোলপুরে বিদ্যুৎ বিভ্রাট
—শ্রী তপন হোড় / P-639
কেতুগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র অচলাবস্থা
—শ্রী তমাল মাঝি / P-85
মেমারী গ্রামীণ হাসপাতালকে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করা
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-86
মেমারী থানার কাজে গাফিলতি
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-279
ধর্মঘটী কর্মচারীদের পাশে দাঁড়ানো
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / PP-347-348
সড়ক সংস্কার
—শ্রী তারাপদ চক্রবর্তী / PP-439-440
মেমারী থানাটি বিভাজন করা
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / PP-548-549

মন্দিরে মূর্তি ও গয়না চুরি
—শ্রী দীপকচন্দ্র সরকার / P-88
উত্তর বাংলায় বৃষ্টিতে ফসল নষ্ট
—শ্রী দীপকচন্দ্র সরকার / P-543
বিদ্যুৎ সরবরাহ বন্ধ
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-542
গঙ্গার ভাঙনকে প্রতিরোধ এবং মানুষের পুনর্বাসন
—শ্রী ধনঞ্জয় মোদক / P-85
ট্রান্সফরমার বিকল
—শ্রী ধনঞ্জয় মোদক / PP-351-352
বাঁধ সংস্কার
—শ্রী ধনঞ্জয় মোদক / P-439
ঝালদা এ এম কলেজে ছাত্র-ছাত্রীদের দুর্ভোগ
—শ্রী নেপাল মাহাতো / P-84
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ
—শ্রী নেপাল মাহাতো / P-434
ঝালদা থানার অধীনে মহিলা কলেজ
—শ্রী নেপাল মাহাতো / PP-544-545
সিতাই ব্লকে বন্যা
—শ্রী নৃপেন্দ্রনাথ রায় / P-544
মুর্শিদাবাদ জেলায় জলাতঙ্ক রোগ প্রতিরোধ
—শ্রী পরেশনাথ দাস / PP-353-354
ফায়ার ব্রিগেড চালুর আবেদন
—শ্রী প্রফুল্লকুমার ভৌমিক / P-90
৩৪ নম্বর জাতীয় সড়কের সংস্কার
—শ্রী প্রফুল্লকুমার ভৌমিক / P-276
নদী ভাঙনের জন্য বহুলোক বাস্তুচ্যুত
—শ্রী প্রফুল্লকুমার ভৌমিক / P-545
হুগলি জেলার চাষিদের শস্যবীমা অনুযায়ী ক্ষতিপূরণ
—শ্রী বংশীবদন মৈত্র / PP-84-85

বকেয়া মিটিয়ে বিদ্যুতের পুর্নসংযোগ
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-639
চাকুরীগত সমস্যা
—শ্রী ভক্তরাম পান / P-38
গোপীবল্লভপুর বিধানসভার চারটি ব্লকে বিদ্যুৎ সমস্যা
—শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল / P-353
শিক্ষার সম্প্রসারণ
—শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল / P-440
সরলপুর এবং সুন্দরপুরে দুটি উচ্চ মাধ্যমিক স্কুল
—শ্রী মজিবর রহমান / P-83
ভগবানগোলা বিধানসভার রাস্তা সংস্কার
—শ্রী মজিবর রহমান / PP-350-351
চিকিৎসা অব্যবস্থা
—শ্রী মজিবর রহমান / P-439
জল নিকাশি ব্যবস্থা
—শ্রী মহববুল হক / P-81
চাঁচল মহকুমায় বাস চালু করার উদ্যোগ
—শ্রী মহববুল হক / P-174
সুইড-এর সার্টিফিকেট
—শ্রী মহববুল হক / P-546
ঝাড়গ্রামকে পর্যটন কেন্দ্র গড়ে তোলা
—শ্রীমতী মীনা সনাতনী / P-352
উলুবেড়িয়া ব্লকে ব্রিজ মেরামত
—শ্রী মোহন মণ্ডল / P-352
কুলটি কেশোরাম রিফ্রাক্টোরি
—শ্রী মানিকলাল আচার্য / P-542
তৃণমূল কংগ্রেসীর সন্ত্রাস
—শ্রীমতী মাফুজা খাতুন / PP-547-548
রাস্তা সংস্কার
—শ্রী মোরসালিন মোল্লা / P-91

কুলটি পৌরসভার দুর্নীতি
—শ্রী মানিকলাল আচার্য / P-436
নাদনঘাট বিধানসভা চাষিদের সফল ক্ষতি
—শ্রী রতন দাস / P-350
কলেজে মেয়েদের পড়াশুনার সুযোগ
—শ্রী রতন দাস / P-438
বীরসিংহ গ্রামে সাব স্টেশনের কাজ
—শ্রী রতন পাখিরা / P-352
কবি সুভাষ মুখোপাধ্যায়-এর শেষকৃত্যে বিশৃঙ্খলা
—শ্রী রবীন দেব / P-435
উলুবেড়িয়ার গোহাট
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-278
উলুবেড়িয়ার ল্যাডোলো জুট মিল
—শ্রী রবীন্দ্র ঘোষ / PP-352-353
বিজ্ঞান বিভাগে মেয়েদের ভর্তির সুযোগ বৃদ্ধি
—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / P-439
সড়ক সংস্কার
—শ্রী রামপদ সামন্ত / P-37
পিংলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র গ্রামীণ হাসপাতালে পরিণত করা এবং হাসপাতালের সুস্থ পরিবেশ তৈরি করা, হাসপাতাল পরিকাঠামো এবং উন্নয়ন
—শ্রী রামপদ সামন্ত / P-87-88
পশ্চিম মেদিনীপুর জেলাকে 'সি' ক্যাটাগরিতে অনুমোদন
—শ্রী শম্ভুনাথ মান্ডি / PP-638-639
হাবড়া কম্পোজিট হোম
—শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত / P-354
পুরুলিয়া থেকে রাঁচি রোড সংস্কার
—শ্রী শান্তিরাম মাহাতো / P-350
বিদ্যুতের অপ্রতুলতা
—শ্রী শান্তিরাম মাহাতো / P-438
পুলিশ অফিসারের মৃত্যুর তদন্ত দাবি
—শ্রী শিবদাস মুখার্জী / PP-435-436

ভাগীরথী নদীতে জল বেড়ে যাওয়ায় বাঁধে ফাটল
—শ্রী শিবদাস মুখ্যার্জী / PP-545-546
সেচ ব্যবস্থার সম্প্রসারণ
—শ্রীমতী শ্যামপিয়ারী মাহাতো / P-439
রাস্তা মেরামত
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-90
আলু রপ্তানি করার উদ্যোগ
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-174
সড়ক সংস্কার
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-440
চতুর্থ শ্রেণী এবং করণিক পদে লোক নিয়োগ
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-548
সড়ক সংস্কার
—শ্রী সমর হাজরা / PP-37-38
কাঁকসা বিধানসভায় রাস্তা সংস্কার
—শ্রী সরেশ আঁকুরে / P-352
পূর্বস্থলী বিধানসভার রাস্তা সংস্কার
—শ্রী সুব্রত ভাওয়াল / P-348
ব্রাহ্মণী ক্যানেলের উপর সেতু সংস্কার ও রাস্তা মেরামত করার জন্য আবেদন
—শ্রীমতী সাধনা মল্লিক / P-88
চাপড়া বিধানসভায় রাস্তা মেরামত
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-545
ডি.ওয়াই.এফ.আই.-এর আঞ্চলিক সদস্যের উপর হামলা
—শ্রী সুখেন্দু খান / P-89
পূর্বস্থলীতে ভাঙনের সমস্যা
—শ্রী সুব্রত ভাওয়াল / P-546
সড়ক সংস্কার
—শ্রী সুভাষ মণ্ডল / P-437
মহাখালা বি.এস.এফ. ক্যাম্পের জওয়ানদের তাণ্ডব
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-82

—Message from the Governor / P-34

MESSAGE UNDER RULE 18

—শ্রী আব্দুল মান্নান / PP-36-37

—Obituary / PP-1-7

—Obituary / PP-143-144

—Obituary / PP-399-400

—Obituary / PP-511-512

—Obituary / PP-611-612

PRESENTATION OF COMMITTEE REPORT

—37th Report of the Business Advisory Committee / P-9

—Presentation of Committee Report / PP-346-347

—Report of the Business Advisory Committee / PP-186-187

—Shri Nisith Adhikary / P-541

Resolution for Ratification of the Constitution (Ninty Fifth Amendment Bill, 2003 / PP-639-642

—First Report of the Standing Committee on Panchayat and Rural Development Land and Land Reforms (2002-2003) / PP-40-43

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Renewel of five licenses

—Shri Ashok Deb / P-238

University in Howrah District

—Shri Asit Mitra and Smt. Sabitri Mitra / P-240

Hike in Electricity Charges

—Shri Pankaj Banerjee / P-168

Divestment of State Public Sector Undertakings

—Shri Saugata Roy / PP-27-28

Production of Potatoes in 2002-2003

—Shri Saugata Roy / P-212

Directions to Universites
—Shri Saugata Roy / P-235-236
Privatisation of Great Eastern Hotel
—Shri Saugata Roy / P-417
Progress in introducing for official work
—Shri Saugata Roy / P-528
Debt of Minor Irrigation Projects W.B.S.E.B.
—Shri Saugata Roy / P-631
রাজ্যের সীমান্ত এলাকায় বসবাসকারীদের পরিচয়পত্র
—শ্রী অজয় দে / P-534
রুগ্ন জাহাজ শিল্পের উন্নয়ন
—শ্রী আব্দুল মান্নান / PP-30-31
সুবর্ণরেখার সেচ প্রকল্প
—শ্রী আব্দুল মান্নান / P-423
বড়ো ও মাঝারি শিল্প প্রকল্প রূপায়ণ
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-24
চর্মনগরীতে উৎপাদন
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-32
হাডকোর সহায়তায় সড়ক উন্নয়ন
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-161
তারাপীঠ যাওয়ার রাস্তা সংস্কার
—ডঃ আশীষ ব্যানার্জী / P-168
রামপুরহাটে প্রতিরক্ষা মন্ত্রকের জমি
—ডঃ আশীষ ব্যানার্জী / P-632
গঙ্গার ভাঙন প্রতিরোধে ব্যবস্থা
—শ্রী আশুতোষ মুখোপাধ্যায় / P-30
প্রাথমিক বিদ্যালয়ে হেল্‌থ কার্ড প্রবর্তন
—শ্রী ইউনুস সরকার / P-30
কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরী
—শ্রী ইউনিস সরকার / P-166

টি.বি. হাসপাতালের সংখ্যা
—শ্রী কমল মুখার্জী / P-422
জাতীয় সড়ক
—শ্রী ইউনুস সরকার / P-630
বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ
—শ্রী কমল মুখার্জী / P-164
রাজ্যে পুলিশ বাহিনীর আধুনিকীকরণে কেন্দ্রীয় সাহায্য
—শ্রী কমল মুখার্জী / P-532
পাট্টা গ্রহীতাদের উচ্ছেদ
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-169
ছাঁটাই হওয়া শ্রমিকদের ক্ষতিপূরণ
—শ্রী কাশীনাথ মিশ্র / P-343
ক্যানিং শহরে মহকুমা আদালত স্থাপন
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-237
আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহ
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-536
রুগ্ন শিল্পে ঋণ
—শ্রী চিত্তরঞ্জন রায় / P-29
হাওড়া জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা
—শ্রী জটু লাহিড়ী / P-167
ভাতাপ্রাপ্ত বেকারের সংখ্যা
—শ্রী জটু লাহিড়ী / PP-632
আর.এস.এস. তথা সংঘ পরিবারের নিয়ন্ত্রণাধীন বিদ্যালয়
—শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাত / P-239
ডাক্তার ও নার্সদের স্বেচ্ছাবসর
—শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাত / P-420
সাক্ষরতা প্রকল্পে ব্যয়
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / P-167
উদ্বাস্তু কলোনির সংখ্যা
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / P-342

সরকার পরিচালিত রঙ্গশালা
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক এবং শ্রী অরুণাভ ঘোষ / P-533
কৃষি সমবায় ও আবাসন সমবায়
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / P-629
পর্যটক আকর্ষণে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ
—শ্রী জ্যোতির্ময় কর / P-416
প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়
—শ্রী জ্যোতির্ময় কর / P-633
প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা
—শ্রী তপন হোড় / PP-31-32
রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা
—শ্রী তমোনাশ ঘোষ / P-169
রাজ্য বিদ্যুৎ পর্ষদের বকেয়া পাওনা
—শ্রী তমোনাশ ঘোষ / P-632
মেমারী বিদ্যুৎ সাব-ডিভিশন বিভাজন
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-166
ট্যুরিস্ট পুলিশ বাহিনী
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-422
স্বাস্থ্য বিধান প্রকল্প
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-419
ডিজিট্যাল ডেস্টিনেশন
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-532
ভ্রাম্যমাণ গ্রন্থাগার
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / P-538
বিভিন্ন রঙের রেশন কার্ড
—শ্রী দীপককুমার ঘোষ / P-170
কলেজে নতুন অনার্স ক্লাস
—শ্রী দীপককুমার ঘোষ / PP-239-240
শিল্প সংস্থা বন্ধ করার সিদ্ধান্ত
—শ্রী দীপককুমার ঘোষ / P-419

আত্মসমর্পণকারী কামতাপুরী জঙ্গীর সংখ্যা
—শ্রী দীপককুমার ঘোষ / PP-536
কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে চুরি
—শ্রী দীপককুমার ঘোষ / P-634
প্যাথলজি বিভাগের বেসরকারিকরণ
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-32
প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের প্রাইভেট টিউশন বন্ধে পদক্ষেপ
—শ্রী নন্দদুলাল মাঝি / P-237
রাজ্যের রেশন ব্যবস্থা
—শ্রী নির্মল ঘোষ / P-165
বি.টি রোডকে প্রশস্তকরণ
—শ্রী নির্মল ঘোষ / P-630
উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ
—শ্রী নির্মল ঘোষ / P-421
কাঠ ব্যবহারে বন দপ্তরে বিধিনিষেধ
—শ্রী নির্মল দাস / P-537
গম্ভীর সিং মুড়ার নামে অ্যাকাডেমি
—শ্রী নিশিকান্ত মেহতা / P-536
খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / P-29
কুটির শিল্প সামগ্রী রপ্তানী
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / PP-32-33
রাজ্যের বিভিন্ন জেলায় বিজ্ঞাপন বাবদ সরকার অনুমোদিত অর্থের পরিমাণ
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / P-537
বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য প্রশ্ন ব্যাঙ্ক
—শ্রী পরেশনাথ দাস / P-238
রাজ্যে এলিফ্যান্ট প্রকল্প
—শ্রী পরেশনাথ দাস / P-533

রাজ্যের দমকল বাহিনীর আধুনিকীকরণ
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-238-239
প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের মূর্তি নির্মাণ
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-164
হাসপাতালগুলিকে গ্রেডে বিভক্তিকরণ
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-280
নারী নিগ্রহে পুলিশ প্রশিক্ষণে বিশেষ পাঠক্রম
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-531
রাজ্যে ইকোট্যুরিজমের সংখ্যা
—শ্রী ভূতনাথ সোরেন / P-534
মৎস্যজীবীদের পরিচয়পত্র
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-634
সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদন
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-240
কর্মী নিয়োগ বন্ধে বিভিন্ন দপ্তরে অচলাবস্থা
—শ্রী মহববুল হক / P-531
পশ্চিম মেদিনীপুর জেলায় শিল্প স্থাপন
—শ্রী রামপদ সামন্ত / P-29
বোতলবন্দী জলে কীটনাশক
—শ্রী রামপদ সামন্ত / P-33
সরকারি জমির অপব্যবহার
—শ্রী রামপদ সামন্ত / P-416
ভ্রূণ হত্যা
—শ্রী রামপদ সামন্ত / P-424
তথ্য বিপণি ও ভ্রাম্যমাণ টেলিফোন বুথ প্রকল্প
—শ্রী রামপদ সামন্ত / P-534
প্রতারিত ক্রেতাদের প্রতিকার
—শ্রী রামপদ সামন্ত / PP-627-628
অনগ্রসর শ্রেণী সম্প্রদায়ের সার্টিফিকেট প্রদান
—শ্রী শঙ্কর সিংহ ও শ্রী আব্দুল মান্নান / P-160

গ্রামাঞ্চলে সংযোগকারী রাস্তা
—শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান / P-423
শিল্প বিলগ্নীকরণ
—শ্রী শিবপ্রসাদ মালিক / P-421
গৃহ সমস্যা সঙ্কুল থানার সংখ্যা
—শ্রী শিবপ্রসাদ মালিক / P-538
বেনফেড কর্তৃক সিমেন্ট বিক্রয়
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-166
নথিভুক্ত বেকারের সংখ্যা
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-628
রাজ্যে বৃহৎ ও মাঝারি শিল্পের সংখ্যা
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-418
বিদ্যুৎ সংযোগের জন্য অবেদনপত্র
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / PP-628-629
জাল ওষুধ কারবারীদের বিরুদ্ধে ব্যবস্থা
—শ্রীমতী সোনালী গুহ / P-419
আর্সেনিক কবলিত ব্লকের সংখ্যা
—শ্রীমতী সোনালী গুহ / P-531
সমবায় কর্মীর সংখ্যা
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-165
রাজ্যের কলেজগুলিতে শূন্য শিক্ষকের পদ
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / PP-236-237
রাজ্যের গ্রামাঞ্চলে শিক্ষা, স্বাস্থ্য ও উন্নয়নে তথ্য প্রযুক্তি বিভাগের উদ্যোগ
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-529
রাজ্যে সরকার অনুমোদিত মাদ্রাসার সংখ্যা
—শ্রীমতী সোনালী গুহ / P-236
বি.পি.এল. তালিকা
—শ্রীমতী সোনালী গুহ / P-631
পুরুলিয়া পাম্পড স্টোরেজ প্রকল্প
—শ্রী সৌগত রায় / P-164

STARRED QUESTIONS

(To which oral answers were given)

Rise in incidence of lynching

—Shri Gyan Singh Sohanpal and Shri Abdul Mannan / P-71

সহায়ক মূল্যে ধান ক্রয়

—Shri Kalimuddin Shams / P-145,146,147,148,149,150

Attack on Mobile Police Van

—Shri Pankaj Banerjee / P-78

Howrah Belilious Park

—Shri Sougata Roy / PP-72-73

ট্রাফিক মৃত্যুর সংখ্যা মফস্বল থেকে শহরে বেশি

—শ্রী অজয় দে / PP-57-58

রাজ্যে বাস ডাকাতির সংখ্যা

—শ্রী অজয় দে / P-77

পুলিশের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সরকারি সাহায্য

—শ্রী অজয় দে / P-521

—ডাঃ অতীশচন্দ্র সিন্‌হা / P-15

নতুন হারে খাজনা ও সেস্

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / P-152

মার্ডার কেসে চার্জশিট না হওয়া

—শ্রী অসিত মাল / PP-521-522

পুলিশ অফিসার ও কনস্টেবলদের শাস্তি

—শ্রী অসিত মিত্র / P-522

রায়চক ও কুকরাহাটির মধ্যে সেতু নির্মাণ

—শ্রী অমল চৌধুরী / PP-155-158

—ডাঃ অসীমকুমার দাশগুপ্ত / PP-15-20

বৈদ্যুতিক চুল্লি

—শ্রী আব্দুল মান্নান, শ্রী অশোক ভট্টাচার্য, শ্রী শ্যামাপ্রসাদ পাল, শ্রী দীপকচন্দ্র সরকার, শ্রী সুধাংশু শীল, শ্রী অজয় দে / PP-66-70

—শ্রী আব্দুল মান্নান / P-12

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষ
—শ্রী আব্দুল মান্নান / PP-20-22
সহায়ক মূল্যে ধান ক্রয়
—শ্রী আব্দুল মান্নান / PP-149-150
রায়চক ও কুকরাহাটির মধ্যে সেতু নির্মাণ
—শ্রী আব্দুল মান্নান / PP-155-156
চুক্তির ভিত্তিতে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ
—শ্রী আব্দুল মান্নান / PP-219-228
অসামাজিক কাজে যুক্ত পুলিশ কর্মীর সংখ্যা
—শ্রী আব্দুল মান্নান / PP-518-520

STARRED QUESTIONS

(To which oral answer were given)

টোল ট্যাক্স
—শ্রী আব্দুল মান্নান / PP-612-617
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-12
নতুন হারে খাজনা ও সেস
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-152
মহকুমা শহরে দমকল কেন্দ্র
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-233-235
রাজ্যে বনাঞ্চলের আয়তন
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-523-525
সামুদ্রিক সম্পদ রপ্তানি
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-617-621
নতুন হারে খাজনা ও সেস্
—শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা / PP-150-154
রায়চক ও কুকরাহাটির মধ্যে সেতু নির্মাণ
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-157
নতুন হারে খাজনা ও সেস্
—শ্রী ইউনুস সরকার / P-154
মুর্শিদাবাদ এবং নদীয়া সেতুর শিলান্যাস
—শ্রী ইউনুস সরকার / P-157

আবাসন দপ্তর পরিচালিত ইটভাঁটা

—শ্রী কমল মুখার্জী / PP-70-71

পূর্ত বিভাগের বেদখল জমি/রাস্তা

—শ্রী কমল মুখার্জী / PP-625-626

কতজন পুলিশ বহির্ভূত আয়

—শ্রী কমল মুখার্জী / P-523

সুন্দরবনে মধু সংগ্রহকারীর সংখ্যা

—শ্রী কল্লোল খান / P-76

অনুপ্রবেশ রুখতে মুখ্যমন্ত্রীদের সম্মেলন

—শ্রী কাশীনাথ মিশ্র / P-75

সহায়ক মূল্যে ধান ক্রয়

—শ্রী খাঁড়া সোরেন / P-148

দক্ষিণ দিনাজপুরে ব্রিজ ও রাস্তা সংযোগ

—শ্রী খাঁড়া সোরেন / P-157

রাজ্যে ডাকাতির সংখ্যা

—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / PP-77-78

—শ্রী গোবিন্দ রায় / P-19

নতুন হারে খাজনা ও সেস্

—শ্রী গোবিন্দ রায় / P-153

সহায়ক মূল্যে ধান ক্রয়

—শ্রী চিত্তরঞ্জন দাশ ঠাকুর / P-149

রাজ্যে রিকভারি, কাউন্সেলিং ও ডি-অ্যাডিকশান সেন্টারের সংখ্যা

—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / P-74

জলপাইগুড়ি জেলায় ২ হাজার হেক্টর বন ধ্বংস

—শ্রী গোবিন্দ রায় / P-527

নাবার্ডের ঋণ

—শ্রী তপন হোড় / P-13,15,16,17,18

গঙ্গা অ্যাকশান প্ল্যান (অনুমোদিত প্রশ্ন)
—শ্রী তপন হোড়, শ্রী অশোক ভট্টাচার্য, শ্রী আবু আয়েশ মণ্ডল, শ্রী অতীশচন্দ্র সিনহা, শ্রী সুধাংশু শীল, শ্রী ইলিয়াস মহম্মদ, শ্রী আব্দুল মান্নান, শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী, শ্রী সমর হাজরা / PP-60-66

নতুন হারে খাজনা ও সেস্
—শ্রী তপন হোড় / P-150-152

সুপ্রিম কোর্টের পূর্বাঞ্চলীয় সার্কিট বেঞ্চ
—শ্রী তপন হোড় / PP-228-233

সড়ক নির্মাণে বেসরকারি সংস্থা
—শ্রী তপন হোড় / PP-621-625

নলবাহী পানীয় জল সরবরাহের পরিকল্পনা
—শ্রী তমোনাশ ঘোষ / P-73

দুষ্প্রাপ্য আউট অফ প্রিন্ট পুস্তকের তালিকা
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / P-76

সাঁওতাল বিদ্রোহের প্রকৃত ইতিহাস
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-71
—শ্রী দীপক সরকার / P-23

কলকাতায় স্থায়ী প্রদর্শনী ক্ষেত্র নির্মাণ
—শ্রী দীপককুমার ঘোষ / P-77

রায়চক ও কুকরাহাটির মধ্যে সেতু নির্মাণ
—শ্রী দীপক সরকার / P-156

সরকারি হাসপাতালে স্ক্যান কেন্দ্র
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-10-11
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-23

পথ দুর্ঘটনায় মৃত ও আহতের সংখ্যা
—শ্রী দেবপ্রসাদ সরকার, শ্রী বুদ্ধদেব সরকার / PP-55-57

নতুন হারে খাজনা ও সেস্
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-153

সহায়ক মূল্যে ধান ক্রয়
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-144-148

আসামীদের চার্জশিট হয়ে গেছে কিন্তু ট্রায়াল হচ্ছে না
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-520-521
নতুন হারে খাজনা ও সেস্
—শ্রী নাজমুল হক / P-154
চার্জশিট দেওয়ার নির্দিষ্ট সময়সীমা
—শ্রী নেপাল মাহাতো / P-521
সহায়ক মূল্যে ধান ক্রয়
—শ্রী বিশ্বনাথ মণ্ডল / P-149
লরি দুর্ঘটনায় ট্রাফিক পুলিশকর্মীর মৃত্যু
—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য / P-57
পথ দুর্ঘটনায় রাস্তা অবরোধে ভোগান্তি
—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য, শ্রী রবীন্দ্র ঘোষ, শ্রী আব্দুল মান্নান, শ্রী তপন হোড় / PP-58-60
—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য / P-518-523
ট্রাফিক পুলিশ পথ দুর্ঘটনার পরিসংখ্যান
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-57
কাঁথি-দীঘার পিছাবনী ব্রিজ
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-158
কাকদ্বীপ পৌরসভা গঠনে সরকারি পদক্ষেপ
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-78
রাজ্যে মহিলা পুলিশের সংখ্যা
—শ্রী মহববুল হক / P-79
বিদ্যুৎ সংযোগের পোলের খরচ
—শ্রী মৃণাল ব্যানার্জী / P-158,159,160
—শ্রী যোগেশচন্দ্র বর্মণ / P-523-528
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-14
সহায়ক মূল্যে ধান ক্রয়
—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / P-149
নতুন হারে খাজনা ও সেস্
—শ্রী রবীন্দ্রনাথ ঘোষ / P-154

পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে রেসকিউ সেন্টার
—শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম / P-526
বিদ্যুৎ সংযোগের পোলের খরচ
—শ্রী রামপদ সামন্ত / P-158,159
জন অভিযোগ কেন্দ্র
—শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান / P-74
কনস্টেবল পরিবার আর্থিক সাহায্য
—শ্রী শিবদাস মুখার্জী / P-522,523
সহায়ক মূল্যে ধান ক্রয়
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-148
থানায় সহায়তা কেন্দ্র
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-72
—শ্রী সুখেন্দু খান / P-19
—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / P-10-15
—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / P-20-24
জাল বই বিক্রির অভিযোগ
—শ্রীমতী সোনালী গুহ / P-76

STARRED QUESTIONS (Held Over)

(to which oral answers were given)

কৃষকদের জল সেচের বিদ্যুৎ বিল
—শ্রী অসিত মিত্র / P-331-333
হোমগার্ডদের অবসরকালীন সুযোগ-সুবিধা
—শ্রী অসিত মিত্র / PP-517-518
ট্রাইপারটাইট এগ্রিমেন্ট
—শ্রী আব্দুল মান্নান / P-340
নিয়মের বাইরে হোমগার্ডদের সুবিধা
—শ্রী আব্দুল মান্নান / P-514-515
অসম্পূর্ণ গভীর নলকূপ ও নদী জল উত্তোলন প্রকল্প
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-327, 329, 330

গৃহরক্ষী স্বেচ্ছাসেবকের অন্তর্ভুক্তি
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-512-514
চটকলের ত্রিপাক্ষিক চক্তি
—শ্রী আশুতোষ মুখোপাধ্যায় / P-337-339
হোমগার্ডদের কমপ্যাশানেট গ্রাউন্ডে চাকুরি
—শ্রী ঈদ মহম্মদ / P-517
—ডঃ শ্রীকুমার মুখার্জী / P-512-518
হোমগার্ড এবং হোমগার্ড কম্যান্ড্যান্টদের মধ্যে কাজের পার্থক্য
—শ্রী চিত্তরঞ্জন দাশ ঠাকুর / P-515-516
সারফেস ওয়াটার ব্যবহার
—শ্রী তপন হোড় / P-333
হোমগার্ডদের ভাতা এবং পারিশ্রমিক
—শ্রী দেবপ্রসাদ সরকার / P-
—শ্রী নন্দগোপাল ভট্টাচার্য / P-328-335
হোমগার্ড নিয়োগ
—শ্রী বিশ্বনাথ মণ্ডল / P-516
—শ্রী মহঃ আমিন / P-337-341
চটশিল্পে সংকট
—শ্রী রঞ্জিৎ কুন্ডু / P-339
মেজর ইরিগেশন-এর টাকা
—শ্রী রবীন্দ্র ঘোষ / P-335
যুবক-যুবতীদের ট্রেনিং
—শ্রী সমর হাজরা / P-518

STARRED QUESTIONS

(to which replies were laid on the Table)

Judges in Kolkata High Court
—Shri Ashok Deb / PP-260-261
Recruitment of Teachers through School Service Commission
—Shri Asit Mitra/ P-271

—ডঃ অসীমকুমার দাশগুপ্ত / P-401-405
—ডঃ অসীমকুমার দাশগুপ্ত / P-408-411
—আনন্দগোপাল দাস / P-408
ঘোড়দৌড় বাবদ সরকারের আয়
—শ্রী আব্দুল মান্নান / PP-401-403
—শ্রী আব্দুল মান্নান / PP-408-410
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-403
ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম
—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP-411-412
মানকুণ্ডু মানসিক হাসপাতাল
—শ্রী কমল মুখার্জী / P-261
আলতাড়া পশু হাসপাতালের উন্নয়নে ব্যয়িত অর্থ
—শ্রী কমল মুখার্জী / PP-261-262
—শ্রী কমল মুখার্জী / P-404
হাসপাতালে দালাল চক্র
—শ্রী কমল মুখার্জী / PP-414,415
হাসপাতালের শয্যাসংখ্যা
—শ্রী কল্লোল খান / P-262
মাছ উৎপাদন
—শ্রী কল্লোল খান / P-263
—শ্রী গোবিন্দ রায় / P-407
রায়গঞ্জ হাসপাতালে শিশু চিকিৎসকের সংখ্যা
—শ্রী চিত্তরঞ্জন রায় / PP-264-265
জঙ্গীপুর মহকুমায় গার্লস কলেজ
—শ্রী জানে আলম মিঞা / PP-263-264
রামনগর সুগার মিলের উদ্বৃত্ত জমি বণ্টন
—শ্রী জানে আলম মিঞা এবং শ্রী আবুল হাসনাৎ / P-264
—শ্রী জানে আলম মিঞা / P-406
পঞ্চায়েত এক্সিকিউটিভের পদ
—শ্রী তপন হোড় / PP-405-406

—শ্রী তপন হোড় / P-413
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-410-411
দুধের বার্ষিক চাহিদা ও উৎপাদনের পরিমাণ
—শ্রী ধনঞ্জয় মোদক / P-265
নদিয়া জেলায় উদ্বাস্তু কলোনি
—শ্রী ধনঞ্জয় মোদক / PP-265-269
স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের জন্য বাংলায় পাঠ্যপুস্তক
—শ্রী ধনঞ্জয় মোদক / P-269
ব্যক্তিগত ক্লাস্টার শ্যালো স্থাপন
—শ্রী ধনঞ্জয় মোদক / P-270
উদ্বাস্তু এলাকা উন্নয়নে কেন্দ্রীয় সাহায্য
—শ্রী নির্মল ঘোষ / P-335
—শ্রী নির্মল দাস / PP-412-413
সোনারপুরে নতুন থানা বাড়ানোর পরিকল্পনা
—শ্রী নির্মলচন্দ্র মণ্ডল / P-271
—শ্রী নিরুপম সেন / PP-411-413
ঝালদায় ইস্পাত কারখানার দ্বারা চাষযোগ্য জমির ক্ষতি
—শ্রী নেপাল মাহাতো / P-275
জমির খাজনা
—শ্রী নেপাল মাহাতো / P-274
উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের অব্যবহৃত জমি
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / P-336
প্রাথমিক চিকিৎসা কেন্দ্র
—শ্রী পার্থ চ্যাটার্জী / P-264
সর্বশিক্ষা অভিযান
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP-271-272
ডালখোলা লেভেল ক্রসিং-এর উপর উড়ালপুল
—শ্রী প্রমথনাথ রায় / P-273
ফায়ার লাইসেন্স বাবদ আদায়িকৃত অর্থ
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা/ P-262

ভগবতপুর কুমির প্রকল্পে বরাদ্দকৃত অর্থ
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-260
কাকদ্বীপ মহকুমা হাসপাতাল
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-260
দক্ষিণ ২৪ পরগনায় ডাকাতির সংখ্যা
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-259
কাকদ্বীপের জুমাই নস্কর হাটে নতুন থানা স্থাপন
—শ্রী মণ্টুরাম পাখিরা / P-259
সংখ্যালঘু নিগম কর্তৃক ঋণ প্রাপকের সংখ্যা
—শ্রী মহববুল হক / P-270
দেশি ও বিদেশি মদের দোকানের লাইসেন্স
—শ্রী মহববুল হক / PP-272-273
ঘাটালে বুনিয়াদী প্রশিক্ষণ কেন্দ্র
—শ্রী রতন পাখিরা / P-272
ইলেকট্রিকসিটি ডিউটি
—শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান / P-408
—শ্রী শান্তিরাম মাহাতো / P-408
—শ্রী শিবদাস মুখার্জী / P-404
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-407
—শ্রী সমর হাজরা / P-407
মালদা এবং রায়গঞ্জ জেল থেকে বন্দী মুক্তির সংখ্যা
—শ্রীমতী সাবিত্রী মিত্র এবং শ্রী চিত্তরঞ্জন রায় / P-273
—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-405-408
—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-414,415

UNSTARRED QUESTIONS

(to which writen replies were laid on the Table)

Number of Registered Unemployed
—Shri Gyan Singh Sohanpal and Shri Abdul Mannan/PP-242-243
জাতীয় সড়কের পার্শ্ববর্তী জমি হস্তান্তর
—শ্রী অজয় দে / PP-251-252

এস.এস.কে.এম. হাসপাতালে হার্ট অপারেশন
—শ্রী অসিত মিত্র / P-253
বসুমতী ও পশ্চিমবঙ্গ প্রকাশনায় ব্যয়
—শ্রী আব্দুল মান্নান / PP-241-242
অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের গৃহনির্মাণ অনুদান
—শ্রী আবু আয়েশ মণ্ডল / P-241
রামপুরহাটে ১০০ ডায়াল চালুকরণ
—ডঃ আশীষ ব্যানার্জী / PP-254-255
আহমেদপুর চিনিকল আখ ক্রয়
—ডঃ আশীষ ব্যানার্জী / P-255
বীরভূম জেলার রামপুরহাট আদালতে বসার ব্যবস্থা
—ডঃ আশীষ ব্যানার্জী / PP-255-256
পুলিশের গাড়িগুলির বীমা
—ডঃ আশীষ ব্যানার্জী / P-254
পর্যটন কেন্দ্রের আকর্ষণ বৃদ্ধি
—শ্রী ইউনুস সরকার / PP-258-259
জি.টি. রোড সংস্কার
—শ্রী কমল মুখার্জী / P-243
খেলাধুলার প্রসারে ভদ্রেশ্বর পৌরসভার পরিকল্পনা
—শ্রী কমল মুখার্জী / PP-243-244
ভদ্রেশ্বর পৌরসভার উদ্যোগে সুইমিং পুল
—শ্রী কমল মুখার্জী / P-244
চন্দননগর পৌর নিগমকে খেলাধুলা বাবদ অর্থ বরাদ্দ
—শ্রী কমল মুখার্জী / P-245
হুগলি জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা
—শ্রী কমল মুখার্জী / P-245
মুন্সির খাল সংস্কার
—শ্রী কমল মুখার্জী / PP-245-246
গৌরহাটি ই.এস.আই. হাসপাতালের উন্নয়ন
—শ্রী কমল মুখার্জী / P-246

সরস্বতী নদী সংস্কার
—শ্রী কমল মুখার্জী / P-247
চন্দননগর মহিলা পলিটেকনিক কলেজ
—শ্রী কমল মুখার্জী / P-247
বাঁকুড়া খ্রিস্টান কলেজের শতবর্ষ পূর্তি
—শ্রী কাশীনাথ মিশ্র / P-250
হাসপাতালে প্রশাসনিক অব্যবস্থা
—শ্রী কাশীনাথ মিশ্র / P-257
অসংগঠিত শ্রমিকদের বীমা প্রকল্প
—শ্রী কাশীনাথ মিশ্র / P-257
রাজ্যে ব্যাঙ্ক ডাকাতি
—শ্রী জটু লাহিড়ী / P-251
কলকাতা ও হাওড়ার মধ্যে নতুন সেতু নির্মাণ
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / P-250
গ্রাম পঞ্চায়েতে সরকারের ব্যয়
—শ্রী জ্যোতির্ময় কর / P-258
ফলতায় ডিগ্রি কলেজ স্থাপন
—শ্রী তমোনাশ ঘোষ / P-258
বাঁকুড়ার খাতড়াকে পৌরসভা করার পরিকল্পনা
—শ্রী নন্দদুলাল মাঝি / P-254
পানিহাটি রামচন্দ্রপুরের ভাগাড়
—শ্রী নির্মল ঘোষ / PP-248-249
তিন বৎসরের অধিক এক থানায় কর্মরত পুলিশ অফিসার
—শ্রী নির্মল ঘোষ / P-249
উদ্বাস্তুদের মধ্যে জমির দলিল বণ্টন
—শ্রী নির্মল ঘোষ / PP-249-250
মাঝেরহাট কলোনি অধিগ্রহণ
—শ্রী পংকজ ব্যানার্জী / P-256
নিয়মভঙ্গের অপরাধে সাজাপ্রাপ্ত পুলিশ কর্মী
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP-247-248

পরচুলা শিল্প
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-248
সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম কর্তৃক ঋণ প্রদান
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / PP-252-253
পঞ্চায়েত স্তরে অর্থ তছরুপের অভিযোগ
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-253
বাওয়ালি-পুটখালি রাস্তা
—শ্রীমতী সোনালী গুহ / P-251

ZERO HOUR

Homoeopathy Compounder and Dresser posts fill-up
—Shrimati Shanta Chhetri / PP-43-44
Only one polytechnic Institute
—Shrimati Shanta Chhetri / P-355
বেসিক ট্রেনিং
—শ্রী অসিতকুমার মাল / P-551
হাওড়া স্টেশনে অগ্নি নির্বাপণ
—শ্রী অসিত মিত্র / PP-279-280
কবি সুভাষ মুখোপাধ্যায়ের পরিবারকে সমবেদনা
—শ্রী অসিত মিত্র / P-358
পশ্চিমবাংলায় নদীবাঁধগুলির ভয়ঙ্কর অবস্থা
—শ্রী অসিত মিত্র / PP-356-357
ট্রেন সার্ভিস বন্ধ
—শ্রী আব্দুল মান্না / P-281
সন্ত্রাসের পরিবেশ
—শ্রী ইউনুস সরকার / PP-45-46
আন্দোলনরত ছাত্রদের উপর লাঠিচার্জ
—শ্রী ইউনুস সরকার / P-92
রেল দুর্ঘটনা
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-92

ইরাকে সাম্রাজ্যবাদী আগ্রাসন
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-45
নদীবাঁধ মেরামতির ব্যবস্থা
—শ্রী ঈদ মহম্মদ / P-550
উত্তরবঙ্গে বন্যা প্রতিরোধে কেন্দ্রীয় সরকারের উদাসীনতা
—শ্রী গোবিন্দ রায় / PP-93-94
তৃণমূল কংগ্রেসীদের বিধানসভা বয়কট
—শ্রীমতী কণিকা গাঙ্গুলী / PP-357-358
নদী সংযুক্তিকরণে উচ্চ পর্যায়ের কমিটি গঠন
—শ্রী গুরুপদ দত্ত / PP-91-92
নদী সংস্কার
—শ্রী গোবিন্দ রায় / P-46
আইন-শৃঙ্খলা অবনতি
—শ্রী চিত্তরঞ্জন দাশ ঠাকুর / P-550
দেশজুড়ে ধর্মীয় উন্মাদনা
—শ্রী জাহাঙ্গীর করিম / P-549
মার্কিন সাম্রাজ্যবাদের প্রতি পক্ষপাত
—শ্রী তপন হোড় / P-44
রেল দুর্ঘটনার জন্য রেলমন্ত্রীর পদত্যাগ দাবি
—শ্রী তপন হোড় / PP-94-95
শ্রদ্ধেয় কবি সুভাষ মুখোপাধ্যায়ের মৃত্যুর খবর
—শ্রী তপন হোড় / P-358
শ্রমিক-কর্মচারীদের অধিকারে হস্তক্ষেপ
—শ্রী তপন হোড় / PP-280-281
ইরাকে ত্রাণ পাঠানোর প্রয়োজন
—শ্রী তাপস চ্যাটার্জী / PP-46-47
রেল পরিষেবার উন্নীতকরণ
—শ্রী তাপস চ্যাটার্জী / P-94
গুজরাটে দাঙ্গার বিচার ব্যবস্থা সরিয়ে আনা
—শ্রী তাপস চ্যাটার্জী / PP-355-356
রাস্তা মেরামত
—শ্রী তাপস চ্যাটার্জী / P-550

W. B. Legislature Library

উচ্চ বালিকা বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিকস্তরে উন্নীতকরণ
—শ্রী দীপক সরকার / PP-92-93
কোচবিহারে বিভিন্ন ওয়ার্ডে পানীয় জলের সমস্যা
—শ্রী দীপক সরকার / P-549
নদী সংস্কার
—শ্রী পংকজ ঘোষ / P-45
বনগাঁয় যানজট
—শ্রী পংকজ ঘোষ / P-94
সংস্কৃতি সম্পর্কে অনাধিকার চর্চা
—শ্রী পদ্মনিধি ধর / P-45
ডোমজুড় কেন্দ্রে ন্যাশনাল হাইওয়ে দুই ধারে ঘর-বাড়ি জলের তলায়
—শ্রী পদ্মনিধি ধর / P-355
এ.আর.ডি.-এর অভাব
—শ্রী প্রফুল্ল ভৌমিক / P-280
শ্রমিক-কর্মচারীরা আদালতে মামলা
—শ্রী প্রফুল্ল ভৌমিক / P-550
উচ্চশিক্ষায় গৈরিকীকরণ এবং স্বাধিকার হরণ করার চেষ্টা
—শ্রী ধনঞ্জয় মোদক / P-356
বানভাসি এলাকায় ত্রাণ পৌঁছে দেওয়ার ব্যবস্থা
—শ্রী নৃপেন্দ্রনাথ রায় / P-551
জলনিকাশী ব্যবস্থার উন্নয়ন
—শ্রী মুর্সালিন মোল্লা / P-44
নাশনাল হাইওয়ে-৫৫-র সংস্কার
—শ্রীমতী শান্তা ছেত্রী / P-91
উচ্চমাধ্যমিক স্কুলের সংখ্যা বাড়ানো
—শ্রী শান্তিরাম মাহাতো / PP-281-282
সমবায়ের ঋণগৃহীতাদের এন.পি.এ.-র এবং ও.টি.এস.-এর সুযোগ
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-93
এন.ডি.এ.-র প্রতিনিধি দলের রাজ্যে সফর
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-93